বিসিএসসহ বিভিন্ন MCQ নিয়োগ পরীক্ষার অজস্র গণিত প্রশ্ন বিশ্লেষণে

প্রফেসর'স

গণিত স্পেশাল

বাংলা ও ইংরেজি ভার্সনে Math দুর্বলতার এন্টিবায়োটিক

গণিতের ভয়কে জয় করতে

বইটিতে রয়েছে ▶

- প্রতি অধ্যায়ে দ্রুত ও সহজে উত্তর বের করার বিশেষ Working Tools
- জটিল অঙ্ক করার Shortcut Methodসহ প্রতিটি অঙ্কের Hints
- অনুশীলনের সুবিধার্থে প্রতিটি অধ্যায়ের অঙ্কগুলো সহজ থেকে কঠিন অনুসারে সাজানো
- প্রত্যেকটি অঙ্কের সাথে সংশ্লিষ্ট পরীক্ষার নাম, সাল ও পদের নাম উল্লেখ
- নিজেকে যাচাইয়ের জন্য পরীক্ষার প্রশ্ন দিয়ে Self Test
- কার্যকর অনুশীলনের জন্য ডান মার্জিনে উত্তর উপস্থাপন
- একই অঙ্কের পুনরাবৃত্তি রোধে সংশ্লিষ্ট অঙ্কটিতে একাধিক পরীক্ষার Reference উল্লেখ

যেসব MCQ নিয়োগ পরীক্ষার জন্য ▶

- BCSসহ PSC-এর সকল নিয়োগ
- সরকারি-বেসরকারি Bank নিয়োগ
- সহকারী জজ নিয়োগ পরীক্ষা
- প্রাথমিক-মাধ্যমিক শিক্ষক নিয়োগ
- শিক্ষক-প্রভাষক নিবন্ধন পরীক্ষা এবং
- বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থা গৃহীত যে কোনো নিয়োগ পরীক্ষার জন্য

প্রফেসর'স প্রকাশন

বিসিএসসহ বিভিন্ন MCQ নিয়োগ পরীক্ষার
অজস্র গণিত প্রশ্ন বিশ্লেষণে

প্রফেসর'স
গণিত স্পেশাল

বাংলা ও ইংরেজি ভার্সনে Math দুর্বলতার এন্টিবায়োটিক

পরিকল্পনা ও সম্পাদনায়
প্রফেসর'স সম্পাদনা পরিষদ

প্রফেসর'স প্রকাশন
৩৭/১ বাংলাবাজার, দোতলা, ঢাকা ১১০০
Email : pp@professorsbd.com
web : www.professorsbd.com
/professorsprokashonbd

প্রফেসর'স গণিত স্পেশাল

প্রকাশক : জসিম উদ্দিন
প্রফেসর'স প্রকাশন
৩৭/১ দোতলা, বাংলাবাজার, ঢাকা ১১০০

মুদ্রক : সুবর্ণ প্রিন্টার্স, ৩/ক-খ পাটুয়াটুলী লেন, ঢাকা ১১০০

প্রচ্ছদ : রফিক উল্যাহ, দি ডিজাইনার

পরিবেশক : বর্ণালী বইঘর, ৫৩ নীলক্ষেত, ঢাকা ১২০৫
ফোন : ০১৭১২ ২২৩৮৮৩

প্রকাশকাল
প্রথম প্রকাশ : মার্চ ২০০১
সপ্তদশ সংস্করণ
এপ্রিল ২০১৫

মূল্য : ৬০০ টাকা

Professor's Gonit Special
Published by Jashim Uddin
Professor's Prokashon, 37/1 (1st Floor)
Banglabazar, Dhaka 1100
Phone : Office 9584436
Sales Center 7125054, 9533029
Email : pp@professorsbd.com
/professorsprokashonbd
Price : 600.00 Taka

ভূমিকা

প্রফেসর'স গণিত স্পেশাল বিগত ২ যুগের বিভিন্ন চাকরি পরীক্ষার ৩ শতাধিক সেট প্রশ্ন বিশ্লেষণের পর বিশেষ টেকনিক অবলম্বনে রচিত একটি অসাধারণ বই। বিসিএস, পিএসসি'র বিভিন্ন নিয়োগ, ব্যাংক-বীমা নিয়োগসহ সব ধরনের প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রার্থীদের জন্য বইটি অদ্বিতীয় অবলম্বন। বিশেষত সম্প্রতি বিসিএস প্রিলিমিনারি পরীক্ষায় গণিত থেকে ৩০টি এবং পিএসসিসহ সব ধরনের চাকরির পরীক্ষায় ২০টি করে অঙ্ক আসায় এ বইটির গুরুত্ব আরো বৃদ্ধি পেয়েছে। এজন্য নতুন আঙ্গিকে, বর্ধিত কলেবরে প্রকাশ করা হয়েছে এবারের সংস্করণটি।

বিগত বছরের নিয়োগ প্রশ্নসমূহ বিশ্লেষণ করলে দেখা যায়, যে কোনো চাকরি পরীক্ষায় সাধারণত যেসব অঙ্ক আসে তার প্রায় সবগুলোই মাধ্যমিক শিক্ষা স্তর তথা স্কুল পর্যায়ের। কিন্তু পার্থক্য হলো তখন ১০-১২টি অঙ্ক সমাধানের জন্য সময় থাকতো ৩ ঘণ্টা বা ১৮০ মিনিট। কিন্তু চাকরির প্রতিযোগিতামূলক পরীক্ষায় ১০০ নম্বরের MCQ উত্তরের জন্য সময় দেয়া হয় ৬০ মিনিট ও ২০০ নম্বরের জন্য ১২০ মিনিট। সেই হিসেবে একটি প্রশ্ন অনুধাবন করে এর বৃত্ত ভরাট করতে সময় পাওয়া যায় মাত্র ৩৬ সেকেন্ড। তার উপর কোনো প্রশ্নের ভুল বৃত্ত ভরাট করলে পরীক্ষাভেদে রয়েছে ০.৫০/০.২৫ নম্বর কাটার বিধান। অথচ মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিকের পর থেকে দীর্ঘদিন গণিত অনুশীলন না করায় অনেকের পক্ষে স্বল্প সময়ে দ্রুত ও সঠিকভাবে অঙ্কগুলো সমাধান করা সম্ভব হয় না। এ থেকে উত্তরণের জন্যই প্রকাশ করা হয়েছে বিশেষ টেকনিক অবলম্বনে প্রফেসর'স গণিত স্পেশাল।

যেভাবে সাজানো হয়েছে বইটি

- সকল নিয়োগ পরীক্ষার বিগত ২ যুগের প্রশ্নসমূহ বিশ্লেষণ ও পর্যবেক্ষণ করে বইটিকে মোট চারটি ভাগ (১. পাটিগণিত, ২. বীজগণিত, ৩. জ্যামিতি ও ত্রিকোণমিতি এবং ৪. মানসিক দক্ষতা) এবং ৪৮টি অধ্যায়ে সাজানো হয়েছে।
- প্রতিটি অধ্যায়ের শুরুতে ঐ অধ্যায়ের অঙ্কগুলো সমাধানের জন্য প্রাসঙ্গিক আলোচনা, বিভিন্ন Formula, Technique, Shortcut Method, Working tools উপস্থাপন করা হয়েছে।
- অনুশীলনের সুবিধার্থে সহজ থেকে কঠিন (Easy to Hard) আকারে প্রতিটি অধ্যায়ের অঙ্কগুলো সাজানো হয়েছে।
- প্রতিটি অঙ্কের সাথে যে পরীক্ষায় অঙ্কটি এসেছে সে পরীক্ষার নাম, সাল ও পদের নাম উল্লেখ করা হয়েছে। ফলে বিভিন্ন নিয়োগ পরীক্ষার প্রশ্নের ধরন ও মান সম্পর্কে ধারণা পাওয়া যাবে।
- কার্যকর অনুশীলন ও নিজেকে যাচাইয়ের জন্য পরীক্ষার প্রশ্ন দিয়ে Self Test এবং ডান পাশের স্ক্রিনে উত্তর দেয়া হয়েছে।
- বিসিএস, পিএসসি ও বিভিন্ন মন্ত্রণালয় গৃহীত নিয়োগ পরীক্ষার বিগত বছরের ৫০ সেট প্রশ্ন মডেল টেস্ট আকারে উপস্থাপন করা হয়েছে।

সর্বোপরি বইটির ভিন্ন ধারার উপস্থাপনা, সহজ কৌশল এবং সুসজ্জিত বিন্যাসের ফলে শিক্ষার্থীরা খুব সহজেই গণিতে কাঙ্ক্ষিত সাফল্য অর্জন করতে পারবেন। আমাদের বিশ্বাস এত সুন্দরভাবে বিন্যাসিত গণিতের কার্যকর বই বাজারে আর একটিও নেই। যদি বইটি আপনার সাফল্যের যোগ্য সহায়ক হয়, তবেই আমাদের পরিশ্রম ফলপ্রসূ হয়েছে বলে আমরা মনে করবো।

সূচি

গণিত

1

সূচি

বীজগণিত

2

সূচি

জ্যামিতি 3

মানসিক দক্ষতা 4

সূচি

5 Previous Exams' Questions as Model Test

Previous Exams' Questions as Model Test
50 Sets

গণিত শিখি, ক্যারিয়ার গড়ি

ইংরেজি ম্যাথম্যাটিকস (Mathematics)-এর বাংলা প্রতিশব্দ 'গণিত' গ্রিক mathemata থেকে উদ্ভূত, যার অর্থ 'শিক্ষণীয় বিষয়সমূহ'। গণিত হলো একটি সার্বিক ভাষা (Universal Language), যার সাহায্যে পরম সত্যের কাছাকাছি যাওয়া যায় বা যাওয়ার চেষ্টা করা যায়। অনেকে গণিতকে বিজ্ঞানের ভাষাও বলে থাকেন। বিখ্যাত জার্মান গণিতবিদ ফ্রেডারিক গ'স (Gauss) গণিতকে 'বিজ্ঞানের রানী' বলে অভিহিত করেছেন। পিথাগোরাস এবং তার অনুসারীদের মতে 'বিশ্ব-অস্তিত্বের মূল হচ্ছে সংখ্যা। সংখ্যা ছিল তাদের কাছে শক্তির প্রতীক'। সম্ভবত প্লেটো তার বিদ্যালয়ের সম্মুখ দ্বারে লিখেছিলেন, 'জ্যামিতিতে যার জ্ঞান নেই, তার এ বিদ্যালয়ে প্রবেশের দরকার নেই'। যে জাতি গণিতে পারদর্শী, তারাই জ্ঞান-বিজ্ঞানে অগ্রণী হয়েছে। গণিতের জ্ঞান ছাড়া বিশুদ্ধ জ্ঞান অর্জন সম্ভব নয়। প্রায়োগিক দিক থেকে দেখলে, কোনো পরিমাপযোগ্য রাশি বা রাশিসমূহের সুনির্দিষ্ট পরিমাণ এবং তাদের মধ্যকার সম্পর্কই হলো গণিতের বিষয়বস্তু। বর্তমান যুগে জ্ঞানের সকল স্তরেই গণিতের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। জ্যোতির্বিজ্ঞান থেকে শুরু করে পদার্থবিদ্যা, রসায়নশাস্ত্র, জীববিদ্যা, অর্থনীতি, সমাজবিজ্ঞানসহ জ্ঞানের প্রায় প্রতিটি শাখায়ই গণিত সত্য অনুসন্ধানে ব্যবহৃত হয়ে আসছে। জ্ঞানের এ শাখা স্বয়ংসম্পূর্ণ এবং এর পরিধিও ব্যাপক।

গণিতের পথিকৃৎ

সর্বশ্রেষ্ঠ ৩ গণিতবিদ

আর্কিমিডিস, গ্রিস (খ্রিস্টপূর্ব ২৮৭-২১২) | আইজাক নিউটন, ইংল্যান্ড (১৬৪২-১৭২৭ খ্রি.) | ফ্রেডারিক গ'স, জার্মানি (১৭৭৭-১৮৫৫ খ্রি.)

আরো কয়েকজন গণিতবিদ

- থ্যালাস (খ্রিস্টপূর্ব ৬২৪-৫৪৬)
- পিথাগোরাস (খ্রিস্টপূর্ব ৫৭০-৪৯৫)
- ইউডোক্সাস (খ্রিস্টপূর্ব ৪০৮-৩৫৫)
- ইউক্লিড (আনুমানিক খ্রিস্টপূর্ব ৩৩০-২৭৫)
- হিপার্কাস (খ্রিস্টপূর্ব ১৯০-১২০)
- টলেমি (৯০-১৬৮ খ্রিস্টাব্দ)
- ডাইওফেন্টাস (২৭৫ খ্রিস্টাব্দ সময়কালীন)
- আল-খাওয়ারিজমি (৭৮০-৮৫০ খ্রি.)
- লিওনার্দো ফিবোনাচ্চি (১১৭০-১২৫০ খ্রি.)

আল-খাওয়ারিজমি

পিথাগোরাস

গণিতের সংজ্ঞা (Definition of Math)

- Mathematics is the science of space, numbers and quantity. (গণিত হলো স্থান, সংখ্যা এবং পরিমাণ সম্পর্কিত বিজ্ঞান) — *Oxford Dictionary*
- Mathematics is the science of necessary conclusions. (গণিত হলো যুক্তিগ্রাহ্য সিদ্ধান্তের বিজ্ঞান) — *Benjamin Peirce*
- Mathematics is the study of abstract forms and structures and the relations among them. (গণিত হলো বিমূর্ত ধারণার সৌধ নির্মাণ এবং তাদের সম্পর্ক বিষয়ে পাঠ)— *আধুনিক গণিতবিদ*
- গণিত শিক্ষাদানের মুখ্য উদ্দেশ্য হওয়া উচিত স্থান ও পরিমাণের সম্পর্কের বিশ্লেষণ এবং তার উপলব্ধি, যা আমাদের পরিবেশ সম্পর্কে অন্তর্দৃষ্টি লাভ করতে, তাকে নিয়ন্ত্রণ করতে এবং নানা ক্ষেত্রে সভ্যতার অগ্রগতিকে উপলব্ধি করতে একান্ত আবশ্যক। — *কমিটি অন ম্যাথমেটিক্যাল রিকোয়ারমেন্টস, আমেরিকা*

ওপরের সংজ্ঞাসমূহের আলোকে বলা যায়, মূলত গণিত একটি বিজ্ঞান, যেখানে সংখ্যা, আকার ও স্থানের তাত্ত্বিক ও ব্যবহারিক অধ্যয়ন বা গবেষণা হয়ে থাকে।

গণিতের শ্রেণীবিভাগ (Classification of Math)

গণিতের প্রধান শাখাগুলো— ক. পাটিগণিত (Arithmetic), খ. বীজগণিত (Algebra) ও গ. জ্যামিতি (Geometry)

ক. পাটিগণিত (Arithmetic) : পাটিগণিত হলো সংখ্যার বিজ্ঞান। গণিতের যে শাখায় সংখ্যা, বিশেষ করে ধনাত্মক সংখ্যার যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে আলোচনা করা হয় তাকে পাটিগণিত বলে। আমরা কাগজে কলমে আমাদের যে নাম লিখি, তা কিন্তু কোনো ব্যক্তি নয়, ব্যক্তিকে প্রকাশ করার নাম। সংখ্যার মতো এ রকম বিমূর্ত ধারণাকে যদি বিভিন্ন পদ্ধতিতে সংগঠিত করে ধারণার দেয়াল নির্মাণ করি, তখন তাই হবে গণিতের একটি বিষয়বস্তু। সংখ্যা, তাদের চার নিয়ম (যোগ, বিয়োগ, গুণ, ভাগ), সংখ্যার বর্গ, বর্গমূল ইত্যাদি কার্যবিধি এবং তাদের বিবিধ ধর্মাবলী নিয়ে গড়ে উঠেছে পাটিগণিত।

খ. বীজগণিত (Algebra) : ইংরেজি Algebra-এর বাংলা প্রতিশব্দ বীজগণিত। অ্যালজেব্রা (Algebra) শব্দটি এসেছে আরবি 'আলজাবের' শব্দ থেকে, যার অর্থ 'ভাঙা হাড় জোড়া দেয়া'। প্রায় ১২০০ বছর আগে আরব গণিতবিদ মুহম্মদ বিন মুসা আল-খাওয়ারিজমি রচিত একটি বইয়ে অ্যালজেব্রার অর্থ পাওয়া যায়। যাতে অ্যালজেব্রার অর্থ বলতে কোনো সমীকরণের বিভিন্ন অংশকে একত্রিত করাকে বোঝানো হয়েছে। অর্থাৎ বীজগণিত হলো গণিতের একটি অন্যতম স্তর, যা অজানা রাশি নিয়ে কাজ করার পদ্ধতি আলোচনা করে। পাটিগণিত বা সংখ্যাগণিতে এবং জ্যামিতিতে যে সমস্যার সমাধান দুঃসাধ্য, বীজগণিতের প্রতীক ও সূত্রের ব্যবহারে তা হয়ে ওঠে সহজতর।

গ. জ্যামিতি (Geometry) : জ্যামিতি হলো বিভিন্ন আকার-আকৃতি ও তাদের সম্পর্কের বিজ্ঞান। যাযাবর জীবন কাটিয়ে মানুষ যখন ফসল ফলাতে শিখলো, তাদের শস্য মজুদ ও সংরক্ষণের জন্য বিভিন্ন আকৃতির বস্তু তৈরির প্রয়োজন হলো, প্রয়োজন হলো জমি মাপজোখের, তখন থেকে জ্যামিতির বিকাশ শুরু হয়। আগের যুগে আমরা 'জ্যা' মানে ভূমি আর 'মিতি' অর্থ পরিমাপ অর্থাৎ ভূমির পরিমাপ সম্পর্কে যে বিষয়ে শিক্ষা দেয়া হতো তাকেই জ্যামিতি বলতাম। কিন্তু আধুনিক যুগে আমরা যে জ্যামিতি পড়ি, তার সঙ্গে এই ধারণার কোনো মিল নেই। এখন আমরা দ্বিমাত্রিক বা ভূমি সম্পর্কিত জ্যামিতি বা চিত্র ছাড়াও বিন্দু, রেখা, তল, স্থানের চিত্র এবং তাদের বিশেষ ধর্মাবলী নিয়ে আলোচনা করি। এ ধর্মগুলো প্রতিফলন, ঘূর্ণন এবং অপসারণের ফলে পরিবর্তিত হয় না।

গাণিতিক প্রকাশভঙ্গি বা চিহ্ন

পাটিগণিত, বীজগণিত ও জ্যামিতিতে ব্যবহৃত গুরুত্বপূর্ণ প্রতীক বা চিহ্নগুলো নিচে দেয়া হলো :

চিহ্ন	বাংলায়	ইংরেজিতে
.	দশমিক	Point
+	যোগ	Plus
−	বিয়োগ	Minus
±	যোগ বা বিয়োগ	Plus or minus
×	গুণ	Multiple
÷	ভাগ	Divide
=	সমান	Equal
≠	সমান নয়	is not equal
≈	প্রায় সমান	is approximately equal
∴	সুতরাং	therefore
∵	যেহেতু	because
≅	সর্বসম	is equivalent to
<	ছোট	is less than
≮	ছোট নয়	is not less than
≤	ছোট অথবা সমান	is less than or equal to
>	বড়	is greater than
≯	বড় নয়	is not greater than
≥	বড় অথবা সমান	is greater than or equal to
%	শতকরা	Percent
∞	অসীম	Infinity

চিহ্ন	বাংলায়	ইংরেজিতে
∝	সমানুপাতিক	Varies as/is Proportional to
∈	সেটের উপাদান	is an element of (a set)
∉	সেটের উপাদান নয়	is not an element of (a set)
∅	ফাঁকা সেট বা { }	is an empty set
∩	ছেদ সেট	Intersection
∪	সংযোগ সেট	Union
⇒	বা	Implies
Log_e	স্বাভাবিক লগ	Natural logarithm
√	বর্গমূল	Square root
∛	ঘনমূল	Cube root
x^2	x-এর বর্গ	x squared
x^3	x-এর ঘন	x cubed
x^4	x শক্তি চার	x to the power four
π	পাই	Pi
∫	সমাকলন	The integral of
∠	কোণ	Angle
∟	সমকোণ	Right angle
Δ	ত্রিভুজ	Triangle
∥	সমান্তরাল	is parallel to
°	ডিগ্রি	Degree
′	মিনিট/ফুট	Minute/foot
″	সেকেন্ড/ইঞ্চি	Second/Inch

পাটিগণিত

Arithmetic

1



পাটিগণিতের জনক আর্য্যভট্ট

'Arithmetic' (পাটিগণিত) শব্দটির অর্থ সংখ্যার কলাকৌশল (the art of number) যা গ্রিক শব্দ 'arithmetike' থেকে এসেছে। গণিতের যে শাখায় সংখ্যা, বিশেষ করে ধনাত্মক সংখ্যার যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে আলোচনা করা হয় তাকে পাটিগণিত বলা হয়। পাটিগণিতে দশটি প্রতীক বা অঙ্ক দ্বারা সব সংখ্যাই লেখা যায়। যেগুলো হলো– ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ০। এদের মধ্যে প্রথম নয়টি প্রতীককে সার্থক অঙ্ক এবং শেষেরটিকে শূন্য (সংখ্যায় অভাবজ্ঞাপক অঙ্ক) বলা হয়। আমাদের প্রাত্যহিক জীবনে সংখ্যার সাথে সাথে পাটিগণিতের অন্তর্গত বিভিন্ন বিষয় ওতপ্রোতভাবে জড়িত। ভারতীয় গণিতবিদ ও জ্যোতির্বিদ আর্য্যভট্টকে (৪৭৬ খ্রি.-৫৫০ খ্রি.) পাটিগণিতের জনক বলা হয়ে থাকে।

অধ্যায় ১

সংখ্যার ধারণা

CONCEPT OF NUMBER

অঙ্ক (Digit) :

গণিতের যাবতীয় সংখ্যা শেখার জন্য যেসব প্রতীক বা চিহ্ন ব্যবহার করা হয় তাই অঙ্ক। ০, ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯-এই দশটির প্রত্যেকটি এক একটি অঙ্ক। অঙ্কই সংখ্যা তৈরির মূল উপাদান।

অঙ্ক ও সংখ্যা (Digit and Number) :

অঙ্ক ও সংখ্যা এক নয়। সব অঙ্কই সংখ্যা, কিন্তু সব সংখ্যাই অঙ্ক নয়। যেমন– ০, ১, ২, ৩, ..., ৯ এগুলো প্রত্যেকটি এক একটি অঙ্ক এবং সংখ্যা। কিন্তু ১০ দুই অঙ্কবিশিষ্ট (১ ও ০) একটি সংখ্যা, ৯৯৯ হলো তিন অঙ্কবিশিষ্ট (৯, ৯ ও ৯) একটি সংখ্যা।

মৌলিক সংখ্যা (Prime Number) :

যেসব সংখ্যা ১ এবং ঐ সংখ্যা ছাড়া অন্য কোনো সংখ্যা দ্বারা নিঃশেষে বিভাজ্য নয় সেসব সংখ্যাকে মৌলিক সংখ্যা বলে। মৌলিক সংখ্যার কোনো প্রকৃত উৎপাদক নেই। যেমন– ২, ৩, ৫, ৭, ১১, ১৩ ইত্যাদি। উল্লেখ্য, একমাত্র জোড় মৌলিক সংখ্যা (even prime number) হচ্ছে ২।

মৌলিক সংখ্যার তালিকা (১ থেকে ২০০ পর্যন্ত)

২	৩	৫	৭	১১	১৩	১৭	১৯	২৩	২৯	৩১	৩৭	৪১	৪৩	৪৭	৫৩
৫৯	৬১	৬৭	৭১	৭৩	৭৯	৮৩	৮৯	৯৭	১০১	১০৩	১০৭	১০৯	১১৩	১২৭	১৩১
১৩৭	১৩৯	১৪৯	১৫১	১৫৭	১৬৩	১৬৭	১৭৩	১৭৯	১৮১	১৯১	১৯৩	১৯৭	১৯৯		

- ১ থেকে ২৫ পর্যন্ত মৌলিক সংখ্যা ৯টি।
- ১ থেকে ১০০ পর্যন্ত মৌলিক সংখ্যা ২৫টি।
- ৫০ থেকে ১০০ পর্যন্ত মৌলিক সংখ্যা ১০টি।
- ১ থেকে ৫০ পর্যন্ত মৌলিক সংখ্যা ১৫টি।
- ১ থেকে ২০০ পর্যন্ত মৌলিক সংখ্যা ৪৬টি।
- ১০০ থেকে ২০০ পর্যন্ত মৌলিক সংখ্যা ২১টি।

জোড় বা যুগ্ম সংখ্যা (Even Number) :

যেসব সংখ্যা ২ দ্বারা নিঃশেষে বিভাজ্য তাদেরকে জোড় বা যুগ্ম সংখ্যা বলে। যেমন– ২, ৪, ৬, ৮, ১০ ইত্যাদি।

বিজোড় বা অযুগ্ম সংখ্যা (Odd Number) :

যেসব সংখ্যা ২ দ্বারা ভাগ করার পরে প্রতি ক্ষেত্রে ১ অবশিষ্ট থাকে তাকে বিজোড় বা অযুগ্ম সংখ্যা বলে। যেমন– ৩, ৫, ৯, ১১ ইত্যাদি।

কৃত্রিম সংখ্যা (Composite Number) :

যে সংখ্যার কমপক্ষে একটি প্রকৃত উৎপাদক আছে, তাকে কৃত্রিম সংখ্যা বলে। যেমন– ৮ = ২ × ২ × ২।

সহ-মৌলিক (Co-prime Number) :

যদি দুটি সংখ্যার মধ্যে ১ ছাড়া অন্য কোনো সাধারণ গুণনীয়ক না থাকে তবে সেক্ষেত্রে তাদের গ.সা.গু. হবে ১। এরূপ সংখ্যাগুলোকে পরস্পরের সহ-মৌলিক বলা হয়। যেমন– ৮ ও ৯। ৮ ও ৯ এর মধ্যে ১ ভিন্ন সাধারণ কোনো গুণনীয়ক নেই।

জোড় মৌলিক বা মৌলিক দ্বিজোট :

দুটি মৌলিক সংখ্যার অন্তর ২ হলে তাদেরকে জোড় মৌলিক বা মৌলিক দ্বিজোট বলা হয়। যেমন– ৫,৭ ইত্যাদি।

মৌলিক ত্রিজোট :

তিনটি মৌলিক সংখ্যার ক্রমিক অন্তর ২ হলে সেগুলোকে মৌলিক ত্রিজোট বলে। যেমন– ৩, ৫, ৭ ইত্যাদি।

যোগসিদ্ধ সংখ্যা :

কোনো সংখ্যা ১সহ তার প্রকৃত উৎপাদকের সমষ্টি যদি সংখ্যাটির সমান হয় তবে সংখ্যাটিকে যোগসিদ্ধ সংখ্যা বলা হয়। যথা– ৬।

৩ × ২ = ৬

১ + ২ + ৩ = ৬

মূলদ সংখ্যা (Rational Number)

P যদি পূর্ণ সংখ্যা এবং q যদি অশূন্য পূর্ণ সংখ্যা হয়, তবে $\frac{p}{q}$ আকারের সংখ্যাকে মূলদ সংখ্যা বলে। মূলদ সংখ্যার সেটকে Q দ্বারা সূচিত করা হয়।

শূন্য, স্বাভাবিক সংখ্যা, প্রকৃত ও অপ্রকৃত ভগ্নাংশ সবই মূলদ সংখ্যা।

অমূলদ সংখ্যা (Irrational Number)

পূর্ণবর্গ নয়, এমন যে কোনো স্বাভাবিক সংখ্যার বর্গমূল অমূলদ সংখ্যা। যেমন– $\sqrt{৩}$, $\sqrt{৭}$ ইত্যাদি।

পূর্ণসংখ্যা (Integer–ইনটিজার) :

অখণ্ড সংখ্যা অর্থাৎ ...., –৩, –২, –১, ০, ১, ২, ৩, ... ধারার সকল সংখ্যাই হলো পূর্ণসংখ্যা। পূর্ণসংখ্যার সেটকে 'Z' দ্বারা প্রকাশ করা হয়।

Working Tools

CONCEPT OF NUMBER

- জোড় সংখ্যা নির্ণয় : $2n+2$; যেখানে, $n = 0, 1, 2$ ——, যে কোনো পূর্ণসংখ্যা।
- বিজোড় সংখ্যা নির্ণয় : $2n+1$; যেখানে, $n = 0, 1, 2$ ——, যে কোনো পূর্ণসংখ্যা।
- দুটি সংখ্যার সমষ্টি ও অন্তর দেয়া থাকলে সংখ্যা দুটি নির্ণয় :
  - ক. বৃহত্তম সংখ্যা = (সমষ্টি + অন্তর) ÷ ২
  - খ. ক্ষুদ্রতম সংখ্যা = (সমষ্টি – অন্তর) ÷ ২
- ১ থেকে আরম্ভ করে পরপর বিজোড় সংখ্যা শ্রেণির সমষ্টি নির্ণয় :
  যোগফল = (পদ সংখ্যা)^{২}। যেমন– ১ + ৩ + ৫ + ৭ + ৯ + ১১ + ১৩ + ১৫ + ১৭ + ১৯ + ২১ = (১১)^{২} = ১২১।
  এখানে, প্রথম পদ = ১, শেষ পদ = ২১, পদসংখ্যা = ১১
- ক্রমিক সংখ্যা ও সমান্তর ধারার পদসংখ্যা, সমষ্টি ও গড় নির্ণয় :

$$\text{পদ সংখ্যা} = \frac{\text{শেষপদ} - \text{১ম পদ}}{\text{সাধারণ অন্তর}} + ১$$

$$\text{যোগফল} = \frac{(\text{১ম পদ} + \text{শেষপদ}) \times \text{পদসংখ্যা}}{২}$$

$$= \frac{(\text{১ম পদ} + \text{শেষপদ}) \times \text{শেষ পদ}}{২}$$ [শুধুমাত্র ক্রমিক সংখ্যার ক্ষেত্রে]

$$\text{ধারার গড়} = \frac{\text{শেষ পদ} + \text{১ম পদ}}{২}$$

পূর্ণসংখ্যার প্রকারভেদ (Classification of Integer) :

পূর্ণসংখ্যা প্রধানত দুই প্রকার। যথা–

ক. ধনাত্মক পূর্ণসংখ্যা (Positive Integer) : ১, ২, ৯, ২২, ৩১৯ ইত্যাদি।

খ. ঋণাত্মক পূর্ণসংখ্যা (Negative Integer) : –১, –৩, –১৩, –২৪, –৮১২ ইত্যাদি।

গুণ্য; গুণক ও গুণফল :

যে সংখ্যাকে গুণ করা হয় তাকে গুণ্য বলে। আবার, যে সংখ্যা দ্বারা গুণ করা হয় তাকে গুণক বলে এবং গুণ্যকে গুণক দ্বারা গুণ করলে যে ফল পাওয়া যায় তাকে গুণফল বলে। যেমন– ১২ × ৮ = ৯৬। এখানে, ১২ গুণ্য, ৮ গুণক এবং ৯৬ গুণফল।

উৎপাদক/গুণনীয়ক (Factor)

কোনো নির্দিষ্ট সংখ্যাকে যতগুলো সংখ্যা দিয়ে নিঃশেষে ভাগ করা যায় তার প্রত্যেকটিকে মূল সংখ্যার উৎপাদক বা গুণনীয়ক বলে। যেমন– ১২-কে ১, ২, ৩, ৪, ৬ ও ১২ দ্বারা নিঃশেষে ভাগ করা যায়। তাই ১, ২, ৩, ৪, ৬ ও ১২ –কে ১২ এর উৎপাদক বলে।

বিভাজ্যতা (Divisibility) :

একটি সংখ্যাকে অন্য একটি সংখ্যা দিয়ে ভাগ করলে তা যদি নিঃশেষে বিভাজ্য হয় তবে প্রথম সংখ্যাটি দ্বিতীয় সংখ্যা দিয়ে বিভাজ্য হবে। একেই বলা হয় সংখ্যার বিভাজ্যতা।

Working Tools

- ☐ ভাজ্য (Dividend) = ভাগফল × ভাজক + ভাগশেষ (Remainder)
- ☐ ভাজক (Divisor) = (ভাজ্য – ভাগশেষ) ÷ ভাগফল
- ☐ ভাগফল (Quotient) = (ভাজ্য – ভাগশেষ) ÷ ভাজক

বিভাজ্যতা নির্ণয় :

ক. যদি কোনো সংখ্যার শেষ অঙ্ক ০ থাকে তবে তা ২, ৫, ১০ দ্বারা বিভাজ্য।

খ. যে সংখ্যার শেষ অঙ্ক ৫ তা ৫ দ্বারা বিভাজ্য।

গ. যে সংখ্যার শেষ অঙ্ক যুগ্ম সংখ্যা তা ২ দ্বারা বিভাজ্য।

ঘ. যে সংখ্যার শেষ দুটি অঙ্ক ০০, তা ৪, ২৫, ১০০ দ্বারা বিভাজ্য।

ঙ. কোনো সংখ্যার শেষ দুটি অঙ্ক দ্বারা গঠিত সংখ্যা ২৫ দ্বারা বিভাজ্য হলে, পূর্ণ সংখ্যাটিও ২৫ দ্বারা বিভাজ্য। যেমন– ৬৭৫। এখানে শেষ দুটি অঙ্ক দ্বারা গঠিত সংখ্যা ৭৫, ২৫ দ্বারা বিভাজ্য। সুতরাং ৬৭৫ পূর্ণ সংখ্যাটিও ২৫ দ্বারা বিভাজ্য।

চ. যে সংখ্যার শেষ অঙ্কদ্বয় দ্বারা গঠিত সংখ্যা ৪ দ্বারা বিভাজ্য, সে সংখ্যাটিও ৪ দ্বারা বিভাজ্য; যেমন– ৭২৮। এখানে ২৮, ৪ দ্বারা বিভাজ্য। সুতরাং ৭২৮ সংখ্যাটিও ৪ দ্বারা বিভাজ্য।

ছ. যদি কোনো সংখ্যার অঙ্কগুলোর সমষ্টি ৩ দ্বারা বিভাজ্য হয়, তবে সংখ্যাটিও ৩ দ্বারা বিভাজ্য হবে। যেমন– ১৪৭। এখানে ১৪৭ এর অঙ্কগুলোর সমষ্টি = ১ + ৪ + ৭ = ১২ যা ৩ দ্বারা বিভাজ্য। সুতরাং ১৪৭ সংখ্যাটিও ৩ দ্বারা বিভাজ্য।

জ. যে সংখ্যার শেষ তিনটি অঙ্ক ০০০, তা ৮, ১২৫ এবং ১০০০ দ্বারা বিভাজ্য।

ঝ. যে সংখ্যার শেষ তিনটি অঙ্ক দ্বারা গঠিত সংখ্যা ৮ দ্বারা বিভাজ্য, সে সংখ্যাটিও ৮ দ্বারা বিভাজ্য। যেমন– ৭১৩৬। এখানে শেষ তিনটি অঙ্কে গঠিত ১৩৬ সংখ্যাটি ৮ দ্বারা বিভাজ্য। সুতরাং ৭১৩৬ সংখ্যাটিও ৮ দ্বারা বিভাজ্য।

ঞ. জোড় বা যুগ্ম সংখ্যার অঙ্কগুলোর সমষ্টি ৩ দ্বারা বিভাজ্য হলে, সংখ্যাটি ৬ দ্বারাও বিভাজ্য।

ট. যে সংখ্যার অঙ্কগুলোর সমষ্টি ৯ দ্বারা বিভাজ্য, সে সংখ্যাটিও ৯ দ্বারা বিভাজ্য।

Question Bank as Self Test

১. নিচের কোন সংখ্যাটি মৌলিক?

ক ৯১ খ ১৪৩ গ ৪৭ ঘ ৮৭

১০ম বিসিএস
উত্তর : গ

Hints : আমরা জানি, যে সংখ্যাকে ১ এবং ঐ সংখ্যা ছাড়া অন্য কোনো সংখ্যা দ্বারা নিঃশেষে ভাগ করা যায় না, তাকে মৌলিক সংখ্যা বলে।

ক. ৯১ = ৭ × ১৩ খ. ১৪৩ = ১১ × ১৩

গ. ৪৭ = ১ × ৪৭ ঘ. ৮৭ = ৩ × ২৯

∴ মৌলিক সংখ্যা ৪৭।

২. নিচের কোনটি মৌলিক সংখ্যা?

ক ৯১ খ ৮৭ গ ৬৩ ঘ ৫৯

৩০তম বিসিএস
উত্তর : ঘ

Hints : ক. ৯১ = ৭ × ১৩ খ. ৮৭ = ৩ × ২৯

গ. ৬৩ = ৩ × ২১ ঘ. ৫৯ = ১ × ৫৯

∴ মৌলিক সংখ্যা ৫৯।

৩. ৩টি সংখ্যার গুণফল ২১৬। ২টি সংখ্যা ৮ এবং ৯ হলে ৩য় সংখ্যাটি কত?

ক ৩ খ ৭ গ ৫ ঘ ৬

পরিবার পরিকল্পনা অধিদপ্তর
নিয়োগ পরীক্ষা ২০১৪
উত্তর : ক

Hints : ৩টি সংখ্যার গুণফল ২১৬

আবার, ২টি সংখ্যার গুণফল = (৮ × ৯) = ৭২

সুতরাং ৩য় সংখ্যাটি $= \frac{২১৬}{৭২} = ৩$

৪. ২টি সংখ্যার গুণফল ১৮৯ এবং সংখ্যা ২টির যোগফল ৩০। সংখ্যা ২টি কত?

ক ১৮, ৯ খ ১০, ৩ গ ৬৩, ৩ ঘ কোনোটিই নয়

পরিবার পরিকল্পনা অধিদপ্তর
নিয়োগ পরীক্ষা ২০১৪
উত্তর : ঘ

Hints : ধরি, সংখ্যা দুটি যথাক্রমে x ও y

প্রশ্নমতে, $xy = ১৮৯$

এবং $x + y = ৩০$

এখন, $(x-y)^2 = (x+y)^2 - 4xy$

$= (৩০)^2 - ৪ \times ১৮৯$

$= ৯০০ - ৭৫৬$

$= ১৪৪$

$\therefore x - y = ১২$

সুতরাং $x + y = ৩০$ এবং $x + y = ৩০$

$x - y = ১২$ $x - y = ১২$

(+) করি, $2x = ৪২$ (−) করি, $2y = ১৮$

$\therefore x = ২১$ $\therefore y = ৯$

৫. ২টি সংখ্যার যোগফল ৪৮ এবং তাদের গুণফল ৪৩২। তবে বড় সংখ্যাটি কত?

ক ৩৬ খ ৩৭ গ ৩৮ ঘ ৪০

পরিবার পরিকল্পনা অধিদপ্তর
নিয়োগ পরীক্ষা ২০১৪
উত্তর : ক

Hints : ধরি, সংখ্যা দুটি a ও b; যেখানে $a > b$

$\therefore a + b = ৪৮$ ..... (i) এবং $ab = ৪৩২$

আমরা জানি, $(a-b)^2 = (a+b)^2 - 4ab$

বা, $(a-b)^2 = (৪৮)^2 - ৪ \times ৪৩২$

বা, $(a-b)^2 = ২৩০৪ - ১৭২৮$

বা, $(a-b)^2 = ৫৭৬$

$\therefore a-b = ২৪ \ldots (ii)$

$(i)+(ii) \Rightarrow 2a = ৭২$

$\therefore a = ৩৬$

$(i)-(ii) \Rightarrow b = ১২$

সুতরাং বড় সংখ্যাটি ৩৬।

৬. 0, 1, 2 এবং 3 দ্বারা গঠিত চার অংকের বৃহত্তম এবং ক্ষুদ্রতম সংখ্যার বিয়োগফল– পরিবার পরিকল্পনা অধিদপ্তর নিয়োগ পরীক্ষা ২০১৪

ⓚ 3147 ⓚ 2287 ⓖ 2987 ⓖ 2187 উত্তর : ঘ

Hints : বৃহত্তম সংখ্যা = 3210

ক্ষুদ্রতম সংখ্যা = 1023

$\therefore$ বিয়োগফল = 3210 − 1023

= 2187

৭. ০, ১, ৪, ৬, ৯ এই সংখ্যাগুলো এক বা একাধিকবার ব্যবহার করে পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা কত? কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা ২০১৪

ⓚ ০১৪৬৯ ⓚ ১০৪৬৯ ⓖ ৯০১৪৬ ⓖ ১০০০০ উত্তর : খ

ⓚ কোনোটিই নয়

Hints : 0 < ১; কিন্তু শূন্য (০) সংখ্যার বামে, সুতরাং তা অর্থবহ হয় না। এক্ষেত্রে সংখ্যাটি ৪ অঙ্ক বিশিষ্ট হয়ে যায়। তাই শূন্যকে ১ এর পরে বসাতে হবে। অর্থাৎ সংখ্যাটি ১০৪৬৯। আর একাধিকবার অংকগুলো ব্যবহার করলে সংখ্যা বড় হবে, ছোট নয়।

৮. একটি বড় বাক্সের মধ্যে ৪টি বাক্স আছে ও তার প্রত্যেকটির ভেতর ৬টি করে ছোট বাক্স আছে। মোট বাক্সের সংখ্যা কত? কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা ২০১৪

ⓚ ১৮টি ⓚ ২০টি ⓖ ২৫টি ⓖ ৩০টি উত্তর : ঙ

ⓚ কোনোটিই নয়

Hints : মাঝারি বাক্সের মধ্যে প্রত্যেকটিতে ৬টি করে ছোট বাক্স আছে।

$\therefore$ ছোট বাক্সের সংখ্যা = ৪ × ৬ = ২৪টি।

বড় বাক্সের মধ্যে ৪টি মাঝারি বাক্স আছে।

সুতরাং মোট বাক্সের সংখ্যা = ২৪ + ৪ + ১ = ২৯টি।

৯. X-এর মান একটি বেজোড় সংখ্যা হলে নিম্নের কোনটির মান জোড় সংখ্যা হবে? পল্লী উন্নয়ন বোর্ডের ম্যাট সংগঠক ২০১৪

ⓚ 2x + 1 ⓚ 2(x + 1) ⓖ 2x − 1 ⓖ x − 2 উত্তর : খ

Hints : এখানে, 2 (x + 1) = 2x + 2; 2x একটি জোড় সংখ্যা কারণ যেকোনো বিজোড় সংখ্যাকে ২ দ্বারা গুণ করলে গুণফল হবে জোড় সংখ্যা।

আবার, কোনো জোড় সংখ্যা হতে ২ বিয়োগ বা ২ যোগ করলে প্রাপ্ত সংখ্যাটি অবশ্যই জোড় সংখ্যা হবে।

সুতরাং সঠিক উত্তর (খ)।

১০. ৩৬ সংখ্যাটির মোট কতগুলো ভাজক রয়েছে? পল্লী উন্নয়ন বোর্ডের হিসাব সহকারী ২০১৪

ⓚ ৬টি ⓚ ৮টি ⓖ ৯টি ⓖ ১০টি উত্তর : গ

Hints :

২ | ৩৬

২ | ১৮

৩ | ৯

৩

২ × ২ × ৩ × ৩ = ২² × ৩²

$\therefore$ নির্ণেয় ভাজক সংখ্যা = (২ + ১) × (২ + ১) = ৯।

১১. What least number must be added to 1056, so that the sum is completely divisible by 23? পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিস্টেন্ট ম্যানেজার ২০১৪

ⓚ 2 ⓚ 3 ⓖ 18 ⓖ 21 উত্তর : ক

Hints :

```
23 | 1056 | 45
   |  92  |
     136
     115
      21
```

Now, 23 − 21 = 2

So, the number is 2.

১২. X-এর মান একটি বিজোড় সংখ্যা হলে নিম্নের কোনটির মান জোড় সংখ্যা হবে?

পল্লী উন্নয়ন বোর্ড-এর মাঠকর্মী ২০১৪
উত্তর : খ

ক $2x+1$ খ $2(x+1)$ গ $2x-1$ ঘ $x-2$

Hints : *প্রদত্ত অপশনে শুধুমাত্র খ) 2 (x + 1)-এ x এর যেকোনো বিজোড় মান বসিয়ে সমাধান করলে মান সব সময় জোড় সংখ্যা হবে। যেমন : 1, 3, 5, 7 ..... ইত্যাদি।*

১৩. নিচের কোন সংখ্যাটি ক্ষুদ্রতম?

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান অফিসার ২০১৪
উত্তর : গ

ক ১/৩ খ ২/৭ গ ৫/২১ গ ৩/৬ ঙ ২/৩

Hints : *লক্ষ্য করি,*

a. $\frac{১}{৩} = ০.৩৩$ *b.* $\frac{২}{৭} = ০.২৮$

c. $\frac{৫}{২১} = ০.২৩$ *d.* $\frac{৩}{৬} = ০.৫$

e. $\frac{২}{৩} = ০.৬৬$

অর্থাৎ ক্ষুদ্রতম সংখ্যাটি হচ্ছে অপশন (c)।

১৪. নিচের কোনটি মূলদ সংখ্যা?

১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) ২০১৪
উত্তর : ঘ

ক $\sqrt[3]{6}$ খ π গ $\sqrt{2}$ ঘ $\sqrt[3]{8}$

Hints : *প্রদত্ত অপশনগুলোর মধ্যে*

(ঘ) $\sqrt[3]{8} = \sqrt[3]{2^3} = 2^{3\cdot\frac{1}{3}}$

$= 2$; *যা মূলদ সংখ্যা।*

কিন্তু বাকী (ক), (খ) ও (গ) অপশন মূলদ সংখ্যা নয়।

১৫. দুইটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর 199 হলে, বড় সংখ্যাটি কত?

১১তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা (স্কুল/সমপর্যায় ২) ২০১৪
উত্তর : গ

ক 70 খ 80 গ 90 ঘ 100

Hints : *ধরি, বড় সংখ্যাটি a*

$\therefore a^2 - (a-1)^2 = 199$

$a^2 - (a^2 - 2a + 1) = 199$

$a^2 - a^2 + 2a - 1 = 199$

$2a = 200$

$\therefore a = 100$

১৬. নিচের কোন ক্রমজোড়টি সহমৌলিক?

১১তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা (কলেজ/সমপর্যায়) ২০১৪
উত্তর : ঘ

ক (৪, ৬) খ (৬, ৯) গ (৯, ১২) ঘ (১২, ১৭)

Hints : *প্রদত্ত অপশনে (ঘ) ১২, ১৭ ক্রমজোড়টি সহমৌলিক।*

কারণ, ১২ = ১ × ৩ × ২ × ২

এবং ১৭ = ১ × ১৭

দেখা যাচ্ছে ১২ ও ১৭ এর ১ ভিন্ন অন্য কোনো সাধারণ উৎপাদক নেই। সুতরাং এরা পরস্পর সহমৌলিক।

১৭. ১ থেকে ৪০ পর্যন্ত কতগুলি মৌলিক সংখ্যা বিদ্যমান?

(ক) ১০ (খ) ১১ (গ) ১২ (ঘ) ১৩

Hints : ১ থেকে ৪০ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলো হলো– ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩, ২৯, ৩১, ৩৭ অর্থাৎ ১২টি।

১১তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা (কলেজ/সমপর্যায়) ২০১৪
উত্তর : গ

১৮. একটি সংখ্যা ৬৫০ থেকে যত বড় ৮২০ থেকে তত ছোট। সংখ্যাটি কত?

(ক) ৭৩০ (খ) ৭৩৫ (গ) ৭৮০ (ঘ) ৭৯০

Hints : সংখ্যাটি 'ক' হলে,

$৮২০ - ক = ক - ৬৫০$

বা, $২ক = ৮২০ + ৬৫০$

বা, $ক = \frac{১৪৭০}{২}$

$\therefore ক = ৭৩৫$

১১তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা (কলেজ/সমপর্যায়) ২০১৪
উত্তর : খ

১৯. নিচের কোনটি মৌলিক সংখ্যা?

(ক) ৬ (খ) ৭ (গ) ৮

Hints : ক. $৬ = ২ \times ৩$ খ. $৭ = ১ \times ৭$ গ. $৮ = ২ \times ৪$

∴ মৌলিক সংখ্যা ৭।

পরিবার পরিকল্পনা হিসাব রক্ষক/গুদাম রক্ষক/কোষাধ্যক্ষ ২০১১
উত্তর : খ

২০. কোনটি মৌলিক সংখ্যা নয়?

(ক) ২৬৩ (খ) ২৩৩ (গ) ২৫৩ (ঘ) ২৪১

Hints : ২০০ হতে ৩০০ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলো (১৬টি) হচ্ছে ২১১, ২২৩, ২২৭, ২২৯, ২৩৩, ২৩৯, ২৪১, ২৫১, ২৫৭, ২৬৩, ২৬৯, ২৭১, ২৭৭, ২৮১, ২৮৩ ও ২৯৩। সুতরাং ২৫৩ মৌলিক সংখ্যা নয়।

পরিকল্পনা মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক ২০০৬; মব্য হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অধীন জুনিয়র অডিটর ২০১১
উত্তর : গ

২১. কোনটি মৌলিক সংখ্যা নয়?

(ক) ২২১ (খ) ২২৩ (গ) ২২৭ (ঘ) ২২৯

Hints : ২০০ থেকে ২৫০ এর মধ্যবর্তী মৌলিক সংখ্যাগুলো (৭টি) হচ্ছে ২১১, ২২৩, ২২৭, ২২৯, ২৩৩, ২৩৯ ও ২৪১। সুতরাং ২২১ মৌলিক সংখ্যা নয়।

পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক ২০০৪
উত্তর : ক

২২. ১ থেকে ২০ পর্যন্ত কয়টি মৌলিক সংখ্যা আছে?

(ক) ৭টি (খ) ৮টি (গ) ৯টি

Hints : ১ থেকে ২০ পর্যন্ত মৌলিক সংখ্যা হচ্ছে ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭ ও ১৯; মোট ৮টি।

পরিবার পরিকল্পনা হিসাব রক্ষক/গুদাম রক্ষক/কোষাধ্যক্ষ ২০১১; পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী ২০১০
উত্তর : খ

২৩. ১ থেকে ২৫ পর্যন্ত মৌলিক সংখ্যা কয়টি?

(ক) ৯টি (খ) ১০টি (গ) ১৩টি

Hints : ১ থেকে ২৫ পর্যন্ত মৌলিক সংখ্যা ৯টি। এগুলো ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯ ও ২৩।

স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে স্বাস্থ্য সহকারী ২০০৪
উত্তর : ক

২৪. ১ হতে ৩০ পর্যন্ত কয়টি মৌলিক সংখ্যা আছে?

(ক) ১১টি (খ) ৮টি (গ) ১০টি (ঘ) ৯টি

Hints : ১ হতে ৩০ পর্যন্ত মৌলিক সংখ্যা ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩, ২৯ = ১০টি।

১০ম বিসিএস; আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক ২০০৬; পরিবেশ অধিদপ্তরের ফিল্ড ইনভেস্টিগেটর এবং রিসার্চ অ্যাসিস্টেন্ট ২০০৬
উত্তর : গ

২৫. ২ হতে ৩০ পর্যন্ত মৌলিক সংখ্যা আছে?

(ক) ১০টি (খ) ৮টি (গ) ৯টি (ঘ) ১১টি

Hints : ২ থেকে ৩০ পর্যন্ত মৌলিক সংখ্যা ১০টি এবং এই মৌলিক সংখ্যাগুলো হলো ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩ ও ২৯।

আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুট্যান্ট ২০১০
উত্তর : ক

২৬. ১০ ও ৩০-এর মধ্যে কয়টি মৌলিক সংখ্যা আছে?

ক ৪টি খ ৬টি গ ৫টি ঘ ৯টি

Hints : *১০ থেকে ৩০ এর মধ্যে মৌলিক সংখ্যা আছে ৬টি। যথা— ১১, ১৩, ১৭, ১৯, ২৩ ও ২৯।*

পরিকল্পনা মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক ২০০৬
উত্তর : খ

২৭. ১ থেকে ৩১ পর্যন্ত কয়টি মৌলিক সংখ্যা আছে?

ক ১১ খ ১০ গ ৯ ঘ ৮

Hints : *১ থেকে ৩১ পর্যন্ত মৌলিক সংখ্যা হচ্ছে ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩, ২৯ ও ৩১; মোট ১১টি।*

প্রধানমন্ত্রীর কার্যালয়ে পার্সোনাল অফিসার ২০০৪
উত্তর : ক

২৮. ২ এবং ৩২ এর মধ্যে মৌলিক সংখ্যা কয়টি?

ক ১১টি খ ৯টি গ ৮টি ঘ ১০টি

Hints : *২ এবং ৩২-এর মধ্যে মৌলিক সংখ্যাগুলো হলো ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩, ২৯ ও ৩১।*

∴ ২ এবং ৩২ পর্যন্ত মৌলিক সংখ্যা ১০টি।

২৪তম বিসিএস; মাধ্যমিক শিক্ষক ২০১১; পরিবেশ অধিদপ্তরের সহ-পরিচালক (কারিগরী), সহ-পরিচালক (প্রশাসন) ও রিসার্চ অফিসার ২০০৭
উত্তর : ক

২৯. ১২ হতে ৩২ এর মধ্যে মৌলিক সংখ্যা কয়টি?

ক ৫টি খ ৬টি গ ৭টি ঘ ৮টি

Hints : *১২ হতে ৩২ এর মধ্যে মৌলিক সংখ্যাগুলো হচ্ছে ১৩, ১৭, ১৯, ২৩, ২৯ ও ৩১ অর্থাৎ ৬টি।*

সহকারী জজ ২০১১
উত্তর : খ

৩০. ২৫ থেকে ৫৫-এর মধ্যে মৌলিক সংখ্যা কয়টি?

ক ৪টি খ ৬টি গ ৭টি ঘ ৯টি

Hints : *২৫ থেকে ৫৫ এর মধ্যে মৌলিক সংখ্যাগুলো হচ্ছে ২৯, ৩১, ৩৭, ৪১, ৪৩, ৪৭ ও ৫৩। মোট ৭টি।*

সমবায় দপ্তরে দ্বিতীয় শ্রেণীর গেজেটেড অফিসার ১৯৯৭
উত্তর : গ

৩১. ৪০ হতে ৬০-এর মধ্যে মৌলিক সংখ্যার সংখ্যা হচ্ছে–

ক ৩ খ ৪ গ ৫ ঘ ৬

Hints : *৪০ থেকে ৬০ এর মধ্যে মৌলিক সংখ্যা ৫টি।*

যথা : ৪১, ৪৩, ৪৭, ৫৩ ও ৫৯।

যোগাযোগ মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা ২০০৬
উত্তর : গ

৩২. ৪৩ থেকে ৬০ এর মধ্যে মৌলিক সংখ্যার সংখ্যা–

ক ৫ খ ৩ গ ৭ ঘ ৪

Hints : *৪৩ থেকে ৬০ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলো হলো ৪৩, ৪৭, ৫৩ এবং ৫৯ = ৪টি।*

২৬তম বিসিএস; সমাজসেবা অফিসার ২০০৬
উত্তর : ঘ

৩৩. ২২ এবং ৭২-এর মধ্যে কয়টি মৌলিক সংখ্যা রয়েছে?

ক ১২টি খ ৯টি গ ১১টি ঘ ১০টি

Hints : *২২ এবং ৭২ এর মধ্যবর্তী মৌলিক সংখ্যা ১২টি।*

যথা– ২৩, ২৯, ৩১, ৩৭, ৪১, ৪৩, ৪৭, ৫৩, ৫৯, ৬১, ৬৭, ৭১।

পরিকল্পনা মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক ২০০৬
উত্তর : ক

৩৪. How many prime numbers are there between 45 and 72?

ক 5 খ 6 গ 7 ঘ None of these

Hints : *Prime numbers between 45 and 72 are 47, 53, 59, 61, 67 and 71; Total 6.*

Uttara Bank Ltd. Asst. Officer (Cash) 2011
উত্তর : খ

৩৫. ৮১ থেকে ৯১ এর মধ্যে মৌলিক সংখ্যা কতটি?

ক ৪টি খ ৩টি গ ২টি ঘ ১টি

Hints : *৮১ থেকে ৯১ এর মধ্যে মৌলিক সংখ্যা ২টি— ৮৩ ও ৮৯।*

শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা ২০০৬
উত্তর : গ

৩৬. ১ হতে ১০০ পর্যন্ত মৌলিক সংখ্যা কতটি?

ক ২০টি খ ২৪টি গ ২৫টি ঘ ২৬টি

Hints : ১ থেকে ১০০ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলো হলো ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩, ২৯, ৩১, ৩৭, ৪১, ৪৩, ৪৭, ৫৩, ৫৯, ৬১, ৬৭, ৭১, ৭৩, ৭৯, ৮৩, ৮৯ ও ৯৭। এদের মোট সংখ্যা ২৫টি। উল্লেখ্য, ১ মৌলিক সংখ্যা হিসেবে বিবেচিত হয় না।

শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা ২০০৯
উত্তর : গ

৩৭. ২০ থেকে ১০০-এর মধ্যবর্তী কতটি মৌলিক সংখ্যা আছে?

ক ১৭টি খ ১৫টি গ ১৩টি ঘ ১১টি

Hints : ২০ থেকে ১০০-এর মধ্যবর্তী মৌলিক সংখ্যা ১৭টি। যথা : ২৩, ২৯, ৩১, ৩৭, ৪১, ৪৩, ৪৭, ৫৩, ৫৯, ৬১, ৬৭, ৭১, ৭৩, ৭৯, ৮৩, ৮৯ ও ৯৭।

আমদানি-রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার ২০০৭
উত্তর : ক

৩৮. ৫০ থেকে ১০০ পর্যন্ত কতটি মৌলিক সংখ্যা আছে?

ক ১০টি খ ৯টি গ ৮টি ঘ ৭টি

Hints : ৫০ থেকে ১০০ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলো হচ্ছে ৫৩, ৫৯, ৬১, ৬৭, ৭১, ৭৩, ৭৯, ৮৩, ৮৯ ও ৯৭। মোট ১০টি।

শ্রম পরিদপ্তরের মেডিক্যাল অফিসার ২০০৫
উত্তর : ক

৩৯. ৯০ থেকে ১০০-এর মধ্যে কয়টি মৌলিক সংখ্যা আছে?

ক দুটি খ একটি গ তিনটি ঘ একটিও নয়

Hints : মৌলিক সংখ্যাটি ৯৭।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরের সহকারী পরিদর্শক (প্রকৌশল) ২০০৫
উত্তর : খ

৪০. ৫০ হতে ১০৩ পর্যন্ত কতটি মৌলিক সংখ্যা আছে?

ক ১০টি খ ১১টি গ ১২টি ঘ ১৩টি

Hints : ৫০ থেকে ১০৩ পর্যন্ত মৌলিক সংখ্যা ১২টি।
যথা : ৫৩, ৫৯, ৬১, ৬৭, ৭১, ৭৩, ৭৯, ৮৩, ৮৯, ৯৩, ১০১ ও ১০৩।

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন এডমিনিস্ট্রেশন অফিসার ও পার্সোনাল অফিসার ২০০৬
উত্তর : গ

৪১. ১০০ থেকে ১১০ পর্যন্ত সংখ্যাগুলোর মধ্যে কয়টি মৌলিক সংখ্যা রয়েছে?

ক চারটি খ একটি গ দুইটি ঘ তিনটি

Hints : ১০০ থেকে ১১০-এর মধ্যেকার মৌলিক সংখ্যাগুলো হচ্ছে ১০১, ১০৩, ১০৭ ও ১০৯।

[illegible]
উত্তর : ক

৪২. How many of the integers between 110 and 120 are prime numbers?

ক 0 খ 1 গ 2
ঘ 3 ঙ 4

Hints : *Prime number between 110 and 120 is only 113.*

Bangladesh Bank Asst. Director 2011
উত্তর : খ

৪৩. ১০-এর চেয়ে বড় এবং ৫০-এর চেয়ে ছোট কয়টি মৌলিক সংখ্যা আছে?

ক ৯টি খ ১০টি গ ১১টি ঘ ১২টি

Hints : ১০-এর চেয়ে বড় এবং ৫০-এর চেয়ে ছোট ১১টি মৌলিক সংখ্যা আছে। যথা : ১১, ১৩, ১৭, ১৯, ২৩, ২৯, ৩১, ৩৭, ৪১, ৪৩, ৪৭।

পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা ২০০৬
উত্তর : গ

৪৪. ৬০ থেকে ৮০ এর মধ্যবর্তী বৃহত্তম ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যার অন্তর হবে–

ক ৮ খ ১২ গ ১৮ ঘ ১৪০

Hints : ৬০ ও ৮০ এর মধ্যে সর্বনিম্ন ও সর্বোচ্চ মৌলিক সংখ্যা হচ্ছে যথাক্রমে ৬১ ও ৭৯।
∴ এ দুটি সংখ্যার অন্তর = (৭৯ − ৬১) = ১৮।

২৭তম বিসিএস; ৭ম প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন ২০১১ (বনলতা-৪৬)
উত্তর : গ

৪৫. ৩০ থেকে ৯০ এর মধ্যবর্তী বৃহত্তম ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যার অন্তর কত?

(ক) ৮৬ (খ) ৬৮ (গ) ৭৮ (ঘ) ৫৮

Hints : *৩০ থেকে ৯০ এর মধ্যবর্তী বৃহত্তম ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যা হচ্ছে ৮৯ ও ৩১। এদের অন্তর = ৮৯ − ৩১ = ৫৮।*

বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক ২০১১; উপজেলা পোর্ট মাস্টার ২০০৯; তথ্য মন্ত্রণালয়ের অধীনে গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার ২০০৫

উত্তর : ঘ

৪৬. ২০-এর চেয়ে বড় এবং ২০০-এর চেয়ে ছোট কতগুলো মৌলিক সংখ্যা আছে?

(ক) ৩৫ (খ) ৩৭ (গ) ৩৮ (ঘ) ৪০

Hints : *২০ এর চেয়ে বড় এবং ২০০ এর চেয়ে ছোট মৌলিক সংখ্যাগুলো হচ্ছে− ২৩, ২৯, ৩১, ৩৭, ৪১, ৪৩, ৪৭, ৫৩, ৫৯, ৬১, ৬৭, ৭১, ৭৩, ৭৯, ৮৩, ৮৯, ৯৭, ১০১, ১০৩, ১০৭, ১০৯, ১১৩, ১২৭, ১৩১, ১৩৭, ১৩৯, ১৪৯, ১৫১, ১৫৭, ১৬৩, ১৬৭, ১৭৩, ১৭৯, ১৮১, ১৯১, ১৯৩, ১৯৭ ও ১৯৯ মোট ৩৮টি।*

আবহাওয়া অধিদপ্তরের অধীন সহকারী আবহাওয়াবিদ ২০০৪

উত্তর : গ

৪৭. ৫০-এর চেয়ে ছোট কয়টি মৌলিক সংখ্যা আছে?

(ক) ১০টি (খ) ১২টি (গ) ১৪টি (ঘ) ১৫টি

Hints : *৫০ এর চেয়ে ছোট মৌলিক সংখ্যাগুলো হচ্ছে ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩, ২৯, ৩১, ৩৭, ৪১, ৪৩ ও ৪৭; মোট ১৫টি।*

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পিটিআই-এর সুপ্রিন্টেনডেন্ট, পিটিআই-এর সহকারী সুপারিনটেনডেন্ট ২০০৫

উত্তর : ঘ

৪৮. What is the least integer that is a sum of three different primes each greater than 20?

(ক) 69 (খ) 73 (গ) 83

(ঘ) 79 (ঙ) None of them

Hints : *Prime number greater than 20 are 23, 29, 31, 37 ..... etc.*

∴ Least integer that is the sum of three different prime = 23 + 29 + 31 = 83

Pubali Bank Ltd. Junior Officer (Cash) 2011

উত্তর : গ

৪৯. The smallest prime number greater than 20 is

(ক) 21 (খ) 23 (গ) 25

(ঘ) 27 (ঙ) 29

Hints : *Prime number greater than 20 are 23, 29, 31, 37.....etc.*

∴ The smallest prime number greater than 20 is 23.

AB Bank Ltd. Management Trainee 2011

উত্তর : খ

৫০. জোড় মৌলিক সংখ্যা কয়টি?

(ক) ১টি (খ) ২টি (গ) ৩টি (ঘ) ৪টি

Hints : *মৌলিক সংখ্যাগুলোর মধ্যে একমাত্র জোড় মৌলিক সংখ্যা হচ্ছে ২।*

নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা ও পার্সোনাল অফিসার ২০০৪

উত্তর : ক

৫১. ৩০ থেকে ৮০-এর মধ্যবর্তী বৃহত্তর মৌলিক সংখ্যার ব্যবধান কত?

(ক) ৩৫ (খ) ৪২ (গ) ৪৮ (ঘ) ৫৫

Hints : *৩০ এবং ৮০ এর মধ্যবর্তী বৃহত্তর ও ক্ষুদ্রতর মৌলিক সংখ্যা হচ্ছে যথাক্রমে ৭৯ এবং ৩১। এদের ব্যবধান = ৭৯− ৩১ = ৪৮।*

সমবায় দপ্তরে দ্বিতীয় শ্রেণীর গেজেটেড অফিসার ১৯৯৭

উত্তর : গ

৫২. ১.১, .০১, ও .০০১১-এর সমষ্টি কত?

(ক) ০.০১১১১ (খ) ১.১১১১ (গ) ১১.১১০১ (ঘ) ১.১০১১১

Hints : ১.১

.০১

.০০১১

যোগফল = ১.১১১১

২৯তম বিসিএস

উত্তর : খ

৫৩. 'এক বিলিয়ন' শব্দগুলিকে সংখ্যায় প্রকাশ করতে হলে ১ এর পর কতটি শূন্য লাগবে?

(ক) ৬টি (খ) ৭টি (গ) ৮টি (ঘ) ৯টি

Hints : *1 billion = 100 crore = 1,000, 000,000*

সহকারী জজ ২০১০

উত্তর : ঘ

৫৪. কোন সংখ্যাটি ক্ষুদ্রতম?

ক $\frac{১}{১১}$ খ $\frac{৩}{৩১}$ গ $\frac{২}{২১}$ ঘ $\sqrt{০.০২}$

২৪তম বিসিএস
উত্তর : ক

Hints :

(ক) $\frac{১}{১১} = ০.০৯$ [ক্ষুদ্রতম] (খ) $\frac{৩}{৩১} = ০.০৯৭$;

(গ) $\frac{২}{২১} = ০.০৯৫$ (ঘ) $\sqrt{০.০২} = ০.১৪১$

সুতরাং সঠিক উত্তর : (ক)।

৫৫. কোন সংখ্যাটি বৃহত্তম?

ক ০.৩ খ $\frac{১}{৩}$ গ $\sqrt{০.৩}$ ঘ $\frac{২}{৫}$

১৫তম বিসিএস; ২২তম বিসিএস
উত্তর : গ

Hints :

ক ০.৩ খ $\frac{১}{৩} = ০.৩৩৩৩$

গ $\sqrt{০.৩} = ০.৫৪৭৭$ [বৃহত্তম] ঘ $\frac{২}{৫} = ০.৪$

৫৬. ৮ + ৮ × ৮ = কত?

ক ৭২ খ ১২৮ গ ১০২

পরিবার পরিকল্পনা হিসাব রক্ষক/গুদাম রক্ষক/কোষাধ্যক্ষ ২০১১
উত্তর : ক

Hints : ৮ + ৮ × ৮ = ৮ + ৬৪ = ৭২ / 'BODMAS' সূত্রটি প্রযোজ্য।

৫৭. ০.০৬৭৮ কে ০.৮৫ দ্বারা ভাগ করলে সঠিক ভাগফল কোনটি?

ক ০.০০০২০৮২৫ খ ০.০৭৯৭৬৪৭ গ ০.০৬৯৭৬৪

পরিবার পরিকল্পনা হিসাব রক্ষক/গুদাম রক্ষক/কোষাধ্যক্ষ ২০১১
উত্তর : খ

Hints : $\frac{০.০৬৭৮}{০.৮৫} = \frac{৬৭৮ \times ১০০}{৮৫ \times ১০০০০০} = ০.০৭৯৭৬৪৭$

৫৮. ৬৬৬ সংখ্যাটিতে সর্ববামের ৬ এর মান কত?

ক ৬০ খ ৬০০ গ ৬

পরিবার পরিকল্পনা হিসাব রক্ষক/গুদাম রক্ষক/কোষাধ্যক্ষ ২০১১
উত্তর : খ

Hints : ৬৬৬ সংখ্যাটির সর্ববামের ৬ এর মান ৬ শতক বা ৬০০। মাঝের ৬ এর মান ৬ দশক বা ৬০ এবং সর্বডানের ৬ এর মান ৬ একক বা ৬।

৫৯. নিচের কোন্‌টি ক্ষুদ্রতম সংখ্যা?

ক ০.৩ খ $\sqrt{০.৩}$ গ $\frac{১}{৩}$ ঘ $\frac{২}{৫}$

৩০তম বিসিএস
উত্তর : ক

Hints : লক্ষ্য করি, (ক) ০.৩ = ০.৩০ (খ) $\sqrt{০.৩} = ০.৫$;

(গ) $\frac{১}{৩} = ০.৩৩$ এবং (ঘ) $\frac{২}{৫} = ০.৪০$

অর্থাৎ ক্ষুদ্রতম সংখ্যাটি হচ্ছে ০.৩।

৬০. ৩৩ এর উৎপাদক কোনটি?

ক ১০ খ ৩ গ ১২

পরিবার পরিকল্পনা হিসাব রক্ষক/গুদাম রক্ষক/কোষাধ্যক্ষ ২০১১
উত্তর : খ

Hints : ৩৩ এর উৎপাদক হচ্ছে– ১, ৩, ১১ ও ৩৩।

৬১. ৯৯৯৯৯৯-এর সঙ্গে কোন ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে যোগফল ২, ৩, ৪, ৫ এবং ৬ দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে?

ক ২১ খ ৩৯ গ ৩৩ ঘ ২৯

২১তম বিসিএস; পিএসসির সহকারী পরিচালক এবং পাসপোর্ট অ্যান্ড ইমিগ্রেশন সহকারী পরিচালক ২০০৬
উত্তর : ক

Hints : ২, ৩, ৪, ৫ ও ৬-এর ল.সা.গু. = ৬০

৬০) ৯৯৯৯৯৯(১৬৬৬৬
৬০
৩৯৯
৩৬০
৩৯৯
৩৬০
৩৯৯
৩৬০
৩৯৯
৩৬০
৩৯

২ | ২, ৩, ৪, ৫, ৬
৩ | ১, ৩, ২, ৫, ৩
১, ১, ২, ৫, ১

ল.সা.গু. ২ × ৩ × ২ × ৫ = ৬০

ভাজক ও ভাগশেষের অন্তর সংখ্যাই হবে নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা।

∴ নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = (৬০ − ৩৯) = ২১

৬২. (০.৪ × ০.০৫ × ০.০২)/০.০১ =?

(ক) ০.৪ (খ) ০.০৪
(গ) ০.০০৪ (ঘ) কোনোটিই নয়

Hints : $\frac{০.৪ \times .০০৫ \times ০.০২}{০.০১} = ০.০৪$

খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক/উপ-খাদ্য পরিদর্শক উচ্চমান সহকারী/ অডিটর/ সুপারভাইজার ২০০৯
উত্তর : খ

৬৩. কোন সংখ্যাটি সবচেয়ে বড়?

(ক) $\frac{১}{৫}$ (খ) $\frac{১}{৪}$ (গ) $\frac{১}{২}$ (ঘ) $\frac{১}{১০}$

Hints :

(ক) $\frac{১}{৫} = ০.২$ (খ) $\frac{১}{৪} = ০.২৫$

(গ) $\frac{১}{২} = ০.৫০$ [বৃহত্তম] (ঘ) $\frac{১}{১০} = ০.১$

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ-পরিচালক ২০০৭
উত্তর : গ

৬৪. ৮.০০০১ − ০.১ − ০.০১ = কত?

(ক) ৭.০৮৯১ (খ) ৭.৮৯০১ (গ) ৭.০০৮৯ (ঘ) ৭.৭০০৯

Hints : ৮.০০০১ − ০.১ − ০.০১
= ৮.০০০ − ০.১১
= ৭.৮৯০১

বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট ২০০৭
উত্তর : খ

৬৫. 0.000001 × 100000 = কত?

(ক) 0.01 (খ) 0.001 (গ) 0.0001 (ঘ) 0.1

Hints : 0.000001 × 100000

$= \frac{1 \times 100000}{1000000} = \frac{1}{10} = 0.1$

[এ ক্ষেত্রে সংখ্যা দুটি গুণ করে যে কয় ঘর পর দশমিক তা বসালেই হবে।]

উপজেলা সমাজসেবা অফিসার/সমমান ২০০৮
উত্তর : ঘ

৬৬. নিচের কোনটি বৃহত্তম সংখ্যা?

(ক) ০.০০০২৫০ (খ) ০.০০০২৫৫ (গ) ০.০০০৫৫ (ঘ) ০.০০১০

Hints : দশমিক ভগ্নাংশের ক্ষেত্রে যে ভগ্নাংশের দশমিকের পরে কম সংখ্যক অঙ্ক (digit) থাকে সেটিই বৃহত্তম সংখ্যা বা ভগ্নাংশ। সুতরাং সঠিক উত্তর (ঘ)।

উপজেলা/থানা শিক্ষা অফিসার ২০০৪
উত্তর : ঘ

৬৭. ৩২৯ × ৪১২ হতে কত বিয়োগ করলে বিয়োগফল ৩২৯ + ৪১২-এর সমান হবে?

ক ৮০৭৪৩১ খ ৮০৭১৩৪ গ ১৩৪৮০৭ ঘ ৭০৮১৪৩

Hints : ৩২৯ × ৪১২ = ১৩৫৫৪৮

৩২৯ + ৪১২ = ৭৪১

১৩৫৫৪৮ − ৭৪১ = ১৩৪৮০৭

সমাজকল্যাণ অধিদপ্তরের ইনস্ট্রাক্টর ২০০৫
উত্তর : গ

৬৮. ১ এবং ৫৪০ এর ভাজক সংখ্যা কত?

ক ২০টি খ ২৩টি গ ২৪টি ঘ ২৫টি

Hints :

২ | ৫৪০
২ | ২৭০
৩ | ১৩৫
৩ | ৪৫
৩ | ১৫
৫

৫৪০ = ২ × ২ × ৩ × ৩ × ৩ × ৫ = $২^২ \times ৩^৩ \times ৫^১$

∴ ভাজক সংখ্যা = (২ + ১) × (৩ + ১) × (১ + ১)

= ২৪

১ এর ভাজক সংখ্যা = ১

∴ মোট ভাজক সংখ্যা = ২৪ + ১ = ২৫

শ্রম পরিদপ্তরের মেডিকাল অফিসার ২০০৫; কারিগরি শিক্ষা অধিদপ্তরের ইনস্ট্রাক্টর ২০০৫; আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট ২০০৫; সংস্থাপন মন্ত্রণালয়ের প্রবর বারবান কর্মকর্তা ২০০৪; আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ ২০০৪; শ্রম পরিদপ্তরের মেডিকাল অফিসার ২০০৪
উত্তর : ঘ

৬৯. নিচের কোন সংখ্যাটি ক্ষুদ্রতম?

ক $\frac{১}{৩}$ খ $\frac{৩}{৬}$ গ $\frac{২}{৭}$ ঘ $\frac{৫}{২১}$

Hints : (ক) $\frac{১}{৩}$ = ০.৩৩ (খ) $\frac{৩}{৬}$ = ০.৫

(গ) $\frac{২}{৭}$ = ০.২৯ (ঘ) $\frac{৫}{২১}$ = ০.২৪ (ক্ষুদ্রতম)

পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা ২০০৪
উত্তর : ঘ

৭০. ১০০৮ সংখ্যাটির কয়টি ভাজক আছে?

ক ৩০ খ ২৮ গ ২৬ ঘ ২৫

Hints :

২ | ১০০৮
২ | ৫০৪
২ | ২৫২
২ | ১২৬
৩ | ৬৩
৩ | ২১
৭

এখন, ১০০৮ = ২ × ২ × ২ × ২ × ৩ × ৩ × ৭

= $২^৪ \times ৩^২ \times ৭^১$

∴ ভাজক সংখ্যা = (৪ + ১) × (২ + ১) × (১ + ১)

= ৫ × ৩ × ২ = ৩০

∴ ১০০৮ সংখ্যাটির ৩০টি ভাজক আছে।

শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল) ২০০৭; জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পিটিআই-এর সুপারিনটেনডেন্ট, পিটিআই-এর সহকারী সুপারিনটেনডেন্ট ২০০৫
উত্তর : ক

৭১. How many numbers are there in between 2 and 3?

(ক) none (খ) 9 (গ) 1 (ঘ) innumerable

বাংলাদেশ ট্যারিফ কমিশন রিসার্চ অফিসার ২০১০
উত্তর : ঘ

Hints : *There are infinite number of decimal numbers between 2 and 3 (e.g. 2.1, 2.11, 2.111,....)*

৭২. ৫৩২০ সংখ্যাটির ভাজকের সংখ্যা বের করুন এবং এদের যোগফল নির্ণয় করুন।

(ক) ভাজকের সংখ্যা = ২৫ এবং যোগফল = ১৩৪০০০

(খ) ভাজকের সংখ্যা = ৩০ এবং যোগফল = ১৪০০০০

(গ) ভাজকের সংখ্যা = ৩২ এবং যোগফল = ১৪৪০০০

(ঘ) ভাজকের সংখ্যা = ৩৫ এবং যোগফল = ১৫০০০০

শ্রম অধিদপ্তরের দ্বিতীয় শ্রেণীভুক্ত শ্রম কর্মকর্তা এবং জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা ২০০৪
উত্তর : খ

Hints :

২ | ৫৩২০
২ | ২৬৬০
২ | ১৩৩০
৫ | ৬৬৫
৭ | ১৩৩
১৯

$\therefore$ ৫৩২০ = ২ × ২ × ২ × ৫ × ৭ × ১৯ = $২^৩ \times ৫^১ \times ৭^১ \times ১৯^১$

$\therefore$ ভাজক সংখ্যা = (৩ + ১) × (১ + ১) × (১ + ১) × (১ + ১)

= ৪ × ২ × ২ × ২ = ৩২ টি।

সুতরাং সঠিক উত্তর (গ)।

৭৩. নিঃশেষে বিভাজ্য না হলে কোনটি নির্ভুল?

(ক) ভাজ্য = (ভাজক × ভাগফল) + ভাগশেষ

(খ) ভাজ্য = (ভাজক + ভাগশেষ) × ভাগফল

(গ) ভাজ্য = (ভাগশেষ × ভাগফল) + ভাজক

(ঘ) ভাজ্য = (ভাজক + ভাগফল) × ভাগশেষ

পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক (কারিগরি) ২০১১
উত্তর : ক

Hints : *নিঃশেষে বিভাজ্যের ক্ষেত্রে :*

ভাজ্য ÷ ভাজক = ভাগফল

ভাজ্য ÷ ভাগফল = ভাজক

ভাজক × ভাগফল = ভাজ্য

নিঃশেষে বিভাজ্য না হলে :

ভাজ্য = ভাজক × ভাগফল + ভাগশেষ

ভাজক = (ভাজ্য − ভাগশেষ) ÷ ভাগফল

ভাগফল = (ভাজ্য − ভাগশেষ) ÷ ভাজক

Key Points

ভাজ্য (Dividend) : যে রাশিকে ভাগ করা হয়।

ভাজক (Divisor) : যে রাশি দ্বারা ভাগ করা হয়।

ভাগফল (Quotient) : ভাজ্যকে ভাজক দ্বারা ভাগ করার পর যা পাওয়া যায়।

ভাগশেষ (Remainder) : ভাজ্য থেকে ভাজক ও ভাগফলের গুণফল বিয়োগ করলে যা পাওয়া যায়।

৭৪. নিচের কোন সম্পর্কটি সঠিক?

ক ভাজক = (ভাজ্য – ভাগশেষ) × ভাগফল
খ ভাজ্য = (ভাজক – ভাগশেষ) × ভাগফল
গ ভাজ্য = ভাজক × ভাগফল – ভাগশেষ
ঘ ভাজক = (ভাজ্য – ভাগশেষ) ÷ ভাগফল

পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী ২০১০
উত্তর : ঘ

Hints : *'ভাগ' প্রক্রিয়ার সম্পর্কগুলো হলো :*

(১) ভাজ্য ÷ ভাজক = ভাগফল
(২) ভাজক × ভাগফল = ভাজ্য
(৩) ভাজ্য ÷ ভাগফল = ভাজক
(৪) ভাজ্য = ভাজক × ভাগফল + ভাগশেষ
(৫) ভাজক = (ভাজ্য – ভাগশেষ) ÷ ভাগফল
(৬) ভাগফল = (ভাগ্য – ভাগশেষ) ÷ ভাজক

অতএব, সঠিক উত্তর (ঘ)।

৭৫. $\left(\frac{৩}{৫}\text{ এর } ১\frac{৫}{৬}\right)$ থেকে কত বিয়োগ করলে বিয়োগফল ১ হয়?

ক $\frac{২}{১১}$ খ $\frac{১}{৫}$ গ $\frac{১}{১১}$ ঘ $\frac{১}{১০}$

সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার ২০১০
উত্তর : ঘ

Hints : $\frac{৩}{৫}$ এর $১\frac{৫}{৬}$

$= \frac{৩}{৫}$ এর $\frac{১১}{৬} = \frac{১১}{১০}$

ধরি, সংখ্যাটি 'ক'।

$\therefore \frac{১১}{১০} - ক = ১$

$\Rightarrow ক = \frac{১১}{১০} - ১ \quad \therefore ক = \frac{১}{১০}$

৭৬. 0, 1, 2 এবং 3 দ্বারা গঠিত চার অঙ্কের বৃহত্তম এবং ক্ষুদ্রতম সংখ্যার বিয়োগফল—

ক 3147 খ 2287 গ 2987 ঘ 2187

৩১তম বিসিএস ; সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার ২০১০
উত্তর : ঘ

Hints : *বৃহত্তম সংখ্যা = 3210*
ক্ষুদ্রতম সংখ্যা = 1023
∴ বিয়োগফল = 3210 – 1023 = 2187

৭৭. একটি সংখ্যা ৬৫০ থেকে যত বড় ৮২০ থেকে তত ছোট। সংখ্যাটি কত?

ক ৭৩০ খ ৭৩৫ গ ৮০০ ঘ ৭৮০

২২তম বিসিএস; দুর্নীতি দমন ব্যুরো সহকারী পরিদর্শক ২০০৪
উত্তর : খ

Hints : *সংখ্যাটি* $= \frac{১ম\ সংখ্যা + ২য়\ সংখ্যা}{২}$

$= \frac{৬৫০ + ৮২০}{২} = ৭৩৫$

৭৮. একটি সংখ্যা ৯৯৯ থেকে যত ছোট ৭৯৭ থেকে তত বড়। সংখ্যাটি কত?

ক ৮৯৭ খ ৮৯৮ গ ৮৯৯ ঘ ৯০০

খাদ্য অধিদপ্তরে খাদ্য/উপ-খাদ্য পরিদর্শক ২০১১
উত্তর : খ

Hints : সংখ্যাটি $= \frac{১ম\ সংখ্যা + ২য়\ সংখ্যা}{২}$

$= \frac{৯৯৯ + ৭৯৭}{২} = ৮৯৮$

৭৯. ১০ থেকে ৬০ পর্যন্ত যে সকল মৌলিক সংখ্যার একক স্থানীয় অংকে ৯ তাদের সমষ্টি কত?

ক ১৪৬ খ ৯৯ গ ১০৫ ঘ ১০৭

Hints : ১০ থেকে ৬০ পর্যন্ত যে সকল মৌলিক সংখ্যার একক স্থানীয় অঙ্ক ৯, সে সকল সংখ্যা হচ্ছে ১৯, ২৯, ৫৯। সংখ্যা তিনটির সমষ্টি = ১৯ + ২৯ + ৫৯ = ১০৭।

২৯তম বিসিএস
উত্তর : ঘ

৮০. ৭২ সংখ্যাটির মোট ভাজক আছে–

ক ৯টি খ ১০টি গ ১১টি ঘ ১২টি

Hints : ৭২ সংখ্যাটির ভাজকগুলো হলো ১, ২, ৩, ৪, ৬, ৮, ৯, ১২, ১৮, ২৪, ৩৬, ৭২ = ১২টি।

২৬তম বিসিএস; অফিসার ও হিসাব অফিসারের পদে স্বাস্থ্যকর্মী ২০১০; সহকারী মাস্টার ব্যতিত কর্মকর্তা ২০০৬; অফিস সহকারী অফিসারের নিবন্ধন পরীক্ষা ২০০৭
উত্তর : ঘ

৮১. $(0.003)^২ =$ কত?

ক 0.000009 খ 0.00009 গ 0.0009 ঘ 0.009

Hints : $(0.003)^২ = 0.003 \times 0.003 = 0.000009$

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২ (পদ্মা)
উত্তর : ক

৮২. $(0.004)^২ =$ কত?

ক 0.016 খ 0.00016 গ 0.00016 ঘ 0.0016

Hints : $(0.004)^২ = 0.004 \times 0.004 = 0.00016$

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২ (যমুনা)
উত্তর : খ

৮৩. $(0.005)^২ =$ কত?

ক 0.025 খ 0.0025 গ 0.00025 ঘ 0.000025

Hints : $(0.005)^২ = 0.005 \times 0.005 = 0.00025$

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২ (মেঘনা)
উত্তর : গ

৮৪. কোন সংখ্যার $\frac{৪}{৭}$ অংশ ৮০ এর সমান?

ক ১৬০ খ ১৪০ গ ২৪০ ঘ ২৪৭

Hints : ধরি, সংখ্যাটি x

প্রশ্নমতে, x এর $\frac{৪}{৭} = ৮০$

বা, $৪x = ৮০ \times ৭$

বা, $x = \frac{৮০ \times ৭}{৪}$

$\therefore x = ১৪০$

অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী ২০১১
উত্তর : খ

৮৫. 2^4 এর মান কত?

ক 16 খ 64 গ 128 ঘ 256

Hints : $2^4 = 2 \times 2 \times 2 \times 2 = 16$

উপজেলা/ থানা নির্বাচন অফিসার ২০০৮
উত্তর : ক

৮৬. ১৬ এবং ১০০ এর মধ্যে (এ ২টি সংখ্যাসহ) ৪ দ্বারা বিভাজ্য সংখ্যা কয়টি?

ক ২২টি খ ২৩টি গ ২১টি ঘ ২৪টি

Hints : ১৬ এবং ১০০ এর মধ্যে ৪ দ্বারা বিভাজ্য সংখ্যা

$= \frac{১০০ - ১৬}{৪} + ১ = ২১ + ১ = ২২$টি

[x দ্বারা বিভাজ্য সংখ্যা $= \frac{\text{শেষ পদ} - \text{প্রথম পদ}}{x} + ১$]

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ-পরিচালক ২০০৭
উত্তর : ক

৮৭. Which of the following terms does NOT describe the number 9?

ক Prime খ Integer

গ Real Number ঘ Whole number

ঙ Rational number

Hints : প্রশ্নে উল্লেখিত অপশনগুলোর মধ্যে Prime (অর্থাৎ মৌলিক সংখ্যা) ব্যতীত যে কোনোটির মধ্যে 9 কে ফেলা যায়। কারণ 9 মৌলিক সংখ্যা নয়।

Bangladesh Bank Asst. Director 2011
উত্তর : ক

৮৮. How many times does the digit '4' come to write numbers from 1 to 100?

ক 10 খ 11 গ 15
ঘ 19 ঙ 20

Hints : '4' comes to write numbers from 1 to 100 are 4, 14, 24, 34, 40, 41, 42, 43, 44, 45, 46, 47, 48, 49, 54, 64, 74, 84 and 94. Total 20 times.

Southeast Bank Ltd Probationary Officer 2011
উত্তর : ঙ

৮৯. ১২ ও ৯৬ এর মধ্যে (এ দুটি সংখ্যাসহ) কয়টি সংখ্যা ৪ দ্বারা বিভাজ্য?

ক ২১ খ ২৩ গ ২৪ ঘ ২২

Hints : ১ থেকে ৯৬ পর্যন্ত ৪ দ্বারা বিভাজ্য সংখ্যা আছে = ৯৬ ÷ ৪ = ২৪টি কিন্তু এর মধ্যে ৪ ও ৮, ৪ দ্বারা বিভাজ্য ১২ এর ছোট সংখ্যা।

∴ ১২ ও ৯৬ এর মধ্যে ৪ দ্বারা বিভাজ্য সংখ্যা = (২৪ − ২) = ২২টি।

Shortcut: $\frac{৯৬-১২}{৪}+১=২২$

প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা ২০০৪; ১৮তম বিসিএস; উপজেলা সমাজসেবা অফিসার/সমমান ২০০৮
উত্তর : ঘ

৯০. কোন কোন স্বাভাবিক সংখ্যা দ্বারা ৩৪৬ কে ভাগ করলে প্রতি ক্ষেত্রে ৩১ অবশিষ্ট থাকে?

ক ৩৫, ৪৫, ৬৩, ১০৫, ৩১৫ খ ৩৫, ৪০, ৬৫, ১১০, ৩১৫
গ ৩৫, ৪৫, ৭০, ১০৫, ৩১৫ ঘ ৩৫, ৪৫, ৬৩, ১১০, ৩১৫

Hints : ৩৪৬ − ৩১ = ৩১৫

৩১ অপেক্ষা বড় ৩১৫ এর উৎপাদকের সেট {৩৫, ৪৫, ৬৩, ১০৫, ৩১৫}

২২তম বিসিএস
উত্তর : ক

৯১. পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা ও চার অঙ্কের বৃহত্তম সংখ্যার অন্তর কত?

ক ৯ খ ১০ গ ১ ঘ −১

Hints : পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা = ১০০০০
চার অঙ্কের বৃহত্তম সংখ্যা = ৯৯৯৯
ব্যবধান = ১

২৯তম বিসিএস; সহকারী জজ ২০১০; সড়ক ও জনপথ অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী ২০১০
উত্তর : গ

৯২. If you count 1 to 100, how many 5s will you pass on the way?

ক 10 খ 11 গ 18 ঘ 19

Hints : From 1 to 100 there are 20 '5s'. Those are 5, 15, 25, 35, 45, 50, 51, 52, 53, 54, 55, 56, 57, 58, 59, 65, 75, 85, 95.

২৮তম বিসিএস
উত্তর : প্রশ্নে সঠিক উত্তর নেই

৯৩. x এর ৫ গুণ থেকে ৫ বিয়োগ করলে বিয়োগফল ১২৫ হয়। x এর সঠিক মান কোনটি?

ক ২৪ খ ২৫ গ ২৬

Hints : ৫x − ৫ = ১২৫
⇒ ৫x = ১৩০
∴ x = ২৬।

পরিবার পরিকল্পনা অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ২০১১
উত্তর : গ

৯৪. ৭৬৫ থেকে ৬৫৬ যত কম, কোন সংখ্যা ৮২৫ থেকে ততটুকু বেশি?

ক ৯৩২ খ ৯৩৩ গ ৯৩৪ ঘ ৯৩৫

Hints : ৭৬৫ − ৬৫৬ = ১০৯
৮২৫ + ১০৯ = ৯৩৪

বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক ২০১১
উত্তর : গ

৯৫. ভাজক ভাগফলের ১০ গুণ, ভাজক ০.৫ হলে ভাজ্য কত?

ক ০.০২৫ খ ০.২৫ গ ২৫ ঘ ২.৫

Hints : দেয়া আছে, ভাজক = ০.৫

প্রশ্নমতে, ভাগফল = ০.৫ ÷ ১০ = ০.০৫

আমরা জানি, ভাজ্য = ভাজক × ভাগফল = ০.৫ × ০.০৫ = ০.০২৫

পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী ২০১০
উত্তর : ক

৯৬. পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যার সাথে কোন ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে যোগফল ৬, ৮, ১০ ও ১৪ দ্বারা বিভাজ্য হবে?

ক ৭০১ খ ৭০৯ গ ৮০১ ঘ ৮০৩

Hints : ২ | ৬, ৮, ১০, ১৪
৩, ৪, ৫, ৭

∴ ল.সা.গু. = ২ × ৩ × ৪ × ৫ × ৭ = ৮৪০

পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যা = ৯৯৯৯৯

৮৪০ | ৯৯৯৯৯ | ১১৯
৮৪০
১৫৯৯
৮৪০
৭৫৯৯
৭৫৬০
৩৯

∴ ক্ষুদ্রতম সংখ্যা = ৮৪০ − ৩৯ = ৮০১

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন-এর সহকারী পরিচালক ২০০৭
উত্তর : গ

৯৭. If the sum of three different prime numbers is an even number then what is the smallest of these three?

ক 1 খ 2 গ 3
ঘ 5 ঙ None of these

Hints : 2 + 3 + 5 = 10

Dutch-Bangla Bank Ltd. Trainee Officer 2010
উত্তর : খ

৯৮. দুটি সংখ্যার গ.সা.গু., বিয়োগফল এবং ল.সা.গু. যথাক্রমে ১২, ৬০ এবং ২৪৪৮। সংখ্যা দুটি কত?

ক ১০৮, ১৪৪ খ ১১২, ১৪৮ গ ১৪৪, ২০৮ ঘ ১৪৪, ২০৪

Hints : ধরি, সংখ্যা দুটি ১২x ও ১২y

∴ ১২x − ১২y = ৬০

বা, x − y = ৫ ..... (i) এবং ১২xy = ২৪৪৮

বা, xy = ২০৪

∴ $(x+y) = \sqrt{(x-y)^2 + 4xy} = \sqrt{(৫)^2 + ৪ \times ২০৪}$

বা, x + y = ২৯ ..... (ii)

∴ x = ১৭ ও y = ১২

∴ সংখ্যা দুটি ১৪৪ ও ২০৪

১৭তম বিসিএস
উত্তর : ঘ

৯৯. $\sqrt{২}$ সংখ্যাটি কি সংখ্যা?

ক একটি স্বাভাবিক সংখ্যা খ একটি পূর্ণ সংখ্যা
গ একটি মূলদ সংখ্যা ঘ একটি অমূলদ সংখ্যা

Hints : পূর্ণবর্গ নয়, এমন যে কোনো স্বাভাবিক সংখ্যার বর্গমূল একটি অমূলদ সংখ্যা। ২ সংখ্যাটি পূর্ণবর্গ নয়। সুতরাং $\sqrt{২}$ একটি অমূলদ সংখ্যা।

২৫তম বিসিএস
উত্তর : ঘ

১০০.নিচের কোনটি মূলদ সংখ্যা?

ক $\sqrt[3]{8}$ খ $\sqrt{2}$ গ $\sqrt[3]{7}$ ঘ $\frac{\sqrt{5}}{4}$

Hints : $\sqrt[3]{8} = \sqrt[3]{2^3}$
$= 2$

অন্য সবগুলো অমূলদ।

৭ম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১১
উত্তর : ক

১০১. $\sqrt{2}$ অমূলদ সংখ্যাটির আসন্ন মান হবে–

ক 2.414 খ 1.414 গ 1.421 ঘ 2.412

Hints : নয় দশমিক স্থান পর্যন্ত $\sqrt{2}$ এর আসন্ন মান 1.414213562 এবং তিন দশমিক স্থান পর্যন্ত আসন্ন মান 1.414।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক ২০১০
উত্তর : খ

১০২. নিচের কোনটি অমূলদ সংখ্যা?

ক $\sqrt{\frac{১৬}{৯}}$ খ $\sqrt{\frac{৪}{২}}$ গ $\sqrt{৪৯}$ ঘ $\sqrt{\frac{৬৪}{২৬}}$

Hints : এখানে উত্তর হয় (খ) ও (ঘ) উভয়ই।

অমূলদ সংখ্যার সংজ্ঞায় বলা হয়েছে : যে সংখ্যাকে দুইটি পূর্ণসংখ্যার অনুপাত বা ভাগফল রূপে প্রকাশ করা যায় না বা দশমিকে প্রকাশ করলে অসীম বা আবৃত দশমিক হয়, তাকে অমূলদ সংখ্যা বলে। এক্ষেত্রে (খ)-এ $\sqrt{২}$ একটি অমূলদ সংখ্যা এবং (ঘ)-এ $\sqrt{২৬}$ একটি অমূলদ সংখ্যা।

[Note : তবে (ঘ) $\sqrt{\frac{৬৪}{২৬}}$ -এর স্থলে $\sqrt{\frac{৬৪}{২৫}}$ হলে একমাত্র উত্তর হতো (খ)।]

ষষ্ঠ প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন ২০১০
উত্তর : খ ও ঘ

১০৩. $৩/\sqrt{১২}$ নিচের কোনটির সমান?

ক $\sqrt{২}/৩$ খ $\sqrt{৩}/২$ গ $\sqrt{৩}/১২$ ঘ কোনোটিই নয়

Hints : $\frac{৩}{\sqrt{১২}} = \frac{৩\times\sqrt{৩}}{\sqrt{১২}\times\sqrt{৩}} = \frac{৩\times\sqrt{৩}}{\sqrt{৩৬}} = \frac{৩\sqrt{৩}}{৬} = \frac{\sqrt{৩}}{২}$

খাদ্য পরিদর্শক/সহকারী অপারেটর/সাঁটমুদ্রাক্ষরিক/ স্টাটলিপিকার ২০০৯
উত্তর : খ

১০৪.কোনটি মূলদ সংখ্যা?

ক $3\sqrt{3}$ খ π গ e ঘ $0.\dot{3}\dot{7}$

Hints : যে সকল সংখ্যাকে স্বাভাবিক সংখ্যার ভগ্নাংশ আকারে প্রকাশ করা যায় তাদেরকে মূলদ সংখ্যা বলে। সুতরাং (ক) $3\sqrt{3} = 1.442249$ ..... (খ) $\pi = 3.1415926$ .... ও

(গ) $e = 2.7828$ ..... অমূলদ সংখ্যা এবং (ঘ) $0.\dot{3}\dot{7} = \frac{37}{99}$ মূলদ সংখ্যা।

পরিকল্পনা মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক ২০০৬
উত্তর : ঘ

১০৫.নিচের কোন সংখ্যার 4 গুণের সাথে যোগ করলে যোগফল 8 অপেক্ষা বড় হয়?

ক $\frac{5}{2}$অপেক্ষা বড় সংখ্যা খ 1 অপেক্ষা বড় সংখ্যা

গ $\frac{5}{4}$অপেক্ষা বড় সংখ্যা ঘ $\frac{4}{5}$অপেক্ষা বড় সংখ্যা

Hints : এখানে, $4.\frac{5}{2} = 10 > 8$

$4.1 = 4 < 8$

$4.\frac{5}{4} = 5 < 8$

$4.\frac{4}{5} = \frac{16}{5} < 8$

$\therefore \frac{5}{2}$ অপেক্ষা বড় সংখ্যা।

সহকারী পরিচালক (মাদক) ও কারা তত্ত্বাবধায়ক ২০০৬
উত্তর : ক

১০৬. $\sqrt{৩}$ সংখ্যাটি কি সংখ্যা?

ক একটি স্বাভাবিক সংখ্যা
খ একটি পূর্ণ সংখ্যা
গ একটি মূলদ সংখ্যা
ঘ একটি অমূলদ সংখ্যা

Hints : *পূর্ণবর্গ নয় এমন যে কোনো স্বাভাবিক সংখ্যার বর্গমূল একটি অমূলদ সংখ্যা। সুতরাং $\sqrt{৩}$ একটি অমূলদ সংখ্যা।*

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন গুপ্ত সংকেত পরিদপ্তরের সাইফার অফিসার ২০০৪
উত্তর : ঘ

১০৭. $\sqrt{5}$ কি ধরনের সংখ্যা?

ক স্বাভাবিক সংখ্যা
খ পূর্ণ সংখ্যা
গ মূলদ সংখ্যা
ঘ অমূলদ সংখ্যা

Hints : *পূর্ণবর্গ নয় এমন যে কোনো স্বাভাবিক সংখ্যার বর্গমূল একটি অমূলদ সংখ্যা। $\therefore \sqrt{5}$ একটি অমূলদ সংখ্যা।*

আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুট্যান্ট ২০০৫
উত্তর : ঘ

১০৮. e কি ধরনের সংখ্যা?

ক স্বাভাবিক সংখ্যা
খ মৌলিক সংখ্যা
গ মূলদ সংখ্যা
ঘ অমূলদ সংখ্যা

Hints : $e = 2.718281828$ ..... *যা একটি অমূলদ সংখ্যা।*

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের মেডিক্যাল অফিসার ২০০৫
উত্তর : ঘ

১০৯. নিচের কোন সংখ্যাটি $\sqrt{2}$ এবং $\sqrt{3}$ এর মধ্যবর্তী মূলদ সংখ্যা?

ক 1.5
খ $\sqrt{2}, \sqrt{5}$
গ 1.8
ঘ $\sqrt{2}, \sqrt{3}$

Hints : $\sqrt{2} = 1.4142$

$\sqrt{3} = 1.7321$

$\sqrt{2} < 1.5 < \sqrt{3}$ / *সুতরাং মূলদ সংখ্যাটি* 1.5

তুলা উন্নয়ন কর্মকর্তা ১৯৯৭
উত্তর : ক

১১০. নিচের কোন সংখ্যাটি $\sqrt{2}$ এবং $\sqrt{3}$ এর মধ্যবর্তী মূলদ সংখ্যা?

ক $\frac{\sqrt{2}+\sqrt{3}}{2}$
খ $\frac{\sqrt{2}.\sqrt{3}}{2}$
গ 1.5
ঘ 1.8

Hints : $\sqrt{2} = 1.4142$ ... $\sqrt{3} = 1.7321$ .....

$\therefore \sqrt{2}$ ও $\sqrt{3}$ *এর মধ্যবর্তী মূলদ সংখ্যাটি* 1.5

১২তম বিসিএস
উত্তর : গ

১১১. যদি p একটি মৌলিক সংখ্যা হয় তবে $\sqrt{p}$ —

ক একটি স্বাভাবিক সংখ্যা
খ একটি পূর্ণ সংখ্যা
গ একটি মূলদ সংখ্যা
ঘ একটি অমূলদ সংখ্যা

Hints : *p একটি মৌলিক সংখ্যা। সুতরাং p সংখ্যাটি স্বাভাবিক, পূর্ণ ও মূলদ সংখ্যা। পূর্ণবর্গ নয় এমন স্বাভাবিক সংখ্যার বর্গমূল অমূলদ সংখ্যা। সুতরাং $\sqrt{p}$ একটি অমূলদ সংখ্যা।*

২৬তম বিসিএস; সমাজসেবা অফিসার ২০০৬
উত্তর : ঘ

১১২. Which of the following integers has the most divisors?

ক 88
খ 91
গ 95
ঘ 99

Hints : *$88 = 2 \times 2 \times 2 \times 11$; So divisors are 2, 4, 8, 11, 22, 44, 88.*

$91 = 7 \times 13$; So divisors are 7, 13, 91.

$95 = 5 \times 19$; So divisors are 5, 19, 95.

$99 = 3 \times 3 \times 11$; So divisors are 3, 9, 11, 33, 99.

So, 88 has the most divisors.

২৯তম বিসিএস
উত্তর : ক

১১৩. পরপর তিনটি সংখ্যার গুণফল ১২০ হলে তাদের যোগফল হবে–

ক ৯ খ ১২ গ ১৪ ঘ ১৫

২৯তম বিসিএস; ৩২তম বিসিএস; প্রাথমিক সহকারী শিক্ষক ২০১০ (তিতাস)
উত্তর : ঘ

Hints : এখানে সংখ্যা তিনটি হতে পারে যথাক্রমে ১, ২, ৩; ২, ৩, ৪; ৩, ৪, ৫; ৪, ৫, ৬; ৫, ৬, ৭; ..... । এখানে দেখা যায় সংখ্যা তিনটি ৪, ৫, ৬ হলেই গুণফল ১২০ হয়। এগুলোর যোগফল = ৪ + ৫ + ৬ = ১৫

১১৪. তিনটি ক্রমিক সংখ্যার গুণফল ৬০ হলে সংখ্যা তিনটির যোগফল হবে—

ক ১২ খ ১৫
গ ১৬ ঘ ২০

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১০ (সুরমা)
উত্তর : ক

Hints : ৬০ এর গুণনীয়ক ১, ২, ৩, ৪, ৫, ৬, ১০, ১২, ১৫, ২০, ৩০, ৬০
এখানে ৩ × ৪ × ৫ = ৬০
∴ ৩ + ৪ + ৫ = ১২

১১৫. তিনটি ক্রমিক সংখ্যার গুণফল ২১০ হলে, সংখ্যা তিনটির যোগফল হবে–

ক ১২ খ ১৪
গ ১৬ ঘ ১৮

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১০ (তিস্তা)
উত্তর : ঘ

Hints : ২১০ এর গুণনীয়ক ১, ২, ৩, ৫, ৬, ৭, ১০, ১৪, ১৫ ইত্যাদি।
৫ × ৬ × ৭ = ২১০
∴ ৫ + ৬ + ৭ = ১৮

১১৬. $\sqrt[3]{5}$ সংখ্যাটি একটি—

ক মৌলিক সংখ্যা খ মূলদ সংখ্যা
গ অমূলদ সংখ্যা ঘ কোনোটিই নয়

গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল) ২০১১
উত্তর : গ

Hints : মৌলিক সংখ্যা : যেসব সংখ্যা ১ এবং সেই সংখ্যা ছাড়া অন্য কোনো সংখ্যা দ্বারা নিঃশেষে বিভাজ্য নয়, সেসব সংখ্যাকে মৌলিক সংখ্যা বলে। মৌলিক সংখ্যার কোনো প্রকৃত উৎপাদক নেই। যেমন– ২, ৩, ৫, ৭, ১১, ১৩ ইত্যাদি।

মূলদ সংখ্যা : শূন্য, স্বাভাবিক সংখ্যা, প্রকৃত ও অপ্রকৃত ভগ্নাংশ সবই মূলদ সংখ্যা। অর্থাৎ যে সকল সংখ্যাকে দুটি পূর্ণসংখ্যার ভাগফলরূপে প্রকাশ করা যায়, তাদেরকে মূলদ সংখ্যা বলে। যেমন– ১.৫, ৯, ২.৭, ৬, ১০ ইত্যাদি।

অমূলদ সংখ্যা : পূর্ণবর্গ নয়, এমন যে কোনো স্বাভাবিক সংখ্যার বর্গমূল এবং ঘনমূল অমূলদ সংখ্যা। অর্থাৎ যে সকল সংখ্যাকে দুটি পূর্ণসংখ্যার ভাগফল তথা $\frac{p}{q}$ আকারে প্রকাশ করা যায় না তাদেরকে অমূলদ সংখ্যা বলে। যেমন– $\sqrt{3}$, $\sqrt{7}$, $\sqrt[3]{5}$ ইত্যাদি। সুতরাং সংজ্ঞানুসারে অপশন (গ)-ই সঠিক উত্তর।

১১৭. Sum of the two numbers is 21 and their differenceis 7. What is the half of the greater number?

ক 7 খ 6 গ 9
ঘ 12 ঙ None of them

Pubali Bank Ltd. Senior Officer/Officer 2011
উত্তর : ক

Hints : *Let, greater number x*
lower number y
$x + y = 21$
$x - y = 7$
$(+)\ 2x = 28$
$\Rightarrow x = 14$
$\therefore \frac{x}{2} = 7$

১১৮. কোন দুটি সংখ্যার যোগফল ১০ এবং গুণফল ২৪?

ক) – ৪, – ৬ খ) ৪, ৬ গ) – ৬, – ৪ ঘ) ১২, – ২

Hints : *এখানে, ৪ + ৬ = ১০ এবং ৪ × ৬ = ২৪*

অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী ২০১১; সহকারী থানা পরিবার পরিকল্পনা অফিসার ১৯৯৮
উত্তর : খ

১১৯. শূন্য অপেক্ষা বড় যে কোনো পূর্ণ সংখ্যাকে বলা হয়?

ক) মূলদ সংখ্যা খ) অমূলদ সংখ্যা গ) স্বাভাবিক সংখ্যা

Hints : *শূন্য অপেক্ষা বড় যে কোনো পূর্ণ সংখ্যাকে স্বাভাবিক সংখ্যা বলে। কোনো সংখ্যাকে দুটি পূর্ণসংখ্যার অনুপাতে প্রকাশ করা গেলে সেটি মূলদ সংখ্যা আর না গেলে সেটি অমূলদ সংখ্যা।*

স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে স্বাস্থ্য সহকারী ২০০৪
উত্তর : গ

১২০. কোন বিজোড় স্বাভাবিক সংখ্যার '---' কে ৪ দ্বারা ভাগ করলে প্রতিক্ষেত্রে ভাগশেষ ১ হবে?

ক) দ্বিগুণ খ) তিনগুণ গ) বর্গ ঘ) ঘন

Hints : *ধরি, বিজোড় সংখ্যা = ২n + ১*

$(২n + ১)^2 = ৪n^2 + ৪n + ১$

$৪n^2 + ৪n$, ৪ দ্বারা বিভাজ্য।

অর্থাৎ $৪n^2 + ৪n + ১$ কে ৪ দ্বারা ভাগ করলে প্রতি ক্ষেত্রে ১ অবশিষ্ট থাকবে।

মাধ্যমিক সহকারী শিক্ষক ২০০১
উত্তর : গ

১২১. *e* এবং π কি ধরনের সংখ্যা?

ক) স্বাভাবিক সংখ্যা খ) পূর্ণ সংখ্যা

গ) মূলদ সংখ্যা ঘ) অমূলদ সংখ্যা

Hints : *যে সংখ্যাকে দুটি পূর্ণসংখ্যার অনুপাতে প্রকাশ করা যায় না তাকে অমূলদ সংখ্যা বলে।*

e = 2.71828 ..... (অমূলদ সংখ্যা)

π = 3.14159 ..... (অমূলদ সংখ্যা)

কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে ইনস্ট্রাক্টর (নন টেক) ২০০৫
উত্তর : ঘ

১২২. যদি n এবং p দুটি অযুগ্ম সংখ্যা হয়, তবে নিম্নের কোনটি অবশ্যই যুগ্ম সংখ্যা হবে?

ক) n+p খ) np গ) np+2 ঘ) n+p+1

Hints : *বিজোড় + বিজোড় = জোড়*

বিজোড় × বিজোড় = বিজোড়

বিজোড় + জোড় = বিজোড়

বিজোড় × জোড় = জোড়

বিজোড় + বিজোড় + 1 (বিজোড়) = বিজোড়

∴ সঠিক উত্তর (ক)।

উপজেলা/থানা শিক্ষা অফিসার ১৯৯৯
উত্তর : ক

১২৩. If the average of two numbers is M, and the larger number is L, what is the other number?

ক) M – L খ) L – M গ) 2M – L ঘ) L – 2M

ঙ) None of these

Hints : *Total of 2 numbers = 2M*

Other number = 2M – L

Exim Bank Ltd. Assistant Officer 2010
উত্তর : গ

১২৪. a, b, c and d are numbers of different values that

$a + b = d$

$a \times b \times c = 0$

Which one of these numbers is zero?

ক a খ b গ c ঘ d

Hints : *Let, $a = 1, b = 2$.*

$\therefore d = a + b = 1 + 2 = 3$

According to question, every number will be of different value and $abc = 0$, that is possible if only c is zero.

Bangladesh Tariff Commission (BTC) Research Officer 2010
উত্তর : গ

১২৫. Which of the following is divisible (with no remainder) by 4?

ক 214133 খ 510056 গ 322569

ঘ 952217 ঙ 214395

Hints : *If the last two digits of a number is divisible by 4, then the number is divisible by 4. $56 \div 4 = 14$. So, 510056 is divisible by 4.*

Bangladesh Tariff Commission (BTC) Research Officer 2010
উত্তর : খ

১২৬. If $P/Q < 1$, and P and Q are positive integers, which of the following must be greater than 1?

ক $\sqrt{P/Q}$ খ Q/P^2 গ $P/2Q$

ঘ P/Q^2 ঙ Q/P

Hints : $\frac{P}{Q} < 1 \quad \therefore P < Q$

Bangladesh Bank Asst. Director 2010
উত্তর : ঙ

১২৭. How many squares are there in a chess board if each player has got 16 pawns to play with?

ক 64 খ 128 গ 204

ঘ 256 ঙ 552

Hints : *Normally a chess board has 8 pawns and its squares are 8^2 or 64*

$\therefore$ If pawns are 16, the square become $= 16^2 = 256$

Bangladesh Bank Asst. Director 2011
উত্তর : ঘ

১২৮. একটি সংখ্যার তিনগুণের সাথে দ্বিগুণ যোগ করলে ৯০ হয়। সংখ্যাটি কত?

ক ১৬ খ ১৮ গ ২০ ঘ ২৪

Hints : *মনে করি, সংখ্যাটি 'ক'*

$\therefore$ ৩ক + ২ক = ৯০

বা, ৫ক = ৯০

$\therefore$ ক = ১৮

১৮তম বিসিএস; সহকারী জজ ২০১১; প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২
উত্তর : খ

১২৯. x এবং y উভয়ই বিজোড় সংখ্যা হলে কোনটি জোড় সংখ্যা হবে?

ক $x + y + 1$ খ xy গ $xy + 2$ ঘ $x + y$

Hints : *ধরি, x এবং y প্রত্যেকের মান 1*

তাহলে প্রদত্ত মানটি দাঁড়ায়

$x + y + 1 = 1 + 1 + 1 = 3$ (বিজোড়)।

$xy = 1 \times 1 = 1$ (বিজোড়)

$xy + 2 = 1 \times 1 + 2 = 3$ (বিজোড়)

$x + y = 1 + 1 = 2$ (জোড়)

৩২তম বিসিএস (বিশেষ)
উত্তর : ঘ

১৩০. প্রথম ও দ্বিতীয় সংখ্যার গুণফল ৪২ এবং দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার গুণফল ৪৯। দ্বিতীয় সংখ্যাটি কত?

ক ৫ খ ৬ গ ৭ ঘ ৮

Hints : ১ম ও ২য় সংখ্যার গুণফল ৪২ এবং ২য় ও ৩য় সংখ্যার গুণফল ৪৯

∴ ২য় সংখ্যাটি ৪২ ও ৪৯ উভয় সংখ্যার গুণনীয়ক

৪২ এর গুণনীয়ক = ১, ২, ৩, ৬, ৭, ১৪, ২১, ৪২

৪৯ " " = ১, ৭, ৪৯

∴ সুতরাং সংখ্যাটি ৭

প্রাথমিক সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান) ২০১০ (হেমন্ত)
উত্তর : গ

১৩১. কোন সংখ্যার ৮ গুণ থেকে ২ গুণ বিয়োগ করলে ৭২ হয়?

ক ১২ খ ১৬ গ ২৭

Hints : ধরি, সংখ্যাটি 'ক'

∴ ৮ক − ২ক = ৭২

⇒ ৬ক = ৭২

∴ ক = ১২

পরিবার পরিকল্পনা হিসাব রক্ষক/গুদাম রক্ষক/কোষাধ্যক্ষ ২০১১
উত্তর : ক

১৩২. তিনটি পরস্পর মৌলিক সংখ্যার প্রথম দুইটি সংখ্যার গুণফল ৯১, শেষ দুইটির গুণফল ১৪৩ হলে, সংখ্যা তিনটি কত?

ক ৭, ১৩, ১১ খ ৭, ১১, ১৩ গ ১১, ৭, ১৩ ঘ ১১, ১৩, ৭

Hints : ৭ × ১৩ = ৯১; ১৩ × ১১ = ১৪৩

১ম অপশন মিলে যাওয়ায় বাকিগুলো করার দরকার নেই।

সড়ক ও জনপথ অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী ২০১০
উত্তর : ক

১৩৩. একটি সংখ্যার এক-চতুর্থাংশ হতে ৪ বিয়োগ করলে ২০ হয়। সংখ্যাটি কত?

ক ৪৮ খ ২৪ গ ৩৬ ঘ ৯৬

Hints : ধরি, সংখ্যাটি ক

প্রশ্নমতে, $\frac{ক}{৪} - ৪ = ২০$

বা, $\frac{ক - ১৬}{৪} = ২০$

বা, ক − ১৬ = ৮০

বা, ক = ৮০ + ১৬

∴ ক = ৯৬

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী প্রধান পরিদর্শক (সাধারণ) ২০০৯
উত্তর : ঘ

১৩৪. কোনো সংখ্যার একক, দশক ও শতক স্থানীয় অংক x, y, z হলে সংখ্যাটির রূপ হবে—

ক $100x + 10y + z$ খ $100z + 10y + x$ গ $100xyz$ ঘ $100z + 10x + y$

Hints : আমরা জানি,

একক স্থানীয় মান = $1 \times x = x$

দশক স্থানীয় মান = $10 \times y = 10y$

শতক স্থানীয় মান = $100 \times z = 100z$

∴ সংখ্যাটির রূপ হবে, $100z + 10y + x$

সুতরাং সঠিক উত্তর (খ)।

ষষ্ঠ প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন ২০১০; শ্রম মন্ত্রণালয়ের অধীন সহকারী ২০০৫; নির্বাচন কমিশন সচিবালয়ের জেলা নির্বাচন অফিসার ও সহকারী সচিব ২০০৪ (অনুরূপ)
উত্তর : খ

১৩৫. দুইটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর ৯৩। সংখ্যাদ্বয় কত?

ক ৪৪ ও ৪৫ গ ৪৫ ও ৪৬ গ ৪৩ ও ৪৬ ঘ ৪৬ ও ৪৭

Hints : ছোট সংখ্যা $= \frac{\text{বর্গের অন্তর} - ১}{২}$

বা, $x = \frac{৯৩ - ১}{২} = ৪৬$

$\therefore x = ৪৬$

$\therefore$ বড় সংখ্যা $= ৪৬ + ১ = ৪৭$

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন এডমিনিস্ট্রেশন অফিসার ও পার্সোনাল অফিসার ২০০৬
উত্তর : ঘ

১৩৬. প্রথম ও দ্বিতীয় সংখ্যার গুণফল ৩৫ এবং দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার গুণফল ৬৩। দ্বিতীয় সংখ্যাটি কত?

ক ৫ খ ৬ গ ৭ ঘ ৮

Hints : ১ম সংখ্যা × ২য় সংখ্যা = ৩৫

২য় সংখ্যা × ৩য় সংখ্যা = ৬৩

অর্থাৎ ২য় সংখ্যা দ্বারা ৩৫ ও ৬৩ উভয়কেই ভাগ করা যাবে। উপরোক্ত অপশনগুলোর মধ্যে শুধু ৭ দ্বারাই ৩৫ ও ৬৩ বিভাজ্য।

$\therefore$ সঠিক উত্তর ৭।

পরিকল্পনা মন্ত্রণালয় ডাটা প্রসেসিং অপারেটর ২০০২
উত্তর : গ

১৩৭. A certain integer n is a multiple of both 5 and 9. Which of the following must be true?

I. n is an odd integer II. n is equal to 45

III. n is a multiple of 15

ক I only খ I and II only গ I and III only

ঘ III only ঙ None of these

Hints :

L.C.M. of 5 and 9 is 45; which is a multiple of 15. So option III must be true.

$45 \times 2 = 90$ which is also multiple of 5 and 9.

So option I and II are not true.

Basic Bank Assistant Manager 2012
উত্তর : ঘ

১৩৮. The sum of two numbers is twice the difference between them. If the smaller number is 20, find the bigger number.

ক 5 খ 40 গ 60 ঘ 80

Hints : *Let, the large number is x*

$\therefore x + 20 = 2(x - 20)$

$\Rightarrow x = 60$

Bangladesh Krishi Bank Officer, 2011
উত্তর : গ

১৩৯. The average of 10 numbers is 7. What will be the new average if each of the numbers is multiplied by 8?

ক 45 খ 52 গ 56 ঘ 55

Hints : *As the average of 10 numbers is 7 and each of the numbers is multiplied by 8, the new average $= 7 \times 8 = 56$.*

Bangladesh Krishi Bank Officer (Cash) 2011
উত্তর : গ

১৪০. পরপর দশটি সংখ্যার প্রথম ৫টির যোগফল ৫৬০ হলে শেষ ৫টির যোগফল কত?

ক ৫৮৫ খ ৫৮০ গ ৫৭৫ ঘ ৫৭০

Hints : মনে করি, প্রথম সংখ্যা ক

$\therefore$ ক + ক + ১ + ক + ২ + ক + ৩ + ক + ৪ = ৫৬০

বা, ৫ক = ৫৬০ − ১০

বা, ক = ১১০

$\therefore$ শেষ ৫টির যোগফল = ক + ৫ + ক + ৬ + ক + ৭ + ক + ৮ + ক + ৯

= ৫ক + ৩৫ = ৫ × ১১০ + ৩৫ = ৫৫০ + ৩৫ = ৫৮৫

১৪১. দুটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর ১৯৯ হলে বড় সংখ্যাটি কত?

(ক) ৭০ (খ) ৮০ (গ) ৯০ (ঘ) ১০০

Hints : বড় সংখ্যা $= \frac{\text{বর্গের অন্তর} + ১}{২}$

$= \frac{১৯৯ + ১}{২} = ১০০$

উল্লেখ্য, ছোট সংখ্যা $= \frac{\text{বর্গের অন্তর} - ১}{২}$

১৪২. কোন দুটি ক্রমিক পূর্ণ সংখ্যার বর্গের অন্তর ৪৭ হয়?

(ক) ২৩ এবং ২৪ (খ) ২৪ এবং ২৫ (গ) ২২ এবং ২৩ (ঘ) ২১ এবং ২২

Hints : ছোট সংখ্যা $= \frac{\text{বর্গের অন্তর} - ১}{২}$

$= \frac{৪৭ - ১}{২} = ২৩$

$\therefore$ বড় সংখ্যা = ২৩ + ১ = ২৪

$\therefore$ সংখ্যাদ্বয় ২৩ ও ২৪

১৪৩. পাঁচটি পূর্ণসংখ্যার গুণফল যদি বিজোড় সংখ্যা হয় তা হলে উক্ত পাঁচটি পূর্ণসংখ্যার ঠিক কয়টি বিজোড় হবে?

(ক) ২ (খ) ৩ (গ) ৪ (ঘ) ৫

Hints : বিজোড় × বিজোড় = বিজোড়

বিজোড় × জোড় = জোড়

অর্থাৎ পাঁচটি পূর্ণসংখ্যার গুণফল বিজোড় হলে সংখ্যা পাঁচটিকে অবশ্যই বিজোড় হতে হবে।

১৪৪. The difference of two positive numbers is 16. If the smaller of the two numbers is 3/5 of the larger. What is the value of the smaller number?

(ক) 18 (খ) 24 (গ) 30 (ঘ) 33

Hints : Let, larger number x

$\therefore x - \frac{3}{5}x = 16$

$\Rightarrow \frac{2x}{5} = 16$

$\therefore x = 40$

$\therefore$ Smaller number $= \frac{3x}{5} = \frac{3 \times 40}{5} = 24$

১৪৫. ৯ দিয়ে বিভাজ্য ৩ অঙ্কবিশিষ্ট একটি সংখ্যার প্রথম অঙ্ক ৩। তৃতীয় অঙ্ক ৮ হলে মধ্যম অঙ্কটি কত?

(ক) ৬ (খ) ৭ (গ) ৮ (ঘ) ৯

Hints : ৯ দিয়ে কোনো সংখ্যা বিভাজ্য হতে হলে সংখ্যাটির অঙ্কগুলোর যোগফল ৯ দ্বারা বিভাজ্য হতে হবে। ১ম অঙ্ক ৩ এবং ৩য় অঙ্ক ৮। এদের যোগফল ১১। এখন মধ্যম অঙ্ক ৭ হলে যোগফল হবে ১৮, যা ৯ দ্বারা বিভাজ্য।

১৮তম বিসিএস; মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন অডিটর ২০১১
উত্তর : ক

২২তম বিসিএস; ৭ম প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন ২০১১
উত্তর : ঘ

শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা ২০০৯
উত্তর : ক

শ্রম পরিদপ্তরের প্রভাষক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন ২০০৫
উত্তর : ঘ

ইসলামী ব্যাংক বাংলাদেশ লি. সহকারী অফিসার (গ্রেড-৩) ২০১২
উত্তর : খ

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরের সহকারী পরিদর্শক (প্রকৌশল) ২০০৫; শ্রম মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক ২০০৫
উত্তর : খ

১৪৬. If n is any integer, which of the following is always an odd integer?

ক N -1 খ N + 1 গ 2n + 1
ঘ 2n + 2 ঙ None of them

Hints : *If, n is an integer then 2n is always even integer.*
$\therefore (2n+1)$ *is always an odd number.*

Pubali Bank Ltd. Senior Officer/Officer 2011
উত্তর : গ

১৪৭. If n is an even positive integer and k + 2 = 3n, which of the following could be a value of k?

ক 1 খ 4 গ 7
ঘ 25 ঙ None of them

Hints : $k+2=3n$
when, $n=2, k=4$
$n=4, k=10$
$n=6, k=16$
$n=8, k=22$
$n=10, k=28$

Pubali Bank Ltd. Junior Officer (Cash) 2011
উত্তর : খ

১৪৮. If x is negative, all BUT which of the following must also be negative?

ক x^3 খ $1/x^3$ গ $1/x$
ঘ $1/x^2$ ঙ None of these

Hints : *Let,* $x=-1$
$\therefore x^3=-1$
$\frac{1}{x^3}=\frac{1}{-1}=-1$
$\frac{1}{x}=\frac{1}{-1}=-1$
$\frac{1}{x^2}=\frac{1}{(-1)^2}=1$

Dhaka Bank Ltd. MTO 2011
উত্তর : ঘ

১৪৯. দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যার এককের অঙ্ক দশকের অঙ্ক অপেক্ষা ৩ বেশি। সংখ্যাটি এর অঙ্কদ্বয়ের সমষ্টির তিনগুণ অপেক্ষা ৪ বেশি। সংখ্যাটি কত?

ক ৪৭ খ ৩৬ গ ২৫ ঘ ১৪

Hints : *ধরি, দশকের অঙ্ক ক*
$\therefore$ *এককের অঙ্ক* $=$ (ক + ৩)
$\therefore$ *সংখ্যাটি* $=$ ১০ক + ক + ৩ $=$ ১১ক + ৩
$\therefore$ ১১ক + ৩ $=$ (ক + ক + ৩) × ৩ + ৪
$\Rightarrow$ ৫ক $=$ ১০ $\therefore$ ক $=$ ২
$\therefore$ *সংখ্যাটি* ১১ × ২ + ৩ $=$ ২৫

১৪তম বিসিএস
উত্তর : গ

১৫০. A number is multiplied by 4 and then the product is divided by 100. This same result can be obtained if the original number is divided by—

ক 0.04 খ 0.25 গ 0.40
ঘ 2.5 ঙ 25

Hints : $\frac{x\times 4}{100}=\frac{x}{25}$

Agrani Bank Limited Officer 2010
উত্তর : ঙ

১৫১. The sum of 3 consecutive odd numbers is 57. The middle one is

(ক) 19 (খ) 21 (গ) 23 (ঘ) 17 (ঙ) 15

Bangladesh Bank Asst. Director 2010
উত্তর : ক

Hints : *Let, 3 consecutive odd numbers are $x, x+2, x+4$*

The middle number $= x+2$

$\therefore x+x+2+x+4=57$

$\Rightarrow 3x=51 \Rightarrow x=17$

$\therefore$ *The middle number* $=17+2=19$

১৫২. If the sum of five consecutive even integers is 's', then in terms of 's', what is the greatest of these integers?

(ক) $(s-20)/5$ (খ) $(s-10)/5$ (গ) $(s+20)/5$

(ঘ) $(s+10)/5$ (ঙ) None of these

Dutch-Bangla Bank Ltd. Trainee Officer 2010
উত্তর : গ

Hints : *Let, the integers are* $x, x+2, x+4, x+6, x+8$

$\therefore x+x+2+x+4+x+6+x+8=S$

$\Rightarrow 5x+20=S \Rightarrow 5x=S-20 \Rightarrow x=\frac{S-20}{5}$

Greatest integer $= x+8 = \frac{S-20}{5}+8$

$= \frac{S-20+40}{5} = \frac{S+20}{5}$

১৫৩. If p and q are integers and $(pq-p)$ is odd, then which of the following must be even?

(ক) $p+q$ (খ) $p-q$ (গ) $pq+q$ (ঘ) p

(ঙ) none of these

AB Bank Ltd. Management Trainee 2011
উত্তর : গ

Hints : *$pq-p$ is odd*

$\therefore$ *p is odd and q is even*

$\therefore$ *$pq+q$ must be even*

১৫৪. If n and p are both odd numbers, which of following numbers must be an even number?

(ক) np (খ) $n+p$ (গ) $np+2$

(ঘ) $n+p+1$ (ঙ) $2n+p$

NCC Bank Ltd Management Trainee Officer 2012
উত্তর : খ

Hints : *Odd × Odd = Odd*

Odd + Odd = Even

Odd + Even = Odd

Odd + Odd + 1(Odd) = Odd

2 (Even) × Odd + Odd = Odd

So correct Ans. is (b)

১৫৫. If *p* is an even integer and *q* is an odd integer, which of the following must be an odd integer?

(ক) p/q (খ) $2p+q$ (গ) pq

(ঘ) $2(p+q)$ (ঙ) $3p/q$

Bangladesh Bank Asst. Director 2010
উত্তর : খ

Hints : Let $p=2$, $q=3$

$\frac{p}{q}=\frac{2}{3}$ $2p+q=7$

$pq=2\times3=6$ $2(p+q)=10$

$\frac{3p}{q}=2$

১৫৬. একটি কাঠের টুকরোর দৈর্ঘ্য আরেকটি টুকরোর দৈর্ঘ্যের ৩ গুণ। টুকরো দুটো সংযুক্ত করা হলে সংযুক্ত টুকরোটির দৈর্ঘ্য ছোট টুকরোর চেয়ে কতগুণ বড় হবে?

১৭তম বিসিএস
উত্তর : খ

ক ৩ গুণ খ ৪ গুণ গ ৫ গুণ ঘ ৮ গুণ

Hints : ধরি, ছোট টুকরার দৈর্ঘ্য ক ফুট

∴ বড় " "৩ক "

∴ সংযুক্ত টুকরার দৈর্ঘ্য = (৩ক + ক) ফুট = ৪ক ফুট

= ৪ × ছোট টুকরার দৈর্ঘ্য

∴ ৪ গুণ বড় হবে।

১৫৭. দু'টি স্বাভাবিক সংখ্যার পার্থক্য 2 এবং গুণফল 24 হলে ক্ষুদ্রতর সংখ্যাটি কত?

ষষ্ঠ প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন ২০১০
উত্তর : খ

ক 2 খ 4 গ 6 ঘ 8

Hints : ধরি, ক্ষুদ্রতর সংখ্যাটি x

∴ " " $(x+2)$

$\therefore x(x+2)=24$

$\Rightarrow x^2+2x-24=0$

$\Rightarrow x^2+6x-4x-24=0$

$\Rightarrow x(x+6)-4(x+6)=0$

$\Rightarrow (x-4)(x+6)=0$

$\therefore x=4$ এবং $x=-6$ [এটি গ্রহণযোগ্য নয়]

১৫৮. The sum of 6 consecutive odd integers exceeds twice the biggest integer by 38. Find sum of the six numbers?

Pubali Bank Ltd. Senior Officer/Officer 2011
উত্তর : খ

ক 42 খ 72 গ 50
ঘ 60 ঙ None of them

Hints : Let, 6 consecutive odd integer are, $2n-5, 2n-3, 2n-1, 2n+1, 2n+3, 2n+5$

$\therefore (2n-5)+(2n-3)+(2n-1)+(2n+1)+(2n+3)+(2n+5) = 2\times(2n+5)+38$

$\Rightarrow 12n = 4n+10+38$

$\Rightarrow 8n = 48$

$\Rightarrow n = 6$

$\therefore$ Sum of six numbers $= 12\times 6 = 72$

১৫৯. If 4 is subtracted from one-fourth of a number, the result is 20. The number is

Pubali Bank Ltd. Senior Officer/Officer 2011
উত্তর : ঘ

ক 84 খ 92 গ 110
ঘ 96 ঙ None of them

Hints : Let, the number x

$\frac{x}{4}-4=20$

$\therefore x=96$

১৬০. One third the sum of 13 and a certain number is the same as one more than twice the number. Find out the number.

Pubali Bank Ltd. Senior Officer/Officer 2011
উত্তর : খ

ক 6 খ 2 গ 5 ঘ 3
ঙ None of them

Hints : Let, the number x

$\frac{1}{3}(13+x)=2x+1$

$\Rightarrow 13 + x = 6x + 3$

$\Rightarrow 5x = 10$

$\therefore x = 2$

১৬১. A train leaving Dhaka at 6 am reaches Mymensing at 10 am and another train leaving Mymensing at 7 am reaches Dhaka at 12 noon. At what time the two trains running in opposite direction should meet?

Bangladesh Krishi Bank Officer, 2011
উত্তর : খ

ক 7.40 am খ 8.40 am গ 9.20 am
ঘ 9.40 am ঙ 10 am

Hints : *Let, distance between Dhaka and Mymensing x mile*

$\therefore$ *Speed of first train* $= \frac{x}{4}$ *miles/hr*

Speed of second train $= \frac{x}{5}$ *miles/hr*

Let after t hrs first train leaving, two train will meet.

$\therefore t \times \frac{x}{4} + (t-1)\frac{x}{5} = x$

$\Rightarrow 5t + 4(t-1) = 20$

$\Rightarrow 9t = 20 + 4$

$\Rightarrow 9t = 24$

$\Rightarrow t = 2\frac{2}{3}$ *hrs*

$= 2$ *hrs 40 min*

$\therefore$ *At (6am + 2hr 40 min) or 8.40 am two train will meet.*

১৬২. 'ক' ও 'খ' দুটি সংখ্যা। 'ক' এর $\frac{১}{২}$ এবং 'খ' এর $\frac{১}{৩}$ যোগ করলে ৪৫ হয়। 'খ' এর $\frac{১}{২}$ এবং ক এর $\frac{২}{৫}$ যোগ করলে ৫০ হয়। 'ক' ও 'খ' এর মান কত?

১৮তম বিসিএস
উত্তর : ক

ক ক = ৫০, খ = ৬০ খ ক = ৬০, খ = ৫০
গ ক = ৪০, খ = ৪৮ ঘ ক = ৬০, খ = ৪৮

Hints : $\frac{ক}{২} + \frac{খ}{৩} = ৪৫$ .....(i)

$\frac{২ক}{৫} + \frac{খ}{২} = ৫০$ .....(ii)

(i) নং সমীকরণকে ৩০ এবং (ii) নং সমীকরণকে ২০ দ্বারা গুণ করে পাই,

১৫ক + ১০খ = ১৩৫০ .....(iii)

৮ক + ১০খ = ১০০০ .....(iv)

$\therefore$ (iii) − (iv)

১৫ক + ১০খ − ৮ক − ১০খ = ১৩৫০ − ১০০০

বা, ৭ক = ৩৫০

বা, ক = ৫০

ক এর মান (i) নং সমীকরণে বসিয়ে পাই,

$\frac{৫০}{২} + \frac{খ}{৩} = ৪৫$

বা, খ = ৬০

$\therefore$ উত্তর ক = ৫০, খ = ৬০

অধ্যায় ২

বর্গমূল

SQUARE ROOT

বর্গমূল (Square Root) :

কোনো সংখ্যাকে ঐ সংখ্যা দ্বারা গুণ করলে যে গুণফল পাওয়া যায় তাকে ঐ সংখ্যার বর্গ বলে এবং ঐ সংখ্যাটিকে গুণফলটির বর্গমূল বলা হয়। যেমন : ৩ × ৩ = ৯; এখানে ৩ এর বর্গ হলো ৯ এবং ৯ এর বর্গমূল হলো ৩।

পূর্ণবর্গ (Perfect Square) :

যে সংখ্যার বর্গমূল কোনো পূর্ণসংখ্যা বা ভগ্নাংশের সমান তাকে পূর্ণবর্গ বলা হয়। যেমন– ৪, ১৬, ৮১, $\frac{১}{১৬}$, $\frac{১৬}{২৫}$, ০.০৯ ইত্যাদি।

করণী (Surd) :

যে সংখ্যাকে বর্গমূল করলে পূর্ণসংখ্যা পাওয়া যায় না ঐ সংখ্যার বর্গমূলকে করণী বা অমেয় (অপরিমিত) সংখ্যা বলে। যেমন— $\sqrt{২}, \sqrt{১০}, \sqrt{১২}$ ইত্যাদি। অর্থাৎ এগুলোর বর্গমূল করা হলে বর্গমূলে দশমিক আসে।

বর্গমূল নির্ণয় :

বর্গমূল দুভাবে নির্ণয় করা যায়। যথা– ১. ভাগ প্রক্রিয়ায় এবং ২. উৎপাদক প্রক্রিয়ায়।

১. ভাগ প্রক্রিয়া

যেমন– ১৪৪-এর বর্গমূল নির্ণয় :

```
      ১৪৪ | ১২
      ১
২২ | ৪৪
     ৪৪
      ০
```

নিয়ম (Rule) :

i. মূল সংখ্যার অঙ্কের সংখ্যা বিজোড় হলে প্রথমে একটি অঙ্কের সর্বোচ্চ বর্গমূল লিখতে হবে।

ii. নিচে বাম পাশে বর্গমূলের দ্বিগুণ নিতে হবে।

iii. বিয়োগ করার পর দুটি করে অঙ্ক নিচে নামাতে হবে।

iv. বর্গমূলে ও নিচে বামে একই অঙ্ক নিতে হবে।

v. বর্গমূলের সর্বডানের অঙ্ক দ্বারা নিচের বাম পাশের সংখ্যাটিকে গুণ করতে হবে।

২. উৎপাদক প্রক্রিয়া

```
২ | ১৪৪
  ২ | ৭২
    ২ | ৩৬
      ২ | ১৮
        ৩ | ৯
          ৩ | ৩
              ১
```

১৪৪ = ২ × ২ × ২ × ২ × ৩ × ৩

এখন, উৎপাদকগুলোর একজাতীয় প্রতি ২টি হতে ১টি করে নিয়ে গুণ করলে বর্গমূল পাওয়া যাবে।

∴ ১৪৪ এর বর্গমূল হলো : ২ × ২ × ৩ = ১২।

নিয়ম (Rule) :

i. প্রথমে প্রদত্ত সংখ্যাটিকে মৌলিক উৎপাদকে বিশ্লেষণ করতে হবে।

ii. প্রতিজোড়া একই উৎপাদকে বিশ্লেষণ করতে হবে।

iii. প্রতিজোড়া একজাতীয় উৎপাদকের পরিবর্তে একটি উৎপাদক নিয়ে লিখতে হবে।

iv. লিখিত উৎপাদকগুলোর ধারাবাহিক গুণফলই হবে নির্ণেয় বর্গমূল।

Question Bank as Self Test

১. The least number by which 1470 must be divided to get a number which is a perfect square, is :

ক 5 খ 6 গ 15 ঘ 30

পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিস্টেন্ট ম্যানেজার ২০১৪
উত্তর : ঘ

Hints :

$$\begin{array}{r|l} 2 & 1470 \\ 5 & 735 \\ 3 & 147 \\ 7 & 49 \\ & 7 \end{array}$$

$\therefore 1470 = 2 \times 5 \times 3 \times 7 \times 7$

So, the least number is $= 2 \times 5 \times 3 = 30$

২. $\sqrt{289}$ এর বর্গমূল হলো–

ক মূলদ খ অমূলদ গ স্বাভাবিক সংখ্যা ঘ পূর্ণ সংখ্যা

১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৪
উত্তর : ক

Hints : পূর্ণ বর্গ এমন যেকোন স্বাভাবিক সংখ্যার বর্গমূল হলো মূলদ সংখ্যা।

সুতরাং $\sqrt{289}$ -এর বর্গমূল হলো = 17; যা একটি মূলদ সংখ্যা।

৩. ০.১ এর বর্গমূল কত?

ক ০.১ খ ০.০১ গ ০.২৫ ঘ কোনোটিই নয়

২৪তম বিসিএস; শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা ২০০৯
উত্তর : ঘ

Hints : ০.১ এর বর্গমূল $\sqrt{০.১}$ = ০.৩১৬২।

৪. ০.০০০১ এর বর্গমূল কত?

ক ০.০১ খ ০.০০১ গ ০.১ ঘ কোনোটিই নয়

মাধ্যমিক সহকারী শিক্ষক ২০১১; নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা ও পার্সোনাল অফিসার ২০০৪; মাধ্যমিক সহকারী শিক্ষক ২০০০
উত্তর : ক

Hints :

$$\begin{array}{r|l} ০.\overline{০০০১} & ০.০১ \\ ১ & \\ \hline ০ & \end{array}$$

$\therefore$ নির্ণেয় বর্গমূল = ০.০১

৫. $(০.০০৩)^২$ = কত?

ক ০.০০০০০৯ খ ০.০০০০৯ গ ০.০০০৯ ঘ ০.০০৯

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২ (পর)
উত্তর : ক

Hints : $(০.০০৩)^২ = ০.০০৩ \times ০.০০৩ = ০.০০০০০৯$

৬. $(০.০০৪)^২$ = কত?

ক ০.০১৬ খ ০.০০০০১৬ গ ০.০০০১৬ ঘ ০.০০১৬

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২ (যমুনা)
উত্তর : খ

Hints : $(০.০০৪)^২ = ০.০০৪ \times ০.০০৪ = ০.০০০০১৬$

৭. $(০.০০৫)^২$ = কত?

ক ০.০২৫ খ ০.০০২৫ গ ০.০০০০২৫ ঘ ০.০০০০০২৫

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২ (মেঘনা)
উত্তর : গ

Hints : $(০.০০৫)^২ = ০.০০৫ \times ০.০০৫ = ০.০০০০২৫$

৮. নিম্নলিখিত চারটি সংখ্যার মধ্যে কোনটির ভাজক সংখ্যা বিজোড়?

ক ২০৪৮ খ ৫১২ গ ১০২৪ ঘ ৪৮

১৬তম বিসিএস
উত্তর : গ

Hints : $\sqrt{১০২৪}$ = ৩২

আমরা জানি,

যে সংখ্যার বর্গ করা যায়, তার ভাজক সংখ্যা বিজোড়।

৯. কোন সংখ্যার বর্গমূলের সাথে ১০ যোগ করলে যোগফল ৪-এর বর্গ হবে?

ক ১৬ খ ২৫ গ ৩৬ ঘ ৯

Hints : ৪ এর বর্গ = ৪ × ৪ = ১৬

১৬ − ১০ = ৬

৬ এর বর্গ = ৬ × ৬ = ৩৬

মাধ্যমিক সহকারী শিক্ষক ২০১১
উত্তর : গ

১০. ৬৫৫৮ এর সাথে কোন ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে যোগফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে?

ক ৩ খ ২ গ −৩ ঘ ০

Hints :

৬৫৫৮ | ৮১
৬৪
১৬১ | ১৫৮
১৬১
−৩ (বিয়োগ করে)

সুতরাং পূর্ণ বর্গ করতে হলে ৩ যোগ করতে হবে।

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন এডমিনিস্ট্রেশন অফিসার ও পার্সোনাল অফিসার ২০০৬
উত্তর : ক

১১. ২০৭৪০ জন সৈন্যকে বর্গাকারে সাজাতে গিয়ে ৪ জন অতিরিক্ত হয়। প্রতি সারিতে সৈন্য সংখ্যা —

ক ১৪২ খ ১৪৪ গ ১৩৬ ঘ ১৪০

Hints :

২০৭৪০ − ৪ = ২০৭৩৬

২০৭৩৬ | ১৪৪
১
২৪ | ১০৭
৯৬
২৮৪ | ১১৩৬
১১৩৬
০

∴ প্রতি সারিতে সৈন্য সংখ্যা = ১৪৪ জন।

সমাজসেবা অধিদপ্তরের ইনস্ট্রাক্টর ২০০৫; মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অধীন 'অধীক্ষক' ১৯৯৮
উত্তর : খ

১২. ৪৭০৮০ জন সৈন্য থেকে কমপক্ষে কত জন সৈন্য সরিয়ে নিলে সৈন্য দলকে বর্গাকারে সাজানো যাবে?

ক ১২৪ খ ২২৪ গ ৪২৪ ঘ ৫০৪

Hints :

৪৭০ ৮০ | ২১৬
৪
৪১ | ৭০
৪১
৪২৬ | ২৯৮০
২৫৫৬
৪২৪

∴ নির্ণেয় সৈন্য সংখ্যা = ৪২৪ জন।

প্রাথমিক সহকারী শিক্ষক ২০২০ চট্টগ্রাম ২০০২; প্রাথমিক সহকারী শিক্ষক ১৯৯৮; শ্রম অধিদপ্তরে শ্রম অফিসার ১৯৯৪; পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক ১৯৯৪
উত্তর : গ

১৩. একটি স্কুলে ছাত্রদের ড্রিল করার সময় ৮, ১০ এবং ১২ সারিতে সাজানো যায়। আবার বর্গাকারেও সাজানো যায়। ঐ স্কুলে কমপক্ষে কতজন ছাত্র আছে?

ক ৩৬০০ খ ২৪০০ গ ১২০০ ঘ ৩০০০

১২তম বিসিএস
উত্তর : ক

Hints :

২ | ৮, ১০, ১২
২ | ৪, ৫, ৬
  | ২, ৫, ৩

∴ ল.সা.গু. = ২ × ২ × ২ × ৫ × ৩ = ১২০

১২০ জন ছাত্রকে ৮, ১০, ১২ সারিতে সাজানো যায় কিন্তু বর্গাকারে সাজানো যায় না।

বর্গাকারে সাজানো যাবে = ১২০ × ২ × ৫ × ৩ জন ছাত্রকে

= ৩৬০০ জন ছাত্রকে।

১৪. $\sqrt{০.০০০৯}$ = কত?

ক ০.০৩ খ ০.৩ গ ০.০০৩ ঘ ০.০০০৩

Hints : ০.০০০৯ = ০.০৩ × ০.০৩

∴ $\sqrt{০.০০০৯}$ = ০.০৩

খাদ্য অধিদপ্তরের অধীনে খাদ্য পরিদর্শক ২০০০ উত্তর : ক

১৫. $\sqrt{০.০০০০০৬২৫}$ কত?

ক ০.০০২৫ খ ০.০০০২৫ গ ০.০০০০২৫ ঘ ০.০০৬২৫

Hints :

০.০০ ০০ ০৬ ২৫ | ০.০০২৫
০৪
৪৫ | ২২৫
২২৫
০

আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ ২০০০ উত্তর : ক

১৬. নিচের কোনটি $\sqrt{0.0026}$ এর সবচেয়ে কাছাকাছি?

ক 0.05 খ 0.06 গ 0.5 ঘ 0.16 ঙ 0.6

Hints : $\sqrt{0.0026} = 0.051$

বাংলাদেশ কৃষি ব্যাংক অফিসার ২০০৭ উত্তর : ক

১৭. কোন স্থানে যত লোক আছে তত পাঁচ পয়সা জমা করায় মোট ৩১.২৫ টাকা জমা হল। ঐ স্থানে কত লোক ছিল?

ক ২৫ খ ৫৫ গ ১২৫ ঘ কোনোটি নয়

Hints : ধরি, ঐ স্থানে x সংখ্যক লোক ছিল

শর্তমতে,

$০.০৫ \times x \times x = ৩১.২৫$

বা, $x^2 = \frac{৩১.২৫}{০.০৫} = \frac{৩১২৫}{৫} = ৬২৫$

$x = \sqrt{৬২৫} = ২৫$

সোনালী, জনতা, অগ্রণী, রূপালী ব্যাংক সিনিয়র অফিসার ১৯৯৮; দুর্নীতি দমন ব্যুরো অফিসার ১৯৮৪ উত্তর : ক

১৮. কোনো শ্রেণিতে যতজন শিক্ষার্থী প্রত্যেকে তত দশ পয়সা করে চাঁদা দেয়ায় নব্বই টাকা সংগ্রহ হলো। ঐ শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা-

ক ৯০ জন খ ৬০ জন গ ৩০ জন ঘ ১৫ জন

Hints : ধরি, শিক্ষার্থীর সংখ্যা = x

শর্তমতে, $x \times ১০ \times x = ৯০০০$

বা, $১০x^2 = ৯০০০$ [৯০ টাকা = ৯০০০ পয়সা]

বা, $x^2 = ৯০০০$

$\therefore x = ৩০$

সমাজসেবা অধিদপ্তরের সমাজকল্যাণ সংগঠক ২০০৫; সমাজসেবা অধিদপ্তরের উপসহকারী পরিচালক ২০০৫ উত্তর : গ

১৯. একটি শ্রেণিতে যতজন ছাত্র আছে প্রত্যেকে তত টাকা করে প্রদান করলে মোট ৬৫৬১ টাকা হয়। ছাত্র সংখ্যা কত?

ক ৯২ খ ৭৫ গ ৯১ ঘ ৮১

Hints : ধরি, ছাত্রসংখ্যা $= x$ জন
1 জন ছাত্র দেয় $= x$ টাকা
x জন ছাত্র দেয় $= (x \times x)$ টাকা
$= x^2$ টাকা
শর্তমতে, $x^2 =$ ৬৫৬১
$x =$ ৮১
শ্রেণিতে মোট ৮১ জন ছাত্র ছিল

বিকল্প পদ্ধতি :

```
      ৬৫ ৬১ | ৮১
      ৬৪    |
১৬১ | ১৬১
      ১৬১
      ---
        ০
```

কর্মসংস্থান ব্যাংক আসিসটেন্ট অফিসার ২০০১; নির্বাচন কমিশন সচিবালয়ে সহকারী পরিচালক ১৯৯৫
উত্তর : ঘ

২০. $(\sqrt{25}+\sqrt{25})^2 = ?$

ক 50 খ 20 গ 100 ঘ 125 ঙ 130

Hints : $\left(\sqrt{25}+\sqrt{25}\right)^2 = (5+5)^2 = 10^2 = 100$

Bangladesh Bank Asst. Director 2010]
উত্তর : গ

২১. $\sqrt{150}+\sqrt{150} = ?$

ক 45 খ 20 গ 25 ঘ 600 ঙ 300

Hints : Let, $\sqrt{150}+\sqrt{150} = x$
$\Rightarrow 150 + 150 + 2\sqrt{150}.\sqrt{150} = x^2$
$\Rightarrow 300 + 300 = x^2$
$\Rightarrow x^2 = 600$
$\therefore x = 24.49 \approx 25$

Bangladesh Bank Asst. Director 2011]
উত্তর : গ

২২. If $x\sqrt{0.09} = 3$, then $x = ?$

ক $\frac{3}{10}$ খ $\frac{1}{3}$ গ $\frac{1}{10}$ ঘ 10

Hints : $x\sqrt{0.09} = 3$
$\Rightarrow x = \frac{3}{\sqrt{0.09}}$
$\Rightarrow x^2 = \frac{9}{0.09} = \frac{9\times100}{09} = 100$
$\therefore x = 10$

One Bank Ltd. Probationary Officer 2010]
উত্তর : ঘ

২৩. একটি সংখ্যার তিনগুণের সাথে দ্বিগুণ যোগ করলে ৯০ হয়। সংখ্যাটি কত?

ক ২৪ খ ২০ গ ১৮ ঘ ১৬

Hints : ধরি, সংখ্যাটি ক
শর্তমতে, ৩ক + ২ক = ৯০
বা, ৫ক = ৯০
∴ ক = ১৮

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২ (পত্র)
উত্তর : গ

২৪. Which of the following is equal to $\sqrt{45}$?

ক 15 খ $5\sqrt{3}$ গ $9\sqrt{5}$ ঘ $3\sqrt{5}$ ঙ None of these

Hints : $\sqrt{45} = \sqrt{5\times9} = 3\sqrt{5}$

Dutch-Bangla Bank Ltd. Trainee Officer 2010
উত্তর : ঘ

অধ্যায় ৩

ভগ্নাংশ

FRACTION

ভগ্নাংশ (Fraction)

একটি বস্তুকে কয়েকটি সমান অংশে বিভক্ত করে তার কতগুলো অংশ নেয়া হলে তা প্রকাশ করার মাধ্যম হলো ভগ্নাংশ। যেমন– $\frac{৩}{৪}$ এবং একে পড়া হয় ৪ ভাগের ৩ ভাগ বা তিন চতুর্থাংশ।

ভগ্নাংশের ধর্ম (Characteristics of Fraction)

১. একটি ভগ্নাংশের লব ও হরকে শূন্য বাদে একই সংখ্যা দিয়ে গুণ বা ভাগ করলে ভগ্নাংশটির মানের কোনো পরিবর্তন হয় না।

২. কোনো ভগ্নাংশকে ১ দ্বারা গুণ বা ভাগ করলে ভগ্নাংশটির কোনো পরিবর্তন হয় না।

৩. কোনো ভগ্নাংশের হরকে লব এবং লবকে হর করলে যে ভগ্নাংশ হয়, তাকে প্রথমটির বিপরীত ভগ্নাংশ বলে।

৪. কোনো ভগ্নাংশের লব শূন্য হলে উক্ত ভগ্নাংশের মান শূন্য হয়। এরূপ ভগ্নাংশের কোনো বিপরীত ভগ্নাংশ নেই।

৫. কোনো ভগ্নাংশকে তার বিপরীত ভগ্নাংশ দিয়ে গুণ করলে গুণফল ১ হয়।

ভগ্নাংশের শ্রেণিবিভাগ (Classification of Fraction)

১. প্রকৃতি অনুসারে : প্রকৃতি অনুসারে ভগ্নাংশ ৩ প্রকার। যথা :

ক. প্রকৃত ভগ্নাংশ (Proper Fraction) : যে ভগ্নাংশের লব হর অপেক্ষা ছোট তাকে প্রকৃত ভগ্নাংশ বলে। যেমন– $\frac{৪}{৭}, \frac{৫}{৯}$ ইত্যাদি।

খ. অপ্রকৃত ভগ্নাংশ (Improper Fraction) : যে ভগ্নাংশের লব হর অপেক্ষা বড় তাকে অপ্রকৃত ভগ্নাংশ বলে। যেমন– $\frac{৮}{৩}, \frac{৫}{২}$ ইত্যাদি।

গ. মিশ্র ভগ্নাংশ (Mixed Fraction) : যে ভগ্নাংশ পূর্ণসংখ্যার সাথে যুক্ত থাকে তাকে মিশ্র ভগ্নাংশ বলে। যেমন– $২\frac{১}{৫}, ৪\frac{১}{৭}$ ইত্যাদি।

২ আকৃতি অনুসারে (Based on Shape) : আকৃতি অনুসারেও ভগ্নাংশকে ৩ ভাগে ভাগ করা যায়। যথা :

ক. সরল ভগ্নাংশ (Simple Fraction) : যে ভগ্নাংশে শুধু স্বাভাবিক সংখ্যার হর ও লব থাকে তাকে সরল ভগ্নাংশ বলে। যেমন– $\frac{৩}{৫}, \frac{৪}{৬}$ ইত্যাদি।

খ. জটিল ভগ্নাংশ (Complex Fraction) : হর কিংবা লব উভয়ই বা যে কোনো একটি সরল ভগ্নাংশ দ্বারা গঠিত হলে তাকে জটিল ভগ্নাংশ বলে।

যেমন– $\frac{২}{\frac{১}{৩}}, \frac{\frac{১}{৪}}{৫}$ ইত্যাদি।

গ. যৌগিক ভগ্নাংশ (Compound Fraction) : যে ভগ্নাংশের হর ও লব উভয়ে কিংবা যে কোনো একটিতে নির্দিষ্ট কার্যবিধি থাকে তাকে যৌগিক ভগ্নাংশ বলে।

যেমন– $\frac{\frac{১}{৩}+\frac{২}{৪}}{৭}, \frac{৪\times৫}{৫+২}$ ইত্যাদি।

৩. হর অনুসারে (Based on Denominator) : হরের ওপর ভিত্তি করে ভগ্নাংশকে দুভাগে ভাগ করা হয়েছে। যথা :

ক. সমহর বিশিষ্ট ভগ্নাংশ : একই হরবিশিষ্ট ভগ্নাংশকে সমহর বিশিষ্ট ভগ্নাংশ বলে। যেমন– $\frac{৪}{৬}, \frac{৩}{৬}, \frac{৫}{৬}$ ।

খ. অসমহর বিশিষ্ট ভগ্নাংশ : বিভিন্ন ধরনের হরবিশিষ্ট ভগ্নাংশকে অসমহর বিশিষ্ট ভগ্নাংশ বলে। যেমন– $\frac{৩}{৭}, \frac{৫}{৪}, \frac{২}{৫}$ ইত্যাদি।

Working Tools

FRACTION

☐ ভগ্নাংশের গুণ :

ভগ্নাংশ × পূর্ণসংখ্যা = $\frac{\text{ভগ্নাংশের লব} \times \text{পূর্ণ সংখ্যা}}{\text{ভগ্নাংশের হর}}$

দুটি ভগ্নাংশের গুণফল = $\frac{\text{ভগ্নাংশদ্বয়ের লবের গুণফল}}{\text{ভগ্নাংশদ্বয়ের হরের গুণফল}}$

☐ ভগ্নাংশের ভাগ :

$\frac{\text{প্রথম ভগ্নাংশ}}{\text{দ্বিতীয় ভগ্নাংশ}}$ = প্রথম ভগ্নাংশ × $\frac{১}{\text{দ্বিতীয় ভগ্নাংশ}}$

☐ ভগ্নাংশের গ.সা.গু. নির্ণয় :

ভগ্নাংশের গ.সা.গু. = $\frac{\text{লবগুলোর গ.সা.গু.}}{\text{হরগুলোর ল.সা.গু.}}$

☐ ভগ্নাংশের ল.সা.গু. নির্ণয় :

ভগ্নাংশের ল.সা.গু. = $\frac{\text{লবগুলোর ল.সা.গু.}}{\text{হরগুলোর গ.সা.গু.}}$

⊙ হর একই হলে, যে ভগ্নাংশের লব বড় সে ভগ্নাংশটি বড়।

⊙ লব একই হলে, যে ভগ্নাংশের হর ছোট সে ভগ্নাংশটি বড়।

Question Bank as Self Test

০১. ১টি নার্সারিতে ১৬ জাতের ফুল গাছ আছে। $\frac{১}{৪}$ অংশ জাতের ৫টি করে ও $\frac{৩}{৪}$ অংশ জাতের ৪টি করে গাছ আছে। সর্বমোট কতটি গাছ আছে?

পরিবার পরিকল্পনা অধিদপ্তর নিয়োগ পরীক্ষা ২০১৪
উত্তর : ক

ⓚ ৬৮টি ⓚ ৪৮টি ⓖ ১৬৪টি ⓖ কোনোটিই নয়

Hints : *১৬টি জাতের $\frac{১}{৪}$ অংশ = ৪টি জাত এবং ১৬টি জাতের $\frac{৩}{৪}$ অংশ = ১২টি জাত ৪টি জাতের প্রতিটির জন্য ৫টি করে মোট গাছ সংখ্যা = ৪ × ৫ = ২০টি।*

আবার, ১২টি জাতের প্রতিটির জন্য

৪টি করে মোট গাছ সংখ্যা = ১২ × ৪ = ৪৮টি

∴ সর্বমোট গাছ সংখ্যা = (২০ + ৪৮)টি = ৬৮টি।

০২. ২টি ভগ্নাংশের গুণফল $\frac{১৫}{২৮}$। এদের ১টি $\frac{৫}{৭}$ হলে, অপর ভগ্নাংশটি কত?

পরিবার পরিকল্পনা অধিদপ্তর নিয়োগ পরীক্ষা ২০১৪
উত্তর : গ

ⓚ $\frac{২}{৩}$ ⓚ $\frac{১}{৩}$ ⓖ $\frac{৩}{৪}$ ⓖ $\frac{১}{৪}$

Hints : ২টি ভগ্নাংশের গুণফল $= \frac{১৫}{২৮}$

এদের মধ্যে ১টি ভগ্নাংশ $= \frac{৫}{৭}$

সুতরাং অপর ভগ্নাংশ $= \frac{\frac{১৫}{২৮}}{\frac{৫}{৭}}$

$= \frac{১৫}{২৮} \times \frac{৭}{৫} = \frac{৩}{৪}$

০৩. $\frac{1}{4} + \frac{1}{8} = ?$

ক $1/2$ খ $2/8$ গ $3/8$ ঘ $2/4$

Hints : $\frac{1}{4} + \frac{1}{8} = \frac{2+1}{8} = \frac{3}{8}$

০৪. $৩/৫ \times ৭/৯ =$ কত?

ক $১০/১৪$ খ $২৭/৩৫$ গ $৩৫/২৭$ ঘ $৭/১৫$

Hints : $\frac{৩}{৫} \times \frac{৭}{৯} = \frac{৭}{১৫}$

০৫. $\frac{১}{৪}, \frac{৩}{১৬}, \frac{৯}{২০}$ এর সাধারণ গুণিতক নিচের কোনটি?

ক $\frac{১}{৪}$ খ $\frac{৪}{৯}$ গ $\frac{৯}{২০}$ ঘ $\frac{৯}{৪}$

Hints : লবগুলোর ল. সা. গু = ৯ এবং হরগুলোর গ. সা. গু = ৪

আমরা জানি, ভগ্নাংশের ল. সা. গু $= \frac{\text{লবগুলোর ল. সা. গু}}{\text{হরগুলোর গ. সা. গু}} = \frac{৯}{৪}$



০৬. এক ব্যক্তি তার মোট সম্পত্তির $\frac{৩}{৭}$ অংশ ব্যয় করার পরে অবশিষ্টের $\frac{৫}{১২}$ অংশ ব্যয় করে দেখলেন যে তার নিকট ১৫০০ টাকা রয়েছে। তার মোট সম্পত্তির মূল্য কত?

ক ২৩০০ টাকা খ ৩০০০ টাকা গ ৪৫০০ টাকা ঘ ২০০০ টাকা

Hints : মনে করি, মোট সম্পত্তি ১

$\frac{৩}{৭}$ অংশ ব্যয় করার পর অবশিষ্ট থাকে $\left(১ - \frac{৩}{৭}\right)$ অংশ

$= \left(\frac{৭-৩}{৭}\right)$ অংশ

$= \frac{৪}{৭}$ অংশ

পরবর্তীতে ব্যয় করে $\frac{৪}{৭}$ এর $\frac{৫}{১২}$ অংশ $= \frac{৫}{২১}$ অংশ

কন্ট্রোলার জেনারেল হিসেব ফাইনান্স-এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর ২০১৪
উত্তর : গ

কন্ট্রোলার জেনারেল হিসেব ফাইনান্স-এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর ২০১৪
উত্তর : ঘ

১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৪ (স্কুল পর্যায়-২)
উত্তর : ঘ

১০ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা
উত্তর : গ

সবশেষে অবশিষ্ট থাকে $\left(\frac{৪}{৭}-\frac{৫}{২১}\right)$ অংশ

$=\frac{১২-৫}{২১}$ অংশ

$=\frac{৭}{২১}$ অংশ

$=\frac{১}{৩}$ অংশ

প্রশ্নমতে,

$\frac{১}{৩}$ অংশের মূল্য = ১৫০০ টাকা

∴ ১ বা সম্পূর্ণ ,, ,, = ১৫০০ × ৩ টাকা = ৪৫০০ টাকা।

০৭. $\frac{৫}{৭}$ = ভগ্নাংশটির হর কত?

ক ৫ খ ৭ গ কোনোটিই নয়

পরিবার পরিকল্পনা সহকারী পরিদর্শক এবং পরিবার কল্যাণ সহকারী ২০১১
উত্তর : খ

Hints : ভগ্নাংশ (Fraction) = $\frac{\text{লব (Numerator)}}{\text{হর (Denominator)}}$

অর্থাৎ একটি ভগ্নাংশের উপরের রাশিকে লব এবং নিচের রাশিকে হর বলে।

০৮. ১.১৬-এর সাধারণ ভগ্নাংশ কোনটি?

ক $১\frac{১}{৬}$ খ $১\frac{৮}{৪৫}$ গ $১\frac{১৬}{৯৯}$ ঘ $১\frac{৪}{২৫}$

২৯তম বিসিএস
উত্তর : ঘ

Hints : $১.১৬=\frac{১১৬}{১০০}=১\frac{৪}{২৫}$

০৮. ৩ এর $\frac{১}{৩}$ = কত?

ক $\frac{১}{৯}$ খ ১ গ ৩

পরিবার পরিকল্পনা হিসাব রক্ষক/ গুদাম রক্ষক/ কোষাধ্যক্ষ ২০১১
উত্তর : খ

Hints : ৩ এর $\frac{১}{৩}=\frac{৩}{৩}=১$।

০৯. কোন সংখ্যার $\frac{২}{৭}$ অংশ ৬৪-এর সমান?

ক $১৮\frac{২}{৭}$ খ ২৪৮ গ ২১৭ ঘ ২২৪

১৫তম বিসিএস
উত্তর : ঘ

Hints : ধরি, সংখ্যাটি 'ক'

∴ $ক\times\frac{২}{৭}=৬৪$

∴ $ক=\frac{৬৪\times৭}{২}=২২৪$।

১০. ৩.১২৫ কে ২.৫ দ্বারা ভাগ করলে ভাগফল কত?

ক ১.৩৫ খ ১.৪০ গ ১.২৫ ঘ ১.৩০

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক ২০১০
উত্তর : গ

Hints : $\frac{৩.১২৫}{২.৫}=১.২৫$।

১১. ০.৩ × ০.০৩ × ০.০০৩ = কত?

ক ০.০০০২৭ খ .০০০০২৭ গ .০০২৭ ঘ .০২৭

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক ২০০৬
উত্তর : খ

Hints : ০.৩ × ০.০৩ × ০.০০৩ = ০.০০০০২৭ [এক্ষেত্রে সংখ্যাগুলো গুণ করে মোট যত ঘর পর দশমিক তা বসিয়ে দিলেই হবে।]

১২. ০.০০১ × ০.০১ = কত?

ক ০.০১ খ ০.০০১ গ ০.০২ ঘ ০.০০০০১

Hints : ০.০০১ × ০.০১ = ০.০০০০১।
এক্ষেত্রে সংখ্যা দুটি গুণ করে দশমিকের পরে মোট যতগুলো অঙ্ক রয়েছে তত অঙ্কের পূর্বে দশমিক বসাতে হয়। তবে কোনো ক্ষেত্রে প্রয়োজনীয় সংখ্যক অঙ্ক না থাকলে বামপাশে শূন্য বসিয়ে পূরণ করতে হয়।

১৩. ০.৫ × ০.০০০৫ = কত?
ক .০২৫ খ .০০০২৫ গ .০০০০২৫ ঘ ০.২৫
Hints : ০.৫ × ০.০০০৫ = ০.০০০২৫।

১৪. কোনটি লঘু অনুপাত?
ক ৫ ঃ ৩ খ ১৫ ঃ ৩ গ ২০ ঃ ২১
Hints : ২০ ঃ ২১
যেহেতু রাশিদ্বয়ের পূর্বপদ ছোট এবং উত্তরপদ বড় তাই এটি লঘু অনুপাত।

১৫. $\frac{০.০০১}{০.১ \times ০.১}$ = কত?
ক ০.০১ খ ০.১ গ ১.১ ঘ ০.০০১
Hints : $\frac{০.০০১}{০.১ \times ০.১} = \frac{০.০০১}{.০১} = ০.১$

১৬. ১০৮ এর $\frac{৪}{৯}$ অংশ কত?
ক ২৪ খ ৩৬ গ ৪৮ ঘ ৬৪
Hints : ১০৮ এর $\frac{৪}{৯}$ = ১০৮ × $\frac{৪}{৯}$ = ৪৮

১৭. $\frac{3.003}{2.002}$ = ?
ক 1.05 খ 1.50015 গ 1.5 ঘ 1.5015
Here, $\frac{3.003}{2.002} = \frac{3003}{2002}$
= 1.5

১৮. $\frac{৩}{৪}, \frac{২}{৫}, \frac{১}{৬}$ এবং $\frac{৫}{৮}$ ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?
ক $\frac{৩}{৪}$ খ $\frac{২}{৫}$ গ $\frac{১}{৬}$ ঘ $\frac{৫}{৮}$

Hints :
Short Technique : প্রদত্ত ভগ্নাংশগুলোর হরগুলোর ল.সা.গু. দ্বারা ভগ্নাংশগুলোকে গুণ করলে যে সংখ্যাটি বড় হবে সে ভগ্নাংশটিই বৃহত্তম হবে। যেমন– ৪, ৫, ৬ ও ৮ হরগুলোর ল.সা.গু. হলো ১২০।
ক $\frac{৩}{৪}$ × ১২০ = ৯০ (বৃহত্তম) খ $\frac{২}{৫}$ × ১২০ = ৪৮
গ $\frac{১}{৬}$ × ১২০ = ২০ ঘ $\frac{৫}{৮}$ × ১২০ = ৭৫

ক্যালকুলেটর ব্যবহার করে–
ক. $\frac{৩}{৪}$ = ০.৭৫ (বৃহত্তম) খ. $\frac{২}{৫}$ = ০.৪
গ. $\frac{১}{৬}$ = ০.১৭ ঘ. $\frac{৫}{৮}$ = ০.৬৩

সহকারী পরিচালক (মৎস্য) ও কারা তত্ত্বাবধায়ক ২০০৫; পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অধীন রিসার্চ অফিসার ২০০৬
উত্তর : খ

সমবায় দপ্তরে দ্বিতীয় শ্রেণির গেজেটেড অফিসার ১৯৯৭
উত্তর : খ

স্বাস্থ্য সহকারী ২০০৪
উত্তর : গ

শ্রম মন্ত্রণালয়ের সহকারী পরিচালক ২০০৫; ভূমি উন্নয়ন কর্মকর্তা ১৯৯৭
উত্তর : খ

মাধ্যমিক সহকারী শিক্ষক ২০০৪
উত্তর : গ

Pubali Bank Ltd. Junior Officer (Cash) 2011
উত্তর : গ

প্রাথমিক প্রধান শিক্ষক ২০০৮
উত্তর : ক

১৯. How much is $.01 \times 0.01 \times 0.001 = ?$

ক 0.0100 খ 0.10000 গ 0.000001
ঘ 0.0000001 ঙ None

Hints : $0.01 \times 0.01 \times 0.001 = 0.0000001$

পেট্রোবাংলার বাখরাবাদ গ্যাস সিস্টেম লি.-এর সহকারী কর্মকর্তা (সাধারণ) ২০০৬
উত্তর : ঘ

২০. $\frac{১}{২}, \frac{২}{৩}, \frac{৪}{৭}$ ভগ্নাংশগুলোকে মানের ঊর্ধ্বক্রম অনুসারে সাজালে হবে–

ক $\frac{১}{২} > \frac{২}{৩} > \frac{৪}{৭}$ খ $\frac{১}{২} > \frac{৪}{৭} > \frac{২}{৩}$ গ $\frac{২}{৩} > \frac{৪}{৭} > \frac{১}{২}$ ঘ $\frac{২}{৩} > \frac{১}{২} > \frac{৪}{৭}$

Hints : এখানে হরগুলোর (২, ৩ ও ৭ এর) ল.সা.গু. = ৪২

এখন, $\frac{১}{২} \times ৪২ = ২১$; $\frac{২}{৩} \times ৪২ = ২৮$; $\frac{৪}{৭} \times ৪২ = ২৪$

সুতরাং সঠিক ক্রম– $\frac{১}{২} > \frac{৪}{৭} > \frac{২}{৩}$ ।

উপজেলা/থানা শিক্ষা অফিসার ২০১০
উত্তর : খ

২১. $\frac{.1 \times .01 \times .001}{.2 \times .02 \times .002}$ -এর মান কত?

ক $\frac{1}{80}$ খ $\frac{1}{800}$ গ $\frac{1}{8000}$ ঘ $\frac{1}{8}$

Hints : $\frac{.1 \times .01 \times .001}{.2 \times .02 \times .002} = \frac{1 \times 1 \times 1}{2 \times 2 \times 2} = \frac{1}{8}$

১০ম বিসিএস;পরিবেশ অধিদপ্তরে ফিল্ড ইনভেস্টিগেটর এবং রিসার্চ অ্যাসিস্টেন্ট ২০০৬
উত্তর : ঘ

২২. কোন ভগ্নাংশটি $\frac{২}{৩}$ থেকে বড়?

ক $\frac{৩৩}{৫০}$ খ $\frac{৮}{১১}$ গ $\frac{৩}{৫}$ ঘ $\frac{১৩}{২৭}$

Hints : $\frac{২}{৩} = ০.৬৬৬৬$

ক. $\frac{৩৩}{৫০} = ০.৬৬০০$ খ. $\frac{৮}{১১} = ০.৭২৭২$

গ. $\frac{৩}{৫} = ০.৬০০০$ ঘ. $\frac{১৩}{২৭} = ০.৪৮১৪$

∴ $\frac{৮}{১১}$ ভগ্নাংশটি $\frac{২}{৩}$ থেকে বড়।

১৮তম বিসিএস
উত্তর : খ

২৩. কোন ভগ্নাংশটি লঘিষ্ঠ আকারে প্রকাশিত?

ক $\frac{৭৭}{১৪৩}$ খ $\frac{১০২}{২৮৯}$ গ $\frac{১১৩}{৩৫৫}$ ঘ $\frac{৩৪৩}{১০০১}$

Hints : ক. $\frac{৭৭}{১৪৩} = ০.৫৩৮$ খ. $\frac{১০২}{২৮৯} = ০.৩৫২$

গ. $\frac{১১৩}{৩৫৫} = ০.৩১৮$ ঘ. $\frac{৩৪৩}{১০০১} = ০.৩৪২$

∴ সবচেয়ে ছোট ভগ্নাংশ $\frac{১১৩}{৩৫৫}$ ।

২৪তম বিসিএস; মাধ্যমিক সহকারী শিক্ষক ২০১১; সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার ২০০৬
উত্তর : গ

২৪. কোনটি সবচেয়ে ছোট?

ক $\frac{2}{11}$ খ $\frac{3}{11}$ গ $\frac{2}{13}$ ঘ $\frac{4}{15}$

Hints :

Short Technique : প্রদত্ত ভগ্নাংশগুলোর প্রত্যেকটিকে তাদের হরগুলোর ল.সা.গু. দ্বারা গুণ করলে যে সংখ্যাটি ছোট হবে সে ভগ্নাংশটিই ক্ষুদ্রতম বা ছোট হবে। যেমন– ১১, ১৩, ১৫ এর ল.সা.গু. = ২১৪৫

ক. $\frac{2}{11} \times 2145 = 390$ খ. $\frac{3}{11} \times 2145 = 585$

গ. $\frac{2}{13} \times 2145 = 303$ (ক্ষুদ্রতম) ঘ. $\frac{4}{15} \times 2145 = 572$

ক্যালকুলেটর ব্যবহার করে–

ক. $\frac{2}{11} = 0{\cdot}1818$ খ. $\frac{3}{11} = 0{\cdot}2727$

গ. $\frac{2}{13} = 0{\cdot}1538$ (ক্ষুদ্রতম) ঘ. $\frac{4}{15} = 0{\cdot}2667$

৩১তম বিসিএস
উত্তর : গ

২৫. ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি সবচেয়ে বড়?

ক $\frac{২}{৩}$ খ $\frac{৪}{৫}$ গ $\frac{১৩}{১৫}$ ঘ $\frac{২৩}{৩০}$

Hints : এখানে,

ক. $\frac{২}{৩} = ০.৬৬$ খ. $\frac{৪}{৫} = ০.৮০$

গ. $\frac{১৩}{১৫} = ০.৮৬$ (বৃহত্তম) ঘ. $\frac{২৩}{৩০} = ০.৭৬$

অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী ২০১১
উত্তর : গ

২৬. নিম্নে বর্ণিত ভগ্নাংশের কোনটি $\frac{১}{২}$ এর চেয়ে বেশি?

ক $\frac{৭}{১৫}$ খ $\frac{৩০}{৬১}$ গ $\frac{৩১}{৬০}$ ঘ কোনোটিই নয়

Hints : এখানে,

ক. $\frac{১}{২} = ০.৫০$ খ. $\frac{৭}{১৫} = ০.৪৬$

গ. $\frac{৩০}{৬১} = ০.৪৯$ ঘ. $\frac{৩১}{৬০} = ০.৫২$

সুতরাং $\frac{৩১}{৬০} > \frac{১}{২} > \frac{৩০}{৬১} > \frac{৭}{১৫}$ ।

অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী ২০১১
উত্তর : গ

২৭. কোন সংখ্যাটি বৃহত্তম?

ক $\sqrt{০.৩}$ খ ০.৩ গ $\frac{১}{৩}$ ঘ $\frac{২}{৫}$

Hints : ক. $\sqrt{০.৩} = ০.৫৫$ (বৃহত্তম) খ. ০.৩

গ. $\frac{১}{৩} = ০.৩৩$ ঘ. $\frac{২}{৫} = ০.৪$

সহকারী জজ ২০১১; যোগাযোগ মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা ২০০৬
উত্তর : ক

২৮. ০.৪৭ কে সাধারণ ভগ্নাংশে পরিণত করলে কত হবে?

ক $\frac{৪৭}{৯০}$ খ $\frac{৪৩}{৯০}$ গ $\frac{৪৩}{৯৯}$ ঘ $\frac{৪৭}{৯৯}$

Hints : $০.৪\dot{৭} = \frac{৪৭-৪}{৯০} = \frac{৪৩}{৯০}$

৩২তম বিসিএস (বিশেষ)
উত্তর : খ

২৯. কোন ভগ্নাংশটি ক্ষুদ্রতম?

ক $\frac{৫}{৬}$ খ $\frac{১২}{১৫}$ গ $\frac{১১}{১৪}$ ঘ $\frac{১৭}{২১}$

Hints : ক. $\frac{৫}{৬} = ০.৮৩$

খ. $\frac{১২}{১৫} = ০.৮$

গ. $\frac{১১}{১৪} = ০.৭৯$ (ক্ষুদ্রতম)

ঘ. $\frac{১৭}{২১} = ০.৮১$

৩২তম বিসিএস (বিশেষ)
উত্তর : গ

৩০. নিচের কোন সংখ্যাটি বৃহত্তম?

ক $\frac{২}{২০}$ খ $\frac{৩}{৫}$ গ $\frac{৪}{১৫}$ ঘ $\frac{৭}{২৫}$

Hints : ক. $\frac{২}{২০} = ০.১$ খ. $\frac{৩}{৫} = ০.৬$ (বৃহত্তম)

গ. $\frac{৪}{১৫} = ০.২৭$ ঘ. $\frac{৭}{২৫} = ০.২৮$

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১০ (করতোয়া)
উত্তর : খ

৩১. নিচের কোন সংখ্যাটি ক্ষুদ্রতম?

ক $\frac{১}{৩}$ খ $\frac{২}{৭}$ গ $\frac{৫}{২১}$ ঘ $\frac{৩}{৬}$

Hints : ক. $\frac{১}{৩} = ০.৩৩$ খ. $\frac{২}{৭} = ০.২৯$

গ. $\frac{৫}{২১} = ০.২৪$ (ক্ষুদ্রতম) ঘ. $\frac{৩}{৬} = ০.৫$

∴ ক্ষুদ্রতম সংখ্যাটি $\frac{৫}{২১}$

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১০ (ইছামতি)
উত্তর : গ

৩২. নিচের উল্লিখিত ভগ্নাংশগুলোর মধ্যে কোনটির মান সবচেয়ে বেশি?

ক $\frac{১}{২৫}$ খ $\frac{১}{১৯}$ গ $\frac{১}{১৫}$ ঘ $\frac{১}{১২}$

Hints : ক. $\frac{১}{২৫} = ০.০৪$ খ. $\frac{১}{১৯} = ০.০৫৩$

গ. $\frac{১}{১৫} = ০.০৬৭$ ঘ. $\frac{১}{১২} = ০.০৮৩$ (বৃহত্তম)

∴ $\frac{১}{১২}$ সংখ্যাটির মান সবচেয়ে বেশি।

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১০ (ইছামতি)
উত্তর : ঘ

Short Technique : যদি ভগ্নাংশের লব সমান হয় তবে যে ভগ্নাংশের হর সবচেয়ে ছোট সেই ভগ্নাংশ বৃহত্তম হবে। উপরের ভগ্নাংশগুলোর লব ১। হরগুলো ২৫, ১৯, ১৫ ও ১২-এর মধ্যে ১২ ছোট। তাই $\frac{১}{১২}$ ভগ্নাংশটি সবচেয়ে বড়।

৩৩. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?

ক $\frac{1}{2}$ খ $\frac{4}{5}$ গ $\frac{5}{7}$ ঘ $\frac{4}{9}$

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২ (করতোয়া)
উত্তর : খ

Hints : (ক) $\frac{1}{2} = 0.5$ (খ) $\frac{4}{5} = 0.8$ (বৃহত্তম) (গ) $\frac{5}{7} = 0.71$ (ঘ) $\frac{4}{9} = 0.44$

৩৪. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?

ক $\frac{৩}{৪}$ খ $\frac{৪}{৯}$ গ $\frac{৭}{৯}$ ঘ $\frac{৯}{১৩}$

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২ (সুরমা)
উত্তর : গ

Hints : (ক) $\frac{৩}{৪} = ০.৭৫$ (খ) $\frac{৪}{৯} = ০.৪৪$

(গ) $\frac{৭}{৯} = ০.৭৮$ (বৃহত্তম) (ঘ) $\frac{৯}{১৩} = ০.৬৯$

৩৫. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২ (কর্ণফুলী) উত্তর : খ

ⓚ $\frac{৩}{৪}$ ⓚ $\frac{৫}{৬}$ ⓖ $\frac{৭}{৯}$ ⓖ $\frac{৮}{১১}$

Hints : ক. $\frac{৩}{৪} = ০.৭৫$ খ. $\frac{৫}{৬} = ০.৮৩$ (বৃহত্তম)

গ. $\frac{৭}{৯} = ০.৭৮$ ঘ. $\frac{৮}{১১} = ০.৭৩$

৩৬. Which one of the following is the largest?

Agrani Bank Limited Officer 2010 উত্তর : ঘ

ⓚ $\frac{1}{2}$ ⓚ $\frac{7}{15}$ ⓖ $\frac{49}{100}$ ⓖ $\frac{126}{250}$ ⓖ $\frac{1999}{4000}$

Hints : Here,

ক. $\frac{1}{2} = 0.5$ খ. $\frac{7}{15} = 0.47$

গ. $\frac{49}{100} = 0.49$ ঘ. $\frac{126}{250} = 0.504$

and $\frac{1999}{4000} = 0.499$

$\therefore 0.504 > 0.5 > 0.499 > 0.49 > 0.47$

৩৭. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?

প্রাথমিক প্রধান শিক্ষক ২০০৮ উত্তর : খ

ⓚ $\frac{২}{৩}$ ⓚ $\frac{৩}{৪}$ ⓖ $\frac{৫}{৯}$ ⓖ $\frac{৭}{১২}$

Hints : (ক) $\frac{২}{৩} = ০.৬৭$ (খ) $\frac{৩}{৪} = ০.৭৫$ (বৃহত্তম)

(গ) $\frac{৫}{৯} = ০.৪৪$ (ঘ) $\frac{৭}{১২} = ০.৫৮$

৩৮. 0.03 times of 0.05 is—

Uttara Bank Ltd. Asst. Officer (Cash) 2011 উত্তর : ঘ

ⓚ 1.5 ⓚ 0.15 ⓖ 0.015 ⓖ 0.0015

Hints : $0.05 \times 0.03 = 0.0015$

৩৯. If $x\sqrt{0.09} = 3$, then $x = ?$

One Bank Ltd. Probationary Officer 2010 উত্তর : ঘ

ⓚ $\frac{3}{10}$ ⓚ $\frac{1}{3}$ ⓖ $\frac{1}{10}$ ⓖ 10

Hints : $x\sqrt{0.09} = 3$

$\Rightarrow x = \frac{3}{\sqrt{0.09}}$

$\Rightarrow x^2 = \frac{9}{0.09} = \frac{9 \times 100}{09} = 100$

$\therefore x = 10$

৪০. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?

ক $\frac{৩}{৪}$ খ $\frac{৪}{৭}$ গ $\frac{৬}{৭}$ ঘ $\frac{৭}{৯}$

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১০ (সুরমা) উত্তর : গ

Hints : $\frac{৩}{৪} = ০.৭৫$ $\frac{৪}{৭} = ০.৫৭$

$\frac{৬}{৭} = ০.৮৬$ (বৃহত্তম) $\frac{৭}{৯} = ০.৭৮$

∴ বৃহত্তম সংখ্যাটি $\frac{৬}{৭}$ ।

৪১. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে বৃহত্তম কোনটি?

ক $\frac{২}{৩}$ খ $\frac{৪}{৭}$ গ $\frac{৫}{৮}$ ঘ $\frac{৭}{১১}$

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১০ (তিতাস) উত্তর : ক

Hints : $\frac{২}{৩} = ০.৬৭$ $\frac{৪}{৭} = ০.৫৭$

$\frac{৫}{৮} = ০.৬৩$ $\frac{৭}{১১} = ০.৬৪$

∴ বৃহত্তম ভগ্নাংশটি $\frac{২}{৩}$

৪২. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?

ক $\frac{৩}{৫}$ খ $\frac{৪}{৭}$ গ $\frac{৫}{৮}$ ঘ $\frac{৬}{১১}$

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১০ (তিস্তা) উত্তর : গ

Hints : $\frac{৩}{৫} = ০.৬$ $\frac{৪}{৭} = ০.৫৭$

$\frac{৫}{৮} = ০.৬৩$ $\frac{৬}{১১} = ০.৫৫$

∴ বৃহত্তম সংখ্যাটি $\frac{৫}{৮}$

৪৩. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোন্‌টি বৃহত্তম?

ক $\frac{২}{৩}$ খ $\frac{৩}{৪}$ গ $\frac{৪}{৫}$ ঘ $\frac{৫}{৭}$

প্রাথমিক প্রধান শিক্ষক ২০০৯ (শাপলা) উত্তর : গ

Hints : ক. $\frac{২}{৩} = ০.৬৭$ খ. $\frac{৩}{৪} = ০.৭৫$

গ. $\frac{৪}{৫} = ০.৮০$ (বৃহত্তম) ঘ. $\frac{৫}{৭} = ০.৭$

৪৪. কোন ভগ্নাংশটি $\frac{২}{৩}$ থেকে বড়?

ক $\frac{৩৩}{৫০}$ খ $\frac{৮}{১১}$ গ $\frac{৩}{৫}$ ঘ $\frac{১৩}{২৭}$

প্রাথমিক প্রধান শিক্ষক ২০০৯ (বেলী) উত্তর : খ

Hints : $\frac{২}{৩} = ০.৬৭$

ক. $\frac{৩৩}{৫০} = ০.৬৬$ খ. $\frac{৮}{১১} = ০.৭৩$

গ. $\frac{৩}{৫} = ০.৬$ ঘ. $\frac{১৩}{২৭} = ০.৪৮$

সুতরাং $\frac{৮}{১১} > \frac{২}{৩}$

৪৫. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?

ক $\frac{২}{৫}$ খ $\frac{৩}{৭}$ গ $\frac{৪}{৯}$ ঘ $\frac{৫}{১১}$

Hints: ক. $\frac{২}{৫} = ০.৪$ খ. $\frac{৩}{৭} = ০.৪৩$

গ. $\frac{৪}{৯} = ০.৪৪$ ঘ. $\frac{৫}{১১} = ০.৪৫$ (বৃহত্তম)

প্রাথমিক প্রধান শিক্ষক ২০০৯ (পশ্চ) উত্তর : ঘ

৪৬. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোন্‌টি ক্ষুদ্রতম?

ক $\frac{৩}{৫}$ খ $\frac{৩}{৭}$ গ $\frac{৪}{৯}$ ঘ $\frac{৫}{১১}$

Hints: (ক) $\frac{৩}{৫} = ০.৬$ (খ) $\frac{৩}{৭} = ০.৪৩$ (ক্ষুদ্রতম)

(গ) $\frac{৪}{৯} = ০.৪৪$ (ঘ) $\frac{৫}{১১} = ০.৪৫$

প্রাথমিক প্রধান শিক্ষক ২০০৯ (শিউলী) উত্তর : খ

৪৭. Find the greatest number—

ক 0.3 খ $\sqrt{0.3}$ গ $\frac{1}{3}$ ঘ $\frac{2}{5}$

Hints: $\sqrt{0.3} = 0.55$; $\frac{1}{3} = 0.33$; $\frac{2}{5} = 0.4$

Rajshahi Krishi Unnayan Bank Officer, 2011 উত্তর : খ

৪৮. Which of the following is less than 1/6?

ক 0.167 খ 0.1667 গ 3/18 ঘ 0.166667

ঙ None of these

Hints: $\frac{1}{6} = 0.16666$ and $\frac{3}{18} = \frac{1}{6}$

Exim Bank Ltd. Assistant Officer 2010 উত্তর : ঙ

৪৯. Which one of the following fractions is the smallest?

ক $\frac{2}{9}$ খ $\frac{5}{8}$ গ $\frac{1}{2}$

ঘ $\frac{7}{12}$ ঙ None of these

Hints:

$\frac{2}{9} = 0.22$; $\frac{5}{8} = 0.625$; $\frac{1}{2} = 0.5$;

$\frac{7}{12} = 0.58$.

$\therefore$ *Smallest fraction is* $\frac{2}{9}$

Social Islami Bank Ltd. Trainee Officer 2010 উত্তর : ক

৫০. নিম্নের কোনটি $\frac{২}{৩}$ অপেক্ষা বড়?

ক $\frac{১৩}{২১}$ খ $\frac{১৬}{২৫}$ গ $\frac{১০}{১৫}$ ঘ কোনোটিই নয়

Hints: $\frac{২}{৩} = ০.৬৬৬$। (ক) $\frac{১৩}{২১} = ০.৬১৯$; (খ) $\frac{১৬}{২৫} = ০.৬৪০$ এবং (গ) $\frac{১০}{১৫} = ০.৬৬৬$

সুতরাং, কোনোটিই $\frac{২}{৩}$ অপেক্ষা বড় নয়।

খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক/সহকারী অপারেটর/সাঁটমুদ্রাক্ষরিক/সাঁটলিপিকার/সাঁটলিপিকার ২০০৯ উত্তর : ঘ

৫১. Which of the following fraction is the largest?

ক $\frac{5}{6}$ খ $\frac{11}{14}$ গ $\frac{12}{15}$ ঘ $\frac{17}{21}$ ঙ None

Hints: (ক) $\frac{5}{6} = 0.83$ (Largest) (খ) $\frac{11}{14} = 0.79$

(গ) $\frac{12}{15} = 0.80$ (ঘ) $\frac{17}{21} = 0.81$

পেট্রোবাংলার বাখরাবাদ গ্যাস সিস্টেম লি.-এর সহকারী কর্মকর্তা (সাধারণ) ২০০৬ উত্তর : ক

৫২. নিম্নলিখিত ভগ্নাংশগুলোর মধ্যে কোনটির মান সবচেয়ে বড়?

ক $\frac{১}{২}$ খ $\frac{১৩}{১৫}$ গ $\frac{৪}{৫}$ ঘ $\frac{২৩}{৩০}$

Hints: ক. $\frac{১}{২} = ০.৫০$

খ. $\frac{১৩}{১৫} = ০.৮৬$ (বড়)

গ. $\frac{৪}{৫} = ০.৮০$

ঘ. $\frac{২৩}{৩০} = ০.৭৭$

∴ ভগ্নাংশগুলোর মধ্যে $\frac{১৩}{১৫}$ ভগ্নাংশটি সবচেয়ে বড়।

সহকারী জজ ২০০৭
উত্তর : খ

৫৩. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?

ক $\frac{৩}{৪}$ খ $\frac{৫}{৬}$ গ $\frac{৭}{৯}$ ঘ $\frac{১১}{১৮}$

Hints: ক. $\frac{৩}{৪} = ০.৭৫$

খ. $\frac{৫}{৬} = ০.৮৩$ (বৃহত্তম)

গ. $\frac{৭}{৯} = ০.৭৮$

ঘ. $\frac{১১}{১৮} = ০.৬১$

প্রাথমিক সহকারী শিক্ষক ২০০৮
উত্তর : খ

৫৪. নিম্নের ভগ্নাংশগুলোর মধ্যে কোন্‌টি বৃহত্তম?

ক $\frac{২}{৩}$ খ $\frac{৩}{৪}$ গ $\frac{৫}{৬}$ ঘ $\frac{৭}{৯}$

Hints: ক. $\frac{২}{৩} = ০.৬৭$ খ. $\frac{৩}{৪} = ০.৭৫$

গ. $\frac{৫}{৬} = ০.৮৩$ (বৃহত্তম) ঘ. $\frac{৭}{৯} = ০.৭৮$

প্রাথমিক সহকারী শিক্ষক ২০০৮
উত্তর : গ

৫৫. নিম্নের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি ক্ষুদ্রতম?

ক $\frac{৩}{৫}$ খ $\frac{৭}{১০}$ গ $\frac{৭}{১২}$ ঘ $\frac{৮}{১৫}$

Hints: ক. $\frac{৩}{৫} = ০.৬$ খ. $\frac{৭}{১০} = ০.৭$

গ. $\frac{৭}{১২} = ০.৫৮$ ঘ. $\frac{৮}{১৫} = ০.৫৩$ (ক্ষুদ্রতম)

প্রাথমিক সহকারী শিক্ষক ২০০৮
উত্তর : ঘ

৫৬. নিম্নের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?

ক $\frac{১}{৪}$ খ $\frac{৫}{৮}$ গ $\frac{৭}{১২}$ ঘ $\frac{১১}{১৫}$

Hints: ক. $\frac{১}{৪} = ০.২৫$ খ. $\frac{৫}{৮} = ০.৬৩$

গ. $\frac{৭}{১২} = ০.৫৮$ ঘ. $\frac{১১}{১৫} = ০.৭৩$ (বৃহত্তম)

প্রাথমিক সহকারী শিক্ষক ২০০৮
উত্তর : ঘ

৫৭. If the numerator and the denominator of a proper fraction are increased by the same quantity, then the resulting fraction is—

ⓚ Always greater than the original fraction
ⓚ Always less than the original fraction
ⓖ Always equal to the original fraction
ⓖ Is not possible to determine
ⓔ None of the above

Social Islami Bank Ltd. Probationary Officer 2011
উত্তর : ঘ

৫৮. কোন ভগ্নাংশটি $\frac{২}{৩}$ থেকে বড়?

ⓚ $\frac{৩৩}{৫০}$ ⓚ $\frac{৮}{১১}$ ⓖ $\frac{৩}{৫}$ ⓖ $\frac{১১}{১৭}$

Hints : $\frac{২}{৩} = ০.৬৬৬$

(ক) $\frac{৩৩}{৫০} = ০.৬৬০$ (খ) $\frac{৮}{১১} = ০.৭২৭$ (বড়)

(গ) $\frac{৩}{৫} = ০.৬০০$ (ঘ) $\frac{১১}{১৭} = ০.৬৪৭$

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন উপজেলা সমাজসেবা অফিসার/সমমান পরীক্ষা ২০০৮; জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ পরিচালক ২০০৭; সহকারী পরিচালক (পাসপোর্ট অ্যান্ড ইমিগ্রেশন) ২০০৩; ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা ২০০৩
উত্তর : খ

৫৯. ৪টি ১ টাকার নোট ও ৮টি ২ টাকার নোট একত্রে ৮টি ৫ টাকার নোটের কত অংশ?

ⓚ $\frac{১}{৪}$ ⓚ $\frac{১}{২}$ ⓖ $\frac{১}{৮}$ ⓖ $\frac{১}{১৬}$

Hints : *৪টি ১ টাকার নোট = ৪ × ১ = ৪ টাকা*

৮টি ২ টাকার নোট = ৮ × ২ = ১৬ টাকা

মোট = ২০ টাকা

আবার, ৮টি ৫ টাকার নোট = ৮ × ৫ = ৪০ টাকা

তাহলে $\frac{২০}{৪০} = \frac{১}{২}$

২৯তম বিসিএস
উত্তর : খ

৬০. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি সবচেয়ে বড়?

ⓚ $\frac{2}{3}$ ⓚ $\frac{4}{5}$ ⓖ $\frac{13}{15}$ ⓖ $\frac{23}{30}$

Hints : ক. $\frac{2}{3} = 0.6666$ খ. $\frac{4}{5} = 0.8$

গ. $\frac{13}{15} = 0.8666$ *(বৃহত্তম)* ঘ. $\frac{23}{30} = 0.7666$ *।*

∴ *বৃহত্তম ভগ্নাংশ* $\frac{13}{15}$

ষষ্ঠ প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন ২০১০
উত্তর : গ

৬১. ভগ্নাংশের মধ্যে কোনটি সবচেয়ে বড়?

ⓚ $\frac{২}{৩}$ ⓚ $\frac{৪}{৫}$ ⓖ $\frac{১৩}{১৫}$ ⓖ $\frac{২৩}{৩০}$

Hints : (ক) $\frac{২}{৩} = ০.৬৬৬৬$ (খ) $\frac{৪}{৫} = ০.৮$

(গ) $\frac{১৩}{১৫} = ০.৮৬৬৬$ (ঘ) $\frac{২৩}{৩০} = ০.৭৬৬৬$

∴ $\frac{১৩}{১৫}$ সংখ্যাটি বড়।

মহাহিসাবরক্ষক ও নিরক্ষক-এর অধীনে 'অধীক্ষক' ১৯৯৮
উত্তর : গ

৬২. কোন সংখ্যাটি ক্ষুদ্রতম?

ⓚ $\frac{১}{১১}$ ⓚ $\frac{২}{১১}$ ⓖ $\frac{৩}{৩১}$ ⓖ $\frac{৪}{৪১}$

Hints :

(ক) $\frac{১}{১১} = ০.০৯০৯০৯$ (খ) $\frac{২}{১১} = ০.১৮১৮১৮$

(গ) $\frac{৩}{৩১} = ০.০৯৬৭৭৪$ (ঘ) $\frac{৪}{৪১} = ০.০৯৭৫৬০$

শ্রম পরিদপ্তরের প্রভাষক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন ২০০৫
উত্তর : খ

৬৩. ৪ টাকার $\frac{৫}{৮}$ অংশ এবং ২ টাকার $\frac{৪}{৫}$ অংশের মধ্যে পার্থক্য কত?

(ক) ০.০৯ টাকা (খ) ১.৬০ টাকা (গ) ২.২৫ টাকা (ঘ) ০.৯০ টাকা

Hints : *৪ টাকার* $\frac{৫}{৮}$ *অংশ* $= \frac{৫}{২}$ *টাকা*

২ " $\frac{৪}{৫}$ " $= \frac{৮}{৫}$ "

$\therefore$ *পার্থক্য* $= \left(\frac{৫}{২} - \frac{৮}{৫}\right)$ *টাকা* $= \frac{২৫-১৬}{১০} = \frac{৯}{১০} = ০.৯০$ *টাকা।*

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরের সহকারী পরিদর্শক ২০০৫; শ্রম মন্ত্রণালয়ের অধীন সহকারী পরিচালক ২০০৫
উত্তর : ঘ

৬৪. How much more is 1/2 of 2/3 than 3/4 of 1/3?

(ক) 1/4 (খ) 1/3 (গ) 1/12 (ঘ) 7/12

Hints : $\frac{1}{2}$ of $\frac{2}{3} = \frac{1}{2} \times \frac{2}{3} = \frac{1}{3}$

$\frac{3}{4}$ of $\frac{1}{3} = \frac{3}{4} \times \frac{1}{3} = \frac{1}{4}$

উত্তর : ঘ

৩৪. পিতা ও তার দুই সন্তানের বয়সের গড় ২৫ বছর। দুই সন্তানের বয়সের গড় ২২ বছর হলে, পিতার বয়স—

(ক) ২৫ বছর (খ) ২১ বছর (গ) ৩১ বছর (ঘ) ৩২ বছর

Hints : *পিতা + দুই সন্তানের মোট বয়স = ২৫ × ৩ = ৭৫ বছর*

দুই সন্তানের মোট বয়স = ২২ × ২ = ৪৪ বছর

∴ পিতার বয়স = ৭৫ − ৪৪ = ৩১ বছর।

৭ম প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১১ (বনলতা-৪৬)
উত্তর : গ

৩৫. পিতা ও দুই সন্তানের বয়সের গড় ৩০ বছর। দুই সন্তানের বয়সের গড় ২০ বছর হলে পিতার বয়স কত?

(ক) ২০ বছর (খ) ৩০ বছর (গ) ৪০ বছর (ঘ) ৫০ বছর

Hints : *পিতা ও দুই সন্তানের মোট বয়স = ৩০ × ৩ = ৯০ বছর*

দুই সন্তানের মোট বয়স = ২০ × ২ = ৪০ বছর

∴ পিতার বয়স = (৯০ − ৪০) = ৫০ বছর।

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১০; মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা সন্তান ২০১০ (শরৎ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী নিয়োগ পরীক্ষা ২০১১
উত্তর : ঘ

৩৬. পিতা, মাতা ও কন্যার বয়সের গড় ৩০ বছর। মাতা ও কন্যার গড় বয়স ২৫ বছর হলে পিতার বয়স কত?

(ক) ৩০ বছর (খ) ৪০ বছর (গ) ৪৫ বছর (ঘ) ৩৫ বছর (ঙ) কোনোটিই নয়

Hints : *পিতা + মাতা + কন্যার বয়সের সমষ্টি = ৩০ × ৩ = ৯০ বছর*

মাতা + কন্যার বয়সের সমষ্টি = ২৫ × ২ = ৫০ বছর

∴ পিতার বয়স = (৯০ − ৫০) বছর বা ৪০ বছর

কৃষি অধিদপ্তরের উপসহকারী কৃষি কর্মকর্তা ২০১১
উত্তর : খ

৩৭. পিতা, মাতা ও পুত্রের বয়সের গড় ৩৭ বছর। আবার পিতা ও পুত্রের বয়সের গড় ৩৫ বছর। মাতার বয়স কত?

ক ৩৮ বছর খ ৪১ বছর গ ৪৫ বছর ঘ ৪৮ বছর

Hints : *পিতা, মাতা ও পুত্রের মোট বয়স = (৩৭ × ৩) = ১১১ বছর*

পিতা ও পুত্রের মোট বয়স = (৩৫ × ২) বছর = ৭০ বছর

∴ মাতার বয়স = (১১১ − ৭০) বছর = ৪১ বছর

২৭তম বিসিএস
উত্তর : খ

৩৮. তিন ভাই-বোনের বয়সের গড় ১৬ বছর। পিতাসহ ভাই-বোনের বয়সের গড় ২৫ বছর। পিতার বয়স কত?

ক ৪৮ বছর. খ ৫০ বছর গ ৫২ বছর ঘ ৬০ বছর

Hints : *তিন ভাই-বোনের বয়সের গড় = ২৫ বছর।*

∴ " " " সমষ্টি (১৬×৩) = ৪৮ বছর

পিতাসহ তিন ভাই-বোনের বয়সের গড় ২৫ বছর

∴ " " " " " সমষ্টি = (২৫× ৪) = ১০০ বছর

∴ পিতার বয়স = (১০০ − ৪৮) বছর = ৫২ বছর

যোগাযোগ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট ২০০৭
উত্তর : গ

৩৯. পিতা ও দুই সন্তানের বয়সের গড় ১৭ বছর। দুই সন্তানের বয়সের গড় ২ বছর হলে পিতার বয়স কত?

ক ৪৭ বছর খ ৪১ বছর গ ৩৮ বছর ঘ ৩৫ বছর

Hints : *পিতা + দুই সন্তানের বয়সের সমষ্টি = ১৭ × ৩ = ৫১ বছর*

দুই সন্তানের বয়সের সমষ্টি = ২ × ২ = ৪

∴ পিতার বয়স = (৫১−৪) বছর বা ৪৭ বছর

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন গুপ্ত সংকেত পরিদপ্তরের সাইফার অফিসার ২০০৫
উত্তর : ক

৪০. পিতা ও দুই সন্তানের বয়সের গড় ২৭ বছর। দুই সন্তানের বয়সের গড় ২০ বছর হলে পিতার বয়স কত?

ক ৩৫ বছর খ ৩৮ বছর গ ৪১ বছর ঘ ৪৭ বছর

Hints : *পিতা + দুই সন্তানের বয়সের সমষ্টি = (২৭ × ৩) বা ৮১ বছর*

দুই " " সমষ্টি = (২০ × ২) বা ৪০ "

[বিয়োগ করে] ∴ পিতার বয়স = ৪১ বছর

মাধ্যমিক সহকারী প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০০৩
উত্তর : গ

৪১. পিতা ও মাতার গড় বয়স ৩৫ বছর। পিতা, মাতা ও পুত্রের গড় বয়স ২৭ বছর হলে পুত্রের বয়স কত?

ক ৯ বছর খ ১১ বছর গ ১২ বছর ঘ ১৪ বছর

Hints : *পিতা ও মাতার মোট বয়স ৩৫ × ২ = ৭০ বছর*

পিতা-মাতা ও পুত্রের মোট বয়স ২৭ × ৩ = ৮১ বছর

∴ পুত্রের বয়স (৮১ − ৭০) = ১১ বছর

প্রাথমিক সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান) ২০১০ (বসন্ত)
উত্তর : খ

৪২. পিতা ও মাতার গড় বয়স ৩৬ বছর। পিতা, মাতা ও পুত্রের গড় বয়স ২৮ বছর হলে, পুত্রের বয়স কত?

ক ৯ বছর খ ১১ বছর গ ১২ বছর ঘ ১৫ বছর

Hints : *পিতা ও মাতার মোট বয়স ৩৬ × ২ = ৭২ বছর*

পিতা, মাতা ও পুত্রের মোট বয়স ২৮ × ৩ = ৮৪ বছর

∴ পুত্রের বয়স (৮৪-৭২) = ১২ বছর।

প্রাথমিক সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান) ২০১০ (হেমন্ত)
উত্তর : গ

৪৩. কোনো শ্রেণিতে ২৫ জন ছাত্রের বয়সের গড় ১০ বছর। শিক্ষকসহ তাদের বয়সের গড় ১২ বছর হলে, শিক্ষকের বয়স কত?

(ক) ৫৬ বছর (খ) ৬২ বছর (গ) ৬৪ বছর (ঘ) ৬৫ বছর

প্রাথমিক সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান) ২০১০ (হেমন্ত) উত্তর : খ

Hints : ২৫ জন ছাত্রের মোট বয়স ২৫ × ১০ = ২৫০ বছর

শিক্ষকসহ ২৫ জন ছাত্রের মোট বয়স ২৬ × ১২ = ৩১২ বছর

∴ শিক্ষকের বয়স (৩১২ − ২৫০) = ৬২ বছর

৪৪. তিন বছর আগে রহিম ও করিমের বয়সের গড় ছিল ১৮ বছর। আলম তাদের সাথে যোগদান করায় তাদের বয়সের গড় বেড়ে ২২ বছর হয়। আলমের বয়স কত?

(ক) ৩০ বছর (খ) ২৮ বছর (গ) ২৭ বছর (ঘ) ২৪ বছর

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১০ (কপোতাক্ষ) উত্তর : ঘ

Hints : ৩ বছর আগে রহিম ও করিমের গড় ছিল ১৮ বছর

∴ বর্তমানে রহিম ও করিমের বয়সের গড় ১৮ + ৩ = ২১ বছর

∴ বর্তমানে রহিম ও করিমের মোট বয়স = ২১ × ২ = ৪২ বছর

আবার,

রহিম, করিম ও আলমের মোট বয়স ২২× ৩ = ৬৬ বছর

∴ আলমের বয়স = (৬৬ − ৪২) বছর = ২৪ বছর।

৪৫. ২০ জন বালক ও ১৫ জন বালিকার গড় বয়স ১৫ বছর। বালকদের গড় বয়স ১৫.৫ বছর হলে, বালিকাদের গড় বয়স কত?

(ক) ১৪ বছর (খ) ১৪ বছর ৪ মাস (গ) ১৪ বছর ৬ মাস (ঘ) ১৪ বছর ৮ মাস

প্রাথমিক সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান) ২০১০ (শরৎ) উত্তর : খ

Hints : ২০ জন বালক ও ১৫ জন বালিকার মোট বয়স = ১৫ × ৩৫ বছর = ৫২৫ বছর

২০ জন বালকের মোট বয়স ১৫.৫ × ২০ = ৩১০ বছর

∴ ১৫ জন বালিকার মোট বয়স (৫২৫ − ৩১০) = ২১৫ বছর

∴ বালিকাদের গড় বয়স $\frac{২১৫}{১৫} = ১৪\frac{১}{৩}$ বছর বা ১৪ বছর ৪ মাস

৪৬. পিতা ও মাতার বয়সের গড় ৪৫ বছর। আবার পিতা, মাতা ও এক পুত্রের বয়সের গড় ৩৬ বছর। পুত্রের বয়স–

(ক) ৯ বছর (খ) ১৪ বছর (গ) ১৫ বছর (ঘ) ১৮ বছর

২৬তম বিসিএস; অর্থ মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা ২০০৪ উত্তর : ঘ

Hints : পিতা + মাতা + পুত্রের বয়স = ৩৬ × ৩ = ১০৮ বছর

পিতা + মাতার বয়স = ৪৫ × ২ = ৯০ বছর

∴ পুত্রের বয়স = ১৮ বছর

৪৭. ১৫ জন লোকের গড় বয়স ২৯ বছর। তাদের মধ্যে আবার দুজনের গড় বয়স ৫৫ বছর। তাহলে বাকি ১৩ জনের গড় বয়স কত হবে?

(ক) ২৫ বছর (খ) ২৬ বছর (গ) ২৭ বছর (ঘ) ২৯ বছর

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১০ (কপোতাক্ষ) উত্তর : ক

Hints : ১৫ জন লোকের মোট বয়স ১৫ × ২৯ = ৪৩৫ বছর

আবার ২ জন লোকের মোট বয়স = ৫৫ × ২ = ১১০ বছর

∴ বাকি ১৩ জনের মোট বয়স ৪৩৫ − ১১০ = ৩২৫ বছর

অতএব বাকি ১৩ জনের বয়সের গড় = $\frac{৩২৫}{১৩}$ = ২৫ বছর।

৪৮. তিন ভাইয়ের দুইজন দুইজন করে নেয়া গড় বয়স ২২ বছর, ১৮ বছর ও ১৬ বছর। সবচেয়ে ছোট ভাইয়ের বয়স—

(ক) ১৪ বছর (খ) ১২ বছর (গ) ১৩ বছর (ঘ) ১৫ বছর

Hints : মনে করি,

১ম জনের বয়স = ক, ২য় জনের বয়স = খ এবং ছোট ভাইয়ের বয়স = গ

∴ ২ (ক + খ + গ) বয়সের সমষ্টি = (২২ × ২ + ১৮ × ২ + ১৬ × ২) বছর

বা, ক + খ + গ " " = $\frac{১১২}{২}$ = ৫৬ বছর

∴ ক + খ " " = ৪৪ "

∴ গ বা ছোট ভাইয়ের বয়স = ১২ বছর

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তরের উপসহকারী পরিচালক/ সহকারী ব্যবস্থাপক ২০০৫
উত্তর : খ

৪৯. ৩ জন পুরুষ ও ৬ জন বালকের গড় আয় ১২.০০ টাকা। ১ জন পুরুষের আয় ২ জন বালকের আয়ের সমান হলে ১ জন পুরুষের আয় কত?

ক ২০ টাকা খ ১৮ টাকা গ ১৬ টাকা ঘ ১৪ টাকা

Hints : ২ জন বালক = ১ জন পুরুষ

∴ ৬ " " = ৩ জন "

৩ জন পুরুষ ও ৬ জন বালক = (৩ + ৩) বা ৬ জন পুরুষ

৩ জন পুরুষ ও ৬ জন বালকের মোট আয় = ৯ × ১২ = ১০৮ টাকা

অর্থাৎ ৬ জন পুরুষের মোট আয় = ১০৮ টাকা

∴ ৬ জন পুরুষের গড় আয় = $\frac{১০৮}{৬}$ = ১৮ টাকা

প্রাথমিক প্রধান শিক্ষক ২০০৯ (গোলাপ)
উত্তর : খ

৫০. ৬ জন পুরুষ, ৮ জন স্ত্রীলোক ও ১ জন বালকের বয়সের গড় ৩৫ বছর। পুরুষের বয়সের গড় ৪০ বছর এবং স্ত্রীলোকের বয়সের গড় ৩৪ বছর। বালকের বয়স কত?

ক ১৩ বছর খ ১৪ বছর গ ১৫ বছর ঘ ১৬ বছর

Hints : ৬ জন পুরুষ, ৮ জন স্ত্রী লোক ও ১ জন বালকের মোট বয়স = ৩৫ × ১৫ = ৫২৫ বছর

৬ জন পুরুষের মোট বয়স = ৪০ × ৬ = ২৪০ বছর

৮ জন স্ত্রীলোকের মোট বয়স = ৩৪ × ৮ = ২৭২ বছর

∴ বালকের বয়স = ৫২৫ − ২৪০ − ২৭২ = ১৩ বছর।

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২ (পদ্ম); প্রাথমিক প্রধান শিক্ষক ২০০৯ (বেলী); বাংলাদেশ কৃষি ব্যাংক অফিসার ২০১১
উত্তর : ক

৫১. 'ক' ও 'খ' এর মানের গড় ৯ এবং 'গ' এর মান ১২ হলে 'ক', 'খ' ও 'গ' এর মানের গড় কত হবে?

ক ৬ খ ৯ গ ১০ ঘ ১২

Hints : ক ও খ এর মানের গড় ৯

∴ ক ও খ এর মোট মান = ৯ × ২ = ১৮

ক, খ ও গ এর মোট মান = ১৮ + ১২ = ৩০

∴ ক, খ ও গ এর গড় মান = $\frac{৩০}{৩}$ = ১০ ।

খাদ্য অধিদপ্তরে খাদ্য/উপ-খাদ্য পরিদর্শক ২০১১
উত্তর : গ

৫২. Average mark in Math in a class of 40 students is 45. Average mark of all the 30 boys is 50. Then the average mark obtained by the girls is :

ক 30 খ 35 গ 25 ঘ 40 ঙ 33

Hints : No. of students = 40

No. of Boys = 30

No. of Girls = 10

Average of 40 students = 45

∴ Total of 40 students = 45 × 40 = 1800

Average of 30 students = 50

∴ Total of 30 = 50 × 30 = 1500

Bangladesh Bank Asst. Director 2010
উত্তর : ক

Total of 10 Girls = 1800 − 1500

$\therefore$ *Average mark of 10 Girls* $= \frac{300}{10} = 30$

৫৩. The average of four consecutive odd positive integers is always?

ক an odd number খ divisible by 4 গ an even number

ঘ both (b) and (c) ঙ none of them

Hints : $\frac{3+5+7+9}{4} = 6$

$\frac{5+7+9+11}{4} = 8$

$\frac{7+9+11+13}{4} = 10$

Pubali Bank Ltd. Senior Officer 2010
উত্তর : গ

৫৪. The average of 6 numbers is 8.5, when one number is discarded the average of the remaining numbers becomes 7.2 What is the discarded number?

ক 7.8 খ 15 গ 10.0

ঘ 12.4 ঙ None of them

Hints : *Total of 6 numbers* $= 8.5 \times 6 = 51$

Total of 5 numbers $= 7.2 \times 5 = 36$

$\therefore$ *6th number* $= (51 - 36) = 15$

Pubali Bank Ltd. Junior Officer (Cash) 2011
উত্তর : খ

৫৫. The average of 10 integers is −16. If the sum of 6 of them is 100, what is the average of the other 4?

ক −50 খ −60 গ −65

ঘ −100 ঙ None of these

Hints : *Average of 10 integers* $= -16$

$\therefore$ *Total " 10 "* $= (-16) \times 10 = -160$

Total " 6 " $= 100$

$\therefore$ *Total of 4 integers* $= -260$

$\therefore$ *Average of 4 integers* $= \frac{-264}{4} = -66$

Dutch-Bangla Bank Ltd. Trainee Officer 2010
উত্তর : ঙ

৫৬. The average age of 4 brothers is 6 years. If the age of their father is included, the average is increased by 5 years. Find the age of the father.

ক 24 years খ 31 years গ 35 years ঘ 38 years

Hints : *Total age of 4 brothers* $= 6 \times 4 = 24$ *years*

Total age of 4 brothers and their father $= 11 \times 5 = 55$ *years*

$\therefore$ *Age of father* $= 55 - 24 = 31$ *years.*

Bangladesh Krishi Bank Officer, 2011
উত্তর : খ

৫৭. জুলাই মাসের দৈনিক বৃষ্টিপাতের গড় ০.৬৫ সেমি ছিল। ঐ মাসের মোট বৃষ্টিপাতের পরিমাণ কত?

ক ২০.১৫ সেমি খ ২০.২০ সেমি গ ২০.২৫ সেমি ঘ ৬৫ সেমি

Hints : *জুলাই মাস = ৩১ দিন*

৩১ দিনের বৃষ্টিপাতের গড় ০.৬৫ সেমি.

$\therefore$ *৩১ " " সমষ্টি = (০.৬৫ × ৩১) সেমি.*

= ২০.১৫ সেমি.

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন গুপ্ত সংকেত পরিদপ্তরের সাইফার অফিসার ২০০৫; শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের প্রভাষক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন ২০০৫
উত্তর : ক

৫৮. এক দোকানদার ১২ দিনে ৫০৪ টাকা আয় করলেন। প্রথম ৪ দিনে গড় আয় ৪০ টাকা হলে বাকি দিনগুলোর গড় আয় কত টাকা হবে?

ক ৪০ টাকা খ ৪২ টাকা গ ৪৩ টাকা ঘ ৪৭ টাকা

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১০ (ইছামতি)
উত্তর : গ

Hints : প্রথম ৪ দিনে মোট আয় ৪০ × ৪ = ১৬০ টাকা

বাকি ৮ দিনে মোট আয় ৫০৪ − ১৬০ = ৩৪৪ টাকা

∴ ৮ দিনে গড় আয় $= \frac{৩৪৪}{৮}$ = ৪৩ টাকা।

৫৯. কোন শ্রেণিতে ১০ জন ছাত্রের গড় উচ্চতা ৫ ফুট ৬ ইঞ্চি। এর মধ্যে ৯ জন ছাত্রের গড় উচ্চতা ৫ ফুট ৫ ইঞ্চি হলে ১০ম ছাত্রের উচ্চতা কত?

ক ৫ ফুট ৭ ইঞ্চি খ ৬ ফুট ৫ ইঞ্চি গ ৬ ফুট ৩ ইঞ্চি
ঘ ৬ ফুট ঙ কোনোটিই নয়

কৃষি অধিদপ্তরের উপসহকারী কৃষি কর্মকর্তা ২০১১
উত্তর : গ

Hints : ১০ জন ছাত্রের মোট উচ্চতা = (৫ ফুট ৬ ইঞ্চি × ১০)
= ৫০ ফুট ৬০ ইঞ্চি)

৯ জন ছাত্রের মোট উচ্চতা = (৫ ফুট ৫ ইঞ্চি × ৯)
= ৪৫ ফুট ৪৫ ইঞ্চি

∴ ১০ম ছাত্রের উচ্চতা = (৫০ ফুট ৬০ ইঞ্চি − ৪৫ ফুট ৪৫ ইঞ্চি)
= ৫ ফুট ১৫ ইঞ্চি
= ৬ ফুট ৩ ইঞ্চি

৬০. ১০টি সংখ্যার যোগফল ৪৬২। এদের প্রথম ৪টির গড় ৫২ এবং শেষের ৫টির গড় ৩৮। পঞ্চম সংখ্যাটি কত?

ক ৬০ খ ৬৪ গ ৬২ ঘ ৫০

১১তম বিসিএস; মাধ্যমিক সহকারী শিক্ষক ২০১১; বাংলাদেশ ট্যারিফ কমিশন রিসার্চ অফিসার ২০১০; স্কুল উন্নয়ন কর্মকর্তা ১৯৯৯; দুর্নীতি দমন ব্যুরোর সহকারী উপপরিদর্শক ২০০৪; জাতীয় সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক ২০০৯; অবসর পরিদপ্তরের সহকারী পরিচালক ২০০৬
উত্তর : খ

Hints : প্রথম ৪টি সংখ্যার গড় ৫২

∴ " ৪ " " সমষ্টি = ৫২ × ৪ = ২০৮

শেষের ৫ " " গড় ৩৮

" ৫ " " সমষ্টি = ৩৮ × ৫ = ১৯০

∴ ৯টি সংখ্যার সমষ্টি = (২০৮ + ১৯০) = ৩৯৮

∴ ৫ম সংখ্যাটি = (৪৬২ − ৩৯৮) = ৬৪

৬১. প্রথম ও দ্বিতীয় সংখ্যার গড় ২৫। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার গড় ৩০ হলে, তৃতীয় সংখ্যাটি কত?

ক ২৫ খ ৪০ গ ৯০ ঘ ৫০

৬ষ্ঠ প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১০
উত্তর : খ

Hints : দুইটি সংখ্যার গড় ২৫

∴ " " সমষ্টি = ৫০

তিনটি সংখ্যার গড় ৩০

∴ " " সমষ্টি = ৯০

তাহলে, তৃতীয় সংখ্যাটি = (৯০ − ৫০) = ৪০

৬২. ১০টি সংখ্যার যোগফল ৩৮০। এদের প্রথম ৪টির গড় ৫০ এবং শেষ ৫টির গড় ৩২। পঞ্চম সংখ্যাটি কত?

ক ১০ খ ১৫ গ ২০ ঘ কোনোটিই নয়

খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক/উপ-খাদ্য পরিদর্শক/উচ্চমান সহকারী/অডিটর/সুপারভাইজার ২০০৯
উত্তর : গ

Hints : ৫ম সংখ্যা = ৩৮০ − (৪ × ৫০ + ৫ × ৩২) = ৩৮০ − ৩৬০ = ২০

৬৩. ৭টি সংখ্যার গড় ৪০। এর সাথে ৩টি সংখ্যা যোগ করা হলো। সংখ্যা ৩টির গড় ২১। সমষ্টিগতভাবে ১০টি সংখ্যার গড় কত?

ক ৬.১ খ ৩০.১ গ ৩৪.৩ ঘ কোনোটিই নয়

Hints : ৭টি সংখ্যার সমষ্টি = ৪০ × ৭ = ২৮০

৩টি ,, ,, = ২১ × ৩ = ৬৩

∴ ১০টি ,, ,, = ২৮০ + ৬৩ = ৩৪৩

∴ ১০টি সংখ্যার গড় = $\frac{৩৪৩}{১০}$ = ৩৪.৩

খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক/ সহকারী অপারেটর/ সাঁটমুদ্রাক্ষরিক/ সাঁটলিপিকার ২০০৯; মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন অডিটর/ জুনিয়র অডিটর ২০১১
উত্তর : গ

৬৪. On Saturday, 20 of the students in a class took a test and their average score was 80. On Tuesday, the other 5 students took the test, and their average score was 90. What was the average for the entire class?

ক 82 খ 84 গ 85 ঘ 88 ঙ None of these

Hints : *Average score of entire class* = $\frac{20\times80+5\times90}{20+5}$ = 82

Dhaka Bank Ltd. MTO 2011
উত্তর : ক

৬৫. After scoring 85 runs in the 17th innings, a batsman's average run increases by 3. What was his average before the 17th?

ক 88 runs খ 82 runs গ 34 runs ঘ 37 runs

Hints : *Let, average before 17th innings x*

∴ $\frac{16x+85}{17} = x+3$

$\Rightarrow 16x + 85 = 17x + 51$

$\therefore x = 34$

Bangladesh Krishi Bank Officer (Cash) 2011
উত্তর : গ

৬৬. ১১ জন লোকের গড় ওজন ৭০ কেজি। ৯০ কেজি ওজনের একজন লোক চলে গেলে বাকি লোকদের গড় ওজন কত?

ক ৬২ কেজি খ ৬৮ কেজি গ ৮০ কেজি ঘ ৭২ কেজি

Hints : ১১ জনের ওজনের গড় ৭০ কেজি

∴ ১১ " " সমষ্টি = (৭০ × ১১) কেজি

৯০ কেজি ওজনের একজন চলে যাওয়ায় বর্তমানে ওজন = (৭৭০ − ৯০) কেজি = ৬৮০ কেজি

একজন চলে যাওয়ায় বর্তমানে ১০ জনের বয়সের গড় = $\frac{৬৮০}{১০}$ কেজি = ৬৮ কেজি।

প্রধানমন্ত্রীর কার্যালয়ে পার্সোনাল অফিসার ২০০৪; পিএসসি কর্তৃক নির্ধারিত ১২টি পদ ২০০১
উত্তর : খ

৬৭. একজন বোলার গড়ে ২০ রান দিয়ে ১২টি উইকেট পান। পরবর্তী খেলায় গড়ে ৪ রান দিয়ে ৪টি উইকেট পান। এখন তার উইকেট প্রতি গড় রান কত?

ক ১৬ খ ১৭ গ ১৮ ঘ ২০

Hints : মোট রান = (১২ × ২০) + (৪ × ৪) = ২৫৬

মোট উইকেট = ১২ + ৪ = ১৬

∴ উইকেট প্রতি গড় রান = $\frac{২৫৬}{১৬}$ = ১৬

প্রাথমিক প্রধান শিক্ষক ২০০৯ (শাপলা)
উত্তর : ক

৬৮. একজন বোলার গড়ে ১৪ রান দিয়ে ১২টি উইকেট পান। পরবর্তী খেলায় গড়ে ৬ রান দিয়ে ৪টি উইকেট পান। এখন তার উইকেট প্রতি গড় রান কত?

ক ৯ খ ১০ গ ১২ ঘ ১৪

Hints : মোট রান = (১৪ × ১২) + (৬ × ৪) = ১৯২

মোট উইকেট = (১২ + ৪) = ২৬

উইকেট প্রতি গড় রান = $\frac{১৯২}{১৬}$ = ১২

প্রাথমিক প্রধান শিক্ষক ২০০৯ (পদ্ম)
উত্তর : গ

৬৯. একজন ক্রিকেটারের ১০ ইনিংসের রানের গড় ৪৫.৫। ১১তম ইনিংসে কত রান করে আউট হলে সব ইনিংস মিলিয়ে তার রানের গড় ৫০ হবে?

ক ৫৫ রান খ ৪৫ রান গ ১০০ রান
ঘ ৯৫ রান ঙ কোনোটিই নয়

কৃষি অধিদপ্তরের উপসহকারী কৃষি কর্মকর্তা ২০১১
উত্তর : ঘ

Hints : ১০ ইনিংসের রানের সমষ্টি = (৪৫.৫ × ১০) বা ৪৫৫ রান
১১ " " " = (৫০ × ১১) বা ৫৫০ রান
∴ ১১তম ইনিংসে আউট হতে হবে = (৫৫০ − ৪৫৫) রান = ৯৫ রানে

৭০. Having scored 98 runs in the 19th innings, a cricketer increases his average score by 4. What will be his average score after the 19th innings?

ক 22 খ 24 গ 28 ঘ 26 ঙ None of the above

Social Islami Bank Ltd. Probationary Officer 2011
উত্তর : ঘ

Hints : *Let, average score of the cricketer after 18 innings is x.*
According to the question,

$$\frac{18\times x+98}{19}=x+4$$
$$\Rightarrow 18x+98=19x+76$$
$$\Rightarrow 19x-18x=98-76$$
$$\therefore x=22$$
$$\therefore x+4=22+4=26$$

৭১. The average of 5 quantities is 6. The average of 3 of them is 8. What is the average of the remaining two numbers?

ক 6.5 খ 4 গ 3 ঘ 3.5

ইসলামী ব্যাংক বাংলাদেশ লি. সহকারী অফিসার গ্রেড-৩ (নারী) ২০১২
উত্তর : গ

Hints : *Total of 5 quantities* $=5\times6=30$
Total of three quantities $=3\times8=24$
$\therefore$ *Average of the remaining 2 numbers* $=\frac{30-24}{2}=3$

৭২. কোনো শ্রেণিতে ২০ জন ছাত্রীর বয়সের গড় ১২ বছর। ৪ জন নতুন ছাত্রী ভর্তি হওয়ায় বয়সের গড় ৪ মাস কমে গেল। নতুন ৪ জন ছাত্রীর বয়সের গড় কত?

ক ৮ বছর খ ৯ বছর গ ১০ বছর ঘ ১১ বছর

প্রাথমিক প্রধান শিক্ষক ২০০৯ (বেলী); প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২ (পদ্ম)
উত্তর : গ

Hints : ২০ জন ছাত্রীর বয়সের গড় = ১২ বছর
∴ ২০ " " মোট বয়স = ১২ × ২০ = ২৪০ বছর
২৪ জন ছাত্রীর বয়সের গড় $=১২-\frac{৪}{১২}=\frac{৩৫}{৩}$ বছর
∴ ২৪ জন " মোট বয়স $=\frac{৩৫}{৩}\times২৪=২৮০$ বছর
∴ ৪ জন ছাত্রীর মোট বয়স = ২৮০ − ২৪০ বছর
∴ ৪ জন ছাত্রীর গড় বয়স $=\frac{৪০}{৪}=১০$ বছর

৭৩. The average of a series of consecutive odd numbers is 33. If there are 7 numbers in the series, what is the lowest number in the series?

ক 25 খ 27 গ 29 ঘ 37 ঙ 39

Hints : *Let, numbers are x, x + 2, x + 4, x + 6, x + 8, x + 10 and x + 12*

$$\frac{x+(x+2)+(x+4)+(x+6)+(x+8)+(x+10)+(x+12)}{7}=33$$

$$\Rightarrow \frac{7x+42}{7}=33$$

$$\Rightarrow x+6=33$$

$$\therefore x=27$$

Bangladesh Bank Asst. Director 2011
উত্তর : খ

৭৪. The cost function of a product is 400 + 2x, where x is the number of units produced. How many units should be produced to make an average cost of Taka 2.5 per unit?

ক 200 খ 800 গ 400 ঘ 720 ঙ 900

Hints : $\frac{400+2x}{x}=2.5$

$\Rightarrow 400+2x=2.5x$

$\Rightarrow 0.5x=400$

$\therefore x=800$

Bangladesh Bank Cash Officer 2011
উত্তর : খ

৭৫. Salim gets grades of 79, 83, 86, and 89 on four math tests. What grade must he get on his fifth test to average 85?

ক 86 খ 3 গ 87 ঘ $87\frac{1}{2}$ ঙ 88

Hints : *Average of 5 test = 85*

∴ Total of 5 test = 85 × 5 = 425

Total of 4 test = 79 + 83 + 86 + 89 = 337

5 test score = 425 − 337 = 88

Bangladesh Bank Cash Officer 2011
উত্তর : ঙ

৭৬. The average age of a group of 12 students is 20 years. If 4 more students join the group, the average age increases by 1 year. The average age of the new students is.

ক 24 খ 26 গ 23 ঘ 22

Hints : *Total ages of 12 students = 12 × 20 = 240 years*

Again, total ages of 16 students = 16 × 21 = 336 years

∴ Total ages of 4 students = 336 − 240 = 96 years.

∴ Average ages of 4 students $=\frac{96}{4}=24$ *years*

ইসলামী ব্যাংক বাংলাদেশ লি. সহকারী অফিসার গ্রেড-৩ (নারী) ২০১২
উত্তর : ক

৭৭. The average wages of a worker during a fortnight comprising 15 consecutive working days was Tk. 90 per day. During the first 7 days, his average wages was Tk. 87/day and the average wages during the last 7 days was tk. 92/day. What was his wage on the 8th day?

ক Tk. 83 খ Tk. 92 গ Tk. 90 ঘ Tk. 97

Hints : *Total wages of 15 days = 90 × 15 = Tk. 1350*

Total wages of first 7 days = 87 × 7 = Tk. 609

Total wages of lest 7 days = 92 × 7 = Tk. 644

∴ Wage on 8th day = 1350 − (609 + 644) = Tk. 97

ইসলামী ব্যাংক বাংলাদেশ লি. সহকারী অফিসার গ্রেড-৩ (নারী) ২০১২; ইসলামী ব্যাংক বাংলাদেশ লি. প্রবেশনারী অফিসার (নারী) ২০১২
উত্তর : ঘ

৭৮. If the average (arithmetic mean) of 5 consecutive integers is 12, what is the sum of the least and the greatest of the integers?

ক 14 খ 12 গ 11 ঘ 24 ঙ 10

Hints : *Let, 5 consecutive numbers are x, (x + 1), (x + 2), (x + 3), (x + 4)*

$x + (x+1) + (x+2) + (x+3) + (x+4) = 12 \times 5$

$\Rightarrow 5x + 10 = 60$

$\Rightarrow 5x = 50$

$\therefore x = 10$

$\therefore x + 4 = 10 + 4 = 14$

$\therefore$ *Least integer 10 and greatest integer 14.*

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের প্রভাষক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন ২০০৫; AB Bank Ltd. Management Trainee 2011
উত্তর : ঘ

৭৯. **The average weight of a group of 30 friends increases by 1 kg when the weight of their football coach was added. If average weight of the group after including the weight of the football coach is 31 kgs, what is the weight of their football coach in kgs?**

ক 31 kgs খ 61 kgs গ 60 kgs ঘ 62 kgs

Hints : *Total weight of 30 friends including the coach = 31 × 31 = 961 kgs.*

Again, total weight of 30 friends = 30 × 30 = 900 kgs.

$\therefore$ *Weight of coach = (961 − 900) = 61 kgs.*

ইসলামী ব্যাংক বাংলাদেশ লি. প্রবেশনারী অফিসার (নারী) ২০১২
উত্তর : খ

৮০. ১০টি সংখ্যার যোগফল ৪০০। এদের প্রথম ৬ টির গড় ৪০ এবং শেষ ৬ টির গড় ৩০। ষষ্ঠ সংখ্যাটি কত?

ক ২০ খ ৩০ গ ৪০ ঘ কোনোটিই নয়

Hints : *প্রথম ৬টি সংখ্যার সমষ্টি = ৬ × ৪০ = ২৪০*

শেষ ৬টি সংখ্যার সমষ্টি = ৬ × ৩০ = ১৮০

এখানে, পঞ্চম ও ষষ্ঠ সংখ্যা উভয় সমষ্টির মধ্যেই রয়েছে।

ধরি, পঞ্চম ও ষষ্ঠ সংখ্যাদ্বয় যথাক্রমে ক ও খ

প্রশ্নমতে, ২৪০ − (ক + খ) + ১৮০ − (ক + খ) + (ক + খ) = ৪০০

বা, ৪২০ − (ক + খ) = ৪০০

বা, ক + খ = ৪২০ − ৪০০

∴ ক + খ = ২০

দুর্নীতি দমন কমিশনে উপসহকারী পরিচালক ২০১০
উত্তর : ঘ

৮১. **The average of three numbers is 24. If two of the numbers are 21 and 23, the third number is—**

ক 24 খ 26 গ 28 ঘ 30

Hints : *Let, third number is x*

$\therefore \frac{x+21+23}{3} = 24$

$\therefore x = 72 - 44 = 28$

Uttara Bank Ltd. Asst. Officer (Cash) 2011
উত্তর : গ

৮২. **The average temperature on Wednesday, Thursday and Friday was 250. The average temperature on Thursday, Friday and Saturday was 240. If the temperature on Saturday was 270, what was the temperature on Wednesday?**

ক 240 খ 210 গ 270 ঘ 300

Hints : *Total temperature of Wednesday, Thursday and Friday = 250 × 3 = 750*

Total temperature of Thursday, Friday and Saturday = 240 × 3 = 720

Total temperature of Thursday and Friday = 720 − 270 = 450

$\therefore$ *Temperature of Wednesday = 750 − 450 = 300*

ইসলামী ব্যাংক বাংলাদেশ লি. সহকারী অফিসার গ্রেড-৩ (নারী) ২০১২
উত্তর : ঘ

৮৩. If Taka 4,500 was invested in a bond fund when the price per share was Tk. 9.00 and Taka 3,000 was invested in the fund when the price per share was Tk. 10.00, what was the average price per share purchased?

(ক) Tk. 9.625 (খ) Tk. 9.50 (গ) Tk. 9.40 (ঘ) Tk. 9.375

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)-এর কর্মকর্তা ২০০৪
উত্তর : ঘ

Hints : *Total Number of share* $= \frac{4500}{9.00} + \frac{3,000}{10.00} = 500 + 300 = 800$

$\therefore$ *Average Price per share* $= \frac{4,500+3,000}{800} = 9.375$

৮৪. If Tk. 4500 was invested in a share when the price per share was Tk. 90 and Tk. 30,000 was invested when the price per share was Tk. 60, what was the average price per share purchased?

(ক) Tk. 810 (খ) Tk. 65 (গ) Tk. 90 (ঘ) Tk. 75 (ঙ) Tk. 85

Agrani Bank Limited Officer 2010
উত্তর : অপশনে সঠিক উত্তর নেই

Hints : *Total number of share* $= \frac{4500}{90} + \frac{30000}{60} = 50 + 500 = 550$

$\therefore$ *Average price per share* $= \frac{4,500+30,000}{550} =$ *Tk. 62.73*

৮৫. Jenny's average on 4 exams is 80. Assuming she cannot earn more than 100 on any exam, what is the least she can earn on her 5th exam and still have a chance for an average of 84 after seven exams?

(ক) 68 (খ) 75 (গ) 82 (ঘ) 84 (ঙ) None of these

Dhaka Bank Ltd. MTO 2011
উত্তর : ক

Hints : *Total no of Jenny after 4 exam* $= 80 \times 4 = 320$

Total no of Jenny after 7 exam $= 84 \times 7 = 588$

$\therefore$ *Total no of Jenny 5th, 6th and 7th exam* $= 588 - 320 = 268$

She can earn highest 200 marks on 6th and 7th exam

$\therefore$ *She must earned at least* $(268 - 200) = 68$ *marks on 5th exam.*

৮৬. Average of 17 even consecutive integers is 42. What is the third integer from the beginning of the series when the integers are arranged in an increasing sequence?

(ক) 28 (খ) 29 (গ) 30 (ঘ) 34 (ঙ) 36

Bangladesh Bank Asst. Director 2011
উত্তর : গ

Hints : $\frac{17+1}{2} = 9$

So 9th number in the series is 42

$\therefore$ *1st number in the series* $= 42 - 8 \times 2 = 26$

$\therefore$ *3rd number in the series* $= 26 + 2 \times 2 = 30$

অধ্যায় ৮

ঐকিক নিয়ম

UNITARY METHODS

ঐকিক নিয়ম (Unitary Methods) :

ঐকিক নিয়ম হলো গণিতের এমন একটা শাখা যেখানে এক জাতীয় কিছু জিনিসের দাম বা পরিমাণ জানা থাকলে এর ওপর ভিত্তি করে নির্দিষ্ট সংখ্যক জিনিসের দাম বা কাজের পরিমাণ নির্ণয় করা যায়। এ পদ্ধতিটি এককের দাম বা পরিমাণ বের করার ওপর নির্ভর করে বিধায় একে ঐকিক নিয়ম বলা হয়।

গণিতের এ অংশে প্রথমে উল্লিখিত কোনো কিছুর দাম বা পরিমাণ থেকে একটির দাম বা পরিমাণ বের করতে হয়। অতঃপর যতটা জিনিসের দাম বা পরিমাণ জানতে চাওয়া হয় তা নির্ণয় করতে হয়।

এক্ষেত্রে দুটি নিয়ম প্রযোজ্য। যেমন—

নিয়ম-০১ : দ্রব্য বা জিনিসের পরিমাণ কমলে দামও সে অনুপাতে কমবে এবং দ্রব্য বা জিনিসের পরিমাণ বাড়লে দামও সে অনুপাতে বাড়বে। যেমন—

৫ সেট বইয়ের দাম ২৫০০ টাকা

∴ ১ " " " ২৫০০ ÷ ৫ " বা ৫০০ টাকা

∴ ৩ " " " ৫০০ × ৩ " বা ১৫০০ টাকা

এখানে প্রথমে ৫ সেট বইয়ের পরিমাণ কমে ১ সেট হওয়ায় দামও সেট অনুপাতে কমে ২৫০০ ÷ ৫ = ৫০০ টাকা হয়েছে।

আবার, ০১ সেট বইয়ের দাম ৫০০ টাকা হওয়ায় ৩ সেট বইয়ের দাম সেই অনুপাতে বেড়ে ৫০০ × ৩ = ১৫০০ টাকা হয়েছে।

নিয়ম-০২ : কোনো কাজে লোকসংখ্যা কমলে কাজের সময় সেই অনুপাতে বাড়বে এবং লোকসংখ্যা বাড়লে কাজের জন্য প্রয়োজনীয় সময় সেই অনুপাতে কমবে। যেমন—

১০ জন লোকের একটি গর্ত খুড়তে সময় লাগে ৮ দিন

∴ ১ " " " " " " " ৮ × ১০ = ৮০ দিন

∴ ৫ " " " " " " " $\frac{৮০}{৫}$ = ১৬ দিন

এখানে ১০ জনের গর্ত খুড়তে যে সময় লাগে ১ জনের সেই গর্ত খুড়তে সেই অনুপাতে সময় (৮ × ১০ = ৮০ দিন) বেশি লাগে।

আবার, ১ জনের ৮০ দিন লাগলে ৫ জনের সেই অনুপাতে সময় (৮০ ÷ ৫ = ১৬ দিন) কম লাগে।

অর্থাৎ নিয়ম যাই হোক না কেন ১টির দাম বা ১ জনের কাজ বা ১ জনের খাদ্য এভাবে ১টিতে (এককে) এসে তবেই নির্দিষ্ট সংখ্যার দাম বা সময় ইত্যাদিতে পৌঁছাতে হবে।

সর্বোপরি বলা যায়, এককের মান নির্ধারণ করে অনেক সমস্যার সমাধান করা যায়। সমাধানের এ পদ্ধতি বা নিয়মকে ঐকিক নিয়ম বলা হয়।

Working Tools

UNITARY METHODS

জিনিসের সংখ্যা বাড়লে দাম বাড়ে, তেমনি শ্রমিক বা সম্পত্তির পরিমাণ বাড়লে যথাক্রমে মজুরি বা খাজনার পরিমাণও বৃদ্ধি পায়। এছাড়া কিছু ব্যতিক্রম রয়েছে। সেগুলো নিম্নরূপ :

ক. নির্দিষ্ট সময়ে কতিপয় লোক কোনো কাজ সম্পন্ন করতে পারলে লোকসংখ্যা দ্বিগুণ হলে সময় অর্ধেক হয়। লোকসংখ্যা অর্ধেক হলে সময় দ্বিগুণ হয়। লোকসংখ্যা স্থির থাকলে কাজ যত বেশি হয় সময় তত বেশি লাগে।

খ. নির্দিষ্ট বেগে কোনো পথ অতিক্রম করলে বেগ দ্বিগুণ হলে সময় অর্ধেক হবে, বেগ $\frac{১}{৪}$ অংশ হলে সময় ৪ গুণ হবে, বেগ স্থির থাকলে পথ যত বাড়বে সময়ও তত বাড়বে।

গ. নির্দিষ্ট খাদ্য থাকলে, লোকসংখ্যা বেড়ে যত ভাগ হয়, সময় হ্রাস পেয়ে তত ভাগ হয়, লোকসংখ্যা কমে যত ভাগ হয়, সময় বেড়ে তত গুণ হয়।

Question Bank as Self Test

১. পানি ভর্তি ১টি বালতির ওজন ১২ কেজি। বালতির অর্ধেক পানি ভর্তি হলে তার ওজন দাঁড়ায় ৭ কেজি। খালি বালতির ওজন কত?

ক ৫ কেজি খ ৭ কেজি গ ২ কেজি ঘ ১ কেজি

পরিবার পরিকল্পনা অধিদপ্তর নিয়োগ পরীক্ষা ২০১৪
উত্তর : গ

Hints : *সম্পূর্ণ পানি + বালতির ওজন = ১২ কেজি*

$\frac{১}{২}$ (অর্ধেক) পানির ওজন + বালতির ওজন = ৭ কেজি

$\therefore \frac{১}{২}$ (অর্ধেক) পানির ওজন = ৫ কেজি

সুতরাং সম্পূর্ণ পানির ওজন = (৫ × ২) = ১০ কেজি

∴ খালি বালতির ওজন = (১২ − ১০) = ২ কেজি।

২. ১৫টি ছাগলের মূল্য ৩টি গরুর মূল্যের সমান। ২০টি ছাগলের পরিবর্তে কয়টি গরু পাওয়া যাবে?

ক ৪টি খ ৫টি গ ৬টি ঘ ১০টি

পরিবার পরিকল্পনা অধিদপ্তর নিয়োগ পরীক্ষা ২০১৪
উত্তর : ক

Hints : *১৫টি ছাগলের মূল্য = ৩টি গরুর মূল্য*

∴ ১ " " = $\frac{৩}{১৫}$ " " "

∴ ২০ " " $\frac{৩ \times ২০}{১৫}$ = ৪টি গরুর মূল্য

সুতরাং ২০টি ছাগলের পরিবর্তে ৪টি গরু পাওয়া যাবে।

৩. যদি ২০ জন লোক একটি কাজের অর্ধেক করতে পারে ৩০ দিনে তবে ঐ একই কাজ ৫০ দিনে করতে অতিরিক্ত কত জন লোক লাগবে?

ক ৮ জন খ ১০ জন গ ৪ জন ঘ ৬ জন
ঙ কোনোটিই নয়

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা ২০১৪
উত্তর : গ

Hints : ২০ জনে $\frac{১}{২}$ অংশ করে = ৩০ দিনে

" " ১ " " = (৩০ × ২) "
= ৬০ দিনে

কাজটি,
৬০ দিনে করতে পারে ২০ জন লোকে
∴ ১ " " " = ২০ × ৬০ "
∴ ৫০ " " " = $\frac{২০ \times ৬০}{৫০}$ "
= ২৪ জন লোকে।

সুতরাং অতিরিক্ত লোক লাগছে = (২৪ − ২০) জন
= ৪ জন।

৪. একটি ছাত্রাবাসে ১৫ জন ছাত্রের ৩২ দিনের খাদ্য আছে। কয়েকজন নতুন ছাত্র আসায় ২০ দিনে ঐ খাদ্য শেষ হলে নতুন ছাত্রের সংখ্যা কত?
(ক) ৯ জন (খ) ১৭ জন (গ) ২০ জন (ঘ) ২৪ জন

পল্লী উন্নয়ন বোর্ডের মাঠ সংগঠক ২০১৪
উত্তর : ক

Hints : ৩২ দিনের খাদ্য আছে ১৫ জন ছাত্রের
∴ ১ " " " = ১৫ × ৩২ " "
∴ ২০ " " " = $\frac{১৫ \times ৩২}{২০}$ = ২৪ জন ছাত্রের

সুতরাং নতুন ছাত্রের সংখ্যা (২৪ − ১৫) = ৯ জন।

৫. If 12 carpenters, working 6 hours a day, can make 460 chairs in 24 days, how many chairs will 18 carpenters make in 36 days, each working 8 hours a day?
(ক) 1260 (খ) 1320 (গ) 920 (ঘ) 1380

পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিস্টেন্ট ম্যানেজার ২০১৪
উত্তর : ঘ

Hints : *Total work time for 12 carpenters is*
$= 12 \times 6 \times 24$ *hours*
$= 72 \times 24$ *hours*

Total work time for 18 carpenters is $= 18 \times 8 \times 36$ *hours*
$= 144 \times 36$ *hours*

In 72×24 *hours they can make 460 chairs*
∴ " 1 " " " " $\frac{460}{72 \times 24}$ "
∴ " 144×36 " " " " $\frac{460 \times 144 \times 36}{72 \times 24}$ "
= 1380 *chairs*

Ans : 1380 chairs.

৬. A and B can do a work in 12 days, B and C in 15 days, C and A in 20 days. If A, B and C work together, they will complete the work in :
(ক) 5 days (খ) $7\frac{5}{6}$ days (গ) 10 days (ঘ) $15\frac{2}{3}$ days

পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিস্টেন্ট ম্যানেজার ২০১৪
উত্তর : গ

Hints : *(A + B) can do in 1 day* $= \frac{1}{12}$ *th of the work*
(B + C) " " " " $= \frac{1}{15}$ " " "
and (C + A) " " " " $= \frac{1}{20}$ " " "

So, In 1 day $2(A+B+C)$ can do $\left(\frac{1}{12}+\frac{1}{15}+\frac{1}{20}\right)$ portion

$$=\left(\frac{5+4+3}{60}\right) \text{ ,,}$$

$$=\frac{12}{60} \text{ portion}$$

$$=\frac{1}{5} \text{ portion}$$

$\therefore$ In 1 day $(A+B+C)$ can do $=\frac{1}{5\times 2}$ portion

$$=\frac{1}{10} \text{ portion}$$

$(A+B+C)$ can do $\frac{1}{10}$ portion in 1 day

$\therefore$,, ,, ,, 1 ,, ,, $= 1 \times 10$ days

$= 10$ days.

৭. A can run 22.5 m while B runs 25 m. In a kilometre race B beats A by :

ক 100 m খ $111\frac{1}{9}$ m গ 25 m ঘ 50 m

Hints : B runs 25.0 m

A runs 22.5 m

So, B beats A by $(25.0-22.5)m = 2.5$ m

1km = 1000 m

In 25 m B beats A by 2.5 m

,, 1 ,, B ,, A ,, $\frac{2.5}{25}$,,

$\therefore$,, 1000 ,, B ,, A ,, $=\frac{2.5\times 1000}{25}$,,

$= 100$ m

Ans. 100 m

পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিস্টেন্ট ম্যানেজার ২০১৪
উত্তর : ক

৮. তিনদিনে একটি কাজের ১/২৯ অংশ শেষ হলে ঐ কাজের তিনগুণ কাজ করতে কত দিন লাগবে?

ক ২৯ দিন খ ৮৭ দিন গ ৩০০ দিন ঘ ৩০০ দিন

Hints : $\frac{১}{২৯}$ অংশ কাজ শেষ হয় ৩ দিনে

$\therefore$ ১ অংশ কাজ শেষ হয় = ৩ × ২৯ ,, = ৮৭ দিনে

$\therefore$ কাজটির ৩ গুণ কাজ শেষ করতে সময় লাগবে

= (৮৭ × ৩) দিন

= ২৬১ দিন।

[Note : প্রদত্ত অপশনে সঠিক উত্তর নেই]

পল্লী উন্নয়ন বোর্ড-এর মাঠকর্মী ২০১৪
উত্তর : অপশনে সঠিক উত্তর নেই।

৯. ৮ জন লোক একটি কাজ ১৮ দিনে করতে পারে। কাজটি ৬ দিনে করতে হলে কতজন নতুন লোক নিয়োগ করতে হবে?

ক ২৪ জন খ ১৬ জন গ ১২ জন ঘ ৮ জন

ঙ কোনোটিই নয়

Hints : ১৮ দিনে করতে পারে ৮ জন লোক

∴ ১ ,, ,, ,, ৮ × ১৮ ,, ,,

∴ ৬ ,, ,, ,, $\frac{৮ \times ১৮}{৬}$,, ,,

= ২৪ জন লোক

∴ নতুন লোক নিয়োগ করতে হবে (২৪ - ৮) জন = ১৬ জন।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান জুনিয়র অ্যাসিসটেন্ট অফিসার ২০১৪ উত্তর : ঘ

১০. ১২ জন চাষীর একটি জমির ফসল কাটতে ১৪ দিন লাগল। ২১ জন চাষীর ঐ জমির ফসল কাটতে কত দিন লাগবে?

(ক) ৫ দিন (খ) ৬ দিন (গ) ৭ দিন (ঘ) ৮ দিন

(ঙ) কোনোটিই নয়

Hints : ১২ জন চাষীর সময় লাগে ১৪ দিন

∴ ১ ,, ,, ,, ,, ১২ × ১৪ ,,

∴ ২১ ,, ,, ,, ,, $\frac{১২ \times ১৪}{২১}$ = ৮ দিন।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান জুনিয়র অ্যাসিসটেন্ট অফিসার ২০১৪ উত্তর : ঘ

১১. ৬টি গরুর দাম ১৫টি ছাগলের দামের সমান হলে, ১০টি ছাগলের পরিবর্তে কতটি গরু পাওয়া যাবে?

(ক) ২০টি (খ) ২৫টি (গ) ৩০টি (ঘ) ২২টি

(ঙ) কোনোটিই নয়

Hints : ১৫ টি ছাগলের দাম = ৬ টি গরুর দাম

∴ ১ ,, ,, ,, = $\frac{৬}{১৫}$,, ,, ,,

∴ ১০ ,, ,, ,, = $\frac{৬ \times ১০}{১৫}$

= ৪টি গরুর দাম

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান জুনিয়র অ্যাসিসটেন্ট অফিসার ২০১৪ উত্তর : ঙ

১২. ৫ টন খাবারে ১২০টি হাতির ৫৫ দিন চলে। ১৫০টি হাতির ঐ খাবারে কত দিন চলবে?

(ক) ২৫ দিন (খ) ৩৫ দিন (গ) ৪৪ দিন (ঘ) ৫৪ দিন

(ঙ) কোনোটিই নয়

Hints : ৫ টন খাবারে ১২০টি হাতির চলে ৫৫ দিন

∴ ৫ ,, ,, ১ ,, ,, ,, ১২০ × ৫৫ ,,

∴ ৫ ,, ,, ১৫০ ,, ,, ,, $\frac{১২০ \times ৫৫}{১৫০}$,,

= ৪৪ দিন।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান জুনিয়র অ্যাসিসটেন্ট অফিসার ২০১৪ উত্তর : গ

১৩. ১০৫ কেজি ডালের দাম ৩,৬৭৫ টাকা হলে ৬০ কেজি ডালের দাম কত?

(ক) ২,২০০ টাকা (খ) ২,১৫০ টাকা (গ) ২,১০০ টাকা (ঘ) ২,০৫০ টাকা

(ঙ) কোনোটিই নয়

Hints : ১০৫ কেজি ডালের দাম = ৩,৬৭৫ টাকা

∴ ১ ,, ,, ,, = $\frac{৩৬৭৫}{১০৫}$,,

∴ ৬০ ,, ,, ,, = $\frac{৩৬৭৫ \times ৬০}{১০৫}$,,

= ২,১০০ টাকা।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান জুনিয়র অ্যাসিসটেন্ট অফিসার ২০১৪ উত্তর : গ

১৪. ৮ জন পুরুষ বা ১৮ জন বালক একটি কাজ ৩৬ দিনে করতে পারে। ১৬ জন পুরুষ ও ১৮ জন বালক সেই কাজের দ্বিগুণ একটি কাজ কত দিনে করতে পারবে?

ক ২৪ খ ২৬ গ ২৮ ঘ ৩০
ঙ ৩২

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান এসিস্টেন্ট অফিসার ২০১৪
উত্তর : ক

Hints : ৮ জন পুরুষের কাজ = ১৮ জন বালকের কাজ

∴ ১ " " " $= \frac{১৮}{৮}$ " " "

∴ ১৬ " " " $= \frac{১৬ \times ১৮}{৮} = ৩৬$ " "

∴ মোট বালক = (৩৬ + ১৮) জন = ৫৪ জন

১৮ জন বালক করে ৩৬ দিনে

∴ ১ " " " = ৩৬ × ১৮ "

∴ ৫৪ " " " $= \frac{৩৬ \times ১৮}{৫৪}$ " = ১২ দিনে

সুতরাং কাজটির দ্বিগুণ করতে পারবে (১২ × ২) দিনে
= ২৪ দিনে

১৫. একটি শিবিরে ৭২০ জন সৈন্যের ২০ দিনের খাবার মজুদ আছে। ১০ দিন পর কিছু নতুন সৈন্যের আগমনের কারণে অবশিষ্ট খাদ্যে তাদের ৮ দিন চলে। শিবিরে কতজন নতুন সৈন্য এসেছিল?

ক ১৭৫ খ ১৯০ গ ১৭০ ঘ ২০০
ঙ ১৮০

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান এসিস্টেন্ট অফিসার ২০১৪
উত্তর : ঙ

Hints : দিন বাকী আছে (২০ − ১০) দিন = ১০ দিন

১০ দিন চলে ৭২০ জন সৈন্যের

∴ ১ " " = ৭২০ × ১০ " "

∴ ৮ " " $= \frac{৭২০ \times ১০}{৮}$ " "

= ৯০০ জন সৈন্যের

∴ শিবিরে নতুন সৈন্য এসেছিল (৯০০ − ৭২০) জন
= ১৮০ জন

১৬. একটি নির্দিষ্ট কাজ শেষ করতে শ্রমিক সংখ্যা দ্বিগুণ করতে হলে, কাজটি করতে পূর্বের কতগুণ সময় লাগবে?

ক ৪ গুণ খ $\frac{১}{৪}$ গুণ গ ২ গুণ ঘ $\frac{১}{২}$ গুণ

১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৪
উত্তর : ঘ

Hints : ধরি, শ্রমিকের সংখ্যা x জন

সুতরাং, শ্রমিক সংখ্যা দ্বিগুণ করলে হয় $2x$ জন

ধরি, x জন করতে পারে y একক সময়ে

1 " " " $= y \times x$

$2x$ " " " $= \frac{y \times x}{2x}$ " "

$= \frac{1}{2}y$ " "

সুতরাং কাজটি করতে পূর্বের $\frac{1}{2}$ গুণ সময় লাগবে।

১৭. ৭ জন লোক একদিনে একটি কাজের $\frac{১}{৭}$ অংশ করে। ৭ দিনে একজন লোক ঐ কাজের কত অংশ করতে পারব?

ক $\frac{১}{৪৯}$ অংশ খ $\frac{১}{১৪}$ অংশ গ $\frac{১}{৭}$ অংশ ঘ সম্পূর্ণ কাজ

Hints : ১ দিনে ৭ জন লোক করে $\frac{১}{৭}$ অংশ

$\therefore$ ১ " ১ " " " $= \frac{১}{৭\times৭}$ "

$\therefore$ ৭ " ১ " " " $= \frac{৭}{৭\times৭}$ "

$= \frac{১}{৭}$ অংশ।

১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৪ (স্কুল পর্যায়-২) উত্তর : গ

১৮. ৩ দিনে একটি কাজের $\frac{১}{১৮}$ অংশ শেষ হলে, ঐ কাজের ৪ গুণ কাজ করতে কতদিন লাগবে?

ক ২১৬ দিন খ ৫৪ দিন গ ২৪ দিন ঘ ২৪৩ দিন

Hints : কাজটির $\frac{১}{১৮}$ অংশ শেষ করতে সময় লাগে = ৩ দিন

" ১ বা সম্পূর্ণ " " " " $= \frac{৩\times১৮}{১}$ " = ৫৪ দিন

$\therefore$ ঐ কাজের চার (৪) গুণ কাজ করতে সময় লাগবে = ৫৪ × ৪ দিন = ২১৬ দিন।

১০ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৪ উত্তর : ক

১৯. একটি বালতির ভেতরের আয়তন ১.৫ লিটার হলে ৪৫০ লিটারে কত বালতি পানি হবে?

ক ৩০০ বালতি খ ৪৫০ বালতি গ ৫০০ বালতি ঘ ৬৭৫ বালতি ঙ কোনোটিই নয়

Hints : $\frac{৪৫০}{১.৫}$ = ৩০০ বালতি।

বাংলাদেশ গ্যাস ফিল্ড কোম্পানি সহকারী ব্যবস্থাপক ২০১১ উত্তর : ক

২০. যদি ১৫টি কলমের দাম ৪৬.৫ টাকা হয় তাহলে ২টি কলমের দাম কত?

ক ১০ টাকা খ ৪.৫ টাকা গ ৬.২ টাকা ঘ ১২ টাকা

Hints : ১৫টি কলমের দাম ৪৬.৫ টাকা

$\therefore$ ২টি কলমের দাম $\frac{৪৬.৫\times২}{১৫}$ "

= ৬.২ টাকা।

মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন অডিটর ২০১১ উত্তর : গ

২১. A car wash centre washes 10 cars in half an hour. At THIS RATE how many cars can it wash in 4 hours?

ক 60 খ 20 গ 96 গ 80 ঙ None of them

Hints : In $\frac{1}{2}$ hr car center washes 10 cars

$\therefore$ " 4hr " " " $= \frac{10\times2\times4}{1}$

= 80 cars

Pubali Bank Ltd. Senior Officer/Officer 2011 উত্তর : ঘ

২২. তিনটি ছাপাখানা একটি কাজ ৬০ মিনিটে করতে পারে। পাঁচটি ছাপাখানা কত মিনিটে করতে পারবে?

ক ১৫ খ ২০ গ ৩০ ঘ ৩৬

Hints : ৩টি ছাপাখানা কাজ করে ৬০ মিনিটে

$\therefore$ ৫ " " " " $\frac{৬০\times৩}{৫}$ = ৩৬ মিনিটে

শ্রম পরিদপ্তরের প্রভাষক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন ২০০৫ উত্তর : ঘ

২৩. ১০ জন লোক একটি কাজ ২০ দিনে করতে পারে। ৮ জন লোকের ঐ কাজটি করতে কতদিন লাগবে?

ক ২৫ দিন খ ২৪ দিন গ ৩০ দিন ঘ ১৬ দিন

Hints : ১০ জন লোক একটি কাজ করতে পারে ২০ দিনে।

$\therefore$ ১ " " " " " " (২০ × ১০) "

$\therefore$ ৮ " " " " " " $= \frac{২০\times১০}{৮}$ "

= ২৫ দিন।

অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী ২০১১ উত্তর : ক

২৪. ১৬ জন লোক একটি কাজ ৬ দিনে করতে পারে। ১২ জন লোক কাজটি কত দিনে করতে পারবে?

ক ৪ দিনে খ ৮ দিনে গ ১২ দিনে ঘ ৩ দিনে

Hints : *১৬ জন লোক কাজ করে ৬ দিনে*

∴ ১২ " " " " $\frac{৬\times১৬}{১২}$ "

= ৮ দিনে।

মাধ্যমিক সহকারী শিক্ষক ২০১১; ২০০৬
উত্তর : খ

২৫. যে কাজটি ৭০ জন শ্রমিক ৩০ দিনে করতে পারে, সে কাজটি ১২ দিনে সম্পন্ন করতে হলে, প্রতিদিন কত জন শ্রমিকের প্রয়োজন হবে?

ক ১৫৫ খ ১৭৫ গ ১৯৫ ঘ ২১৫

Hints : *৩০ দিনে করে ৭০ জন শ্রমিক*

∴ ১ " " ৭০ × ৩০ " "

∴ ১২ " " = $\frac{৭০\times৩০}{১২}$ " "

= ১৭৫ জন শ্রমিক

আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক ২০০৬
উত্তর : খ

২৬. ১৫ জন লোক একটি কাজ শেষ করে ৩ ঘণ্টায়। ৫ জন লোক ঐ কাজ কত সময়ে শেষ করবে?

ক ৫ ঘণ্টায় খ ৭.৫ ঘণ্টায় গ ৯ ঘণ্টায় ঘ ৪ ঘণ্টায়

Hints : *১৫ জন লোক শেষ করে ৩ ঘণ্টায়*

১ জন লোক শেষ করে ৩ × ১৫ ঘণ্টায়

৫ জন লোক শেষ করে $\frac{৩\times১৫}{৫}$ = ৯ ঘণ্টায়

প্রধানমন্ত্রীর কার্যালয়ের পার্সোনাল অফিসার ২০০৪; পরিবেশ অধিদপ্তরে ফিল্ড ইনভেস্টিগেটর এবং রিসার্চ অ্যাসিস্টেন্ট ২০০৬
উত্তর : গ

২৭. ৫০ জন লোক ২০টি নলকূপ বসাতে ১০০ দিন সময় নেয়। তাহলে ২৫ জন লোকের ১০টি নলকূপ বসাতে কত সময় লাগবে?

ক ৪৫ দিন খ ৬০ দিন গ ৮০ দিন ঘ ১০০ দিন

Hints : *৫০ জনের ২০টি নলকূপ বসাতে সময় লাগে = ১০০ দিন।*

∴ ১ " ১ " " " " " = $\frac{১০০\times৫০}{২০}$ "

∴ ২৫ " ১০ " " " " " = $\frac{১০০\times৫০\times১০}{২০\times২৫}$ "

= ১০০ দিন।

বাংলাদেশ টেলিভিশনের বিজ্ঞাপন অধিকারিক (গ্রেড-২) ২০০৬
উত্তর : ঘ

২৮. একটি পুকুর খনন করতে ৩০০ জন লোকের ২৫ দিন লাগে। পুকুরটি ১ দিনে খনন করতে কত জন লোকের দরকার হবে?

ক ৭০০০ জন খ ৭২৫০ জন গ ৭৫০০ জন ঘ ৮০০০ জন

Hints : *২৫ দিনে পুকুরটি খনন করতে লাগে ৩০০ জন লোক*

∴ ১ " " " " " ২৫ × ৩০০ "

= ৭৫০০ জন লোক

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১০ (কপোতাক্ষ)
উত্তর : গ

২৯. একটি কাজ ১৫ জন লোক ১০ দিনে করতে পারে। কত জন লোক ঐ কাজ ১ দিনে সম্পন্ন করতে পারবে?

ক ১০০ জন খ ১৫০ জন গ ২০০ জন ঘ ২৫০ জন

Hints : *১০ দিনে করে ১৫ জন লোক*

∴ ১ " " ১৫ × ১০ = ১৫০ জন লোক।

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১০ (করতোয়া)
উত্তর : খ

৩০. যে পরিমাণ খাদ্যে ১৫ জন লোকের ৪০ দিন চলে ঐ পরিমাণ খাদ্যে ৪০ জন লোকের কত দিন চলবে?

ক ১৫ দিন খ ২০ দিন গ ২৫ দিন ঘ ৩০ দিন

Hints : ১৫ জন লোকের ৪০ দিন

∴ ৪০ " " $= \frac{৪০ \times ১৫}{৪০} =$ ১৫ দিন।

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১০ (হেমন্ত) উত্তর : ক

৩১. যে পরিমাণ খাদ্যে ১৫ জন লোকের ৪০ দিন চলে, ঐ পরিমাণ খাদ্যে ২০ জন লোকের কতদিন চলবে?

ক ২৫ দিন খ ৩০ দিন গ ৩২ দিন ঘ ৩৫ দিন

Hints : ১৫ জন লোকের চলে ৪০ দিন

∴ ২০ " " " $\frac{৪০ \times ১৫}{২০}$ "

= ৩০ দিন।

প্রাথমিক সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তান) ২০১০ (হেমন্ত) উত্তর : খ

৩২. যদি ৬টি ঘোড়া ৪ দিনে ৩০ সের ছোলা খায়, তবে কয়টি ঘোড়া ঐ সময়ে ২৫ সের ছোলা খাবে?

ক ৫টি খ ৬টি গ ৭টি ঘ ৮টি

Hints : ৩০ সের ছোলা খায় ৬টি ঘোড়া

∴ ২৫ " " " $\frac{৬ \times ২৫}{৩০}$ "

= ৫টি ঘোড়া।

প্রাথমিক প্রধান শিক্ষক ২০০৯ (শাপলা) উত্তর : ক

৩৩. যদি ১০টি বলদ ২০ দিনে ৫০ বিঘা জমি চাষ করতে পারে, তবে ১২টি বলদ ১৫ দিনে কত বিঘা জমি চাষ করতে পারবে?

ক ৪২ বিঘা খ ৪৪ বিঘা গ ৪৫ বিঘা ঘ ৪৮ বিঘা

Hints : ১০টি বলদ ২০ দিনে চাষ করে ৫০ বিঘা

∴ ১২ " " ২০ " " " $\frac{৫০ \times ১২}{১০}$ "

∴ ১২ " " ১৫ " " " $\frac{৫০ \times ১২ \times ১৫}{১০ \times ২০}$ "

= ৪৫ বিঘা

প্রাথমিক প্রধান শিক্ষক ২০০৯ (শাপলা) উত্তর : গ

৩৪. যদি ১৫টি বলদ ১০ দিনে ১২ বিঘা জমি চাষ করতে পারে, তবে ৯টি বলদ কত দিনে ১৮ বিঘা জমি চাষ করবে?

ক ২২ দিনে খ ২৫ দিনে গ ২৭ দিনে ঘ ৩০ দিনে

Hints : ১৫টি বলদ ১২ বিঘা জমি চাষ করে ১০ দিনে

∴ ১টি " ১২ " " " " ১০ × ১৫ দিনে

∴ ৯টি " ১২ " " " " $\frac{১০ \times ১৫}{৯}$ দিনে

∴ ৯টি " ১ " " " " $\frac{১০ \times ১৫}{৯ \times ১২}$ দিনে

∴ ৯টি " ১৮ " " " " $\frac{১০ \times ১৫ \times ১৮}{৯ \times ১২}$ দিনে

= ২৫ দিনে।

প্রাথমিক প্রধান শিক্ষক ২০০৯ (শিউলী) উত্তর : খ

৩৫. যদি ১২ জন শ্রমিক ৪ দিনে টাকা ২৮৮০ আয় করে, তবে ৮ জন শ্রমিক কতদিনে সমপরিমাণ টাকা আয় করবে?

ক ৩ দিনে খ ৪ দিনে গ ৫ দিনে ঘ ৬ দিনে

Hints : ১২ জন শ্রমিক আয় করে ৪ দিনে

∴ ১ " " " " ৪ × ১২ "

∴ ৮ " " " " $\frac{৪ \times ১২}{৮}$ " = ৬ দিনে

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২ (সুরমা) উত্তর : ঘ

৩৬. ৮ জন শ্রমিক ৫ দিনে ২৪০০ টাকা আয় করে। ১০ জন শ্রমিক কতদিনে সমপরিমাণ টাকা আয় করবে?

ক ৩ দিনে খ ৪ দিনে গ ৫ দিনে ঘ ৬ দিনে

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২ (করতোয়া) উত্তর : খ

Hints : *৮ জন শ্রমিক আয় করে ৫ দিনে*

∴ ১ " " " " ৮×৫ "

∴ ১ " " " " $\frac{৮\times৫}{১০}$ "

= ৪ দিনে

৩৭. যদি ৫টি বেড়াল ৫টি ইঁদুর ধরে ৫ দিনে, তাহলে ১০০টা বেড়াল ১০০টা ইঁদুর ধরবে–

ক ১ দিনে খ ৫ দিনে গ ২০ দিনে ঘ ১০০ দিনে

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২ (যমুনা) উত্তর : খ

Hints : *৫টি বেড়াল ৫টি ইঁদুর ধরে ৫ দিনে*

১ " " ১ " " " $\frac{৫\times৫}{৫}$ "

∴ ১০০ " " ১০০ " " " $\frac{৫\times৫\times১০০}{৫\times১০০}$ "

= ৫ দিনে

৩৮. ১৫ জনের কোন কাজের অর্ধেক করতে ২০ দিন লাগে, কত দিনে ২০ জন লোক পুরো কাজটি শেষ করতে পারবে?

ক ২০ খ ১৫ গ ৩০ ঘ ৪০

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২ (মেঘনা) উত্তর : গ

Hints : *১৫ জন* $\frac{১}{২}$ *অংশ কাজ করে ২০ দিনে।*

∴ ১ " ১ " " " ২×১৫×২০ "

∴ ২০ " ১ " " " $\frac{২\times১৫\times২০}{২০}$ = ৩০ দিনে।

৩৯. যদি ৬টি ঘোড়া ৪ দিনে ৩০ সের ছোলা খায়, তবে ৮টি ঘোড়া কত দিনে ৩০ সের ছোলা খাবে?

ক ৪ দিনে খ ২ দিনে গ ৩ দিনে ঘ ৬ দিনে

প্রাথমিক প্রধান শিক্ষক ২০০৯ (শিউলী) উত্তর : গ

Hints : *৬টি ঘোড়া খায় ৪ দিনে*

∴ ১টি " " ৪×৬ দিনে

∴ ৮টি " " $\frac{৪\times৬}{৮}$ " = ৩ দিনে।

৪০. ৮ জন লোক একটি কাজ ৬ দিনে করতে পারে। কাজটি ৩ দিনে করতে হলে কতজন নতুন লোক নিয়োগ করতে হবে?

ক ৬ জন খ ৮ জন গ ৭ জন ঘ ১২ জন ঙ কোনোটিই নয়

কৃষি অধিদপ্তরের উপসহকারী কৃষি কর্মকর্তা ২০১১ উত্তর : খ

Hints : *৬ দিনে করে ১টি কাজ ৮ জন লোকে*

∴ ১ " " " " ৮×৬ "

∴ ৩ " " " " $\frac{৮\times৬}{৩}$

= ১৬ জন লোক

∴ *নতুন লোক নিয়োগ দিতে হবে (১৬ + ৮) জন বা ৮ জন।*

৪১. যদি একটি কাজ ৯ জন লোকে ১২ দিনে শেষ করতে পারে, তবে ১২ জন লোক এই কাজটি কতদিনে শেষ করতে পারবে?

(ক) ৯ দিন (খ) ৫ দিন (গ) ১০ দিন

Hints : ৯ জন লোক একটি কাজ করে ১২ দিনে

∴ ১ " " " " " ১২×৯ "

∴ ১২ " " " " " $\frac{১২\times৯}{১২}$ "

= ৯ দিনে।

পরিবার পরিকল্পনা সহকারী/ পরিদর্শক এবং পরিবার কল্যাণ সহকারী ২০১১
উত্তর : ক

৪২. ২০ জন লোক একটি কাজ ১০ দিনে করতে পারে। ঐ কাজ ৫ দিনে সম্পন্ন করতে হলে কতজন লোক দরকার হবে?

(ক) ৬০ জন (খ) ৪০ জন (গ) ৩০ জন (ঘ) ২৫ জন

Hints : ১০ দিনে কাজ করে ২০ জন

∴ ৫ " " " $\frac{১০\times২০}{৫}$ = ৪০ জন।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১১
উত্তর : খ

৪৩. A ferry can carry 24 buses or 36 cars at a time. If there are 9 cars on the ferry, how many buses can be loaded onto it?

(ক) 18 (খ) 16 (গ) 15 (ঘ) 14 (ঙ) None of these

Hints : *36 cars = 24 buses*

$\therefore 9 \text{ cars} = \frac{24\times9}{36} = 6 \text{ buses}$

∴ *No. of buses can be loaded = 24 − 6 = 18.*

Dhaka Bank Ltd. MTO 2011
উত্তর : ক

৪৪. If a car can drive 25 km on two litters of octane, how many litters will be needed for a trip of 150 km?

(ক) 12 (খ) 3 (গ) 6 (ঘ) 7 (ঙ) 10

Hints : *For drive 25 km octane is needed 2 lt*

" " 1 " $\frac{2}{25}$ "

" " 150 " $\frac{2\times150}{25} = 12$

Agrani Bank Limited Officer 2010
উত্তর : ক

৪৫. A 6 meter long pole casts 15 meter long shadow. Find the length of second pole if its shadow is 25 meter.

(ক) 10 meter (খ) 12.5 meter (গ) 25 meter (ঘ) 62.5 meter

Hints : *If shadow length 15 meter pole length 6 meter*

∴ " " " 25 " " " $\frac{6\times25}{15}$ " = *10 meter.*

Bangladesh Krishi Bank Officer (Cash) 2011
উত্তর : ক

৪৬. If 10 ships require 10 tanks of oil in 10 days. How long is 1 tank of oil enough for a ship?

(ক) 1 day (খ) 5 days (গ) 10 days (ঘ) 25 days

Hints : 10 ship require 10 tank of oil in 10 day

∴ 1 " " 10 " " " " 10×10 "

∴ 1 " " 1 " " " " $\frac{10\times10}{10}$ " = 10 days

Rajshahi Krishi Unnayan Bank Officer, 2011
উত্তর : গ

৪৭. ১২ জন শ্রমিক ৩ দিনে ৭২০ টাকা আয় করে। তবে ৯ জন শ্রমিক সমপরিমাণ টাকা আয় করবে—

(ক) ৫ দিনে (খ) ৪ দিনে (গ) ৬ দিনে (ঘ) ৩ দিনে

২৬তম বিসিএস
উত্তর : খ

Hints : *১২ জনে আয় করে ৩ দিনে*

∴ ১ " " " ৩ × ১২ দিনে

∴ ৯ " " " $\frac{৩ \times ১২}{৯}$ = ৪ দিনে।

৪৮. যে পরিমাণ খাদ্যে ২০০ জন লোকের ২০ সপ্তাহ চলে, ঐ পরিমাণ খাদ্যে কতজন লোকের ৮ সপ্তাহ চলবে?

(ক) ৩০০ জন (খ) ৪০০ জন (গ) ৫০০ জন (ঘ) ৬০০ জন

জাতীয় রাজস্ব বোর্ডের ইন্সপেক্টর/এপ্রেইজার/ প্রিভেন্টিভ অফিসার/ গোয়েন্দা কর্মকর্তা ২০১০
উত্তর : গ

Hints : *২০ সপ্তাহ চলে ২০০ জন লোকের*

১ " " ২০ × ২০০ " "

৮ " " $\frac{২০ \times ২০০}{৮}$ = ৫০০ জন লোকের।

৪৯. একটি রাস্তা মেরামত করতে ১০ জন শ্রমিকের ১৬ দিন লাগলে ৮ জন শ্রমিকের কত দিন লাগবে?

(ক) ১৬ দিন (খ) ১৮ দিন (গ) ২০ দিন (ঘ) ২৪ দিন

প্রাথমিক সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তান) ২০১০ (বসন্ত)
উত্তর : গ

Hints : *১০ জন শ্রমিকের লাগে ১৬ দিন*

∴ ৮ " " " $\frac{১৬ \times ১০}{৮}$ " = ২০ দিন

৫০. একজন লোক দৈনিক ১১ ঘণ্টা চলে ৪ দিনে ২৭৫ কিমি পথ অতিক্রম করে। দৈনিক ৮ ঘণ্টা চলে কত দিনে সে ৪৫০ কিমি পথ অতিক্রম করবে?

(ক) ৬ দিন (খ) ৮ দিন (গ) ৯ দিন (ঘ) ১০ দিন

বাংলাদেশ রেলওয়ের সহকারী কমান্ডেন্ট ২০০৭
উত্তর : গ

Hints : *দৈনিক ১১ ঘণ্টা চলে ২৭৫ কিমি. যায় ৪ দিনে*

∴ " ১ " " ১ " " $\frac{৪ \times ১১}{২৭৫}$ দিনে

∴ " ৮ " " ৪৫০ " " $= \frac{৪ \times ১১ \times ৪৫০}{২৭৫ \times ৮}$ দিনে = ৯ দিনে।

৫১. ১৪ জন লোক একটি কাজ ১৫ দিনে করতে পারে। ঐ কাজটি ১০ দিনে শেষ করতে হলে কতজন লোক নিয়োগ দিতে হবে?

(ক) ২৭ জন (খ) ২৪ জন (গ) ২১ জন (ঘ) ১৮ জন

পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অধীন রিসার্চ অফিসার ২০০৬; স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন সহকারী পরিচালক (মাদক) ও কারা তত্ত্বাবধায়ক ২০০৬
উত্তর : গ

Hints : *১৫ দিনে করতে পারে = ১৪ জনে*

∴ ১ " " " = (১৪ × ১৫) "

∴ ১০ " " " = $\frac{১৪ \times ১৫}{১০}$ " = ২১ জনে

৫২. ৬টি গরুর জন্য যা ব্যয় হয়, ৪টি মহিষের জন্য তা ব্যয় হয়। ১০টি মহিষ পুষতে যা ব্যয় হয় তাতে কতটি গরু পোষা যাবে?

(ক) ১৫টি (খ) ১৮টি (গ) ২০টি (ঘ) ২৫টি

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১০ (কপোতাক্ষ)
উত্তর : ক

Hints : *৪ টি মহিষের ব্যয় সমান ৬টি গরুর ব্যয়*

∴ ১০টি " " " = $\frac{৬ \times ১০}{৪}$ = ১৫টি গরুর ব্যয়

৫৩. ১০ জনে একটি কাজের অর্ধেক করতে পারে ৭ দিনে। ঐ কাজটি করতে ৫ জনের কত দিন লাগবে?

(ক) ১৪ দিন (খ) ২৮ দিন (গ) ২০ দিন (ঘ) ৩২ দিন

Hints : ১০ জনে $\frac{১}{২}$ অংশ কাজ করে ৭ দিনে

∴ ১০ " সম্পূর্ণ কাজ করে $= ৭ \times \frac{২}{১} = ১৪$ দিনে

১০ জনে ১টি কাজ করে = ১৪ দিনে

∴ ১ " " " " ১৪×১০ "

∴ ৫ " " " " $\frac{১৪ \times ১০}{৫}$ " = ২৮ দিনে

সহকারী জজ ২০০৭
উত্তর : খ

৫৪. ৫টি গরুর মূল্য ২০টি ভেড়ার মূল্যের সমান। ২টি গরুর মূল্য ২৪,০০০ টাকা হলে ৩টি ভেড়ার মূল্য কত?

ক ৮,০০০ টাকা খ ৯,০০০ টাকা গ ৯,৫০০ টাকা ঘ ১০,০০০ টাকা

Hints : ২টি গরুর মূল্য ২৪,০০০ টাকা

৫টি গরুর মূল্য $\frac{২৪,০০০ \times ৫}{২} = ৬০,০০০$ টাকা

২০টি ভেড়ার মূল্য ৬০,০০০ টাকা

∴ ৩টি ভেড়ার মূল্য $\frac{২৪,০০০ \times ৩}{২০} = ৯,০০০$ টাকা

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১০ (সুরমা)
উত্তর : খ

৫৫. ১৫টি খাসির মূল্য ৫টি গরুর মূল্যের সমান। ২টি গরুর মূল্য ৩০,০০০ টাকা হলে ২টি খাসির মূল্য কত?

ক ৯,০০০ টাকা খ ১০,০০০ টাকা গ ১২,০০০ টাকা ঘ ১৩,০০০ টাকা

Hints : ২টি গরুর মূল্য ৩০,০০০ টাকা

∴ ৫টি " " $\frac{৩০,০০০ \times ৫}{২} = ৭৫,০০০$ টাকা

১৫টি খাসির মূল্য ৭৫,০০০ টাকা

∴ ২" " " $\frac{৭৫,০০০ \times ২}{১৫} = ১০,০০০$ টাকা

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১০ (তিতাস)
উত্তর : খ

৫৬. ৩টি গরুর মূল্য ৯টি খাসির মূল্যের সমান। ২টি গরুর মূল্য ২৪,০০০ টাকা হলে, ২টি খাসির মূল্য কত?

ক ৮,০০০ টাকা খ ৯,০০০ টাকা গ ৯,৫০০ টাকা ঘ ১০,০০০ টাকা

Hints : ২টি গরুর মূল্য ২৪,০০ টাকা

∴ ৩টি গরুর মূল্য $\frac{২৪,০০০ \times ৩}{২} = ৩৬,০০০$ টাকা

৯টি খাসির মূল্য ৩৬,০০০ টাকা

∴ ২টি " " $\frac{৩৬,০০০ \times ২}{৯} = ৮,০০০$ টাকা

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১০ (তিস্তা)
উত্তর : ক

৫৭. কমিশনের হার ৩.৫ টাকা হলে ৩০০০ টাকা মূল্যের জিনিস বিক্রয় করে কত কমিশন পাওয়া যাবে?

ক ৯০ টাকা খ ১০০ টাকা গ ১০৫ টাকা ঘ ১১০ টাকা

Hints : ১০০ টাকায় কমিশন ৩.৫ টাকা

∴ ৩০০০ " " $\frac{৩.৫ \times ৩০০০}{১০০} = ১০৫$ টাকা

প্রাথমিক সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান) ২০১০ (হেমন্ত)
উত্তর : গ

৫৮. ৬ জন শ্রমিক ৫ দিনে ১,৮০০ টাকা আয় করে। ১০ জন শ্রমিক কতদিনে সমপরিমাণ টাকা আয় করবে?

ক ৩ দিনে খ ৪ দিনে গ ৫ দিনে ঘ ৬ দিনে

Hints : ৬ জনে আয় করে ৫ দিনে

∴ ১০ " " " $\frac{৫ \times ৬}{১০} = ৩$ দিনে

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২ (কর্ণফুলী)
উত্তর : ক

৫৯. ২০০০ সালে ফেব্রুয়ারি মাসের দৈনিক বৃষ্টিপাতের গড় ছিল ০.৬৫ সে. মি.। ঐ মাসের মোট বৃষ্টিপাতের পরিমাণ কত?

ক ১৮.২ সেমি খ ১৯.৫ সেমি গ ১৮.৮৫ সেমি

ঘ ২০ সেমি ঙ কোনোটিই নয়

Hints : ২০০০ সালের ফেব্রুয়ারি মাস = ২৯ দিন
২৯ দিনের বৃষ্টিপাতের গড় = ০.৬৫ সেমি.
∴ ২৯ " " " সমষ্টি = (০.৬৫× ২৯) "
= ১৮.৮৫ সে.মি.

কৃষি অধিদপ্তরের উপসহকারী কৃষি কর্মকর্তা ২০১১
উত্তর : গ

৬০. An empty bucket being filled with paint at a constant rate takes 6 minutes to be filled to 7/10 of its capacity. How much more time will it take to fill the bucket to full capacity?

ক 2 minutes খ 3 minutes গ 2 and $^4/_7$ minutes
ঘ 2 hour and $^4/_7$ minutes ঙ 8 and $^4/_7$ minutes

Hints : $\frac{7}{10}$ th th bucket filled in 6 minutes

∴ 1 " " " $\frac{6\times10}{7}$ " $=8\frac{4}{7}$ minutes

∴ More time required $=8\frac{4}{7}-6=2\frac{4}{7}$ minutes

Bangladesh Bank Cash Officer 2011
উত্তর : গ

৬১. ৩ দিনে একটি কাজের $\frac{১}{২৭}$ অংশ শেষ হলে ঐ কাজের ৩ গুণ কাজ করতে কত দিন লাগবে?

ক ৮১ দিন খ ৯ দিন গ ২৪৩ দিন ঘ ২৭ দিন

Hints : $\frac{১}{২৭}$ অংশ কাজ শেষ হয় ৩ দিনে
∴ ১ অংশ কাজ শেষ হয় ৩ × ২৭ = ৮১ দিনে।
∴ কাজটির ৩ গুণ কাজ করতে সময় লাগবে ৮১ × ৩ = ২৪৩ দিন

২৫তম বিসিএস
উত্তর : গ

৬২. তিন দিনে একটি কাজের ১/২৯ অংশ শেষ হলে ঐ কাজের তিন গুণ কাজ করতে কত দিন লাগবে?

ক ২৯ দিন খ ৮৭ দিন গ ২৬১ দিন ঘ ৩০০ দিন

Hints : $\frac{১}{২৯}$ অংশ শেষ করতে সময় লাগে ৩ দিন
∴ ১ " " " " " ৩ × ২৯ " = ৮৭ দিন
কাজটির ৩ গুণ কাজ করতে সময় লাগে = (৮৭×৩) দিন = ২৬১ দিন।

খাদ্য অধিদপ্তরে খাদ্য/উপ-খাদ্য পরিদর্শক ২০১১
উত্তর : গ

৬৩. If two typist can type two pages in two minutes, how many typists will it take to type 18 pages in six minutes?

ক 3 খ 6 গ 9 ঘ 18

Hints : 2 pages can be typed in 2 minutes by 2 typists
1 " " " " " 1 " " $\frac{2\times2}{2}$ "
18 " " " " " 6 " " $\frac{2\times2\times18}{2\times6}$ " = 6 typists

Bangladesh Bank Cash Officer 2011
উত্তর : খ

৬৪. যদি একটি কাজ ৯ জন লোক ১২ দিনে করতে পারে, অতিরিক্ত ৩ জন লোক নিয়োগ করলে কাজটি কতদিনে শেষ হবে?

ক ৭ খ ৯ গ ১০ ঘ ১২

Hints : ৩ জন অতিরিক্ত অর্থাৎ (৯ + ৩) = ১২ জন
৯ জন করে ১২ দিনে
∴ ১ " " ১২ × ৯ "
∴ ১২ " " = $\frac{১২\times৯}{১২}$ = ৯ দিনে

২৭তম বিসিএস
উত্তর : খ

৬৫. ৮ মাসে ২০০ টাকায় যত লাভ হয়, কত মাসে ৪০০ টাকার তত লাভ হয়?

(ক) ২ মাস (খ) ৩ মাস (গ) ৪ মাস (ঘ) ৬ মাস

উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা ২০১০
উত্তর : গ

Hints : *কোনো নির্দিষ্ট পরিমাণ লাভ,*

২০০ টাকা লাভের জন্য সময় দরকার ৮ মাস

∴ ১ " " " " " ৮ × ২০০ "

∴ ৪০০ " " " " " $\frac{৮ \times ২০০}{৪০০}$ "

বা, ৪ মাস।

৬৬. রহিম ১ সপ্তাহে ৪৯টি চেয়ার বানাতে পারে। ২০১০ সালের ফেব্রুয়ারি মাসে সে কয়টি চেয়ার বানাতে পারবে?

(ক) ২১০ (খ) ২০৩ (গ) ১৯৬ (ঘ) কোনোটিই নয়

খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক/ সহকারী অপারেটর/ সাঁটমুদ্রাক্ষরিক/ সাঁটলিপিকার ২০০৯
উত্তর : গ

Hints : *২০১০ সালের ফেব্রুয়ারি মাসে মোট ৪টি সপ্তাহ বিদ্যমান।*

রহিম ১ সপ্তাহে বানাতে পারে ৪৯টি চেয়ার

∴ " ৪ " " " ৪৯ × ৪ "

বা, ১৯৬টি চেয়ার।

৬৭. মতি ১০ মিনিটে ৫০০ শব্দ এবং বকুল ১০ মিনিটে ৪০০ শব্দ টাইপ করে। দু'জনে এক সাথে কাজ করে ৩৬০০ শব্দ মোট কত মিনিটে টাইপ করবে?

(ক) ৪০ (খ) ৬০ (গ) ৩০ (ঘ) ৪৫

আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক ২০০৬
উত্তর : ক

Hints : *মতি ও বকুল ১০ মিনিটে মোট টাইপ করে = (৫০০ + ৪০০) শব্দ = ৯০০ শব্দ*

∴ *৯০০ শব্দ টাইপ করে ১০ মিনিটে*

∴ ১ " " " $\frac{১০}{৯০০}$ "

∴ ৩৬০০ " " " $\frac{১০ \times ৩৬০০}{৯০০}$ " = *৪০ মিনিটে*

৬৮. একটি পেট্রোল পাম্প ১৮ মিনিটে ৮টি গাড়িতে গ্যাস সিলিন্ডার ভর্তি করতে পারে। এই হারে ৩ ঘন্টায় কতগুলো গাড়ির সিলিন্ডার ভর্তি করতে পারবে?

(ক) ১৩ (খ) ৪০.৫ (গ) ৮০ (ঘ) ১২৫ (ঙ) ৪০৫

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (BRDB)-এর সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০০৫
উত্তর : গ

Hints : *১৮ মিনিটে পূর্ণ করে ৮টি গাড়ির গ্যাস।*

∴ ১ " " " $\frac{৮}{১৮}$ " " "

∴ ১৮০ " " " $\frac{৮ \times ১৮০}{১৮}$ " "

= *৮০টি গাড়ির গ্যাস*

৬৯. যদি একটি কাজ ৯ জন লোক ১৫ দিনে করতে পারে, অতিরিক্ত ৩ জন লোক নিয়োগ করলে কাজটি কতদিনে শেষ হবে?

(ক) $৪\frac{৩}{৪}$ (খ) ১০ (গ) $১১\frac{১}{৪}$ (ঘ) ১২

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন গুপ্ত সংকেত পরিদপ্তরের সাইফার অফিসার ২০০৫; শ্রম পরিদপ্তরের প্রভাষক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন ২০০৫
উত্তর : গ

Hints : *৯ জন লোক কাজটি করে ১৫ দিনে*

∴ ১২ " " " " $\frac{১৫ \times ৯}{১২} = ১১\frac{১}{৪}$ *দিনে*

৭০. একটি রেসিপিতে তিনটি ডিম এবং দুই কাপ দুধ প্রয়োজন। যদি উক্ত রেসিপিতে আটটি ডিম ব্যবহার করা হয় তবে কত কাপ দুধ প্রয়োজন?

ক $৪\frac{৪}{৫}$ খ $৫\frac{১}{৩}$ গ $\frac{১}{২}$ ঘ $৫\frac{৪}{৫}$

অর্থ মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা ২০০৪
উত্তর : খ

Hints : *৩টি ডিমের জন্য প্রয়োজন ২ কাপ দুধ*

৮টি " " " $\frac{২\times৮}{৩}$ " " $= ৫\frac{১}{৩}$ কাপ দুধ।

$\frac{১}{৬০}$ অংশ পূর্ণ হয় ১ মিনেটে

∴ ১ " " " $\frac{১\times৬০}{১}$ " = ৬০ মিনিট

সমাজসেবা অধিদপ্তরে ইন্স্ট্রাক্টর পদে নিয়োগ পরীক্ষা ২০০৫
উত্তর : ঘ

১৩. একটি পানির ট্যাঙ্কে দুটি নল আছে। প্রথম নলটি খুলে দিলে ট্যাঙ্কটি ১০ ঘণ্টায় পূর্ণ হয় এবং দ্বিতীয় নলটি খুলে দিলে পূর্ণ ট্যাঙ্কটি ১৫ ঘণ্টায় খালি হয়। দুটি নল একসাথে খুলে দিলে খালি ট্যাঙ্কটি কত সময়ে পূর্ণ হবে?

ক ২০ ঘণ্টায় খ ২৫ ঘণ্টায় গ ৩০ ঘণ্টায় ঘ ৩৫ ঘণ্টায়

Hints : ধরি, ট্যাঙ্কের আয়তন = v একক

১ম নল দ্বারা ১০ ঘণ্টায় পূর্ণ হয় v একক

∴ ১ম " " ১ " " " $\frac{v}{১০}$ "

পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা ২০০৬
উত্তর : গ

২য় নল দ্বারা ১৫ ঘণ্টায় খালি হয় = v একক

∴ ২য় " " ১ " " " $= \frac{v}{১৫}$ একক

∴ উভয় নল দ্বারা ১ ঘণ্টায় পূর্ণ হয় $= \left(\frac{v}{১০} - \frac{v}{১৫}\right)$ একক

$= \frac{৩v - ২v}{৩০}$ একক

$= \frac{v}{৩০}$ একক

ধরি, উভয় নল দ্বারা পূর্ণ হতে সময় লাগে t ঘণ্টা।

শর্তমতে, $\frac{v}{t} = \frac{v}{৩০}$

বা, $\frac{১}{t} = \frac{১}{৩০}$

বা, $t = ৩০$

∴ সময় ৩০ ঘণ্টা

১৪. একটি চৌবাচ্চায় দুইটি নল আছে। একটি নল ৪০ মিনিটে ভর্তি করতে পারে এবং অপরটি এক ঘণ্টায় খালি করতে পারে। উভয় নল একসাথে খুলে দিলে কতক্ষণে চৌবাচ্চাটি ভর্তি হবে?

ক ১ ঘণ্টা খ ২ ঘণ্টা গ ৩ ঘণ্টা ঘ ৪ ঘণ্টা

Hints : ১ম নল দ্বারা ৪০ মিনিটে ভর্তি হয় ১ অংশ

∴ " " " ১ " " " $\frac{১}{৪০}$ "

২য় নল দ্বারা ১ ঘণ্টা বা ৬০ মিনিটে খালি হয় ১ অংশ

∴ " " " " " ১ " " " $\frac{১}{৬০}$ "

উভয় নল দ্বারা ১ মিনিটে পূর্ণ হয় $= \left(\frac{১}{৪০} - \frac{১}{৬০}\right)$ অংশ

$= \frac{১}{১২০}$ অংশ

$\frac{১}{১২০}$ অংশ ভর্তি হয় ১ মিনেটে

∴ ১ " " " $\frac{১ \times ১২০}{১}$ "

= ১২০ মিনিট বা ২ ঘণ্টা

প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক ২০০৮
উত্তর : খ

১৫. সম্পূর্ণ খালি একটি চৌবাচ্চা একটি পাইপ দিয়ে ৫ ঘণ্টায় সম্পূর্ণ ভর্তি করা যায়। দ্বিতীয় একটি পাইপ দিয়ে চৌবাচ্চাটি ভর্তি করতে ৩ ঘণ্টা লাগে। দুটি পাইপ একসাথে ব্যবহার করে চৌবাচ্চাটির $\frac{২}{৩}$ অংশ ভর্তি করতে কত সময় লাগবে?

ক $\frac{৮}{১৫}$ ঘণ্টা খ $\frac{৩}{৪}$ ঘণ্টা গ $\frac{৫}{৪}$ ঘণ্টা ঘ $\frac{২}{৩}$ ঘণ্টা

Hints : ১ম পাইপ দ্বারা ১ ঘণ্টায় ভর্তি হয় $\frac{১}{৫}$ অংশ

এবং ২য় " " ১ " " " $\frac{১}{৩}$ "

∴ দুটি পাইপ " ১ " " " $= \left(\frac{১}{৫} + \frac{১}{৩}\right)$ অংশ $= \frac{৮}{১৫}$ অংশ।

∴ $\frac{৮}{১৫}$ অংশ ভর্তি হয় ১ ঘণ্টায়

∴ $\frac{২}{৩}$ " " " $= \frac{১ \times ১৫ \times ২}{৮ \times ৩} = \frac{৫}{৪}$ ঘণ্টায়।

১৮তম বিসিএস
উত্তর : গ

১৬. একটি চৌবাচ্চা তিনটি নল দিয়ে যথাক্রমে ৮, ১২ ও ২৪ ঘণ্টায় পূর্ণ হতে পারে। তিনটি নল একসঙ্গে খুলে দিলে চৌবাচ্চাটির তিন-চতুর্থাংশ পূর্ণ হতে কত সময় লাগবে?

(ক) ৩ ঘণ্টা (খ) ৪ ঘণ্টা (গ) ৫ ঘণ্টা (ঘ) ৬ ঘণ্টা

Hints : *১ম নল দিয়ে ৮ ঘণ্টায় পূর্ণ হয় ১ টি চৌবাচ্চা*

∴ " " ১ " " " $\frac{১}{৮}$ অংশ

২য় নল দিয়ে ১২ ঘণ্টায় পূর্ণ হয় ১টি চৌবাচ্চা

∴ " " ১ " " " $\frac{১}{১২}$ অংশ

৩য় নল দিয়ে ২৪ ঘণ্টায় পূর্ণ হয় ১টি চৌবাচ্চা

∴ " " ১ " " " $\frac{১}{২৪}$ অংশ

নল তিনটি দিয়ে একত্রে ১ ঘণ্টায় পূর্ণ হয়

$= \frac{১}{৮} + \frac{১}{১২} + \frac{১}{২৪}$

$= \frac{৩+২+১}{২৪}$

$= \frac{১}{৪}$ অংশ

$\frac{১}{৪}$ অংশ পূর্ণ হয় ১ ঘণ্টায়

∴ ১ " " "১ × ৪ "

∴ $\frac{৩}{৪}$ " " " $\frac{১ \times ৪ \times ৩}{৪}$ "

= ৩ ঘণ্টায়।

খাদ্য অধিদপ্তরে খাদ্য/উপ-খাদ্য পরিদর্শক ২০১১
উত্তর : ক

১৭. A circular pool is filling with water. Assuming the water level will be 4ft deep and the diameter is 20 ft, what is the approximate volume of the water needed to fill the pool?

(ক) 251.2 cubic feet (খ) 1,256 cubic feet (গ) 5,024 cubic feet
(ঘ) 3,140 cubic feet (ঙ) 4,410 cubic feet

Hints : *Volume of cylinder* $= \pi r^2 h$

∴ *Volume of circular pool* $= \pi \times \left(\frac{20}{2}\right)^2 \times 4$

$= 1256.64\ ft^3$

Bangladesh Bank Asst. Director 2011
উত্তর : খ

১৮. একটি বাড়ির ছাদের ট্যাঙ্কটি একটি নল দ্বারা ২৫ মিনিটে পূর্ণ হয়। আবার বাড়ির ব্যবহারের জন্য ট্যাঙ্কটির যে নল আছে, তা খুলে দিলে তা ৫০ মিনিটে সম্পূর্ণ খালি হয়ে যায়। ট্যাঙ্কটি অর্ধপূর্ণ থাকা অবস্থায় দুটি নল একসঙ্গে কাজ করলে ট্যাঙ্কটি কতক্ষণে পূর্ণ হবে?

(ক) ২৫ মিনিট (খ) ১ ঘণ্টা (গ) আধ ঘণ্টা (ঘ) ২০ মিনিট

Hints : *১ম নল দ্বারা ১ মিনিটে পূর্ণ হয়* $\frac{১}{২৫}$ *অংশ*

২য় নল দ্বারা ১ মিনিটে খালি হয় $\frac{১}{৫০}$ *অংশ*

উভয় নল দ্বারা ১ মিনিটে পূর্ণ হয় $= \left(\frac{১}{২৫} - \frac{১}{৫০}\right)$ *অংশ*

$= \frac{১}{৫০}$ অংশ

উপজেলা/থানা শিক্ষা অফিসার (TEO) ১৯৯৯
উত্তর : ক

এখন,

$\frac{১}{৫০}$ অংশ পূর্ণ হয় ১ মিনিটে

$\therefore \frac{১}{২}$ " " " $\frac{১\times৫০\times১}{১\times২}$ "

$= ২৫$ মিনিট

১৯. দুটি নল দ্বারা একটি চৌবাচ্চা ৮ মিনিটে পূর্ণ হয়। নল দুটি খুলে দেয়ার ৪ মিনিট পর প্রথম নলটি বন্ধ করে দেয়াতে চৌবাচ্চাটি পূর্ণ হতে আরো ৬ মিনিট লাগল। প্রত্যেক নল দ্বারা পৃথকভাবে চৌবাচ্চাটি পূর্ণ হতে কত সময় লাগবে?

ক ১৮ এবং ১২ মিনিট
খ ২৪ এবং ১২ মিনিট
গ ১৫ এবং ১২ মিনিট
ঘ ১০ এবং ১৫ মিনিট

Hints : দুটি নল একত্রে,

৮ মিনিটে পূর্ণ করে ১টি চৌবাচ্চা

৪ " " " $= \left(\frac{৪}{৮}\times১\right)$ অংশ

$= \frac{১}{২}$ অংশ

চৌবাচ্চাটির $\left(১-\frac{১}{২}\right)$ অংশ খালি থাকে

$\therefore$ দ্বিতীয় নল দ্বারা,

$\frac{১}{২}$ অংশ পূর্ণ হয় ৬ মিনিটে

১ (সম্পূর্ণ) " " " $= (৬\times২) = ১২$ মিনিটে

আবার দ্বিতীয় নল দ্বারা,

৬ মিনিটে পূর্ণ হয় $\frac{১}{২}$ অংশ

৪ " " " $= \frac{১\times৪}{২\times৬} = \frac{১}{৩}$ অংশ

$\therefore$ প্রথম নল দ্বারা ৪ মিনিটে পূর্ণ হয় $= \left(\frac{১}{২}-\frac{১}{৩}\right)$ অংশ

$= \left(\frac{৩-২}{৬}\right) = \frac{১}{৬}$ অংশ

প্রথম নল দ্বারা $\frac{১}{৬}$ অংশ পূর্ণ হয় ৪ মিনিটে

" " " ১ (সম্পূর্ণ) " " $= (৪\times৬)$ "

$= ২৪$ মিনিটে

২০তম বিসিএস
উত্তর : খ

অধ্যায় ১০

সময়, দূরত্ব ও গতিবেগ

TIME, DISTANCE & SPEED

সময় (Time) :

সময় হলো একটি মৌলিক পরিমাণ যার দ্বারা কোনো ঘটনা ঘটার স্থায়িত্ব পরিমাপ করা হয়। সময়ের ক্ষুদ্রতর একক সেকেন্ড।

দূরত্ব (Distance) :

কোনো নির্দিষ্ট সময়ে দুটি বিন্দু বা স্থানের মধ্যবর্তী দৈর্ঘ্যকে উক্ত বিন্দু বা স্থান দুটির দূরত্ব বলে।

গতিবেগ (Speed) :

কোনো বস্তু একক সময়ে যে দূরত্ব অতিক্রম করে তাকে বস্তুটির গতিবেগ বলে।

আপেক্ষিক বেগ (Relative Velocity) :

একটি চলমান বস্তু স্বাপেক্ষ অন্য একটি বস্তুর বেগকে আপেক্ষিক বেগ বলে। প্রকৃতপক্ষে সকল বেগই আপেক্ষিক বেগ।

Working Tools

TIME, DISTANCE & SPEED

- গতিবেগকে সময় দ্বারা গুণ করলে অতিক্রান্ত দূরত্ব বা পথ পাওয়া যায়। অর্থাৎ
  গতিবেগ × সময় = দূরত্ব
  বা, $\frac{\text{দূরত্ব}}{\text{সময়}}$ = গতিবেগ
  বা, $\frac{\text{দূরত্ব}}{\text{গতিবেগ}}$ = সময়
- একটি খুঁটি, সিগন্যাল পোস্ট, বস্তু বা স্থির দাঁড়ানো লোককে অতিক্রম করতে x একক দৈর্ঘ্য বিশিষ্ট একটি ট্রেনের t সময় লাগলে, ট্রেনটির গতিবেগ $= \frac{x}{t}$
- দুটি ট্রেন বা গাড়ি পরস্পর বিপরীত দিকে চললে, তাদের আপেক্ষিক বেগ তাদের গতিবেগের সমষ্টির সমান হবে। অর্থাৎ
  আপেক্ষিক বেগ = $u + v$ [u ও v = উহাদের গতিবেগ; $u > v$]
- দুটি ট্রেন বা গাড়ি একই দিকে চললে, তাদের আপেক্ষিক বেগ তাদের গতিবেগের বিয়োগফলের সমান হবে; অর্থাৎ আপেক্ষিক বেগ = $u - v$ [$u > v$]

Question Bank as Self Test

১. রাজশাহী থেকে খুলনা এর দূরত্ব ২৮২ কিলোমিটার। একটি বাস ৭ ঘণ্টায় খুলনা থেকে রাজশাহী চলে আসল। পথে বাসটি ১ ঘণ্টা যাত্রা বিরতি নেয়। বাসটির গড় গতিবেগ কত কি.মি./ঘণ্টা?

(ক) ৪২ (খ) ৪৯ (গ) ৫৫ (ঘ) ৬৩

(ঙ) কোনোটিই নয়

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা ২০১৪
উত্তর : ঙ

Hints : *মোট সময় নেয় ৭ ঘণ্টা*

যাত্রা বিরতি " ১ "

নিট সময় নেয় (৭ − ১) = ৬ ঘণ্টা

মোট দূরত্ব ২৮২ কিলোমিটার

$\therefore$ *গড় গতিবেগ* $= \frac{২৮২}{৬}$ *কিমি/ ঘণ্টা*

$=$ *৪৭ কিমি/ঘণ্টা*

২. ঘণ্টায় ৬০ কিলোমিটার বেগে চলা ১০০ মিটার দৈর্ঘ্যের একটি ট্রেন ৩০০ মিটার দীর্ঘ একটি প্লাটফর্ম অতিক্রম করতে কত সময় লাগবে?

(ক) ২৪ সেকেন্ড (খ) ২০ সেকেন্ড (গ) ৪০ সেকেন্ড (ঘ) উপরের কোনোটিই নয়

মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন অডিটর ২০১৪
উত্তর : ক

Hints : *ট্রেনটিকে প্লাটফরম অতিক্রম করতে তার নিজের দৈর্ঘ্য ও প্লাটফরম-এর দৈর্ঘ্য অতিক্রম করতে হবে।*

$\therefore$ *মোট অতিক্রান্ত দূরত্ব* $= (৩০০ + ১০০)$ *মিটার* $=$ *৪০০ মিটার*

আবার,

৬০ কিলোমিটার $= (১০০০ \times ৬০)$ *মিটার* $=$ *৬০,০০০ মিটার*

এবং ১ ঘণ্টা $= (৬০ \times ৬০)$ *সে.* $=$ *৩৬০০ সেকেন্ড*

৬০,০০০ মিটার যায় = ৩৬০০ সেকেন্ডে

$\therefore$ *১ " " =* $\frac{৩৬০০}{৬০,০০০}$ *"*

$\therefore$ *৪০০ " " =* $\frac{৩৬০০ \times ৪০০}{৬০,০০০}$ *"*

$=$ *২৪ সেকেন্ডে।*

৩. A man walking at the rate of 5 km/ hr crosses a bridge in 15 minutes. The length of the bridge (in metres) is :

(ক) 600 (খ) 750 (গ) 1000 (ঘ) 1250

পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিস্টেন্ট ম্যানেজার ২০১৪
উত্তর : ঘ

Hints : *Rate for walking per minute* $= \frac{5 \times 1000}{60}$ *metre*

$= \frac{250}{3}$ *metre*

In 1 minute he crosses $\frac{250}{3}$ *metre*

$\therefore$ *" 15 " " " =* $\frac{250 \times 15}{3}$

$=$ *1250 metre*

$\therefore$ *So the length of the bridge is 1250 metre.*

৪. A train takes 18 seconds to pass completely through a station 162 m long and 15 seconds through another station 120 m long. The length of the train is :

(ক) 70 m (খ) 80 m (গ) 90 m (ঘ) 100 m

Hints : *Train length + 162 m pass in 18 seconds*

Train length + 120 m " " 15 "

So, 42 m passes in 3 seconds

In 3 seconds it passes 42 m

$\therefore$ " 1 " " " $\frac{42}{3}$ "

$= 14\ m$

Now, in 15 seconds it passes $= (14 \times 15)\ m$

$= 210\ m$

Train Length + 120 m = 210 m

$\Rightarrow$ *Train Length* $= (210 - 120)m$

$= 90\ m$

পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিসটেন্ট ম্যানেজার ২০১৪
উত্তর : গ

৫. একটি বন্দুকের গুলি প্রতি সেকেন্ডে ১,৫৪০ ফুট গতিবেগে লক্ষ্যভেদ করে। এক ব্যক্তি বন্দুক ছুড়বার ৩ সেকেন্ড পরে লক্ষ্যভেদের শব্দ শুনতে পায়। শব্দের গতি প্রতি সেকেন্ডে ১১০০ ফুট। লক্ষ্যবস্তুর দূরত্ব কত ফুট?

ক ১৯২৫ খ ১৯৭৫ গ ২২২৫ ঘ ১৮৫০
ঙ ২১৫০

Hints : *ধরি, লক্ষ্যবস্তুর দূরত্ব ক ফুট গুলি লক্ষ্যভেদ করতে সময় লাগে* $\frac{ক}{১৫৪০}$ *সেকেন্ড এবং শব্দ কানে আসতে সময় লাগে* $\frac{ক}{১১০০}$ *সেকেন্ড*

$\therefore \frac{ক}{১৫৪০} + \frac{ক}{১১০০} = ৩$

বা, $\frac{ক}{২২০}\left(\frac{১}{৭} + \frac{১}{৫}\right) = ৩$

বা, $\frac{ক}{২২০}\left(\frac{১২}{৩৫}\right) = ৩$

$\therefore$ $ক = \frac{২২০ \times ৩৫ \times ৩}{১২} = ১৯২৫$ ফুট

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান এসিস্টেন্ট অফিসার ২০১৪
উত্তর : ক

৬. ঢাকা থেকে রংপুরের দূরত্ব ৪৫ মাইল। হাসান ঘণ্টায় ৩ মাইল বেগে এবং শাহিন ঘণ্টায় ৪ মাইল বেগে হাঁটে। হাসান ঢাকা থেকে রওয়ানা হওয়ার ১ ঘণ্টা পর শাহিন রংপুর থেকে ঢাকা রওয়ানা হলো। শাহিন কত মাইল হাটার পর হাসানের সাথে দেখা হবে?

ক ২৪ খ ২১ গ ২৫ ঘ ২৩ ঙ ২০

Hints : *হাসান ১ ঘণ্টায় যায় ৩ মাইল*

$\therefore$ *বাকী দূরত্ব* $= (৪৫ - ৩)$ *মাইল* $= ৪২$ *মাইল*

হাসান ও শাহিন ১ ঘণ্টায় যায় $= (৩ + ৪)$ *মাইল* $= ৭$ *মাইল*

$\therefore$ *দু'জনের ৪২ মাইল যেতে সময় লাগে* $= \frac{৪২}{৭}$ *ঘণ্টা*

$= ৬$ *ঘণ্টা*

$\therefore$ *৬ ঘণ্টায় শাহিন হাঁটে* $= (৪ \times ৬)$ *মাইল* $= ২৪$ *মাইল*

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান এসিস্টেন্ট অফিসার ২০১৪
উত্তর : ক

৭. ঘণ্টায় x মাইল বেগে y মাইল দূরত্ব অতিক্রম করতে কত সময় লাগবে?

ক $\frac{x}{y}$ ঘণ্টা খ x ঘণ্টা গ y ঘণ্টা ঘ $\frac{y}{x}$ ঘণ্টা

Hints : *x মাইল যেতে সময় লাগবে 1 ঘণ্টা*

$\therefore$ *y " " " " $\frac{y}{x}$ ঘণ্টা*

১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) ২০১৪
উত্তর : ঘ

৮. এক ব্যক্তি ঘণ্টায় ৫ কিমি বেগে চলে কোনো স্থানে গেল এবং ঘণ্টায় ৩ কিমি বেগে ফিরে আসল। যাতায়াতে তার গতির গড় —

(ক) $\frac{১৫}{৪}$ কিমি (খ) $\frac{৪}{১৫}$ কিমি (গ) ২ কিমি (ঘ) ৪ কিমি

প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক ২০০৯
উত্তর : ঘ

Hints : *গড় গতিবেগ* $= \left(\frac{৫+৩}{২}\right)$ *কিমি*

$= ৪$ *কিমি*

৯. এক ব্যক্তি ঘণ্টায় ৪ কিলোমিটার বেগে চলে কোনো স্থানে গেল এবং ঘণ্টায় ৩ কিলোমিটার বেগে চলে ফিরে আসল। যাতায়াতে তার গড় গতিবেগ কত?

(ক) ৩ কিমি (খ) $৩\frac{৩}{৭}$ কিমি (গ) ৪ কিমি (ঘ) $৪\frac{৩}{৭}$ কিমি

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৮
উত্তর : খ

Hints : *ধরি, লোকটি x কিমি দূরত্ব অতিক্রম করে যেতে সময় লাগে* $= \frac{x}{৪}$ ঘণ্টা

ফিরে আসতে সময় লাগে $= \frac{x}{৩}$ ঘণ্টা

$\therefore$ *গড় বেগ* $= \frac{\text{মোট দূরত্ব}}{\text{মোট সময়}}$

$= \frac{x+x}{\frac{x}{৪}+\frac{x}{৩}}$

$= \frac{২x}{\frac{৭x}{১২}}$

$= ৩\frac{৩}{৭}$ কিমি/ঘণ্টা

১০. A train runs at 45 km per hour. How far does it go in 6 seconds?

(ক) 45m (খ) 60m (গ) 75m (ঘ) 80m

Bangladesh Krishi Bank Officer (Cash) 2011
উত্তর : গ

Hints : *In 3600 seconds the train goes 45000m*

$\therefore$ 6 " " " " $\frac{45000 \times 6}{3600}$ "

$= 75m.$

১১. Taxi fare is charged at TK 15 per mile plus TK 150 for a trip. If the total fare by taxi is TK 600, then what is the distance covered in miles by the trip?

(ক) 30 (খ) 32 (গ) 20 (ঘ) 25 (ঙ) None of them

Pubali Bank Ltd. Senior Officer/Officer 2011
উত্তর : ক

Hints : $600 - 150 = Tk.\ 450$

Distance $= \frac{450}{15} = 30$ *mile*

১২. একটি ট্রেন ঘণ্টায় ৪৮ কিমি বেগে চলে ৩৬০ মিটার দীর্ঘ একটি প্লাটফর্ম ১ মিনিটে অতিক্রম করলো। ট্রেনের দৈর্ঘ্য কত?

(ক) ৪৪০ মিটার (খ) ৩২০ মিটার (গ) ২৮০ মিটার (ঘ) ৩৮০ মিটার

বেসামরিক বিমান মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা ২০০৫; ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের অধীনে টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক/হিসাবরক্ষণ কর্মকর্তা ২০০৪
উত্তর : ক

Hints : *ট্রেনটি ৬০ মিনিটে অতিক্রম করে* (৪৮×১০০০) *মিটার*

$\therefore$ " ১ " " " $\left(\frac{৪৮ \times ১০০০}{৬০}\right)$ " $= ৮০০$ "

$\therefore$ *ট্রেনটির দৈর্ঘ্য* $= (৮০০ - ৩৬০)$ *মিটার* $= ৪৪০$ *মিটার।*

১৩. একজন সাইকেল আরোহী ঘণ্টায় y কিমি বেগে x কিমি. এবং ঘণ্টায় q কিমি বেগে p কিমি যান। ভ্রমণে তার গড় গতিবেগ কত?

ক $\frac{x+p}{y+q}$ খ $\frac{xy+pq}{2}$ গ $\frac{xy+pq}{y+q}$ ঘ $\frac{xy+pq}{\frac{x}{y}+\frac{p}{q}}$

প্রাথমিক প্রধান শিক্ষক ২০০৯ (শাপলা)
উত্তর : অপশনে সঠিক উত্তর নেই।

Hints : ভ্রমণের মোট সময় $= \frac{x}{y}+\frac{p}{q}$

মোট দূরত্ব $= x+p$

$\therefore$ গড় গতিবেগ $= \frac{x+p}{\frac{x}{y}+\frac{p}{q}}$

[Note : অপশনে প্রদত্ত চারটি উত্তরের একটিও সঠিক নয়। সঠিক উত্তর $\frac{x+p}{\frac{x}{y}+\frac{p}{q}}$ ।]

১৪. এক ব্যক্তি ঘণ্টায় ৪০ কিমি বেগে ২ ঘণ্টা এবং ঘণ্টায় ৬০ কিমি বেগে আরো ২ ঘণ্টা গাড়ি চালালেন। তাঁর গাড়ির গড় গতিবেগ কত?

ক ৪৫ কিমি/ঘণ্টা খ ৫০ কিমি/ঘণ্টা গ ৫২ কিমি/ঘণ্টা ঘ ৫৫ কিমি/ঘণ্টা

প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক ২০০৮
উত্তর : খ

Hints : প্রথম

২ ঘণ্টায় যায় = (৪০ × ২) কিমি

পরের ২ ঘণ্টায় যায় = (৬০ × ২) "

= ১২০ "

মোট দূরত্ব = (১২০ + ৮০) কিমি বা ২০০ কিমি

মোট সময় = (২ + ২) ঘণ্টা বা ৪ ঘণ্টা

$\therefore$ গড় গতিবেগ = ২০০ ÷ ৪ বা ৫০ কিমি

১৫. রেল লাইনের পাশে একটি তালগাছ রয়েছে। ঘণ্টায় ৪৫ কিমি বেগে ধাবমান ১৫০ মি. লম্বা একটি ট্রেন কত সময়ে ঐ তালগাছটি অতিক্রম করবে?

ক ১১ সেকেন্ডে খ ১২ সেকেন্ডে গ ১৩ সেকেন্ডে ঘ ১৪ সেকেন্ডে

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৮
উত্তর : খ

Hints : ৪৫ কিমি বা ৪৫০০০ মিটার যায় ৬০ × ৬০ সেকেন্ডে

$\therefore$ ১৫০ " " $\frac{৬০ \times ৬০ \times ১৫০}{৪৫০০০}$

= ১২ সেকেন্ড

১৬. একটি ট্রেন ঘণ্টায় ৮৪ কিমি বেগে চলে। ট্রেনটি ৮০০ মিটার দীর্ঘ একটি প্ল্যাটফরম ১ মিনিটে অতিক্রম করে। ট্রেনটির দৈর্ঘ্য কত?

ক ৯০০ মিটার খ ৭৫০ মিটার গ ৬০০ মিটার ঘ ৫০০ মিটার

পিএসসি কর্তৃক নির্ধারিত ১২টি পদের নিয়োগ পরীক্ষা ২০০১
উত্তর : গ

Hints : ট্রেনটি ৬০ মিনিটে অতিক্রম করে (৮৪ × ১০০০) মিটার

$\therefore$ " ১ " " " $\left(\frac{৮৪ \times ১০০০}{৬০}\right)$ " = ১৪০০ মিটার

$\therefore$ ট্রেনটির দৈর্ঘ্য = (১৪০০ − ৮০০) = ৬০০ মিটার

১৭. ঘণ্টায় ৬০ কিমি বেগে ১০০ মিটার দীর্ঘ একটি ট্রেন ৩০০ কিমি একটি দীর্ঘ প্লাটফরম অতিক্রম করতে কত সময় লাগবে?

ক ২৪ সেকেন্ড খ ২০ সেকেন্ড গ ২৪ মিনিট ঘ ২০ মিনিট

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন সহকারী পরিচালক (মাদক) ও কারা তত্ত্বাবধায়ক; মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অধীন জুনিয়র অডিটর ২০১১
উত্তর : ক

Hints : *প্লাটফরম ও ট্রেনের মোট দৈর্ঘ্য = ৩০০ + ১০০ = ৪০০ মিটার*

৬০০০০ মিটার অতিক্রম করতে সময় লাগে ৩৬০০ সে

$\therefore$ ১ " " " " " $\frac{৩৬০০}{৬০০০০}$ "

$\therefore$ ৪০০ " " " " " $\frac{৩৬০০ \times ৪০০}{৬০০০০}$ "

= ২৪ সেকেন্ড

১৮. ঘণ্টায় ৫ কিমি বেগে চললে কোনো স্থানে পৌছাতে যে সময় লাগে, ঘণ্টায় ৬ কিমি বেগে চললে তার চেয়ে ৩০ মিনিট কম লাগে। স্থানটির দূরত্ব কত?

ক ২৫ কিমি খ ২২ কিমি গ ২০ কিমি ঘ ১৫ কিমি

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২ (পত্র)
উত্তর : ঘ

Hints : *ধরি, স্থানটির দূরত্ব x কিমি*

৩০ মিনিট $= \frac{৩০}{৬০} = \frac{১}{২}$ *ঘণ্টা*

শর্তমতে, $\frac{x}{৫} = \frac{x}{৬} + \frac{১}{২}$

$\Rightarrow ৬x = ৫x + ১৫$

$\therefore x = ১৫$ *কিমি*

১৯. ১২০ মিটার লম্বা একটি আন্তঃনগর এক্সপ্রেস ট্রেন একটি ল্যাম্পপোস্ট ৬ সেকেন্ডে অতিক্রম করে। ট্রেনটির গতিবেগ ঘণ্টায় কত কিলোমিটার?

ক ৩৬ খ ৪৮ গ ৭২ ঘ ৯৬

পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক নিয়োগ পরীক্ষা ২০০৪; অর্থ মন্ত্রণালয়ের অধীন জাতীয় সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক ২০০৯
উত্তর : গ

Hints : *ট্রেনের কোনো ল্যাম্পপোস্টকে অতিক্রম করতে কোনো ট্রেনকে তার নিজের দৈর্ঘ্য পরিমাণ দূরত্ব অতিক্রম করতে হয়।*

সুতরাং ট্রেনটি ৬ সেকেন্ডে অর্থাৎ

$\frac{৬}{৬০ \times ৬০}$ *ঘণ্টায় যায় ১২০ মিটার*

$\therefore$ ১ " " $= \frac{১২০ \times ৬০ \times ৬০}{৬}$ *মি* = ৭২০০০ *মিটার*

অতএব, ট্রেনটির গতিবেগ ঘণ্টায় ৭২ কিমি।

২০. ঢাকা ও চট্টগ্রামের দূরত্ব ৩০০ কিমি। ঢাকা হতে একটি ট্রেন সকাল ৭টায় ছেড়ে গিয়ে বিকেল ৩টায় চট্টগ্রাম পৌছে। ট্রেনটির গড় গতিবেগ ঘণ্টায় কত ছিল?

ক ২৪.৫ কিমি খ ৩৭.৫ কিমি গ ৪২.০ কিমি ঘ ৪৫.০ কিমি

২০তম বিসিএস; তথ্য মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক ২০০৪
উত্তর : খ

Hints : *সকাল ৭ টা থেকে বিকেল ৩টা পর্যন্ত মধ্যবর্তী সময়ের পার্থক্য ৮ ঘণ্টা।*

$\therefore$ *ট্রেনের গড় গতিবেগ* $= \frac{\text{মোট অতিক্রান্ত দূরত্ব}}{\text{মোট ব্যয়িত সময়}}$

$= \frac{৩০০}{৮}$ *কিমি* = ৩৭.৫ *কিমি*

২১. ক ঘণ্টায় ১০ কিমি এবং খ ঘণ্টায় ১৫ কিমি বেগে একই সময় একই স্থান থেকে রাজশাহীর পথে রওয়ানা হলো। ক ১০.১০ মিনিটের সময় এবং খ ৯.৪০ মিনিটের সময় রাজশাহী পৌছল। রওয়ানা হওয়ার স্থান থেকে রাজশাহীর দূরত্ব কত কিমি?

ক ২০ কিমি খ ২৫ কিমি গ ১৫ কিমি ঘ ২৮ কিমি

১১তম বিসিএস
উত্তর : গ

Hints : *ধরি, রাজশাহীর দূরত্ব x কিমি*

$\therefore$ *ক এর সময় লাগে* $\frac{x}{১০}$ *ঘণ্টা* $= ৬x$ *মিনিট*

খ " " " " $\frac{x}{১৫}$ " $= ৪x$ "

$\therefore ৬x - ৩০ = ৪x$

বা, $২x = ৩০$

$\therefore x = ১৫$ $\therefore$ *দূরত্ব ১৫ কি.মি.*

২২. ঘণ্টায় ৪ কিমি. বেগে চললে কোন স্থানে পৌঁছাতে যে সময় লাগে, ঘন্টায় ৫ কিমি. বেগে চললে তার চেয়ে $\frac{১}{২}$ ঘণ্টা কম সময় লাগে। স্থানটির দূরত্ব কত হবে?

ক ১৫ কিমি. খ ১২ কিমি. গ $৭\frac{১}{২}$ কিমি. ঘ ১০ কিমি.

মহিলা বিষয়ক অধিদপ্তরের অধীনে উপজেলা মহিলা কর্মকর্তা ২০০৫
উত্তর : ঘ

Hints : *৪ কিমি যায় ১ ঘণ্টায়*

$\therefore$ *১ " " $\frac{১}{৪}$ "*

আবার ৫ কিমি যায় ১ ঘণ্টায়

$\therefore$ *১ " " $\frac{১}{৫}$ "*

$\left(\frac{১}{৪} - \frac{১}{৫}\right) = \frac{১}{২০}$ *ঘণ্টা কম লাগে ১ কিমি দূরত্বের জন্য*

$\therefore$ *১ " " " $১ \times \frac{১}{২০}$ " " "*

$\therefore$ *$\frac{১}{২}$ " " " $১ \times \frac{২০}{১} \times \frac{১}{২}$ " "*

$= ১০$ কিমি

২৩. একটি ট্রেন ২৫৪ মিটার দীর্ঘ একটি সেতুকে ২১ সেকেন্ডে এবং ১০০ মিটার অপর একটি সেতুকে ১৩ সেকেন্ডে অতিক্রম করল। ট্রেনটির দৈর্ঘ্য–

ক ২২ মিটার খ ১০৪ মিটার গ ১৫০ মিটার ঘ ১৮৬ মিটার

তুলা উন্নয়ন কর্মকর্তা ১৯৯৯
উত্তর : ঘ

Hints : *ধরি, ট্রেনটির দৈর্ঘ্য x মিটার*

শর্তমতে,

$$\frac{২৫৪ + x}{২০} = \frac{১০০ + x}{১৩}$$

$\Rightarrow ২০০০ + ২০x = ৩৩০২ + ১৩x$

$\Rightarrow ২০x - ১৩x = ৩৩০২ - ২০০০$

$\Rightarrow x = ১৮৬$ *মিটার*

২৪. একটি ট্রেন ঘণ্টায় ৪৮ কিমি বেগে চলে ২২০ মিটার দীর্ঘ একটি প্লাটফরম ৩০ সেকেন্ডে অতিক্রম করে, ট্রেনটির দৈর্ঘ্য কত?

ক ১৪০ মিটার খ ১৬০ মিটার গ ১৮০ মিটার ঘ ২০০ মিটার

Hints : ট্রেনটি ৬০ × ৬০ সেকেন্ডে যায় ৪৮ × ১০০০ মিটার

∴ " ৩০ " " $\frac{৪৮ \times ১০০০ \times ৩০}{৬০ \times ৬০}$ " = ৪০০ মিটার

∴ ট্রেনটির দৈর্ঘ্য (৪০০ – ২২০) মিটার = ১৮০ মিটার।

খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের অধীনে প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ২০০৪
উত্তর : গ

২৫. করিম $১\frac{১}{২}$ ঘণ্টায় ৫ কিমি হাঁটে এবং রহিম ৫ মিনিটে ২৫০ মিটার হাঁটে। করিম ও রহিমের গতিবেগের অনুপাত কত?

ক ১০ : ৯ খ ৯ : ১০ গ ২০ : ৯ ঘ ১৮ : ৫

Hints : করিম $১\frac{১}{২}$ ঘণ্টা বা ৯০ মিনিটে হাটে ৫ কিমি বা ৫০০০ মিটার

∴ " ১ " " $\frac{৫০০০}{৯০}$ " বা $\frac{৫০০}{৯}$

রহিম ৫ মিনিটে যায় ২৫০ মিটার

∴ " ১ " " $\frac{২৫০}{৫}$ "

= ৫০ মিটার

∴ করিম ও রহিমের বেগের অনুপাত $= \frac{\frac{৫০০}{৯}}{৫০}$

$= \frac{৫০০}{৯} \times \frac{১}{৫০}$

$= \frac{১০}{৯}$

= ১০ : ৯

প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক ২০০৯
উত্তর : ক

২৬. লঞ্চ ও স্রোতের গতিবেগ যথাক্রমে ঘণ্টায় ২০ কিমি ও ৪ কিমি। নদীপথে ৯৬ কিমি দূরত্ব অতিক্রম করে পুনরায় যাত্রাস্থানে ফিরে আসতে সময় লাগবে—

ক ৬ ঘণ্টা খ ৮ ঘণ্টা গ ১০ ঘণ্টা ঘ ১২ ঘণ্টা

Hints : স্রোতের অনুকূলে বেগ = ২০ + ৪ = ২৪ কিমি/ঘণ্টা

∴ " " যেতে সময় লাগে $\frac{৯৬}{২৪}$ = ৪ ঘণ্টা

স্রোতের প্রতিকূলে বেগ = ২০ – ৪ = ১৬ কিমি/ঘণ্টা

∴ " " যেতে সময় লাগে $= \frac{৯৬}{১৬}$ = ৬ ঘণ্টা

মোট সময় লাগে = ৪ + ৬ = ১০ ঘণ্টা।

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২ (সুরমা)
উত্তর : গ

২৭. An emergency vehicle travels 10 miles at a speed of 50 miles per hour. How fast must the vehicle travel on the return trip if the round trip travel time is 20 minutes?

ক 55 mph খ 60 mph গ 65 mph ঘ 70 mph ঙ 75 mph

Hints : 50 miles travel in 60 minutes

∴ 10 " " $\frac{60 \times 10}{50}$ " = 12 min.

Now, 20 – 12 = 8 min.

∴ In 8 minutes it has to go 10 miles

∴ " 1 " " " " " $\frac{10}{8}$ "

∴ " 60 " " " " " $\frac{10 \times 60}{8}$ " = 75

Agrani Bank Ltd. Officer 2010
উত্তর : ঙ

২৮. ১২০ মিটার লম্বা একটি ট্রেন ৩৩০ মিটার লম্বা একটি সেতু অতিক্রম করবে। ট্রেনটির গতিবেগ ঘণ্টায় ৩০ কিমি হলে, সেতুটি অতিক্রম করতে ট্রেনটির কত সময় লাগবে?

(ক) ৪৫ সেকেন্ড (খ) ৫৪ সেকেন্ড (গ) ৪০ সেকেন্ড (ঘ) ৩৬ সেকেন্ড

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক ২০০৬; সরকারী মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৯
উত্তর : খ

Hints : সেতুসহ ট্রেনের মোট দৈর্ঘ্য = (৩৩০ + ১২০) = ৪৫০ মিটার

ট্রেনটিকে সেতু অতিক্রম করতে সেতুর দৈর্ঘ্য এবং এর নিজের দৈর্ঘ্য অতিক্রম করতে হবে

১ কিমি = ১০০০ মিটার

∴ ৩০ কিমি = ৩০,০০০ মিটার

৩০,০০০ মিটার যায় ৩৬০০ সেকেন্ডে

∴ ১ " " $\frac{৩৬০০}{৩০,০০০}$ "

∴ ৪৫০ " " $= \frac{৩৬০০ \times ৪৫০}{৩০,০০০} =$ ৫৪ সেকেন্ডে

২৯. রহিম ঘণ্টায় 5 কিমি বেগে হেঁটে 'A' স্থান হতে 'B' স্থানে গেল। সুবাস ঘণ্টায় 6 কিমি বেগে হেঁটে 'B' হতে 'A' স্থানে গেল। সুবাসের পৌঁছাতে $\frac{1}{2}$ ঘণ্টা সময় কম লাগল। 'A' স্থান হতে 'B' স্থানের দূরত্ব কত?

(ক) 15 কিমি (খ) 17 কিমি (গ) 12 কিমি (ঘ) 14 কিমি

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ ২০০৭
উত্তর : ক

Hints : ধরি, দূরত্ব = x কিমি।

সুবাস 5 কিমি যায় 1 ঘণ্টায়

∴ " 1 " " $\frac{1}{5}$ "

∴ " x " " $= \frac{x}{5}$ "

আবার,

সুবাস 6 কিমি যায় 1 ঘণ্টায়

∴ " x " $= \frac{x}{6}$ "

শর্তমতে, $\frac{x}{5} - \frac{x}{6} = \frac{1}{2}$

বা, $\frac{6x - 5x}{30} = \frac{1}{2}$

বা, $\frac{x}{30} = \frac{1}{2}$

$\Rightarrow x = \frac{30}{2} = 15$

∴ দূরত্ব 15 কিমি

৩০. ৫০ মিটার দীর্ঘ একটি ট্রেন ঘণ্টায় ৩৬ কিমি বেগে চলে। রাস্তার পাশের একটি খুঁটিকে ট্রেনটি কত সেকেন্ডে অতিক্রম করবে?

(ক) ৭ সেকেন্ড (খ) ৪ সেকেন্ড (গ) ৫ সেকেন্ড (ঘ) ৩ সেকেন্ড

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক ২০০৬
উত্তর : গ

Hints : ১ কিমি = ১০০০ মিটার

∴ ৩৬ কিমি = (৩৬ × ১০০০) মিটার = ৩৬০০০ মিটার

১ ঘণ্টা = (৬০ × ৬০) = ৩৬০০ সেকেন্ড,

৩৬০০০ মিটার যায় ৩৬০০ সেকেন্ডে

∴ ১ " " $\frac{৩৬০০}{৩৬০০০}$ সেকেন্ডে

∴ ৫০ " " $= \frac{৩৬০০ \times ৫০}{৩৬০০০}$ " = ৫ সেকেন্ড।

৩১. একজন ট্রাক ড্রাইভারকে ৪ ঘণ্টায় ১৮০ মাইল অবশ্যই ভ্রমণ করতে হবে। যদি সে প্রথম ৩ ঘণ্টা ৫০ মাইল বেগে যায় তবে শেষ ঘণ্টায় সে কত মাইল বেগে যাবে?

(ক) ৩০ (খ) ৩৫ (গ) ৪০ (ঘ) ৪৫ (ঙ) ৫০

Hints : ১ ঘণ্টায় যায় ৫০ মাইল

∴ ৩ " " = (৫০×৩) = ১৫০ মাইল

∴ অবশিষ্ট পথ = (১৮০ − ১৫০) = ৩০ মাইল

অবশিষ্ট সময় = ১ ঘণ্টা।

∴ শেষ ঘণ্টার বেগ ৩০ মাইল/ঘণ্টা।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (BRDB)-এর সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০০৬; IFIC Bank Ltd. Probationary Officer 2010
উত্তর : ক

৩২. ঘণ্টায় ৪ কিমি গতি বৃদ্ধি করায় ৩২ কিমি পথ অতিক্রম করতে ৪ ঘণ্টা সময় কম লাগে। বৃদ্ধির পূর্বে গতি কত ছিল?

(ক) ৮ কিমি (খ) ১২ কিমি (গ) ৪ কিমি (ঘ) ২ কিমি

Hints : ধরি, পূর্বে গতি ছিল x কিমি

শর্তমতে,

$$\frac{৩২}{x} = \frac{৩২}{x+৪} + ৪$$

$$\Rightarrow \frac{৩২}{x} = \frac{৩২+৪x+১৬}{x+৪}$$

$$\Rightarrow \frac{৩২}{x} = \frac{৪x+৪৮}{x+৪}$$

$$\Rightarrow \frac{৮}{x} = \frac{x+১৬}{x+৪}$$

$\Rightarrow x^2 + ৪x - ৩২ = ০$

$\Rightarrow (x + ৮)(x - ৪) = ০$

$\Rightarrow x \neq -৮$ অথবা, $x = ৪$

পিএসসি কর্তৃক নির্ধারিত ১২টি পদ ২০০১
উত্তর : গ

৩৩. একটি গাড়ি ঘণ্টায় ৪৫ মাইল বেগে ২০ মিনিট চলার পর ঘণ্টায় ৬০ মাইল বেগে ৪০ মিনিট চলে। সম্পূর্ণ পথের জন্য গাড়িটির গতিবেগের গড় কত?

(ক) ৫৪ মাইল/ ঘণ্টা (খ) ৫০ মাইল/ ঘণ্টা (গ) ৫২.৫ মাইল/ঘণ্টা (ঘ) ৫৫ মাইল/ ঘণ্টা

Hints : ১ ঘণ্টা বা ৬০ মিনিটে যায় ৪৫ মাইল

∴ ২০ " " $\frac{৪৫}{৬০} \times ২০$ "

= ১৫ মাইল

আবার,

১ ঘণ্টা বা ৬০ মিনিটে যায় ৬০ মাইল

∴ ৪০ " " $\frac{৬০ \times ৪০}{৬০}$ "

= ৪০ মাইল

(২০ + ৪০) বা ৬০ মিনেটে যায় = (১৫ + ৪০) = ৫৫ মাইল অর্থাৎ গতিবেগ ৫৫ মাইল/ঘণ্টা।

পিএসসি কর্তৃক নির্ধারিত ১২টি পদ ২০০১
উত্তর : ঘ

৩৪. এক ব্যক্তি সকালে ৬ কিমি/ঘণ্টা বেগ হেঁটে বাসা থেকে অফিসে যান এবং বিকালে ৪ কিমি/ঘণ্টা বেগে হেঁটে অফিস থেকে বাসায় ফেরেন, এতে তার ১ ঘণ্টা বেশি লাগে। বাসা থেকে অফিসের দূরত্ব—

(ক) ১০ কিমি (খ) ১২ কিমি (গ) ১৬ কিমি (ঘ) ৮ কিমি

Hints : ধরি, বাসা থেকে অফিসের দূরত্ব $= x$ কিমি

৬ কিমি যায় = ১ ঘণ্টায়

$\therefore x$ " " $= \frac{x}{৬}$ "

অনুরূপভাবে অফিস থেকে বাসায় ফিরে আসে $\frac{x}{৪}$ ঘণ্টায়

$\therefore$ বাসা থেকে অফিসের দূরত্ব $\left(\frac{x}{৪} - \frac{x}{৬}\right) = ১$

$$\Rightarrow \frac{৩x - ২x}{১২} = ১$$

$$\Rightarrow x = ১২ \text{ কিমি}$$

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তরের উপসহকারী পরিচালক/সহকারী ব্যবস্থাপক ২০০৫
উত্তর : খ

৩৫. ভ্রমণের প্রথম ৬ ঘণ্টায় একটি গাড়ির গড় বেগ ছিল ৪০ কিমি/ঘণ্টা এবং বাকি অংশের গড় বেগ ছিল ৬০ কিমি/ঘণ্টা। যদি সম্পূর্ণ ভ্রমণে গাড়িটির গড় বেগ ৫৫ কিমি/ঘণ্টা হয় তবে ভ্রমণের মোট সময়কাল কত?

ক ১৮ ঘণ্টা খ ২০ ঘণ্টা গ ২২ ঘণ্টা ঘ ২৪ ঘণ্টা

Hints : ধরি, গাড়িটির মোট ভ্রমণকাল $= t$

$\therefore$ শর্তানুসারে, $t \times ৫৫ = ৬ \times ৪০ + (t - ৬) \times ৬০$

$\Rightarrow ৫৫t = ২৪০ + ৬০t - ৩৬০$

$\Rightarrow ১২০ = ৫t$

$\therefore t = ২৪$ ঘণ্টা।

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১০ (সুরমা)
উত্তর : ঘ

৩৬. ঢাকা থেকে কুমিল্লার x km দূরত্বের মধ্যে একটি গাড়ির গতিবেগ pkm/h। কুমিল্লা থেকে চট্টগ্রামের ykm দূরত্বের মধ্যে গাড়িটির গড় গতিবেগ qkm/h। ঢাকা থেকে চট্টগ্রামের মধ্যে ঘণ্টায় গড় গতিবেগ কত?

ক $\frac{pq(x+y)}{px+qy}$ km / h খ $\frac{pq(x+y)}{qx+py}$ km / h

গ $\frac{(x+y)}{px+qy}$ km / h ঘ $\frac{x+y}{qx+py}$ km / h

Hints : মোট সময় $= \left(\frac{x}{p} + \frac{y}{q}\right) = \frac{qx+py}{pq}$

দূরত্ব $= x + y$

$\therefore$ গড় গতিবেগ $= \frac{x+y}{\frac{qx+py}{pq}}$

$$= \frac{pq(x+y)}{qx+py}$$

উপজেলা/থানা শিক্ষা অফিসার ১৯৯৯
উত্তর : খ

৩৭. If Zara walks at 5 km/hr, she reaches the bus stop 5 minutes late and if she walks at 6 km/hr, she reaches the bus stop 5 minutes earlier. The bus stop is at a distance of–

ক 3 km খ 5 km গ 6 km ঘ 10 km ঙ None of these

Hints : *Let, distance is x km.*

At 5 km/hr

5 km goes in 1 hour

$\therefore$ 1 " " " $\frac{1}{5}$"

$\therefore$ x " " " $\frac{x}{5}$ "

At 6 km/hr

x km goes in $\frac{x}{6}$ *hr*

$$\therefore \left(\frac{x}{5}-\frac{x}{6}\right)\times 60 = 5+5 = 10$$

$$\Rightarrow \frac{6x-5x}{30} = \frac{10}{60} = \frac{1}{6}$$

$$\Rightarrow x = \frac{30}{6} = 5$$

Exim Bank Ltd.
Assistant Officer 2010
উত্তর : খ

৩৮. **Taxi service charges an initial fee of Tk. 21.50 at the beginning of a trip and an additional charge of Tk. 4.50 for each 2/5 of a mile traveled. What is the total charge for a trip of 3.6 miles?**

ক Tk. 51.50 খ Tk. 62.00 গ Tk. 65.00 ঘ Tk. 68.00 ঙ Tk. 53.00

Southeast Bank Ltd
Probationary Officer 2011
উত্তর : খ

Hints : *For* $\frac{2}{5}$ *mile taxi charges Tk. 4.5*

$$\therefore \text{" } 3.6 \text{ " " " } \frac{4.5\times 5\times 3.6}{2} = Tk.\ 40.5$$

$$\therefore \text{Total charge} = 40.5 + 21.5$$

$$= Tk.\ 62$$

৩৯. **If interest on a savings account is paid monthly at an annual rate of $6\frac{1}{4}$ percent and if the interest is not reinvested, then in how many years will the total amount of interest earned equal the amount of money saved in the account?**

ক 36 খ 24 গ 18 ঘ 16 ঙ 12

NCC Bank Ltd
Management Trainee Officer 2012
উত্তর : ঘ

Hints : *Here, Interest = Principle*

$$\text{We know, Interest} = \frac{\text{Prinicple}\times\text{time}\times\text{rate}}{100}$$

$$\therefore \text{Interest} = \frac{\text{Interest}\times\text{time}\times 6\frac{1}{4}}{100}$$

$$\Rightarrow \text{time}\times\frac{25}{4} = 100$$

$\therefore$ *time = 16 years*

৪০. **একটি কুকুর একটি শৃগালের ৫০০ মিটার পেছন থেকে তাড়া করলো। যদি ১ কিমি যেতে শৃগালের ১০ মিনিট এবং কুকুরের ৬ মিনিট লাগে তবে কতক্ষণ পর কুকুর শৃগালকে ধরতে পারবে?**

ক ৭.৫ মিনিট খ ৮.৫ মিনিট গ ১০ মিনিট ঘ ১৫ মিনিট

Hints : শৃগাল ১ মিনিটে যায় ১০০ মিটার

∴ কুকুর ১ " " $\frac{১০০০}{৬}$ "

∴ কুকুর ১ মিনিটে বেশি দৌড়ায় $\left(\frac{১০০০}{৬}-১০০\right)$ মিটার বা $\frac{৪০০}{৬}$ মিটার

∴ কুকুর শৃগালকে ধরবে $\left(৫০০\div\frac{৪০০}{৬}\right)$ মিনিট পর

$=৫০০\times\frac{৬}{৪০০}$ " "

= ৭.৫ মিনিট পর।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা ২০০১
উত্তর : ক

৪১. রেজা গাড়ি ভাড়া করে ১৮০ টাকা স্থির এবং ১ টাকা হারে প্রতি মাইল। আসিফ গাড়ি ভাড়া করে ২৫০ টাকা স্থির এবং ০.৫০ টাকা হারে প্রতি মাইল। যদি প্রত্যেকে d মাইল ভ্রমণ করে এবং প্রত্যেকের মোট ভাড়া সমান হয়, তাহলে d এর মান কত?

ক ১০০ খ ১২০ গ ১৩৫ ঘ ১৪০ ঙ ১৫০

Hints : $১৮০+d=২৫০+\frac{১}{২}d$

বা, $d-\frac{১}{২}d=২৫০-১৮০$

বা, $\frac{১}{২}d=৭০$

বা, $d=১৪০$

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (BRDB)-এর সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০০৬
উত্তর : ঘ

৪২. এক ব্যক্তি খাড়া পূর্বদিকে ৫ মাইল দূরত্ব অতিক্রম করে প্রতি মাইল ২ মিনিটে এবং খাড়া পশ্চিম দিকে পূর্বস্থানে ফিরে আসে প্রতি মিনিটে ২ মাইল হিসেবে। ঐ ব্যক্তির গড় গতিবেগ ঘণ্টায় কত মাইল?

ক ৪৮ মাইল খ ৭৫ মাইল গ ২৪ মাইল ঘ ৪৫ মাইল

Hints : লোকটির যেতে সময় লাগে (২×৫) মিনিট

∴ " ফিরে আসতে সময় লাগে $\frac{৫}{২}$ "

মোট দূরত্ব = ৫ + ৫ = ১০ মাইল

মোট সময় $=\left(১০+\frac{৫}{২}\right)$ মিনিট

$=\frac{২৫}{২}$ মিনিট

$\frac{২৫}{২}$ মিনিটে যায় ১০ মাইল

∴ ১ " " $\frac{১০\times২}{২৫}$ "

∴ ৬০ " " $\frac{১০\times২\times৬০}{২৫}=৪৮$ মাইল

তথ্য মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক ২০০৪
উত্তর : ক

৪৩. দুটি বাস ঘণ্টায় ২০ কিমি বেগে একই সময়ে গাবতলী থেকে আরিচা রওয়ানা হলো। সাভার পৌঁছার পর একটি বাস থেমে গেল। কিন্তু অপর বাসটি চলতে থাকলো। আধ ঘণ্টা পরে থেমে থাকা বাসটি ঘণ্টায় ২৫ কিমি বেগে আবার চলতে থাকলো। সাভার থেকে কতদূরে বাস দুটি মিলিত হবে?

উপজেলা/থানা শিক্ষা অফিসার ১৯৯৯
উত্তর : খ

ক ৪০ কিমি খ ৫০ কিমি গ ৬০ কিমি ঘ ৫৫ কিমি

Hints : *ধরি,*

d কিমি দূরে বাস দুটি মিলিত হবে

প্রশ্নমতে, $\frac{d}{২০} = \frac{d}{২৫} + \frac{১}{২}$

বা, $৫d = ৪d + ৫০$

$\therefore d = ৫০$ *কিমি*

৪৪. A man moves from A to B at the rate of 4 km/hr. Had he moved at the rate of 3.67 km/hr, he would have taken 3 hours more to reach the destination. What is the distance between A and B?

ক 33 kms খ 132 kms গ 36 kms ঘ 144 kms

Hints : *Let, the distance between A and B is s*

$\therefore \frac{s}{4} + 3 = \frac{s}{3.67}$

$\Rightarrow \frac{s+12}{4} = \frac{s}{3.67}$

$\Rightarrow 4s = 3.67s + 44.04$

$\Rightarrow 0.33\,s = 44.04$

$\therefore s = 133.45$

ইসলামী ব্যাংক বাংলাদেশ লি. সহকারী অফিসার গ্রেড-৩ (নারী) ২০১২
উত্তর : অপশনে সঠিক উত্তর নেই

৪৫. A train running at the speed of 25 m/s takes 10 seconds to pass a man running at the speed of 10 m/s in the opposite direction. Find the length of the train.

ক 150 meters খ 200 meters গ 250 meters ঘ 350 meters

Hints : *Apparent velocity of the train = (25 + 10) = 35 m/s*

In 1 sec. the train goes 35m

$\therefore$ *" 10 " " " " 35 × 10m = 350m*

$\therefore$ *Length of the train 350m.*

Bangladesh Krishi Bank Officer (Cash) 2011
উত্তর : ঘ

৪৬. একটি বন্দুকের গুলি প্রতি সেকেন্ডে ১,৫৪০ ফুট গতিবেগে লক্ষ্যভেদ করে। এক ব্যক্তি বন্দুক ছুঁড়বার ৩ সেকেন্ড পরে লক্ষ্যভেদের শব্দ শুনতে পায়। শব্দের গতি প্রতি সেকেন্ডে ১১০০ ফুট। লক্ষ্য বস্তুর দূরত্ব কত?

ক ২০২৫ ফুট খ ১৯২৫ ফুট গ ১৯৭৫ ফুট ঘ ১৮৭৫ ফুট

Hints : *ধরি, দূরত্ব ক ফুট*

$\therefore$ *গুলি লক্ষ্যভেদ করতে সময় লাগে* $\frac{ক}{১৫৪০}$ *সেকেন্ড*

এবং শব্দ কানে আসতে " " " ১১০০ "

$\therefore \frac{ক}{১৫৪০} + \frac{ক}{১১০০} = ৩$

বা, $\frac{ক}{২২০}\left(\frac{১}{৭}+\frac{১}{৫}\right) = ৩$

বা, $ক = \frac{৩ \times ২২০ \times ৩৫}{১২} = ১৯২৫$ ফুট

১১তম বিসিএস
উত্তর : খ

৪৭. ঢাকা থেকে টাঙ্গাইলের দূরত্ব ৪৫ মাইল। করিম ঘণ্টায় ৩ মাইল বেগে হাঁটে এবং রহিম ঘণ্টায় ৪ মাইল বেগে হাঁটে। করিম ঢাকা থেকে রওয়ানার এক ঘণ্টা পর রহিম টাঙ্গাইল থেকে ঢাকা রওয়ানা হয়েছে। রহিম কত মাইল হাঁটার পর করিমের সাথে দেখা হবে?

ক ২৪ খ ২৩ গ ২২ ঘ ১১

Hints : *করিম ১ ঘণ্টায় যায় ৩ মাইল*

$\therefore$ *বাকি দূরত্ব* $= (৪৫ - ৩)$ " $= ৪২$ *মাইল*

করিম ও রহিম ১ ঘণ্টায় যায় $= (৩ + ৪)$ *মাইল* $= ৭$ *মাইল*

$\therefore$ *দু'জনের ৪২ মাইল যেতে সময় লাগে* $\frac{৪২}{৭}$ *ঘণ্টা* $= ৬$ *ঘণ্টা*

$\therefore$ *৬ ঘণ্টায় রহিম হাঁটে* $= (৪ \times ৬)$ *মাইল* $= ২৪$ *মাইল।*

১৮তম বিসিএস
উত্তর : ক

৪৮. ঢাকা ও চট্টগ্রাম এই দুই রেল স্টেশন থেকে প্রতি ঘণ্টায় একটা ট্রেন এক স্টেশন থেকে অন্য স্টেশনের দিকে যাত্রা করে। সব ট্রেনই সমান গতিতে চলে এবং গন্তব্যস্থলে পৌঁছাতে প্রত্যেক ট্রেনের ৫ ঘণ্টা সময় লাগে। এক স্টেশন থেকে যাত্রা করে অন্য স্টেশনে পৌঁছানো পর্যন্ত একটা ট্রেন কয়টা ট্রেনের দেখা পাবে?

ক ৮ খ ১০ গ ১১ ঘ ১২

১৭তম বিসিএস
উত্তর : খ

৪৯. এক ব্যক্তি ভোরে ৬০ কিমি/ঘণ্টা বেগে গাড়ি চালিয়ে বগুড়া থেকে রংপুর গেলেন এবং সন্ধ্যায় ৪০ কিমি/ঘণ্টা বেগে গাড়ি চালিয়ে রংপুর থেকে বগুড়া ফিরলেন। ফেরৎ যাত্রায় ১ ঘণ্টা সময় বেশি লাগল। বগুড়া ও রংপুরের দূরত্ব কত?

ক ১৬০ কিমি খ ১০০ কিমি গ ১৪০ কিমি ঘ ১২০ কিমি

Hints : *ধরি, বগুড়া ও রংপুরের দূরত্ব* $= x$ *কিমি*

৬০ কিমি যায় = ১ ঘণ্টায়

$\therefore$ x " " $= \frac{x}{৬০}$ "

আবার ৪০ কিমি বেগে ফিরে আসে = ১ ঘণ্টায়

$\therefore$ x " " " " $= \frac{x}{৪০}$ "

প্রশ্নমতে,

$\frac{x}{৪০} - \frac{x}{৬০} = ১$

$\Rightarrow \frac{৩x - ২x}{১২০} = ১$

$\Rightarrow x = ১২০$

সমাজসেবা অধিদপ্তরে
ইন্সট্রাক্টর পদে নিয়োগ
পরীক্ষা ২০০৫
উত্তর : ঘ

৫০. একটি লোক খাড়া উত্তর দিকে m মাইল দূরত্ব অতিক্রম করে প্রতি মাইল ২ মিনিটে এবং খাড়া দক্ষিণ দিকে পূর্বস্থানে ফিরে আসে প্রতি মিনিটে ২ মাইল হিসেবে। লোকটির গড় গতিবেগ ঘণ্টায় কত মাইল?

(ক) ৪৫ (খ) ৪৮ (গ) ৭৫ (ঘ) ২৪

১৩তম বিসিএস
উত্তর : খ

Hints : *লোকটির যেতে সময় লাগে ২m মিনিট*

" ফিরে আসতে সময় লাগে $\frac{m}{২}$ মিনিট

মোট দূরত্ব ২m মাইল

মোট সময় $= \left(২m + \frac{m}{২}\right)$ *মিনিট* $= \frac{৫m}{২}$ *মিনিট*

$= \frac{m}{২৪}$ *ঘণ্টা*

$\frac{m}{২৪}$ *ঘণ্টায় যায় ২m মাইল*

$\therefore$ ১ " " $\frac{২m \times ২৪}{m} = ৪৮$ *মাইল*

৫১. A car uses one liter of petrol to travel 17 miles. After a tune-up, the car travels 17% farther on one liter. How many liters (best approximation) of petrol will it take for the car to travel 170 miles after a tune-up?

(ক) 8.1 (খ) 7.9 (গ) 9.3 (ঘ) 9.1 (ঙ) 8.5

Bangladesh Bank
Asst. Director 2011
উত্তর : ঙ

Hints : *After a tune-up the car travels*

$= 17 + \frac{17}{100} \times 17$

$= 19.89$ *miles*

19.89 miles take 1 liter petrol

$\therefore$ *170 " " $\frac{170}{19.89}$ " "*

$= 8.55$ *liter petrol*

৫২. A barge, when empty, travels twice as fast as when it is full. If it travels 20 miles north with a cargo, spends 30 minutes for unloading, and returns to its original port empty, completing the entire trip in 8 hours, what is the speed of the barge when it is empty?

(ক) 8 mph (খ) 10 mph (গ) 12 mph (ঘ) 15 mph (ঙ) None of these

Dhaka Bank Ltd.
MTO 2011
উত্তর : ক

Hints : *Let, speed of barge with cargo x mile/hr*

$\therefore$ *Speed of empty barge 2x mile/hr*

Time spent for travelling = 8 − 0.5 = 7.5 hrs

By question, $\frac{20}{x} + \frac{20}{2x} = 7.5$

$\Rightarrow \frac{40+20}{2x} = 7.5$

$\Rightarrow x = 4$

$\therefore$ *Speed of empty barge* $= 4 \times 2 = 8$ *mile/hr.*

৫৩. The taxicab charges Tk. 4.60 for the first 0.2 mile of a trip and Tk. 1.20 for each 0.2 of a mile or a part thereof. If the trip is 2.5 miles one way and the waiting charge is Tk. 7.50 for 30 minutes or part thereof. What will be the fare for a round trip if the passenger waited for 70 minutes?

(ক) 50 (খ) 55 (গ) 60 (ঘ) 6.50 (ঙ) 75

Bangladesh Bank Asst. Director 2011
উত্তর : অপশনে সঠিক উত্তর নেই

Hints : *Total distance traveled* $= 2.5 \times 2 = 5$ *miles*

Charge for first 0.2 mile $=$ *Tk. 4.6*

Charge for next 4.8 mile $= 1.2 \times \frac{4.8}{0.2}$

$=$ *Tk. 28.8*

Waiting charge $= 7.5 \times 3 =$ *Tk. 22.5*

$\therefore$ *Total charge* $= 4.6 + 28.8 + 22.5 =$ *Tk. 55.9*

৫৪. A train travels from New York to Chicago, a distance of approximately 840 miles, at an average rate of 60 miles per hour and arrives in Chicago at 6:00 in the evening, Chicago time. At what hour in the morning, New York City time, did the train depart for Chicago? (Note : Chicago time is one hour earlier than New York City time.)

Pubali Bank Ltd. Junior Officer (Cash) 2011
উত্তর : ক

(ক) 4:00 (খ) 5:00 (গ) 6:00 (ঘ) 7:00 (ঙ) None of them

Hints : *Let, the number is x*

$\therefore \frac{15}{100} \times \frac{30}{100} \times x = 18$

$\Rightarrow x = 400$

Time required $= \frac{840}{60} = 14$ *hours*

$\therefore$ *Departure time of train* $= 6.00$ *pm* $- 14$ *hours* $= 4.00$ *am*

৫৫. A train took 6 minutes to travel between two stations 4 miles apart. What was the speed of the train in miles per hour?

(ক) 30 (খ) 35 (গ) 40 (ঘ) 45

Uttara Bank Ltd. Asst. Officer (Cash) 2011
উত্তর : গ

Hints : *In 6 min train goes 4 miles*

$\therefore$ " 60 " " " $\frac{4 \times 60}{6}$ " $= 40$ *miles*

অধ্যায় ১১

নৌকা ও স্রোত বিষয়ক

BOAT & STREAM RELATED

প্রকৃত গতিবেগ (Actual Speed) :
স্থির পানিতে নৌকার গতিবেগকে বলে নৌকার প্রকৃত গতিবেগ।

কার্যকরী গতিবেগ (Effective Speed) :
স্রোতস্বিনী নদীতে নদীর স্রোতের অনুকূলে বা প্রতিকূলে নৌকা যে গতিবেগে চলে তাকে বলে নৌকার কার্যকরী গতিবেগ।

Working Tools

BOAT & STREAM RELATED

- স্রোতের অনুকূলে (downstream) নৌকার কার্যকরী গতিবেগ = নৌকার প্রকৃত গতিবেগ + স্রোতের গতিবেগ
- স্রোতের প্রতিকূলে (upstream) নৌকার কার্যকরী গতিবেগ = নৌকার প্রকৃত গতিবেগ – স্রোতের গতিবেগ

Question Bank as Self Test

১. **If a boat goes 7 km upstream in 42 minutes and the speed of the stream is 3 kmph, then the speed of the boat in still water is :**

(ক) 4.2 km/hr (খ) 9 km/hr (গ) 13 km/hr (ঘ) 21 km/hr

পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের আসিস্টেন্ট ম্যানেজার ২০১৪
উত্তর : গ

Hints : *Let, the speed of the boat in still water is x km/hr*
the speed of stream is 3 km/hr
So, Upstream speed of boat is (x – 3) km/hr
According to the question,

Upstream speed of boat is $= \frac{7}{42}$ *km/mint*,

$= \frac{7 \times 60}{42}$ *km/hours*

$= 10$ *km/ hours*

So, $x - 3 = 10$

$\Rightarrow x = 10 + 3 = 13$

Therefore speed of the boat in still water is 13 km/hr.

Ans : 13 km/hr.

২. একজন মাঝি স্রোতের অনুকূলে ২ ঘণ্টায় ৫ মাইল যায় এবং ৪ ঘণ্টায় যাত্রাস্থানে ফিরে আসে। তাঁর মোট ভ্রমণে প্রতি ঘণ্টায় গড় বেগ কত?

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২ (কুড়িগ্রাম); ২৩তম বিসিএস; বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (BRDB) এর উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০০৯; সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৮; পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অধীন পরিবেশ অধিদপ্তরের সহ-পরিচালক (আইসিটি), সহ-পরিচালক (প্রশাসন) ও রিসার্চ অফিসার ২০০৭

উত্তর : ক

ক $১\frac{২}{৩}$ খ $\frac{৫}{৬}$ গ $১\frac{৩}{৪}$ ঘ $১\frac{৫}{৬}$

Hints : মোট সময় = ২ + ৪ = ৬ ঘণ্টা

মোট অতিক্রান্ত দূরত্ব = ৫ + ৫ = ১০ মাইল

$\therefore$ গড় বেগ $= \frac{১০}{৬} = ১\frac{২}{৩}$ মাইল/ঘণ্টা

৩. একজন মাঝি স্রোতের অনুকূলে ১ ঘণ্টায় ৩ মাইল যায় এবং ৩ ঘণ্টায় যাত্রাস্থানে ফিরে আসে। তার মোট ভ্রমণে প্রতি ঘণ্টায় গড় বেগ কত?

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২ (সুরমা)

উত্তর : ক

ক $১\frac{১}{২}$ খ $১\frac{২}{৩}$ গ $১\frac{৩}{৪}$ ঘ $১\frac{৩}{৫}$

Hints : মোট দূরত্ব = ৩ + ৩ = ৬ মাইল

মোট সময় = ১ + ৩ = ৪ ঘণ্টা

গড় বেগ $= \frac{৬}{৪} = ১\frac{১}{২}$ মাইল/ঘণ্টা

৪. স্রোতের প্রতিকূলে যেতে যে সময় লাগে, অনুকূলে যেতে তার অর্ধেক সময় লাগে। যাতায়াতে যদি ১২ ঘণ্টা সময় লাগে তাহলে স্রোতের অনুকূলে যেতে সময় লাগে–

প্রাথমিক প্রধান শিক্ষক ২০০৯ (বেলী)

উত্তর : ঘ

ক ৬ ঘণ্টা খ ৮ ঘণ্টা গ ১০ ঘণ্টা ঘ ৪ ঘণ্টা

Hints : স্রোতের অনুকূলে যেতে সময় লাগে x ঘণ্টা

$\therefore$ " প্রতিকূলে " " " $2x$ ঘণ্টা

$\therefore x + 2x = 12$

$\Rightarrow 3x = 12$

$\therefore x = 4$

৫. একজন মাঝি স্রোতের অনুকূলে ২ ঘণ্টায় ৬ মাইল যায় এবং ৫ ঘণ্টায় যাত্রাস্থানে ফিরে আসবে। তার মোট ভ্রমণে প্রতি ঘণ্টায় গড় বেগ কত?

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২ (কর্ণফুলী)

উত্তর : খ

ক $১\frac{৫}{৮}$ খ $১\frac{৫}{৭}$ গ $১\frac{৫}{৬}$ ঘ $১\frac{৪}{৫}$

Hints : মোট সময় = ২ + ৫ = ৭ ঘণ্টা

মোট দূরত্ব = ৬ + ৬ = ১২ মাইল

$\therefore$ গড় বেগ $= \frac{১২}{৭} = ১\frac{৫}{৭}$ মাইল/ঘণ্টা

৬. স্রোতের অনুকূলে একটি নৌকা ৪ ঘণ্টায় ৪০ কিমি পথ যায়। যদি স্থির জলে ঐ নৌকার গতিবেগ ঘণ্টায় ৮ কিমি হয়, তবে নদীর স্রোতের গতিবেগ কত ছিল?

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৮

উত্তর : গ

ক ৪ কিমি খ ৩ কিমি গ ২ কিমি ঘ ১ কিমি

Hints : স্রোতের অনুকূলে বেগ $= \frac{৪০}{৪} = ১০$ কিমি/ঘণ্টা

$\therefore$ স্রোতের বেগ = ১০ − ৮ = ২ কিমি/ঘণ্টা

৭. একটি নৌকা স্রোতের অনুকূলে ঘণ্টায় ৮ কিমি এবং স্রোতের প্রতিকূলে ৪ কিমি যায়। নৌকার বেগ কত?

ক ৮ কিমি খ ৬ কিমি গ ২ কিমি ঘ ৪ কিমি

সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৮
উত্তর : খ

Hints : *নৌকার বেগ + স্রোতের বেগ = ৮ কিমি/ঘণ্টা*

নৌকার বেগ − স্রোতের বেগ = ৪ কিমি/ঘণ্টা

২× নৌকার বেগ = ১২ কিমি/ঘণ্টা

∴ নৌকার বেগ = ৬ কিমি/ঘণ্টা

৮. দাঁড় বেয়ে একটি নৌকা স্রোতের অনুকূলে ঘণ্টায় যায় 15 কিমি এবং স্রোতের প্রতিকূলে যায় ঘণ্টায় 5 কিমি। স্রোতের বেগ নির্ণয় করুন।

ক ঘণ্টায় 10 কিমি খ ঘণ্টায় 8 কিমি গ ঘণ্টায় 7 কিমি ঘ ঘণ্টায় 5 কিমি

পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা ২০০৬; স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট ২০০৫
উত্তর : ঘ

Hints : *নৌকার বেগ + স্রোতের বেগ = 15*

নৌকার বেগ − স্রোতের বেগ = 5

2× স্রোতের বেগ = 10

বা, স্রোতের বেগ $= \frac{10}{2} = 5$ *কিমি/ ঘণ্টা*

৯. If a man swims 4 miters upstream at 1 mph and back downstream to the same point at 4 mph, what is his average speed?

ক 0.8 mph খ 1.6 mph গ 2.4 mph ঘ 3.2 mph

২৮তম বিসিএস
উত্তর : খ

Hints : *Let, towards upstream he swims at* v_1 *pmh*

and towards downstream he swims at v_2 *pmh*

$\therefore v_1 = 1; v_2 = 4$

Now, his average speed

$= \frac{2}{\frac{1}{v_1}+\frac{1}{v_2}} = \frac{2}{\frac{1}{1}+\frac{1}{4}}$ *[Rule of harmonic mean]*

$= \frac{2}{1+\frac{1}{4}} = \frac{2}{\frac{5}{4}} = \frac{2}{\frac{5}{4}} = 2\times\frac{4}{3} = \frac{8}{5} = 1.6$ *mph*

Total 5 mph swims 8 mitres

5 | 8 | 1.6mph
5
30
30
×

Ans : 1.6 mph.

১০. A boat goes 13 km upstream (against current) in 39 minutes. The speed of stream (current) is 3 km/hr. What is the speed of the boat in still water?

ক 23 km/hr খ 27 km/hr গ 17 km/hr
ঘ 20 km/hr ঙ None of the above

Social Islami Bank Ltd. Probationary Officer 2011
উত্তর : ক

Hints : *In 39 minutes boat goes 13 km*

$\therefore$ " 60 " " " $\frac{13\times60}{39} = 20$ *km*

$\therefore$ *Speed of boat− Speed of current =*

20 km/hr

Or, Speed of boat − 3 = 20

$\therefore$ *Speed of boat = 23 km/hr*

১১. স্রোতের প্রতিকূলে যেতে যে সময় লাগে, স্রোতের অনুকূলে যেতে তার অর্ধেক সময় লাগে। যাতায়াতে যদি ২৪ ঘণ্টা সময় লাগে, তবে স্রোতের অনুকূলে যেতে কত সময় লাগবে?

(ক) ৪ ঘণ্টা (খ) ৬ ঘণ্টা (গ) ৮ ঘণ্টা (ঘ) ১২ ঘণ্টা

Hints : মনে করি,

স্রোতের প্রতিকূলে যায় $= x$ ঘণ্টায়।

$\therefore$ " অনুকূলে " $= \frac{x}{২}$ "

প্রশ্নমতে, $x + \frac{x}{২} = ২৪$

বা, $\frac{২x+x}{২} = ২৪$

বা, $\frac{৩x}{২} = ২৪$

বা, $৩x = ৪৮$

$\therefore x = \frac{৪৮}{৩} = ১৬$

$\therefore$ স্রোতের অনুকূলে যেতে সময় লাগে $= \frac{১৬}{২} = ৮$ ঘণ্টা।

তথ্য মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিভিশনের বিজ্ঞাপন আধিকারিক গ্রেড ২; ২০০৬; সহকারী থানা পরিবার পরিকল্পনা অফিসার ১৯৯৮
উত্তর : গ

১২. নৌকা ও স্রোতের বেগ ঘণ্টায় যথাক্রমে ১০ ও ৫ কিমি। নদী পথে ৪৫ কিমি দীর্ঘ পথ একবার অতিক্রম করে ফিরে আসতে কত ঘণ্টা সময় লাগবে?

(ক) ৯ ঘণ্টা (খ) ১২ ঘণ্টা (গ) ১০ ঘণ্টা (ঘ) ১৮ ঘণ্টা

Hints : স্রোতের অনুকূলে নৌকার বেগ ঘণ্টায় ১৫ কিমি

এবং " প্রতিকূলে " " " ৫ "

$\therefore$ ৪৫ কিমি অতিক্রম করতে সময় লাগে $= \frac{৪৫}{১৫}$ ঘণ্টা $= ৩$ ঘণ্টা

এবং ৪৫ কিমি ফিরে আসতে সময় লাগে $= \frac{৪৫}{৫}$ ঘণ্টা $= ৯$ ঘণ্টা

$\therefore$ মোট সময় লাগে $= (৩ + ৯)$ ঘণ্টা $= ১২$ ঘণ্টা

১২তম বিসিএস; ৬ষ্ঠ বিজেএস (সহকারী জজ) ২০১১; প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ জরিপ অধিদপ্তরের সহকারী সুপারিনটেনডেন্ট অব সার্ভে ২০০৫; প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ কার্যালয়ে প্রশাসনিক কর্মকর্তা ২০০৪
উত্তর : খ

১৩. লঞ্চ ও স্রোতের গতিবেগ যথাক্রমে ঘণ্টায় ১৮ কিমি ও ৬ কিমি। নদীপথে ৪৮ কিমি অতিক্রম করে পুনরায় ফিরে আসতে সময় লাগবে—

(ক) ১০ ঘণ্টা (খ) ৫ ঘণ্টা (গ) ৬ ঘণ্টা (ঘ) ৮ ঘণ্টা

Hints : স্রোতের অনুকূলে, লঞ্চ + স্রোতের বেগ $= ১৮ + ৬ = ২৪$ কিমি

$\therefore$ ৪৮ কিমি যেতে সময় লাগবে $\frac{৪৮}{২৪}$ ঘণ্টা $= ২$ ঘণ্টা

স্রোতের প্রতিকূলে, লঞ্চ − স্রোতের বেগ $= ১৮ - ৬ = ১২$ কিমি

$\therefore$ ৪৮ কিমি যেতে সময় লাগবে $= \frac{৪৮}{১২}$ ঘণ্টা $= ৪$ ঘণ্টা

$\therefore$ মোট সময় লাগবে $= ৪ + ২ = ৬$ ঘণ্টা

২৬তম বিসিএস; সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজ সেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার ২০০৬
উত্তর : গ

১৪. লঞ্চ ও স্রোতের গতিবেগ যথাক্রমে ঘণ্টায় ১৮ কিমি ও ৬ কিমি। নদীপথে ৭২ কিমি অতিক্রম করে পুনরায় যাত্রাস্থানে ফিরে আসতে সময় লাগবে—

(ক) ৬ ঘণ্টা (খ) ৮ ঘণ্টা (গ) ৯ ঘণ্টা (ঘ) ১২ ঘণ্টা

Hints : স্রোতের অনুকূলে বেগ $= ১৮ + ৬ = ২৪$ কিমি/ঘণ্টা

$\therefore$ স্রোতের অনুকূলে যেতে সময় লাগে $= \frac{৭২}{২৪} = ৩$ ঘণ্টা

স্রোতের প্রতিকূলে বেগ $= ১৮ - ৬ = ১২$ কিমি/ঘণ্টা

$\therefore$ স্রোতের প্রতিকূলে যেতে সময় লাগে $= \frac{৭২}{১২} = ৬$ ঘণ্টা

$\therefore$ মোট সময় লাগে $= (৬ + ৩) = ৯$ ঘণ্টা

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২ (করতোয়া); খাদ্য অধিদপ্তরে খাদ্য/উপ-খাদ্য পরিদর্শক ২০১১
উত্তর : গ

১৫. লঞ্চ ও স্রোতের গতিবেগ যথাক্রমে ঘণ্টায় ১৫ কিমি ও ৫ কিমি। নদী পথে ৪০ কিমি দূরত্ব অতিক্রম করে পুনরায় যথাস্থানে ফিরে আসতে সময় লাগবে–

(ক) ৫ ঘণ্টা (খ) ৬ ঘণ্টা (গ) ৭ ঘণ্টা (ঘ) ৮ ঘণ্টা

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২ (কর্ণফুলী)
উত্তর : খ

Hints : স্রোতের অনুকূলে বেগ = ১৫ + ৫ = ২০ কিমি/ঘণ্টা

∴ স্রোতের অনুকূলে যেতে সময় লাগে = $\frac{৪০}{২০}$ = ২ ঘণ্টা

স্রোতের প্রতিকূলে বেগ = ১৫ - ৫ = ১০ কিমি/ঘণ্টা

∴ স্রোতের প্রতিকূলে যেতে সময় লাগে = $\frac{৪০}{১০}$ = ৪ ঘণ্টা

∴ মোট সময় লাগে = ২ + ৪ = ৬ ঘণ্টা।

১৬. স্থির পানিতে একটি নৌকার গতিবেগ ঘণ্টায় ৭ কিমি। ঐরূপ একটি নৌকার স্রোতের অনুকূলে ৩৩ কিমি পথ যেতে ৩ ঘণ্টা সময় লেগেছে। ফিরে আসার সময় নৌকাটির কত ঘণ্টা সময় লাগবে?

(ক) ১৩ ঘণ্টা (খ) ১২ ঘণ্টা (গ) ১১ ঘণ্টা (ঘ) ১০ ঘণ্টা

[illegible] ২০০৫; [illegible] ২০০৫; [illegible] (TSI) ২০০৪
উত্তর : গ

Hints : স্রোতের অনুকূলে নৌকার গতিবেগ = $\frac{৩৩}{৩}$ = ১১ কিমি/ঘণ্টা

∴ স্রোতের বেগ = ১১ – ৭ = ৪ কিমি/ঘণ্টা

∴ স্রোতের প্রতিকূলে বেগ = ৭ - ৪ = ৩ কিমি/ঘণ্টা

∴ স্রোতের প্রতিকূলে ফিরে আসতে সময় লাগবে = $\frac{৩৩}{৩}$ = ১১ ঘণ্টা।

১৭. স্থির পানিতে নৌকার গতিবেগ ঘণ্টায় ৫ কিমি। ঐরূপ নৌকাটি স্রোতের অনুকূলে ৩ ঘণ্টায় ২১ কিমি পথ অতিক্রম করে। ফিরে আসার সময় নৌকাটির কত ঘণ্টা সময় লাগবে?

(ক) ৮ ঘণ্টা (খ) ৭ ঘণ্টা (গ) ৬ ঘণ্টা (ঘ) ৯ ঘণ্টা

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক ২০০৬
উত্তর : খ

Hints : স্রোতের অনুকূলে নৌকা ঘণ্টায় যায় = $\frac{২১}{৩}$ বা ৭ কিমি

∴ ঘণ্টায় নৌকার প্রকৃত গতিবেগ + ঘণ্টায় স্রোতের গতিবেগ = ঘণ্টায় ৭ কিমি

∴ স্রোতের গতিবেগ ঘণ্টায় = (৭-৫) কিমি = ২ কিমি

ফিরে আসার সময়,

নৌকার কার্যকরী গতিবেগ = ঘণ্টায় প্রকৃত গতিবেগ – ঘণ্টায় স্রোতের গতিবেগ ঘণ্টায় = ৫ – ২ = ৩ কিমি

∴ ৩ কিমি ফিরে আসে = ১ ঘণ্টায়

∴ ২১ " " " = $\frac{২১}{৩}$ " = ৭ ঘণ্টায়

১৮. ঘাটে বাঁধা একটি নৌকা জোয়ারের টানে নোঙর ছিঁড়ে দুই ঘণ্টায় ৭.৫০ কিমি দূরে চলে গেল। পরে মাঝি দাঁড় টেনে নৌকাটিকে ৩ ঘণ্টায় ঘাটে ফিরিয়ে আনল। দাঁড়ের টানে নৌকার গতিবেগ কত ছিল?

(ক) ঘণ্টায় ৬.২৫ কিমি (খ) ঘণ্টায় ৬ কিমি

(গ) ঘণ্টায় ৩ কিমি (ঘ) ঘণ্টায় ৫ কিমি

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা ২০০৬
উত্তর : ক

Hints : ২ ঘণ্টায় যায় ৭.৫০ কিমি

∴ ১ " " = $\frac{৭.৫০}{২}$ কিমি = ৩.৭৫ কিমি

∴ স্রোতের বেগ = ৩.৭৫ কিমি/ঘণ্টা

আবার, ৩ ঘণ্টায় আসে = ৭.৫০ কিমি

$\therefore$ ১ ঘণ্টায় আসে $\frac{৭.৫০}{৩}$ " $= ২.৫০$ "

$\therefore$ দাঁড়ের গতিবেগ – স্রোতের গতিবেগ = ২.৫০ কিমি/ঘণ্টা

বা, দাঁড়ের গতিবেগ = (২.৫০ + ৩.৭৫) কিমি/ঘণ্টা

= ৬.২৫ কিমি/ঘণ্টা

১৯. এক ব্যক্তি স্রোতের অনুকূলে নৌকা বেয়ে ঘণ্টায় ১০ কিমি বেগে চলে কোনো স্থানে গেল এবং ঘণ্টায় ৬ কিমি বেগে স্রোতের প্রতিকূলে চলে যাত্রারম্ভের স্থানে ফিরে এল। যাতায়াতে তার গড় গতিবেগ কত?

ক ৭ $\frac{১}{২}$ কিমি খ ৫ $\frac{১}{২}$ কিমি গ ৮ কিমি ঘ ৭ কিমি

পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা ১০
উত্তর : ক

Hints : ধরি, নৌকাটি x কিমি দূরত্ব অতিক্রম করে।

স্রোতের অনুকূলে যেতে সময় লাগে $= \frac{x}{১০}$ ঘণ্টা

স্রোতের প্রতি কূলে যেতে সময় লাগে $= \frac{x}{৬}$ ঘণ্টা

$\therefore$ মোট দূরত্ব $= x + x = ২x$

মোট সময় $= \frac{x}{১০} + \frac{x}{৬} = \frac{৪x}{১৫}$ ঘণ্টা

$\therefore$ গড় গতিবেগ $= \frac{২x}{\frac{৪x}{১৫}} = ৭\frac{১}{২}$ কিমি/ঘণ্টা।

২০. এক ব্যক্তি স্রোতের অনুকূলে দাঁড় বেয়ে $\frac{5}{2}$ ঘণ্টায় কোন স্থানে পৌঁছাল এবং স্রোতের প্রতিকূলে $\frac{15}{4}$ ঘণ্টায় আবার যাত্রার স্থানে ফিরে এলো। দাঁড়ের বেগ স্রোতের বেগের কতগুণ?

ক 2 গুণ খ 3 গুণ গ 4 গুণ ঘ 5 গুণ

বাংলাদেশ টেলিভিশন-এর প্রযোজক ২০০৬; কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে ইনস্ট্রাক্টর (নন টেক) ২০০৫
উত্তর : ঘ

Hints : ধরি, দূরত্ব $= x$

$\therefore$ দাঁড়ের বেগ + স্রোতের বেগ $= \frac{2x}{5}$

দাঁড়ের বেগ – স্রোতের বেগ $= \frac{4x}{15}$

$2 \times$ দাঁড়ের বেগ $= \frac{2x}{5} + \frac{4x}{15}$

$= \frac{6x+4x}{15} = \frac{10x}{15} = \frac{2x}{3}$

$\therefore$ দাঁড়ের বেগ $= \frac{x}{3}$

$\therefore$ স্রোতের বেগ $= \frac{2x}{5} - \frac{x}{3} = \frac{6x-5x}{15} = \frac{x}{15}$

$\therefore$ দাঁড়ের বেগ = স্রোতের বেগের $\left(\frac{x}{3} \times \frac{15}{x}\right)$ গুণ $= 5$ গুণ।

অধ্যায় ১২

শতকরা

PERCENTAGE

শতকরা হিসাব

শতকরা একটি ভগ্নাংশ এবং ১০০ এই ভগ্নাংশের হর। 'প্রতি একশতে কত' বুঝানোর জন্য 'শতকরা' শব্দটি ব্যবহৃত হয়। শতকরা ১২ বললে বুঝতে হবে প্রতি ১০০ ভাগের ১২ ভাগ। শতকরা ১২, $\frac{১২}{১০০}$ বা ০.১২ একই অর্থে ব্যবহৃত হয়। শতকরা ১২ কে ১২% রূপেও লেখা হয়। সুদকষা, লাভক্ষতি, জনসংখ্যা সম্পর্কিত তথ্য প্রভৃতি দৈনন্দিন ব্যবহারিক ক্ষেত্রে আমরা শতকরা ব্যবহার করে থাকি। সাধারণত ভগ্নাংশ ও দশমিক ভগ্নাংশকে ১০০% দিয়ে গুণ করে শতকরায় রূপান্তর করা হয়। যেমন: $\frac{২}{৪} = \frac{২}{৪} \times ১০০\% = \frac{২ \times ১০০\%}{৪} = ৫০\%$, $১.২৫ = ১.২৫ \times ১০০\% = ১২৫\%$। বিপরীতক্রমে শতকরাকে ১০০ দিয়ে ভাগ করে সাধারণ ভগ্নাংশ বা দশমিক ভগ্নাংশে রূপান্তর করা যায়। নিচে কয়েকটি রূপান্তর দেখানো হলো :

শতকরা (Percentage)	শতাংশ (Hundredth)	দশমিক ভগ্নাংশ (Decimal Fraction)	সাধারণ ভগ্নাংশ (Simple Fraction)
২০%	$\frac{২০}{১০০}$	০.২০	$\frac{১}{৫}$
১৫০%	$\frac{১৫০}{১০০}$	১.৫০	$\frac{৩}{২}$
$\frac{১}{২}\%$	$\frac{\frac{১}{২}}{১০০}$	০.০০৫	$\frac{১}{২০০}$
$১২\frac{১}{২}\%$	$\frac{১২\frac{১}{২}}{১০০}$	০.১২৫	$\frac{১}{৮}$

শতকরার ব্যবহার : শতকরায় সাধারণত নিম্নলিখিত ধরনের সমস্যার সমাধান করতে হয় :

ক. একটি সংখ্যার শতকরা অংশ নির্ণয় করা;

খ. একটি সংখ্যা অন্য আর একটি সংখ্যার শতকরা কত অংশ তা নির্ণয় করা;

গ. একটি সংখ্যার শতকরা অংশ দেয়া থাকলে সংখ্যাটি নির্ণয় করা;

ঘ. শতকরা হ্রাস বা বৃদ্ধি নির্ণয় করা।

Working Tools

PERCENTAGE

⊙ দ্রব্যের শতকরা বৃদ্ধি $= \frac{\text{প্রকৃত বৃদ্ধি (Actual increase)}}{\text{আসল পরিমাণ (Original amount)}} \times 100\%$

⊙ দ্রব্যের শতকরা হ্রাস $= \frac{\text{প্রকৃত হ্রাস (Actual decrease)}}{\text{আসল পরিমাণ (Original amount)}} \times 100\%$

Question Bank as Self Test

১. কলার দাম 20% কমে যাওয়ায় 12 টাকায় পূর্ব অপেক্ষা 2টি কলা বেশি পাওয়া গেলে বর্তমানে একটি কলার দাম কত টাকা?

(ক) 1.50 (খ) 2.50 (গ) 3.00 (ঘ) 4.00

৩৫তম বিসিএস
উত্তর : ক

Hints : ২০% কমায় বর্তমান মূল্য ৮০ টাকা হলে পূর্বমূল্য ১০০ টাকা

∴ " ১২ " " " $\frac{১০০ \times ১২}{১০০}$

= ১৫ টাকা

অতএব,

২টি কলার বর্তমান দাম (১৫ − ১২) = ৩ টাকা

∴ ১টি " " $= \frac{৩}{২} = ১.৫$ টাকা।

২. একটি স্কুলে মোট ৫০০ জন শিক্ষার্থীর মধ্যে ২০% ছাত্রী। কোন এক বুধবারে ৪০ জন ছাত্র অনুপস্থিত ছিল। ঐদিন শতকরা কত জন ছাত্র উপস্থিত ছিল?

(ক) ৯০% (খ) ৮০% (গ) ৭৫% (ঘ) ৫০%
(ঙ) কোনোটিই নয়

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা ২০১৪
উত্তর : ক

Hints : ৫০০ জন এর ২০% $= \frac{৫০০ \times ২০}{১০০}$ জন

= ১০০ জন

অর্থাৎ ছাত্রী ১০০ জন

∴ ছাত্র (৫০০ − ১০০) বা ৪০০ জন

বুধবার ছাত্র উপস্থিত ছিল (৪০০ − ৪০) বা ৩৬০ জন

এখন, ৩৬০ জন ৪০০ জন এর $\frac{৩৬০}{৪০০}$

∴ শতকরা উপস্থিত ছিল $\frac{৩৬০}{৪০০} \times ১০০\%$

$= \frac{৩৬০}{৪}\% = ৯০\%$

৩. ৭২০ এর ৬.৫% =?

(ক) ৩৭ (খ) ৪৬.৮ (গ) ৫৬.৪ (ঘ) ৪৯
(ঙ) কোনোটিই নয়

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা ২০১৪
উত্তর : খ

Hints : ৭২০ এর ৬.৫%

= ৭২০ এর $\frac{৬.৫}{১০০} = ৪৬.৮$

৪. চিনির মূল্য ২৫% বৃদ্ধি পাওয়াতে একটি পরিবার চিনি খাওয়া এমনভাবে কমালো যে চিনি বাবদ ব্যয় বৃদ্ধি পেলনা। ঐ পরিবার চিনি খাওয়া শতকরা কত কমালো?

(ক) ২০% (খ) ১৫% (গ) ২৫% (ঘ) ৩০%

So, the latest price has been lowered by 1% compared to the first price.

বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ট্যারিফ কমিশন রিসার্চ অফিসার ২০১০
উত্তর : ক

১৫০. একটি DVD-এর দামের উপর ১০% বাট্টা দেয়া হয় এবং পরবর্তী হ্রাসকৃত দামের উপর পুনরায় ১০% বাট্টা দেয়া হয়। মূল দামের উপর মোট বাট্টার পরিমাণ হলো :

ক ২০% খ ১৯% গ ১৮% ঘ ১১%

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (BRDB)-এর উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০০৯
উত্তর : খ

Hints : *ধরি, DVD এর মূল দাম = ১০০ টাকা*

১০% বাট্টা দেয়ার পর অবশিষ্ট থাকে = (১০০ − ১০) টাকা = ৯০ টাকা

পুনরায়, ১০% বাট্টা দেয়ার পর অবশিষ্ট থাকে = $\left(৯০ - ৯০ \times \frac{১০}{১০০}\right)$ টাকা = ৮১ টাকা।

∴ মূল দামের উপর বাট্টার পরিমাণ = (১০০ − ৮১)% = ১৯%

১৫১. একটি শেয়ারের দাম গতকালকে ২০% কমেছে এবং আজকে তা বেড়েছে ৩০%। মোট বৃদ্ধি বা হ্রাসের হার কত?

ক ১০% বৃদ্ধি খ ৪% বৃদ্ধি গ ৬% বৃদ্ধি ঘ ৪% হ্রাস

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (BRDB)-এর উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০০৯
উত্তর : খ

Hints : *ধরি, পূর্বে শেয়ারের দাম ছিল = ১০০ টাকা*

২০% কমার পরে হ্রাসকৃত দাম = (১০০ − ২০) টাকা = ৮০ টাকা

আবার ৩০% বাড়ার পরে দাম = $\left(৮০ + ৮০ \times \frac{৩০}{১০০}\right)$ টাকা = ১০৪ টাকা

∴ বৃদ্ধির হার = (১০৪ − ১০০)% = ৪%

১৫২. একটি নতুন মেশিনের মূল্য ১,২০,০০০ টাকা। প্রথম বছর পর তার মূল্য ২০% হ্রাস পেল, দ্বিতীয় বছর পর তার মূল্য আরও ১০% হ্রাস পেল। দ্বিতীয় বছর পর মেশিনটির মূল্য কত হলো?

ক ৮৪,০০০ টাকা খ ১,০২,০০০ টাকা গ ৮৮,০০০ টাকা ঘ ৮৬,৪০০ টাকা

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (BRDB)-এর উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০০৯
উত্তর : ঘ

Hints : *প্রথম বছর পর মূল্য = $\left(১২০০০০ - ১২০০০০ \times \frac{২০}{১০০}\right)$*

= ৯৬,০০০ টাকা

দ্বিতীয় বছর পর মূল্য = $\left(৯৬,০০০ - ৯৬,০০০ \times \frac{১০}{১০০}\right)$ টাকা

= ৮৬,৪০০ টাকা।

১৫৩. একটি বইয়ের মূল্য ১০০ টাকা। বিক্রয়ের সুবিধার্থে বইটির মূল্যের ১০% হ্রাস করা হলো। তিন মাস পর বইটির নতুন মূল্যের উপর আরো ৫% ছাড় দিয়ে বইটি বিক্রয় করা হলো। বইটি কত টাকায় বিক্রি হলো?

ক ৮৫.৫ খ ৮০.৫ গ ৭৬.৫ ঘ কোনোটিই নয়

খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক/উপ-খাদ্য পরিদর্শক/ উচ্চমান সহকারী/অডিটর/ সুপারভাইজার ২০০৯
উত্তর : ক

Hints : *১০% হ্রাসে মূল্য হয় = (১০০ − ১০) = ৯০ টাকা*

৫% হ্রাসে বিক্রয় মূল্য = $\left(৯০ - ৯০ \times \frac{৫}{১০০}\right)$ = ৮৫.৫০ টাকা

১৫৪. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ১০% বাড়ানো হলো এবং প্রস্থ ১০% কমানো হলো। এ অবস্থায় আয়তক্ষেত্রের ক্ষেত্রফল—

(ক) ১% বাড়বে (খ) ২% বাড়বে (গ) ১% কমবে (ঘ) একই থাকবে

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক ২০০৭
উত্তর : গ

Hints : ধরি, দৈর্ঘ্য = ১০০ একক

প্রস্থ = ১০০ একক

∴ ক্ষেত্রফল = ১০,০০০ বর্গ একক

দৈর্ঘ্য ১০% বাড়ানো হলে, দৈর্ঘ্য = ১০০ + ১০ = ১১০ একক

প্রস্থ ১০% কমানো হলো, প্রস্থ = ১০০ − ১০ = ৯০ একক

∴ এক্ষেত্রে ক্ষেত্রফল = ১১০ × ৯০ = ৯৯০০ বর্গ একক

∴ ক্ষেত্রফল কমবে = ১০০০০ − ৯৯০০ = ১০০ বর্গ একক

∴ ক্ষেত্রফল হ্রাসের হার = $\frac{১০০}{১০০০০} \times ১০০ = ১\%$

১৫৫. একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য ২০% বৃদ্ধি এবং প্রস্থ ১০% হ্রাস করা হলে উহার ক্ষেত্রফলের শতকরা কত পরিবর্তন হবে?

(ক) ৮% বৃদ্ধি (খ) ৮% হ্রাস (গ) ১০% বৃদ্ধি (ঘ) ১০% হ্রাস

পিএসসির সহকারী পরিচালক এবং পাসপোর্ট অ্যান্ড ইমিগ্রেশনে সহকারী পরিচালক ২০০৬; পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা ২০০৬; মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অধীন জুনিয়র অডিটর ২০১১
উত্তর : ক

Hints : ধরি, দৈর্ঘ্য = ১০০ একক

এবং প্রস্থ = ১০০ একক

∴ ক্ষেত্রফল = ১০০০০ বর্গ একক

২০% বৃদ্ধিতে দৈর্ঘ্য = ১২০ একক

১০% হ্রাসে প্রস্থ = ৯০ একক

∴ ক্ষেত্রফল = (১২০ × ৯০) = ১০৮০০ বর্গ একক

∴ ক্ষেত্রফল বৃদ্ধি = (১০৮০০ − ১০০০০) বর্গ একক

= ৮০০ বর্গ একক

∴ ক্ষেত্রফল বৃদ্ধির হার = $\left(\frac{৮০০}{১০০০০} \times ১০০\right)\% = ৮\%$

১৫৬. যদি কোনো বর্গক্ষেত্রের প্রত্যেক বাহুর পরিমাণ ১০% বৃদ্ধি পায়, তবে তার ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে?

(ক) ১৮% (খ) ২০% (গ) ২১% (ঘ) ২২%

পরিবেশ ও বন মন্ত্রণালয়ের পরিবেশ অধিদপ্তরে ফিল্ড ইনভেস্টিগেটর এবং রিসার্চ অ্যাসিস্টেন্ট ২০০৬; পিএসসির সহকারী পরিচালক এবং পাসপোর্ট অ্যান্ড ইমিগ্রেশনে সহকারী পরিচালক ২০০৬
উত্তর : গ

Hints : ধরি, বর্গের বাহুর দৈর্ঘ্য = x একক

∴ " ক্ষেত্রফল = x^2 বর্গ একক

প্রতি বাহু বৃদ্ধি পায় = x এর $\frac{১০}{১০০}$ একক

= $\frac{x}{১০}$ একক।

∴ বাহুর পরিমাণ = $x + \frac{x}{১০} = \frac{১১x}{১০}$ একক

∴ নতুন বর্গের ক্ষেত্রফল = $\frac{১২১x^2}{১০০}$ বর্গ একক।

∴ ক্ষেত্রফল বৃদ্ধি = $\frac{১২১x^2}{১০০} - x^2 = \frac{২১x^2}{১০০}$ বর্গ একক।

$\therefore$ শতকরা বৃদ্ধি পায় $= \left(\dfrac{\frac{২১x^২}{১০০}}{x^২} \times ১০০\right)\%$

$= \dfrac{২১x^২}{১০০x^২} \times ১০০ = ২১\%$

১৫৭. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ২০% বাড়ানো হলো এবং প্রস্থ ২০% কমানো হলো। ক্ষেত্রফল–

ক অপরিবর্তিত থাকবে খ ৪% কমবে গ ৪% বাড়বে ঘ ২% কমবে

Hints : ধরি, দৈর্ঘ্য = ১০০ একক

$\therefore$ ক্ষেত্রফল = ১০০×১০০ = ১০০০০ বর্গ একক

আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ২০% বাড়লে, দৈর্ঘ্য = ১২০ একক

প্রস্থ ২০% কমলে, প্রস্থ = ৮০ একক

$\therefore$ ক্ষেত্রফল = ১২০ × ৮০ = ৯৬০০ বর্গ একক

$\therefore$ ক্ষেত্রফল কমে = (১০,০০০ − ৯৬০০) বর্গ একক

= ৪০০ বর্গ একক

$\therefore$ ১০০০০ বর্গ একককে ক্ষেত্রফল কমে = ৪০০ বর্গ একক

$\therefore$ ১ " " " " $= \dfrac{৪০০}{১০০০০}$ " "

$\therefore$ ১০০ " " " " $= \dfrac{৪০০ \times ১০০}{১০০০০}$ "

= ৪ বর্গ একক

পরিকল্পনা মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক ২০০৬; সাব রেজিস্ট্রার ২০০৩
উত্তর : খ

১৫৮. যদি একটি বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য ৩০% বৃদ্ধি পায় তবে তার ক্ষেত্রফল কত % বৃদ্ধি পাবে?

ক ৩০% খ ৬৯% গ ৪৫% ঘ ১৩০%

Hints : ধরি, বাহুর দৈর্ঘ্য = x একক

$\therefore$ ক্ষেত্রফল = x^2 বর্গ একক

৩০% বৃদ্ধি পাওয়ায় বাহুর দৈর্ঘ্য হয় x এর ৩০% = $\dfrac{৩x}{১০}$ একক

$\therefore$ বাহুর পরিমাণ বৃদ্ধি পায় $= \left(x + \dfrac{৩x}{১০}\right)$ একক

$= \dfrac{১০x + ৩x}{১০}$ একক

$= \dfrac{১৩x}{১০}$ একক

নতুন বর্গের ক্ষেত্রফল $= \left(\dfrac{১৩x}{১০}\right)^2 = \dfrac{১৬৯x^2}{১০০}$

$\therefore$ ক্ষেত্রফল বৃদ্ধি $= \dfrac{১৬৯x^2}{১০০} - x^2$

$= \dfrac{৬৯x^2}{১০০}$

$\therefore$ শতকরা বৃদ্ধি পায় $= \left(\dfrac{৬৯x^2}{১০০} \times \dfrac{১০০}{x^2}\right)\% = ৬৯\%$

সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৮
উত্তর : খ

১৫৯. একটি বর্গক্ষেত্রের প্রতিটি বাহুর দৈর্ঘ্য ১০% বৃদ্ধি পেলে এর ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে?

ক ১০% খ ১৫% গ ২১% ঘ ২৫%

মাধ্যমিক সহকারী শিক্ষক ২০০৬; ২০০১; মাধ্যমিক সহকারী প্রধান শিক্ষক এবং জেলা সহকারী শিক্ষা অফিসার ২০০৩
উত্তর : গ

Hints : ধরি,

বাহুর দৈর্ঘ্য $= x$ একক

$\therefore$ ক্ষেত্রফল $= x^2$ বর্গ একক

প্রতি বাহু বৃদ্ধি পায় $= x$-এর ১০% $= \frac{x}{১০}$ একক

$\therefore$ বাহুর পরিমাণ $= \left(x + \frac{x}{১০}\right)$ একক

$= \frac{১১x}{১০}$

$\therefore$ নতুন বর্গের ক্ষেত্রফল $= \frac{১২১x^2}{১০০}$ বর্গ একক

$\therefore$ ক্ষেত্রফল বৃদ্ধি $= \frac{১২১x^2}{১০০} - x^2$

$= \frac{১২১x^2 - ১০০x^2}{১০০}$

$= \frac{২১x^2}{১০০}$ বর্গ একক

$\therefore$ শতকরা বৃদ্ধি পায় $= \left(\frac{২১x^2}{১০০} \times \frac{১০০}{x^2}\right)\% = ২১\%$

১৬০. মন্দার কারণে শ্রমিকদের দৈনিক বেতন ৫০% হ্রাস করা হয়। ১ বছর পর দৈনিক বেতন ৮০% বৃদ্ধি করা হয়। মন্দার পূর্বে দৈনিক বেতন ১০০ টাকা হলে বর্তমানে শ্রমিকের দৈনিক বেতন কত?

ক ৮০ টাকা খ ৮৫ টাকা গ ৯০ টাকা ঘ ৯৫ টাকা

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১০ (তিতাস)
উত্তর : গ

Hints : ৫০% হ্রাসে বেতন $= (১০০ - ৫০) = ৫০$ টাকা

$\therefore$ মন্দার পূর্বে বেতন ১০০ টাকা হলে পরে বেতন ৫০ টাকা

৮০% বৃদ্ধিতে বেতন $= ১০০ + ৮০ = ১৮০$ টাকা

পূর্বের বেতন ১০০ টাকা হলে পরের বেতন ১৮০ টাকা

" " ৫০ " " " " $\frac{১৮০ \times ৫০}{১০০} = ৯০$ টাকা

১৬১. গতকাল একটি জিনিসের দাম ১০% বেড়েছিল, আজ ১০% কমেছে। জিনিসটির দাম মোট কত বেড়েছে বা কমেছে?

ক ১% কমেছে খ ১% বেড়েছে গ ১.৫% কমেছে ঘ ১.৫% বেড়েছে

প্রাথমিক প্রধান শিক্ষক ২০০৯ (শাপলা)
উত্তর : ক

Hints : ১০% বাড়লে

পূর্বমূল্য ১০০ টাকা হলে বর্তমান মূল্য (১০০ + ১০) বা ১১০ টাকা

আবার, ১০% কমলে

পূর্বমূল্য ১০০ টাকা হলে বর্তমান মূল্য ৯০ টাকা

$\therefore$ " ১১০ " " " " $= \frac{৯০ \times ১১০}{১০০}$ " $= ৯৯$ টাকা

$\therefore$ মূল্য কমে $= ১০০ - ৯৯ = ১$ টাকা।

১৬২. If the length and width of a rectangular garden plot were each increased by 20%, what would be the percent increase in the area of the plot?

(ক) 20% (খ) 24% (গ) 36% (ঘ) 40% (ঙ) 44%

Hints : *Let, Length of rectangular graden x and width of rectangular garden y.*

$\therefore$ *area* $= xy$

New length $= x + \frac{20}{100}x = 1.2x$

New width $= y + \frac{20}{100}y = 1.2y$

$\therefore$ *New area* $= 1.2x \times 1.2y = 1.44\,xy$

% increase in area $= \frac{1.44xy - xy}{xy} \times 100\% = 44\%$"

Bangladesh Bank Asst. Director 2011
উত্তর : ঙ

১৬৩. The organizers of a fair projected 25% increase of visitors this year over that of the last year but the actual turnover was 20% less than that of the last year. What percent of projected visitors attended the fair?

(ক) 25% (খ) 45% (গ) 55% (ঘ) 64% (ঙ) 67%

Hints : *Let, last year visitor were 100*

$\therefore$ *Projected visitor* $= 100 + 25 = 125$

Actual visitor $= 100 - 20 = 80$

% of attended visitor $= \frac{80}{125} \times 100\% = 64\%$

Bangladesh Bank Asst. Director 2011
উত্তর : ঘ

১৬৪. Organisers of a trade fair projected an increase of 20% in the number of visitors over the previous year, but the number of visitors actually increased by 50%. By what percentage was the actual number of visitors greater than the projected number of visitors?

(ক) 20% (খ) 25% (গ) 30% (ঘ) 50% (ঙ) 125%

Hints : *Let, visitors of last year were 100*

Projected visitors $= (100 + 20) = 120$

Actual visitors $= 100 + 50 = 150$

% Increase $= \frac{150 - 120}{120} \times 100\% = 25\%$

Bangladesh Bank Cash Officer 2011
উত্তর : খ

১৬৫. If the length of a rectangle is increased by 30% and the width is decreased by 30%, then the area will be—

(ক) Decreased by 9% (খ) Increased by 9%
(গ) Decreased by 18% (ঘ) Increased by 16% (ঙ) Increased by 15%

Hints : *Short Cut Formula*

$A + B + \frac{AB}{100} = 30 - 30 + \frac{30 \times (-30)}{100} = -9$

Bangladesh Bank Asst. Director 2010
উত্তর : ক

১৬৬. There are 900 students in a school. 4% of them left the school and 50% of the remaining are girls. How many girls remained in the school?

(ক) 432 (খ) 450 (গ) 464 (ঘ) 448 (ঙ) 452

Hints : $900 \times \frac{4}{100} = 36$

Remaining $= 900 - 36 = 864$

Girls $= \frac{864}{2} = 432$

Agrani Bank Limited Officer 2010
উত্তর : ক

১৬৭. If the length and width of a rectangular garden plot were each increased by 20 percent, what would be the percent increase in the area of the plot?

(ক) 44% (খ) 24% (গ) 36% (ঘ) 40% (ঙ) None of them

Pubali Bank Ltd. Junior Officer (Cash) 2011
উত্তর : ক

Hints : *Let, length of the garden x and width of the garden y*

$\therefore$ *Area* $= xy$

After 20% increasing,

Length become $= x + \frac{20}{100}x = 1.2x$

Width become $= y + \frac{20}{100}y = 1.2y$

$\therefore$ *Area* $= 1.2x \times 1.2y = 1.44xy$

Area increase $= 1.44xy - xy = 0.44xy$

$\therefore$ *% increase in area* $= \frac{0.44xy}{xy} \times 100\% = 44\%$

১৬৮. Per day wage rate of workers is reduced 50% due to economic slowdown. After one year, the wage rate is increased by 60%. If the per day wage rate before the decrease was TK 100, then what is the per day wage rate now?

(ক) 90 (খ) 100 (গ) 60 (ঘ) 80 (ঙ) None of them

Pubali Bank Ltd. Senior Officer/Officer 2011
উত্তর : ঘ

Hints : *After 50% reduce*

New wage $= 100 - \frac{50}{100} \times 100 =$ Tk.50

After 60% increased

New wage $= 50 + \frac{60}{100} \times 50 =$ Tk.80

১৬৯. For a 20% decrease in the radius of a circle, what will be the percentage reduction in its area?

(ক) 10% (খ) 20% (গ) 36% (ঘ) 400%

Uttara Bank Ltd.Asst. Officer (Cash) 2011
উত্তর : গ

Hints : *Let, radius* $= 100$

$\therefore$ *Area* $= \pi r^2 = \pi \times 100^2 = 10000\pi$

New radius $= 100 - 100 \times 20\% = 80$

$\therefore$ *New area* $= \pi(80)^2 = 6400\pi$

$\therefore$ *Area decrease* $= (10000 - 6400)\pi = 3600\pi$

$\therefore$ *Percentage of area decrease*

$= \frac{3600\pi}{10000\pi} \times 100\% = 36\%$

১৭০. কাফিলাতলী হাই স্কুলে ৭০% পরীক্ষার্থী ইংরেজি এবং ৮০% বাংলায় পাস করেছে। উভয় বিষয়ে ফেল করেছে ১০%। যদি উভয় বিষয়ে ৩৬০ জন পাস করে থাকে ঐ স্কুল হতে কত জন শিক্ষার্থী পরীক্ষা দিয়েছে?

(ক) ৫০০ জন (খ) ৭০০ জন (গ) ৮০০ জন (ঘ) ৬০০ জন

ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা ২০০৩
উত্তর : ঘ

Hints : ইংরেজিতে ফেল করেছে $= (১০০ - ৭০\%) = ৩০\%$

বাংলায় " " $= (১০০ - ৮০\%) = ২০\%$

শুধু ইংরেজিতে ফেল করেছে $= (৩০ - ১০)\% = ২০\%$

" বাংলায় " " $= (২০ - ১০)\% = ১০\%$

$\therefore$ উভয় বিষয়ে পাশ করেছে $= ১০০\% - (২০\% + ১০\% + ১০\%) = ৬০\%$

$\therefore$ শিক্ষার্থী $\frac{৩৬০ \times ১০০}{৬০}$ জন $=$ ৬০০ জন

১৭১. কোনো পরীক্ষায় ৯০% পরীক্ষার্থী ইতিহাসে এবং ৮৫% পরীক্ষার্থী ভূগোলে কৃতকার্য হলো। যদি উভয় বিষয়ে কেউ ফেল না করে এবং উভয় বিষয়ে ২২৫ জন পাস করে থাকে, তবে ঐ পরীক্ষায় কতজন অংশগ্রহণ করেছিল?

(ক) ২৫০ জন (খ) ৩০০ জন (গ) ৩৫০ জন (ঘ) ৪০০ জন

দুর্নীতি দমন ব্যুরোর সহকারী উপ-পরিদর্শক ২০০৪
উত্তর : খ

Hints : *ধরি উভয় বিষয়ে পাশ করে x%*

শর্তমতে, $(৯০ - x) + (৮৫ - x) + x = ১০০$

বা, $১৭৫ - x$

$\therefore x = ৭৫$

৭৫ জন পাস করলে মোট পরীক্ষার্থী ১০০ জন

$\therefore$ ২২৫ " " " " " $\frac{১০০ \times ২২৫}{৭৫} = ৩০০$ জন।

১৭২. In a Super Shop, the sales of an item decreased by 75% from 2005 to 2006. If the sales in 2007 were the same as in 2005, what would be the percentage increases in sales from 2006 to 2007?

(ক) 300% (খ) 350% (গ) 200% (ঘ) 250% (ঙ) None of these

Dutch-Bangla Bank Ltd. Trainee Officer 2010
উত্তর : ক

Hints : *Let, in 2005 sales was Tk. 100*

$\therefore$ " 2006 " " Tk. $\left(100 - 100 \times \frac{75}{100}\right) = Tk.\ 25$

$\therefore$ " 2007 " " Tk. 100

% increase $= \frac{100-25}{25} \times 100 = \frac{75}{25} \times 100\% = 300\%$

১৭৩. চিনির দাম ২০% কমে গেল, কিন্তু ইহার ব্যবহার ২০% বৃদ্ধি পেল। এতে চিনি বাবদ ব্যয় শতকরা কত বাড়লো বা কমলো?

(ক) ৫% বাড়লো (খ) ৫% কমলো (গ) ৪% বাড়লো (ঘ) ৪% কমলো

পিএসসি কর্তৃক নির্ধারিত ১২টি পদ ২০০১; জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পিটিআই এর সুপারিনটেনডেন্ট পিটিআই এর সহকারী সুপারিনটেনডেন্ট ২০০৫; জাতীয় সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক ২০০৯
উত্তর : ঘ

Hints : *ধরি, পরিবারে চিনি লাগে x কেজি এবং প্রতি কেজির দাম y টাকা।*

$\therefore$ মোট খরচ $= xy$ টাকা

চিনির দাম ২০% কমলে, y টাকায় কমে $.২y$ টাকা।

$\therefore$ প্রতি কেজির পরিবর্তিত দাম $= (y - .২y) = .৮y$ টাকা।

আবার, চিনির ব্যবহার ২০% বাড়লে, x কেজিতে বাড়ে $.২x$ কেজি।

$\therefore$ পরিবর্তিত ব্যবহার $= (x + .২x)$ কেজি $= ১.২x$ কেজি।

$\therefore$ পরিবর্তিত মোট খরচ $= (.৮y \times ১.২x) = .৯৬xy$ টাকা

সুতরাং চিনি বাবদ ব্যয় কমবে $= xy - .৯৬xy = .০৪xy$ টাকা অর্থাৎ ৪%।

১৭৪. কোনো পরীক্ষায় পরীক্ষার্থীর ৪০% গণিতে এবং ৭০% বাংলায় পাস করল। উভয় বিষয়ে ৬০% পাস করল। তাহলে উভয় বিষয়ে শতকরা কত জন ফেল করল?

(ক) ২৫% (খ) ২০% (গ) ১৫% (ঘ) ১০%

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পিটিআই-এর সুপারিনটেনডেন্ট; পিটিআই-এর সহকারী সুপারিনটেনডেন্ট ২০০৫
উত্তর : ঘ

Hints : *শুধু গণিতে পাশ করেছে $(৮০\% - ৬০\%) = ২০\%$*

শুধু বাংলায় পাশ করেছে $(৭০\% - ৬০\%) = ১০\%$

$\therefore$ শুধু গণিত, শুধু বাংলা বা উভয় বিষয়ে পাশ করেছে $= (২০ + ১০ + ৬০)\% = ৯০\%$

$\therefore$ উভয় বিষয়ে ফেল করেছে $= (১০০ - ৯০\%) = ১০\%$

১৭৫. Increasing the original price of an item by 30% and then again decreasing the price by 30% is equivalent to which of the following?

Dutch-Bangla Bank Ltd. Trainee Officer 2010
উত্তর : ক

ক 9% decrease খ 9% increase গ 5% decrease
ঘ No change ঙ None of these

Hints : *Short-cut formula* : $A + B + \frac{AB}{100} = 30 - 30 + \frac{30 \times (-30)}{100} = -9$

১৭৬. In an examination 85% examinees passed in English. If total 75 examinees failed in English, then what is the total number of examinees?

Rajshahi Krishi Unnayan Bank Officer, 2011
উত্তর : খ

ক 375 খ 500 গ 775 ঘ 600

Hints : *(100 – 85)% or 15% = 75 examinees*

$\therefore 100\% = \frac{75 \times 100}{15}$ "

$= 500$ *examinees.*

১৭৭. কোনো পরীক্ষায় পরীক্ষার্থীর ৮০% গণিতে এবং ৭০% বাংলায় পাশ করলো। উভয় বিষয়ে পাশ করলো ৬০%, উভয় বিষয়ে শতকরা কতজন ফেল করলো?

মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন অডিটর ২০১১
উত্তর : ক

ক ১০% খ ১৫% গ ১২% ঘ ১১%

Hints : *শুধু গণিতে পাশ করে = (৮০ – ৬০)% = ২০%*

শুধু বাংলায় পাশ করে = (৭০ – ৬০)% = ১০%

গণিত বা বাংলা অথবা উভয় বিষয়ে পাশ করে

= (২০ + ১০ + ৬০)%

= ৯০%

∴ উভয় বিষয়ে ফেল করে = (১০০–৯০)%= ১০%।

১৭৮. একটি বালতির উৎপাদন খরচ ৫০ টাকা। বালতিটির উৎপাদন খরচের শতকরা ১০৮ ভাগ দাম বিক্রয়ের জন্যে দোকানে রাখা হয়েছিল। এক মাস পরে বালতিটির শতকরা ১০ ভাগ ছাড় দিয়ে বিক্রয় করা হলো। কত দামে বালতিটি বিক্রয় করা হলো?

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (BRDB)-এর সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০০৬
উত্তর : খ

ক ৪৫ টাকা খ ৪৮.৬০ টাকা গ ৪৯ টাকা ঘ ৪৯.৫০ টাকা ঙ ৫৪ টাকা

Hints : *উৎপাদন খরচ ১০০ টাকা হলে বিক্রি মূল্য = ১০৮ টাকা*

∴ " " ১ " " " " $= \frac{১০৮}{১০০}$ "

∴ " " ৫০ " " " " $= \frac{১০৮ \times ৫০}{১০০}$

= ৫৪ টাকা

১০০ টাকায় ছাড় দেয় = ১০ টাকা

∴ ১ " " " $= \frac{১০}{১০০}$ "

∴ ৫৪ " " " $= \frac{১০ \times ৫৪}{১০০}$ " *= ৫.৪ টাকা*

∴ বালতিটি বিক্রয় করা হলো = (৫৪ – ৫.৪) = ৪৮.৬০ টাকা

১৭৯. A stock decreases in value by 25%. By what percent must the value of that stock increase to reach its former value?

(ক) 30% (খ) 40% (গ) 25% (ঘ) 50% (ঙ) None of these

Dutch-Bangla Bank Ltd. Trainee Officer 2010
উত্তর : ঙ

Hints : *Let, stock value = Tk. 100*

$\therefore$ *New value = Tk. (100 − 100 × 25%) = Tk. 75*

$\therefore$ *increase to reach former value*

$$= \frac{100-75}{75} \times 100\%$$

$$= \frac{25}{75} \times 100\% = 33\frac{1}{3}\%$$

১৮০. কোনো পরীক্ষায় মোট পরীক্ষার্থীর ৮০% গণিতে এবং ৭০% বাংলায় পাশ করল। উভয় বিষয়ে ৬০% পাশ করলে উভয় বিষয়ে কতজন ফেল করল?

(ক) ১৫% (খ) ১০% (গ) ১২% (ঘ) ১৪%

সহকারী জজ প্রাথমিক পরীক্ষা ২০১১; প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক ২০০৯
উত্তর : খ

Hints : *শুধু গণিতে পাস করে = (৮০ − ৬০)% = ২০%*

শুধু বাংলায় পাস করে = (৭০ − ৬০)% = ১০%

$\therefore$ *গণিতে বা বাংলায় অথবা উভয় বিষয়ে পাস করে = (২০ + ১০ + ৬০)% = ৯০%*

$\therefore$ *উভয় বিষয়ে ফেল করে = (১০০ − ৯০) = ১০%।*

১৮১. The share price of a bank reduced by 5% on January 16th, but increased by 10% the next day. What was the overall rate of loss or gain?

(ক) 2% loss (খ) 4.5% loss (গ) no loss, no gain (ঘ) 4.5% gain

(ঙ) 2% gain (চ) none of these

AB Bank Ltd. Management Trainee 2011
উত্তর : ঘ

Hints : *Let, price of the share Tk 100*

After 5% reduce share price become Tk (100 − 5) = Tk 95

Again 10% increased share price become $= 95 + \frac{10}{100} \times 95 = Tk\ 104.5$

$\therefore$ *Gain = (104.5 − 100) = Tk 4.5*

$\therefore$ *The rate of gain* $= \frac{4.5}{100} \times 100\% = 4.5\%$

১৮২. The price of corn rose 20% two years ago and 15% last year. What is the combined percent increase in price?

(ক) 5% (খ) 17.5% (গ) 25% (ঘ) 35% (ঙ) 38%

Bangladesh Bank Asst. Director 2011
উত্তর : ঙ

Hints : *Combined percent* $= p + q + \frac{pq}{100}$

$$= 20 + 15 + \frac{20 \times 15}{100} = 35 + 3 = 38$$

১৮৩. If the length and width of a rectangular plot were increased by 20 percent, then what would be the percent increase in the area of the plot?

(ক) 20% (খ) 40% (গ) 44% (ঘ) 10%

One Bank Ltd. Probationary Officer 2010
উত্তর : গ

Hints : *Short-cut Method,*

$A + B + \frac{AB}{100}$

$= 20 + 20 + \frac{20 \times 20}{100} = 40 + 4 = 44$

১৮৪. **In redesigning a cold storage, the length is increased by 30%, the breadth is increased by 50% and the height is reduced by 20%. What is the net increase in the volume of the redesigned cold storage compared to the previous design?**

(ক) 50% (খ) 56% (গ) 60% (ঘ) 40% (ঙ) None of them

Hints : *Let, length, width and height of the cold storage are respectively l, w and h.*

$\therefore$ *Volume* $= lwh$

New length $= l + \frac{30}{100}l = 1.3l$

New width $= w + \frac{50}{100}w = 1.5w$

New height $= h - \frac{20}{100}h = 0.8h$

$\therefore$ *New volume* $= 1.3l \times 1.5w \times 0.8h = 1.56\ lwh$

$\therefore$ *Increase in volume* $= (1.56 - 1)\ lwh = 0.56\ lwh$

$\therefore$ *Percentage increase in volume* $= \frac{0.56lwh}{lwh} \times 100\% = 56\%$

Pubali Bank Ltd. Senior Officer/Officer 2011
উত্তর : খ

১৮৫. **Mr. Shafiq receives 10% raise each year for three consecutive years. What was his salary after three raises if his salary was Tk. 10,000 per month?**

(ক) 13105 (খ) 13310 (গ) 14520 (ঘ) 14109 (ঙ) 15221

Hints : *Shafiq salary become after one year* $= 10000\left(1 + \frac{10}{100}\right) =$ *Tk. 11000*

Shafiq salary become after two years $= 11000\left(1 + \frac{10}{100}\right) =$ *Tk. 12100*

$\therefore$ *Shafiq salary become after three years* $= 12100\left(1 + \frac{10}{100}\right) =$ *Tk. 13310*

Southeast Bank Ltd Probationary Officer 2011
উত্তর : খ

১৮৬. **The population of Village Rasulpur increases by 12.5% every year. The population will increase to 121,500 after 2 years if the present population is—**

(ক) 86,000 (খ) 92,000 (গ) 96,000 (ঘ) 10,500 (ঙ) None of these

Hints : *Let, present population* $= x$

After 1 year " " $= x + x \times 12.5\% = x + .125x = 1.125x$

" 2 " " " $= 1.125x + 1.125x \times 12.5\%$

$= 1.125x + 0.140625x$

$= 1.265625x$

$\Rightarrow 1.265625x = 121500$

$\therefore x = \frac{121500}{1.265625} = 96000$

Exim Bank Ltd. Assistant Officer 2010
উত্তর : গ

১৮৭. **The length and breadth of a rectangle are 24 meters and 12 meters respectively. By what per cent the area of the rectangle will increase if its length and breadth are increased by 6%?**

(ক) 11.36 (খ) 12.30 (গ) 12.36 (ঘ) 12.58 (ঙ) 12.78

Hints : *Area* $= 24 \times 12 = 288m^2$

New length $= 24 + \frac{6}{100} \times 24 = 25.44m$

New width $= 12 + \frac{6}{100} \times 12 = 12.72m$

$\therefore$ *New area* $= 25.44 \times 12.72 = 323.6m^2$

Area increase $= \frac{323.6 - 288}{288} \times 100\% = 12.36\%$

Bangladesh Krishi Bank Officer, 2011
উত্তর : গ

১৮৮. **One side of a square is increased by 20%. What percentage will the other side have to be decreased in order to maintain the same area of the square?**

(ক) 30% (খ) 15% (গ) $23\frac{1}{3}\%$ (ঘ) $16\frac{2}{3}\%$ (ঙ) None of the above

Hints : *Let, side of the square is x*

$\therefore$ *Area of the square* $= x^2$

Increased length $= x + \frac{20}{100}x = 1.2x$

Let, decreased length is y

$\therefore 1.2x \times y = x^2$

$\Rightarrow y = \frac{5x}{6}$

$\therefore$ *Length decreased* $= x - \frac{5x}{6} = \frac{x}{6}$

$\therefore$ *% decreased in length* $= \frac{\frac{x}{6}}{x} \times 100 = 16\frac{2}{3}\%$

Social Islami Bank Ltd. Probationary Officer 2011
উত্তর : ঘ

১৮৯. **If the price of an item is increased by 10% and then decreased by 10%, the net effect on the price of the item is —**

(ক) an increase of 99% (খ) an increase of 1 % (গ) no change
(ঘ) a decrease of 1 % (ঙ) a decrease of 11 %

Hints : *Let, Price of the item = Tk. 100*

After 10% increase the price become $= (100 + 10) =$ *Tk. 110*

Then, after 10% decrease new price $= 110 - \frac{10}{100} \times 110 =$ *Tk. 99*

Net decrease $= 100 - 99 =$ *Tk. 1.*

NCC Bank Ltd Management Trainee Officer 2012
উত্তর : ঘ

১৯০. **The value of a machine is Tk.6250. Its value decreases by 10% during the first year, 20% during second year and 30% during the third year. What will be the value of the machine after 3 years?**

(ক) 2650 (খ) 3050 (গ) 3150 (ঘ) 3750 (ঙ) None of the above

Hints : *After 1st year decrease, the value of machine* $= \frac{100-10}{100} \times 6250 =$ *Tk. 5625*

After 2nd year decrease, the value of machine $= \frac{100-20}{100} \times 5625 =$ *Tk. 4500*

After 3rd year decrease, the value of machine $= \frac{100-30}{100} \times 4500 =$ *Tk. 3150*

Social Islami Bank Ltd. Probationary Officer 2011
উত্তর : গ

১৯১. **A trader raised the price of his product by 10%, and then he lowered the enhanced price by 10%. Compared to the latest price the first price has been—**

(ক) lowered by 1% (খ) kept equal (গ) enhanced by 1% (ঘ) enhanced by 4%

Hints : *Let, the cost price be x.*

At the first case, $x + 10\%$ *of* $x = 1.1x$.

At the second case, $1.1x - 10\%$ *of* $1.1x = 0.99x =$ *latest price.*

$\therefore x - 0.99x = 0.01x$

So, the latest price has been lowered by 1% compared to the first price.

Bangladesh Tariff Commission (BTC) Research Officer 2010
উত্তর : ক

১৯২. The price of wheat in the year 2010 has increased by 10% from that of the previous year. In 2011, the price has decreased by 5%, what was the increase in price in 2011 with respect to that of 2009.

ইসলামী ব্যাংক বাংলাদেশ লি. প্রবেশনারী অফিসার (নারী) ২০১২
উত্তর : ক

ⓚ 4.5% ⓚ 5% ⓖ 5.5% ⓖ None of the them

Hints : *Let, price of wheat in the year 2009 is Tk. 100*

$\therefore$ *Price of wheat in the year 2010 = 100 + 10 = Tk. 110*

$\therefore$ *Price of wheat in the year* $2011 = 110 - \frac{5}{100} \times 110$ *= Tk. 104.5*

$\therefore$ *Incrsease in price = 104.5 − 100 = Tk 4.5*

১৯৩. একটি কম্পিউটার বিজ্ঞান পরীক্ষায় ৩০% পরীক্ষার্থী পাস করেছে। যারা পাস করতে পারেনি তাদের ১২ জন কম্পিউটার বিজ্ঞান কোর্সে অংশগ্রহণ করেছে এবং ৩০ জন উক্ত কোর্সে অংশগ্রহণ করেনি। কতজন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেছে?

১৮তম বিসিএস
উত্তর : ক

ⓚ ৬০ জন ⓚ ৮০ জন ⓖ ১০০ জন ⓖ ১২০ জন

Hints : *পাস করতে পারেনি* $= (১০০ - ৩০)\% = ৭০\%$

৭০% পরীক্ষার্থী $= (১২ + ৩০)$ *জন* $= ৪২$ *জন*

$\therefore$ *১%* " $= \frac{৪২}{৭০}$ "

$\therefore$ *১০০%* " $= \frac{৪২ \times ১০০}{৭০}$ " $=$ *৬০ জন*

১৯৪. কোনো পরীক্ষায় পরীক্ষার্থীর ৮০% গণিত এবং ৭০% বাংলায় পাস করলো। উভয় বিষয়ে পাস করলো ৬০%, উভয় বিষয়ে শতকরা কত জন ফেল করলো?

ⓚ ১৫% ⓚ ১০% ⓖ ১২% ⓖ ১১%

২২তম বিসিএস
উত্তর : খ

Hints : $[১০০ - \{(৮০ - ৬০) + (৭০ - ৬০) + ৬০\}]\%$

$= [১০০ - (২০ + ১০ + ৬০)]\%$

$= (১০০ - ৯০)\% = ১০\%$

১৯৫. কোনো স্কুলে ৭০% শিক্ষার্থী ইংরেজি এবং ৮০% শিক্ষার্থী বাংলায় পাস করেছে। কিন্তু ১০% উভয় বিষয়ে ফেল করেছে। যদি উভয় বিষয়ে ৩০০ জন শিক্ষার্থী পাস করে থাকে তবে ঐ স্কুলে কতজন শিক্ষার্থী পরীক্ষা দিয়েছে?

ⓚ ৪০০ জন ⓚ ৫০০ জন ⓖ ৫৬০ জন ⓖ ৭৬০ জন

২৩তম বিসিএস
উত্তর : খ

Hints : *ইংরেজিতে ফেল করেছে ৩০%*

বাংলায় " " *২০%*

শুধু ইংরেজিতে ফেল করেছে $= (৩০ - ১০)\% = ২০\%$

শুধু বাংলায় " " $= (২০ - ১০)\% = ১০\%$

উভয় বিষয়ে পাস করেছে $= ১০০\% - (২০\% + ১০\% + ১০\%) = ৬০\%$

$\therefore$ *শিক্ষার্থী* $= \frac{১০০ \times ৩০০}{৬০}$ *জন* $=$ *৫০০ জন।*

১৯৬. একটি ভোট কেন্দ্রে উপস্থিত ভোটারদের ৬০% ভোট পেয়ে একজন প্রার্থী নির্বাচিত হয়েছেন। তিনি একমাত্র প্রতিদ্বন্দ্বী অপেক্ষা ৭৫০০ ভোট বেশী পেয়েছেন। ভোট কেন্দ্রে কত জন ভোটার উপস্থিত ছিল?

ⓚ ২৫০০০ ⓚ ৩৭৫০০ ⓖ ৪২০০০ ⓖ কোনটিই নয়

দুর্নীতি দমন কমিশনে উপসহকারী পরিচালক ২০১০
উত্তর : খ

Hints : *ধরি, উপস্থিত ভোটার সংখ্যা ১০০ জন।*

বিজয়ী প্রার্থী ভোট পায় ৬০টি।

$\therefore$ *বিজয়ী প্রার্থী বেশি ভোট পায়* $= (৬০ - ৪০) = ২০$*টি*

২০টি ভোট বেশি পেলে ভোটার সংখ্যা ১০০ জন

∴ ১টি " " " " " $\frac{১০০}{২০}$ "

∴ ৭৫০০টি " " " " " $\frac{১০০ \times ৭৫০০}{২০}$ = ৩৭৫০০ জন।

১৯৭. একটি গ্রামের ৪০% লোক ডায়াবেটিসে আক্রান্ত এবং ২৫% লোক উচ্চ রক্তচাপে আক্রান্ত। যদি ১০% লোক উভয় রোগে আক্রান্ত হয়, কত শতাংশ লোক উভয় রোগের কোনোটিতেই আক্রান্ত নয়?

(ক) ৩০% (খ) ৩৫% (গ) ৪০% (ঘ) ৪৫%

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (BRDB)-এর উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০০৯
উত্তর : ঘ

Hints : শুধু ডায়াবেটিসে আক্রান্ত = (৪০−১০)%= ৩০%

শুধু উচ্চ রক্তচাপে " = (২৫−১০)% = ১৫%

∴ যে কোনো একটি রোগে বা উভয় রোগে আক্রান্ত = (৩০ + ১৫ + ১০)% = ৫৫%

∴ উভয় রোগের কোনোটিতেই আক্রান্ত নয় = (১০০ − ৫৫)% = ৪৫%

১৯৮. যদি ১৫ জন ছাত্র ইংরেজিতে গড়ে শতকরা ৮০ নম্বর এবং ১০ জন ছাত্র গড়ে শতকরা ৯০ নম্বর পায়, তাহলে ২৫ জন ছাত্রের শতকরা হিসাবে গড় নম্বর কত?

(ক) ৮৪ (খ) ৮৪% (গ) ৮৩% (ঘ) ৮৩$\frac{১}{৩}$%

নির্বাচন কমিশন সচিবালয়ে উপজেলা/থানা নির্বাচন অফিসার ২০০৮
উত্তর : ক

Hints : ১৫ জনের মোট নম্বর ১৫×৮০ = ১২০০

১০ " " " ১০×৯০ = ৯০০

∴ ২৫ জনের মোট নম্বর =(১২০০ + ৯০০) = ২১০০

∴ ২৫ জনের গড় নম্বর = $\frac{২১০০}{২৫}$ = ৮৪

[বি: দ্র: প্রশ্নপত্রে ২৫ জন ছাত্রের শতকরা হিসেবে গড় নম্বর চাওয়ায় উত্তরে % চিহ্নটি ব্যবহৃত হবে না। সুতরাং উত্তর হবে ৮৪।

১৯৯. একটি ক্লাবের নির্বাচনে সব সদস্যই ভোট দিল। সুমন ২৫%, ফারুক ৩৫% এবং বাবু অবশিষ্ট ২০০ ভোট পেল। সুমন কত সংখ্যক ভোট পেল?

(ক) ১২৫ (খ) ১৩৫ (গ) ১৫৫ (ঘ) কোনোটিই নয়

খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক/উপ-খাদ্য পরিদর্শক/ উচ্চমান সহকারী/অডিটর/ সুপারভাইজার ২০০৯
উত্তর : ক

Hints : বাবু পেল = {১০০ − (২৫ + ৩৫)}% = ৪০% ভোট

∴ ৪০% = ২০০

∴ ২৫% = $\frac{২০০ \times ২৫}{৪০}$ = ১২৫

২০০. একটি কোম্পানির X বছরে মোট বেতন ব্যয় ছিল ৮৪,০০০ টাকা যা Y বছর এর মোট বেতন ব্যয়ের তুলনায় ২০% বেশি। Y বছরে মোট বেতন কত ছিল?

(ক) ৭০,০০০ (খ) ৬৮,৩২০ (গ) ৬৪,০০০

(ঘ) ৬০,০০০ (ঙ) ৫২,৩২০

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (BRDB)-এর সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০০৬
উত্তর : ক

Hints : ২০% বেশিতে,

X বছরে বেতন ব্যয় ১২০ টাকা হলে Y বছরে ব্যয় = ১০০ টাকা

∴ X " " " ১ " Y " " = $\frac{১০০}{১২০}$ "

∴ X " " " ৮৪০০০ " Y " " = $\frac{১০০ \times ৮৪০০০}{১২০}$ "

= ৭০,০০০ টাকা।

২০১. Salam's average in four tests is 80% What marks does she need in her fifth test to raise her average to 84%?

ক 100% খ 94% গ 845 ঘ 96%

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)-এর কর্মকর্তা ২০০৪
উত্তর : ক

Hints : *Four tests total marks* $= 80 \times 4 = 320$

Five tests total marks will get $= 84 \times 5 = 420$

$\therefore$ *Fifth tests mark* $= (420 - 320) = 100\%$

২০২. If the sales tax on an appliance priced at Tk. 300 is between 5% and 8%, then the cost (price plus sales tax) of the appliance can be :

ⓐ 310 ⓑ 325 ⓒ 318 ⓓ 314

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)-এর কর্মকর্তা ২০০৪
উত্তর : গ

২০৩. ৪% লবণ রয়েছে এমন ৬ লিটার সমুদ্রজল থেকে ১ লিটার পানি বাষ্পীভূত করলে তার লবণাক্ততা কত শতাংশে হবে?

ক ৪ খ ৩.৬ গ ৪.৮ ঘ ৫.২

Hints : ১ *লিটার* = ১০০০ *গ্রাম*

$\therefore$ ৬ " = ১০০০ × ৬ *গ্রাম* = ৬০০০ *গ্রাম*

এবং ৫ *লিটার* = ৫০০০ *গ্রাম*

১০০ *গ্রামের মধ্যে লবণের পরিমাণ* ৪ *গ্রাম*

$\therefore$ ১ " " " " $\frac{৪}{১০০}$ "

$\therefore$ ৬০০০ " " " " $\frac{৪ \times ৬০০০}{১০০}$ " = ২৪০ *গ্রাম*

এখন, ৫০০০ *গ্রামের মধ্যে লবণের পরিমাণ* ২৪০ *গ্রাম*

$\therefore$ ১ " " " " $\frac{২৪০}{৫০০০}$ "

$\therefore$ ১০০ " " " " $\frac{২৪০ \times ১০০}{৫০০০}$ " = ৪.৮ *গ্রাম*

অর্থাৎ : ৪.৮ *শতাংশ*

বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস কমিশন গৃহীত সহকারী জজ প্রিলিমিনারি টেস্ট ২০০৯
উত্তর : গ

২০৪. একটি শার্ট ও একটি প্যান্টের মূল্য ৫২৫ টাকা। যদি শার্টের মূল্য ৫% এবং প্যান্টের মূল্য ১০% বৃদ্ধি পায়, তাহলে ঐগুলো কিনতে ৫৬৮.৭৫ টাকা লাগে। প্রতিটি শার্ট ও প্যান্টের মূল্য কত?

ক শার্টের মূল্য ১৫০ টাকা ও প্যান্টের মূল্য ৩৭৫ টাকা

খ শার্টের মূল্য ১৬৫ টাকা ও প্যান্টের মূল্য ৩৬০ টাকা

গ শার্টের মূল্য ১৭০ টাকা ও প্যান্টের মূল্য ৩৫৫ টাকা

ঘ শার্টের মূল্য ১৭৫ টাকা ও প্যান্টের মূল্য ৩৫০ টাকা

মাধ্যমিক সহকারী প্রধান শিক্ষক ও জেলা সহকারী শিক্ষা অফিসার নিয়োগ পরীক্ষা ২০০৩
উত্তর : ঘ

Hints : *মনে করি, শার্টের মূল্য* $= x$ *টাকা*

$\therefore$ *প্যান্টের মূল্য* $= (৫২৫ - x)$ *টাকা*

৫% *বৃদ্ধিতে শার্টের মূল্য* $= (১০০ + ৫)$ *টাকা* = ১০৫ *টাকা*

১০% *বৃদ্ধিতে প্যান্টের মূল্য* $= (১০০ + ১০)$ " = ১১০ "

এখন, ক্রয় মূল্য ১০০ টাকা হলে বিক্রয় মূল্য ১০৫ টাকা

$\therefore$ " " ১ " " " " $\frac{১০৫}{১০০}$ "

$\therefore$ " " x " " " " $\frac{১০৫x}{১০০} = \frac{২১x}{২০}$ *টাকা*

আবার, ক্রয় মূল্য ১০০ টাকা হলে বিক্রয় মূল্য ১১০ টাকা

∴ " "(৫২৫ − x) " " " " $\frac{১১০(৫২৫ - x)}{১০০}$

প্রশ্নমতে, $\frac{২১x}{২০} + \frac{১১(৫২৫ - x)}{১০} = ৫৬৮.৭৫$

$\Rightarrow \frac{২১x + ১১,৫৫০ - ২২x}{২০} = ৫৬৮.৭৫$

$\Rightarrow x = ১৭৫$

∴ প্যান্টের মূল্য = (৫২৫ − ১৭৫) টাকা = ৩৫০ টাকা।

২০৫. কোন পরীক্ষায় ১০০ জন ছাত্রের প্রাপ্ত গড় নম্বর ৮০। যদি ২০% ছাত্রকে বাদ দেয়া হয় তবে বাকি ছাত্রদের প্রাপ্ত গড় নম্বর হবে ৯০। ২০% ছাত্রের প্রাপ্ত গড় নম্বর কত?

(ক) ৩২ (খ) ৩৬ (গ) ৪০ (ঘ) ৪২

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১০ (তিতাস) উত্তর : গ

Hints : ১০০ ছাত্রের মোট নম্বর = ৮০ × ১০০ = ৮০০০

২০% বাদে বাকি (১০০ − ২০) = ৮০ জন ছাত্রের মোট নম্বর

= ৯০ × ৮০ = ৭২০০

২০% ছাত্রের মোট নম্বর (৮০০০ − ৭২০০) = ৮০০

∴ ২০% ছাত্রের গড় নম্বর $\frac{৮০০}{২০} = ৪০$

২০৬. একটি ঘড়ি ও একটি চেইনের মূল্য একত্রে ৫০০.০০ টাকা। ঘড়ির মূল্য ১০% ও চেইনের মূল্য ৫% বৃদ্ধি পেলে বর্ধিত মূল্য ৫৪৫ টাকা হয়। ঘড়ির মূল্য কত?

(ক) ৪০০.০০ টাকা (খ) ৪২০.০০ টাকা (গ) ৪৩০.০০ টাকা (ঘ) ৪৫০.০০ টাকা

প্রাথমিক প্রধান শিক্ষক ২০০৯ (গোলাপ) উত্তর : ক

Hints : ধরি, ঘড়ির মূল্য x টাকা

∴ চেইনের মূল্য = (৫০০ − x) টাকা

ঘড়ির নতুন মূল্য = $x + \frac{১০}{১০০}x = \frac{১১x}{১০}$ টাকা

চেইনের মূল্য = $(৫০০ - x) + \frac{৫}{১০০}(৫০০ - x) = \left(৫২৫ - \frac{২১x}{২০}\right)$ টাকা

শর্তমতে, $\frac{১১x}{১০} + \left(৫২৫ - \frac{২১x}{২০}\right) = ৫৪৫$

$\Rightarrow \frac{২২x - ২১x}{২০} = ৫৪৫ - ৫২৫$

$\Rightarrow \frac{x}{২০} = ২০$

∴ x = ৪০০ টাকা

২০৭. ৮ জন লোক একটি কাজ ১২ দিনে করতে পারে। দু'জন লোক কমিয়ে দিলে কাজটি সমাধা করতে শতকরা কত দিন বেশি লাগবে?

(ক) $৩৩\frac{১}{৩}\%$ (খ) ৪০% (গ) ৫০% (ঘ) $৬৬\frac{২}{৩}\%$

প্রাথমিক প্রধান শিক্ষক ২০০৯ (বেলী) উত্তর : ক

Hints : ৮ জন লোক কাজ করে ১২ দিনে

∴ ৬ " " " " $\frac{১২ \times ৮}{৬}$ " = ১৬ দিনে।

∴ কাজটি সমাধা করতে শতকরা $\frac{১৬ - ১২}{১২} \times ১০০$

বা $৩৩\frac{১}{৩}$ দিন বেশি লাগবে।

২০৮. কোনো সংখ্যার 40% এর সাথে 42 যোগ করলে ফলাফল হবে ঐ সংখ্যাটি। উহা কত?

(ক) 70 (খ) 80 (গ) 90 (ঘ) 75

Hints : ধরি, সংখ্যাটি $= x$

$\therefore\ x \times 40\% + 42 = x$

$\Rightarrow \frac{x \times 40}{100} + 42 = x$

$\Rightarrow \frac{2x}{5} + 42 = x$

$\Rightarrow 2x + 210 = 5x$

$\Rightarrow 3x = 210$

$\therefore\ x = \frac{210}{3} = 70$

৩১তম বিসিএস ২০১১
উত্তর : ক

২০৯. কোন সংখ্যার 60% থেকে 60 বিয়োগ করলে ফলাফল হবে 60। তবে সংখ্যাটি কত?

(ক) 250 (খ) 100 (গ) 200 (ঘ) 300

Hints : ধরি, সংখ্যাটি $= x$

$\therefore\ x \times 60\% - 60 = 60$

$\Rightarrow \frac{x \times 60}{100} = 60 + 60$

$\Rightarrow \frac{3x}{5} = 120$

$\therefore\ x = \frac{120 \times 5}{3} = 200$

উত্তর : (গ)

৩১তম বিসিএস ২০১১
উত্তর : গ

২১০. কোনো পরীক্ষায় একটি ছাত্র 'n' সংখ্যক প্রশ্নের প্রথম ২০টি প্রশ্ন হতে ১৫টি প্রশ্নের শুদ্ধ উত্তর দেয় এবং বাকী প্রশ্নগুলোর এক তৃতীয়াংশের শুদ্ধ উত্তর দিতে পারে। এভাবে সে যদি ৫০% প্রশ্নের শুদ্ধ উত্তর দিয়ে থাকে তবে ঐ পরীক্ষায় প্রশ্নের সংখ্যা কত ছিল?

(ক) ৩০টি (খ) ৫০টি (গ) ২০টি (ঘ) ৪০টি

Hints : $\frac{১৫ + (n - ২০) \times \frac{১}{৩}}{n} = \frac{৫০}{১০০}$

$\Rightarrow ১৫ + (n - ২০) \times \frac{১}{৩} = \frac{১}{২} n$

$\Rightarrow ৯০ + ২n - ৪০ = ৩n$

$\Rightarrow n = ৫০$

মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অধীন জুনিয়র অডিটর ২০১১ (মেঘনা-গ সেট)
উত্তর : খ

২১১. Riaz spent 20% of his income on taxes and 20% of the remainder on rent. What percent of his income has he spent on rent?

(ক) 12 (খ) 14 (গ) 16 (ঘ) 18 (ঙ) 15

Hints : *Remain* $= (100 - 20)\% = 80\%$

Spent on rent $= 20\%$ *of* 80%

$= \frac{20}{100} \times 80\% = 16\%$

Bangladesh Bank Asst. Director 2011
উত্তর : গ

২১২. A family had dinner in a restaurant and paid \$30 for food. They also had to pay 9.5% sale tax and 10% for the tip. How much did they pay for the dinner?

(ক) \$35.85 (খ) \$33.60 (গ) \$35.45 (ঘ) \$36.55 (ঙ) \$36.35

Hints : $Sale\ tax = \frac{9\cdot5}{100}\times30 = \$\ 2.85$

$Tip = \frac{10}{100}\times30 = \$\ 3$

$\therefore Total = 30 + 2.85 + 3 = \$\ 35.85$

Bangladesh Bank Cash Officer 2011
উত্তর : ক

২১৩. Of the 3,600 employees of ABC Ltd. $\frac{1}{3}$ are clerical. If clerical staff were to be reduced by $\frac{1}{3}$, what percent of the total number of the remaining employees would then be clerical?

ক 22.5% খ 20.5% গ 25.2% ঘ 25% ঙ 15%

Bangladesh Bank Asst. Director 2010
উত্তর : ঘ

Hints : $Clerical = 3600 \times \frac{1}{3} = 1200$

$1200 \times \frac{1}{3} = 400$

$\frac{1200-400}{3600-400} = \frac{800}{3200} = \frac{1}{4}\times100\% = 25\%$

২১৪. When heated an iron bar expands 0.2%. If the increased length is 1 cm, what is the original length of the bar?

ক 500 cm খ 5 cm গ 0.97 cm ঘ 1.97 cm ঙ 0.95 cm

Bangladesh Bank Asst. Director 2010
উত্তর : ক

Hints : $0.2\% = 1\ cm$

$1\% = \frac{1}{0.2\%}\ cm$

$100\% = \frac{1\times100\%}{0.2\%}\ cm = 500\ cm$

২১৫. 68% of the candidates in a recruitment test have passed the written part of it. The number is 14 less than what would have been in case 75% would have passed. What was the number of candidates appeared?

ক 150 খ 189 গ 136 ঘ 145 ঙ 200

Agrani Bank Limited Officer 2010
উত্তর : ঙ

Hints : $75\% - 68\% = 7\%$

$7\% = 14$

$\therefore 100\% = \frac{14\times100\%}{7\%} = 200$

২১৬. Alam spent 20% of his income on taxes and 20% of the reminder on rent. What per cent of his income he has spent on rent?

ক 12 খ 14 গ 16 ঘ 18 ঙ 15

Agrani Bank Limited Officer 2010
উত্তর : গ

Hints : $(100 - 20)\times20\% = 80\times\frac{20}{100} = 16$

২১৭. There were twice as many girls as boys in a class. If 30% of the girls and 45% of the boys have already handed over their reports, what percent of the students have not yet done so?

ক 25 খ 35 গ 50 ঘ 65 ঙ 75

Agrani Bank Limited Officer 2010
উত্তর : ঘ

Hints : $Let,\ Boys = 100,\ Girls = 200$

$200\times30\% + 100\times45\% = 60 + 45 = 105$

$\frac{300-105}{300}\times100\% = \frac{195}{300}\times100\% = 65\%$

২১৮. Raj, Ishaq and Jerry divided some money among themselves as follwos : Raj received 25% of it, Ishaq received one-fifth of it and Jerry received the remaining Tk. 660. How much money did Ishaq receive.

(ক) Tk. 300 (খ) Tk. 280 (গ) Tk. 240 (ঘ) Tk. 500 (ঙ) None of these

Dutch-Bangla Bank Ltd. Trainee Officer 2010
উত্তর : গ

Hints : *Raj received* $= 25\% = \frac{25}{100} = \frac{1}{4}$

Ishaq " $= \frac{1}{5}$

$\therefore$ *Jerry* " $= 1 - \left(\frac{1}{4} + \frac{1}{5}\right) = 1 - \frac{5+4}{20} = \frac{20-9}{20} = \frac{11}{20}$

$\therefore \frac{11}{20}$ *Portion* $=$ Tk. 660

$\therefore 1$ " $= 660 \times \frac{20}{11} =$ Tk. 1200

$\therefore$ *Ishaq received* Tk $1200 \times \frac{1}{5} =$ Tk. 240

২১৯. The average score of students on a certain exam was 85.50. On the same exam Raju scored 90. What was Raju's percent deviation from the average score?

(ক) 4.5% (খ) 5% (গ) 5.4% (ঘ) 6% (ঙ) None of these

Dhaka Bank Ltd. MTO 2011
উত্তর : ক

Hints : *Percent deviation* $= 90 - 85.5 = 4.5$

২২০. At a special sale, 5 tickets can be purchased for the price of 3 tickets. If 5 tickets are purchased at this sale, the amount saved will be what percent of the original price of the 5 tickets?

(ক) 20% (খ) $33\frac{1}{3}\%$ (গ) 40% (ঘ) 60% (ঙ) $66\frac{2}{3}\%$

Southeast Bank Ltd Probationary Officer 2011
উত্তর : ঙ

Hints : *Let, price of 1 ticket* Tk. x

$\therefore$ *Price of 3 tickets* $= 3 \times x =$ Tk. $3x$

" " 5 " $= 5 \times x =$ Tk. $5x$

$\therefore$ % *Amount saved* $= 5x - 3x =$ Tk. $2x$

$\therefore$ *Amount save* $= \frac{2x}{3x} \times 100\% = 66\frac{2}{3}\%$

২২১. A candidate had to appear in 4 subjects— Bengali, English, Mathematics and Science. Each subject carries 75 marks. The candidate secured 60% in both Bengali and English, 80% in Mathematics and 70% in Science. What is the total number of marks which the candidate secured in all four subjects?

(ক) 135.5 (খ) 150 (গ) 195.5 (ঘ) 202.5

One Bank Ltd. Probationary Officer 2010
উত্তর : ঘ

Hints : $75 \times 60\% = 75 \times \frac{60}{100} = 45$

Again, $75 \times 80\% = 75 \times \frac{80}{100} = 60$

And, $75 \times 80\% = 75 \times \frac{70}{100} = 52.5$

$\therefore 45 \times 2 + 60 + 52.5 = 202.5$

২২২. A class of 80 students has 25% girls. If 10% of the boys and 20% of the girls attended a picnic then what percentage of the class attended the picnic?

(ক) 20% (খ) 25% (গ) 13% (ঘ) 12.5% (ঙ) None of these

Exim Bank Ltd. Assistant Officer 2010
উত্তর : ঘ

Hints : $Girls = 80 \times 25\% = 20$

$\therefore Boys = 80 - 20 = 60$

$Boys\ attended\ picnic = 60 \times 10\% = 6$

$Girls\ \ ''\ \ \ \ ''\ = 20 \times 20\% = 4$

$\frac{6+4}{80} \times 100\% = \frac{10}{80} \times 100\% = 12.5\%$

২২৩. In a university, 80 percent of the students lived in hostel, and 60 percent of the hostel students are lucky to get a single room. If number of lucky students is 1200, then how many students were there in the university?

(ক) 2500 (খ) 2400 (গ) 2000 (ঘ) 1500 (ঙ) 1800

Social Islami Bank Ltd. Trainee Officer 2010
উত্তর : ক

Hints : $Let,\ total\ No.\ of\ students = x$

$\therefore No.\ of\ students\ lived\ in\ hostel = x \times 80\%$

$= 0.8x$

$\therefore No.\ of\ Lucky\ students = 0.8x \times 60\%$

$= 0.8x \times .6$

$= 0.48x$

According to the question.

$0.48x = 1200$

$\Rightarrow x = \frac{1200 \times 100}{048} = 2500$

অধ্যায় ১৩

লাভ ও ক্ষতি

PROFIT & LOSS

ক্রয়মূল্য (Cost Price) :

জিনিসপত্র কেনার বা তৈরি করার সময় যে ব্যয় হয় তাকে ক্রয়মূল্য বলে।

বিক্রয়মূল্য (Selling Price) :

জিনিসপত্র বিক্রয় করলে যে দাম পাওয়া যায় তাকে বিক্রয়মূল্য বলে।

লাভ বা মুনাফা (Gain or Profit) :

ক্রয়মূল্য অপেক্ষা বিক্রয়মূল্য বেশি হলে বিক্রয়মূল্য থেকে ক্রয়মূল্যের বিয়োগফলকে লাভ বা মুনাফা বলে।

ক্ষতি বা লোকসান (Loss) :

বিক্রয়মূল্য অপেক্ষা ক্রয়মূল্য বেশি হলে এবং এদের পার্থক্যের পরিমাণকে ক্ষতি বা লোকসান বলে।

Working Tools

- লাভ = বিক্রয়মূল্য − ক্রয়মূল্য
- ক্ষতি = ক্রয়মূল্য − বিক্রয়মূল্য
- তুলনার জন্য লাভ বা ক্ষতি শতকরা হিসেবে প্রকাশ করা হয়।
- লাভ বা ক্ষতি সবসময় ক্রয়মূল্যের উপর হিসাব করা হয়।

Short Technique

PROFIT & LOSS

- ১ টাকায় নির্দিষ্ট সংখ্যক জিনিস ক্রয় এবং ১ টাকায় নির্দিষ্ট সংখ্যক জিনিস বিক্রয় করলে এবং ক্রয়মূল্য ও বিক্রয়মূল্য ক্রমিক সংখ্যা আকারে হলে (%) লাভ $= \frac{১০০}{\text{টাকায় বিক্রয়}}$।
- টাকায় ২ ধরনের ভিন্ন ভিন্ন সংখ্যক জিনিস কিনে সবগুলো একটি নির্দিষ্ট মূল্যে বিক্রি করলে এবং ক্রয় ও বিক্রয়ের Structure একটি ক্রমিক সংখ্যা হলে এক্ষেত্রে সব সময় ক্ষতি হবে।

  ক্ষতি $= \frac{১০০}{(\text{প্রতি টাকায় বিক্রি})^২}$

Question Bank as Self Test

১. ক্রয় মূল্য : বিক্রয় মূল্য = 5 : 6; এতে শতকরা কত লাভ হয়?

(ক) 20% (খ) 40% (গ) 10% (ঘ) 15%

Hints : ধরি, ক্রয়মূল্য $5x$ এবং বিক্রয়মূল্য $6x$

সুতরাং লাভ $= 6x - 5x = x$

$5x$ টাকায় লাভ হয় x টাকা

$\therefore 100$ " " " $= \frac{x}{5x} \times 100 = 20$ টাকা

$\therefore$ লাভ 20%।

বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক ২০১৪ উত্তর : ক

২. একখানা বাড়ির বিক্রয় মূল্য তার ক্রয় মূল্যের $\frac{৩}{৪}$ অংশের সমান। শতকরা লাভ বা ক্ষতি কত হবে?

(ক) ২৫% ক্ষতি (খ) ২৫% লাভ (গ) ২০% ক্ষতি (ঘ) ২০% লাভ

Hints : মনে করি, ক্রয়মূল্য = ৪ টাকা

বিক্রয়মূল্য = ৩ টাকা

$\therefore$ ক্ষতি = (৪ − ৩) টাকা = ১ টাকা

এখন ৪ টাকায় ক্ষতি হয় ১ টাকা

$\therefore$ ১০০ " " " $\frac{১ \times ১০০}{৪}$ " = ২৫%।

বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক ২০১৪ উত্তর : ক

৩. বেতন ৩০% বৃদ্ধি পাওয়ায় একজন লোক ১১০৫০/- পায়। পূর্বে তার বেতন কত ছিল?

(ক) ৭৫০০/- (খ) ৮৫০০/- (গ) ৯০০০/- (ঘ) ৯২০০/-

Hints : ৩০% বৃদ্ধিতে,

পূর্ব বেতন ১০০ টাকা হলে বর্তমানে ১৩০ টাকা

এখন,

বর্তমান বেতন ১৩০ টাকা হলে পূর্বে ছিল ১০০ টাকা

$\therefore$ " " ১ " " " " $\frac{১০০}{১৩০}$ "

$\therefore$ " " ১১০৫০ " " " $\frac{১০০ \times ১১০৫০}{১৩০}$ "

= ৮,৫০০ টাকা।

পরিবার পরিকল্পনা অধিদপ্তর নিয়োগ পরীক্ষা ২০১৪ উত্তর : খ

৪. কবির ৩০০ টি কলা কিনলো ৭৫০ টাকা দিয়ে। সে ১৩৫০ টাকায় সবগুলো কলা বিক্রয় করে দিল। সে ক্রয়মূল্যের উপর শতকরা কত টাকা লাভ করলো?

(ক) ৪০% (খ) ৫০% (গ) ৬০% (ঘ) ৮০%

(ঙ) কোনোটিই নয়

Hints : ৩০০টি কলার ক্রয়মূল্য ৭৫০ টাকা

$\therefore$ ১ " " $= \frac{৭৫০}{৩০০}$ " $= \frac{৫}{২}$ টাকা

আবার, ৩০০টি কলার বিক্রয়মূল্য ১৩৫০ টাকা

$\therefore$ ১টি " " $= \frac{১৩৫০}{৩০০}$ " $= \frac{৯}{২}$ টাকা

সুতরাং, লাভ $= \left(\frac{৯}{২} - \frac{৫}{২}\right)$ টাকা

= ২ টাকা

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা ২০১৪ উত্তর : ঘ

$\frac{৫}{২}$ টাকায় লাভ হয় ২ টাকা

$\therefore$ ১ " " " $= ২ \times \frac{২}{৫}$ "

$\therefore$ ১০০ " " " $= ২ \times \frac{২}{৫} \times ১০০$ "

$= ৮০$ টাকা

সুতরাং সে ক্রয়মূল্যের উপর ৮০% লাভ করলো।

৫. জাকারিয়া ২৫০০ টাকা দিয়ে একটি গাড়ি কিনে ২৫% লাভে বিক্রয় করলো। গাড়িটি সে কত দামে বিক্রয় করলো?

ক ২৭২৫ টাকা খ ৩০০০ টাকা গ ৩১২৫ টাকা ঘ ৩২০০ টাকা
ঙ কোনোটিই নয়

Hints : ২৫% লাভে,

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১২৫ টাকা

$\therefore$ " ১ " " " $= \frac{১২৫}{১০০}$ "

$\therefore$ " ২৫০০ " " " $= \frac{১২৫ \times ২৫০০}{১০০}$

$= ৩১২৫$ টাকা।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা ২০১৪
উত্তর : গ

৬. সামাদ সাহেবের মাসিক বেতন ১২০০০ টাকা। এক বছর পর তার বেতন ১১% বৃদ্ধি পেল। আগামী বছর সামাদ সাহেব কত টাকা মাসিক বেতনে বছর শুরু করবেন?

ক ১২০৭৫ টাকা খ ১৩৩২০ টাকা গ ১৬০০০ টাকা ঘ ১৪৪০০ টাকা
ঙ কোনোটিই নয়

Hints : ১২,০০০ টাকা এর ১১%

$= ১২,০০০ \times \frac{১১}{১০০} = ১৩২০$ টাকা।

তাহলে বছরের শুরুতে বেতন পাবে (১২,০০০ + ১৩২০) টাকা বা ১৩৩২০ টাকা।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা ২০১৪
উত্তর : খ

৭. টাকায় এক ডজন কলা বিক্রি করায় ২৫% ক্ষতি হয়। ৫০% লাভ করতে হলে টাকায় কতটি কলা বিক্রি করতে হবে?

ক ৫টি খ ৬টি গ ৭টি ঘ ৮টি
ঙ কোনোটিই নয়

Hints : ক্রয়মূল্য ১০০ টাকা হলে,

২৫% ক্ষতিতে বিক্রয়মূল্য = (১০০ − ২৫) টাকা = ৭৫ টাকা

৫০% লাভে " = (১০০ + ৫০) " = ১৫০ টাকা

পূর্বের বিক্রয়মূল্য ৭৫ টাকা হলে বিক্রয় করতে হবে ১৫০ টাকায়

" " ১ " " " " $= \frac{১৫০}{৭৫}$ "

$= ২$ টাকায়।

২ টাকায় বিক্রি করতে হবে ১২ টি কলা

$\therefore$ ১ " " " " $\frac{১২}{২} = ৬$টি কলা।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা ২০১৪
উত্তর : খ

৮. ১০ টাকায় ১২টি করে কোনো জিনিস ক্রয় করে ১০ টাকায় ৮টি করে বিক্রি করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে?

ক ৫০% লাভ খ ৩৫% লাভ গ ২৫% লাভ ঘ কোনোটিই নয়

Hints : ১২টির ক্রয়মূল্য ১০ টাকা

$\therefore$ ১ " " $\frac{১০}{১২}$ " $= \frac{৫}{৬}$ টাকা

আবার,

৮টির বিক্রয়মূল্য ১০ টাকা

$\therefore$ ১ " " $\frac{১০}{৮}$ " $= \frac{৫}{৪}$ টাকা

$\therefore$ লাভ $= \frac{৫}{৪} - \frac{৫}{৬} = \frac{১৫-১০}{১২} = \frac{৫}{১২}$ টাকা

$\frac{৫}{৬}$ টাকায় লাভ হয় $\frac{৫}{১২}$ টাকা

$\therefore$ ১ " " " $\frac{৫}{১২} \times \frac{৬}{৫}$ "

$\therefore$ ১০০ " " " $\frac{৫}{১২} \times \frac{৬}{৫} \times ১০০ = ৫০$ টাকা।

৯. একটি চেয়ার ১৮০ টাকায় বিক্রি করায় ক্রয়মূল্যের উপর ২০% লাভ হলো। চেয়ারটির ক্রয়মূল্য কত?

(ক) ১৫০ টাকা (খ) ১২০ টাকা (গ) ১৬০ টাকা (ঘ) ১০০ টাকা

Hints : ২০% লাভে বিক্রয়মূল্য = (১০০ + ২০)
= ১২০ টাকা

বিক্রয়মূল্য ১২০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

$\therefore$ " ১৮০ " " " $\frac{১০০ \times ১৮০}{১২০}$ "
= ১৫০ টাকা

মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর ২০১৪
উত্তর : ক

১০. আহসানের বেতন ৫% বৃদ্ধি পাওয়ায় তার বেতন ৬০০০ টাকা বৃদ্ধি পেল। আহসানের বেতন আগে কত ছিল?

(ক) ১২০০০০ টাকা (খ) ১২০০০ টাকা (গ) ১৩০০০০ টাকা (ঘ) উপরের কোনোটিই নয়

Hints : ৫ টাকা বাড়লে মূল বেতন ১০০ টাকা

১ " " " " $\frac{১০০}{৫}$ "

$\therefore$ ৬০০০ " " " " $\frac{১০০ \times ৬০০০}{৫}$ "
= ১২০০০০ টাকা।

মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর ২০১৪
উত্তর : ক

১১. টাকায় ৩টি জিনিস ক্রয় করে, টাকায় ২টি জিনিস বিক্রয় করলে শতকরা লাভ হবে—

(ক) ৩০% (খ) ১৫% (গ) ৫০% (ঘ) ৩৫%

Hints : ১টি জিনিসের ক্রয়মূল্য $\frac{১}{৩}$ টাকা এবং বিক্রয়মূল্য $\frac{১}{২}$ টাকা

$\therefore$ লাভ হয় $= \frac{১}{২} - \frac{১}{৩} = \frac{১}{৬}$ টাকা

$\frac{১}{৩}$ টাকায় লাভ হয় $\frac{১}{৬}$ টাকা

$\therefore$ ১০০ " " " $= \frac{৩ \times ১০০}{৬}$ " $= ৫০$ টাকা

পল্লী উন্নয়ন বোর্ডের মঠ সহকারী ২০১৪
উত্তর : গ

১২. গতকাল শেয়ারের দাম ২৫% বেড়েছিল। কিন্তু আজ ২৫% কমেছে। শেয়ারের দাম মোট কত বেড়েছে বা কমেছে?

(ক) $৬\frac{১}{৪}$% কমেছে (খ) ৮% (গ) $৪\frac{১}{৪}$% কমেছে (ঘ) $৬\frac{১}{৪}$% বেড়েছে

Hints : ২৫% বৃদ্ধিতে শেয়ারের মূল্য = ১২৫ টাকা

আবার, ২৫% হ্রাসে,

১০০ টাকায় হ্রাস পেয়েছে ২৫ টাকা

$\therefore$ ১২৫ " " " $= \frac{১২৫ \times ২৫}{১০০} = ৩১.২৫$ টাকা

সুতরাং দাম কমেছে = (৩১.২৫ − ২৫) টাকা = ৬.২৫ = $৬\frac{১}{৪}$ টাকা

পল্লী উন্নয়ন বোর্ডের মঠ সহকারী ২০১৪
উত্তর : ক

১৩. গমের মূল্য ১৫% কমে যাওয়ায় ৬,০০০ টাকায় পূর্বাপেক্ষা ১ কুইন্টাল গম বেশি পাওয়া যায়। ১ কেজি গমের বর্তমান মূল্য কত?

ক ৬ টাকা খ ৭ টাকা গ ৮ টাকা ঘ ৯ টাকা

Hints : ১০০ টাকায় কমে ১৫ টাকা

∴ ৬০০০ " " $= \frac{১৫ \times ৬০০০}{১০০}$ " = ৯০০ টাকা

১ কুইন্টাল বা ১০০ কেজি চালের দাম ৯০০ টাকা

∴ ১ " " " $= \frac{৯০০}{১০০} =$ ৯ টাকা

পল্লী উন্নয়ন বোর্ডের বাট সহকারী ২০১৪
উত্তর : ঘ

১৪. একটি কলম ৫০ টাকায় ক্রয় করে, ৫৬ টাকায় বিক্রয় করা হলো। এতে শতকরা কত লাভ হলো?

ক ৮% খ ৯% গ ১০% ঘ ১২%

Hints : লাভ = (৫৬ − ৫০) টাকা = ৬ টাকা

৫০ টাকায় লাভ হয় ৬ টাকা

∴ ১০০ " " " $= \frac{৬ \times ১০০}{৫০} =$ ১২ টাকা

পল্লী উন্নয়ন বোর্ডের হিসাব সহকারী ২০১৪
উত্তর : ঘ

১৫. ৫০ টাকায় আম কিনে ১৫০ টাকায় বিক্রি করলে শতকরা কত লাভ—

ক ২০০% খ ১৫০% গ ৩০০% ঘ কোনোটিই নয়

Hints : লাভ = (১৫০ - ৫০) টাকা = ১০০ টাকা

৫০ টাকায় লাভ হয় ১০০ টাকা

১ " " " $= \frac{১০০}{৫০}$ "

∴ ১০০ " " " $= \frac{১০০ \times ১০০}{৫০}$ টাকা

= ২০০ টাকা।

উত্তর : ২০০% লাভ।

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স-এর কার্যালয়ের জুনিয়র অডিটর ২০১৪
উত্তর : ক

১৬. ১২০০ টাকায় কিনে ১৫০০ টাকায় বিক্রি করলে শতকরা লাভ—

ক ১০% খ ১৫% গ ২০% ঘ ২৫%

Hints : লাভ = (১৫০০ - ১২০০) = ৩০০ টাকা

১২০০ টাকায় লাভ হয় ৩০০ টাকায়

১ " " " $= \frac{৩০০}{১২০০}$ "

∴ ১০০ " " " $= \frac{৩০০ \times ১০০}{১২০০}$ " = ২৫% লাভ

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স-এর কার্যালয়ের জুনিয়র অডিটর ২০১৪
উত্তর : ঘ

১৭. A sells an article which cost him Tk. 400 to B at a profit of 20%. B then sells it to C, making a profit of 10% on the price he paid to A. How much does C pay B?

ক Tk. 472 খ Tk. 476 গ Tk. 528 ঘ Tk. 532

Hints : *Sells price of A = Cost price of B*

Sells price of B = Cost price of C

For A,

When Cost price 100 then Sells price 120 Tk.

" " " 1 " " " $\frac{120}{100}$ Tk.

" " " 400 " " " $\frac{120 \times 400}{100}$ Tk.

= 480 Tk.

পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অফিসার ম্যানেজার ২০১৪
উত্তর : গ

For B,
When Cost price 100 then sells price 110 Tk.

$$\text{" " " } 1 \text{ " " " } \frac{110}{100} \text{ Tk.}$$

$$\text{" " " } 480 \text{ " " " } \frac{110\times 480}{100} \text{ Tk.}$$

$$= 528 \text{ Tk.}$$

So, C will pay B Tk 528.

১৮. **A started a business with Tk. 21,000 and is joined afterwards by B with Tk. 36,000. After how many months did B join if the profits at the end of the year are divided equally?**

ক 3 খ 4 গ 5 ঘ 6

Hints : *As their profit is equal at the end of the year, their time ratio is equal to their capital ratio oppositly.*

Their capital ratio is $= 21000 : 36000$
$= 21 : 36$
$= 7 : 12$

So, their time ratio is equal to 12 : 7
A has contributed for 12 months
and B " " " 7 "
So, B has joined after 12-7 = 5 months.

পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিস্টেন্ট ম্যানেজার ২০১৪
উত্তর : গ

১৯. **৫টি লিচু যে দরে ক্রয় করা হয়, ৪টি লিচু সেই দরে বিক্রয় করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে?**

ক ৩০% ক্ষতি খ ২৫% লাভ গ ১০% লাভ ঘ ২০% লাভ

Hints : *ধরি, ৫টি লিচুর ক্রয়মূল্য ক টাকা*

$\therefore$ ১ " " $\frac{ক}{৫}$ "

আবার, ৪টি লিচুর বিক্রয়মূল্য ক টাকা

$\therefore$ ১ " " $\frac{ক}{৪}$ "

$\therefore$ লাভ $= \frac{ক}{৪} - \frac{ক}{৫}$

$= \frac{৫ক - ৪ক}{২০} = \frac{ক}{২০}$

$\frac{ক}{৫}$ টাকায় লাভ হয় $\frac{ক}{২০}$ টাকা

১ " " " $= \frac{ক}{২০} \times \frac{৫}{ক}$ "

$\therefore$ ১০০ " " " $= \frac{ক}{২০} \times \frac{৫}{ক} \times ১০০ = ২৫\%$ টাকা

পল্লী উন্নয়ন বোর্ড-এর মাঠকর্মী ২০১৪
উত্তর : খ

২০. **টাকায় ৩টি জিনিস ক্রয় করে, টাকায় ২টি জিনিস বিক্রয় করলে শতকরা লাভ হবে–**

ক ৩০% খ ১৫% গ ৫০% ঘ ৩৫%

Hints : *১টি জিনিসের ক্রয়মূল্য $\frac{১}{৩}$ টাকা*

এবং ১টি জিনিসের বিক্রয়মূল্য $\frac{১}{২}$ টাকা,

$\therefore$ লাভ $= \frac{১}{২} - \frac{১}{৩} = \frac{১}{৬}$ টাকা

পল্লী উন্নয়ন বোর্ড-এর মাঠকর্মী ২০১৪
উত্তর : গ

$\frac{১}{৩}$ টাকায় লাভ হয় $\frac{১}{৬}$ টাকা

$\therefore$ ১০০ ,, ,, ,, $= \frac{৩\times১০০}{৬} =$ ৫০ টাকা

উত্তর : ৫০% লাভ।

২১. মানিকের মাসিক বেতন ৯% বৃদ্ধি পাওয়ার ফলে তার মাসিক সঞ্চয় সমান হারে বৃদ্ধি পেয়ে ১,৮৫৩ টাকা হলো। মানিকের মাসিক সঞ্চয় আগে কত ছিল?

ক ১,৬৫০ টাকা খ ১,৬০০ টাকা গ ১,৭০০ টাকা ঘ ১,৭৫০ টাকা
ঙ কোনোটিই নয়

Hints : ৯% বৃদ্ধিতে,

বর্তমান সঞ্চয় ১০৯ টাকা হলে পূর্বে ছিল ১০০ টাকা

,, ,, ১ ,, ,, ,, ,, $\frac{১০০}{১০৯}$,,

$\therefore$,, ,, ১৮৫৩ ,, ,, ,, ,, $\frac{১০০\times১৮৫৩}{১০৯}$

= ১৭০০ টাকা।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান জুনিয়র
অ্যাসিসটেন্ট অফিসার ২০১৪
উত্তর : গ

২২. ৫০টি কলম ২০০ টাকায় কিনে ২৫টি কলম ৫০ টাকায় বিক্রি করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে?

ক কোনো লাভ বা ক্ষতি হবে না খ ক্ষতি ৫০%
গ ক্ষতি ১০% ঘ লাভ ১০%
ঙ কোনোটিই নয়

Hints : ৫০ টি কলমের ক্রয়মূল্য ২০০ টাকা

$\therefore$ ১ ,, ,, ,, $= \frac{২০০}{৫০}$,,

= ৪ টাকা

আবার, ২৫ টি কলমের বিক্রয়মূল্য ৫০ টাকা

$=\left\{2\left(\frac{1}{2}+i.\frac{\sqrt{3}}{2}\right)\right\}^n+\left\{2\left(\frac{1}{2}-i\frac{\sqrt{3}}{2}\right)\right\}^n$

$=2^2.\left(\cos\frac{\pi}{3}+i.\sin\frac{\pi}{3}\right)^n+2^n.\left(\cos\frac{\pi}{3}-i.\sin\frac{\pi}{3}\right)^n$

$=2^n.\left(e^{i.\frac{\pi}{3}}\right)^n+2^n.\left\{\cos\left(-\frac{\pi}{3}\right)+i.\sin\left(-\frac{\pi}{3}\right)\right\}^n$

$[\because e^{i\theta}=\cos\theta+i\sin\theta]$

$=2^n.e^{i.\frac{n\pi}{3}}+2^n.\left\{e^{i.\left(-\frac{\pi}{3}\right)}\right\}^n$

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক ২০০৬
উত্তর : খ

বাংলাদেশ জরিপ অধিদপ্তরের সহকারী সুপারিন্টেন্ডেন্ট অব সার্ভে ২০০৭
উত্তর : খ

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তরের শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল) ২০০৭
উত্তর : ঘ

$= 2^n.e^{i.\frac{n\pi}{3}} + 2^n.e^{-i.\frac{n\pi}{3}}$

$= 2^n\left(e^{i.\frac{n\pi}{3}} + e^{-i.\frac{n\pi}{3}}\right)$

$= 2^n\left[\left(\cos\frac{n\pi}{3} + i.\sin\frac{n\pi}{3}\right) + \left\{\cos\left(-\frac{n\pi}{3}\right) + i.\sin\left(\frac{-n\pi}{3}\right)\right\}\right]$

$= 2^n.\left(\cos\frac{n\pi}{3} + i.\sin\frac{n\pi}{3} + \cos\frac{n\pi}{3} - i.\sin\frac{n\pi}{3}\right)$

$= 2^n.2\cos\frac{n\pi}{3} = 2^{n+1}\cos\frac{n\pi}{3}$

০৯. $ax^2 + bx + c = 0$ সমীকরণের মূল দুইটি মূলদ হবে যদি–

ক $b^2 > 4ac$ খ $b^2 < 4ac$

গ $b^2 - 4ac$ একটি পূর্ণবর্গ সংখ্যা হয় ঘ কোনোটিই নয়

জাতীয় সংসদ সচিবালয়ে সহকারী গবেষণা অফিসার ২০০৫
উত্তর : গ

১০. $\left(\frac{a}{x} + \frac{x}{a}\right)^{10}$ -এর বিস্তৃতিতে মধ্যপদ কোনটি হবে?

ক $^{10}C_5$ খ $^{12}C_6$ গ $^{7}C_{14}$ ঘ $^{3}C_9$

Hints : *বিস্তৃতিতে পদের সংখ্যা* $= 10 + 1 = 11$*টি*

$\therefore$ *মধ্যপদ হবে একটি এবং উহা* $\left(\frac{10}{2} + 1\right)$ *বা* 6*তম পদ*

$\therefore$ 6*তম বা* $(5+1)$ *তম পদ* $= {}^{10}C_5\left(\frac{a}{x}\right)^{10-5}\left(\frac{x}{a}\right)^5$

$= {}^{10}C_5\left(\frac{a}{x}\right)^5.\left(\frac{x}{a}\right)^5$

$= {}^{10}C_5$

সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৯
উত্তর : ক

১১. $\left(x^2 - 2 + \frac{1}{x^2}\right)^6$ -এর বিস্তৃতিতে ধ্রুবপদ = কত?

ক 950 খ 824 গ 924 ঘ 924

Hints : $\left(x^2 - 2 + \frac{1}{x^2}\right)^6 = \left(x^2 + \frac{1}{x^2} - 2\right)^6$

$= \left\{\left(x - \frac{1}{x}\right)^2 + 2.x.\frac{1}{x} - 2\right\}^6 = \left(x - \frac{1}{x}\right)^{12}$

$= (r+1)$*তম পদটি ধ্রুবপদ (অর্থাৎ* x *বর্জিত পদ)।*

$\therefore$ ${}^{12}C_r\, x^{12-r}.\left(-\frac{1}{x}\right)^r = (r+1)$*তম পদ*

$= {}^{12}C_r\, x^{12-r-r}.(-1)^r$ *যেহেতু, এই পদটি ধ্রুব তাই এই পদে* x *-এর ঘাত শূন্য।*

$\therefore$ $12 - 2r = 0$ *বা,* $2r = 12$

বা, $r = \frac{12}{2} = 6$

$\therefore$ *ধ্রুবপদ* $= {}^{12}C_6 = 924$

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা ২০০৬
উত্তর : ঘ

অধ্যায় ১২

অসমতা

INEQUALITY

অসমতা (Inequality) :

সমীকরণের বামপক্ষ ডানপক্ষ পরস্পর সর্বদা সমান। কিন্তু অসমতার বামপক্ষ ও ডানপক্ষ সাধারণত অসমান। অসমতার বামপক্ষ ও ডানপক্ষের মাঝে $<, >, \leq$ বা $\geq$ চিহ্নগুলো ব্যবহার করা হয়।

$x < y$-এর অর্থ x, y-এর চেয়ে ছোট

$x > y$-এর অর্থ x, y-এর চেয়ে বড়

$x \leq y$-এর অর্থ x, y-এর চেয়ে ছোট অথবা সমান

$x \geq y$-এর অর্থ x, y-এর চেয়ে বড় অথবা সমান

সংখ্যারেখার ধর্ম :

সংখ্যারেখায় অবস্থিত যে কোনো সংখ্যার ডানের সবগুলো সংখ্যা তার চেয়ে বড় এবং বামের সবগুলো সংখ্যা ছোট।

অসমতার স্বতঃসিদ্ধ (Axioms of Inequality) :

অসমতার স্বতঃসিদ্ধ, সমীকরণের স্বতঃসিদ্ধের অনুরূপ। শুধুমাত্র নিচে বর্ণিত নিয়মগুলো অতিরিক্তি হিসেবে জানতে হবে।

১. অসমতার বামপক্ষ ও ডানপক্ষের রাশিকে ঋণাত্মক সংখ্যা দ্বারা গুণ বা ভাগ করলে অসমতার দিক পাল্টে যায়।

২. আবার ডানপক্ষকে বামপক্ষে এবং বামপক্ষকে ডানপক্ষে আনলে অসমতার দিক পাল্টে যায়।

৩. আবার উভয়পক্ষকে বিপরীত করলে চিহ্ন পাল্টে যায়।

পরমমান বা সাংখ্যমান (Absolute Value) :

পরমমান হলো সংখ্যারেখায় মূলবিন্দু হতে একটি সংখ্যার দূরত্বের মান বা দূরত্বের একক সংখ্যা।



চিত্রে $+2$ এবং -2-এর পরমমান 2।

পরমমানের গাণিতিক সংজ্ঞা নিচে দেয়া হলো :

i. শূন্যের পরমমান শূন্য

ii. a ধনাত্মক সংখ্যা হলে a-এর পরমমান a

iii. a ঋণাত্মক সংখ্যা হলে a-এর পরমমান a

a-এর পরমমান (absolute বা Numerical Value) বুঝাতে $|a|$ প্রতীক ব্যবহার করা হয়।

যেমন– $|3| = 3, |-2| = -(-2) = 2$ ইত্যাদি।

Working Tools

অসমতার গুরুত্বপূর্ণ ধর্ম :

1. (i) $a > b$ এবং $b > c$ হলে, $a > c$
   (ii) $a < b$ এবং $b < c$ হলে, $a < c$
2. (i) $a > b$ এবং c যে কোনো সংখ্যা হলে,
   $a + c > b + c$ এবং $a - c > b - c$
   (ii) $a < b$ এবং c যে কোনো সংখ্যা হলে,
   $a + c < b + c$ এবং $a - c < b - c$
   (iii) $a > b$ এবং $c > d$ হলে, $a + c > b + d$
   (iv) $a < b$ এবং $c < d$ হলে, $a + c < b + d$
3. (i) $a > b$ এবং $c > 0$ হলে $ac > bc$ এবং $\frac{a}{c} > \frac{b}{c}$
   (ii) $a > b$ এবং $c < 0$ হলে $ac < bc$ এবং $\frac{a}{c} < \frac{b}{c}$
4. (i) $a < b$ এবং $c > 0$ হলে $ac > bc$ এবং $\frac{a}{c} < \frac{b}{c}$
   (ii) $a < b$ এবং $c < 0$ হলে $ac < bc$ এবং $\frac{a}{c} > \frac{b}{c}$
5. (i) $a + c > b$ হলে, $a > b - c$
   $a > b + c$ হলে, $a - c > b$
   (ii) $a + c < b$ হলে, $a < b - c$
   $a < b + c$ হলে, $a - c < b$ [পক্ষান্তর বিধি]

INEQUALITY

Question Bank as Self Test

০১. $|x-3| < 5$ হলে—

ক $2 < x < 8$ খ $-8 < x < -2$ গ $-2 < x < 8$ ঘ $-4 < x < -2$

৩৫তম বিসিএস
উত্তর : গ

Hints : অঋণাত্মক ধরে, $x - 3 < 5$
$\therefore x < 8$
ঋণাত্মক ধরে, $-(x-3) < 5$
বা, $x - 3 > -5$ [উভয়পক্ষে -1 গুণ করে]
$\therefore x > -2$
অর্থাৎ $-2 < x < 8$ ।

০২. $x > y$ এবং $z < 0$ হলে নিচের কোনটি সঠিক?

ক $xz > yz$ খ $\frac{x}{z} > \frac{y}{z}$ গ $\frac{z}{x} < \frac{z}{y}$ ঘ $xz < yz$

৩০তম বিসিএস; শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রমপরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক ২০০৬
উত্তর : ঘ

Hints : দেয়া আছে, $z < 0$ অর্থাৎ z একটি ঋণাত্মক সংখ্যা। আমরা জানি, কোনো অসমতার উভয় পক্ষকে কোনো ঋণাত্মক সংখ্যা দ্বারা গুণ বা ভাগ করলে অসমতা চিহ্ন পাল্টে যায় (অর্থাৎ '>' চিহ্ন পরিবর্তিত হয়ে '<' চিহ্ন এবং '<' চিহ্ন পরিবর্তিত হয়ে '>' চিহ্ন হয়)।
দেয়া আছে, $x > y$
$\therefore xz < yz$ [উভয়পক্ষকে z দ্বারা গুণ করে]।

০৩. যদি $x > 7$ এবং $y > -3$ হয়, তবে কোনটি সঠিক?

ক $xy > 7$ খ $xy > -21$ গ $xy < 3$ ঘ $-x > 2y$

Hints : এখানে,

x-এর মান হতে পারে : 8 9 10 11 12 13 14...

y-এর মান হতে পারে : -2 -1 0 1 2 3 4...

(ক) $x = 14, y = -2$ হলে $xy = -28$

$\therefore$ $xy > 7$ সত্য নয়

(খ) একই ভাবে $xy > -21$ সত্য নয়।

(গ) যখন $x = 14, y = 1$ তখন $xy = 14$

$\therefore$ $x < 3$ সত্য নয়।

(ঘ) যখন $x = 8, y = 1$ তখন $-x = -8, 2y = 2$

$\therefore$ $-x > 2y$ সত্য নয়।

সুতরাং সঠিক উত্তর নেই।

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (PSC)-এর সহকারী পরিচালক২০০৬ উত্তর : অপশনে সঠিক উত্তর নেই

০৪. যদি $x > 2$ এবং $y > -1$ হয়, তবে কোনটি সঠিক?

ক $xy > -2$ খ $-x < 2y$ গ $xy < -2$ ঘ $-x > 2y$

Hints : x এর মান ২ এর চেয়ে বড় অর্থাৎ 3, 4, 5, 6, 7

y এর মান -1 এর চেয়ে বড় অর্থাৎ $-0.5, 1, 2, 3$

(ক) $x = 6$ এবং $y = -0.5$ হলে $xy = -3$

$\therefore xy > -2$ সত্য নয়

(খ) $-x = -3$ এবং $y = -0.5$ হলে

$\therefore -x < 2y$ সঠিক।

পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অধীন রিসার্চ অফিসার ২০০৬ উত্তর : খ

০৫. যদি $xyz < 0$ এবং $z < 0$ হয়, তবে নিচের কোনটি অবশ্যই সঠিক হবে?

ক $xy > 0$ খ $xy < 0$ গ $xy < z$ ঘ কোনোটিই নয়

Hints : $xyz<0$ বলতে বোঝায় যে x, y ও z-এর গুণফল xyz ঋণাত্মক। যেহেতু $z<0$ অর্থাৎ z ঋণাত্মক কাজেই xy ও z এর গুণফল xyz-কে ঋণাত্মক হওয়ার জন্য xy-কে ঋণাত্মক হতে হবে। [যেহেতু $(+).(-) = (-)$]। অর্থাৎ $xy<0$ হবে।

খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক/উপ-খাদ্য পরিদর্শক/ উচ্চমান সহকারী/অডিটর/ সুপারভাইজার ২০০৯ উত্তর : ক

০৬. $(x-2)(x-3) < 0$-এর সমাধান সেট কত?

ক $x > 2$ খ $x < 3$ গ $2 < x < 3$ ঘ কোনোটিই নয়

০৭. $x^2 + x - 2 > 0$ অসমতাটির সমাধান করুন।

ক $[-2, 1]$ খ $(-2, 1)$ গ $(-\infty, -2) \cup (1, \infty)$ ঘ $(-2, \infty)$

Hints : $x^2 + x - 2 > 0$

বা, $x^2 + 2x - x - 2 > 0$

বা, $x(x+2) - 1(x+2) > 0$

বা, $(x+2)(x-1) > 0$ ..... (i)

(i) সত্য হবে যদি ও কেবল যদি $(x+2)$ ও $(x-1)$-এর উভয়ই ধনাত্মক বা উভয়ই ঋণাত্মক হয়।

লক্ষ্য করি,

যখন	$(x+2)$ এর চিহ্ন	$(x-1)$ এর চিহ্ন	$(x+2)(x-1)$ এর চিহ্ন
$x < -2$	(–)	(–)	(+)
$-2 < x < 1$	(+)	(–)	(–)
$x > 1$	(+)	(+)	(+)

$\therefore$ (i) সত্য হবে যদি ও কেবল যদি $x < -2$ এবং $x > 1$ হয়।

$\therefore$ নির্ণেয় সমাধান : $(-\infty, -2) \cup (1, \infty)$

সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার (ATEO) ২০১০ উত্তর : গ

মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের অধীন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ২০০৭; অর্থ মন্ত্রণালয়ের অধীনে সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক ২০০৭; সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা ২০০৭; জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী পরিচালক ২০০৬ উত্তর : গ

০৮. If $b < 2$ and $2x - 3b = 0$, which of the following must be true?

ক $X > -3$ খ $X < 2$ গ $X = 3$ ঘ $X < 3$ ঙ None of them

Pubali Bank Ltd. Junior Officer (Cash) 2011
উত্তর : ঘ

Hints : *When* $b = 2, x = 3$

$b = 1, x = \frac{3}{2}$

$b = 0, x = 0$

$b = -1, x = -\frac{3}{2}$

$b = -2, x = -3$

$\therefore$ *If* $b < 2$ *then* $x < 3$

০৯. $x^2 - 3x - 10 > 0$ অসমতাটির সমাধান করুন।

ক $(-\infty, -1) \cup (4, +\infty)$ খ $(-\infty, -2) \cup (5, +\infty)$

গ $(-\infty, -2) \cup (5, +\infty)$ ঘ $(-\infty, -2) \cup (5, +\infty)$

শ্রম অধিদপ্তরের দ্বিতীয় শ্রেণীভুক্ত শ্রম কর্মকর্তা এবং জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা ২০০৪
উত্তর : গ

১০. $x^2 - 5x + 6 > 0$ অসমতাটির সমাধান করুন।

ক $\{2, 3\}$ খ $(2, 3)$ গ $(-\infty, \infty)$ ঘ $(-\infty, 2) \cup (3, +\infty)$

Hints : $x^2 - 5x + 6 > 0$

$\Rightarrow x^2 - 2x - 3x + 6 > 0$

$\Rightarrow x(x-2) - 3(x-2) > 0$

$\Rightarrow (x-2)(x-3) > 0$ ..... *(i)*

এখন $(x-2)(x-3) > 0$ *হবে যদি এবং কেবল যদি* $(x-2)$ *ও* $(x-3)$*-এর উভয়ই ধনাত্মক অথবা উভয়ই ঋণাত্মক হয়।*

লক্ষ্য করি :

যখন	*(x+2)-এর চিহ্ন*	*(x–1)-এর চিহ্ন*	*(x–2)(x–1)-এর চিহ্ন*
$x < -2$	(–)	(–)	(+) *(গ্রহণযোগ্য)*
$-2 < x < 1$	(+)	(–)	(–)
$x > 1$	(+)	(+)	(+) *(গ্রহণযোগ্য)*

সুতরাং (i) সত্য হবে যদি ও কেবল যদি $x < 2$ *অথবা* $x > 3$ *হয়।*

$\therefore$ *নির্ণেয় সমাধান :* $x < 2$ *অথবা* $x > 3$.

$\therefore$ *সমাধান সেট :* $(-\infty, 2) \cup (3, +\infty)$

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তরের শহর সমাজসেবা অফিসার কারিগরি শিক্ষা জুনিয়র ইনস্ট্রাক্টর ২০০৫; জাতীয় সংসদে প্রশাসনিক কর্মকর্তা ও প্রটোকল অফিসার ২০০৬
উত্তর : ঘ

১১. a-এর কোন মানের জন্য $a^2 + 1 < 2a + 4$ হবে?

ক $a < -1$ খ $a < 3$ গ $a = 3$ ঘ $a = 0$

Hints : $a^2 + 1 < 2a + 4$

বা, $a^2 - 2a - 3 < 0$

বা, $(a-3)(a+1) < 0$ ... ... *(i)*

এখন, $(a-3)$ *ও* $(a+1)$*এর মধ্যে যে কোনো একটি ধনাত্মক ও অপরটি ঋণাত্মক হলে অসমতা (i) সত্য হবে এবং তখন অসমতা (i) এর সমাধান হবে,* $-1 < a < 3$*। অর্থাৎ, a-এর মান –1 অপেক্ষা বেশি এবং 3 অপেক্ষা কম হলে প্রদত্ত অসমতাটি সিদ্ধ হবে।*

যোগাযোগ মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা ২০০৬
উত্তর : খ

১২. If $4x - 7 < 2x + 13$, then which of the following must be true?

ক $x < 7$ খ $x < 13$ গ $x > 9$ ঘ None of these

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)-এর কর্মকর্তা ২০০৪
উত্তর : ঘ

১৩. $2x - 7 < 8 < 3x - 11$ হলে x-এর মান পূর্ণ সংখ্যায় কত?

ক 6 খ 8 গ 7 ঘ 9

জাতীয় সংসদে সচিবালয়ে সহকারী গবেষণা অফিসার ২০০৫
উত্তর : গ

১৪. সমাধান করুন ও সমাধান সেটটিকে সংখ্যারেখায় দেখান : $3x-2>2x-1$.

ক $S=\{x:x>1)$ খ $S=\{x:x>3\}$ গ $S=\{x:x<1\}$ ঘ $S=\{x:x<2\}$

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা পরিদপ্তরের উপসহকারী ২০০৫
উত্তর : ক

১৫. Where does p lie if $p^2<p$?

ক Between –1 and 0
খ Between – 1 and 1
গ Between 0 and 1 +
ঘ It is always less than 0
ঙ It is always greater than 1

Bangladesh Bank Asst. Director 2010
উত্তর : ঙ

১৬. যদি ৬ – 8x ≤১৪ হয়, তাহলে x এর মান কত?

ক $x\le ২$ খ $x\ge ২$ গ $x\le -২$ ঘ $x\ge -২$

Hints : $৬-8x\le ১৪$
বা, $৬-8x-১৪\le ০$
বা, $-8x-৮\le ০$
বা, $-x-২\le ০$
বা, $x+২\ge ০$ [উভয় পক্ষকে –1 দ্বারা গুণ করে]
$\therefore x\ge -২$

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (BRDB)-এর উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০০৯
উত্তর : ঘ

১৭. $|2x-3|<7$-এর সমাধান কত?

ক $2<x<5$ খ $-2<x<5$ গ $3<x<5$ ঘ $1<x<5$

Hints : ধনাত্মক ধরে, $2x-3<7$
$\Rightarrow 2x-3+3<7+3$
$\Rightarrow 2x<10$
$\Rightarrow \frac{2x}{2}<\frac{10}{2}$
$\therefore x<5$
আবার ঋণাত্মক ধরে, $-(2x-3)<7$
$\Rightarrow 2x-3>-7$
$\Rightarrow 2x-3+3>-7+3$
$\Rightarrow 2x>-4$
$\Rightarrow x>-2$
$\therefore$ নির্ণেয় সমাধান, $S=\{x\in R:-2<x<5\}$

সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার (ATEO) ২০১০
উত্তর : খ

১৮. $|x-2|<1$ অসমতাটির সমাধান করুন।

ক $\{x \mid 1<x<3\}$
খ $\{x \mid -1<x<2\}$
গ $\{x \mid 2<x<3\}$
ঘ $\{x \mid 0<x<2\}$

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের মেডিক্যাল অফিসার ২০০৫; কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীন কারিগরি শিক্ষা জুনিয়র ইনস্ট্রাক্টর ২০০৫
উত্তর : ক

১৯. সমাধান করুন :

$|x+3|<5$

ক $S=\{x\in IR:-8<x<2\}$
খ $S=\{x\in IR:-5<x<3\}$
গ $S=\{x\in IR:-3<x<3\}$
ঘ $S=\{x\in IR:-5<x<5\}$

Hints : ধনাত্মক ধরে, $(x+3)<5$
$\Rightarrow x+3-3<5-3$
$\therefore x<2$
ঋণাত্মক ধরে, $-(x+3)<5$
$\Rightarrow x+3>-5$
$\Rightarrow x+3-3>-5-3$
$\therefore x>-8$
$\therefore$ নির্ণেয় সমাধান, $S=\{x\in R:-8<x<2\}$

বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন আমদানি-রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার ২০০৭; কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে কারিগরি শিক্ষা জুনিয়র ইনস্ট্রাক্টর ২০০৫
উত্তর : ক

২০. $\frac{1}{|x-1|}<2$ অসমতাটির সমাধান করুন।

ক $\left(-\infty,\frac{1}{2}\right)\cup\left(\frac{3}{2},+\infty\right)$ খ $\left(\frac{1}{2},\frac{3}{2}\right)$ গ $(-\infty,1)\cup(3,+\infty)$ ঘ $(-\infty,2)\cup\left(\frac{5}{2},+\infty\right)$

Hints : $\frac{1}{|x-1|}<2$

ধনাত্মক ধরে, $\frac{1}{x-1}<2$

বা, $x-1>\frac{1}{2}$

$\therefore\ x>\frac{3}{2}$

ঋণাত্মক ধরে, $\frac{1}{-(x-1)}<2$

বা, $x-1>-\frac{1}{2}$

$\therefore\ x>\frac{1}{2}$

$\therefore$ নির্ণেয় সমাধান : $\left(-\infty,\frac{1}{2}\right)\cup\left(\frac{3}{2},+\infty\right)$

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তরের শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল) ২০০৭; আবহাওয়া অধিদপ্তরের অধীন সহকারী আবহাওয়াবিদ ২০০৪
উত্তর : ক

২১. পরমমান চিহ্ন ব্যবহার করে নিম্নের অসমতাটিকে প্রকাশ করুন :

$-3<x<2$

ক $|x+1|<5$ খ $|x-1|<5$ গ $|2x-1|<5$ ঘ $|2x+1|<5$

Hints : $-3<x<2$

$\frac{-3+2}{2}=-\frac{1}{2}$

প্রদত্ত অসমতার প্রত্যেক পক্ষ থেকে $\frac{1}{2}$ বিয়োগ করি :

$-3-\left(\frac{-1}{2}\right)<x-\left(-\frac{1}{2}\right)<2-\left(-\frac{1}{2}\right)$

$\Rightarrow -3+\frac{1}{2}<x+\frac{1}{2}<2+\frac{1}{2}$

$\Rightarrow -\frac{5}{2}<\frac{2x+1}{2}<\frac{5}{2}$

$\Rightarrow -5<2x+1<5$ [2 দ্বারা প্রত্যেক পক্ষকে গুণ]

$\Rightarrow |2x+1|<5$

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তরের শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল) ২০০৭
উত্তর : ঘ

২২. যদি $a<b$, তাহলে নিচের কোন সংখ্যাটি a-এর চেয়ে বড় কিন্তু b-এর চেয়ে ছোট হবে?

ক $(a+b)/2$ খ $ab/2$ গ $b-a$ ঘ ab

Hints : দুইটি সংখ্যার গড় সর্বদা ক্ষুদ্রতর সংখ্যা অপেক্ষা বড় কিন্তু বৃহত্তর সংখ্যা অপেক্ষা ছোট হয়। এখানে a ও b এর গড় হচ্ছে $\frac{a+b}{2}$, যা a অপেক্ষা বড় কিন্তু b অপেক্ষা ছোট।

খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক/উপ-খাদ্য পরিদর্শক/ উচ্চমান সহকারী/অডিটর/ সুপারভাইজার ২০০৯
উত্তর : ক

২৩. দেয়া আছে $y=\frac{k}{x}$, $1\le x\le 10$; y-এর সর্বনিম্ন মান যদি 5 হয়, তবে k এবং y-এর সর্বোচ্চ মান কত?

ক $k=5; y=5$ খ $k=5; y=50$ গ $k=50; y=50$ ঘ $k=50; y=10$

জাতীয় সংসদ সচিবালয়ে সহকারী গবেষণা অফিসার ২০০৫
উত্তর : খ

অধ্যায় ১৩

বিন্যাস ও সমাবেশ

PERMUTATION & COMBINATION

গৌণিক (Factorial)

যে কোনো ধনাত্মক পূর্ণসংখ্যা n থেকে 1 পর্যন্ত মানের অধঃক্রম অনুসারে সাজানো সব পূর্ণসংখ্যার গুণফলকে তার n গৌণিক বলা হয়। সাংকেতিকভাবে n! বা $\lfloor n$ লেখা হয়।

$\therefore n! = n(n-1)(n-2)(n-3) \ldots\ldots\ldots 3.2.1$

বিন্যাস (Permutation)

নির্দিষ্ট সংখ্যক বস্তু থেকে একটি নির্দিষ্ট সংখ্যক বস্তু নিয়ে কতভাবে সাজানো যায় তার প্রকাশকেই বিন্যাস বলে।

সমাবেশ (Combination)

কোনো নির্দিষ্ট সংখ্যক পৃথক বস্তু থেকে একত্রে নির্দিষ্ট সংখ্যক পৃথক বস্তু নিয়ে কতভাবে বাছাই করা যায় তাকে সমাবেশ বলে।

বিন্যাস ও সমাবেশের উদাহরণ :

ধরি, a, b, c তিনটি পৃথক বস্তু। তিনটি পৃথক বস্তু থেকে ২টি বস্তু নিয়ে তাদের সাজানো যাবে–

ab, ba, ac, ca, bc, cb → বিন্যাস সংখ্যা = 6

ab, ac, bc, বা, ba, ca, cb → সমাবেশ সংখ্যা = 3

Working Tools

বিন্যাস ও সমাবেশের সূত্র

⊙ n সংখ্যক পৃথক বস্তু থেকে r সংখ্যক বস্তুকে যতভাবে সাজানো যাবে,

তার সূত্র $^nP_r = \frac{n!}{(n-r)!}$

⊙ n সংখ্যক পৃথক বস্তু থেকে r সংখ্যক পৃথক বস্তুকে যতভাবে বাছাই করা যাবে,

তার সূত্র $^nC_r = \frac{n!}{r!(n-r)!}$

⊙ n সংখ্যক একই বস্তু থেকে p, q ও r সংখ্যক বস্তুকে সাজানো যাবে।

সূত্র $\frac{n!}{p!q!r!}$

Question Bank as Self Test

০১. 14 জন খেলোয়াড়ের মধ্য থেকে নির্দিষ্ট একজন অধিনায়কসহ 11 জনের একটি ক্রিকেট দল কতভাবে বাছাই করা যাবে? ৩৫তম বিসিএস

ক 728 খ 364 গ 286 ঘ 1001

উত্তর : গ

Hints : *11 জনের ক্রিকেট দল গঠন করা যাবে* $= {}^{1}C_1 \times {}^{13}C_{10} = \frac{13\times12\times11\times10!}{10\times3!} = 286$ ।

০২. CALCUTTA শব্দটির বর্ণগুলোকে একত্রে নিয়ে বিন্যাস সংখ্যা AMERICA শব্দটির বর্ণগুলো একত্রে নিয়ে বিন্যাস সংখ্যার কত গুণ? ৩৫তম বিসিএস

ক 2 খ 4 গ 3 ঘ 5

উত্তর : ক

Hints : *CALCUTTA শব্দটিতে মোট অক্ষর 8টি, যার মধ্যে 2টি C, 2টি A এবং 2টি T ।*

সুতরাং মোট বিন্যাস সংখ্যা $= \frac{8!}{2!2!2!} = 7!$

আবার, AMERICA শব্দটিতে মোট অক্ষর 7টি, যার মধ্যে 2টি A ।

সুতরাং মোট বিন্যাস সংখ্যা $= \frac{7!}{2!} = \frac{7!}{2}$

অতএব প্রথম শব্দটি দ্বিতীয়টির বিন্যাস সংখ্যা থেকে বেশি $= \frac{7!}{\frac{7!}{2}} = 2$ *গুণ ।*

০৩. A, B, C বর্ণের 3টি করে বর্ণ নিয়ে কত প্রকারে বিন্যাস করা যায়? বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক ২০১৪

ক 3 উপায়ে খ 4 উপায়ে গ 5 উপায়ে ঘ 6 উপায়ে

উত্তর : ঘ

Hints : *A, B, C বর্ণের 3টি করে বর্ণ নিয়ে বিন্যাস করা যায় 3! উপায়ে বা 6 উপায়ে ।*

০৪. In how many ways can the letters of the word 'APPLE' be arranged? পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিসটেন্ট ম্যানেজার ২০১৪

ক 720 খ 120 গ 60 ঘ 180

উত্তর : ঘ

Hints : $APPLE = \frac{\lfloor 5}{\lfloor 2} = \frac{120}{2} = 60$

০৫. ${}^{n}P_r =$ কত? স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন সহকারী পরিচালক (মাদক) ও কারা তত্ত্বাবধায়ক ২০০৬; পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অধীন রিসার্চ অফিসার ২০০৬

ক $\frac{\lfloor n}{\lfloor n-r}$ খ $\frac{\lfloor n}{\lfloor r \lfloor n-r}$ গ $\frac{\lfloor n}{\lfloor r}$ ঘ $\frac{\lfloor n-r}{\lfloor r}$

উত্তর : ক

Hints : *এটি বিন্যাসের সূত্র ।*

০৬. $\lfloor r \, {}^{n}p_r = ?$ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ ২০০৭; বাংলাদেশ সরকারি কর্ম কমিশন-এর সহকারী পরিচালক ২০০৬

ক $\frac{\lfloor n}{\lfloor n-r}$ খ $\frac{\lfloor n}{\lfloor r \lfloor n-r}$ গ $\frac{\lfloor r \lfloor n}{\lfloor n-r}$ ঘ $\frac{\lfloor n-r}{r}$

উত্তর : গ

Hints : $= \frac{\lfloor r \lfloor n}{\lfloor n-r}$ | *সূত্র :* ${}^{n}p_r = \frac{\lfloor n}{\lfloor n-r}$

০৭. ${}^{n}C_r =$ কত? সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তরের উপজেলা সমাজসেবা অফিসার ২০০৬

ক $\frac{n!}{(n-r)!r!}$ খ $\frac{{}^{n}P_r}{(r-1)!}$ গ $(r-1)!\,{}^{n}P_r$ ঘ $\frac{n!}{(n-r)!}$

উত্তর : ক

Hints : *এটি সমাবেশের সূত্র ।*

০৮. ${}^{2n}C_r = {}^{2n}C_{r+2}$ হলে r-এর মান কত?

ক $2n-1$ খ n গ $n+1$ ঘ $n-1$

Hints : ${}^{2n}C_r = {}^{2n}C_{r+2}$

$\Rightarrow \frac{2n!}{r!(2n-r)!} = \frac{2n!}{(r+2)!(2n-r-2)!}$

$\Rightarrow \frac{1}{r!(2n-r)(2n-r-1)(2n-r-2)!} = \frac{1}{(r+2)(r+1)r!(2n-r-2)!}$

$\Rightarrow \frac{1}{(2n-r)(2n-r-1)} = \frac{1}{(r+2)(r+1)}$

$\Rightarrow r^2+2r+r+2 = 4n^2-2nr-2nr+r^2-2n+r$

$\Rightarrow 2r+4nr = 4n^2-2n-2$

$\Rightarrow r(2n+1) = 2n^2-n-1$

$\Rightarrow r(2n+1) = 2n^2-2n+n-1$

$\Rightarrow r(2n+1) = 2n(n-1)+1(n-1)$

$\Rightarrow r(2n+1) = (2n+1)(n-1)$

$\therefore r = n-1$

০৯. ${}^nC_7 = {}^nC_5$ হলে, n = কত?

ক 16 খ 13 গ 12 ঘ 11

Hints : ${}^nC_7 = {}^nC_5$

বা, $\frac{n}{7!(n-7)!} = \frac{n}{5!(n-5)!}$

বা, $\frac{1}{7!(n-7)!} = \frac{1}{5!(n-5)!}$

বা, $\frac{1}{7.6.5!(n-7)!} = \frac{1}{5!(n-5)(n-6)(n-7)!}$

বা, $\frac{1}{42} = \frac{1}{(n-5)(n-6)}$

বা, $n^2-5n-6n+30 = 42$

বা, $n^2-11n-12 = 0$

বা, $n^2-12n+n-12 = 0$

বা, $n(n-12)+1(n-12) = 0$

বা, $(n-12)(n+1) = 0$

$\therefore n = 12, -1$

যেহেতু, n ঋণাত্মক হতে পারে না $\therefore n = 12$ ।

১০. SCIENCE শব্দটির স্বরবর্ণগুলোকে একত্রে রেখে সব কয়টি বর্ণকে সম্ভাব্য যত উপায়ে সাজানো যায় তার সংখ্যা হচ্ছে—

ক ৬০ বার খ ১২০ বার গ ১৮০ বার ঘ ৪২০ বার

Hints : SCIENCE শব্দটিতে বর্ণ সংখ্যা = ৭টি

স্বরবর্ণ ৩টিকে ১টি ধরলে বর্ণ সংখ্যা = ৫টি যার মধ্যে ২টি C

$\therefore$ বর্ণগুলোর বিন্যাস সংখ্যা $= \frac{৫!}{২!} = ৬০$

আবার স্বরবর্ণগুলো নিজেদের মধ্যে বিন্যাস গঠন করে $\frac{৩!}{২!}$ বা, ৩ প্রকারে

$\therefore$ মোট বিন্যাস সংখ্যা = ৬০ × ৩ = ১৮০

১১. In how many ways can the letters of the word 'ARRANGE' be arranged in which the two Rs and two As come together?

ক 360 খ 120 গ 95 ঘ 75 ঙ 150

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক ২০০৭; পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অধীন পরিবেশ অধিদপ্তরের সহ-পরিচালক (কারিগরী), সহ-পরিচালক (প্রশাসন) ও রিসার্চ অফিসার ২০০৭
উত্তর : ঘ

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা ২০০৬
উত্তর : গ

উপজেলা/থানা শিক্ষা অফিসার ২০০৪
উত্তর : গ

Bangladesh Bank Asst. Director 2011
উত্তর : খ

Hints : *'ARRANGE' word has 7 alphabet.*

Considering two Rs and two As as single R and single A the word has 5 alphabet. Which can be arranged in $\lfloor 5$ *or 120 ways.*

১২. AMERICA শব্দটির বর্ণগুলো থেকে প্রতিবারে ৩টি বর্ণ নিয়ে গঠিত ভিন্ন ভিন্ন শব্দ সংখ্যা কত হবে?

ক ১৩০ খ ১৩৫ গ ১৪০ ঘ ১৪৫

উপজেলা/থানা শিক্ষা অফিসার ১৯৯৯
উত্তর : খ

১৩. Mathematics শব্দটির অক্ষরগুলো কত প্রকারে সাজানো যায়?

ক 4989600 খ 4960089 গ 6004989 ঘ 8949600

সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৯
উত্তর : ক

১০. একজন পরীক্ষার্থী তিন পত্রের একটি পরীক্ষা দিচ্ছে। প্রত্যেক পত্রের পূর্ণ নম্বর ১০০ হলে, সে তিনটি পত্রে কত উপায়ে ২০০ পেতে পারে?

ক ৫০০ খ ৫১০০ গ ৫১৫১ ঘ ৬২৫

উপজেলা/থানা শিক্ষা অফিসার ১৯৯৯
উত্তর : গ

১১. On a certain test, a student must select 3 out of 6 questions to answer. What is the total number of different combinations of 3 questions that the student can select?

ক 10 খ 12 গ 15 ঘ 18 ঙ 20

Southeast Bank Ltd Probationary Officer 2011
উত্তর : ঘ

১২. From a group of 7 men and 6 women, five persons are to be selected to form a committee so that at least 3 men are there on the committee. In how many ways can it be done?

ক 564 খ 645 গ 735 ঘ 756 ঙ 749

Hints : *Men = 7 and Women = 6*

3 men and 2 women can be selected $= 7C_3 \times 6C_2 = 525$

4 men and 1 women can be selected $= 7c_4 \times 6c_1 = 210$

5 men can be selected $= 7c_5 = 21$

$\therefore$ *Total* $= 525 + 210 + 21 = 756$

Bangladesh Bank Asst. Director 2011
উত্তর : ঘ

অধ্যায় ১৪

সেট

SET

সেট (Set)

বাস্তব জগতের বা চিন্তা জগতের বস্তুর যে কোনো সুনির্ধারিত সংগ্রহকেই সেট বলা হয়। সেটের সদস্য সব একজাতীয় হবে এমন কোনো শর্ত নেই। যেমন : $A = \{\pi, 1, 2, 3, e, 5, \theta\}$।

একটি (সুনির্ধারিত) সেট, যার সদস্য হচ্ছে দুটি সংখ্যা 1 ও 3 এবং তিন ভাষার তিনটি অক্ষর গ, e ও θ।

সেটের সদস্যকে সেটের উপাদান (element) বলা হয়। $x \in A$ এর অর্থ x সেটের উপাদান। $x \notin A$ এর অর্থ x, A সেটের উপাদান নয়। যেমন, A যদি সকল যুগ্মসংখ্যার সেট হয়, তবে $2 \in A$ এবং $3 \in A$. [N দ্বারা সর্বদা স্বাভাবিক সংখ্যার সেট সূচিত হবে। অর্থাৎ—

$N = \{1, 2, 3, 4, 5 .....\}$।

$\in$ প্রতীকটি গ্রিক অক্ষর epsilon হতে উদ্ভূত। গ্রিক ভাষায় 'belongs to' কথার প্রথম অক্ষর epsilon বাংলায় $x \in A$ কে x আছে A-তে এবং $x \in A$ কে x নেই A-তে পড়া যায়।

সেট লেখার নিয়ম

সেটের নাম সর্বদা বড় হাতের অক্ষর হতে হবে। উপাদানগুলো ছোট হাতের এবং প্রতিটি উপাদান কমা (,) দিয়ে পৃথক করে দ্বিতীয় বন্ধনী দ্বারা আবদ্ধ করা হয়।

বিভিন্ন প্রকার সেট (Different Types of Sets)

১. **সান্ত সেট (Finite Set), অনন্ত বা অসীম সেট (Infinite Set)**

যে সেটের উপাদানের সংখ্যা নির্দিষ্ট থাকে তাকে সান্ত সেট বলা হয়। যেমন– {1, 2, 3, 4, 5} ; {x : x হলো বাংলাদেশের লোকসংখ্যা} ইত্যাদি সান্ত সেট।

অন্যদিকে, যে সেটের উপাদান সংখ্যা অনির্দিষ্ট বা অসীম থাকে তাকে অনন্ত সেট বলে।

যেমন– {2, 4, 6, 8....}; {x : x হলো বাস্তব সংখ্যা}. ইত্যাদি অনন্ত সেট।

২. **সমান ও সমতুল সেট (Equivalent Set)**

দুটি সেটের সদস্যের মধ্যে যদি এক এক মিল করা যায় তবে সেট দুটি পরস্পর সমতুল বলা যাবে। যেমন : A = {কাগজ, কলম, কালি} ও B = {গোলাপ, জবা, শাপলা}। এক্ষেত্রে সেট দুটির মধ্যে এক-এক মিল করা যাবে। অর্থাৎ সমতুল প্রকাশে $A \sim B$ লেখা যাবে। আবার যেসব সেটের সদস্য সংখ্যা সমান ও তারা একই, তাদেরকে সমান সেট বলে। যদি $A \supseteq B$ এবং $B \supseteq A$ হয়, তবে $A = B$।

৩. **ফাঁকা সেট (Null Set)**

যে সেটের কোনো উপাদান নেই তাকে ফাঁকা সেট বলা হয়। ফাঁকা সেটকে $\varnothing$ প্রতীক দ্বারা সূচিত করা হয়।

৪. নিশ্ছেদ সেট (Disjoint Set)

দুটি সেটে কোনো সাধারণ উপাদান না থাকলে তাদেরকে পরস্পরের নিশ্ছেদ সেট বলা হয়। যেমন : সেট A = {1, 2, 3, 4} এবং সেট B = {6, 7, 8}.

৫. শূন্য সেট (Zero Set)

0 (শূন্য) সদস্যবিশিষ্ট সেটকে শূন্য সেট বলে। যেমন– {0}। মনে রাখতে হবে যে, ফাঁকা সেট ও শূন্য সেট এক নয়। শূন্য সেটে একটি সদস্য রয়েছে। সেটি হচ্ছে 0 (শূন্য)।

৬. উপসেট (Sub Set)

কোনো সেটের অন্তর্ভুক্ত সেটকে উক্ত সেটের উপসেট বলে। উদাহরণস্বরূপ, প্রাণীর মধ্যে গৃহপালিত পশু ও বন্যপশু রয়েছে। গৃহপালিত পশুর সেট ও বন্যপশু এরা প্রত্যেকেই প্রাণী সেটের একেকটি উপসেট।

৮. সার্বিক সেট (Universal Set)

কয়েকটি সেটের মধ্যে সম্পর্ক নিয়ে আলোচনা করলে আলোচনাধীন সব সেট যে বৃহৎ সেটের অন্তর্ভুক্ত তাকে সার্বিক সেট বলে। যেমন– প্রাণী = {গরু, ছাগল, মহিষ}।

Working Tools

সেট সংক্রান্ত কতিপয় প্রতিজ্ঞা

১. সার্বিক সেট U-এর তিনটি উপসেট A, B, C হলে,

(i) $A \cup A = A$ (ii) $A \cap A = A$ (iii) $A \cup \varnothing = A$

(iv) $A \cap U = A$ (v) $A \cap \varnothing = \varnothing$.

২. যে কোনো দুটি সেট A, B হলে,

(ক) $A \cup B = B \cup A$; (খ) $A \cap B = B \cap A$.

৩. যে কোনো তিনটি সেট A, B, C হলে,

(ক) $A \cup (B \cup C) = (A \cup B) \cup C$

(খ) $A \cap (B \cap C) = (A \cap B) \cap C$

৪. A, B, C তিনটি সেট হলে,

(ক) $A \cup (B \cap C) = (A \cup B) \cap (A \cup C)$

(খ) $A \cap (B \cup C) = (A \cap B) \cup (A \cap C)$

৫. সার্বিক সেট U-এর যে কোনো দুটি উপসেট A ও B-এর জন্য

(ক) $(A \cup B)' = A' \cap B'$ (খ) $(A \cap B)' = A' \cup B'$

৬. সার্বিক সেট U-এর যে কোনো দুটি উপসেট A ও B-এর জন্য $A - B = A \cap B'$.

সান্ত সেটের উপাদানের সংখ্যা সম্পর্কিত সূত্রাবলী

সূত্র-1 : A এবং B দুটি সান্ত সেট হলে, $n(A \cup B) = n(A) + n(B) - n(A \cap B)$

সূত্র 2 : A, B এবং C সেট তিনটি সান্ত হলে, $n(A \cup B \cup C)$

$= \{n(A) + n(B) + n(C) + n(A \cap B \cap C)\} - \{n(A \cap B) + n(B \cap C) + n(C \cap A)\}$.

SET

৯. সেটের সেট (Set of Sets)

কোনো সেটের সদস্যবৃন্দ দ্বারা অন্য কতগুলো সেট হলে প্রথমোক্ত সেটকে সেটের সেট বলা হয়।

উদাহরণ : $A = \{(1,2), (3,4,5), (a,b), (x,y,z)\}$

এখানে A সেটের চারটি সদস্য প্রত্যেকেই আবার একটি সেট। সুতরাং A সেটটিকে সেটের সেট বলা হয়।

১০. পাওয়ার সেট (Power Set)

কোনো A সেটের সবগুলো উপসেটকে সদস্য নিয়ে উৎপন্ন সেটকে A সেটের পাওয়ার সেট বলা হয় এবং 2^A বা P(A) প্রতীক দ্বারা সূচিত করা হয়।

উদাহরণ : $A = \{1, 2, 3\}$ হলে A-এর উপসেটগুলো $\{1,2,3\}, \{1,2\}, \{2,3\}, \{3,1\}, \{1\}, \{2\}, \{3\}, \varnothing$

$\therefore 2^A = \{(1, 2, 3), (1, 2), (2, 3), (3, 1), (1), (2), (3), \varnothing\}$

১১. সংযোগ সেট (Set Union)

দুটি সেটের সব সদস্য নিয়ে গঠিত সেটকে তাদের সংযোগ সেট বলে। যদি A ও B দুটি সেট হয়, তবে বলা যায় $A \cup B = \{x : x \in A \cup B$ এবং $x \in A, x \in B\}$।

১২. ছেদ সেট (Set Intersection)

দুটি সেটের সাধারণ সদস্য নিয়ে গঠিত সেটকে তাদের ছেদ সেট বলে। যদি A ও B দুটি সেট হয় তবে বলা যায়, $A \cap B = \{x : x \in A$ এবং $x \in B\}$।

১৩. বিযুক্ত সেট (Disjoint Set)

দুটি সেটের মধ্যে যদি কোনো সাধারণ সদস্য না থাকে তবে তাদেরকে পরস্পর বিযুক্ত সেট বলে। যেমন– $A = \{1,3,5\}, B = \{2,4,6\}$। এখানে A এবং B পরস্পর বিযুক্ত সেট। বলুন, A এবং B-এর ছেদ সেট কি হবে? নিশ্চয়ই ফাঁকা সেট অর্থাৎ $A \cap B = \varnothing$

কার্তেসীয় গুণজ (Cartesian product) :

একজোড়া উপাদানের একটিকে নির্দিষ্টভাবে প্রথম ও অপরটিকে দ্বিতীয় উপাদান হিসেবে চিহ্নিত করা হলে তাদের একত্রে ক্রমজোড় বলে। দুটি সেটের সদস্য নিয়ে গঠিত সম্ভাব্য সকল ক্রমজোড়ের সেটকে উক্ত সেট দুটির গুণফলের সেট বা কার্তেসীয় গুণজ সেট বলে। যেমন— $A = \{1, 2, 3\}$ ও $B = \{a, b\}$ হলে, $A \times B = \{(1, a), (1, b), (2, a), (2, b), (3, a), (3, b)\}$

Question Bank as Self Test

০১. 50 জন লোকের মধ্যে 35 জন ইংরেজি, 25 জন ইংরেজি ও বাংলা উভয়ই এবং প্রত্যেকেই দুইটি ভাষার অন্তত একটি ভাষায় কথা বলতে পারেন। বাংলায় কতজন কথা বলতে পারেন?

ক 10 খ 40 গ 15 ঘ 30

Hints : *50 জন লোকের মধ্যে ইংরেজিতে কথা বলে 35 জন।*

∴ শুধু বাংলায় কথা বলে = 50 − 35 = 15

∴ বাংলা ও ইংরেজি উভয় ভাষায় কথা বলে 25 জন।

∴ বাংলায় মোট কথা বলে = 25 + 15 = 40 জন।

৩৫তম বিসিএস
উত্তর : খ

০২. নিচের কোনটি দ্যা মরগানের সূত্র?

ক $A \cup B = B \cup A$ খ $(A \cup B) \cup C = A \cup (B \cup C)$

গ $(A \cap B)' = A' \cup B'$ ঘ $A \cap B' = A - B$

Hints : *সার্বিক সেট U এর যে কোনো উপসেট A ও B এর জন্য–*

i) $(A \cup B)' = A' \cap B'$

ii) $(A \cap B)' = A' \cup B'$

এই প্রতিজ্ঞাকে দ্য মরগ্যানের সূত্র (De Morgans Law) নামে অভিহিত করা হয়।

বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক ২০১৪
উত্তর : গ

০৩. A = {x : x জোড় মৌলিক সংখ্যা}, তালিকা পদ্ধতিতে কি হবে?

ক {2} খ 2^{-1}

গ (2) ঘ {2}

Hints : মৌলিক সংখ্যাগুলোর মধ্যে একমাত্র জোড় মৌলিক সংখ্যা হলো—2

∴ নির্ণেয় সেট = {2}

১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৪
উত্তর : ঘ

০৪. n উপাদান বিশিষ্ট একটি প্রদত্ত সেটের উপসেটের সংখ্যা কত হবে?

ক n^2 খ n গ 2^n ঘ 2n

Hints : মনে করি, A = {a, b, c}. এক্ষেত্রে {a, b}, {b, c}, {a, c}, {a, b, c}, {a}, {b}, {c}, { } প্রত্যেকেই A সেটের একেকটি উপসেট।

এখানে, উপাদান সংখ্যা 3 এর জন্য 8টি উপসেট বা 2^3 উপসেট পাওয়া যায়।

∴ n উপাদান বিশিষ্ট একটি প্রদত্ত সেটের উপসেটের সংখ্যা 2^n হবে।

বাংলাদেশ টেলিভিশন-এর প্রযোজক ২০০৬
উত্তর : গ

০৫. স্বাভাবিক সংখ্যার সেটের ক্ষুদ্রতম সদস্য হলো–

ক ২ খ ১ গ ৩ ঘ ০

সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার ২০১০
উত্তর : খ

০৬. যদি A এবং B যে কোনো দুটি সেট হয় এবং $A \subset B$ হয়, তাহলে $B^c \cup (B - A)$ = কত?

ক A খ A^c গ B ঘ B^c

Hints : $B^c \cup (B - A)$

$= B^c \cup (B \cap A^c)$ [$\because A - B = A \cap B^c$]

$= (B^c \cup B) \cap (B^c \cup A^c)$ [বণ্টন বিধি]

$= U \cap (B^c \cup A^c)$ [$\because A \cup A^c = U$]

$= B^c \cup A^c$ [$\because U \cap A = A$]

$= (B \cap A)^c$ [দ্য মরগানের উপপাদ্য অনুসারে]

$= (A \cap B)^c$

$= A^c$ [$\because A \subset B$]

পিএসসির সহকারী পরিচালক এবং পাসপোর্ট অ্যান্ড ইমিগ্রেশনে সহকারী পরিচালক ২০০৬
উত্তর : খ

০৭. বাস্তব জগতে বা চিন্তা জগতে বস্তুর যে কোনো সুনির্ধারিত সংগ্রহকে বলে?

ক সংখ্যা খ সেট গ লেখ

স্বাস্থ্য সহকারী পদে নিয়োগ পরীক্ষা ২০০৪
উত্তর : খ

০৮. ৫ উপাদানবিশিষ্ট একটি প্রদত্ত সেটের উপসেটের সংখ্যা হবে—

ক ২০ খ ২৫ গ ২৮ ঘ ৩২

Hints : ৫ উপাদান বিশিষ্ট একটি সেটের উপসেটের সংখ্যা = $২^৫$ = ৩২. [সূত্র = ২^n]

সমাজসেবা অধিদপ্তরের শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল) ২০০৭
উত্তর : ঘ

০৯. কোনো সেটের যতগুলো উপসেট হয় তাদের সেটকে উক্ত সেটের কি বলা হয়?

ক সংযোগ সেট খ ছেদ সেট গ পাওয়ার সেট

স্বাস্থ্য সহকারী পদে নিয়োগ পরীক্ষা ২০০৪
উত্তর : গ

১০. যেসব স্বাভাবিক সংখ্যার সেট 10-এর ছোট সেসব সংখ্যার সেটের প্রতীক কোনটি?

ক $A = \{x \in N : x \leq 10\}$ খ $A = \{x \in N : x < 10\}$

গ $A = \{x \in N : x > 10\}$ ঘ $A = \{x \in N : x = 10\}$

শ্রম মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক পদে নিয়োগ ২০০৫
উত্তর : খ

১১. যদি A এবং B দুটি সেট হয়, তবে—

i. $(A \cup B)^c = A^c \cap B^c$

ii. $(A \cap B)^c = A^c \cup B^c$

উপরিউক্ত সূত্রটি কি নামে পরিচিত?

ক গাউসের সূত্রাবলী খ ইউক্লিডের সূত্রাবলী গ অয়লারের সূত্রাবলী ঘ ডি মরগান সূত্রাবলী

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের মেডিক্যাল অফিসার ২০০৫
উত্তর : ঘ

১২. যদি A = {1, 2, 3} হয়, তবে নিচের সেটটির মান নির্ণয় করুন :

ক) y) | x < y} গ)

ক) {(1,2), (2, 3), (3, 1)} খ) {(2, 3), (3, 2)}

গ) {(1, 2), (1, 3), (2, 3)} ঘ) ∅ (ফাকা সেট)

কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে ইনস্ট্রাক্টর (নন টেক) ২০০৫
উত্তর : গ

১৩. s{x∈N : 23< x < 29 এবং x মৌলিক সংখ্যা} হলে নিচের কোনটি সত্য?

ক) S = {24} খ) S = {25} গ) S = {26} ঘ) S = ϕ

মাধ্যমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০০১
উত্তর : ঘ

১৪. S={n∈R–2 < x ≤ 1} সেটের সংখ্যারেখা নিচের কোনটি?



মাধ্যমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০০১
উত্তর : ক

১৫. সেট A = {x ∈ N : $x^2 > 8, x^3 < 30$} হলে x এর সঠিক মান কোনটি?

ক) 2 খ) 3 গ) 4 ঘ) 5

Hints : $2^2 = 4 < 8; 2^3 = 8 < 30$

$3^2 = 9 > 8;\ 3^3 = 27 < 30$

$4^2 = 16 > 8; 4^3 = 64 > 30$

∴ সঠিক উত্তর 3

৩২তম বিসিএস (বিশেষ)
উত্তর : খ

১৬. যেসব স্বাভাবিক সংখ্যা দ্বারা 346 এবং 556 কে ভাগ করলে প্রতি ক্ষেত্রে 31 অবশিষ্ট থাকে। তাদের সেট নির্ণয় করুন।

ক) {20, 85} খ) {25, 95} গ) {30, 100} ঘ) {35, 105}

Hints : যেসব স্বাভাবিক সংখ্যা দ্বারা 346 এবং 556-কে ভাগ করলে প্রতি ক্ষেত্রে 31 অবশিষ্ট থাকে, সে সংখ্যাগুলো (346 – 31) বা 315 এবং (556 – 31) বা 525-এর সাধারণ গুণনীয়ক।

31 অপেক্ষা বড় 315-এর গুণনীয়কগুলো হলো 35, 45, 63, 105, 315 এবং 31 অপেক্ষা বড় 525-এর গুণনীয়কগুলো হলো 35, 75, 105, 175, 525।

∴ নির্ণেয় সেট {35, 105}

বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন আমদানি-রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার ২০০৭
উত্তর : ঘ

১৭. A ∪ (A ∩ B) = কত?

ক) ø খ) A গ) B ঘ) A ∩ B

Hints : $A \cup (A \cap B) = A$

ধরি, $A = \{1, 2, 3\}, B = \{2, 3, 4\}$

$\therefore A \cap B = \{1, 2, 3\} \cap \{2, 3, 4\} = \{2, 3\}$

$\therefore A \cup (A \cap B) = \{1, 2, 3\} \cup \{2, 3\} = \{1, 2, 3\} = A.$

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তরের শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল) ২০০৭
উত্তর : খ

১৮. যদি n (A ∩ B) = 13, n (A) = 40, n (B) = 64 হয় তাহলে n (A ∪ B)-এর মান নির্ণয় করুন।

ক) 81 খ) 101 গ) 91 ঘ) 93

Hints : Given that, $n(A \cap B) = 13\ n(A) = \{40, n(B) = 64$

$\therefore n(A \cap B) = n(A) + n(B) - (A \cap B)$

$= 40 + 64 - 13$

$= 91$

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা পরিদপ্তরে উপতত্ত্বাবধায়ক ২০০৫
উত্তর : গ

১৯. যদি U = {0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9}, A = {0, 1, 2, 3, 4), B = {2, 3, 4, 5, 6, 7} হয় তাহলে A′ ∩ B′

ক) {7, 8, 9) খ) {0, 8, 9) গ) {8, 9) ঘ) {6, 7, 9)

Hints : Given that, $\cup = \{0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9\}$, $A = \{0, 1, 2, 3, 4\}$
$B = \{2, 3, 4, 5, 6, 7\}$

$A' \cap B'$

$\therefore A = \cup - A \{0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9\} - \{0, 1, 2, 3, 4\}$
$= \{5, 6, 7, 8, 9\}$

$B' = \cup - B = \{0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9\} - \{2, 3, 4, 5, 6, 7\}$
$= \{0, 1, 8, 9\}$

$\therefore A' \cap B' = \{5, 6, 7, 8, 9\} \cap \{0, 1, 8, 9\}$
$= \{8, 9\}$

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা পরিদপ্তরে উপতত্ত্বাবধায়ক ২০০৫
উত্তর : গ

২০. সার্বিক সেট $U = \{1, 2, 3, 4, 5, 6,\}$; $A = \{1, 3, 5\}$, $B = \{3, 5, 6\}$ সেট হলে $A' \cap B'$ কত হবে?

ক $\{1, 2, 4\}$ খ $\{2, 4\}$ গ $\{2, 3, 5\}$ ঘ $\{2, 4, 6\}$

Hints : $U = \{1, 2, 3, 4, 5, 6\}$

$A = \{1, 3, 5\}$

$B = \{3, 5, 6\}$

$\therefore A' = U - A = \{1, 2, 3, 4, 5, 6\} - \{1, 3, 5\}$
$= \{2, 4, 6\}$

$B' = U - B = \{1, 2, 4\}$

$\therefore A' \cap B' = \{2, 4, 6\} \cap \{1, 2, 4\}$
$= \{2, 4\}$

সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৬
উত্তর : খ

২১. যদি A এবং B যে কোনো দুটি সেট হয়, তবে $(A - B) \cap B =$ কত?

ক A খ B গ ϕ ঘ A^C

কারিগরি শিক্ষা জুনিয়র ইনস্ট্রাক্টর ২০০৫
উত্তর : গ

২২. যে কোনো দুইটি সেট A এবং B-এর জন্য দ্য মরগান উপপাদ্যের বর্ণনা দিন।

ক (i) $(A \cup B)^C = A \cap B$; (ii) $(A \cap B)^C = A \cup B$

খ (i) $(A \cup B)^C = A^C \cap B$; (ii) $(A \cap B)^C = A \cup B^C$

গ (i) $(A \cap B)^C = A^C \cap B^C$; (ii) $(A \cup B)^C = A^C \cup B^C$

ঘ (i) $(A \cap B)^C = A^C \cup B^C$; (ii) $(A \cup B)^C = A^C \cap B^C$

শ্রম অধিদপ্তরের দ্বিতীয় শ্রেণীভুক্ত শ্রম কর্মকর্তা এবং জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা ২০০৪
উত্তর : ঘ

২৩. যদি $A = \{1, 2, 3\}$, $B = \{3, 4\}$ এবং $C = \{4, 5, 6\}$ হয়, তবে $(A \times B) \cap (B \times C) =$ কত হবে?

ক $\{(2, 3), (3, 4), (4, 5)\}$ খ $\{(1, 2), (2, 3), (3, 4)\}$

গ $\{(3, 4), (3, 5), (3, 6)\}$ ঘ $\{(1, 4), (2, 4), (3, 4)\}$

Hints : দেয়া আছে,

$A = \{1, 2, 3\}$, $B = \{3, 4\}$, $C = \{4, 5, 6\}$

$A \times B = \{1, 2, 3\} \times \{3, 4\} = \{(1, 3), (1, 4), (2, 3), (2, 4), (3, 3), (3, 4)\}$

$B \times C = \{3, 4\} \times \{4, 5, 6\} = \{3, 4), (3, 5), (3, 6), (4, 4), (4, 5), (4, 6)\}$

$\therefore (A \times B) \cap (B \times C) = \{(1, 3), (1, 4), (2, 3), (2, 4), (3, 3), (3, 4)\} \cap \{(3, 4), (3, 5), (3, 6), (4, 4), (4, 5), (4, 6)\}$

$= \{3, 4\}$,

$\therefore$ অপশনে সঠিক উত্তর নেই।

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তরের শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল) ২০০৭
উত্তর : অপশনে সঠিক উত্তর নেই

২৪. $A = \{x : x$ মৌলিক সংখ্যা এবং $x < 10\}$ হলে নিচের কোনটি সঠিক?

ক $A = \{1, 2, 3, 5, 7\}$ খ $A = \{1, 2, 3, 6, 7\}$ গ $A = \{2, 3, 5, 7\}$ ঘ $A = \{4, 6, 8, 9\}$

৬ষ্ঠ প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১০
উত্তর : গ

Hints : $A = \{x : x$ মৌলিক সংখ্যা এবং $x < 10\}$ অর্থাৎ সহজ ভাষায় একে বলা যায়,
$A = \{x$ এমন যেন x একটি মৌলিক সংখ্যা এবং এর মান ১০ অপেক্ষা কম$\}$
(খ) এবং (ঘ)-এর সবগুলো মৌলিক সংখ্যা নয়। (ক)-এর ক্ষেত্রে যেহেতু ১ যে কোনো সংখ্যার গুণনীয়ক, তাই এটি মৌলিক বা কৃত্রিম কোনোটিই নয়।
কাজেই সঠিক উত্তর হবে (গ)।

২৫. In a class of 30 students 18 play football, 14 play cricket and 5 do not play any game. How many students play both the games?

ক ৩ খ ৫ গ ৭ ঘ ৯

২১তম বিসিএস; Agrani Bank Limited Officer 2010
উত্তর : গ

Hints : শুধু ফুটবল বা শুধু ক্রিকেট অথবা উভয়টিই খেলে $= (৩০ - ৫) = ২৫$ জন।
ফুটবল খেলে ১৮ জন
$\therefore$ শুধু ক্রিকেট খেলে $= (২৫ - ১৮) = ৭$ জন
কিন্তু মোট ক্রিকেট খেলে ১৪ জনে
$\therefore$ ফুটবল ও ক্রিকেট উভয়টিই খেলে $= (১৪ - ৭) = ৭$ জন।

২৬. কোন পরীক্ষায় 200 জনের মধ্যে 70% বাংলায়, 60% ইংরেজিতে এবং 40% উভয় বিষয়ে পাস করে। উভয় বিষয়ে ফেল করে কত জন?

ক 10 জন খ 15 জন গ 25 জন ঘ 20 জন

অর্থ মন্ত্রণালয়ের অধীনে সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক ২০০৭
উত্তর : ঘ

Hints : শুধু বাংলায় পাস করে $= (70-40)\% = 30\%$
শুধু ইংরেজিতে পাস করে $= (60-40)\% = 20\%$
$\therefore$ উভয় বা যে কোনো এক বিষয়ে মোট পাস করে $= (30 + 20 + 40)\% = 90\%$
$\therefore$ উভয় বিষয়ে মোট ফেল করে $= (100 - 90)\% = 10\%$
100 জনে ফেল করে 10 জন
$\therefore$ 1 " " " $\frac{10}{100}$ "
$\therefore$ 200 " " " $= \frac{10 \times 200}{100}$ " $= 20$ জন

২৭. কোনো শ্রেণিতে 100 জন পরীক্ষার্থী ছিল। বার্ষিক পরীক্ষায় 94 জন বাংলায় এবং 80 জন গণিতে পাস করেছে। 75 জন উভয় বিষয়ে পাস করলে কত জন উভয় বিষয়ে ফেল করেছে?

ক 5 খ 3 গ 2 ঘ 1

বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন আমদানি-রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার ২০০৭
উত্তর : ঘ

Hints : শুধু বাংলায় পাস করে $= (94 - 75) = 19$ জন
শুধু গণিতে পাস করে $= (80 - 75) = 5$ জন
উভয় বিষয়ে পাস করে $= 75$ জন
$\therefore$ উভয় বিষয়ে বা যে কোনো এক বিষয়ে মোট পাস করে $= (19 + 5 + 75)$ জন $= 99$ জন
$\therefore$ উভয় বিষয়ে ফেল করে $= (100 - 99)$ জন $= 1$ জন

২৮. কোনো পরীক্ষায় মোট পরীক্ষার্থীদের ৪০% ছাত্রী। পরীক্ষায় ছাত্রীদের পাসের হার ৪০% এবং ছাত্রদের পাসের হার ৬০% হলে মোট পাসের হার কত?

ক ৩৬% খ ৪২% গ ৪৮% ঘ ৫২%

Hints : মোট ছাত্র-ছাত্রী ১০০ জন হলে, ছাত্রী $= ৪০$ জন
$\therefore$ ছাত্র $= ৬০$ জন

ছাত্রী, ১০০ জনে পাস করে ৪০ জন

∴ ১ " " " $\frac{৪০}{১০০}$ জন

∴ ৪০ " " " $= \frac{৪০ \times ৪০}{১০০}$ " ১৬ জন

ছাত্র, ১০০ জনে পাস করে = ৬০ জন

∴ ১ " " " $= \frac{৬০}{১০০}$ জন

∴ ৬০ " " " $= \frac{৬০ \times ৬০}{১০০}$ " = ৩৬ জন

∴ মোট পাস করে = (৩৬ + ১৬) জন = ৫২ জন

পরিকল্পনা মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক ২০০৬
উত্তর : ঘ

২৯. একটি কোর্সের পরীক্ষায় ৩০% পরীক্ষার্থী পাস করেছে। যারা পাস করতে পারেনি, তাদের মধ্যে ১২ জন উক্ত কোর্সে অংশগ্রহণ করেছে এবং ৩০ জন উক্ত কোর্সে অংশগ্রহণ করেনি। কয়জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেছে?

ক ৬০ জন খ ৮০ জন গ ১০০ জন ঘ ১২০ জন

Hints : ধরি, মোট পরীক্ষার্থী = ক জন।

পাস করেছে = ক-এর ৩০% = ক এর $\frac{৩০}{১০০} = \frac{৩ক}{১০}$ জন

∴ পাস করেনি = ক − $\frac{৩ক}{১০} = \frac{৭ক}{১০}$ জন

প্রশ্নমতে, $\frac{৭ক}{১০}$ = ১২ + ৩০ = ৪২

∴ ক = ৬০

পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা ২০০৬
উত্তর : ক

৩০. কোনো বিদ্যালয়ে গণিতে ৭৫% এবং ইংরেজিতে ৪৫% পরীক্ষার্থী কৃতকার্য হয়েছে। যদি উভয় বিষয়ে ৩০% পরীক্ষার্থী কৃতকার্য হয়ে থাকে, তবে উভয় বিষয়ে শতকরা কত জন অকৃতকার্য হয়েছে?

ক ৩০% খ ৪৫% গ ১০% ঘ ১৫%

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের প্রভাষক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন ২০০৫
উত্তর : গ

৩১. কোন বিদ্যালয়ে গণিতে ৭৫% এবং ইংরেজিতে ৪৫% পরীক্ষার্থী কৃতকার্য হয়েছে। যদি উভয় বিষয়ে ৩০% পরীক্ষার্থী কৃতকার্য হয়ে থাকে, তবে উভয় বিষয়ে শতকরা কত জন অকৃতকার্য হয়েছে?

ক ৩০% খ ৪৫% গ ১০% ঘ ১৫%

Hints : শুধু গণিতে পাশ করেছে = ৭৫% - ৩০% = ৪৫%

শুধু ইংরেজিতে কৃতকার্য হয়েছে = ৪৫% - ৩০% = ১৫%

উভয় বিষয়ে বা এক বিষয়ে কৃতকার্য হয়েছে = ৪৫% + ১৫% + ৩০%

= ৯০%

∴ উভয় বিষয়ে শথকরা অকৃতকার্য হয়েছে = (১০০ - ৯০%) = ১০% (উত্তর)

মহিলা বিষয়ক অধিদপ্তরের অধীনে উপজেলা মহিলা কর্মকর্তা ২০০৫
উত্তর : গ

৩২. একটি ক্লাসে 25 জন ছাত্রছাত্রী। তাদের মধ্যে 15 জন ইতিহাস, 17 জন ভূগোল এবং 3 জন এই দুটোর কোন বিষয়ই নেয়নি। কত জন ছাত্রছাত্রী উভয় বিষয়ই নিয়েছে?

ক 22 খ 40 গ 57 ঘ 10

সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৮
উত্তর : ঘ

৩৩. কোনো স্কুলের নবম শ্রেণির মানবিক শাখার 50 জন শিক্ষার্থীর মধ্যে 29 জন পৌরনীতি, 24 জন ভূগোল এবং 11 জন পৌরনীতি ও ভূগোল উভয় বিষয়ই নিয়েছে। কতজন শিক্ষার্থী পৌরনীতি বা ভূগোল বিষয় দুটির কোনোটিই নেয়নি?

ক 8 খ 42 গ 53 ঘ 65

সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৯
উত্তর : ক

৩৪. In a class of 50 students, 18 take music, 26 take art, and 2 take both art and music. How many students in the class are not enrolled in either music or art?

ক 6 খ 8 গ 16 ঘ 24 ঙ 36

Hints : *Students take only music = 18 − 2 = 16*

Students take only art = 26 − 2 = 24

Students take either music or art or both = 16 + 24 + 2 = 42

∴ *Students take neither music nor art = 50 − 42 = 8*

Bangladesh Bank Cash Officer 2011
উত্তর : খ

৩৫. In an examination 75% of the students passed in mathematics, 45% passed in General Science and 30% passed in both subjects. What per cent of the students have failed in both the subjects?

ক 35 খ 25 গ 10 ঘ 15 ঙ 18

Hints : *Students passed only in Mathmatics = (75 − 30)% = 45%*

" " " " General Science = (45 − 30)% = 15%

∴ *Students possed mathematics or general science = (45 + 15 +30)% = 90%*

∴ *Student failed in both subjects = (100 − 90)% = 10%*

Bangladesh Krishi Bank Officer, 2011
উত্তর : গ

৩৬. স্কুলের কোন ক্লাসের ৩২ জন ছাত্রের মধ্যে ১৮ জন গান পছন্দ করে, ১৬ জন কবিতা পছন্দ করে এবং ৭ জন দুটিই পছন্দ করে। কতজন কোনোটিই পছন্দ করে না?

ক ৫ জন খ ৭ জন গ ৮ জন ঘ ১০ জন

Hints : *গান এবং কবিতা দুটিই পছন্দ করে = (৩২ + ৭) জন = ৩৯ জন*

শুধু গান পছন্দ করে = (৩৯ - ১৮) জন = ২১ জন

১৬ জন কবিতা পছন্দ করে, উভয়টিই পছন্দ করেনা = (২১ - ১৬) জন = ৫ জন

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০১০
উত্তর : ক

৩৭. কোনো স্কুলে ৫৩ জন ছাত্রের মধ্যে ৩৬ জন গান পছন্দ করে; ১৮ জন কবিতা পছন্দ করে। ১০ জন কোনোটিই পছন্দ করে না। কতজন দুটোই পছন্দ করে?

ক ১০ জন খ ১১ জন গ ১৩ জন ঘ ১৪ জন

Hints : *শুধু গান অথবা শুধু কবিতা অথবা উভয়টিই পছন্দ করে = (৫৩ - ১০) জন = ৪৩ জন*

৩৬ জন গান পছন্দ করে,

∴ *কবিতা পছন্দ করে (৪৩ - ৩৬) জন = ৭ জন*

কিন্তু মোট কবিতা পছন্দ করে ১৮ জনে,

∴ *গান ও কবিতা উভয়টিই পছন্দ করে = (১৮ - ৭) জন*

= ১১ জন।

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০১০
উত্তর : খ

৩৮. কোন পরীক্ষায় ৫২% ছাত্র বিজ্ঞানে এবং ৪০% অঙ্কে ফেল করে। যদি উভয় বিষয়ে ২৭% ফেল করে তবে শতকরা কত জন ছাত্র পাস করে?

ক ৩৫ খ ৪৮ গ ৬০ ঘ ৬৫

Hints : *শুধু বিজ্ঞানে ফেল করে ৫২% - ২৭% = ২৫%*

শুধু অঙ্কে ফেল করে ৪০% - ২৭% = ১০%

শুধু বিজ্ঞান অথবা অঙ্ক বা উভয় বিষয়ে মোট ফেল করে = (২৫ + ১৩ + ২৭) = ৬৫%

∴ *শতকরা পাশ করে = ১০০ − ৬৫% = ৩৫%*

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০১০
উত্তর : ক

৩৯. 75% of students of a class answered Question No. 1 correct and 55% answered Question No. 2 correct and 20% answered neither question correctly. What percent of student answered both question correctly?

ক 20% খ 25% গ 35% ঘ 45%

ঙ 50%

Hints : *Students answerd Q.1 or Q. 2 or both correctly = (100 – 20) = 80%*

Let x% students answered both correctly.

$\therefore (75-x)+(55-x)+x=80$

$\Rightarrow 130-x=80$

$\therefore x=50$

Bangladesh Bank
Asst. Director 2011
উত্তর : ঙ

৪০. In a city 90% of the population own a car, 15% own a motorcycle, and everybody owns one or the other or both. What is the percentage of motorcycle owners who own cars?

ক 5% খ 15% গ $33\frac{1}{3}\%$ ঘ 50% ঙ 90%

Hints :



$90+15=105$

$105-100=5$

$=\frac{5\times100}{15}\%=33\frac{1}{3}\%$

Bangladesh Bank
Asst. Director 2010
উত্তর : গ

৪১. In a survey of the people in Dhaka, it was found that 65% of the people surveyed watched the news on television, 40% read a newspaper, and 25% read a newspaper and watched the news on television. What percent of the people surveyed neither watched the news on television nor read a newspaper?

ক 0% খ 20% গ 10% ঘ 15%

ঙ None of them

Hints : *People only watch news on television = (65 – 25)% = 40%*

People only read newspaper = (40 – 25)% = 15%

$\therefore$ *Reople watch news on television or read newspaper = (40 + 15 + 25)% = 80%*

Pubali Bank Ltd.
Junior Officer (Cash)
2011
উত্তর : খ

অধ্যায় ১৫

অন্বয় ও ফাংশন

RELATIONS & FUNCTION

ফাংশন (Function) বা অপেক্ষক :

- চলক : একটি সেটের যে কোনো উপাদানকে একটি সাংকেতিক চিহ্ন বা প্রতীক (symbol) দ্বারা সূচিত করলে ঐ সাংকেতিক চিহ্ন বা প্রতীককে উক্ত সেটের চলক বলে। যেমন– x, y, z ইত্যাদি।
  যদি দুটি বীজগাণিতিক চলক x ও y এরূপভাবে সম্পর্কিত হয় যেন x এর চারণ এলাকার (domain) কোনো মানের জন্য y এর অনুরূপ একটি মান পাওয়া যায়, তাহলে y কে x এর ফাংশন বলে। এটা প্রকাশের কতগুলো রীতি আছে। যেমন– $f(x) = y$; $y = \varphi(x)$; $y = g(x)$ ইত্যাদি ফাংশন প্রকাশের রীতি। উদাহরণস্বরূপ, $y = \sqrt[3]{x} + 9$ একটি x এর ফাংশন।
- ফাংশনের ডোমেন ও রেঞ্জ নির্ণয় (Domain & Range of function) : মনে করি, $y = x^2 + x$ একটি ফাংশন। এখানে x এর যেসব মান বসালে y-এর বাস্তব মান পাওয়া যায়, তাকে অর্থাৎ ঐসব মানকে ডোমেন (domain) বলে। যেমন– $x = 0, 1, 2, 3$ ইত্যাদি বসালে y এর প্রতিসঙ্গী (corresponding) মান পাওয়া যায় অর্থাৎ, $x : x \in \mathbb{R}$ এ ফাংশনের ডোমেন। আবার, x এর মান বসালে y-এর যেসব অনুরূপ মান পাওয়া যায়, তাদেরকে রেঞ্জ (range) বা সীমা বলে। এ ফাংশনে $y : y \in \mathbb{R}$ হলো রেঞ্জ।

ফাংশনের প্রকারভেদ (Properties of function) :

- এক-এক ফাংশন (One one function) : যদি f ফাংশনের অধীনে তার ডোমেনের ভিন্ন ভিন্ন সদস্যের প্রতিচ্ছবি (image) ভিন্ন ভিন্ন হয়, তবে f কে এক এক ফাংশন বলে। যেমন : $f(x) = x^3$ একটি এক এক ফাংশন যখন $f : \mathbb{R} \to \mathbb{R}$.
- সর্বগ্রাহী ফাংশন (Onto function) : যদি $f(A) = B$ এমন একটি ফাংশন হয় যেন B এর সব উপাদানই A এর কমপক্ষে একটি উপাদানের প্রতিচ্ছবি হয়, তবে f কে সর্বগ্রাহী ফাংশন বলে। যদি $A = [-1, 1]$ এবং $f : A \to A$ কে $f(x) = x^3$ দ্বারা সংজ্ঞায়িত করা যায়, তবে এটি সর্বগ্রাহী ফাংশন।
- সংযোজিত ফাংশন (Composite function) : ধরি $f : A \to B$ এবং $g : B \to C$

$$A \xrightarrow{f} B \xrightarrow{g} C$$

  যদি $a \in A$ হয়, তবে $f(a) \in B$, কিন্তু B হচ্ছে g ফাংশনের ডোমেন।
  সুতরাং, g এর জন্য $f(a)$ এর ছবি $g(f(a))$ যেখানে $g(f(a)) \in C$ ..... (i)
  (i) থেকে স্পষ্ট যে, A সেট থেকে C সেটের একটি ফাংশন পাওয়া যায়। এ নতুন ফাংশনটিকে f এবং g এর সংযোজিত ফাংশন বলে।
- অভেদ ফাংশন (Identify function) : যদি কোনো সেটের প্রত্যেকটি উপাদানের প্রতিচ্ছবি একই উপাদান হয়, অর্থাৎ A সেটের জন্য $f : A \to A$ কে $f(x) = x$ দ্বারা সংজ্ঞায়িত করা হয়, তবে এ ধরনের ফাংশনকে অভেদ বলে। একে সাধারণত I_A দ্বারা প্রকাশ করা হয়।
- ধ্রুব ফাংশন (Constant function) : যদি ফাংশন f এর অধীনে A সেটের প্রত্যেকটি উপাদানের প্রতিচ্ছবি B সেটের কেবল একটি উপাদান হয়, তবে $f : A \to B$ কে ধ্রুব ফাংশন বলে। $f(x) = 2$ একটি ধ্রুব ফাংশন।

□ বিপরীত ফাংশন (Inverse function) : একটি এক-এক এবং সার্বিক ফাংশন $f : A \to B$ যদি এরূপ হয় যে, A সেটের প্রত্যেক a উপাদানের জন্য B সেটের একটি উপাদান b থাকে অর্থাৎ B সেটের প্রত্যেক b উপাদানের জন্য $f^{-1}(b)$ দ্বারা A সেটের একটি ও কেবল একটি উপাদান নির্দেশিত হয়, তবে তাকে বিপরীত ফাংশন বলা হয় এবং এ ধরনের ফাংশনকে I দ্বারা সূচিত করা হয়।

ফাংশনের লেখচিত্র (Graph of function) :

$f : A \to B$ একটি ফাংশন হলে $a \in A$ কে প্রথম উপাদান এবং a এর প্রতিচ্ছবি দ্বিতীয় উপাদান নিয়ে যেসব ক্রমজোড়ের সেট তৈরি করা যায়, তাই হলো f ফাংশনের লেখচিত্র। লেখচিত্র F দ্বারা সূচিত করা হলে, $F = \{(a, b) : a \in A, b = f(a)$ এবং $A \times B$ এর একটি উপসেট$\}$

অন্বয় (Relations) :

যদি দুটি সেট A ও B হয় তবে এদের কার্তেসীয় গুণজ $A \times B$ এর কোনো অশূন্য উপসেটকে A থেকে B তে একটি অন্বয় হয়। আবার, $A \times A$ এর কোনো অশূন্য উপসেটকে A সেটের একটি অন্বয় বলে।

যেমন : $A = \{1, 2, 3\}$ ও $B = \{a, b\}$ হলে,

$R_1 = \{(1, a), (1, b), (2, a), (2, b), (3, a), (3, b)\}$

$R_2 = \{(1, a), (2, 6), (3, 6)\}$

প্রত্যেকেই A থেকে B এর ভিন্ন অন্বয়।

উল্লেখ্য, সকল ফাংশন অন্বয়, তবে সকল অন্বয় ফাংশন নাও হতে পারে।

Question Bank as Self Test

০১. $f(x) = x^3 - 6x^2 + 11x - 6$ হলে, $f(2) =$ কত?

ক 3 খ 2 গ 1 ঘ 0

১১তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা (স্কুল/সমপর্যায় ২) ২০১৪
উত্তর : ঘ

Hints : দেয়া আছে,

$f(x) = x^3 - 6x^2 + 11x - 6$

$\therefore f(2) = 2^3 - 6.2^2 + 11.2 - 6$

$= 8 - 24 + 22 - 6$

$= 30 - 30$

$= 0$

০২. $f(x) = x^3 + 2x^2 - 3$ হলে, $f(-3) =$ এর মান কত?

ক -12 খ -48 গ 42 ঘ 12

বিশেষ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১০
উত্তর : ক

Hints : $f(x) = x^3 + 2x^2 - 3$

$\therefore f(-3) = (-3)^3 + 2(-3)^2 - 3$

$= -27 + 18 - 3$

$= -12$

০৩. যদি $f(x) = \frac{2x+5}{x-3}$ হয়, তবে $f(6) =$ কত?

ক $\frac{7}{13}$ খ $\frac{5}{3}$ গ $\frac{17}{3}$ ঘ $\frac{5}{-3}$

পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অধীন রিসার্চ অফিসার ২০০৬; স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন সহকারী পরিচালক (মাদক) ও কারা তত্ত্বাবধায়ক ২০০৬
উত্তর : গ

Hints : দেয়া আছে, $f(x) = \frac{2x+5}{x-3}$

$\therefore f(6) = \frac{2.6+5}{6-3} = \frac{12+5}{3} = \frac{17}{3}$

০৪. $f(x) = \frac{3x+4}{x-5}$ হলে $f\left(\frac{1}{3}\right) =$ কত?

ক $\frac{15}{14}$ খ $-\frac{15}{14}$ গ $\frac{14}{15}$ ঘ $-\frac{14}{15}$

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা, ব্যক্তিগত কর্মকর্তা ও কারাতত্ত্বাবধায়ক এবং নির্বাচন কমিশন সচিবালয়ের প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা ২০০৬
উত্তর : খ

Hints : $f(x) = \frac{3x+4}{x-5}$

$\therefore f\left(\frac{1}{3}\right) = \frac{3.\frac{1}{3}+4}{\frac{1}{3}-5} = \frac{1+4}{\frac{1-15}{3}} = \frac{5}{\frac{-14}{3}} = -\frac{15}{14}$

০৫. $f(x) = x^3 - 12x^2 + 48x - 64$ হলে, f(5)-এর মান কত?

ক 1 খ 3 গ 2 ঘ 4

৬ষ্ঠ প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১০
উত্তর : ক

Hints : দেয়া আছে,

$f(x) = x^3 - 12x^2 + 48x - 64$

$\therefore f(5) = 5^3 - 12(5)^2 + 48(5) - 64$

$= 125 - 300 + 240 - 64$

$= 1$

০৬. $f(x) = x^3 + kx^2 - 6x - 9$; k-এর মান কত হলে $f(3) = 0$ হবে।

ক 1 খ −1 গ 2 ঘ 0

৩০তম বিসিএস
উত্তর : ঘ

Hints : দেয়া আছে, $f(x) = x^3 + kx^2 - 6x - 9$

$\therefore f(3) = 3^3 + k.3^2 - 6.3 - 9 = 9k$

প্রশ্নমতে, $9k = 0$ [$\because f(3) = 0$]

$\therefore k = 0$

০৭. $p^2 + 7p + c$ রাশিটি $p - 5$ দ্বারা বিভাজ্য হলে c-এর মান কত হবে?

ক −60 খ 60 গ 30 ঘ −30

উপজেলা/থানা শিক্ষা অফিসার (TEO) ২০১০
উত্তর : ক

Hints : ধরি, $f(p) = p^2 + 7p + c$

$f(p)$, $(p-5)$ দ্বারা বিভাজ্য হলে $f(5) = 0$ হবে।

এখন, $f(5) = 5^2 + 7.5 + c = 25 + 35 + c = 60 + c$

প্রশ্নমতে, $60 + c = 0$

$\therefore c = -60$

০৮. $f(x) = \frac{4x-7}{x-2}$ হলে $f(2)$ কত?

ক $\frac{1}{4}$ খ 0 গ অসংজ্ঞায়িত ঘ $\frac{1}{3}$

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ ২০০৭
উত্তর : গ

Hints : $f(x) = \frac{4x-7}{x-2}$

$\therefore f(2) = \frac{4.2-7}{2-2} = \frac{1}{0}$

যা অসংজ্ঞায়িত কারণ ভগ্নাংশের হর কখনও শূন্য হতে পারে না।

০৯. যদি $f(x) = \frac{2x+5}{x-3}$ হয়, তবে $f(3) =$ কত?

ক 0 খ $\frac{11}{6}$ গ $\frac{11}{3}$ ঘ অনির্ণেয়

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (PSC)-এর সহকারী পরিচালক ২০০৬
উত্তর : ঘ

Hints : $f(x) = \frac{2x+5}{x-3}$

$\therefore f(3) = \frac{2\times3+5}{3-3}$

$= \frac{6+5}{0} = \frac{11}{0}$ যা অনির্ণেয়

[কোনো ভগ্নাংশের হর শূন্য হলে তা অনির্ণেয় হয়]

১০. $f(x) = x^2 + \frac{1}{x} + 1$-এর অনুরূপ কোনটি?

ক $f(1) = 1$ খ $f(0) = 1$ গ $f(-1) = 3$ ঘ $f(1) = 3$

Hints : $f(x) = x^2 + \frac{1}{x} + 1$

$f(1) = 1 + 1 + 1 = 3$

$f(0) = 0 + \infty + 1 = \infty$

$f(-1) = 1 - 1 + 1 = 1$

১৭তম বিসিএস
উত্তর : ঘ

১১. $f(x) = x^2 + \frac{1}{x^{-1}} - 1$ হলে নিচের কোনটি সঠিক?

ক $f(0) = \infty$ খ $f(1) = -1$ গ $f(1) = 0$ ঘ $f(-1) = -1$

Hints : দেয়া আছে, $f(x) = x^2 + \frac{1}{x^{-1}} - 1$

বা, $f(x) = x^2 + \frac{1}{\frac{1}{x}} - 1$

বা, $f(x) = x^2 + x - 1$

$\therefore f(0) = 0^2 + 0 - 1 = -1$

$f(1) = 1^2 + 1 - 1 = 1$

$f(-1) = (-1)^2 + (-1) - 1 = -1$

উপজেলা/থানা শিক্ষা অফিসার (TEO) ২০১০
উত্তর : ঘ

১২. $g(x) = \frac{5x-1}{5x+1}$-এর অনুরূপ কোনটি?

ক $g(1) = \frac{5}{7}$ খ $g(-1) = \frac{3}{2}$ গ $g(2) = \frac{9}{13}$ ঘ $g(-5) = 1$

Hints : $g(x) = \frac{5x-1}{5x+1}$

$\therefore g(-1) = \frac{5(-1)-1}{5(-1)+1} = \frac{-6}{-4} = \frac{3}{2}$

$g(1) = \frac{5(1)-1}{5(1)+1} = \frac{2}{3}$

$g(2) = \frac{5(2)-1}{5(2)+1} = \frac{9}{11}$

$g(-5) = \frac{5(-5)-1}{5(-5)+1} = \frac{13}{12}$

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা ২০০৬
উত্তর : খ

১৩. $f(x) = \frac{4x-7}{2x-4}$ এর অনুরূপ কোন্‌টি?

ক $f(-1) = \frac{3}{2}$ খ $f(1) = -\frac{3}{2}$ গ $f(3) = \frac{5}{4}$ ঘ $f(-2) = \frac{15}{8}$

Hints : $f(x) = \frac{4x-7}{2x-4}$

$\therefore f(-1) = \frac{4(-1)-7}{2(-1)-4} = \frac{-11}{-6} = \frac{11}{6}$

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তরের উপজেলা সমাজসেবা অফিসার ২০০৬
উত্তর : ঘ

$f(1) = \frac{4.1-7}{2.1-4} = \frac{-3}{-2} = \frac{3}{2}$

$f(3) = \frac{4.3-7}{2.3-4} = \frac{5}{2}$

$f(-2) = \frac{4(-2)-7}{2(-2)-4} = \frac{-15}{-8} = \frac{15}{8}$

১৪. ফাংশন $f(x) = x^3 - 3x^2 - 9x$-এর $x = 2$ বিন্দুতে $f(x)$-এর সর্বনিম্ন মান হবে, কারণ—

ক $f''(2) < 0$ খ $f''(2) > 0$ গ $f''(2) = 0$ ঘ $f'(2) = 0$

সহকারী সুপারিনটেনডেন্ট অব সার্ভে ২০০৫
উত্তর : ঘ

১৫. If $a \times b = ab/(b-a)$ for all numbers a and b such that a does not equal b, what is the value of $5 \times (2 \times 3)$?

ক 30 খ 25 গ 24 ঘ 10 ঙ 1

Hints : $a \times b = ab/(b-a)$

$\therefore 2 \times 3 = \frac{2 \times 3}{3-2} = 6$

$\therefore 5 \times (2 \times 3) = 5 \times 6 = \frac{5 \times 6}{6-5} = 30$

Southeast Bank Ltd
Probationary Officer
2011
উত্তর : ক

১৬. $(x + y, 0) = (1, x - y)$ হলে (x, y)-এর মান নির্ণয় করুন।

ক $(1, 0)$ খ $\left(\frac{2}{3}, \frac{2}{3}\right)$ গ $\left(\frac{1}{2}, \frac{1}{2}\right)$ ঘ $\left(\frac{1}{4}, \frac{1}{4}\right)$

Hints : $(x + y, 0) = (1, x - y)$

$\therefore x + y = 1$ ..... (i)

$x - y = 0$ ..... (ii)

(i) + (ii) থেকে পাই,

$2x = 1$

$\Rightarrow x = \frac{1}{2}$

$\therefore$ (i) নং থেকে পাই,

$y = 1 - x = 1 - \frac{1}{2} = \frac{1}{2}$

$\therefore$ নির্ণেয় $(x, y) = \left(\frac{1}{2}, \frac{1}{2}\right)$

বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন আমদানি-রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার ২০০৭
উত্তর : গ

১৭. যদি $A = \{1, 2, 3, 4\}$ এবং $R = \{(x, y) \mid x < y$ এবং $x, y \in A\}$ হয়, তবে R-এর ডোমেন ও রেঞ্জ বের করুন।

ক ডোমেন (R) = A, রেঞ্জ (R) = A খ ডোমেন (R) = {1, 3, 4}, রেঞ্জ (R) = {1, 2, 3}

গ ডোমেন (R) = {2, 3, 4}, রেঞ্জ (R) = {1, 3, 4} ঘ ডোমেন (R) = {1, 2, 3}, রেঞ্জ (R) = {2, 3, 4}

Hints : দেয়া আছে,

$A = \{1, 2, 3, 4\}$

$R = \{(x, y) \mid x < y$ এবং $x, y \in A\}$

$\therefore$ ডোমেন $(R) = \{1, 2, 3\}$

রেঞ্জ $(R) = \{2, 3, 4\}$

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তরের শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল) ২০০৭
উত্তর : ঘ

১৮. $f(x) = \begin{cases} x^2 \text{ যখন } x < 0 \\ x \text{ যখন } 0 \le x \le 1 \\ \frac{1}{x} \text{ যখন } x > 1 \end{cases}$ ফাংশনের ডোমেন ও রেঞ্জ বের করুন।

কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে কারিগরি শিক্ষা জুনিয়র ইনস্ট্রাক্টর ২০০৫
উত্তর : খ

ক ডোমেন $(f) = IR - \{0\}$, রেঞ্জ $(f) = IR^+ - \{1\}$ খ ডোমেন $(f) = IR$, রেঞ্জ $(f) = IR^+ \cup \{0\}$
গ ডোমেন $(f) = IR^+ - (1)$, রেঞ্জ $(f) = IR - \{0\}$ ঘ ডোমেন $(f) = IR - \{-1\}$, রেঞ্জ $(f) = IR^+ \cup \{-1\}$

১৯. $f(x) = \begin{cases} x^2 \text{ যখন } x < 0 \\ x \text{ যখন } 0 \le x \le 1 \\ \frac{1}{x} \text{ যখন } x > 1 \end{cases}$ দ্বারা সংজ্ঞায়িত ফাংশনের ডোমেন ও রেঞ্জ নির্ণয় করুন।

ক ডোমেন $(f) = IR - \{0, 1\}$, রেঞ্জ $(f) = IR$ খ ডোমেন $(f) = IR$, রেঞ্জ $(f) = IR^+ \cup \{0\}$
গ ডোমেন $(f) = IR^+$, রেঞ্জ $(f) = IR^- \cup \{1\}$ ঘ ডোমেন $(f) = IR - \{0\}$, রেঞ্জ $(f) = IR^- \cup \{0\}$

জাতীয় সংসদে প্রশাসনিক কর্মকর্তা ও প্রটোকল অফিসার ২০০৬
উত্তর : খ

Hints : $f(x) = \begin{cases} x^2 & \text{যখন } x < 0 \\ x & 0 \le x \le 1 \\ \frac{1}{x} & \text{যখন } x > 1 \end{cases}$

x-এর যে কোনো বাস্তব মানের জন্য f(x) সংজ্ঞায়িত।

$\therefore$ *ডোমেন* $(f) = R$

কিন্তু x-এর কোনো বাস্তব মানের জন্য f(x) ধনাত্মক

[অর্থাৎ $f(x) > 0$*]*

এছাড়া $x = 0$ *হলে* $f(x) = 0$

সুতরাং রেঞ্জ $(f) = IR^+ \cup \{0\}$

২০. If $\frac{1}{y} = 3\frac{1}{2}$, then $\frac{1}{y+2} = ?$

Uttara Bank Ltd.Asst. Officer (Cash) 2011
উত্তর : ক

ক $\frac{7}{16}$ খ $\frac{2}{7}$ গ $\frac{2}{11}$ ঘ None of the these

Hints : $\frac{1}{y} = 3\frac{1}{2} \Rightarrow \frac{1}{y} = \frac{7}{2} \Rightarrow y = \frac{2}{7}$

$\therefore \frac{1}{y+2} = \frac{1}{\frac{2}{7}+2} = \frac{7}{2+14} = \frac{7}{16}$

অধ্যায় ১৬

ধারা

SERIES

অনুক্রম (Sequence) :

যদি কতগুলো সংখ্যা বা রাশিকে প্রথম, দ্বিতীয়, তৃতীয়, ... এভাবে পর পর সাজানো যায়, তাহলে একটি অনুক্রম (Sequence) পাওয়া যায়। এভাবে গঠিত অনুক্রমের প্রথম, দ্বিতীয়, তৃতীয়, ... সংখ্যা বা রাশিকে যথাক্রমে প্রথম পদ, দ্বিতীয় পদ, তৃতীয় পদ, ... বলা হয়। যেমন– 3, 5, 9, 14, 29, 43, ... অনুক্রমের প্রথম পদ, দ্বিতীয় পদ, তৃতীয় পদ যথাক্রমে 3, 5, 9, ... ইত্যাদি। উপরের উদাহরণে অনুক্রমটির শেষ পদ আছে কি নেই, থাকলে কত, বোঝা যায় না। আবার 2, 4, 6, 8, ... 40 অনুক্রমটির শেষ পদ 40।

ধারা (Series) :

কোনো অনুক্রমের পদগুলো পর পর '+' চিহ্ন দ্বারা যুক্ত করলে একটি ধারা পাওয়া যায়। যেমন– $3 + 7 + 11 + ...$ একটি ধারা এবং 3, 7, 11..... যথাক্রমে ধারাটির প্রথম, দ্বিতীয়, তৃতীয় পদ। কোনো অনুক্রমের পদগুলো কোনো বিশেষ নিয়মানুসারে সাজানো হলে সহজেই সাধারণ পদ বা r-তম পদ নির্ণয় করা যায়। যেমন– 2, 4, 6, ... অনুক্রমটির r-তম পদ 2r.

সসীম বা সান্ত ধারা (Finite Series) :

কোনো ধারার পদ সংখ্যা সসীম হলে তাকে সসীম বা সান্ত ধারা বলে। যেমন– $1 + 2 + 3 + ... + 100$ একটি সসীম বা সান্ত ধারা। কারণ এখানে মোট 100 টি পদ বা রাশি রয়েছে।

অসীম ধারা (Infinite Series) :

কোনো ধারার পদ সংখ্যা অসীম হলে তাকে অসীম ধারা বলে। যেমন– $1 + 2 + 3 + ...$ একটি অসীম ধারা। এ ধরনের ধারায় সুনির্দিষ্ট কোনো পদ সংখ্যা পাওয়া যায় না।

সমান্তর ধারা (Arithmetic Series) :

যে ধারায় কোনো পদকে তার পরবর্তী পদ থেকে বিয়োগ করলে একই সংখ্যা বা রাশি পাওয়া যায়, তাকে সমান্তর ধারা বলে এবং এই বিয়োগফলকে ধারার সাধারণ অন্তর বলে। উল্লেখ্য, সাধারণ অন্তর ধনাত্মক বা ঋণাত্মক হতে পারে।

যেমন– $2 + 4 + 6 + ... + 20$ একটি ধারা, যার প্রথম পদ হলো 2, দ্বিতীয় পদ 4, তৃতীয় পদ 6.

এখানে, দ্বিতীয় পদ – প্রথম পদ $= 4 - 2 = 2$

তৃতীয়পদ – দ্বিতীয় পদ $= 6 - 4 = 2$. এই ধারায় যে কোনো পদ ও তার পূর্ববর্তী পদের বিয়োগফল সর্বদা একই সংখ্যা। এভাবে প্রাপ্ত দুইটি পদের বিয়োগফলকে সাধারণ অন্তর বলা হয়।

গুণোত্তর ধারা (Geometric Series) :

যে ধারার কোনো পদের সাথে তার পরবর্তী পদের অনুপাত সব সময় সমান হয়, সে ধারাকে গুণোত্তর ধারা বলে। নিচের ধারাটি গুণোত্তর ধারা এবং এ ধারায় সাধারণ অনুপাত 2.

যেমন- $3+6+12+24+.....$ ধারায়

প্রথম পদ = 3, দ্বিতীয় পদ = 6, তৃতীয় পদ = 12, চতুর্থ পদ = 24 ইত্যাদি।

প্রথম পদের সাথে দ্বিতীয় পদের অনুপাত $=\frac{6}{3}=2$

দ্বিতীয় পদের সাথে তৃতীয় পদের অনুপাত $=\frac{12}{6}=2$

তৃতীয় পদের সাথে চতুর্থ পদের অনুপাত $=\frac{24}{12}=2$

গুণোত্তর ধারার r-তম পদ (rth Term of Geometric Series) :

গুণোত্তর ধারার প্রথম পদ a, সাধারণ অনুপাত q হলে r-তম পদ $= aq^{r-1}$.

- কোনো সমান্তর ধারার প্রথম পদ ও শেষপদ দেয়া থাকলে

সমষ্টি $= \frac{\text{পদসংখ্যা (শেষপদ + ১মপদ)}}{২}$

এবং পদসংখ্যা $= \frac{\text{শেষপদ} - \text{১মপদ}}{\text{সাধারণ অন্তর}} + ১$

Working Tools

r-তম পদ [সাধারণ পদ]

একটি সমান্তর ধারার প্রথম পদ a এবং সাধারণ অন্তর d হলে, r-তম পদ $= a+(r-1)d$

সমান্তর ধারার n সংখ্যক পদের সমষ্টি

প্রথম পদ a এবং সাধারণ অন্তর d বিশিষ্ট সমান্তর ধারার n সংখ্যক পদের সমষ্টি,

$s=\frac{n}{2}\{2a+(n-1)d\}$

প্রথম n সংখ্যক স্বাভাবিক সংখ্যার বর্গের সমষ্টি

$1^2+2^2+3^2+.....+n^2$ ধারার সমষ্টি, $s=\frac{n(n+1)(2n+1)}{6}$

প্রথম n সংখ্যক স্বাভাবিক সংখ্যার ঘনের সমষ্টি

$1^3+2^3+3^3+.....+n^3$ ধারার সমষ্টি, $s=\left\{\frac{n(n+1)}{2}\right\}^2$

গুণোত্তর ধারার (n সংখ্যক) পদের সমষ্টি

গুণোত্তর ধারার প্রথম পদ a, সাধারণ অনুপাত q হলে, ধারাটির n সংখ্যক পদের সমষ্টি, $s=\frac{a(q^n-1)}{q-1}$

স্মরণীয় :

(i) $1+2+3.....+n=\frac{n(n+1)}{2}$

(ii) $1^2+2^2+3^2+.....+n^2=\frac{n(n+1)(2n+1)}{6}$

(iii) $1^3+2^3+3^3+.....+n^3=\left\{\frac{n(n+1)}{2}\right\}^2$

অর্থাৎ $1^3+2^3+3^3+.....+n^3=(1+2+3+.....+n)^2$ [সূত্র (i) ও (iii) হতে]

SERIES

Question Bank as Self Test

০১. একটি গুণোত্তর অনুক্রমের দ্বিতীয় পদটি –48 এবং পঞ্চম পদটি $\frac{3}{4}$ হলে, সাধারণ অনুপাত কত?

ক $\frac{1}{2}$ খ $-\frac{1}{2}$ গ $\frac{1}{4}$ ঘ $-\frac{1}{4}$

Hints : আমরা জানি, কোনো গুণোত্তর ধারার প্রথম পদ a, সাধারণ অনুপাত q হলে n তম পদ $= aq^{n-1}$

$\therefore$ দ্বিতীয় পদ $= aq^{2-1} = aq = -48$

$\therefore a = -\frac{48}{q}$ ..... (i)

আবার, পঞ্চম পদ $= aq^{5-1}$

$= aq^4 = \left(-\frac{48}{q}\right) q^4$ [(i) এর মান বসিয়ে]

$= -48q^3$

প্রশ্নমতে,

$-48q^3 = \frac{3}{4}$

বা, $q^3 = -\frac{3}{192}$

বা, $q^3 = -\frac{1}{64}$

বা, $q^3 = \left(-\frac{1}{4}\right)^3$

$\therefore q = -\frac{1}{4}$

অর্থাৎ সাধারণ অনুপাত $-\frac{1}{4}$ ।

৩৫তম বিসিএস
উত্তর : ঘ

০২. কোনো সমান্তর ধারার p-তম পদ q এবং q-তম পদ p হলে (p + q) তম পদ কত?

ক pq খ p + q গ pq (p + q) ঘ 0

Hints : ধারাটির p তম পদ $= a + (p-1)d$

এবং " q " " $= a + (q-1)d$

এবং $p+q$ তম পদ $= a + (p+q-1)d$

প্রশ্নমতে, $a + (p-1)d = q$ ..... (i)

$a + (q-1)d = p$ .... (ii)

(i) নং হতে (ii) নং বিয়োগ করে পাই,

$\{a + (p-1)d\} - \{a + (q-1)d\} = q - p$

বা, $a + (p-1)d - a - (q-1)d = q - p$

বা, $(p-1)d - (q-1)d = q - p$

বা, $d(p - 1 - q + 1) = q - p$

বা, $d(p - q) = -(p - q)$

$\therefore d = -1$

সুতরাং $p + q$ তমপদ $= a + (p + q - 1)d$

$= a + (p-1)d + qd$

$= q + qd$ [(i) নং হতে]

$= q + q(-1)$ [$\because d = -1$]

$= 0.$

বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক ২০১৪
উত্তর : ঘ

০৩. $1^3+2^3+3^3+\ldots\ldots+n^3=$ কত?

ক $\frac{n(n+1)}{2}$ খ $\frac{n(n+1)(2n+1)}{6}$ গ $\left\{\frac{n(n+1)}{2}\right\}^2$ ঘ একটিও নয়

Hints : সূত্র : $1^3+2^3+3^3+\ldots\ldots\ldots\ldots+n^3=\left\{\frac{n(n+1)}{2}\right\}^2$

১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৪
উত্তর : গ

০৪. $1+\frac{1}{3}+\frac{1}{9}+\ldots\ldots$ ধারাটির ১ম 5টি পদের সমষ্টি কত?

ক $\frac{121}{81}$ খ $\frac{119}{81}$ গ $\frac{81}{121}$ ঘ $-\frac{121}{81}$

Hints : প্রদত্ত ধারাটি, $1+\frac{1}{3}+\frac{1}{9}+\ldots\ldots\ldots\ldots$

$\therefore$ এটি একটি গুণোত্তর ধারা, যাঁর প্রথম পদ, $a=1$

এবং সাধারণ অনুপাত, $q=\frac{1}{3}<1$

আমরা জানি, কোনো গুণোত্তর ধারার প্রথম n সংখ্যক পদের সমষ্টি,

$S_n=a.\frac{1-q^n}{1-q}; \quad q<1$

$\therefore$ প্রদত্ত গুণোত্তর ধারার 5টি পদের সমষ্টি,

$$S_5=1.\frac{1-\left(\frac{1}{3}\right)^5}{1-\frac{1}{3}}=\frac{1-\frac{1}{243}}{\frac{2}{3}}$$

$$=\frac{242}{243}\times\frac{3}{2}=\frac{121}{81}$$

১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৪ (স্কুল পর্যায়-২)
উত্তর : ক

০৫. $1+3+6+10+15+\ldots\ldots\ldots\ldots$ ধারাটির সপ্তম পদটি কত?

ক 20 খ 25 গ 21 ঘ 26

Hints : ধারাটিতে,
প্রথম পদ $=1$
দ্বিতীয় পদ $=3=1+2$
তৃতীয় পদ $=6=3+3$
চতুর্থ পদ $=10=6+4$
পঞ্চম পদ $=15=10+5$
ষষ্ঠ পদ $=21=15+6$
সুতরাং সপ্তম পদ = ৬ষ্ঠ পদ $+7=21+7=28$
[Note : প্রশ্নে সঠিক উত্তর নেই। সঠিক উত্তর 28 ।]

১১তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা (কলেজ/সমপর্যায়) ২০১৪
উত্তর : Note

০৬. $1+2+3+4+\ldots\ldots\ldots+99=$ কত?

ক 4650 খ 4750 গ 4850 ঘ 4950

Hints : এখানে, মোট পদ $n=99$

$\therefore$ সমষ্টি $s=\frac{n(n+1)}{2}=\frac{99(99+1)}{2}=\frac{99\times100}{2}=4950$

২য় ফিলিপ, Rajshahi Krishi Unnayan Bank Officer 2011; সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ২০১১; পরিবেশ ও বন মন্ত্রণালয়ের পরিবেশ অধিদপ্তর ফিল্ড ইনভেস্টিগেটর এন্ড ফিল্ড অফিসার ২০০৫; ভূমি উন্নয়ন কর্মকর্তা ১৯৯৭
উত্তর : ঘ

০৭. ৮, ৯, ১০, ..., ১০০ পর্যন্ত সংখ্যাগুলোর যোগফল কত?

ক ৫০৫০ খ ৫০৬০ গ ৫০২২ ঘ ৫৫০৫

Hints : $৮+৯+১০+\ldots\ldots+১০০$
$=(১+২+\ldots+১০০)-(১+২+\ldots+৭)$
$=\frac{১০০(১০০+১)}{২}-\frac{৭(৭+১)}{২}$

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ-পরিচালক ২০০৭
উত্তর : গ

$= ৫০৫০ - ২৮$
$= ৫০২২$
[সূত্র : $১ + ২ + ------ + n = \frac{n(n+১)}{২}$]

০৮. ১ থেকে ১০০ পর্যন্ত সংখ্যাসমূহের যোগফল কত?
ক) ৪৯৯৯ খ) ৫৫০১ গ) ৫০৫০ ঘ) ৫০০১
Hints : আমরা জানি,
n সংখ্যক স্বাভাবিক সংখ্যার যোগফল $= \frac{n(n+১)}{২}$
$\therefore ১ + ২ + ৩ + ... + ১০০ = \frac{১০০(১০০+১)}{২} = ৫,০৫০$

০৯. $৩ + ৬ + ৯ + ... + ৩৬ = ?$
ক) ২৩০ খ) ২৩১ গ) ২৩২ ঘ) ২৩৪
Hints : প্রথম পদ, $a = ৩$
সাধারণ অন্তর, $d = (৬ - ৩) = ৩$
শেষ পদ $= ৩৬$
$\therefore$ পদসংখ্যা, $n = \frac{৩৬-৩}{৩} + ১$
$= ১১ + ১$
$= ১২$
$\therefore$ সমষ্টি $= \frac{n}{২}\{২a + (n-১)d\} = \frac{১২}{২}(৬ + ৩৩)$
$= ৬ \times ৩৯ = ২৩৪$

১০. $1+3+5+7+9+...+51 =$ কত?
ক) 676 খ) 672 গ) 670 ঘ) 664
Hints : ধারাটির ১ম পদ, $a = 1$
সাধারণ অন্তর, $d = 3 - 1 = 2$
শেষ পদ $= 51$
$\therefore$ পদসংখ্যা $n = \frac{51-1}{2} + 1$
$= 25 + 1 = 26$
$\therefore$ সমষ্টি, $S = \frac{n}{2}\{2a + (n-1)d\}$
$= \frac{26}{2}\{2.1 + (26-1)2\}$
$= 13\{2+50\} = 13 \times 52 = 676$

১১. $১ + ৩ + ৫ + ...+ ১৯$ সমান—
ক) ৯৮ খ) ১০১ গ) ৯৯ ঘ) ১০০

১২. $১ + ৩ + ৫ + ...+ ২১$ সমান কত হবে?
ক) ১২২ খ) ১২০ গ) ১১৯ ঘ) ১২১

১৩. ৫ থেকে ৪৫ পর্যন্ত সংখ্যাগুলোর যোগফল কত?
ক) ১০৭৫ খ) ১০২৫ গ) ১০৩৫ ঘ) ১০৪৫
Hints : $\frac{৪৫(৪৫+১)}{২} - (১+২+৩+৪)$
$= ১০৩৫ - ১০$
$= ১০২৫$

১৪. $99 + 98 + 97 + ... + 40$ ধারাটির সমষ্টি —
ক) 4270 খ) 4150 গ) 4170 ঘ) 4165

১৮তম বিসিএস; গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক ২০০৬; পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা ২০০৬
উত্তর : গ

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন এডমিনিস্ট্রেশন অফিসার ও পার্সোনেল অফিসার ২০০৬
উত্তর : ঘ

পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা ২০০৬
উত্তর : ক

সমাজসেবা অধিদপ্তরের উপসহকারী পরিচালক/সহকারী ব্যবস্থাপক ২০০৫
উত্তর : ঘ

[illegible] সরকারী পরিদর্শক (প্রকৌশল) ২০০৫; [illegible] অধিদপ্তরে হিসাব ২০০৫
উত্তর : ঘ

সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৬
উত্তর : খ

সমাজসেবা অধিদপ্তরের সমাজকল্যাণ সংগঠন ২০০৫
উত্তর : গ

১৫. $2-4+8-16+$ ..... ধারাটির প্রথম সাতটি পদের সমষ্টি কত?
(ক) 80 (খ) 83 (গ) 84 (ঘ) 86

১৬. একটি সমান্তর ধারার প্রথম পদ 1, শেষ পদ 99 এবং সমষ্টি 2500 হলে ধারাটির সাধারণ অন্তর হবে-
(ক) 4 (খ) 2 (গ) 3 (ঘ) 6

১৭. $2+4+8+16+$ ..... ধারাটির n সংখ্যক পদের সমষ্টি 254 হলে n এর মান কত?
(ক) $n=4$ (খ) $n=5$ (গ) $n=6$ (ঘ) $n=7$

১৮. প্রথম n সংখ্যক বিজোড় স্বাভাবিক সংখ্যার সমষ্টি কত?
(ক) $(x+1)^2$ (খ) $\frac{n(n+1)}{2}$ (গ) n^2 (ঘ) n^2+1

১৯. $1+2+3+$ ..... $+50=?$
(ক) 1200 (খ) 1275 (গ) 1225 (ঘ) 1250

Hints: $1+2+3+$ ..... $+50$

$Sum = \frac{50(50+1)}{2}$ $\left(S=\frac{n(n+1)}{2}\right)$ $=1275.$

২০. $1+3+5+$ ..... $+(2n-1)$ ধারাটির যোগফল হবে—
(ক) $(2n-1)^2$ (খ) $\frac{n(n+1)}{2}$ (গ) n^2 (ঘ) $\left\{\frac{n(n+1)}{2}\right\}^2$

২১. পরপর দশটি সংখ্যার প্রথম ৫টির যোগফল ৫৬০ হলে শেষ ৫টির যোগফল কত?
(ক) ৫৮৫ (খ) ৫৮০ (গ) ৫৭৫ (ঘ) ৫৭০

২২. $9+7+5$ ..... ধারাটির প্রথম n-সংখ্যক পদের যোগফল -144 হলে $n=$ কত?
(ক) 16 (খ) 12 (গ) 14 (ঘ) 18

Hints: প্রথম পদ, $a=9$

সাধারণ অন্তর, $d=-2$

n পদের যোগফল $=-144$

বা, $\frac{n}{2}\{2a+(n-1)d\}=-144$

বা, $\frac{n}{2}\{(2.9+(n-1)(-2)\}=-144$

বা, $\frac{n}{2}(18-2n+2)=-144$

বা, $\frac{n}{2}(-2n+20)=-144$

বা, $-\frac{n}{2}\times 2(n-10)=-144$

বা, $n(n-10)=144$

বা, $n^2-10n-144=0$

বা, $n^2-18n+8n-144=0$

বা, $n(n-18)+8(n-18)=0$

বা, $(n-18)(n+8)=0$

হয় $n-18=0$ অথবা, $n+8=0$

বা, $n=18$ বা, $n=-8$

এখানে n-এর ঋণাত্মক মান গ্রহণযোগ্য নয়।

$\therefore n=18$

কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে ইনস্ট্রাক্টর (নন টেক) ২০০৫
উত্তর : ঘ

জাতীয় সংসদে সচিবালয়ে সহকারী গবেষণা অফিসার ২০০৫
উত্তর : খ

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট ২০০৫
উত্তর : ঘ

মাধ্যমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০০১
উত্তর : খ

তথ্য সংকেত পরিদপ্তরের সাইটার অফিসার ২০০৫; কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরের সহকারী পরিদর্শক (প্রকৌশল) ২০০৫
উত্তর : খ

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ডিফেন্স অধিদপ্তরের সহকারী সুপারিন্টেন্ডেন্ট অব স্যুটে ২০০৫
উত্তর : ক

সমবায় অধিদপ্তর ২০১৫; কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরের সহকারী পরিদর্শক (প্রকৌশল) ২০০৫
উত্তর : ক

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা, ব্যক্তিগত কর্মকর্তা ও কারাতত্ত্বাবধায়ক এবং নির্বাচন কমিশন সচিবালয়ের প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা ২০০৬
উত্তর : ঘ

২৩. $1+3+5+7+.....$ ধারাটির n সংখ্যক পদের সমষ্টি নির্ণয় করুন।

ক $\frac{n(n+1)(2n+1)}{6}$ খ $\left\{\frac{n(n+1)}{2}\right\}^2$

গ $\frac{n(n+1)}{2}$ ঘ n^2

পিএসসির সহকারী পরিচালক এবং পাসপোর্ট অ্যান্ড ইমিগ্রেশনে সহকারী পরিচালক ২০০৬
উত্তর : ঘ

Hints : প্রথম পদ, $a=1$

সাধারণ অন্তর, $d=2$

$\therefore$ n পদের সমষ্টি, $S=\frac{n}{2}\{2a+(n-1)d\}$

$=\frac{n}{2}\{2.1+(n-1).2\}$

$=\frac{n}{2}\{2+2n-2\}$

$=\frac{n}{2}\times 2n \quad =n^2$

২৪. $2+6+18+....$ ধারাটির আটটি পদের সমষ্টি নির্ণয় করুন।

ক 6560 খ 6550 গ 6540 ঘ 6530

বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন আমদানি-রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার ২০০৭; সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল) ২০০৭
উত্তর : ক

Hints : দেয়া আছে,

প্রথম পদ, $a=2$

সাধারণ অনুপাত, $q=\frac{6}{2}=3>1$ এবং $n=8$

প্রথম আটটি পদের সমষ্টি,

$S_8=a\times\frac{q^n-1}{q-1}=2\times\frac{3^8-1}{3-1}$

$=3^8-1=6561-1=6560$

২৫. $5+8+11+14+....$ ধারাটির কোন পদ 302?

ক 60 তম পদ খ 70 তম পদ গ 90 তম পদ ঘ 100 তম পদ

বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন আমদানি-রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার ২০০৭; সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল) ২০০৭
উত্তর : ঘ

Hints : দেয়া আছে, প্রথম পদ $a=5$

সাধারণ অন্তর, $d=8-5=3$

মনে করি, r-তম পদ $=302$

$\therefore a+(r-1)d=302$

$\Rightarrow 5+(r-1).3=302$

$\Rightarrow 5+3r-3=302$

$\Rightarrow 3r=302-5+3$

$\Rightarrow r=\frac{300}{3}$

$\therefore r=100$

$\therefore$ 100-তম পদ $=302$

২৬. $\log 2+\log 4+\log 8+.....$ ধারাটির প্রথম দশটি পদের সমষ্টি কত?

ক $45\log 2$ খ $55\log 2$ গ $65\log 2$ ঘ $75\log 2$

২৫তম বিসিএস
উত্তর : খ

Hints : $\log 2+\log 4+\log 8+.....$

$=\log 2+\log 2^2+\log 2^3+.....$

$=\log 2^{(1+2+3+.....)}$

$=\log 2^{\left\{\frac{10(10+1)}{2}\right\}}$ $\left[\because 1+2+3+.....+n=\frac{n(n+1)}{2}\right]$

$=\log 2^{55}=55\log 2$

২৭. $\frac{1}{3}+\frac{1}{3^2}+\frac{1}{3^3}+$ ..... অনন্ত ধারার মান কত হবে?

ক $\frac{4}{3}$ খ $\frac{1}{2}$ গ $\frac{2}{3}$ ঘ $\frac{3}{2}$

Hints : দেয়া আছে, ধারার ১ম পদ, $a = \frac{1}{3}$ এবং সাধারণ অনুপাত, $r = \frac{1}{3}$

$\therefore$ ধারাটির অসীমতক সমষ্টি, $s = \frac{a}{1-r}$

$= \frac{\frac{1}{3}}{1-\frac{1}{3}}$

$= \frac{1}{2}$

৬ষ্ঠ প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১০
উত্তর : খ

২৮. $১+\frac{১}{২}+\frac{১}{৪}+\frac{১}{৮}+$ ..... ধারাটির অসীমতক সমষ্টি নির্ণয় কর।

ক ২ খ $\frac{১}{২}$ গ ৩ ঘ $\frac{১}{৪}$

Hints : ধারাটির ১ম পদ, $a = ১$ এবং সাধারণ অনুপাত, $r = \frac{১}{২}$

অসীমতক সমষ্টি $= \frac{১}{১-\frac{১}{২}} = \frac{১}{\frac{১}{২}} = ২$ [সূত্র : $\frac{a}{1-r}, r<1$]

বাংলাদেশ রেলওয়ের জুনিয়র অডিটর
উত্তর : ক

২৯. $1+\frac{1}{3}+\frac{1}{9}+\frac{1}{27}+\ldots$ ধারাটি প্রথম পাঁচটির সমষ্টি কত?

ক $\frac{121}{80}$ খ $\frac{121}{81}$ গ $\frac{121}{49}$ ঘ $\frac{49}{121}$

মাধ্যমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০০১
উত্তর : খ

৩০. $1^3+2^3+3^3+4^3+$ ..... $+(20)^3$ = কত?

ক 44000 খ 44100
গ 44200 ঘ উপরের কোনোটিই সত্য নয়

উত্তর : ঘ

৩১. $১^২+২^২+৩^২+$ ..... $+৫০^২$ = কত?

ক ৩৫৭২৫ খ ৪২৯২৫ গ ৪৫৫০০ ঘ ৪৭২২৫

Hints : আমরা জানি, n সংখ্যক স্বাভাবিক সংখ্যার বর্গের সমষ্টি $= \frac{n(n+1)(2n+1)}{6}$

$\therefore ১^২+২^২+৩^২+\ldots\ldots+৫০^২ = \frac{৫০\times৫১\times১০১}{৬} = ৪২৯২৫$

২৭তম বিসিএস
উত্তর : খ

৩২. $1^2+2^2+3^2+\ldots+(40)^2$ = কত?

ক 22130 খ 22140 গ 22150 ঘ 22160

Hints : $1^2+2^2+3^2+\ldots\ldots+(40)^2$

$= \frac{40(40+1)(2.40+1)}{6} = \frac{40\times41\times81}{6} = 22140$

সূত্র : $\left[1^2+2^2+\ldots+n^2 = \frac{n(n+1)(2n+1)}{6}\right]$

পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা ২০০৬
উত্তর : খ

৩৩. $১^২+৩^২+৫^২+$ ..... $+৩১^২$ সমান কত?,

ক ২৫৮ খ ২৫৬ গ ২৫৪ ঘ ২৫২

[Note : প্রশ্নটিতে ভুল রয়েছে। ধারাটিতে বর্গ না থাকলে উত্তর ২৫৬ হতো।]

২৪তম বিসিএস; সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সমাজসেবা অফিসার ২০০৬
উত্তর : খ

Hints : পদসংখ্যা = $\frac{\text{শেষপদ} - \text{১মপদ}}{\text{সাধারণ অন্তর}} + ১ = \frac{৩০}{২} + ১ = ১৬$

$\therefore$ যোগফল = $\frac{(১ + ৩১) \times ১৬}{২} = ২৫৬$

৩৪. $1^3 + 2^3 + 3^3 + ... + n^3$ = কত?

ক $\frac{n(n+1)}{2}$ খ $\left\{\frac{n(n+1)}{2}\right\}^2$ গ $\frac{n(n+1)(2n+1)}{6}$ ঘ $\frac{n(n+1)^2}{4}$

Hints : আমরা জানি, প্রথম n সংখ্যক স্বাভাবিক সংখ্যার ঘনের সমষ্টি অর্থাৎ

$1^3 + 2^3 + 3^3 + ... + n^3 = \left\{\frac{n(n+1)}{2}\right\}^2$ (সূত্র)

৩৫. $1^3 + 2^3 + 3^3 + ... + 10^3$ = কত?

ক 3025 খ 2530 গ 2540 ঘ 2545

৩৬. $1^3 + 2^3 + 3^3 + 4^3 + ... + (30)^3$ = কত?

ক 216225 খ 216215 গ 216115 ঘ 216105

Hints : $1^3 + 2^3 + 3^3 + 4^3 + ... + (30)^3 = \left\{\frac{30(30+1)}{2}\right\}^2 = 216225$

[সূত্র : $1^3 + 2^3 + ... n^3 = \left\{\frac{n(n+1)}{2}\right\}^2$]

৩৭. $1^3 + 2^3 + 3^3 + ... + (60)^3$ = কত?

ক 3348300 খ 3348600 গ 3348800 ঘ 3348900

৩৮. Find the average of all whole numbers between 1 and 100 that end in 3.

ক 44 খ 45 গ 46 ঘ 47 ঙ None of them

Hints : The sum of the numbers

$= 3 + 13 + 23 + 33 + ... + 93$

Here, $d = 10$

$n = \frac{93-3}{10} + 1 = 10$

$a = 3$

$S = \frac{n}{2}\{2a + (n-1)d\}$

$= \frac{10}{2}\{2 \times 3 + (10-1) \times 10\}$

$= 480$

$\therefore$ Average $= \frac{480}{10} = 48$

৩৯. log 11 + log 121 + log 1331 + ... ধারাটির প্রথম দশটি পদের সমষ্টি কত?

ক 45 log 11 খ 55 log 11 গ 36 log 11 ঘ 66 log 11

Hints : $\log 11 + \log 121 + \log 1331 + ...$

$= \log 11 + \log 11^2 + \log 11^3 + ... \log 11^{10}$

$= \log 11 + 2 \log 11 + 3 \log 11 + ...10 \log$

$= (1 + 2 + 3 + ... 10) \log 11$

$= \frac{10(10+1)}{2} \log 11$

$= 55 \log 11$ (Ans.)

$\because 1 + 2 + 3 + ... + n = \frac{n(n+1)}{2}$

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তরের শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল) ২০০৭
উত্তর : খ

সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার (ATEO) ২০১০
উত্তর : ক

পিএসসির সহকারী পরিচালক এবং পাসপোর্ট অ্যান্ড ইমিগ্রেশনে সহকারী পরিচালক ২০০৬
উত্তর : ক

আনসার ও ভিডিপি অধিদপ্তরে সার্কেল অ্যাডজুটেন্ট ২০০৫
উত্তর : ঘ

Pubali Bank Ltd. Senior Officer/Officer 2011
উত্তর : ঙ

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা, ব্যক্তিগত কর্মকর্তা ও কারাতত্ত্বাবধায়ক এবং নির্বাচন কমিশন সচিবালয়ের প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা ২০০৬
উত্তর : খ

অধ্যায় ১৭

বিবিধ

MISCELLANEOUS

Question Bank as Self Test

রোমান সংখ্যা ও অন্যান্য (Roman Number & Others)

১. রোমান সংখ্যা MMMDCCLXXVII = ?

ক ৩৭৭৭৭ খ ৩৩৩৭৭৭ গ ৩৩৩৫৭৭ ঘ ৩৭৭ ঙ কোনোটিই নয়

Hints : $M = ১০০০ \therefore MMM = ১০০০ \times ৩ = ৩০০০$

$D = ৫০০$

$C = ১০০ \therefore CC = ১০০ \times ২ = ২০০$

$L = ৫০$

$X = ১০ \therefore XX = ১০ \times ২ = ২০$

$V = ৫, I = ১ \therefore II = ১ \times ২ = ২$

$\therefore MMMDCCLXXVII = ৩০০০ + ৫০০ + ২০০ + ৫০ + ২০ + ৫ + ২ = ৩৭৭৭$

ডাক অধিদপ্তরে উপজেলা পোস্ট মাস্টার ২০১০
উত্তর : ঙ

২. $\sqrt{10\sqrt{10\sqrt{10\sqrt{10}}}}$ —— α-এর মান কত?

ক 0 বা 10 খ 0 বা 9 গ 0 বা 8 ঘ কোনোটিই নয়

সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার ২০১০
উত্তর : ক

৩. x যদি –1 হয়, তাহলে $3x^3 + 2x^2 + x + 1 =$

ক –5 খ 1 গ –1 ঘ 2

Hints : দেয়া আছে, $x = -1$

$\therefore 3x^3 + 2x^2 + x + 1$

$= 3(-1)^3 + 2(-1)^2 + (-1) + 1$

$= -3 + 2 - 1 + 1$

$= -1$

বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস কমিশন গৃহীত সহকারী জজ প্রিলিমিনারি টেস্ট ২০০৯
উত্তর : গ

৪. $a = 8, b = 6, x = \frac{1}{2}$ এবং $y = 4$ হলে $ax + 2b - 2xy$-এর মান কত?

ক 12 খ 9 গ 7 ঘ 6

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০১০
উত্তর : ক

৫. $\frac{5x-7}{(x-1)(x-2)}$ কে আংশিক ভগ্নাংশে প্রকাশ কর ঃ

ক $\frac{1}{x-1}+\frac{1}{x-2}$ খ $\frac{2}{x-1}-\frac{3}{x-2}$ গ $\frac{2}{x-1}+\frac{3}{x-2}$ ঘ $\frac{3}{x-1}+\frac{2}{x-2}$

কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে কারিগরি শিক্ষা জুনিয়র ইন্সট্রাক্টর ২০০৫
উত্তর : গ

ভেক্টর (Vector)

৬. $\vec{a} = 2\hat{i} + \hat{j} + \hat{k}$ এবং $\vec{b} = \hat{i} - \hat{j} + 2\hat{k}$ ভেক্টরদ্বয়ের মধ্যবর্তী কোণ θ নির্ণয় করুন।

ক $\theta = 30°$ খ $\theta = 45°$ গ $\theta = 60°$ ঘ $\theta = 90°$

পিএসসির সহকারী পরিচালক এবং পাসপোর্ট অ্যান্ড ইমিগ্রেশনে সহকারী পরিচালক ২০০৬
উত্তর : গ

Hints : *দেয়া আছে,* $\vec{a} = 2\hat{i} + \hat{j} + \hat{k}$

এবং $\vec{b} = \hat{i} - \hat{j} + 2\hat{k}$

$\therefore \vec{a}.\vec{b} = (2\times1) - (1\times1) + (1\times2) = 2 - 1 + 2 = 3$

$|\vec{a}|.|\vec{b}| = \sqrt{2^2+1^2+1^2}.\sqrt{1^2+(-1)^2+2^2}$

$= \sqrt{6}.\sqrt{6} = 6$

আমরা জানি, $\vec{a}.\vec{b} = |\vec{a}|.|\vec{b}| = \cos\theta$

$\Rightarrow \cos\theta = \frac{\vec{a}.\vec{b}}{|\vec{a}|.|\vec{b}|} = \frac{3}{6} = \frac{1}{2} = \cos 60°$

$\therefore \theta = 60°$

৭. $\vec{a} = 2\hat{i} + \hat{j} - 3\hat{k}$ এবং $\vec{b} = 3\hat{i} - 2\hat{j} - \hat{k}$ ভেক্টর দুটির অন্তর্ভুক্ত কোণ θ-এর মান নির্ণয় করুন।

ক $\theta = 30°$ খ $\theta = 45°$ গ $\theta = 60°$ ঘ $\theta = 90°$

শ্রম অধিদপ্তরের দ্বিতীয় শ্রেণীভুক্ত শ্রম কর্মকর্তা এবং জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা ২০০৪
উত্তর : গ

৮. $\hat{i}\times(\underline{a}\times\hat{i}) + \hat{j}\times(\underline{a}\times\hat{j}) + \hat{k}\times(\underline{a}\times\hat{k})$ = কত? যেখানে $\hat{i}, \hat{j}, \hat{k}$ একক ভেক্টর এবং $a = a_1\hat{i} + (a_2\hat{j} + a_3\hat{k})$

ক $\underline{a}$ খ $2\underline{a}$ গ $3\underline{a}$ ঘ 0

বাংলাদেশ টেলিভিশন-এর প্রযোজক ২০০৬
উত্তর : ঘ

Hints : $\hat{i}\times(\underline{a}\times\hat{i}) + \hat{j}\times(\underline{a}\times\hat{j}) + \hat{k}\times(\underline{a}\times\hat{k})$ *এবং*

$a = a_1\hat{i} + a_2\hat{j} + a_3\hat{k}$

ক্রস গুণনের ক্ষেত্রে,

$\hat{i}\times\hat{i} = \hat{j}\times\hat{j} = \hat{k}\times\hat{k} = 0$

$\hat{j}\times\hat{j} = \hat{k}$

$\hat{j}\times\hat{k} = \hat{i}$

$\hat{k}\times\hat{i} = \hat{j}$

উপরিউক্ত সম্পর্ক ব্যবহার করে পাই,

$\hat{i}\times(\underline{a}\times\hat{i}) + \hat{j}\times(\underline{a}\times\hat{j}) + \hat{k}\times(\underline{a}\times\hat{k}) = 0$

৯. $\underline{u} = 2\hat{i} + \hat{j} - \hat{k}$ এবং $v = \hat{i} - \hat{j} + 2\hat{k}$ হলে উভয় ভেক্টরের ওপর লম্ব একক ভেক্টর কত হবে?

ক $\frac{1}{\sqrt{35}}(\hat{i} + 5\hat{j} + 3\hat{k})$ খ $\frac{1}{\sqrt{35}}(\hat{i} + 5\hat{j} - 3\hat{k})$

গ $\frac{1}{\sqrt{35}}(\hat{i} - 5\hat{j} + 3\hat{k})$ ঘ $\frac{1}{\sqrt{35}}(\hat{i} - 5\hat{j} - 3\hat{k})$

বাংলাদেশ টেলিভিশন-এর প্রযোজক ২০০৬
উত্তর : ঘ

১০. যদি $\underline{u} = \hat{i} + \hat{j} + \hat{k}$ এবং $\underline{v} = \lambda^2\hat{i} - 2\lambda\hat{j} + \hat{k}$ ভেক্টর দুটি পরস্পর লম্ব হয়, তবে λ এর মান কত?

(ক) 0 (খ) 1 (গ) −1 (ঘ) $\frac{1}{\sqrt{2}}$

Hints: $\underline{u} = \hat{i} + \hat{j} + \hat{k}$, $\underline{v} = \lambda^2\hat{i} - 2\lambda\hat{j} + \hat{k}$

ভেক্টর দুটি লম্ব হলে, এদের ডট প্রোডাক্ট শূন্য হবে।

$\therefore \underline{u}.\underline{v} = 0$

বা, $(\hat{i} + \hat{j} + \hat{k}).(\lambda^2\hat{i} - 2\lambda\hat{j} + \hat{k}) = 0$

বা, $(\lambda^2 - 2\lambda + 1) = 0$

বা, $(\lambda - 1)^2 = 0$

বা, $\lambda - 1 = 0$

$\therefore \lambda = 1$

জাতীয় সংসদে প্রশাসনিক কর্মকর্তা ও প্রটোকল অফিসার ২০০৬
উত্তর : খ

১১. শূন্যে অবস্থিত একটি বাক্সের আয়তন নির্ণয় করুন যার তিনটি কিনারাকে নিচের তিনটি ভেক্টর দ্বারা প্রকাশ করা যায় :—

$\underline{u} = 2\hat{i} - 3\hat{j} + 4\hat{k}, \underline{v} = \hat{i} + 2\hat{j} - \hat{k}, \underline{w} = 3\hat{i} - \hat{j} + 2\hat{k}$

(ক) 3 ঘন একক (খ) 5 ঘন একক (গ) 7 ঘন একক (ঘ) 9 ঘন একক

Hints: $\underline{u}$, $\underline{v}$ ও $\underline{w}$ দ্বারা কোনো আয়তাকার ঘনবস্তুর তিনটি বাহু নির্দেশ করা হলে তার আয়তন = $\underline{u}.(\underline{v} \times \underline{w})$

এখানে, $\underline{v} \times \underline{w}$

$= (\hat{i} + 2\hat{j} - \hat{k} \times (3\hat{i} - \hat{j} + 2\hat{k})$

$$= \begin{vmatrix} \hat{i} & \hat{j} & \hat{k} \\ 1 & 2 & -1 \\ 3 & -1 & 2 \end{vmatrix}$$

$= \hat{i}(4-1) + \hat{j}(-3-2) + \hat{k}(-1-6) = 3\hat{i} - 5\hat{j} - 7\hat{k}$

$\therefore \underline{u}.(\underline{v} \times \underline{w})$

$= (2\hat{i} - 3\hat{j} + 4\hat{k}).(3\hat{i} - 5\hat{j} - 7\hat{k})$

$= 2 \times 3 + (-3)(-5) + 4(-7) = 6 + 15 - 28 = -7$

কিন্তু আয়তন ঋণাত্মক হতে পারে না।

$\therefore$ *আয়তন = 7 ঘন একক।*

জাতীয় সংসদে প্রশাসনিক কর্মকর্তা ও প্রটোকল অফিসার ২০০৬
উত্তর : গ

১২. নিচের কোন ভেক্টরগুলো যোগাশ্রয়ী নির্ভরশীল?

(ক) (1, 0, 0), (0,1, 0), (0, 0, 1) (খ) (1, 2, 3), (0, 1, 2), (1, 0, 0)
(গ) (1, 2, 3), (1, 0, 0), (0, 1, 0), (0, 0, 1) (ঘ) (2, 3, 5), (4, 3, 5), (0,1, 0)

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ জরিপ অধিদপ্তরের সহকারী সুপারিনটেনডেন্ট অব সার্ভে ২০০৫
উত্তর : ক

জটিল সংখ্যা (Complex Number)

১৩. −2i এর বর্গমূল কোনটি?

(ক) 1 (খ) −1 (গ) ± (1 − i) (ঘ) ± (1 + i)

সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৯
উত্তর : গ

১৪. একের ঘনমূল নির্ণয় করুন।

(ক) $-1 - \frac{1}{3} \pm \frac{1}{\sqrt{3}}$ (খ) $1 - \frac{1}{2} \pm \frac{\sqrt{3}}{2}$ (গ) $\frac{1}{2}, \frac{1}{2} \pm \frac{1}{\sqrt{2}}$ (ঘ) $\frac{1}{3}, +1 \pm 1$

অবস্থাপনা অধিদপ্তরের অধীন সহকারী অবস্থাপনাবিদ পদে নিয়োগ পরীক্ষা ২০০৪
উত্তর : খ

১৫. যদি $a=\frac{1}{2}\left(-1+i\sqrt{3}\right)$ এবং $b=\frac{1}{2}\left(-1-i\sqrt{3}\right)$ হয়, তবে $a^6+b^6=$ কত?

ক 1 খ 2 গ −1 ঘ −2

Hints : আমরা জানি, এককের তিনটি ঘনমূল হচ্ছে যথাক্রমে 1, $\frac{1}{2}(-1+i\sqrt{3}), \frac{1}{2}(-1-i\sqrt{3})$; যেখানে 1 হচ্ছে বাস্তব ঘনমূল এবং বাকী দুটো অবাস্তব ঘনমূল।

অবাস্তব ঘনমূলদ্বয়ের একটি ω হলে অপরটি ω^2 হবে।

আমরা জানি, এককের অবাস্তব ঘনমূলদ্বয়ের গুণফল 1।

অর্থাৎ $\omega.\omega^2=1$

$\Rightarrow \omega^3=1$

এখন, a^6+b^6

$=\left\{\frac{1}{2}(-1+i\sqrt{3}\right\}^6+\left\{\frac{1}{2}(-1-i\sqrt{3})\right\}^6$

$=\omega^6+(\omega^2)^6$ বা $(\omega^2)^6+\omega^6$

$=(\omega^3)^2+(\omega^3)^4$ বা $(\omega^3)^4+(\omega^3)^2$

$=1^2+1^4$ বা, 1^4+1^2

$=2$ বা 2

অর্থাৎ উভয় ক্ষেত্রেই মান 2 হয়।

১৬. যদি $a=\frac{1}{2}\left(-1+i\sqrt{3}\right)$ এবং $b=\frac{1}{2}\left(-1-i\sqrt{3}\right)$ হয়, তাহলে $a^4+a^2b^2+b^4=$ কত?

ক 0 খ 1

গ $\frac{\sqrt{3}}{2}$ ঘ $-\frac{1}{2}$

Hints : আমরা জানি, এককের তিনটি ঘনমূল হচ্ছে–

$1, \frac{1}{2}\left(-1+i\sqrt{3}\right), \frac{1}{2}\left(-1-i\sqrt{3}\right)$ যেখানে $i=\sqrt{-1}$.

এককের অবাস্তব ঘনমূলদ্বয়ের যে কোনো একটি ω হলে অপরটি ω^2 হবে। সুতরাং এককের ঘনমূল তিনটি হচ্ছে $1, \omega, \omega^2$

তাহলে, $a=\omega$ ধরলে $b=\omega^2$ হবে।

আমরা জানি, $1+\omega+\omega^2=0$

এবং $\omega^3=1$.

তাহলে, $a^4+a^2b^2+b^4$

$=(\omega)^4+(\omega)^2(\omega^2)^2+(\omega^2)^4$

$=\omega^4+\omega^2.\omega^4+\omega^8$

$=\omega^4(\omega+1+\omega^2)=\omega^4(1+\omega+\omega^2)$

$=\omega^4\times 0=0.$

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক ২০০৭ উত্তর : খ

জাতীয় সংসদে প্রশাসনিক কর্মকর্তা ও প্রটোকল অফিসার ২০০৬ উত্তর : ক

ম্যাট্রিক্স (Matrix)

১৭. মান নির্ণয় করুন : $\begin{vmatrix} 1 & 2 & 2 \\ 4 & 5 & 6 \\ 7 & 8 & 9 \end{vmatrix}$

ক 2 খ 1 গ −1 ঘ 3

বাংলাদেশ টেলিভিশন-এর প্রযোজক ২০০৬
উত্তর : ঘ

Hints : $\begin{vmatrix} 1 & 2 & 2 \\ 4 & 5 & 6 \\ 7 & 8 & 9 \end{vmatrix} = 1(45-48) - 2(36-42) + 2(32-35)$

$= -3 + 12 - 6 = 3$

১৮. মান নির্ণয় করুন : $\begin{vmatrix} 1 & 2 & 3 \\ 4 & 5 & 6 \\ 7 & 8 & 9 \end{vmatrix}$

ক 0 খ 1 গ 10 ঘ 100

শ্রম অধিদপ্তরের দ্বিতীয় শ্রেণীভুক্ত শ্রম কর্মকর্তা এবং জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা ২০০৪
উত্তর : ক

১৯. $A = \begin{bmatrix} 1 & 0 \\ 0 & 5 \end{bmatrix}$ এবং $B = \begin{bmatrix} 5 & 0 \\ 2 & 1 \end{bmatrix}$ হলে কোনটি সত্য?

ক $AB \neq BA$ খ $AB = BA$ গ $AB = -BA$ ঘ $BA = B$

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ জরিপ অধিদপ্তরের সহকারী সুপারিনটেনডেন্ট অব সার্ভে ২০০৫
উত্তর : ক

২০. $A = \begin{bmatrix} 2 & 5 \\ 1 & 3 \end{bmatrix}$ ম্যাট্রিক্সের বিপরীত ম্যাট্রিক্স A^{-1} নির্ণয় করুন।

ক $A^{-1} = \begin{bmatrix} 3 & -2 \\ -1 & 2 \end{bmatrix}$ খ $A^{-1} = \begin{bmatrix} 3 & -5 \\ -1 & 2 \end{bmatrix}$ গ $A^{-1} = \begin{bmatrix} 3 & -2 \\ 1 & 2 \end{bmatrix}$ ঘ $A^{-1} = \begin{bmatrix} 3 & -4 \\ 1 & 2 \end{bmatrix}$

বাংলাদেশ টেলিভিশন-এর প্রযোজক ২০০৬
উত্তর : খ

Hints : $A = \begin{bmatrix} 2 & 5 \\ 1 & 3 \end{bmatrix}$

সূত্র : $A = \begin{bmatrix} x & a \\ b & y \end{bmatrix}, A^{-1} = \frac{1}{xy - ab}\begin{bmatrix} y & -a \\ -b & x \end{bmatrix}$

$\therefore A^{-1} = \frac{1}{2.3 - 5.1}\begin{bmatrix} 3 & -5 \\ -1 & 2 \end{bmatrix} = \begin{bmatrix} 3 & -5 \\ -1 & 2 \end{bmatrix}$

২১. $\begin{pmatrix} 3 & 2 & -1 \\ 1 & 3 & 5 \\ -1 & -2 & 0 \end{pmatrix}\begin{pmatrix} 1 & 0 & 0 \\ 0 & 1 & 0 \\ 0 & 0 & 1 \end{pmatrix} =$ কত?

ক $\begin{pmatrix} 1 & 0 & 0 \\ 0 & 1 & 0 \\ 0 & 0 & 1 \end{pmatrix}$ খ $\begin{pmatrix} 3 & 2 & -1 \\ 1 & 3 & 5 \\ 1 & 2 & 0 \end{pmatrix}$ গ $\begin{pmatrix} 3 & 2 & -1 \\ 1 & 3 & 5 \\ -1 & -2 & 0 \end{pmatrix}$ ঘ $\begin{pmatrix} 3 & 2 & -1 \\ 1 & 3 & 5 \\ -1 & 2 & 0 \end{pmatrix}$

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তরের উপজেলা সমাজসেবা অফিসার ২০০৬
উত্তর : গ

Hints : $\begin{bmatrix} 3 & 2 & -1 \\ 1 & 3 & 5 \\ -1 & -2 & 0 \end{bmatrix}\begin{bmatrix} 1 & 0 & 0 \\ 0 & 1 & 0 \\ 0 & 0 & 1 \end{bmatrix}$

$= \begin{bmatrix} 3+0+0 & 0+2+0 & 0+0-1 \\ 1+0+0 & 0+3+0 & 0+0+5 \\ -1+0+0 & 0-2+0 & 0+0+0 \end{bmatrix}$

$= \begin{bmatrix} 3 & 2 & -1 \\ 1 & 3 & 5 \\ -1 & -2 & 0 \end{bmatrix}$

ক্যালকুলাস (Calculus)

২২. $\int \frac{1}{x^2} dx$ এর মান কত?

ক $-\frac{1}{x}+c$ খ $\frac{1}{x}+c$ গ $x^{-2}+c$ ঘ $\ln|x|+c$

বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক ২০১৪
উত্তর : ক

Hints : ধরি, $I = f\frac{1}{x^2}dx$

$= fx^{-2}dx$

$= \left[\frac{x^{-2+1}}{-2+1}\right]+c$

$= -x^{-1}+c$

$= -\frac{1}{x}+c$

২৩. $\lim_{x\to 1}\frac{x^2-1}{x+1}$ -এর মান–

ক 1 খ 0 গ 2 ঘ অনির্ণেয়

পরিকল্পনা মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক ২০০৬
উত্তর : খ

Hints : $\lim_{x\to 1}\frac{x^2-1}{x+1}$

$= \lim_{x\to 1}\frac{(x+1)(x-1)}{(x+1)}$

$= \lim_{x\to 1}(x-1)$

$= (1-1) = 0$

২৪. $\lim_{x\to 0}\frac{1-\cos x}{x^2}$ -এর মান কত?

ক $\frac{1}{2}$ খ $-\frac{1}{2}$ গ 1 ঘ 0

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ জরিপ অধিদপ্তরের সহকারী সুপারিনটেনডেন্ট অব সার্ভে ২০০৫
উত্তর : ক

২৫. x^3-এর অন্তরক সহগ হবে–

ক 6x খ $3x^2$ গ 3x ঘ $6x^2$

পরিকল্পনা মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক ২০০৬
উত্তর : খ

Hints : $\frac{d}{dx}(x^3) = 3x^{3-1} = 3x^2$ $\left[\text{সূত্র}: \frac{d}{dx}(x^n) = nx^{n-1}\right]$

২৬. $y = ax^2 + bx + c$-এর অন্তরক সমীকরণ হবে—

ক $\frac{d^3y}{dx^3}=0$ খ $\frac{d^2y}{dx^2}+2a=0$ গ $\frac{dy}{dx}+2ax-b=0$ ঘ $\frac{d^3y}{dx^3}+\frac{d^2y}{dx^2}+\frac{dy}{dx}-2ay=0$

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ জরিপ অধিদপ্তরের সহকারী সুপারিনটেনডেন্ট অব সার্ভে ২০০৫
উত্তর : গ

২৭. $y = \tan^{-1}\sqrt{\left(\frac{1-x}{1+x}\right)}$ হলে $\frac{dy}{dx}$ = কত?

ক $\frac{1}{\sqrt{1-x^2}}$ খ $-\frac{1}{2}\frac{1}{\sqrt{1-x^2}}$ গ $\frac{1}{2}\frac{1}{\sqrt{1-x^2}}$ ঘ $-\frac{1}{\sqrt{1-x^2}}$

বাংলাদেশ টেলিভিশন-এর প্রযোজক ২০০৬
উত্তর : খ

Hints : $y = \tan^{-1}\sqrt{\frac{1-x}{1+x}}$

মনে করি, $x = \cos\theta$

$y = \tan^{-1}\sqrt{\frac{1-\cos\theta}{1+\cos\theta}} = \tan^{-1}\sqrt{\frac{2\sin^2\frac{\theta}{2}}{2\cos^2\frac{\theta}{2}}}$

$= \tan^{-1}\tan\frac{\theta}{2} = \frac{\theta}{2} = \frac{1}{2}\cos^{-1}x.$

$\therefore \frac{dy}{dx} = \frac{1}{2}\cdot\frac{d}{dx}\cos^{-1}x$

$= \frac{1}{2}\left(-\frac{1}{\sqrt{1-x^2}}\right)$

$= -\frac{1}{2}\frac{1}{\sqrt{1-x^2}}$

২৮. $x = a, y = b$ এবং $y = f(x)$ দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল—

ক $\int_a^b y^2 dx$ খ $\int_0^b dx$ গ $\int_0^a f(x)dx$ ঘ $\int_a^b f(x)dx$

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ জরিপ অধিদপ্তরের সহকারী সুপারিনটেনডেন্ট অব সার্ভে ২০০৫
উত্তর : ঘ

২৯. $u = x^3 + y^3 + z^3 + 3xyz$ হলে $x\frac{\partial u}{\partial x} + y\frac{\partial u}{\partial y} + z\frac{\partial u}{\partial z} =$ কত?

ক u খ $2u$ গ $4u$ ঘ $3u$

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ জরিপ অধিদপ্তরের সহকারী সুপারিনটেনডেন্ট অব সার্ভে ২০০৫
উত্তর : ঘ

৩০. যদি $x_r = \cos\frac{p}{3^r} + i\sin\frac{p}{3^r}$ হয়, তাহলে $x_1x_2x_3$ ..... অসীম পর্যন্ত = কত?

ক 0 খ 1 গ −1 ঘ i

জাতীয় সংসদে প্রশাসনিক কর্মকর্তা ও প্রটোকল অফিসার ২০০৬
উত্তর : ঘ

পরিসংখ্যান (Statistics)

৩১. একটি ছক্কাকে একবার নিক্ষেপ করা হলে, 2 থেকে বড় সংখ্যা পাবার সম্ভাবনা কত?

ক $\frac{1}{2}$ খ $\frac{1}{3}$ গ $\frac{5}{6}$ ঘ $\frac{2}{3}$

বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক ২০১৪
উত্তর : ঘ

Hints : সম্ভাব্যতা $= \frac{\text{অনুকূল নমুনা বিন্দুর সংখ্যা}}{\text{মোট নমুনা বিন্দুর সংখ্যা}}$

$= \frac{4}{6} = \frac{2}{3}$

৩২. If a coin is tossed once, what is the probability of getting a "HEAD"?

ক 0.5 খ 1 গ 0.25 ঘ 2 ঙ None

Hints : *For tossing a coin, two outcome may arise i.e HEAD or TAIL.*

Here, Sample space, s = { H, T}

$\therefore$ *Probability of getting a 'HEAD'* $= \frac{1}{2} = 0.5$

$\left[\because \text{Probability} = \frac{\text{Favourable outcome}}{\text{Total outcome}}\right]$

পেট্রোবাংলার বাখরাবাদ গ্যাস সিস্টেম লি.-এর সহকারী কর্মকর্তা (সাধারণ) ২০০৬
উত্তর : ক

৩৩. প্রদত্ত উপাত্তসমূহের প্রচুরক নির্ণয় করুন :

শ্রেণি	ঘটনা সংখ্যা
31 – 40	4
41 – 50	6
51 – 60	8
61 – 70	12
71 – 80	9
81 – 90	7
91 – 100	4

ক 67.61 খ 66.71 গ 65.71 ঘ 66.17

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা পরিদপ্তরে উপতত্ত্বাবধায়ক ২০০৫
উত্তর : ঘ

Hints : আমরা জানি, প্রচুরক $= l_1 + \frac{\Delta_1}{\Delta_1 + \Delta_2} \times h$

এখানে, l_1 = প্রচুরক শ্রেণীর (modal class = 61 – 70) নিম্নসীমা = 61

h = প্রচুরক শ্রেণীর আকার (width) = 9

Δ_1 = প্রচুরক শ্রেণী ও পূর্ব-প্রচুরক শ্রেণীর (pre-modal class) ঘটন সংখ্যার পার্থক্য = 4

Δ_2 = পরবর্তী প্রচুরক (post-modal class) ও প্রচুরক শ্রেণীর ঘটন সংখ্যার পার্থক্য = 3

প্রচুরক = $61 + \frac{4}{4+3} \times 9 = 61 + \frac{36}{7} = 66.14$

৩৪. প্রদত্ত উপাত্তসমূহের মধ্যমা নির্ণয় করুন :

বয়স (বছর)	ছাত্র সংখ্যা
5 – 6	25
7 – 8	27
9 – 10	28
11 – 12	31
13 – 14	29
15 – 16	28
17 – 18	22

ক 12.976 খ 12.967 গ 11.967 ঘ 11.567

Hints :

বয়স (বছর)	ঘটন সংখ্যা (Frequency)	যোজিত ঘটন সংখ্যা (Cumulative Freq)
5 – 6	25	25
7 – 8	27	52
9 – 10	28	80
11 – 12	31	111
13 – 14	29	140
15 – 16	28	164
17 – 18	22	190

আমরা জানি, মধ্যমা = $l_1 + \frac{\frac{N}{2} - f_c}{f_m} \times h$

এখানে, l_1 = মধ্যমা শ্রেণীর (11 – 12) নিম্নসীমা = 11

h = মধ্যমা শ্রেণীর আকার (width) = 1

f_c = মধ্যমা শ্রেণীর ঘটন সংখ্যা (frequency) = 31

f_m = পূর্ব-মধ্যমা শ্রেণীর (pre-modal class) যোজিত ঘটনসংখ্যা = 80

N = মোট ঘটনসংখ্যা = 3

মধ্যমা = $11 + \frac{95-31}{8}$

$= \frac{59}{5}$

$= 11.8$

৩৫. যদি y = 2x+3 হয়, তবে x ও y এর সংশ্লেষাঙ্ক (Coefficient of correlation) হবে–

ক –1 খ 0 গ 1 ঘ .8

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা পরিদপ্তরে উপতত্ত্বাবধায়ক ২০০৫
উত্তর : গ

উপজেলা/থানা শিক্ষা অফিসার ১৯৯৯
উত্তর : গ

জ্যামিতি
Geometry
3

জ্যামিতির জনক ইউক্লিড

'জ্যামিতি' গণিত শাস্ত্রের একটি প্রাচীন শাখা। ব্যুৎপত্তিগতভাবে 'জ্যামিতি' শব্দের অর্থ 'ভূমি পরিমাপ'। কৃষিভিত্তিক সভ্যতার যুগে পরিমাপের সমস্যা সমাধানের প্রয়োজনেই জ্যামিতির সৃষ্টি হয়েছিল। তবে জ্যামিতি আজকাল কেবল ভূমি পরিমাপের জন্যই ব্যবহৃত হয় না বরং বহু জটিল বৈজ্ঞানিক ও গাণিতিক সমস্যা সমাধানে ও ব্যাখ্যাদানে জ্যামিতিক জ্ঞান অপরিহার্য। প্রাচীন মিশরে সর্বপ্রথম জ্যামিতির আলোচনা শুরু হলেও আনুমানিক খ্রিস্টপূর্ব ৩০০ অব্দে গ্রিক পণ্ডিত ইউক্লিড জ্যামিতির ইতস্তত বিক্ষিপ্ত সূত্রগুলোকে সর্বপ্রথম বিধিবদ্ধভাবে সুবিন্যস্ত করে একটি বিখ্যাত গ্রন্থ রচনা করেন। ১৩ খণ্ডে প্রণীত এ গ্রন্থই 'Euclid's Elementis' নামে সুপরিচিত এবং গ্রন্থটিকে আধুনিক জ্যামিতির ভিত্তি বলে গণ্য করা হয়। এজন্য ইউক্লিডকে (আনুমানিক ৩৩০-২৭৫ খ্রি.পূ.) জ্যামিতির জনক বলা হয়।

অধ্যায় ১

জ্যামিতির মৌলিক বিষয়

FUNDAMENTALS OF GEOMETRY

'জ্যামিতি' (Geometry) গণিত শাস্ত্রের একটি প্রাচীন ধারা। বুৎপত্তিগতভাবে 'জ্যামিতি' শব্দের অর্থ 'ভূমি পরিমাপ'। আগে কেবলমাত্র জমির পরিমাপ সংক্রান্ত বিদ্যাকেই জ্যামিতি বলা হতো। কিন্তু বর্তমানে গণিতের এ শাখায় স্থান, বিন্দু, সরলরেখা, বক্ররেখা, সমতল এবং বিভিন্ন তল ও আবদ্ধ ক্ষেত্রের ধর্ম নিয়েও আলোচনা করা হয়। প্রাচীন মিশরে সর্বপ্রথম জ্যামিতির আলোচনা শুরু হলেও আনুমানিক খ্রিস্টপূর্ব ৩০০ অব্দে গ্রিক পণ্ডিত ইউক্লিড জ্যামিতির ইতস্তত বিক্ষিপ্ত সূত্রগুলোকে সর্বপ্রথম বিধিবদ্ধভাবে সুবিন্যস্ত করে একটি বিখ্যাত গ্রন্থ রচনা করেন। ১৩ খণ্ডে প্রণীত এ গ্রন্থই Euclid's Elements নামে সুপরিচিত এবং আধুনিক জ্যামিতির ভিত্তি।

এক নজরে জ্যামিতি



বিন্দু (Point) :

লক্ষ্যস্থল থেকে লক্ষ্যবস্তুর দূরত্বের তুলনায় লক্ষ্যবস্তুর ব্যাসার্ধ অতি ক্ষুদ্র হলে ঐ লক্ষ্যবস্তুকে বিন্দুবস্তু এবং অবস্থানকে বিন্দু বলা যায়। চিত্রে A একটি বিন্দু। . A

রেখা (Line) :

বিন্দুর চলার পথকে রেখা বলে।

সরল রেখা (Straight Line) :

একটি বিন্দু থেকে অন্য একটি বিন্দুতে পৌঁছাতে যদি কোনো প্রকার দিকের পরিবর্তন না হয় তবে তাকে সরল রেখা বলে।

বক্র রেখা (Curve) :

একটি বিন্দু থেকে অন্য একটি বিন্দুতে পৌঁছাতে যদি দিক পরিবর্তন হয় তবে তাকে বক্র রেখা বলে।

সমান্তরাল রেখা (Parallel Lines) :

দুটি রেখা যদি পরস্পরের মধ্যে সর্বদা সমান দূরত্ব বজায় রেখে চলতে থাকে তবে তাকে সমান্তরাল রেখা বলে।



তীর্যক রেখা (Oblique) :

দুটি অসমান্তরাল রেখাকে পরস্পরের সাপেক্ষে তীর্যক রেখা বলা হয়।

অন্তর্ভুক্ত কোণ :

দুটি সমান্তরাল রেখার মধ্যবর্তী কোণ সাধারণত শূন্য ডিগ্রি হিসেবে ধরা হয়। যদি সমান দূরত্ব বজায় রেখে দুটি রেখা একই দিকে চলতে থাকে তবে তাদের অন্তর্ভুক্ত কোণ শূন্য ডিগ্রি হবে। আবার যদি সমান দূরত্ব বজায় রেখে দুটি রেখা পরস্পর থেকে বিপরীত দিকে চলতে থাকে তবে তাদের অন্তর্ভুক্ত কোণ হবে 180°।

একান্তর কোণ (Alternative Angle) :

দুটি সমান্তরাল সরল রেখাকে অপর একটি রেখা তির্যকভাবে ছেদ করলে ছেদক রেখার বিপরীত পার্শ্বে সমান্তরাল রেখা যে কোণ উৎপন্ন করে তাকে একান্তর কোণ বলে।



চিত্রে ∠APQ এবং ∠DQP একান্তর কোণ।

অনুরূপ কোণ (Corresponding Angle) :

দুটি সমান্তরাল রেখাকে অপর একটি রেখা পরস্পর ছেদ করলে ছেদক রেখার একই দিকে সমান্তরাল রেখাদ্বয়ের অনুরূপ পার্শ্বে যে কোণ উৎপন্ন হয় তাকে অনুরূপ কোণ বলে।



চিত্রে ∠XPB এবং ∠PQD পরস্পর অনুরূপ কোণ।

কোণ (Angle) :

দুটি সরল রেখা তির্যকভাবে পরস্পরের সাথে মিলিত হলে মিলন বিন্দুতে কোণ উৎপন্ন হয়। ABC একটি কোণ।

যে দুটি রেখায় কোণ উৎপন্ন হয়, তাদের একটিকে স্থির এবং অন্যটিকে ঘূর্ণায়মান রেখা হিসেবে ধরা হয়।



ঋণাত্মক কোণ (Negative Angle) :

ঘূর্ণায়মান রেখাটি যদি স্থির রেখা থেকে ঘড়ির কাঁটার দিকে ঘুরে কোণ উৎপন্ন করে তবে তাকে ঋণাত্মক কোণ বলা হয়।



ধনাত্মক কোণ (Positive Angle) :

যদি ঘূর্ণায়মান রেখাটি ঘড়ির কাঁটার উল্টা দিকে ঘুরে কোণ উৎপন্ন করে তবে তাকে ধনাত্মক কোণ বলে।



সূক্ষ্মকোণ (Acute Angle) :

90°-এর চেয়ে ছোট কোণকে সূক্ষ্মকোণ বলে। অর্থাৎ $\angle X<90°$ হলে $\angle X$ একটি সূক্ষ্মকোণ।



সমকোণ (Right Angle) :

একটি সরলরেখার উপর অপর একটি সরলরেখা দণ্ডায়মান হলে যদি সন্নিহিত কোণদ্বয় পরস্পর সমান হয় তবে প্রত্যেকটি কোণকে সমকোণ বলে।

অথবা, 90° কোণের সমান কোণকে সমকোণ বলে।



স্থূলকোণ (Obtuse Angle) :

90°-এর চেয়ে বড় কিন্তু 180°-এর চেয়ে ছোট কোণকে স্থূলকোণ বলে। অর্থাৎ 180°>x>90° হলে x একটি স্থূলকোণ।



সরল কোণ (Straight Angle) :

ঘূর্ণায়মান রেখাটি যখন স্থির রেখার ঠিক বিপরীত পার্শ্বে অবস্থান করে তখন তাদের মধ্যবর্তী কোণকে সরলকোণ বলে। অর্থাৎ যে কোণ 180° কোণের সমান তাকে সরল কোণ বলে। এখানে $\angle x=180°$ হলে x কোণকে সরলকোণ বলে।

প্রবৃদ্ধ কোণ (Reflex Angle) :

180°-এর চেয়ে বড় কিন্তু 360°-এর চেয়ে ছোট কোণকে প্রবৃদ্ধ কোণ বলে।

অর্থাৎ 360°> x >180° হলে x একটি প্রবৃদ্ধ কোণ।



পূরক কোণ (Complementary Angle) :

যদি দুটি কোণের পরিমাণ 90° কোণের সমান হয় তবে একটি কোণকে অপর কোণের পূরক কোণ বলে। x=50° এবং y=40° হলে x কে y কোণের পূরক বলে।



সম্পূরক কোণ (Supplemantary Angle) :

যদি দুটি কোণের পরিমাণ 180°-এর সমান হয় তবে একটি কোণকে অপর কোণের সম্পূরক কোণ বলা হয়।

$\angle x=130°$ এবং $\angle y=50°$ হলে x কে y কোণের সম্পূরক কোণ বলে।



সন্নিহিত কোণ (Adjacent Angle) :

যদি দুটি কোণের একটি সাধারণ বাহু থাকে তবে একটি কোণকে অপর কোণের সন্নিহিত কোণ বলে।

$\angle XOZ$ এবং $\angle YOZ$ কোণের সাধারণ বাহু OZ.

$\therefore \angle XOZ$ কোণকে $\angle YOZ$-এর সন্নিহিত কোণ বলে।



বিপ্রতীপ কোণ (Vertically Opposite Angle) :

দুটি সরলরেখা পরস্পরকে ছেদ করলে ছেদ বিন্দুতে যে চারটি কোণ উৎপন্ন হয় তাদের যে কোনো একটি কোণকে তার বিপরীত কোণের বিপ্রতীপ কোণ বলে। চিত্রে BOC কোণকে $\angle AOD$-এর বিপ্রতীপ কোণ বলা হয়।

বিপ্রতীপ কোণের সমদ্বিখণ্ডকদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ একটি সরলকোণ। চিত্রে $\angle BOD$-এর সমদ্বিখণ্ডক OE এবং $\angle AOC$-এর সমদ্বিখণ্ডক OF। অতএব, OE এবং OF-এর মধ্যবর্তী কোণ 180°।

দুটি রেখা পরস্পরকে ছেদ করলে ছেদ বিন্দুতে যে চারটি কোণ উৎপন্ন হয় এদের যে কোনো দুটি সন্নিহিত কোণের সমদ্বিখণ্ডক পরস্পরের ওপর লম্ব। চিত্রে $OE \perp OF$।

স্বতঃসিদ্ধ বা স্বীকার্য :

স্বতঃসিদ্ধ বা স্বীকার্য হলো স্ব-প্রকাশিত সত্য (Self evident truth)।

জ্যামিতিক তথ্যাদি প্রমাণ করতে হলে শুরুতেই কতগুলো প্রাথমিক বা মৌলিক তথ্য সত্য হিসেবে মেনে নিতে হয়। এসব মৌলিক ধারণা সম্বলিত গাণিতিক উক্তিকে স্বতঃসিদ্ধ বা স্বীকার্য বলা হয়। স্বতঃসিদ্ধ দুই প্রকারের। ক. সাধারণ স্বতঃসিদ্ধ ও খ. জ্যামিতিক স্বতঃসিদ্ধ।

প্রতিজ্ঞা :

জ্যামিতিতে বিন্দু, রেখা, ক্ষেত্র ইত্যাদি সম্পর্কে কোনো তথ্য প্রমাণ করা বা অংকন করার প্রস্তাবনার নাম প্রতিজ্ঞা। প্রতিজ্ঞা দুই প্রকার। যথা : ক. সম্পাদ্য ও খ. উপপাদ্য।

প্রতিজ্ঞার আলোচনায় সাধারণত চারটি অংশ থাকে :

ক. সাধারণ নির্বচন (General enunciation)

খ. বিশেষ নির্বচন (Particular enunciation)

গ. অংকন (Construction)

ঘ. প্রমাণ (Proof).

Working Tools

সাধারণ স্বতঃসিদ্ধ :

১. যেসব বস্তুর প্রত্যেকটি একই বস্তুর সমান, তারা পরস্পর সমান।

২. সমান সমান বস্তুর সাথে সমান সমান বস্তু যোগ করলে যোগফল পরস্পর সমান হয়।

৩. সমান সমান বস্তু থেকে সমান সমান বস্তু বিয়োগ করলে বিয়োগফল পরস্পর সমান হয়।

৪. সমান সমান বস্তুর সমান গুণিতক সমান।

৫. সমান সমান বস্তুর সমান অংশ সমান।

৬. একটি বস্তু তার যে কোনো অংশ অপেক্ষা বৃহত্তর।

জ্যামিতিক স্বতঃসিদ্ধ :

১. যে কোনো দুটি বিন্দু দিয়ে একটি এবং কেবলমাত্র একটি সরল রেখা যায়।

২. এক সরলরেখায় নয় এমন যে কোনো তিনটি বিন্দু দিয়ে একটি এবং কেবলমাত্র একটি সমতল যায়।

৩. কোনো সমতলের ওপর অবস্থিত যে কোনো দুটি বিন্দু দিয়ে যে সরল রেখা যায়, তা সম্পূর্ণভাবে ঐ সমতলে অবস্থিত থাকে।

৪. সব সমকোণ সমান।

৫. যেসব জ্যামিতিক বস্তুর একটিকে অপরটির উপর স্থাপন করলে সম্পূর্ণভাবে মিলে যায় তারা পরস্পর সমান। একটি জ্যামিতিক বস্তুকে অপর আর একটি জ্যামিতিক বস্তুর উপর স্থাপন করার প্রক্রিয়াকে উপরিপাতন বলা হয়।

৬. দুটি পরস্পরছেদী সরল রেখা উভয়ই অপর একটি সরল রেখার সমান্তরাল হতে পারে না। [এটি প্লেফেয়ারের স্বতঃসিদ্ধ নামে পরিচিত]

Question Bank as Self Test

০১. ২৮ ডিগ্রি কোণের সম্পূরক কোণের পরিমাণ কত?
(ক) ৬২ ডিগ্রি (খ) ১১৮ ডিগ্রি (গ) ১৫২ ডিগ্রি (ঘ) ৩৩২ ডিগ্রি
Hints : সম্পূরক কোণের ক্ষেত্রে কোণদ্বয়ের সমষ্টি = ১৮০°
∴ ২৮° কোণের সম্পূরক কোণ
= (১৮০° − ২৮°) = ১৫২°

পরিবার পরিকল্পনা অধিদপ্তর নিয়োগ পরীক্ষা ২০১৪
উত্তর : গ

০২. ৩৭ ডিগ্রি কোণের বিপ্রতীপ কোণ কত?
(ক) ৩৭ ডিগ্রি (খ) ৫৩ ডিগ্রি (গ) ১২৭ ডিগ্রি (ঘ) ১৪৩ ডিগ্রি
Hints : দুটি সরলরেখা পরস্পরকে ছেদ করলে ছেদ বিন্দুতে যে চারটি কোণ উৎপন্ন হয় তাদের যে কোনো একটি কোণকে তার বিপরীত কোণের বিপ্রতীপ কোণ বলে। বিপ্রতীপ কোণদ্বয় পরস্পর সমান। সুতরাং ৩৭° কোণের বিপ্রতীপ কোণের পরিমাণ হবে ৩৭°।

পরিবার পরিকল্পনা অধিদপ্তর নিয়োগ পরীক্ষা ২০১৪
উত্তর : ক

০৩. সরল রেখার উপর লম্ব অংকন করলে কয়টি সমকোণ পাওয়া যায়?
(ক) ২টি (খ) ৩টি (গ) ৪টি (ঘ) ৫টি
Hints :



সরল রেখার উপর লম্ব অঙ্কন করলে ২টি সমকোণ পাওয়া যায়।

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স-এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর ২০১৪
উত্তর :ক

০৪. এক সমকোণ অপেক্ষা ছোট কোণকে কি বলে?
(ক) স্থূল কোণ (খ) সূক্ষ্ম কোণ (গ) সন্নিহিত কোণ (ঘ) সমকোণ
Hints : এক সমকোণ অপেক্ষা ছোট কোণকে সূক্ষ্মকোণ বলে।

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স-এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর ২০১৪
উত্তর : খ

০৫. ৭০ ডিগ্রি কোণের সম্পূরক কোণ কোনটি?
(ক) ২০০ ডিগ্রি (খ) ২০ ডিগ্রি (গ) ১১০ ডিগ্রি (ঘ) ২৯০ ডিগ্রি
Hints : আমরা জানি, সম্পূরক কোণদ্বয়ের সমষ্টি = ১৮০°
∴ ৭০° কোণের সম্পূরক কোণের পরিমাণ = (১৮০° - ৭০°) = ১১০°

পল্লী উন্নয়ন বোর্ড-এর মাঠকর্মী ২০১৪
উত্তর : গ

০৬. দুইটি কোণের সমষ্টি দুই সমকোণ হলে, একটিকে অপরটির কি বলে?
(ক) সন্নিহিত কোণ (খ) পূরক কোণ (গ) বিপ্রতীপ কোণ (ঘ) সম্পূরক কোণ
Hints : যদি দুটি কোণের সমষ্টি দুই সমকোণ বা ১৮০° হয় তবে একটিকে অপরটির সম্পূরক কোণ বলে। উত্তর : (ঘ)।

১১তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা (স্কুল/সমপর্যায় ২) ২০১৪
উত্তর : ঘ

০৭. দুইটি সরলরেখা পরস্পর সমাপতিত হলে, সমাধান সংখ্যা কত হবে?
(ক) অসংখ্য (খ) সমাধান নেই (গ) দুইটি (ঘ) একটি
Hints : দুটি সরলরেখা পরস্পর সমাপতিত হলে তার সমাধান বের করা যায় না। যেহেতু তা চলতেই থাকবে।

১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৪ (স্কুল পর্যায়-২)
উত্তর : খ

০৮. চিত্রে XY এবং WZ দুটো সমান্তরাল সরলরেখা, PQ তাদের ছেদক। সেক্ষেত্রে ∠a + ∠b এর মান নিচের কোনটি?



(ক) 90° (খ) 120° (গ) 180° (ঘ) 360°
Hints : ∠a + ∠b এর যোগফল হবে দুই সমকোণের সমান অর্থাৎ ১৮০°।

১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৪ (স্কুল পর্যায়-২)
উত্তর : গ

০৯. 50° এর পূরক কোণ কোনটি?
ক 130° খ 220° গ 40° ঘ 310°
Hints : *আমরা জানি, দুটি পূরক কোণের সমষ্টি = 90°*
∴ 50° কোণের পূরক কোণ = (90 − 50)° = 40°

১০. দুইটি রশ্মি দ্বারা উৎপন্ন কোণ 60°। এক সরলকোণ হতে উক্ত কোণ বিয়োগ করলে কি কোণ উৎপন্ন হবে?
ক সমকোণ খ সূক্ষ্মকোণ গ স্থূলকোণ ঘ প্রবৃদ্ধ কোণ
Hints : *এক সরল কোণ = 180°*
∴ নির্ণেয় কোণ = 180° − 60°
= 120°; যা একটি স্থূলকোণ

১১. জ্যা শব্দের অর্থ কি?
ক পরিমাপ খ পরিমাণ গ ভূমি

১২. কোনো কিছু (ধরা যাক, জনসংখ্যা) বৃদ্ধির ধারা যদি ২, ৪, ৮, ১৬, ৩২ ইত্যাদি—এই হারে বৃদ্ধি হতে থাকে তাহলে ঐ বৃদ্ধির হারকে কি বলা হয়?
ক আনুপাতিক হার খ গাণিতিক হার গ জ্যামিতিক হার ঘ অস্বাভাবিক হার

১৩ দুটি সন্নিহিত কোণের সমষ্টি দুই সমকোণ হলে একটিকে অপরটির কি বলে?
ক সন্নিহিত কোণ খ সরলকোণ গ পূরককোণ ঘ সম্পূরক কোণ
Hints : *সম্পূরক কোণের সংজ্ঞা অনুযায়ী, দুটি সন্নিহিত কোণের সমষ্টি দুই সমকোণ হলে কোণ দুটির একটিকে অপরটির সম্পূরক কোণ বলে।*

১৪. একটি সরলরেখার সাথে অপর একটি রেখাংশ মিলিত হলে যে দুটি সন্নিহিত কোণ উৎপন্ন হয়, তাদের সমষ্টি হবে–
ক 120° খ 140° গ 160° ঘ 180°
Hints : *একটি রশ্মির প্রান্ত বিন্দুতে অপর একটি সরলরেখা মিলিত হলে যে দুটি সন্নিহিত কোণ উৎপন্ন হয়, তাদের সমষ্টি দুই সমকোণ বা ১৮০°। যে কোনো চতুর্ভুজের অভ্যন্তরস্থ চারটি কোণের সমষ্টি ৩৬০°। দুটি পূরক কোণের সমষ্টি ৯০°।*

১৫. সন্নিহিত সরলকোণের একটি কোণ ৯৫° হলে অপরটি কত?
ক ১০৫° খ ৭৫° গ ৮৫° ঘ ৯৫°
Hints : *আমরা জানি,*
সরলকোণের সমষ্টি = 180°
∴ 95° একটি কোণ হলে অপরটি = (180° − 95°) = 85°

১৬. দুইটি সরলরেখা পরস্পরকে ছেদ করলে সন্নিহিত কোণগুলির যোগফল–
ক ৯০° খ ১২০° গ ১৮০° ঘ ৩৬০°
Hints : *জ্যামিতিক সূত্র অনুসারে, দুটি সরলরেখা পরস্পরকে ছেদ করলে সন্নিহিত কোণগুলোর যোগফল ১৮০° হয়।*

১৭. 120° কোণের সম্পূরক কোণ কত?
ক 30° খ 60° গ 40° ঘ 0°
Hints : *আমরা জানি,*
সম্পূরক কোণদ্বয়ের সমষ্টি = 180°
∴ 120° কোণের সমপূরক কোণের পরিমাণ = (180° − 120°) = 60°

১৮. ২৮° কোণের সম্পূরক কোণের পরিমাণ কত?
ক ১২০° খ ৮০° গ ১৫২° ঘ ৬২°
Hints : *জানা আছে, সম্পূরক কোণদ্বয়ের সমষ্টি = ১৮০°*
∴ ২৮° কোণের সম্পূরক কোণের পরিমাণ = (১৮০ − ২৮)° = ১৫২°

১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৪ (স্কুল পর্যায়-২) উত্তর : গ

১০ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৪ উত্তর : গ

স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে স্বাস্থ্য সহকারী পদে নিয়োগ পরীক্ষা ২০০৪ উত্তর : গ

উপজেলা/থানা শিক্ষা অফিসার (TEO) ২০০৪ উত্তর : গ

৩০তম বিসিএস উত্তর : ঘ

জাতীয় রাজস্ব বোর্ডের ইন্সপেক্টর/এপ্রেইজার/ প্রিভেন্টিভ অফিসার/ গোয়েন্দা কর্মকর্তা ২০১০ উত্তর : ঘ

সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার (ATEO) ২০১০ উত্তর : গ

যোগাযোগ মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা ২০০৬ উত্তর : গ

বিশেষ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১০ উত্তর : খ

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক ২০১০ উত্তর : গ

১৯. দুইটি সম্পূরক কোণের সমষ্টি কত?

ক ৯০° খ ১৮০° গ ১৩০° ঘ ১৫০°

Hints : সম্পূরক কোণের সংজ্ঞা অনুসারে, দুটি সম্পূরক কোণের সমষ্টি ১৮০°।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা ২০০৬
উত্তর : খ

২০. ৭০° কোণের সম্পূরক কোণ কোনটি?

ক ২০০° খ ১১০° গ ২০° ঘ ২৯০°

Hints : আমরা জানি,

সম্পূরক কোণদ্বয়ের সমষ্টি = ১৮০°

∴ ৭০° কোণের সম্পূরক কোণের পরিমাণ = (১৮০° − ৭০°) = ১১০°

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরের সহকারী পরিদর্শক (প্রকৌশল) ২০০৫
উত্তর : খ

২১. ∠A ও ∠B পরস্পর সম্পূরক কোণ। ∠A = 115° হলে ∠B = কত?

ক 65° খ 75° গ 90° ঘ 85°

তথ্য মন্ত্রণালয়ের অধীনে তথ্য অফিসার ২০০৫
উত্তর : ক

২২. ৭০° কোণের সম্পূরক কোণ কোনটি?

ক ২০০° খ ১১০° গ ২০° ঘ ২৯০°

মহিলা বিষয়ক অধিদপ্তরের অধীনে উপজেলা মহিলা কর্মকর্তা ২০০৫
উত্তর : খ

২৩. বৃত্তের দুটি জ্যা পরস্পরকে সমদ্বিখণ্ডিত করলে তাদের ছেদবিন্দুর অবস্থান কোথায়?

ক বৃত্তের পরিধিতে খ বৃত্তের বাইরে গ বৃত্তের কেন্দ্রে ঘ উপরের কোনোটিই নয়

সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৬
উত্তর : গ

২৪. ∠A ও ∠B পরস্পর সম্পূরক কোণ। ∠A = 115° হলে, ∠B = কত?

ক ৬৫° খ ৭৫° গ ৮৫° ঘ ৯০°

Hints :



∠A = 115°

∠A এবং ∠B পরস্পর সম্পূরক কোণ হলে,

∠B = 180° − 115°

= 65° [∵ ∠A + ∠B = 180°]

তথ্য মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিভিশনের অডিয়েন্স রিসার্চ অফিসার ২০০৬; মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের অধীনে প্রদর্শক ২০০৪
উত্তর : ক

২৫.



উপরের ছবিতে n° = কত?

ক বের করা সম্ভব নয় খ ৪৫° গ ১৫° ঘ ৫°

Hints : ১৮০° = ৪৫° + ৯০° + ৩০° + n° = ১৬৫° + n°

∴ n° = ১৮০° − ১৬৫° = ১৫°

নির্বাচন কমিশন সচিবালয়ে উপজেলা/থানা নির্বাচন অফিসার ২০০৮
উত্তর : গ

২৬. দুটি পূরক কোণের সমষ্টি কত?

ক 70° খ 90° গ 180° ঘ 270°

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক ২০০৬
উত্তর : খ

২৭. ৩০°-এর পূরক কোণ কত?

ক ৪০° খ ৫০° গ ৬০°

Hints : *আমরা জানি,*

দুটি পূরক কোণের সমষ্টি = ৯০°

∴ *৩০° এর পূরক কোণ = (৯০ − ৩০)° = ৬০°*

স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে স্বাস্থ্য সহকারী পদে নিয়োগ পরীক্ষা ২০০৪
উত্তর : গ

২৮. কোনটি ৩৫° কোণের পূরক কোণ?

ক ১২৫° খ ৫৫° গ ৩২৫° ঘ ২৫°

Hints : *আমরা জানি,*

দুটি পূরক কোণের সমষ্টি ৯০°

∴ *৩৫° কোণের পূরক কোণ = (৯০ − ৩৫)° = ৫৫°*

নির্বাচন কমিশন সচিবালয়ে জেলা নির্বাচন অফিসার ও সহকারী সচিব ২০০৪
উত্তর : খ

২৯. ২৫৩° কোণকে কি কোণ বলে?

ক সূক্ষ্মকোণ খ স্থূলকোণ গ পূরক কোণ ঘ প্রবৃদ্ধ কোণ

Hints : *সূক্ষ্মকোণ হলো ০° হতে বড়, কিন্তু ৯০° থেকে ছোট কোণ। স্থূলকোণ হলো ৯০° হতে বড়, কিন্তু ১৮০° থেকে ছোট কোণ। পূরক কোণ হলো এমন দুটি কোণ যাদের কোণের সমষ্টি ৯০° বা এক সমকোণ। অন্যদিকে প্রবৃদ্ধকোণ হলো ১৮০° থেকে বড়, কিন্তু ৩৬০° থেকে ছোট কোণ। সুতরাং ২৫৩° কোণ প্রবৃদ্ধ হচ্ছে কোণ।*

অর্থ মন্ত্রণালয়ের অধীন জাতীয় সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক ২০০৯
উত্তর : ঘ

৩০. ত্রিভুজের দুইটি কোণের সমষ্টি এক সমকোণের সমান হলে তাদের একটিকে অপরটির–

ক পূরক কোণ বলে খ সম্পূরক কোণ বলে

গ সন্নিহিত কোণ বলে ঘ প্রবৃদ্ধ কোণ বলে

Hints : *দুইটি কোণের ডিগ্রি পরিমাপের সমষ্টি 90° হলে কোণ দুইটিকে পূরক কোণ বলা হয়।*

প্রাথমিক সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধার সন্তান) ২০১০ (বসন্ত)
উত্তর : ক

৩১. AB ও CD সরলরেখাদ্বয় 'O' বিন্দুতে ছেদ করলে নিচের কোন গাণিতিক বাক্যটি সঠিক হবে?

ক $\angle AOD = \angle BOC$ খ $\angle AOD = \angle BOD$ গ $\angle BOC = \angle AOC$ ঘ $\angle AOD > \angle BOC$

Hints : *দুটি সরল রেখা পরস্পর ছেদ করলে বিপ্রতীপ কোণদ্বয় পরস্পর সমান হবে।*

∴ $\angle AOD = \angle BOC$ *এবং* $\angle AOC = \angle BOD$

∴ *উত্তর : 'ক'।*

১৭তম বিসিএস
উত্তর : ক

৩২. ΔABC-এর $AB = AC$ এবং $\angle BAC = 60°$. বহিঃস্থ $\angle ACD$ = কত?

ক 120° খ 110° গ 100° ঘ 150°

শ্রম মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক পদে ২০০৫
উত্তর : ক

৩৩. ত্রিভুজ ABC-তে AB = AC হলে নিচের কোনটি সত্য?

ক $\angle C > \angle A$ খ $\angle B + \angle X = \angle A$

গ $\angle A = \angle B$ ঘ $\angle B = \angle C$

শ্রম মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক পদে ২০০৫
উত্তর : ঘ

৩৪. AB একটি সরলরেখা। কোনো একটি বহিঃস্থ বিন্দু O হতে AB রেখার ক্ষুদ্রতম দূরত্ব OC হলে $\angle OCB$ কত ডিগ্রি হবে?

ক 60° খ 90° গ 120° ঘ 180°

Hints : *আমরা জানি,*

সম্পূরক কোণদ্বয়ের সমষ্টি = ১৮০°

∴ *৭০° কোণের সম্পূরক কোণের পরিমাণ = (১৮০ − ৭০)° = ১১০°*

শ্রম মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক পদে ২০০৫
উত্তর : ক

৩৫. একটি ত্রিভুজের দুটি কোণের যোগফল ১০০° এবং উক্ত দুটি কোণের বিয়োগফল ৪০°। তৃতীয় কোণের মান হচ্ছে—

(ক) ৮০° (খ) ৭০°
(গ) ৬০° (ঘ) কোনোটিই নয়

Hints : যেহেতু $AB = AC$

$\therefore \angle ABC = \angle ACB$ অর্থাৎ $\angle B = 50°$

$\therefore A = 180 - (50° + 50°) = 80°$

তথ্য মন্ত্রণালয়ের অধীনে গণযোগাযোগ অধিদপ্তরে সহকারী তথ্য অফিসার ২০০৫
উত্তর : ক

৩৬. ABC ত্রিভুজে AB = AC এবং ∠C = ৫০° হলে ∠A-এর পরিমাণ কত?

(ক) ৭০° (খ) ৮০° (গ) ৬০° (ঘ) ৫০°

Hints : দেয়া আছে, একটি ত্রিভুজের দুটি কোণের সমষ্টি ১০০° এবং বিয়োগফল ৪০°

প্রশ্নমতে,

একটি কোণের পরিমাণ = (১০০° + ৪০°) ÷ ২ = ৭০°

∴ অপর " " = (১০০° − ৪০°) ÷ ২ = ৩০°

আমরা জানি, ত্রিভুজের তিন কোণের সমষ্টি = ১৮০° বা দুই সমকোণ

∴ তৃতীয় কোণের পরিমাণ = {১৮০° − (৭০° + ৩০°)}

= ৮০°



সমাজসেবা অধিদপ্তরে ইনস্ট্রাক্টর পদে নিয়োগ পরীক্ষা ২০০৫
উত্তর : খ

৩৭. Which one is the complementary angle of 90°?

(ক) 0° (খ) 180° (গ) 270° (ঘ) 90°

Hints : Sum of two complementary angle is 90°

∴ Other angle = 90° − 90° = 0°

Rajshahi Krishi Unnayan Bank Officer, 2011
উত্তর : ক

৩৮. দুটি কোণ পরস্পর সমান এবং এদের একটির বাহু অপরটির এক বাহুর সমান্তরাল। কোণ দুটির অপর বাহুদ্বয়ের মধ্যে সম্পর্ক কিরূপ?

(ক) এরা পরস্পর সমান (খ) এরা পরস্পর সমান্তরাল
(গ) এরা পরস্পরের উপর লম্ব (ঘ) এরা পরস্পর ছেদক

সহকারী পরিচালক (পাসপোর্ট অ্যান্ড ইমিগ্রেশন) ২০০৩
উত্তর : খ

৩৯. ত্রিভুজের দুইটি কোণের সমষ্টি এক সমকোণের সমান হলে তাদের একটিকে অপরটির—

(ক) পূরক কোণ বলে (খ) সম্পূরক কোণ বলে (গ) সন্নিহিত কোণ বলে (ঘ) প্রবৃদ্ধ কোণ বলে

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান) ২০১০
উত্তর : ক

৪০. দুই সমকোণ অপেক্ষা বড় ও চার সমকোণ অপেক্ষা ছোট কোণকে বলে—

(ক) বিপ্রতীপ কোণ (খ) স্থূল কোণ (গ) প্রবৃদ্ধ কোণ (ঘ) সম্পূরক কোণ

দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শক ২০০৪
উত্তর : গ

৪১. সমকোণী ত্রিভুজের অতিভুজ সংলগ্ন কোণ দুটির প্রত্যেকটি কি কোণ হবে?

(ক) সরলকোণ (খ) সূক্ষ্মকোণ (গ) পূরককোণ (ঘ) স্থূলকোণ

Hints : সমকোণী ত্রিভুজের অতিভুজ সংলগ্ন কোণ দুটির প্রত্যেকটি সূক্ষ্মকোণ। কেননা ত্রিভুজের অতিভুজ সংলগ্ন কোণ দুটি 90° অপেক্ষা ছোট।

তথ্য মন্ত্রণালয়ের অধীনে বাংলাদেশ টেলিভিশন এবং বিজ্ঞাপন আধিকারিক (গ্রেড ২) ২০০৬
উত্তর : খ

৪২. একটি ত্রিভুজের যে কোনো দুই বাহুর সমষ্টি তৃতীয় বাহু অপেক্ষা—

(ক) বৃহত্তর (খ) ক্ষুদ্রতর (গ) সমান

স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে বাস্থ্য সহকারী পদে নিয়োগ পরীক্ষা ২০০৪
উত্তর : ক

৪৩. ত্রিভুজের একটি কোণ এর অপর দুটি কোণের সমান হলে ত্রিভুজটি হবে—

(ক) স্থূলকোণী (খ) সমকোণী (গ) সমবাহু (ঘ) সূক্ষ্মকোণী

তথ্য মন্ত্রণালয়ের অধীনে তথ্য অফিসার ২০০৫
উত্তর : খ

৪৪. কোনো ত্রিভুজের তিন কোণের সমদ্বিখণ্ডকগুলোর ছেদবিন্দুর নাম কি?
ক বহিঃকেন্দ্র খ অন্তঃকেন্দ্র গ পরিকেন্দ্র ঘ ভরকেন্দ্র
তথ্য মন্ত্রণালয়ের অধীনে তথ্য অফিসার ২০০৫ উত্তর : খ

৪৫. ত্রিভুজের দুই বাহুর মধ্যবিন্দুর সংযোজক রেখাংশের দৈর্ঘ্য তৃতীয় বাহুর কোন অংশের সমান?
ক $\frac{১}{৩}$ খ $\frac{১}{৪}$ গ $\frac{২}{৩}$ ঘ $\frac{১}{২}$
তথ্য মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক ২০০৪ উত্তর : ঘ

৪৬. কোন ত্রিভুজের তিন কোণের সমদ্বিখণ্ডকগুলো যে বিন্দুতে ছেদ করে, তাকে বলে–
ক ভরকেন্দ্র খ পরিকেন্দ্র গ অন্তঃকেন্দ্র ঘ লম্ববিন্দু
প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৮ উত্তর : গ

৪৭. কোন ত্রিভুজের তিনটি বাহুকে একইভাবে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ তিনটির সমষ্টি–
ক ১৮০° খ ২৭০° গ ৩৬০° ঘ ৫৪০°
প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৮ উত্তর : গ

৪৮. কোন ত্রিভুজের মধ্যমা তিনটি যে বিন্দুতে ছেদ করে তাকে বলে–
ক ভরকেন্দ্র খ অন্তঃকেন্দ্র গ পরিকেন্দ্র ঘ লম্ববিন্দু
প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৮ উত্তর : ক

৪৯. দুটি ত্রিভুজের মধ্যে কোন উপাদানগুলো সমান সত্ত্বেও ত্রিভুজ দুটি সর্বসম হবে না–
ক দুটি বাহু ও অন্তর্ভুক্ত কোণ খ দুই কোণ ও এক বাহু
গ তিন কোণ ঘ তিন বাহু
প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৮ উত্তর : গ

৫০. সমদ্বিবাহু ত্রিভুজের সমান সমান বাহুদ্বয় বর্ধিত করলে উৎপন্ন কোণদ্বয় হবে–
ক সূক্ষ্মকোণ খ স্থূলকোণ গ সরলকোণ ঘ সমকোণ
প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৮ উত্তর : খ

৫১. ত্রিভুজের একটি বাহু বর্ধিত করলে যে বহিঃস্থ কোণ উৎপন্ন হয় তার ক্ষেত্রে নিচের কোন তথ্যটি সঠিক হবে?
ক তা বিপরীত অন্তঃস্থ কোণদ্বয়ের সমষ্টি অপেক্ষা ছোট হবে
খ তা বিপরীত অন্তঃস্থ কোণদ্বয়ের সমষ্টির সমান হবে
গ তা বিপরীত অন্তঃস্থ কোণদ্বয়ের সমষ্টি অপেক্ষা বড় হবে
ঘ উপরের কোনোটিই নয়
প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক ২০০৯ উত্তর : খ

৫২. ত্রিভুজের যে-কোনো দুইটি বহিঃস্থ কোণের সমষ্টি হবে–
ক দুই সমকোণ অপেক্ষা ক্ষুদ্রতর খ দুই সমকোণ সমান
গ দুই সমকোণ অপেক্ষা বৃহত্তর ঘ উপরের কোনোটিই নয়
প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক ২০০৯ উত্তর : গ

৫৩. দুটি ত্রিভুজের মধ্যে কোন উপাদানগুলো সমান হওয়া সত্ত্বেও ত্রিভুজ দুটি সর্বসম নাও হতে পারে?
ক দুই বাহু ও অন্তর্ভুক্ত কোণ খ তিন বাহু
গ তিন কোণ ঘ দুই কোণ ও এক বাহু
প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক ২০০৮ উত্তর : গ

৫৪. ত্রিভুজের একটি বাহু বর্ধিত করলে বহিঃস্থ কোণটি—
ক বিপরীত অন্তঃস্থ কোণদ্বয়ের সমষ্টি অপেক্ষা ছোট হবে
খ বিপরীত অন্তঃস্থ কোণদ্বয়ের সমষ্টি অপেক্ষা বড় হবে
গ বিপরীত অন্তঃস্থ কোণদ্বয়ের সমষ্টির সমান হবে
ঘ বিপরীত অন্তঃস্থ কোণদ্বয়ের সমষ্টির দ্বিগুণ হবে
প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক ২০০৮ উত্তর : গ

৫৫. ত্রিভুজের ভরকেন্দ্র প্রত্যেক মধ্যমাকে কোন অনুপাতে অন্তর্বিভক্ত করে?
ক ২ঃ১ খ ৩ঃ১ গ ১ঃ২ ঘ ১ঃ৩
প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক ২০০৯ উত্তর : ক

৫৬. সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয় যথাক্রমে ৩ ও ৪ সেমি হলে এর অতিভুজ-এর মান কত?
ক ৬ সেমি খ ৫ সেমি গ ৮ সেমি ঘ ৭ সেমি

Hints : *সমকোণী ত্রিভুজ হলে*
$AC^2 = AB^2 + BC^2 = ৩^২ + ৪^২$
$\therefore AC = ৫$

প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক ২০০৯; প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৮
উত্তর : খ

৫৭. সামান্তরিকের বিপরীত কোণের অন্তর্দ্বিখণ্ডদ্বয়—
ক পরস্পর সমান খ পরস্পর সমান্তরাল
গ পরস্পরের উপর লম্ব ঘ পরস্পর একটি বিন্দুতে ছেদ করে

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০১০
উত্তর : খ

৫৮. যে সামান্তরিকের সকল বাহু সমান, কিন্তু কোণগুলো সমান নয়, তাকে বলে—
ক রম্বস খ বর্গক্ষেত্র গ আয়তক্ষেত্র ঘ ট্রাপিজিয়াম

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০১০
উত্তর : ক

৫৯. AC এবং BD একটি সামান্তরিকের দুটি কর্ণ O বিন্দুতে ছেদ করে। অতএব—
ক AO = AB খ BO = BC গ CO = DC ঘ DO = BO

দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শক ২০০৪
উত্তর : ঘ

৬০. সামান্তরিকের বিপরীত কোণের অন্তর্দ্বিখণ্ডকদ্বয়–
ক পরস্পর সমান খ পরস্পর সমান্তরাল
গ পরস্পরের উপর লম্ব ঘ পরস্পর একটি বিন্দুতে ছেদ করে

প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক ২০০৮
উত্তর : ঘ

৬১. রম্বসের কর্ণদ্বয় পরস্পর 'O' বিন্দুতে ছেদ করেছে। কর্ণদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ—
ক সূক্ষ্মকোণ খ স্থূলকোণ গ সরলকোণ ঘ সমকোণ

প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক ২০০৯
উত্তর : ঘ

৬২. রম্বসের কর্ণদ্বয় পরস্পর 'O' বিন্দুতে ছেদ করেছে। কর্ণদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ–
ক সূক্ষ্মকোণ খ স্থূল কোণ গ সরল কোণ ঘ সমকোণ

প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক ২০০৮
উত্তর : ঘ

৬৩. একটি সরল রেখার উপর অঙ্কিত বর্গ ঐ সরলরেখার অর্ধেকের উপর অঙ্কিত বর্গের কতগুণ?
ক চারগুণ খ তিনগুণ গ দ্বিগুণ ঘ পাঁচগুণ

Hints : *ধরি, সরল রেখাটির দৈর্ঘ্য = x*
অতএব, সরল রেখার উপর অঙ্কিত বর্গ = $x^২$
আবার, সরল রেখার অর্ধেকের উপর অঙ্কিত বর্গ = $\left(\frac{x}{২}\right)^২$ বা $\frac{x^২}{৪}$
সুতরাং, সরলরেখার উপর অঙ্কিত বর্গ ঐ সরল রেখার উপর অঙ্কিত বর্গের চারগুণ।

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১০ (করতোয়া)
উত্তর : ক

৬৪. একটি সমকোণী ত্রিভুজের সমকোণ ছাড়া অন্য দুটি কি কোণ?
ক সরল কোণ খ সূক্ষ্মকোণ গ সন্নিহিত কোণ ঘ স্থূল কোণ

সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৮
উত্তর : খ

৬৫. একটি সরলরেখার উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফল ঐ সরলরেখার এক-চতুর্থাংশের উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফলের কত গুণ?
ক ১৬ খ ৪ গ ৩ ঘ ২

Hints : *ধরি,*
সরলরেখাটির দৈর্ঘ্য x একক
∴ এর উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল x^2 বর্গ একক
সরলরেখার এক-চতুর্থাংশের দৈর্ঘ্য $\frac{x}{4}$ একক
∴ এর উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল $= \left(\frac{x}{4}\right)^2$ বর্গ একক $\frac{x^2}{16}$ বর্গ একক
$\therefore x^2 \div \frac{x^2}{16} = x^2 \frac{16}{x^2} = 16$ গুণ

সহকারী পরিচালক (পাসপোর্ট অ্যান্ড ইমিগ্রেশন) পদে নিয়োগ পরীক্ষা ২০০৩
উত্তর : ক

৬৬. ট্রাপিজিয়ামের অন্তস্থ কোণগুলির সমষ্টি–
ক ১৮০° খ ৩৬০° গ ৪৫০° ঘ ৫৪০°
Hints : *চতুর্ভুজের অন্তঃস্থ কোণগুলোর সমষ্টি চার সমকোণ। যেহেতু ট্রাপিজিয়াম একটি চতুর্ভুজ, সুতরাং এর অন্তঃস্থ চার কোণের যোগফল ৩৬০°।*

যোগাযোগ মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা ২০০৬
উত্তর : খ

৬৭. বৃত্তের কেন্দ্রস্থ কোণ পরিধিস্থ কোণের–
ক সমান খ তিনগুণ গ দ্বিগুণ ঘ অর্ধেক
Hints : *বৃত্তের কেন্দ্রস্থ কোন পরিধিস্থ কেণের দ্বিগুণ।*

যোগাযোগ মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা ২০০৬
উত্তর : গ

৬৮. ABC বৃত্তে AB এবং CD দুটি সমান জ্যা পরস্পর P বিন্দুতে ছেদ করলে কোনটি সত্য?
ক PC = PD খ PA = PB গ PB = PA ঘ PB = PD

তথ্য মন্ত্রণালয়ের অধীনে তথ্য অফিসার ২০০৫
উত্তর : ঘ

৬৯. দুইটি বৃত্ত পরস্পর স্পর্শ করলে তাদের কেন্দ্রদ্বয় এবং স্পর্শবিন্দু সংযোজক রেখা কেমন হবে?
ক বক্ররেখা খ সরলরেখা গ পরাবৃত্ত ঘ উপবৃত্ত

তথ্য মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক ২০০৪
উত্তর : খ

৭০. ABD বৃত্তে AB এবং CD দুটি সমান জ্যা পরস্পর P বিন্দুতে ছেদ করলে কোনটা সত্য?
ক PC = PD খ PA = PB গ PB = PC ঘ PB = PA

দুর্নীতি দমন ব্যুরোর সহকারী উপ-পরিদর্শক ২০০৪
উত্তর : গ

৭১. একটি সমকোণী ত্রিভুজের সমকোণ ছাড়া অন্য দুটি কি কোণ?
ক সরল কোণ খ সূক্ষ্মকোণ গ পূরক কোণ ঘ সন্নিহিত কোণ

তুলা উন্নয়ন কর্মকর্তা ১৯৯৭
উত্তর : খ

৭২. একই চাপের উপর দণ্ডায়মান কেন্দ্রস্থ কোণের পরিমাণ ১০০° হলে পরিধিস্থ কোণের পরিমাণ হবে—
ক ১০০° খ ৮০° গ ৫০° ঘ এর কোনটিই নয়

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০১০
উত্তর : গ

৭৩. একই চাপের ওপর দণ্ডায়মান পরিধিস্থ কোণের পরিমাণ ৬০° হলে, কেন্দ্রস্থ কোণের পরিমাণ হবে–
ক ১২০° খ ৩০° গ ৬০° ঘ ১৮০°

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০১০
উত্তর : ক

৭৪. কোন চতুর্ভুজের কর্ণদ্বয় সমান ও পরস্পর সমকোণে সমদ্বিখণ্ডিত। এটি কোন ধরনের চতুর্ভুজ হবে?
ক বর্গক্ষেত্র খ আয়তক্ষেত্র গ সামান্তরিক ঘ ট্রাপিজিয়াম

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৮
উত্তর : ক

৭৫. পিরামিডের ক্ষেত্রফল হলো–
ক চারদিকের চারটি ত্রিভুজের ক্ষেত্রফল + বেজের ক্ষেত্রফল
খ চারদিকের চারটি ত্রিভুজের ক্ষেত্রফলের অর্ধেক + বেজের ক্ষেত্রফল
গ তিনদিকের তিনটি ত্রিভুজের ক্ষেত্রফল + বেজের ক্ষেত্রফল
ঘ তিনদিকের তিনটি ত্রিভুজের ক্ষেত্রফল + বেজের ক্ষেত্রফলের অর্ধেক

সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৯
উত্তর : ক

৭৬. 90° ও 180°-এর মাঝখানের কোণ হলো–
ক Obtuse angle খ Reflex angle
গ Acute angle ঘ Complementary angle

সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৮
উত্তর : ক

অধ্যায় ২

ত্রিভুজ

TRIANGLE

ত্রিভুজ (Triangle) :

তিনটি সরলরেখা দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রকে ত্রিভুজ বলে। চিত্রে,ABC একটি ত্রিভুজ।



সূক্ষ্মকোণী ত্রিভুজ (Acute Angles Triangle) :

যে ত্রিভুজের তিনটি কোণই সূক্ষ্মকোণ (৯০°-এর চেয়ে ছোট) তাকে সূক্ষ্মকোণী ত্রিভুজ বলে। চিত্রে,ABC একটি সূক্ষ্মকোণী ত্রিভুজ।



স্থূলকোণী ত্রিভুজ (Obtuse Angle Triangle) :

যে ত্রিভুজের একটি কোণ স্থূলকোণ তাকে স্থূলকোণী ত্রিভুজ বলে। চিত্রে, ABC একটি স্থূলকোণী ত্রিভুজ; যার ∠ABC স্থূলকোণ।

[N.B.: *কোনো ত্রিভুজে একটির অধিক স্থূল কোণ থাকতে পারে না।*]



সমকোণী ত্রিভুজ (Right Angle Triangle) :

যে ত্রিভুজের একটি কোণ সমকোণ তাকে সমকোণী ত্রিভুজ বলে। চিত্রে, ABC একটি সমকোণী ত্রিভুজ; যার ∠B সমকোণ।

[N.B.: *কোনো ত্রিভুজে একটির অধিক সমকোণ থাকতে পারে না।*]



অতিভুজ (Hypotenuse) :

সমকোণী ত্রিভুজের সমকোণের বিপরীত বাহুকে অতিভুজ বলে। চিত্রে, AC অতিভুজ।



ভূমি ও লম্ব (Base & Perpendicular) :

কোনো সমকোণী ত্রিভুজকে সমাধান করার জন্য সূক্ষ্মকোণদ্বয়ের মধ্যে যে কোণটিকে ব্যবহার করা হয় তার সামনের বাহুকে লম্ব বলা হয়। সমকোণী ΔABC-এর ∠C কে ব্যবহার করে ত্রিভুজটি সমাধান করতে চাইলে ∠C-এর সামনের বাহু AB কে লম্ব এবং ∠C-এর কাছের বাহু BC-কে ভূমি বলা হয়।

সমবাহু ত্রিভুজ (Equilateral Triangle) :

১. তিন বাহু সমান।
২. তিন কোণ সমান এবং প্রতিটি কোণের মান 60°।
৩. মধ্যমাসমূহ সমান।
৪. সকল মধ্যমাই লম্ব।



৫. ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}a^2$; যখন a = একটি বাহুর দৈর্ঘ্য।

সমদ্বিবাহু ত্রিভুজ (Isosceles Triangle) :

১. দুটি বাহু সমান।
২. সমান সমান বাহু সংলগ্ন কোণদ্বয় সমান।
৩. সমান সমান বাহুর সাধারণ বিন্দু থেকে বিপরীত বাহুর উপর অঙ্কিত মধ্যমা ঐ বাহুর উপর লম্ব।

৪. সমান সমান বাহুর বিপরীত কোণ সমান।

৫. ক্ষেত্রফল = $\frac{a}{4}\sqrt{4b^2 - a^2}$ [সমান বাহু b]



বিষমবাহু ত্রিভুজ (Scalene Triangle) :

১. তিনটি বাহুই পরস্পর অসমান।

২. ক্ষেত্রফল = $\sqrt{s(s-a)(s-b)(s-c)}$

$S = \frac{a+b+c}{2} = \frac{\text{পরিসীমা}}{2}$



ত্রিভুজ বিষয়ক অনুসিদ্ধান্তসমূহ

১. নিম্নোক্ত শর্তসাপেক্ষে ত্রিভুজ অঙ্কন সম্ভব :

ক. দুই বাহু ও অন্তর্ভুক্ত কোণ

খ. তিন বাহু

গ. দুই কোণ ও এক বাহু

ঘ. দুই বাহু ও একটির বিপরীত কোণ

২. দুটি ত্রিভুজের সর্বসমতার শর্ত :

ক. দুই বাহু ও অন্তর্ভুক্ত কোণ

খ. তিনটি বাহু

গ. দুই কোণ ও এক বাহু

ঘ. সমকোণী ত্রিভুজের অতিভুজ ও এক বাহু।

৩. ত্রিভুজের সমান সমান বাহুর বিপরীত কোণগুলোও পরস্পর সমান।

৪. ত্রিভুজের সমান সমান কোণের বিপরীত বাহুগুলোও পরস্পর সমান।

৫. ত্রিভুজের কোনো এক বাহু বর্ধিত করলে যে বহিঃস্থকোণ উৎপন্ন হয় তা অন্তঃস্থ বিপরীত কোণদ্বয়ের প্রত্যেকের চেয়ে বৃহত্তর।

৬. ত্রিভুজের যে কোনো দুই বাহুর সমষ্টি তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর।

৭. ত্রিভুজের তিন কোণের সমষ্টি 180°।

৮. ত্রিভুজের কোনো শীর্ষ বিন্দু থেকে তার বিপরীত বাহুর মধ্যবিন্দু সংযোজক সরলরেখাকে মধ্যমা বলে।

৯. ত্রিভুজের যে কোনো দুই বাহুর মধ্যবিন্দুর সংযোজক সরলরেখা তৃতীয় বাহুর সমান্তরাল এবং অর্ধেক।

১০. দুটি ত্রিভুজের কোণগুলো পরস্পর সমান হলে ত্রিভুজ দুটিকে সদৃশকোণী ত্রিভুজ বলে। সদৃশকোণী ত্রিভুজের অনুরূপ বাহুগুলোর অনুপাতও সমান। অর্থাৎ ΔABC এবং ΔDEF-এর $\angle A = \angle D$, $\angle B = \angle E$ এবং $\angle C = \angle F$ হলে

$\frac{AB}{DE} = \frac{AC}{DF} = \frac{BC}{EF}$

১১. ত্রিভুজের বৃহত্তর কোণের বিপরীত বাহু, ক্ষুদ্রতর কোণের বিপরীত বাহু অপেক্ষা বৃহত্তর।

১২. ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{1}{2}$ × ভূমি × উচ্চতা।

Working Tools

ত্রিভুজের ক্ষেত্রফল ও পরিসীমা

- সাধারণ ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{১}{২}$ × ভূমি × উচ্চতা
- সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{১}{২}$ × সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের গুণফল
- সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{a}{8}\sqrt{8b^2 - a^2}$ [যেখানে, a = ভূমি; b = অপর বাহু]
- সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{\sqrt{৩}}{৪}a^2$ [যেখানে, a = যে কোনো বাহুর দৈর্ঘ্য]
- বিষমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল = $\sqrt{s(s-a)(s-b)(s-c)}$ [যেখানে, a, b, c, হলো তিনটি বাহুর দৈর্ঘ্য এবং $s = \frac{a+b+c}{২} = \frac{\text{পরিসীমা}}{২}$]
- ত্রিভুজের পরিসীমা = তিন বাহুর সমষ্টি।

TRIANGLE

Question Bank as Self Test

০১. ত্রিভুজের মধ্যমাত্রয়ের ছেদবিন্দুর নাম কি?

ক পরিকেন্দ্র খ ভরকেন্দ্র গ অন্তঃকেন্দ্র ঘ লম্বকেন্দ্র

Hints : ত্রিভুজের কোন একটি শীর্ষবিন্দু এবং তার বিপরীত বাহুর মধ্যবিন্দুর সংযোজক সরলরেখাকে মধ্যমা বলে। ত্রিভুজের মধ্যমাত্রয় সমবিন্দু। এই বিন্দু ত্রিভুজের ভরকেন্দ্র।

বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক ২০১৪
উত্তর : খ



ΔABC এ D, E, F যথাক্রমে BC, CA এবং AB এর মধ্যবিন্দু। AD, BE, CF মধ্যমাত্রয় O বিন্দুতে মিলিত হয়।
$\therefore$ O হলো ত্রিভুজটির ভরকেন্দ্র। সুতরাং ভরকেন্দ্র হলো কোনো ত্রিভুজের তিন বাহুর সমদ্বিখণ্ডকগুলোর ছেদবিন্দু।

০২. একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ১৩, ১৪ ও ১৫ মিটার। ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

ক ৬০ বর্গমিটার খ ৮৪ বর্গমিটার গ ৯০ বর্গমিটার ঘ ৪৮ বর্গমিটার

Hints : এখানে, $s = \frac{১৩+১৪+১৫}{২} = ২১$

$\therefore$ ক্ষেত্রফল $= \sqrt{২১(২১-১৩)(২১-১৪)(২১-১৫)}$

$= \sqrt{২১ \times ৮ \times ৭ \times ৬}$

$= \sqrt{৭০৫৬}$

$= ৮৪$ বর্গ মিটার।

বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক ২০১৪
উত্তর : খ

০৩. নিচে ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য দেয়া আছে। কোন ক্ষেত্রে ত্রিভুজটি আঁকা সম্ভব নয়?

ক 2, 3, 5 সে. মি. খ 4, 5, 6 সে. মি. গ 3, 5, 7 সে. মি. ঘ 5, 6, 8 সে. মি.

Hints : আমরা জানি, ত্রিভুজের যে কোনো দুই বাহুর সমষ্টি তার তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর হয়। অপশন (খ), (গ) ও (ঘ)-এর ক্ষেত্রে যে কোনো দুটি সরলরেখার দৈর্ঘ্যের যোগফল তৃতীয় সরলরেখার দৈর্ঘ্য অপেক্ষা বৃহত্তর। কিন্তু অপশন (ক)-এর ক্ষেত্রে ১ম ও ২য় সরলরেখার দৈর্ঘ্যের যোগফল (2 + 3) বা 5 সে. মি.; যা ৩য় সরলরেখার দৈর্ঘ্যের 5 সে. মি. এর সমান। সুতরাং এই সরলরেখা দ্বারা ত্রিভুজ অংকন করা অসম্ভব।

বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক ২০১৪
উত্তর : ক

০৪. সমকোণী ত্রিভুজের অতিভুজ সংলগ্ন কোণ ২টির প্রত্যেকটি কী কোণ?

ক সমকোণ খ সূক্ষ্মকোণ গ স্থূলকোণ ঘ সরলকোণ

Hints : সমকোণী ত্রিভুজের তিন কোণের সমষ্টি ১৮০°। যার একটি কোণ ৯০° এবং অপর দুটি কোণের সমষ্টি ৯০° অর্থাৎ অতিভুজ সংলগ্ন কোণ দুটির প্রত্যেকটির মান ৯০° অপেক্ষা ছোট। অতএব, কোণ দুটি সূক্ষ্মকোণ।

পরিবার পরিকল্পনা অধিদপ্তর নিয়োগ পরীক্ষা ২০১৪
উত্তর : খ



০৫. ত্রিভুজ হওয়ার শর্ত কি?
ক যে কোনো ২ বাহুর দৈর্ঘ্যের যোগফল ৩য় বাহু অপেক্ষা ক্ষুদ্রতর
খ যে কোনো ২ বাহুর দৈর্ঘ্যের যোগফল ৩য় বাহুর দৈর্ঘ্য অপেক্ষা বৃহত্তর
গ ৩টি বাহুর দৈর্ঘ্য সমান
ঘ ১টি কোণ সমকোণ
Hints : *ত্রিভুজ হওয়ার শর্তই হলো– যেকোনো দুই বাহুর দৈর্ঘ্যের সমষ্টি তার তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর হতে হবে। সুতরাং সঠিক উত্তর অপশন (খ)।*

পরিবার পরিকল্পনা অধিদপ্তর নিয়োগ পরীক্ষা ২০১৪
উত্তর : খ

০৬. ABC ত্রিভুজের $AB = AC, \angle A = 80°$ হলে $\angle B =$ কত?
ক ৪০ ডিগ্রি খ ৬০ ডিগ্রি গ ৫০ ডিগ্রি ঘ ১০০ ডিগ্রি
Hints : ΔABC-এ, $AB = AC$; $\angle B = \angle C$
ΔABC-এ $\angle A + \angle B + \angle C = 180°$
$\Rightarrow 80° + \angle B + \angle B = 180°$
$\Rightarrow 2\angle B = 100°$
$\therefore \angle B = 50°$

পল্লী উন্নয়ন বোর্ডের মাঠ সংগঠক ২০১৪
উত্তর : গ

০৭. একটি সমদ্বিবাহু ত্রিভুজের ভূমি ১৬ মি. এবং অপর দুটি বাহুর প্রতিটি ১০ মি. হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত?
ক ৪২ বর্গমিটার খ ৩৬ বর্গমিটার গ ৪৮ বর্গমিটার ঘ ৫০ বর্গমিটার
Hints : *দেয়া আছে, ভূমি $b =$ ১৬ মি.*
বাহুর দৈর্ঘ্য $a =$ ১০ মি.
সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{b}{৪}\sqrt{৪a^২ - b^২}$
$= \frac{১৬}{৪}\sqrt{৪ \times (১০)^২ - (১৬)^২}$
$= \frac{১৬}{৪}\sqrt{৪০০ - ২৫৬}$
$= \frac{১৬}{৪} \times ১২ =$ ৪৮ *বর্গমিটার*

পল্লী উন্নয়ন বোর্ডের মাঠ সংগঠক ২০১৪
উত্তর : গ

০৮. $x + y = 6$ এবং $xy = 8$ হলে $(x - y)^2$ এর মান কত?
ক 4 খ 6 গ 8 ঘ 12
Hints : *দেয়া আছে, $x + y = 6$ এবং $xy = 8$*
$\therefore (x - y)^2 = (x + y)^2 - 4xy$
$= (6)^2 - 4.8$
$= 36 - 32 = 4$

পল্লী উন্নয়ন বোর্ডের হিসাব সহকারী ২০১৪
উত্তর : ক

০৯. ১টি ত্রিভুজের ২টি কোণ যথাক্রমে ৫০° ও ৬৮°। তৃতীয়টি সমান কত?
ক ১১২° খ ৮২° গ ৬২° ঘ ৫২°
Hints : *ত্রিভুজের তিন কোণের সমষ্টি দুই সমকোণ।*
$\therefore$ *ত্রিভুজটির তৃতীয় কোণের পরিমাণ* $= ১৮০° - (৫০° + ৬৮°)$
$= ১৮০° - ১১৮°$
$= ৬২°$।

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স-এর কার্যালয়ের অধীন অডিটর ২০১৪
উত্তর : গ

১০. ত্রিভুজের তিন কোণের সমষ্টি কত সমকোণ?
ক এক খ দুই গ তিন ঘ চার
Hints : *আমরা জানি, ত্রিভুজের তিন কোণের সমষ্টি ১৮০° বা দুই সমকোণ।*

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স-এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর ২০১৪
উত্তর : খ

১১. ABC ত্রিভুজের $AB = AC, \angle A = 80°$ হলে $\angle B =$ কত?
ক ৪০ ডিগ্রি খ ৬০ ডিগ্রি গ ৫০ ডিগ্রি ঘ ১০০ ডিগ্রি

Hints : ABC ত্রিভুজে, $AB = AC$; $\angle B = \angle C$

ΔABC-এ $\angle A + \angle B + \angle C = ১৮০°$

$\Rightarrow ৮০° + \angle B + \angle B = ১৮০°$

$\Rightarrow ২\angle B = ১০০°$

$\therefore \angle B = ৫০°$

পল্লী উন্নয়ন বোর্ড-এর মাঠকর্মী ২০১৪
উত্তর : গ

১২. একটি সমদ্বিবাহু ত্রিভুজের ভূমি ১৬ মিটার এবং অপর দুটি বাহুর প্রতিটি ১০ মিটার হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

ক ৪২ বর্গমিটার খ ৩৬ বর্গমিটার গ ৪৮ বর্গমিটার ঘ ৫০ বর্গমিটার

Hints : দেয়া আছে, ভূমি $b = ১৬$ মিটার

এবং বাহুর দৈর্ঘ্য $a = ১০$ মিটার

আমরা জানি,

সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{b}{৪}\sqrt{৪a^২ - b^২}$ বর্গ মি.

$= \frac{১৬}{৪}\sqrt{৪\times(১০)^২ - (১৬)^২}$

$= \frac{১৬}{৪}\sqrt{৪০০ - ২৫৬}$

$= \frac{১৬}{৪}\times ১২ = ৪৮$ বর্গমিটার।

পল্লী উন্নয়ন বোর্ড-এর মাঠকর্মী ২০১৪
উত্তর : গ

১৩. একটি সমবাহু ত্রিভুজের একটি বাহু ১৬ মিটার। ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

ক ১৬ বর্গমিটার খ ৩২ বর্গমিটার গ ৬৪ বর্গমিটার ঘ ১২৮ বর্গমিটার
ঙ কোনোটিই নয়

Hints : সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{\sqrt{৩}}{৪}a^২$ বর্গ একক

$= \frac{\sqrt{৩}}{৪}(১৬)^২$ বর্গ মি.

$= ৬৪\sqrt{৩}$ বর্গ মি.।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান জুনিয়র অ্যাসিস্টেন্ট অফিসার ২০১৪
উত্তর : ঙ

১৪. ABC ত্রিভুজের AB = AC এবং $\angle BAC = ৮০°$ হলে $\angle ABC$ কত?

ক ২০° খ ৫০° গ ৮০° ঘ ১০০°
ঙ কোনোটিই নয়

Hints :



ABC ত্রিভুজের $AB = AC$। সুতরাং $\angle ABC = \angle ACB$

আবার, $\angle ABC + \angle BAC + \angle ACB = ১৮০°$

$\Rightarrow \angle ABC + \angle BAC + \angle ABC = ১৮০°$

$\Rightarrow 2\angle ABC + ৮০° = ১৮০°$

$\Rightarrow 2\angle ABC = ১০০°$

$\therefore \angle ABC = ৫০°$

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান জুনিয়র অ্যাসিস্টেন্ট অফিসার ২০১৪
উত্তর : খ

১৫. একটি ত্রিভুজাকৃতির ক্ষেত্রের ক্ষেত্রফল ৮৪ বর্গগজ। ত্রিভুজের শীর্ষবিন্দু থেকে ভূমির ওপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য ১২ গজ হলে ভূমির দৈর্ঘ্য কত গজ হবে?

ক ১০ খ ১২ গ ৯ ঘ ৭ ঙ ১৪

Hints : ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা

$\therefore$ ৮৪ $= \frac{১}{২} \times$ ভূমি $\times$ ১২

বা, ৮৪ = ভূমি $\times$ ৬

$\therefore$ ভূমি = ১৪ গজ

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান এসিস্টেন্ট অফিসার ২০১৪ উত্তর : ঙ

১৬. একটি বাড়ির উচ্চতা ৪০ ফুট। একটি মইয়ের তলদেশ মাটিতে বাড়ির দেয়াল থেকে ৯ ফুট দূরে রাখা আছে। উপরে মইটি বাড়ির ছাদ ছুঁয়ে আছে। মইটি কত ফুট লম্বা?

(ক) ৪১ (খ) ৪৮ (গ) ৪৩ (ঘ) ৪৫ (ঙ) ৪৬

Hints : আমরা জানি,

$AC^2 = AB^2 + BC^2$

বা, $AC = \sqrt{৪০^২ + ৯^২}$

$= \sqrt{১৬০০ + ৮১}$

$\therefore AC = ৪১$

$\therefore$ মইটি লম্বা ৪১ ফুট



বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান এসিস্টেন্ট অফিসার ২০১৪ উত্তর : ক

১৭. একটি সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফল কত হবে, যেখানে উহার সমান সমান বাহুদ্বয়ের দৈর্ঘ্য 50 সেমি ও ভূমি 60 সেমি?

(ক) 10000 বর্গ সেমি (খ) 11000 বর্গ সেমি (গ) 1200 বর্গ সেমি (ঘ) 1100 বর্গ সেমি

Hints : সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{b}{4}\sqrt{4a^2 - b^2}$

$= \frac{60}{4}\sqrt{4 \times (50)^2 - (60)^2}$

$= 15\sqrt{4 \times 2500 - 3600}$

$= 15\sqrt{10000 - 3600}$

$= 15\sqrt{6400}$

$= 15 \times 80$

$= 1200$ বর্গ সেমি

১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) ২০১৪ উত্তর : গ

১৮. ΔABC-এর BC বাহুকে D পর্যন্ত বর্ধিত করা হল। $\angle A = 60°$ এবং $\angle B = 90°$ হলে $\angle ACD$ = কত?

(ক) 90° (খ) 60° (গ) 120° (ঘ) 150°

Hints : ΔABC-এ

$\angle A + \angle B + \angle C = 180°$

বা, $60° + 90° + \angle C = 180°$

$\therefore \angle C = 30°$

আবার, $\angle ACB + \angle ACD = 180°$

বা, $30° + \angle ACD = 180°$

$\therefore \angle ACD = 150°$

১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) ২০১৪ উত্তর : ঘ

১৯. কোনো ত্রিভুজের তিনটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ তিনটির সমষ্টি কত?

(ক) ১৮০° (খ) ২৭০° (গ) ৩০০° (ঘ) ৩৬০°

Hints : আমরা জানি যে কোনো ত্রিভুজের তিন কোণের সমষ্টি = ১৮০°



১১তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা (স্কুল/সমপর্যায় ২) ২০১৪ উত্তর : ঘ

অর্থাৎ $x + y + z = ১৮০^\circ$ ..... (i)

আবার, এক সরল কোণ $= ১৮০^\circ$

$\therefore$ বহিঃস্থ কোণ তিনটির যোগফল

$= (১৮০^\circ - x) + (১৮০^\circ - y) + (১৮০^\circ - z)$

$= ৫৪০^\circ - (x + y + z)$

$= ৫৪০^\circ - ১৮০^\circ$

$= ৩৬০^\circ$

২০. একটি সমদ্বিবাহু ত্রিভুজের ভূমি ১৬ মিটার অপর দুইটি বাহুর প্রতিটি ১০ মিটার হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গমিটার?

ক ৩৬ খ ৪২ গ ৪৮ ঘ ৫০

Hints : দেয়া আছে, ভূমি $b = ১৬$ মিটার

বাহুর দৈর্ঘ্য $a = ১০$ মিটার

আমরা জানি,

সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{b}{৪}\sqrt{৪a^২ - b^২}$ বর্গ মি.

$= \frac{১৬}{৪}\sqrt{৪ \times ১০^২ - ১৬^২}$

$= \frac{১৬}{৪}\sqrt{৪০০ - ২৫৬}$

$= \frac{১৬}{৪} \times ১২ = ৪৮$ বর্গ মি.

১১তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা (স্কুল/সমপর্যায় ২) ২০১৪
উত্তর : গ

২১. সমদ্বিবাহু ত্রিভুজের শীর্ষ কোণের মান 80° হলে, অপর কোণদ্বয়ের মান কত?

ক 50° ও 50° খ 60° ও 40° গ 45° ও 45° ঘ 40° ও 40°

Hints : সমদ্বিবাহু ত্রিভুজের শীর্ষ কোণ 80°

$\therefore$ ভূমি সংলগ্ন কোণদ্বয়ের সমষ্টি (180–80°) বা 100°

আবার, সমদ্বিবাহু হওয়ায় কোণদ্বয় পরস্পর সমান।

$\therefore$ প্রতিটি কোণ $= \frac{100^\circ}{2} = 50^\circ$

সুতরাং সঠিক উত্তর (ক)।

১১তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা (স্কুল/সমপর্যায় ২) ২০১৪
উত্তর : ক

২২. একটি সমবাহু ত্রিভুজের এক বাহুর দৈর্ঘ্য 10 সে.মি. হলে, তার ক্ষেত্রফল কত বর্গ সে.মি.?

ক $25\sqrt{3}$ ব. সে. মি. খ $25\sqrt{2}$ ব. সে. মি. গ 100 ব. সে. মি. ঘ 50 ব. সে. মি.

Hints : দেয়া আছে, সমবাহু ত্রিভুজের এক বাহুর দৈর্ঘ্য, $a = 10$ সে.মি.

$\therefore$ এর ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}a^2 = \frac{\sqrt{3}}{4}(10)^2 = \frac{\sqrt{3}}{4} \times 100 = 25\sqrt{3}$ বর্গ সে.মি.

১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৪
উত্তর : ক

২৩. একটি ত্রিভুজের তিন কোণ অপর একটি ত্রিভুজের তিন কোণের সমান হলে, ত্রিভুজদ্বয় কিরূপ হবে?

ক সমান খ সর্বসম গ অসমান ঘ সদৃশকোণী

Hints : প্রতিজ্ঞা : একটি ত্রিভুজের তিন কোণ অপর একটি ত্রিভুজের তিন কোণের সমান হলে, ত্রিভুজদ্বয় হবে সদৃশকোণী।

১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৪
উত্তর : ঘ

২৪. ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র কোনটি?

ক πr^2 খ $\frac{1}{2} \times$ ভূমি $\times$ উচ্চতা গ ভূমি $\times$ উচ্চতা ঘ $2\pi r^2$

Hints : ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র হলো, ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা

১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৪ (স্কুল পর্যায়-২)
উত্তর : খ

২৫. চিত্রে ΔABC এর দুই বাহুর দৈর্ঘ্য a এবং b। বাহু দুইটির অন্তর্ভুক্ত কোণ θ। সেক্ষেত্রে ΔABC এর ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র হবে- ১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৪ (স্কুল পর্যায়-২) উত্তর : ক



ক $\frac{1}{2}ab\sin\theta$ খ $\frac{1}{2}ab\sin^2\theta$ গ $ab\cos\theta$ ঘ $\frac{1}{2}ab\cos^2\theta$

Hints : *আমরা জানি,* $\sin\theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}}$

বা, লম্ব = অতিভুজ × sinθ

∴ লম্ব = b sinθ



আবার, ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ *ভূমি* $\times$ *উচ্চতা*

$= \frac{1}{2} \times a \times b\sin\theta = \frac{1}{2}ab\sin\theta$

২৬. সমকোণী ত্রিভুজের একটি কোণ 60° হলে অপর কোণটি কত? ১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৪ (স্কুল পর্যায়-২) উত্তর : ক

ক 30° খ 120° গ 60° ঘ 0°

Hints : *সমকোণী ত্রিভুজের মোট কোণের পরিমাণ 180° ।*

সুতরাং অপর কোণ $= 180° - (90° + 60°)$

$= 180° - 150° = 30°$

২৭. কোনো সমকোণী ত্রিভুজের সূক্ষ্ম কোণদ্বয়ের পার্থক্য 20° হলে ক্ষুদ্রতম কোণটির মান কত? ১১তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা (কলেজ/সমপর্যায়) ২০১৪ উত্তর : ক

ক 35° খ 40° গ 45° ঘ 55°

Hints : *ধরি, বৃহত্তম সূক্ষ্মকোণটি* x_1

*এবং ক্ষুদ্রতম " * x_2

তাহলে, $x_1 + x_2 = 90°$ *[∵ সমকোণী ত্রিভুজের*

দেয়া আছে, $x_1 - x_2 = 20°$ *সূক্ষ্মকোণদ্বয়ের সমষ্টি ৯০°]*

(-) করি, $2x_2 = 70°$

$\therefore x_2 = 35°$

সুতরাং ক্ষুদ্রতম কোণটির মান 35° ।

২৮. কোনো ত্রিভুজের তিনটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ তিনটির সমষ্টি কত?

ক ৯০° খ ১৮০° গ ২৭০° ঘ ৩৬০°

Hints : আমরা জানি, যে কোনো ত্রিভুজের তিন কোণের সমষ্টি = ১৮০°
অর্থাৎ $x + y + z = ১৮০°$ ..... (i)
আবার,
এক সরলকোণ = ১৮০°
∴ বহিঃস্থ কোণ তিনটির যোগফল
$= (১৮০° - x) + (১৮০° - y) + (১৮০° - z)$
$= ৫৪০° - (x + y + z)$
$= ৫৪০° - ১৮০°$
$= ৩৬০°$

১১তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা (কলেজ/সমপর্যায়) ২০১৪
উত্তর : ঘ



২৯. একটি সমবাহু ত্রিভুজের একটি বাহুর দৈর্ঘ্য ১৬ মিটার হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ মিটার?

ক ৩২√৩ খ ৬৪√৩ গ ৬৪ ঘ ৩২

Hints : সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য, a = ১৬ মিটার
∴ " " " ক্ষেত্রফল $= \frac{\sqrt{৩}a^2}{৪}$ বর্গমিটার
$= \frac{\sqrt{৩} \times (১৬)^2}{৪}$ বর্গমিটার
$= ৬৪\sqrt{৩}$ বর্গমিটার।

১১তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা (কলেজ/সমপর্যায়) ২০১৪
উত্তর : খ

৩০. ত্রিভুজের যে কোনো দুই বাহুর মধ্যবিন্দুর সংযোজক সরলরেখা তৃতীয় বাহুর–

ক সমান খ অর্ধেক গ দ্বিগুণ ঘ তিনগুণ

Hints : জ্যামিতিক উপপাদ্য : ত্রিভুজের যে কোনো দুই বাহুর মধ্যবিন্দুর সংযোজক রেখাংশ তৃতীয় বাহুর সমান্তরাল ও দৈর্ঘ্যে তার অর্ধেক।

১১তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা (কলেজ/সমপর্যায়) ২০১৪
উত্তর : খ

৩১. সমবাহু ত্রিভুজের এক বাহুর দৈর্ঘ্য a একক হলে এর ক্ষেত্রফল কত বর্গ একক?

ক $\frac{\sqrt{3}}{2}a^2$ খ $\frac{\sqrt{3}}{4}a^2$ গ $\frac{\sqrt{3}}{4}a$ ঘ $\frac{\sqrt{7}}{2}a^2$

Hints : সমবাহু ত্রিভুজের এক বাহুর দৈর্ঘ্য a একক হলে,
= এর ক্ষেত্রফল $\frac{\sqrt{3}}{4}a^2$ বর্গ একক [সূত্র]

১০ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৪
উত্তর : খ

৩২. কোনো ত্রিভুজের বাহুগুলোর অনুপাত নিচের কোনটি হলে, একটি সমকোণী ত্রিভুজ অঙ্কন সম্ভব হবে?

ক ৬ : ৫ : ৪ খ ৩ : ৪ : ৫ গ ১২ : ৮ : ৪ ঘ ৬ : ৪ : ৩

Hints : সমকোণী ত্রিভুজের ক্ষেত্রে,
$(অতিভুজ)^২ = (লম্ব)^২ + (ভূমি)^২$
বা, $(৫)^২ = (৩)^২ + (৪)^২$
বা, ২৫ = ৯ + ১৬
বা, ২৫ = ২৫
∴ সঠিক উত্তর = ৩ : ৪ : ৫

১০ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৪
উত্তর : খ

৩৩. যে ত্রিভুজের দুটি বাহু পরস্পর সমান, তাকে বলে–

ক সমদ্বিবাহু ত্রিভুজ　　খ সমবাহু ত্রিভুজ
গ বিষমবাহু ত্রিভুজ　　ঘ বিপরীত বাহু ত্রিভুজ

পরিকল্পনা মন্ত্রণালয় ডাটা প্রসেসিং অপারেটর ২০০২
উত্তর : ক

৩৪. ত্রিভুজের একটি কোণ এর অপর দুটি কোণের সমষ্টির সমান হলে ত্রিভুজটি—

ক সমকোণী　　খ স্থূলকোণী　　গ সমবাহু　　ঘ সূক্ষ্মকোণী

Hints : *আমরা জানি, ত্রিভুজের তিন কোণের সমষ্টি দুই সমকোণ। একটি কোণ ৯০° হলে অপর কোণদ্বয়ের সমষ্টি ৯০°।*

∴ *ত্রিভুজটি সমকোণী ত্রিভুজ।*

১০ম বিসিএস; নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা ও পার্সোনাল অফিসার ২০০৪
উত্তর : ক

৩৫. কোনো ত্রিভুজের $\angle A = 65°$ হলে, এর পূরক কোণ কত ডিগ্রি?

ক ২৫°　　খ ৩৫°　　গ ৯০°　　ঘ ১১৫°

জাতীয় রাজস্ব বোর্ডের ইন্সপেক্টর/এসেসার/ থিজেক্টিভ অফিসার/গোয়েন্দা কর্মকর্তা ২০১০
উত্তর : ক

৩৬. 'সমকোণী ত্রিভুজের অতিভুজের ওপর অঙ্কিত বর্গক্ষেত্রের আয়তন অপর দুই বাহুর ওপর অঙ্কিত বর্গক্ষেত্র দুটির আয়তনের সমান'–এই সূত্রের উদ্ভাবক কে?

ক নিউটন　　খ গ্যালিলিও
গ আইনস্টাইন　　ঘ পিথাগোরাস

বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস কমিশন গৃহীত সহকারী জজ ২০০৭
উত্তর : ঘ

৩৭. কোনো ত্রিভুজের এক বাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্র অপর দুই বাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্রদ্বয়ের যোগফলের সমান হলে ত্রিভুজটি হবে—

ক সমকোণী　　খ সূক্ষ্মকোণী
গ সমবাহু　　ঘ স্থূলকোণী

দুর্নীতি দমন ব্যুরোর সহকারী উপ-পরিদর্শক ২০০৪
উত্তর : ক

৩৮. চারটি ত্রিভুজের বাহুগুলোর দৈর্ঘ্য মিটারে নিম্নরূপ। কোনটি সমকোণী ত্রিভুজ?

ক ৪, ৮, ৯　　খ ৫, ১২, ১৩　　গ ৬, ১২, ১৩　　ঘ ৭, ১২, ১৪

পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক ২০০৪
উত্তর : খ

৩৯. সমকোণী ত্রিভুজের সমকোণের বিপরীত একটি কোণ 50° হলে অপর কোণটি কত?

ক 20°　　খ 30°　　গ 40°　　ঘ 50°

Hints : *আমরা জানি, ত্রিভুজের তিন কোণের সমষ্টি 180° এবং সমকোণী ত্রিভুজের একটি কোণের মান 90°।*

সুতরাং অপর কোণটির মান $= 180° - (90° + 50°) = 180° - 140° = 40°$।

শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা ২০০৯
উত্তর : গ

৪০. সমকোণী ত্রিভুজের অতিভুজ সংলগ্ন কোণ দুটির প্রত্যেকটি—

ক সরল কোণ　　খ সূক্ষ্মকোণ
গ পূরক কোণ　　ঘ স্থূলকোণ

দুর্নীতি দমন ব্যুরোর সহকারী উপ-পরিদর্শক ২০০৪; মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের প্রদর্শক ২০০৪
উত্তর : খ

৪১. একটি ত্রিভুজের তিনটি কোণ পরস্পর সমান হলে, তাকে কি ত্রিভুজ বলে?

ক সমকোণী ত্রিভুজ　　খ বিষমবাহু ত্রিভুজ
গ সমবাহু ত্রিভুজ　　ঘ সমদ্বিবাহু ত্রিভুজ

সড়ক ও জনপথ অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী ২০১০; জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ-পরিচালক ১৯৯৭
উত্তর : গ

৪২. যদি দুটি ত্রিভুজের দুটি বাহু ও তাদের অন্তর্ভুক্ত কোণ সমান হয় হবে ত্রিভুজ দুটি —— হবে।

ক সমানুপাতিক　　খ সমরেখ　　গ সর্বসম　　ঘ সদৃশ

Hints : যদি দুটি ত্রিভুজের একটির দুই বাহু যথাক্রমে অপরটির দুই বাহুর সমান হয় এবং বাহু দুটির অন্তর্ভুক্ত কোণদ্বয় পরস্পর সমান হয়, তবে ত্রিভুজ দুটি সর্বসম হবে। যদি একটি ত্রিভুজের তিনটি কোণ যথাক্রমে অপর ত্রিভুজের তিনটি কোণের সমান হয়, তবে ত্রিভুজ দুটি সদৃশ হয়। দুইটি ত্রিভুজ কখনোই সমানুপাতিক বা সমরেখ হয় না।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক ২০১০
উত্তর : গ

৪৩. কোনো সমবাহু ত্রিভুজের একটি কোণ ৬০° হলে অপর দুটি কোণের মান হবে–
(ক) ৩০°, ৯০° (খ) ৪০°, ৮০° (গ) ৫০°, ৭০° (ঘ) ৬০°, ৬০°

নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা ও পার্সোনাল অফিসার ২০০৪
উত্তর : ঘ

৪৪. ΔABC-এর ভূমি সংলগ্ন দুটি কোণ যথাক্রমে ৪০° ও ৪৫°। অপর কোণটির পরিমাণ কত?
(ক) ৪০° (খ) ৪৫° (গ) ৯৫° (ঘ) ১২০°

পাবলিক সার্ভিস কমিশন সচিবালয়ে সহকারী সচিব ২০০৫
উত্তর : গ

৪৫. একটি ত্রিভুজের বাহুগুলোর পরিমাপ যথাক্রমে 3, 5 এবং 7 একক হলে স্থূল কোণটির মান কত?
(ক) 160° (খ) 120° (গ) 125° (ঘ) 1360°

সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৯
উত্তর : খ

৪৬. কোনো ত্রিভুজের তিনটি কোণের সমষ্টি কত?
(ক) ১৮০° (খ) ১৫০° (গ) ২৭০° (ঘ) ৩৬০°

Hints : জ্যামিতিক উপপাদ্য অনুসারে, যে কোনো ত্রিভুজের তিন কোণের সমষ্টি দুই সমকোণ বা ১৮০°।

ভূমি ও কর্মসংস্থান মন্ত্রণালয় সরকারী হিসাব পরিদপ্তর (সুপারিশ) ২০০৯; উপজেলা/থানা নির্বাচন অফিসার ২০০৮
উত্তর : ক

৪৭. সমবাহু ত্রিভুজের বাহুগুলোর মধ্যবিন্দু পর্যায়ক্রমে যোগ করলে যে চারটি ত্রিভুজ উৎপন্ন হয় তা হলো–
(ক) সমবাহু ত্রিভুজ (খ) সমদ্বিবাহু ত্রিভুজ (গ) সমকোণী ত্রিভুজ (ঘ) সূক্ষ্মকোণী ত্রিভুজ

Hints : সমবাহু ত্রিভুজের তিনটি বাহু সমান হওয়ায় এর বাহুগুলোর মধ্যবিন্দু পর্যায়ক্রমে যোগ করলে যে বাহুগুলো উৎপন্ন হয় সে বাহুগুলোও সমান হয়। সুতরাং এভাবে উৎপন্ন চারটি ত্রিভুজও অবশ্যই সমবাহু ত্রিভুজ।

অর্থ মন্ত্রণালয়ের অধীন জাতীয় সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক ২০০৯
উত্তর : ক

৪৮. কোনো ত্রিভুজের শীর্ষবিন্দু হতে বিপরীত বাহুর মধ্যবিন্দুর উপর অঙ্কিত রেখাকে ঐ ত্রিভুজের কি বলা হয়?
(ক) মধ্যমা (খ) সমদ্বিখণ্ড (গ) অতিভুজ (ঘ) লম্ব

Hints : কোনো ত্রিভুজের শীর্ষ বিন্দু থেকে বিপরীত বাহুর মধ্যবিন্দুর সংযোগ রেখাকে উহার মধ্যমা বলে। কোনো কোণকে সমান দুটি কোণে ভাগ করাকে কোণের সমদ্বিখণ্ডিতকরণ বলে এবং যে রেখা কোনো কোণকে সমান দু'ভাগে ভাগ করে তাকে সমদ্বিখণ্ডক বলে। আবার কোনো সমকোণী ত্রিভুজের সমকোণের বিপরীত বাহুকে অতিভুজ বলে। অন্যদিকে, কোনো সমকোণী ত্রিভুজের সূক্ষ্মকোণের বিপরীত বাহুকে ঐ কোণ সাপেক্ষে লম্ব বলে।

অর্থ মন্ত্রণালয়ের অধীন জাতীয় সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক ২০০৯
উত্তর : ক

৪৯. ত্রিভুজের তিনটি মধ্যমা পরস্পর সমান হলে ত্রিভুজের যে কোনো কোণ-এর পরিমাণ কত ডিগ্রী?
(ক) ৩০° (খ) ৬০° (গ) ৭০° (ঘ) ৮০°

দুর্নীতি দমন কমিশনে উপসহকারী পরিচালক ২০১০
উত্তর : খ

৫০. চিত্রে, $\angle ACB$ কত ডিগ্রী?



(ক) 120° (খ) 40° (গ) 60° (ঘ) 80°

দুর্নীতি দমন কমিশনে উপসহকারী পরিচালক ২০১০
উত্তর : ঘ

৫১. ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র নিচের কোনটি?

ক ভূমি × উচ্চতা
খ দৈর্ঘ্য × প্রস্থ
গ $\frac{১}{২}$ × বাহুদ্বয়ের দৈর্ঘ্য × উচ্চতা
ঘ $\frac{১}{২}$ × ভূমি × উচ্চতা

Hints : *কোনো চতুর্ভুজের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র = দৈর্ঘ্য × প্রস্থ। আর, ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল = $\frac{১}{২}$ (ভূমি × উচ্চতা)।*

দুর্নীতি দমন কমিশনে উপসহকারী পরিচালক ২০১০; ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষক ২০০৩; সহকারী পরিসংখ্যান কর্মকর্তা ১৯৯৮
উত্তর : ঘ

৫২. ত্রিভুজের মধ্যমাত্রয়ের সমষ্টি ত্রিভুজের—

ক পরিসীমা অপেক্ষা বৃহত্তর
খ পরিসীমার সমান
গ পরিসীমার অর্ধ অপেক্ষা ক্ষুদ্রতর
ঘ পরিসীমা অপেক্ষা ক্ষুদ্রতর

Hints : *আমরা জানি, ত্রিভুজের মধ্যমাত্রয়ের সমষ্টি ত্রিভুজের পরিসীমা অপেক্ষা ক্ষুদ্রতর। [সূত্র]*

শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক ২০০৬
উত্তর : ঘ

৫৩. ত্রিভুজের যে-কোনো দুই বাহুর মধ্যবিন্দুর সংযোজক সরলরেখা তৃতীয় বাহু অপেক্ষা কি হবে?

ক সমান হবে
খ বড় হবে
গ দ্বিগুণ হবে
ঘ অর্ধেক হবে

Hints : *ত্রিভুজের যে কোনো দুই বাহুর মধ্যবিন্দুর সংযোজক সরলরেখা তৃতীয় বাহুর সমান্তরাল এবং দৈর্ঘ্য তার অর্ধেক। (উপপাদ্য)*

তথ্য মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিভিশন এর বিজ্ঞাপন আধিকারিক ২০০৬
উত্তর : ঘ

৫৪. ত্রিভুজের অভ্যন্তরস্থ কোনো বিন্দু হতে তার কৌণিক বিন্দু তিনটির দূরত্বের সমষ্টি ত্রিভুজের–

ক পরিসীমা অপেক্ষা বৃহত্তর
খ পরিসীমার সমান
গ পরিসীমা অপেক্ষা ক্ষুদ্রতর
ঘ পরিসীমার অর্ধ অপেক্ষা ক্ষুদ্রতর

Hints : *ত্রিভুজের অভ্যন্তরস্থ কোনো বিন্দু হতে তার কৌণিক বিন্দু তিনটির দূরত্বের সমষ্টি ত্রিভুজের পরিসীমা অপেক্ষা ক্ষুদ্রতর। উত্তর (গ)।*

সমাজসেবা অধিদপ্তরের উপজেলা সমাজসেবা অফিসার ২০০৬
উত্তর : গ

৫৫. সূক্ষ্মকোণী ত্রিভুজের সূক্ষ্মকোণের সংখ্যা কয়টি?

ক ১টি
খ ২টি
গ ৩টি

স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে স্বাস্থ্য সহকারী ২০০৪
উত্তর : গ

৫৬. দুটি ত্রিভুজের মধ্যে কোন উপাদানগুলো সমান হওয়া সত্ত্বেও ত্রিভুজ দুটি সর্বসম নাও হতে পারে?

ক দুই বাহু ও অন্তর্ভুক্ত কোণ
খ দুই কোণ ও এক বাহু
গ তিন কোণ
ঘ তিন বাহু

Hints : *দুটি ত্রিভুজের সর্বসম হওয়ার শর্ত হলো তিনটি কোণ ও তিনটি বাহু সমান হওয়া। কিন্তু ক, খ ও ঘ সমান হলেই তিনটি কোণ ও তিনটি বাহু সমান হয়ে যায়। অথচ তিনটি কোণ সমান হলে সর্বসম নাও হতে পারে।*

১৬তম বিসিএস; সহকারী পরিচালক (পাসপোর্ট অ্যান্ড ইমিগ্রেশন) ২০০৩; সমবায় দপ্তরে দ্বিতীয় শ্রেণীর গেজেটেড অফিসার ১৯৯৭
উত্তর : গ

৫৭. ABC ত্রিভুজের ক্ষেত্রফল কখন সবচেয়ে বেশি হবে?

ক যখন $AB = BC = CA$
খ যখন $AB + BC > CA$
গ যখন $AB < BC + CA$
ঘ যখন $AB^2 = BC^2 + CA^2$

বিদ্যুৎ জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের সহকারী বিক্রেয়ক পরিদর্শক ২০০৩
উত্তর : ঘ

৫৮. ABC সমকোণী ত্রিভুজের $\angle B = 90^\circ$ হলে—

ক $AB^2 + AC^2 = BC^2$
খ $AB^2 + BC^2 = CA^2$
গ $BC^2 + CA^2 = AB^2$
ঘ উপরের কোনোটিই সত্য নয়

শ্রম অধিদপ্তরের দ্বিতীয় শ্রেণীভুক্ত শ্রম কর্মকর্তা এবং জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা ২০০৪
উত্তর : খ

৫৯. ত্রিভুজ ABC এ ∠C সূক্ষ্মকোণ হলে নিচের কোন শর্তটি সঠিক হবে?

(ক) $AB^2 > BC^2 + CA^2$ (খ) $AB^2 = BC^2 + CA^2$

(গ) $AB^2 < BC^2 + CA^2$ (ঘ) $AB^2 = BC^2 - CA^2$

সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৯
উত্তর : গ

৬০. তিন কোণ দেয়া থাকলে যে সকল ত্রিভুজ আঁকা যায় তাদের কি ত্রিভুজ বলে?

(ক) সদৃশ ত্রিভুজ (খ) সমান ত্রিভুজ (গ) সর্বসম ত্রিভুজ (ঘ) সমানুপাতিক ত্রিভুজ

Hints : *কোনো ত্রিভুজের তিনটি কোণ যথাক্রমে অপর ত্রিভুজের তিনটি কোণের সমান হলে ত্রিভুজ দুটিকে সদৃশকোণী বা সদৃশ ত্রিভুজ বলে। অর্থাৎ তিনটি কোণ দেয়া থাকলে যে সব ত্রিভুজ আঁকা যাবে তারা সদৃশ।*

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২ (মেঘনা)
উত্তর : ক

৬১. দুটি ত্রিভুজ পরস্পর সর্বসম হওয়ার জন্য নিচের কোন শর্তটি যথেষ্ট নয়?

(ক) একটির তিন বাহু অপরটির তিন বাহুর সমান

(খ) একটির তিন কোণ অপরটির তিন কোণের সমান

(গ) একটির দুই কোণ ও এক বাহু অপরটির দুই বাহু ও অনুরূপ বাহুর সমান

(ঘ) একটির দুই বাহু ও অন্তর্ভুক্ত কোণ অপরটির দুই বাহু ও অন্তর্ভুক্ত কোণের সমান

Hints : *অপশন (ক), (গ) ও (ঘ)-এর বিদ্যমান শর্তগুলো দুটি ত্রিভুজ পরস্পর সর্বসম হওয়ার জন্য যথেষ্ট। কিন্তু অপশন (খ)-এ বিদ্যমান শর্তটি দুটি ত্রিভুজ পরস্পর সর্বসম হওয়ার জন্য যথেষ্ট নয়।*

৩০তম বিসিএস
উত্তর : খ

৬২. সমদ্বিবাহু ত্রিভুজের সমান বাহু দুটির ছেদবিন্দুতে ত্রিভুজের যে কোণ উৎপন্ন হয় তাকে বলা হয়–

(ক) পূরক কোণ (খ) শিরঃকোণ (গ) সন্নিহিত কোণ (ঘ) সম্পূরক কোণ

Hints : *সমদ্বিবাহু ত্রিভুজের সমান বাহু দুটির ছেদ বিন্দুতে ত্রিভুজের যে কোণ উৎপন্ন হয় তাকে বলা হয় শিরঃকোণ। দুটি কোণের সমষ্টি এক সমকোণ হলে কোণ দুটির একটিকে অপরটির পূরক কোণ বলে। সমতলস্থ দুটি কোণের একটি সাধারণ বাহু এবং একই শীর্ষবিন্দু থাকলে এবং তাদের অভ্যন্তরদ্বয়ের কোনো সাধারণ বিন্দু না থাকলে কোণ দুটির একটিকে অপরটির সন্নিহিত কোণ বলা হয়। দুটি কোণের সমষ্টি দুই সমকোণ হলে তাদেরকে একে অপরের সম্পূরক কোণ বলে।*

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুট্যান্ট ২০১০
উত্তর : খ

৬৩. কোনো ত্রিভুজের তিন বাহু বা লম্বদ্বিখণ্ডকগুলোর ছেদবিন্দুকে কি বলে?

(ক) লম্বকেন্দ্র (খ) ভরকেন্দ্র (গ) পরিকেন্দ্র (ঘ) অন্তঃকেন্দ্র

Hints : *কোনো ত্রিভুজের তিনটি বাহুর লম্ব সমদ্বিখণ্ডকগুলো ছেদবিন্দুকে ত্রিভুজের পরিকেন্দ্র বলে। কোনো ত্রিভুজের শীর্ষবিন্দুগুলো থেকে বিপরীত বাহুগুলোর উপর অঙ্কিত লম্ব তিনটির ছেদবিন্দুকে ত্রিভুজের লম্ববিন্দু বলা হয়। কোনো ত্রিভুজের মধ্যমা তিনটির ছেদবিন্দুকে ত্রিভুজটির ভরকেন্দ্র বলে। কোনো ত্রিভুজের তিনটি অন্তঃস্থ কোণের সমদ্বিখণ্ডকগুলোর ছেদবিন্দুকে ত্রিভুজটির অন্তঃকেন্দ্র বলে।*

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক ২০১০
উত্তর : গ

৬৪. ত্রিভুজের ভরকেন্দ্র প্রত্যেক মধ্যমাকে কোন অনুপাতে অন্তর্বিভক্ত করে?

(ক) ২ঃ১ (খ) ৩ঃ১ (গ) ১ঃ২ (ঘ) ১ঃ৩

Hints : *ত্রিভুজের মধ্যমাত্রয় যে বিন্দুতে পরস্পরকে ছেদ করে তাকে ভরকেন্দ্র বলে। ভরকেন্দ্র মধ্যমাকে ২ঃ১ অনুপাতে অন্তর্বিভক্ত করে।*

প্রাথমিক প্রধান শিক্ষক ২০০৯ (শাপলা)
উত্তর : ক

৬৫. একটি সমকোণী সমদ্বিবাহু ত্রিভুজের তিন কোণের পরিমাণ হবে—

(ক) ৬০°, ৬০°, ৬০° (খ) ৪০°, ১০০°, ৪০° (গ) ৫০°, ৯০°, ৪০° (ঘ) ৪৫°, ৯০°, ৪৫°

পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা ২০০৪
উত্তর : ঘ

৬৬. একটি সমকোণী ত্রিভুজের দ্বিতীয় কোণটির মাপ ২০° হলে তৃতীয় কোণটির মাপ কত?
(ক) ৪০° (খ) ৫০ (গ) ৬০° (ঘ) ৭০°
মাধ্যমিক সহকারী শিক্ষক ২০০৪
উত্তর : ঘ

৬৭. কোনো ত্রিভুজের বাহুগুলোর অনুপাত নিচের কোন্‌টি হলে একটি সমকোণী ত্রিভুজ অঙ্কন সম্ভব হবে?
(ক) ৬ : ৫ : ৪ (খ) ৩ : ৪ : ৫ (গ) ১২ : ৮ : ৪ (ঘ) ৬ : ৪ : ৩
Hints : *লক্ষ্য করি, (ক) $৪^২ + ৫^২ \neq ৬^২$; (খ) $৩^২ + ৪^২ = ৫^২$; (গ) $৪^২ + ৮^২ \neq ১২^২$ এবং (ঘ) $৩^২ + ৪^২ \neq ৬^২$। অর্থাৎ, সঠিক উত্তর (খ)।*
৩০তম বিসিএস
উত্তর : খ

৬৮. নিচের কোন তিনটি রেখাংশের দৈর্ঘ্য দ্বারা একটি সমকোণী ত্রিভুজ আঁকা সম্ভব?
(ক) 3, 5, 8 (খ) 3, 4, 5 (গ) 3, 5, 6 (ঘ) 3, 6, 9
Hints : *পীথাগোরাসের উপপাদ্য অনুসারে, একটি সমকোণী ত্রিভুজের অতিভুজের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল অপর দুই বাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্রদ্বয়ের ক্ষেত্রফলের সমান।*
(খ)-এর ক্ষেত্রে, $3^2 + 4^2 = 5^2$
বা, $9 + 16 = 25$
৬ষ্ঠ শিক্ষক নিবন্ধন ও প্রশিক্ষণ ২০১০
উত্তর : খ

৬৯. নিচে প্রতিটি গুচ্ছে তিনটি করে সরলরেখার দৈর্ঘ্য দেয়া আছে। কোন গুচ্ছের সরলরেখাগুলোকে দিয়ে ত্রিভুজ অঙ্কন সম্ভব নয়?
(ক) ৭, ৬, ১১ সে.মি. (খ) ৩, ৮, ৮ সে.মি. (গ) ১৪, ১২, ২৮ সে. মি. (ঘ) ২০, ৮, ১৩ সে. মি.
Hints : *আমরা জানি, ত্রিভুজের যে কোনো দুই বাহুর সমষ্টি তার তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর হয়। অপশন (ক), (খ) ও (ঘ)-এর ক্ষেত্রে যে কোনো দুইটি সরলরেখার দৈর্ঘ্যের যোগফল তৃতীয় সরলরেখার দৈর্ঘ্য অপেক্ষা বৃহত্তর। সুতরাং এই সরল রেখাগুলো দ্বারা ত্রিভুজ অংকন করা সম্ভব। কিন্তু অপশন (গ)-এর ক্ষেত্রে প্রথম দুটি সরলরেখার দৈর্ঘ্যের যোগফল (১৪ + ১২) সেমি বা ২৬ সেমি যা তৃতীয় সরলরেখার দৈর্ঘ্য ২৮ সেমি অপেক্ষা বৃহত্তর নয়। সুতরাং এই সরলরেখাগুলো দ্বারা কোনো ত্রিভুজ অঙ্কন সম্ভব নয়।*
উপজেলা/থানা শিক্ষা অফিসার (TEO) ২০১০
উত্তর : গ

৭০. কোন ৩টি বাহু দিয়ে ত্রিভুজ গঠন করা যাবে না?
(ক) ২, ৪, ৫, (খ) ৪, ৫, ৬ (গ) ২, ৪, ৭
(ঘ) সবগুলো দিয়েই ত্রিভুজ গঠন করা যাবে
Hints : *আমরা জানি, ত্রিভুজের যে কোনো দুই বাহুর সমষ্টি তার তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর হয়। অপশন (ক) ও (খ)-এর ক্ষেত্রে যে কোনো দুইটি সরলরেখার দৈর্ঘ্যের যোগফল তৃতীয় সরলরেখার দৈর্ঘ্য অপেক্ষা বৃহত্তর। সুতরাং এই সরলরেখাগুলো দ্বারা ত্রিভুজ অংকন করা সম্ভব। কিন্তু অপশন (গ)-এর ক্ষেত্রে প্রথম দুটি সরলরেখার দৈর্ঘ্যের যোগফল (২ + ৪) সেমি বা ৬ সেমি যা তৃতীয় সরলরেখার দৈর্ঘ্য ৭ সেমি অপেক্ষা বৃহত্তর নয়। সুতরাং এই সরলরেখাগুলো দ্বারা কোনো ত্রিভুজ অঙ্কন সম্ভব নয়।*
দুর্নীতি দমন কমিশনে উপসহকারী পরিচালক ২০১০
উত্তর : গ

৭১. একটি ত্রিভুজের দুই বাহুর দৈর্ঘ্য ৬ সেন্টিমিটার এবং ৭ সেন্টিমিটার হলে তৃতীয় বাহু—হতে পারে না।
(ক) ৫ সেমি দৈর্ঘ্যবিশিষ্ট (খ) ৮ সেমি দৈর্ঘ্যবিশিষ্ট (গ) ৯ সেমি দৈর্ঘ্যবিশিষ্ট (ঘ) ১৩ সেমি দৈর্ঘ্যবিশিষ্ট
Hints : *আমরা জানি, ত্রিভুজের যে কোনো দুই বাহুর সমষ্টি তার তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর।*
∴ তৃতীয় বাহু ১৩ সেমি দৈর্ঘ্য বিশিষ্ট হতে পারে না।
স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক ২০০৭
উত্তর : ঘ

৭২. যদি ত্রিভুজের দুই বাহুর দৈর্ঘ্য ৫″ এবং ৬″ হয়, তবে তৃতীয় বাহুর দৈর্ঘ্য— হতে পারে না।
(ক) ১২″ (খ) ১০″ (গ) ৩″ (ঘ) ৪″
Hints : *যদি ত্রিভুজের দুই বাহুর দৈর্ঘ্য ৫″ এবং ৬″ হয়, তবে তৃতীয় বাহুর দৈর্ঘ্য ১২″ হতে পারে না। [উপপাদ্য : কোনো ত্রিভুজের যে কোনো দুই বাহুর সমষ্টি এর তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর।]*
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ-পরিচালক ২০০৭
উত্তর : ক

৭৩. একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত 3 : 4 : 5 হলে কোণ তিনটির মান কত?

ক) ৪৫°, ৬০°, ৭৫° খ) ৩০°, ৬০°, ৯০° গ) ৬০°, ৯০°, ৩০° ঘ) ৯০°, ৪৫°, ৪৫°

Hints : *তিনটি কোণের অনুপাত* $= 3:4:5$

অনুপাতগুলোর যোগফল $= 3+4+5 = 12$

ত্রিভুজের তিন কোণের সমষ্টি $= 180°$

$\therefore$ *১ম কোণ* $180°$ *এর* : $\frac{3}{12} = 45°$

২য় কোণ $180°$ *এর* : $\frac{4}{12} = 60°$

৩য় কোণ $180°$ *এর* $\frac{5}{12} = 75°$

সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার (ATEO) ২০১০; শ্রম অধিদপ্তরের দ্বিতীয় শ্রেণীভুক্ত শ্রম কর্মকর্তা এবং জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা ২০০৪
উত্তর : ক

৭৪. Three angles of a triangle are in proportion 5 : 6 : 7. Then what is the difference in degrees between the biggest and the smallest angles?

ক) 15 খ) 20 গ) 25 ঘ) 30 ঙ) 10

Hints : $5x + 6x + 7x = 180°$

$\Rightarrow 18x = 180°$

$\therefore x = 10°$

$7x - 5x = 7 \times 10° - 5 \times 10° = 20°$

Bangladesh Bank Asst. Director 2011
উত্তর : খ

৭৫. চিত্রে x-এর মান কত?



ক) 15°
খ) 30°
গ) 45°
ঘ) 60°

Hints : *আমরা জানি,*

ত্রিভুজের তিন কোণের সমষ্টি $= 180°$

প্রশ্নমতে, $x + 2x + 3x = 180°$

$\Rightarrow 6x = 180°$

$\therefore x = 30°$

৬ষ্ঠ প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১০
উত্তর : খ

৭৬. একটি সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয় 4 সে. মি. ও 3 সে. মি.। অতিভুজের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত?

ক) 2.5 সে. মি. খ) 49 বর্গ সে. মি.
গ) $(2+\sqrt{3})$ বর্গ সে. মি. ঘ) 25 বর্গ সে. মি.

Hints : *সমকোণী ত্রিভুজের ক্ষেত্রে,*

$(\text{অতিভুজ})^2 = (\text{লম্ব})^2 + (\text{ভূমি})^2$

$= 4^2 + 3^2$

$= 25$

$\therefore$ অতিভুজ $= \sqrt{25} = 5$

$\therefore$ *বর্গক্ষেত্রের ক্ষেত্রফল* $= (5 \times 5) = 25$ *বর্গ সেমি.*

বিশেষ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১০
উত্তর : ঘ

৭৭. কোনো সমকোণী ত্রিভুজের সূক্ষ্মকোণদ্বয়ের পার্থক্য ১৬° হলে ক্ষুদ্রতম কোণের মান–

ক ৪১° খ ৩৬° গ ৩৮° ঘ ৩৭

দুর্নীতি দমন কমিশনে উপসহকারী পরিচালক ২০১০
উত্তর : ঘ

৭৮. ত্রিভুজের তিন বাহু, এর অন্তর্বৃত্তের–

ক জ্যা খ ব্যাসার্ধ গ স্পর্শক ঘ ব্যাস

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধার সন্তান) ২০১০
উত্তর : গ

৭৯. একটি ত্রিভুজ একটি বৃত্তকে ন্যূনতম কয়টি বিন্দুতে ছেদ করতে পারে?

ক ১টি খ ২টি গ ৩টি ঘ ৪টি

Hints : *যে কোনো ত্রিভুজের তিনটি কোণ বৃত্তের ন্যূনতম ২টি বিন্দুতে ছেদ করতে পারে।*

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে সহকারী প্রধান পরিদর্শক (সাধারণ) ২০০৯
উত্তর : খ

৮০. একটি সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য 'ক' একক হলে তার মধ্যমার দৈর্ঘ্য কত হবে?

ক $\frac{\sqrt{3}}{2}$ ক একক খ $\sqrt{\frac{3}{2}}$ ক একক গ $\frac{\sqrt{3}}{4}$ ক² একক ঘ $\frac{\sqrt{5}}{2}$ ক একক

Hints : *চিত্রানুযায়ী, ABC সমবাহু ত্রিভুজে AB = BC = CA = 'ক' একক এবং AD হচ্ছে ত্রিভুজটির একটি মধ্যমা।*

$\therefore CD = \frac{BC}{2} = \frac{ক}{2}$ *একক*

এখন, ACD সমকোণী ত্রিভুজে,

$AD^2 + CD^2 = CA^2$

বা, $AD^2 = CA^2 - CD^2$

বা, $AD^2 = ক^2 - \left(\frac{ক}{2}\right)^2$

বা, $AD^2 = \frac{3ক^2}{4}$

$\therefore AD = \frac{\sqrt{3}}{2}$ ক



$\therefore$ *মধ্যমার দৈর্ঘ্য* $= \frac{\sqrt{3}}{2}$ *ক একক।*

উপজেলা/থানা শিক্ষা অফিসার (TEO) ২০১০
উত্তর : ক

৮১. ত্রিভুজ ABC এর BE = FE = CF। AFC এর ক্ষেত্রফল ৪৮ বর্গফুট হলে, ত্রিভুজ ABC এর ক্ষেত্রফল কত বর্গফুট?

ক ৭২ খ ৬০ গ ৪৮ ঘ ৬৪

১০ম বিসিএস
উত্তর : ক

৮২. সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয় যথাক্রমে ৩ ও ৪ সেন্টিমিটার হলে এর অতিভুজের মান কত?

ক ৬ সেমি খ ৫ সেমি

গ ৮ সেমি ঘ ৭ সেমি

Hints : *অতিভুজ* $= \sqrt{(ভূমি)^২ + (লম্ব)^২}$

$= \sqrt{(৩)^২ + (৪)^২}$

$=$ *৫ সেমি।*



১০ম বিসিএস; শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে সহকারী প্রধান পরিদর্শক (সাধারণ) ২০০৯; প্রাথমিক বিদ্যালয় শিক্ষক ২০০৯ (মুক্তিযোদ্ধা); সমাজসেবা অফিসার ২০০৮; সাব-ইন্সপেক্টর ও অর্থনৈতিকের প্রশাসনিক কর্মকর্তা ২০০৮; বাংলাদেশ টেলিভিশনের অভিনেতা শিল্পী অফিসার ২০০৫; ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষক কর্মকর্তা ২০০৩; মাধ্যমিক সহকারী শিক্ষক ২০০৬
উত্তর : খ

৮৩. একটি সমবাহু ত্রিভুজের একটি বাহু ১৬ মিটার। ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

ক ৬৪$\sqrt{৩}$ বর্গমিটার খ ১৯২ বর্গমিটার গ ৬৪ বর্গমিটার ঘ ৩২$\sqrt{৩}$ বর্গমিটার

Hints : *সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য a = ১৬ মি.*

$\therefore$ " " *ক্ষেত্রফল* $= \frac{a^2\sqrt{৩}}{৪} = \frac{(১৬)^২\sqrt{৩}}{৪}$ *বর্গমিটার* $=$ ৬৪$\sqrt{৩}$ *বর্গমিটার*

১২তম বিসিএস; যোগাযোগ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট ২০০৭; পিএসসি'র সহকারী পরিচালক ২০০৬
উত্তর : ক

৮৪. সমবাহু ত্রিভুজের পরিসীমা 6 সেমি হলে তার ক্ষেত্রফল কত বর্গসেমি?
ক $\sqrt{3}$ খ $\frac{9\sqrt{3}}{4}$ গ $\frac{3\sqrt{3}}{4}$ ঘ $2\sqrt{3}$

সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার (ATEO) ২০১০
উত্তর : ক

৮৫. সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য ৮ মিটার হলে ত্রিভুজটির ক্ষেত্রফল হবে—
ক ১৬√৩ বর্গমিটার খ ২০√৩ বর্গমিটার গ ৩২√৩ বর্গমিটার ঘ ৬৪√৩ বর্গমিটার

Hints : *সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য a হলে ক্ষেত্রফল* $= \frac{\sqrt{৩}a^2}{৪}$

$\therefore$ *ত্রিভুজের ক্ষেত্রফল* $= \frac{\sqrt{৩}}{৪} \times (৮)^২ = ১৬\sqrt{৩}$ *বর্গমিটার*

প্রাথমিক প্রধান শিক্ষক ২০০৯ (শাপলা)
উত্তর : ক

৮৬. সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য ১০ মিটার হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল হবে–
ক ১০ √৩ বর্গমিটার খ ১৫ বর্গমিটার গ ২০ বর্গমিটার ঘ ২৫ √৩ বর্গমিটার

প্রাথমিক প্রধান শিক্ষক ২০০৯ (পদ্ম)
উত্তর : ঘ

৮৭. সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য ৬ মিটার হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল হবে–
ক ৮√৩ বর্গমিটার খ ৯√৩ বর্গমিটার গ ১২√৩ বর্গমিটার ঘ ১৬ বর্গমিটার

প্রাথমিক প্রধান শিক্ষক ২০০৯ (শিউলী)
উত্তর : খ

৮৮. একটি সমবাহু ত্রিভুজের এক বাহুর দৈর্ঘ্য ৪ সে. মি. হলে, এর ক্ষেত্রফল হবে কত?
ক √৩ বর্গ সে. মি. খ ২√৩ বর্গ সে. মি. গ ৪√৩ বর্গ সে. মি. ঘ $\frac{১}{২}$ √৩ বর্গ সে. মি.

Hints : *সমবাহু ত্রিভুজের বাহু a = ৪ সেমি*

$\therefore$ *সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল* $= \frac{\sqrt{৩}}{৪} a^2 = \frac{৪^২}{৪}\sqrt{৩} = ৪\sqrt{৩}$ *বর্গসেমি*

সহকারী থানা পরিবার পরিকল্পনা অফিসার ১৯৯৮
উত্তর : গ

৮৯. একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য ১৩, ১৪ ও ১৫ মিটার। ত্রিভুজটির ক্ষেত্রফল কত?
ক ৬০ বর্গমিটার খ ৮৪ বর্গমিটার গ ৯০ বর্গমিটার ঘ ১০৮ বর্গমিটার

Hints : *বিষমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল* $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$ *[যেখানে, a, b, c হলো বাহু ৩টি এবং S পরিসীমার অর্ধেক।]*

$\therefore$ *পরিসীমা,* $২S = ১৩ + ১৪ + ১৫$

$\Rightarrow S = ২১$

$\therefore$ *ক্ষেত্রফল* $= \sqrt{২১(২১-১৩)(২১-১৪)(২১-১৫)}$

$= \sqrt{২১ \times ৮ \times ৭ \times ৬}$

$= \sqrt{৭০৫৬}$

$=$ *৮৪ বর্গমিটার*

পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা ২০০১
উত্তর : খ

৯০. ΔABC-এর ∠B = ৯০, BC = ৫ সেমি, AC = ১৩ সেমি। ΔABC-এর অপর বাহু AB-এর দৈর্ঘ্য কত?
ক ৩ সেমি খ ৪ সেমি গ ১১ সেমি ঘ ১২ সেমি

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক ২০০৫
উত্তর : ঘ

৯১. ত্রিভুজের একটি বাহু বর্ধিত করলে যে বহিঃস্থ কোণ উৎপন্ন হয় তার ক্ষেত্রে নিচের কোন তথ্যটি সঠিক হবে?
ক তা বিপরীত অন্তঃস্থ কোণদ্বয়ের সমষ্টি অপেক্ষা ছোট হবে
খ তা বিপরীত অন্তঃস্থ কোণদ্বয়ের সমষ্টির সমান হবে
গ তা বিপরীত অন্তঃস্থ কোণদ্বয়ের সমষ্টি অপেক্ষা বড় হবে
ঘ উপরের কোনোটিই নয়

প্রাথমিক প্রধান শিক্ষক ২০০৯ (পদ্ম)
উত্তর : খ

৯২. কোনো ত্রিভুজের তিনটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ তিনটির সমষ্টি কত?

ক ১৮০° খ ২৭০° গ ৩৬০° ঘ ৫৪০°

Hints : আমরা জানি, যে কোনো ত্রিভুজের তিন কোণের সমষ্টি 180°

অর্থাৎ $x + y + z = 180°$ ..... (i)

আবার, এক সরল কোণ $= 180°$

$\therefore$ বহিঃস্থ কোণ তিনটির যোগফল

$= (180° - x) + (180° - y) + (180° - z)$

$= 540° - (x + y + z)$

$= 540° - 180° = 360°$



৩২তম বিসিএস (বিশেষ); সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার ২০১০; পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সহ-পরিচালক (কারিগরী), সহ-পরিচালক (প্রশাসন) ও রিসার্চ অফিসার ২০০৭; ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক ২০০৭
উত্তর : গ

৯৩. ABC ত্রিভুজের BC বাহুকে D পর্যন্ত বাড়ানো হলো। $\angle ACD = ১০৫°$ হলে $\angle BAC + \angle ABC =$ কত?

ক ৯০° খ ৭৫° গ ১৮০° ঘ ১০৫°

Hints : কোনো ত্রিভুজের একটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণের পরিমাণ ত্রিভুজের অন্তঃস্থ বিপরীত দুই কোণের সমষ্টির সমান। (জ্যামিতিক অনুসিদ্ধান্ত)

সমাজকল্যাণ ও অর্থ মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা ২০০৮
উত্তর : ঘ

৯৪. ΔABC এ BC বাহুকে D পর্যন্ত বাড়ানো হলো। $\angle A = 45°, \angle ACD = 120°, \angle B =$ কত?

ক 65° খ 60°

গ 70° গ 75°

Hints : $\angle A = 45°$

$\angle ACD = 120°$

$\therefore \angle ACB = 180° - 120° = 60°$

$\therefore \angle B = 180° - (45° + 60°)$

$[\because \angle A + \angle B + \angle C = 180°]$

$= 180° - 105° = 75°$



শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক ২০০৬
উত্তর : ঘ

৯৫. ΔABC-এ BC বাহুকে D পর্যন্ত বাড়ানো হলো। $\angle A = 50°, \angle B = 80°$ হলে $\angle ACD =$ কত?

ক 130° খ 150° গ 110° ঘ 50°

Hints : $\angle ACB = 180° - (50° + 80°)$

$= 50°$

$\therefore \angle ACD = 180° - 50°$

$= 130°$



সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তরের উপজেলা সমাজসেবা অফিসার ২০০৬
উত্তর : ক

৯৬. ΔABC-এর BC বাহুকে D পর্যন্ত বাড়ানো হলো। $\angle A = 60°$ এবং $\angle B = 90°$ $\angle ACD =$ কত?

ক ৯০° খ ১৫০° গ ১৬০° ঘ ১৭০°

Hints : $\angle A = 60°, \angle B = 90°$

$\therefore \angle C = 180° - (\angle A + \angle B) = 30°$

$\therefore \angle ACD = (180° - 30°) = 150°$



সহকারী থানা পরিবার পরিকল্পনা অফিসার ১৯৯৮
উত্তর : খ

৯৭. কোন ত্রিভুজের একটি বাহু উভয়দিকে বর্ধিত করায় উৎপন্ন বহিঃস্থ কোণগুলো পরস্পর সমান হলে ত্রিভুজটি–

ক বিষমবাহু খ সমবাহু গ সমকোণী ঘ সমদ্বিবাহু

Hints : ΔABC এর BC বাহু বর্ধিত করায় উৎপন্ন বহিঃস্থ $\angle ABD$ = বহিঃস্থ $\angle ACE$

আবার, $\angle ABD + \angle ABC = 180°$

$\angle ACE + \angle ACB = 180°$

$\therefore \angle ABD + \angle ABC = \angle ACE + \angle ACB$

$\Rightarrow \angle ABD + \angle ABC = \angle ABD + \angle ACB$

$\therefore \angle ABC = \angle ACB$

ত্রিভুজটির দুটি কোণ সমান

$\therefore$ ত্রিভুজটির দুটি বাহু সমান অর্থাৎ ত্রিভুজটি সমদ্বিবাহু।

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১০ (কপোতাক্ষ); প্রধানমন্ত্রীর কার্যালয়ে পার্সোনাল অফিসার ২০০৪
উত্তর : ঘ

৯৮. ত্রিভুজের যে কোনো বাহুকে উভয়দিকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণদ্বয়ের সমষ্টি–

ক দুই সমকোণ অপেক্ষা ক্ষুদ্রতর খ দুই সমকোণ অপেক্ষা বৃহত্তর

গ দুই সমকোণের সমান ঘ দুই সমকোণের অর্ধেক

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২ (যমুনা); প্রাথমিক প্রধান শিক্ষক ২০০৯ (শিউলী)
উত্তর : খ

৯৯. একটি ত্রিভুজাকৃতি ক্ষেত্রের ক্ষেত্রফল ৮৪ বর্গগজ। ত্রিভুজটির শীর্ষবিন্দু হতে ভূমির ওপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য ১২ গজ হলে ভূমির দৈর্ঘ্য কত?

ক ১০ গজ খ ১২ গজ গ ১৪ গজ ঘ ৭ গজ

Hints : ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা

$\therefore ৮৪ = \frac{১}{২} \times$ ভূমি $\times ১২$

$\therefore$ ভূমি $= \frac{৮৪ \times ২}{১২}$ গজ $= ১৪$ গজ

১৭তম বিসিএস
উত্তর : গ

১০০. একটি ত্রিভুজের ভূমি ১২ সেন্টিমিটার, উচ্চতা ৪ সেন্টিমিটার, তার ক্ষেত্রফল কত বর্গসেন্টিমিটার?

ক ১২ খ ১৮ গ ২৪ ঘ ৪৮

Hints : ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা

$= \frac{১}{২} \times ১২ \times ৪ = ২৪$ বর্গ সে. মি.

বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস কমিশন গৃহীত সহকারী জজ ২০০৯
উত্তর : গ

১০১. একটি ত্রিভুজের ভূমির পরিমাণ ৪ মিটার ও উচ্চতা ৩ মিটার। ক্ষেত্রফল = কত?

ক ৬ বর্গমিটার খ ৯ বর্গমিটার গ ১২ বর্গমিটার ঘ ১৮ বর্গমিটার

Hints : আমরা জানি, ত্রিভুজের ক্ষেত্রফল

$= \frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা $= \frac{১}{২} \times ৪ \times ৩ = ৬$ বর্গমিটার

জাতীয় সমন্বয় পরিষদের সহকারী পরিচালক ২০০৯; বাংলাদেশ টেলিভিশনের বিজ্ঞাপন অধিকারিক ২০০৬; পরিবেশ ও বন মন্ত্রণালয়ের কিউ ইনস্পেক্টর এবং রিসার্চ অফিসার ২০০৬
উত্তর : ক

১০২. একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ ছাড়া অন্য দুই বাহুর দৈর্ঘ্য ০.২ মিটার এবং ০.৩ মিটার হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

ক ০.০৬ বর্গমিটার খ ০.০৩ বর্গমিটার গ ০.০৫ বর্গমিটার ঘ ০.০১ বর্গমিটার

Hints : দেয়া আছে, সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের দৈর্ঘ্য ০.২ মিটার ও ০.৩ মিটার

আমরা জানি,

সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের গুণফল

$= \frac{১}{২} \times ০.২ \times ০.৩$ বর্গ মিটার

$= ০.০৩$ বর্গ মিটার।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক ২০০৭
উত্তর : খ

১০৩. ΔABC-এর ভরকেন্দ্র G, ΔABC-এর ক্ষেত্রফল 100 বর্গ সেমি। ΔBGC-এর ক্ষেত্রফল কত?



(ক) 33 বর্গসেমি (খ) $33\frac{1}{3}$ বর্গসেমি
(গ) 30 বর্গসেমি (ঘ) 50 বর্গসেমি

Hints : ভরকেন্দ্রের ক্ষেত্রে,
$\Delta AGC = \frac{1}{3}\Delta ABC = \frac{1}{3}\times 100 = 33\frac{1}{3}$ বর্গসেমি।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা ২০০৬
উত্তর : খ

১০৪. একটি ত্রিভুজাকৃতি জমির ভূমির পরিমাণ ৮০ মিটার এবং উচ্চতার পরিমাণ ৪৫ মিটার। জমির ক্ষেত্রফল হবে—

(ক) ১৮০০ বর্গমিটার (খ) ৯০০ বর্গমিটার (গ) ৩৬০০ বর্গমিটার (ঘ) ২৪০০ বর্গমিটার

Hints : ত্রিভুজাকৃতি জমির ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা
$= \frac{১}{২} \times (৮০ \times ৪৫)$ বর্গমিটার $=$ ১৮০০ বর্গমিটার

পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা ২০০৪
উত্তর : ক

১০৫. একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ ব্যতীত অন্য দুই বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ১০ ফুট ও ৬ ফুট। উহার ক্ষেত্রফল কত?

(ক) ১৫ বর্গফুট (খ) ৩০ বর্গফুট (গ) ৬০ বর্গফুট (ঘ) ১২০ বর্গফুট

Hints : সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের গুণফল
$= \frac{১}{২} \times (১০ \times ৬)$ বর্গফুট $=$ ৩০ বর্গফুট

নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা ও পার্সোনাল অফিসার ২০০৪
উত্তর : খ

১০৬. একটি ত্রিভুজাকৃতি ক্ষেত্রের ক্ষেত্রফল ৮৪ বর্গগজ। ত্রিভুজটির ভূমির দৈর্ঘ্য ১৪ গজ হলে শীর্ষ বিন্দু হতে ভূমির উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য কত?

(ক) ১০ গজ (খ) ১২ গজ (গ) ১৪ গজ (ঘ) ১৬ গজ

Hints : ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি $\times$ লম্ব
$\Rightarrow ৮৪ = \frac{১}{২} \times ১৪ \times$ লম্ব
$\Rightarrow$ লম্ব $= \frac{৮৪}{৭} = ১২$ গজ

অর্থ মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা ২০০৪; কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে ইনস্ট্রাক্টর (নন টেক) ২০০৫; শ্রম পরিদপ্তরের প্রভাষক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন ২০০৫; মহিলা বিষয়ক অধিদপ্তরের অধীনে উপজেলা মহিলা কর্মকর্তা ২০০৫
উত্তর : খ

১০৭. BE ও CF, ΔABC-এর দুইটি মধ্যমা এবং BC = 18 সেমি. হলে EF-এর মান কত?

(ক) 9 সে. মি. (খ) 10 সে. মি. (গ) 12 সে. মি. (ঘ) 8 সে. মি.

Hints : ত্রিভুজ সংক্রান্ত উপপাদ্যের একটি অনুসিদ্ধান্ত : ত্রিভুজের যে কোনো দুই বাহুর মধ্যবিন্দুর সংযোজক রেখাংশ তৃতীয় বাহুর সমান্তরাল এবং দৈর্ঘ্যে তার অর্ধেক। দেয়া আছে, BC=18 সেমি। কাজেই AB ও AC বাহুর মধ্যবিন্দু যথাক্রমে E ও F এর সংযোজক রেখাংশ EF-এর মান হবে BC-এর অর্ধেক অর্থাৎ 9 সেমি।

৬ষ্ঠ প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১০
উত্তর : ক

১০৮. ΔABC এ AB ও AC বাহুর মধ্যবিন্দু যথাক্রমে D, E। যদি BC = 12 সে. মি. হয়, তবে DE = কত?



(ক) 3 সে. মি. (খ) 6 সে. মি.
(গ) 14 সে. মি. (ঘ) 24 সে. মি.

Hints : দেয়া আছে, ΔABC-এর ভূমি 12 সে. মি.।
ত্রিভুজ সংক্রান্ত উপপাদ্যের একটি অনুসিদ্ধান্ত : ত্রিভুজের যেকোন দুই বাহুর মধ্যবিন্দুর সংযোজক রেখাংশ তৃতীয় বাহুর সমান্তরাল এবং দৈর্ঘ্যে তার অর্ধেক। তাহলে অনুসিদ্ধান্ত অনুসারে সঠিক উত্তর (খ)।

৬ষ্ঠ শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১০; বিশেষ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১০
উত্তর : খ

১০৯. ABC ত্রিভুজের AB = AC এবং ∠B = 40° হলে, A এর মান কত?

ক 80° খ 70° গ 90° ঘ 100°

জাতীয় রাজস্ব বোর্ডের ইন্সপেক্টর/এসইজড/ সিলেক্টেড অফিসার/গোয়েন্দা কর্মকর্তা ২০১০
উত্তর : ঘ

১১০. ত্রিভুজ ABC-এর ক্ষেত্রফল ২০ বর্গ একক। D, AB-এর এবং E, AC-এর মধ্যবিন্দু। ত্রিভুজ ADE-এর মান কত বর্গ একক?

ক ২ খ 8 গ ৫ ঘ ১০



Hints : *AB এর মধ্যবিন্দু D এবং AC এর মধ্যবিন্দু E হলে, আমরা জানি,*

$\Delta ADE = \frac{1}{4} \times \Delta ABC = \frac{1}{4} \times 20$ *ব. মি* $[\because \Delta ABC = 20]$

$= 5$ *বর্গ মিটার*

বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট ২০০৭; পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অধীন রিসার্চ অফিসার ২০০৬; স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন সহকারী পরিচালক (মাদক) ও কারা তত্ত্বাবধায়ক ২০০৬
উত্তর : গ

১১১. ΔABC সমবাহু ত্রিভুজে BC বাহুর মধ্যমা AD হলে ∠BAD-এর মান কত?

ক 45° খ 30° গ 60° ঘ 40°

Hints : *ΔABC সমবাহু ত্রিভুজ হওয়ায় মধ্যমা AD, ∠BAC-কে সমান দুইভাগে ভাগ করে। আমরা জানি, সমবাহু ত্রিভুজের প্রত্যেক কোণ সমান অর্থাৎ 60°।*

$\therefore \angle BAD = \frac{1}{2} \angle BAC = \frac{1}{2} \times 60° = 30°$

সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা ২০০৭
উত্তর : খ

১১২. ΔABC এ, ∠A = 60°এ এবং ∠B ও ∠C সমদ্বিখণ্ডকরেখা 'O' বিন্দুতে মিলিত হয়েছে। ∠BOC = কত?

ক 110° খ 115°
গ 120° ঘ 130°



Hints : *এক্ষেত্রে সূত্র হবে,* $\angle BOC = 90° + \frac{1}{2}\angle A$

$\therefore \angle BOC = 90° + \frac{1}{2} \times 60° = 90° + 30° = 120°$

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক ২০০৬
উত্তর : গ

১১৩. ΔABC এ PQ সমান্তরাল BC বাহু। P ও Q যথাক্রমে AB ও AC-এর ওপর অবস্থিত। AP = 5 সেমি, PB = 2 সেমি, AQ = 4.5 সেমি। AC = কত?

ক 7 সেমি খ 6.3 সেমি
গ 6.5 সেমি ঘ 6 সেমি

Hints : *যেহেতু* $PQ \parallel BC$

$\therefore \frac{AP}{PB} = \frac{AQ}{CQ}$

বা, $\frac{4.5}{CQ} = \frac{5}{2}$

বা, $CQ = 1.8$

$\therefore AC = 4.5 + 1.8 = 6.3$



শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক ২০০৬
উত্তর : খ

১১৪. ΔABC-এর বাহু AB = বাহু AC, ∠C = 55° হলে, ∠A = কত?

ক 60° খ 70°
গ 80° ঘ 75°



Hints : *যেহেতু, AB = AC*

$\therefore \angle ABC = \angle ACB$, *অর্থাৎ* $\angle B = 55°$

$\therefore \angle A = 180° - (55° + 55°) = 70°$

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা ২০০৬
উত্তর : খ

১১৫. ABC ত্রিভুজের AB = AC এবং ∠A = ৮০° হলে ∠B = কত?

ক ৪০° খ ৫০° গ ৬০° ঘ ঘ

Hints : ত্রিভুজটি সমদ্বিবাহু [∵ AB = AC]

∴ ∠ABC = ∠ACB

এখন, ∠A + ∠B + ∠C = ১৮০°

বা, ∠A + ২∠B = ১৮০°

বা, ৮০° + ২∠B = ১৮০°

∴ ∠B = ৫০°

তথ্য মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিভিশনের অডিয়েন্স রিসার্চ অফিসার ২০০৬
উত্তর : খ

১১৬. একটি ত্রিভুজের দুইটি কোণের যোগফল ১০০° এবং উক্ত দুইটি কোণের বিয়োগফল ৪০°। তৃতীয় কোণের পরিমাণ কত?

ক ৮০° খ ৭০° গ ৬০° ঘ ১৮০°

Hints : দেয়া আছে, একটি ত্রিভুজের দু কোণের সমষ্টি ১০০° এবং বিয়োগফল ৪০°

প্রশ্নমতে, একটি কোণের পরিমাণ (১০০°+৪০°) ÷ ২ = ৭০°

∴ অপর " " "(১০০°− ৪০°) ÷ ২ = ৩০°

আমরা জানি, ত্রিভুজের তিন কোণের সমষ্টি = ১৮০° বা দুই সমকোণ

∴ তৃতীয় কোণের পরিমাণ = {১৮০° − (৭০° + ৩০°)} = ৮০°

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন এডমিনিস্ট্রেশন অফিসার ও পার্সোনাল অফিসার ২০০৬
উত্তর : ক

১১৭. একটি সমদ্বিবাহু ত্রিভুজের একটি কোণের পরিমাণ ৫০° হলে অপর দুটি কোণের প্রত্যেকটির পরিমাণ হবে—

ক ৫৫° খ ৭৫° গ ৬০° ঘ ৬৫°

Hints : ত্রিভুজের তিন কোণের সমষ্টি = ১৮০°

দেয়া আছে, একটি কোণের পরিমাণ = ৫০°

∴ অপর ২টি কোণ = (১৮০° − ৫০°) = ১৩০°

∴ প্রত্যেকটি কোণের পরিমাণ = $\frac{১৩০^\circ}{২}$ = ৬৫°

সড়ক ও জনপথ অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী ২০১০; পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা ২০০৪
উত্তর : ঘ

১১৮. ABC ত্রিভুজে AB = AC এবং ∠C = ৩০° হলে ∠Aএর পরিমাপ—

ক ৩০° খ ৯০°

গ ৬০° ঘ ১২০°



Hints : যেহেতু AB = AC

∴ ∠ABC = ∠ACB অর্থাৎ ∠B = ৩০°

∴ ∠A = 180° − (30° + 30°) = 120°

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তরের উপসহকারী পরিচালক/সহকারী ব্যবস্থাপক ২০০৫
উত্তর : ঘ

১১৯. ABC সমকোণী ত্রিভুজের অতিভুজ BC = 5, লম্ব AB = 3 হলে, ভূমি AC এর মান কত?

ক 6 খ 4 গ 2 ঘ 5

জাতীয় রাজস্ব বোর্ডের ইন্সপেক্টর/ এপ্রাইজার/ প্রিভেন্টিভ অফিসার/ গোয়েন্দা কর্মকর্তা ২০১০
উত্তর : খ

১২০. ABC একটি সমদ্বিবাহু ত্রিভুজ। ∠A শীর্ষ কোণ। ∠B ও ∠C দুটি ভূমি কোণ। AB বাহু = AC বাহু। ∠B = 75°। ∠A = কত ডিগ্রী?

ক 25° খ 30° গ 40° ঘ 50°

সহকারী পরিসংখ্যান কর্মকর্তা দ্বিতীয় শ্রেণীর পদে ১৯৯৮
উত্তর : খ

১২১. Mahmud is standing 180 yards due north of point P. Antara is standing 240 yards due west of point P. What is the shortest distance between Mahmud and Antara?

(ক) 60 yards (খ) 300 yards (গ) 420 yards (ঘ) 900 yards (ঙ) 9000 yards

NCC Bank Ltd Management Trainee Officer 2012
উত্তর : খ

Hints : *Distance between Mahmud and Antara*

$= \sqrt{(240)^2 + (180)^2}$

$= 300$ *yards.*



১২২. In the figure, PS is perpendicular to QR. If PQ = PR = 26 and PS = 24, then QR = ?



(ক) 14 (খ) 16 (গ) 18 (ঘ) 20 (ঙ) 22

NCC Bank Ltd Management Trainee Officer 2012
উত্তর : ঘ

Hints : *In* ΔPQR

$PQ = PR$

and $PS \perp QR$

$\therefore QS = SR$

i.e. $QS = \frac{1}{2}QR$

In ΔPQS,

$QS^2 = PQ^2 - PS^2 = 26^2 - 24^2 = 100$

$\therefore QS = 10$

$\therefore QR = 2 \times 10 = 20$

১২৩. একটি বাড়ি ৪০ ফুট উঁচু। একটি মইয়ের তলদেশ মাটিতে বাড়িটির দেয়াল থেকে ৯ ফুট দূরে রাখা আছে। উপরে মইটি বাড়িটির ছাদ ছুঁয়ে আছে। মইটি কত ফুট লম্বা?

(ক) ৪৮ ফুট (খ) ৪১ ফুট (গ) ৪৪ ফুট (ঘ) ৪৩ ফুট

১৮তম বিসিএস
উত্তর : খ

Hints : *আমরা জানি,* $AC^2 = AB^2 + BC^2$

$\therefore AC = \sqrt{৪০^২ + ৯^২} = \sqrt{১৬০০ + ৮১} = ৪১$

$\therefore$ *মইটি ৪১ ফুট লম্বা।*

১২৪. The length of sides AB and AC in the triangle below are equal. What is the measure of angle A?

(ক) 70° (খ) 55° (গ) 40° (ঘ) 110° (ঙ) 20°

Bangladesh Tariff Commission (BTC) Research Officer 2010
উত্তর : গ

Hints : $\angle B = \angle C$, *since* $AB = AC$

$\therefore \angle A = 180° - (70° + 70°) = 40°$

১২৫. Two men, starting at the same point, walk in opposite directions for 4 meters, turn left and walk another 3 meters. What is the distance between them?

ক 7 meters খ 14 meters গ 10 meters ঘ 6 meters

২৮তম বিসিএস
উত্তর : গ

Hints : *আমরা জানি, (অতিভুজ)² = (দৈর্ঘ্য)² + (প্রস্থ)²*

দৈর্ঘ্য = 3 + 3 = 6 মি.

প্রস্থ = 4 + 4 = 8 মি.

$\therefore$ *অতিভুজ* $= \sqrt{(6)^2+(8)^2}$

$= \sqrt{36+64}$

$= \sqrt{100}$

অতিভুজ = 10 m.



১২৬. একটি সমকোণী ত্রিভুজের দুইটি বাহু যথাক্রমে ৫০ মিটার ও ১২০ মিটার। অতিভুজের দৈর্ঘ্য = ?

ক ১০০ মিটার খ ১১০ মিটার গ ১২০ মিটার ঘ ১৩০ মিটার

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন এডমিনিস্ট্রেশন অফিসার ও পার্সোনাল অফিসার ২০০৬
উত্তর : ঘ

Hints : *আমরা জানি,* $AC^2 = AB^2 + BC^2$

$\therefore AC = \sqrt{AB^2 + BC^2}$

বা, $AC = \sqrt{(৫০)^২ + (১২০)^২}$

বা, $AC = \sqrt{২৫০০ + ১৪৪০০}$

বা, $AC = \sqrt{১৬৯০০}$

বা, $AC = ১৩০$

$\therefore$ *সমকোণী ত্রিভুজটির অতিভুজ ১৩০ মিটার।*



১২৭. একটি সমকোণী ত্রিভুজের দুইটি বাহু যথাক্রমে ৫ মিটার ও ১২ মিটার। অতিভুজের দৈর্ঘ্য হচ্ছে—

ক ১০ মিটার খ ১১ মিটার গ ১২ মিটার ঘ ১৩ মিটার

তথ্য মন্ত্রণালয়ের অধীনে গণযোগাযোগ অধিদপ্তরে সহকারী তথ্য অফিসার ২০০৫
উত্তর : ঘ

১২৮. একটি মইয়ের এক প্রান্ত ভূমি থেকে ১২ মিটার উঁচু একটি ঘরের জানালা বরাবর পৌঁছায় এবং অপর প্রান্ত ঘর থেকে ৫ মিটার দূরে থাকে। মইয়ের দৈর্ঘ্য কত?

ক ২০ মিটার খ ১৮ মিটার গ ১৫ মিটার ঘ ১৩ মিটার

বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন আমদানি-রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার ২০০৭; সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তরের সমাজকল্যাণ সংগঠন ২০০৫
উত্তর : ঘ

Hints : *আমরা জানি,*

$AC^2 = AB^2 + BC^2$

$\therefore AC = \sqrt{১২^২ + ৫^২}$

$= \sqrt{১৪৪ + ২৫}$

$= \sqrt{১৬৯} = ১৩$ *মিটার*

১২৯. একটি সমকোণী ত্রিভুজের দুটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ১২ সে. মি. ও ৯ সে. মি. হলে অতিভুজের দৈর্ঘ্য কত সে. মি.?

ক ১৩ খ ১০.৫ গ ২১. ঘ ১৫

সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৮
উত্তর : ঘ

Hints : *অতিভুজ* $= \sqrt{ভূমি^২ + লম্ব^২}$

$= \sqrt{১২^২ + ৯^২}$

$= \sqrt{১৪৪ + ৮১}$

$= \sqrt{২২৫} = ১৫$

১৩০. A man walked 2 miles east, then 2 miles south, then again 4 miles east and finally 10 miles north. How far did he walk from the starting point?

ক 10 খ 9 গ 8 ঘ 7

Hints: $x = \sqrt{6^2 + 8^2} = 10$





IFIC Bank Ltd. Probationary Officer 2010
উত্তর : ক

১৩১. শহর 'ক' এর ৬ মাইল পূর্বে শহর 'খ' অবস্থিত। শহর 'খ' এর ৮ মাইল উত্তরে শহর 'গ' অবস্থিত। শহর 'গ' এর ১২ মাইল পূর্বে শহর 'ঘ' অবস্থিত এবং শহর 'ঘ' এর ১৬ মাইল উত্তরে শহর 'ঙ' অবস্থিত। শহর 'ক' থেকে 'ঙ' এর দূরত্ব কত?

ক ১০ মাইল খ ২৪ মাইল

গ ৩০ মাইল ঘ ৪২ মাইল

Hints: কঙ^২ = কচ^২ + ঙচ^২

= (৬ + ১২)^২ + (৮ + ১৬)^২

= ১৮^২ + ২৪^২

বা, কঙ^২ = ৯০০

∴ কঙ = ৩০



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (BRDB)-এর উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০০৯
উত্তর : গ

১৩২. একটি সমকোণী ত্রিভুজাকৃতি জমির অতিভুজ ১০ মি. এবং এক বাহু ৮ মি.। ঐ জমির ক্ষেত্রফল কত?

ক ২৪ বর্গ মিটার খ ২৮ বর্গ মিটার গ ৩৬ বর্গ মিটার ঘ ৪৮ বর্গ মিটার

টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক/হিসাবরক্ষণ কর্মকর্তা ২০০৪
উত্তর : ক

১৩৩. সমকোণী ত্রিভুজাকৃতির একটি মাঠের অতিভুজ ও ভূমির দৈর্ঘ্য যথাক্রমে ১৩ মিটার ও ৫ মিটার। মাঠটির ক্ষেত্রফল—

ক ৬০ বর্গমিটার খ ৬৫ বর্গমিটার গ ৪৫ বর্গমিটার ঘ ৩০ বর্গমিটার

বাংলাদেশ রেলওয়ে হাসপাতালসমূহে সহকারী সার্জন ২০০৫
উত্তর : ঘ

১৩৪. একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য ৫, ৬ ও ৭ মিটার। নিকটতম বর্গমিটারের ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

ক ১৬ বর্গমিটার খ ১৫ বর্গমিটার গ ১৭ বর্গমিটার ঘ ১৪ বর্গমিটার

Hints: *বিষমবাহু ত্রিভুজের পরিসীমা 2s হলে*

ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$ *[a, b, c হলো বাহু]*

পরিসীমা ১৮ হওয়ায় $s = ৯$

∴ *ক্ষেত্রফল* $= \sqrt{৯ \times ৪ \times ৩ \times ২} = \sqrt{২১৬} = ১৪.৬৯$

২৪তম বিসিএস; সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ২০১১
উত্তর : খ

১৩৫. একটি সমদ্বিবাহু ত্রিভুজের ভূমি ১৬ মি. এবং অপর দুটি বাহুর প্রতিটি ১০ মি. হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

ক ৩৬ ব.মি. খ ৪২ ব.মি গ ৪৮ ব.মি. ঘ ৫০ ব.মি.

২৩তম, ২০তম বিসিএস; সহকারী উপজেলা প্রকৌশলী ২০১০; বাংলাদেশ টেলিভিশনে অফিস রিপোর্ট মুভিকার ২০০৬
উত্তর : গ

Hints : দেয়া আছে, ভূমি, $a = ১৬$ মি.

এবং সমান বাহুর দৈর্ঘ্য, $b = ১০$ "

আমরা জানি,

সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{a}{8}\sqrt{8b^2 - a^2} = \frac{১৬}{8}\sqrt{৪ \times ১০^২ - ১৬^২}$

$= \frac{১৬}{8}\sqrt{৪০০ - ২৫৬} = \frac{১৬}{8} \times ১২ = ৪৮$ বর্গমি.

১৩৬. একটি সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজের অতিভুজের দৈর্ঘ্য ১০ সে. মি., ত্রিভুজটির ক্ষেত্রফল—

ক ৫০ বর্গ সে. মি. খ ২৫ বর্গ সে. মি. গ ১০০ বর্গ সে. মি. ঘ ৫ বর্গ সে. মি.

উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা ২০১০
উত্তর : খ

Hints : ধরি, সমকোণ সংলগ্ন প্রতিটি বাহুর দৈর্ঘ্য $= x$ সেমি

সুতরাং, পীথাগোরাসের উপপাদ্য অনুযায়ী পাই,

$x^2 + x^2 = ১০^২$

বা, $২x^2 = ১০০$

বা, $x^2 = ৫০$

$\therefore x = ৫\sqrt{২}$

$\therefore$ ত্রিভুজটির ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ সমকোণ সংলগ্ন বাহু দুটির গুণফল

$= \frac{১}{২} \times ৫\sqrt{২} \times ৫\sqrt{২}$ বর্গসেমি $= ২৫$ বর্গসেমি

১৩৭. একটি সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজের অতিভুজের দৈর্ঘ্য ১২ সেমি হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ সেমি?

ক ৩৬ বর্গ সেমি খ ৪৮ বর্গ সেমি গ ৫৬ বর্গ সেমি ঘ ৭২ বর্গ সেমি

২৭তম বিসিএস; স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুট্যান্ট ২০১০; শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা ২০০৯
উত্তর : ক

Hints : ধরি, সমান বাহুদ্বয়ের প্রতিটির দৈর্ঘ্য $= x$ সেমি

অতএব, পীথাগোরাসের উপপাদ্য হতে পাই,

$x^২ + x^২ = ১২^২$

বা, $২x^২ = ১৪৪$

বা, $x^২ = ৭২$

$\therefore x = ৬\sqrt{২}$

$\therefore$ ত্রিভুজটির ক্ষেত্রফল $= \frac{১}{২} \times ৬\sqrt{২} \times ৬\sqrt{২}$ বর্গসেমি $= ৩৬$ বর্গসেমি

১৩৮. একটি মই এর এক প্রান্ত ভূমি থেকে ১৫ মিটার উঁচু ঘরের জানালা বরাবর পৌছায়। অপর প্রান্ত ঘর থেকে ৮ মিটার দূরে থাকলে মই এর দৈর্ঘ্য কত?

ক ১৭ মিটার খ ১৮ মিটার গ ১৯ মিটার ঘ ২০ মিটার ঙ কোনোটিই নয়

Bangladesh Gas Field Co. Asst Manager 2011; ডাক অধিদপ্তরে উপজেলা পোস্ট মাস্টার ২০১০
উত্তর : ক

Hints : ΔACB সমকোণী ত্রিভুজে,

$\therefore AB^২ = AC^২ + BC^২$

এখানে, $AC =$ জানালা পর্যন্ত ঘরের উচ্চতা $= ১৫$ মিটার

$BC =$ ঘরের প্রান্ত থেকে মইয়ের পাদবিন্দুর দূরত্ব $= ৮$ মিটার

মইয়ের দৈর্ঘ্য, $AB = ?$

$\therefore AB^২ = ১৫^২ + ৮^২ = ২৮৯$

$\therefore AB = \sqrt{২৮৯} = ১৭$ মি।



১৩৯. City B is 5 miles east of city A. City C is 10 miles southeast of city B. Which of the following is the closest to the distance from city A to City C?

ক 11 miles খ 12 miles গ 13 miles ঘ 14 miles

Hints : *Here, AB = 5 miles, BC = 10 miles*

ΔBDC is an isosceles right-angled triangle.

$\therefore BC^2 = BD^2 + CD^2$

$\Rightarrow 10^2 = x^2 + x^2$

$\Rightarrow 2x^2 = 100$

$\Rightarrow x^2 = 50 = 25 \times 2$

$\Rightarrow x = 5\sqrt{2}$

$\therefore AD = AB + BD = 5 + 5\sqrt{2}$

Now, $AC^2 = AD^2 + CD^2$

$\Rightarrow AC^2 = (5 + 5\sqrt{2})^2 + (5\sqrt{2})^2$

$= (5 + 5 \times 1.414)^2 + 50 = 195.68$

$\Rightarrow AC = 13.99 \approx 14$

২৯তম বিসিএস
উত্তর : ঘ

১৪০. একটি সমদ্বিবাহু ত্রিভুজের পরিসীমা 16 মিটার। এর সমান সমান বাহুর দৈর্ঘ্য ভূমির $\frac{5}{6}$ অংশ হলে ত্রিভুজক্ষেত্রটির ক্ষেত্রফল কত?

ক 14 বর্গমিটার খ 16 বর্গমিটার গ 12 বর্গমিটার ঘ 20 বর্গমিটার

Hints : *ধরি, ভূমি = x মিটার।*

$\therefore$ *সমান সমান বাহু = x এর* $\frac{5}{6} = \frac{5x}{6}$ *মিটার।*

শর্তমতে, $x + \frac{5x}{6} + \frac{5x}{6} = 16$

বা, $x + 2.\frac{5x}{6} = 16$

বা, $\frac{3x + 5x}{3} = 16$

বা, $8x = 48$

$\therefore x = 6$

$\therefore$ *ভূমি,* $b = 6$ *মিটার*

সমান সমান বাহু, $a = \frac{5 \times 6}{6} = 5$ *মিটার*

$\therefore$ *সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফল* $= \frac{b}{4}\sqrt{4a^2 - b^2} = \frac{6}{4}\sqrt{4.5^2 - 6^2} = 12$ *বর্গমিটার*

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ ২০০৭
উত্তর : গ

১৪১. কোনো সমকোণী ত্রিভুজের অতিভুজ 13 সেমি এবং পরিসীমা 30 সেমি। ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় করুন।

ক 24 বর্গ সেমি খ 27 বর্গ সেমি গ 28 বর্গ সেমি ঘ 30 বর্গ সেমি

Hints : *পরিসীমা,* $2s = a + b + c = 30$ *সেমি*

যেখানে, $a =$ *উচ্চতা,* $b =$ *ভূমি*

অতিভুজ, $c = 13$ *সেমি*

$\therefore a + b + c = 30$

বা, $a + b = 30 - 13 = 17$ ..... (i)

আবার, $a^2 + b^2 = c^2$ [$\because$ *সমকোণী ত্রিভুজ*]

বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন আমদানি-রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার ২০০৭
উত্তর : ঘ

বা, $a^2 + b^2 = (13)^2 = 169$

বা, $(a+b)^2 - 2ab = 169$

বা, $17^2 - 2ab = 169$

বা, $2ab = 289 - 169$

বা, $ab = \frac{120}{2} = 60$

$\therefore ab = 60$

$\therefore$ সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের গুণফল

$= \frac{1}{2} \times ab = \frac{1}{2} \times 60 = 30$ বর্গসেমি।

১৪২. সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য যদি 'a' হয় তবে ক্ষেত্রফল হবে—

ক $\frac{\sqrt{৩}}{৪}a^2$ খ $\sqrt{\frac{৩}{২}a^2}$ গ $\frac{৩}{২}a^2$ ঘ $\sqrt{\frac{১}{২}a^2}$

১০ম বিসিএস; সমাজসেবা অফিসার ২০১০; বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০০৭; সরকারি মাধ্যমিক সহকারী শিক্ষক ২০০১
উত্তর : ক

Hints : সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{\sqrt{৩}}{৪}a^2$ বর্গ একক [সূত্র]।

১৪৩. একটি সমদ্বিবাহু ত্রিভুজের ভূমি ২ সে. মি. এবং এক বাহুর দৈর্ঘ্য ৩ সে.মি. হলে, উহার ক্ষেত্রফল কত?

ক ৯ বর্গ সে. মি. খ ৬ বর্গ সে. মি গ ১২ বর্গ সে. মি ঘ $\sqrt{৮}$ বর্গ সে. মি.

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক ২০০৬
উত্তর : ঘ

Hints : দেয়া আছে,

ভূমি, $BC = b = ২cm$

সমান সমান বাহু, $AB = AC = a = ৩cm$

আমরা জানি,

সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{b}{৪}\sqrt{৪a^২ - b^২} = \frac{২}{৪}\sqrt{৪ \times ৩^২ - ২^২} = \frac{১}{২}\sqrt{৪ \times ৯ - ৪}$

$= \frac{১}{২} \times \sqrt{৩২} = \frac{১}{২} \times \sqrt{৪ \times ৮} = \frac{১}{২} \times ২\sqrt{৮} = \sqrt{৮}$

১৪৪. একটি সমদ্বিবাহু ত্রিভুজের সমান বাহুদ্বয়ের প্রত্যেকটির দৈর্ঘ্য 10 সেমি. এবং বাহুদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ 45° হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় করুন।

ক 25 বর্গ সেমি. খ $25\sqrt{2}$ বর্গ সেমি. গ $25\sqrt{3}$ বর্গ সেমি. ঘ 30 বর্গ সেমি.

মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের অধীন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ২০০৭; জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী পরিচালক ২০০৬
উত্তর : খ

Hints : ΔABC-এ, $\angle A$ এর সমদ্বিখণ্ডক AD

$\therefore \angle BAD = 22\frac{1}{2}^\circ$ [ΔABD সমকোণী]

আবার, ΔABD-এ, $\cos 67\frac{1}{2}^\circ = \frac{BD}{AB}$ [$BD = CD$]

বা, $\cos 67\frac{1}{2}^\circ = \frac{BD}{10}$

বা, $BD = 3.82$

$\therefore BC = 2BD = 2 \times 3.82 = 7.65$

$\therefore$ সমদ্বিবাহু ΔABC-এর ক্ষেত্রফল

$= \frac{b}{4}\sqrt{4a^2 - b^2}$

$= \frac{7.65}{10}\sqrt{4(10)^2 - (7.65)^2}$

$= 35.34$ বর্গসেমি

$= 25\sqrt{2}$ বর্গসেমি



১৪৫. একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ 15 সেমি. এবং অপর দুটি বাহুর অন্তর 3 সেমি. হলে অপর বাহু দুটির দৈর্ঘ্য নির্ণয় করুন।

ক 13 সেমি., 16 সেমি. খ 11 সেমি., 14 সেমি.
গ 10 সেমি., 13 সেমি. ঘ 9 সেমি., 12 সেমি.

Hints : ধরি, সমকোণী ত্রিভুজের এক বাহু $= x$

$\therefore$ অপর বাহু $= x + 3$

$\therefore x^2 + (x+3)^2 = 15^2$

বা, $x^2 + x^2 + 6x + 9 = 225$

বা, $2x^2 + 6x - 216 = 0$

বা, $x^2 + 3x - 108 = 0$

বা, $x^2 + 12x - 9x - 108 = 0$

বা, $x(x+12) - 9(x+12) = 0$

বা, $(x+12)(x-9) = 0$

$\therefore x = -12, 9$

দৈর্ঘ্য ঋণাত্মক হতে পারে না

$\therefore$ এক বাহু 9 সেমি এবং অপর বাহু $9 + 3 = 12$ সেমি

জাতীয় সংসদে প্রশাসনিক কর্মকর্তা ও প্রটোকল অফিসার ২০০৬
উত্তর : ঘ

১৪৬. একটি সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজের অতিভুজের দৈর্ঘ্য ১৬ সেমি হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ সেমি?

ক ৪৮ খ ৫৬ গ ৬৪ ঘ ৭২

Hints : ধরি, সমদ্বিবাহুর দৈর্ঘ্য $= x$

তাহলে পিথাগোরাসের সূত্রানুযায়ী $x^2 + x^2 = ১৬^2$

$\Rightarrow ২x^2 = ২৫৬$

$\Rightarrow x^2 = ১২৮$ [উচ্চতা $= x$, ভূমি $= x$]

$\therefore$ ক্ষেত্রফল $= \frac{১}{২} \times ১২৮ = ৬৪$ বর্গসেমি

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের প্রভাষক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন ২০০৫
উত্তর : গ

১৪৭. একটি ত্রিভুজের একটি কোণ যদি দ্বিতীয় কোণের তিনগুণ এবং তৃতীয় কোণ যদি দ্বিতীয় কোণের চেয়ে ২০ ডিগ্রি বড় হয় তবে কোণটি কত ডিগ্রি?

ক ৬৪ খ ৫০ গ ৪০ ঘ ৩২

Hints : মনে করি, দ্বিতীয় কোণের পরিমাণ x

$\therefore$ তৃতীয় কোণের পরিমাণ $x + ২০°$

এবং প্রথম কোণের পরিমাণ $৩x$

আমরা জানি, ত্রিভুজের তিন কোণের সমষ্টি ১৮০°

প্রশ্নমতে, $x + x + ২০ + ৩x = ১৮০$

বা, $৫x + ২০ = ১৮০$

বা, $৫x = ১৬০$

বা, $x = ৩২$

বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস কমিশন গৃহীত সহকারী জজ ২০০৯
উত্তর : ঘ

১৪৮. একটি সমবাহু ত্রিভুজের বাহুর প্রত্যেকটির দৈর্ঘ্য 2 মিটার বাড়ালে এর ক্ষেত্রফল $3\sqrt{3}$ বর্গমিটার বেড়ে যায়। সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য কত?

ক 1 মিটার খ 2 মিটার গ 3 মিটার ঘ 4 মিটার

Hints : সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}a^2$

আবার সমবাহু ত্রিভুজের নতুন বাহুর দৈর্ঘ্য $= a + 2$ মিটার

৩২তম বিসিএস (বিশেষ); বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০০৭
উত্তর : খ

$\therefore$ সমবাহু ত্রিভুজের নতুন ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}(a+2)^2$

শর্তমতে

$$\frac{\sqrt{3}}{4}(a+2)^2 - \frac{\sqrt{3}}{4}a^2 = 3\sqrt{3}$$

$$\Rightarrow \frac{\sqrt{3}}{4}\left(a^2+4a+4-a^2\right) = 3\sqrt{3}$$

$$\Rightarrow \frac{\sqrt{3}}{4}(4a+4) = 3\sqrt{3}$$

$\Rightarrow a+1=3$

$\therefore a=2$

১৪৯. If the perimeter of a triangle is 18, then the length of one of the sides CANNOT be

ক 1 খ 3 গ 6 ঘ 9

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)-এর কর্মকর্তা ২০০৪
উত্তর : ক

১৫০. একটি সমকোণী ত্রিভুজের ভূমির দৈর্ঘ্য লম্ব অপেক্ষা 1 মিটার কম এবং লম্ব অপেক্ষা অতিভুজের দৈর্ঘ্য 1 মিটার বেশি হলে এর অতিভুজের দৈর্ঘ্য কত?

ক 4 মি. খ 3 মি. গ 6 মি. ঘ 5 মি.

মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের অধীন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ২০০৭
উত্তর : ক

Hints : মনে করি, সমকোণী ত্রিভুজের লম্ব $= x$ মিটার

$\therefore$ ভূমি $= (x-1)$ মিটার এবং অতিভুজ $= (x+1)$ মিটার

সমকোণী ত্রিভুজের ক্ষেত্রে,

$(x+1)^2 = x^2 + (x-1)^2$ [পীথাগোরাসের উপপাদ্য]

বা, $x^2+2x+1 = x^2+x^2-2x+1$

বা, $x^2 = 4x$

বা, $x = 4$

$\therefore$ অতিভুজ $= 4+1 = 5$ মিটার।



১৫১. একটি সমকোণী ত্রিভুজের ভূমির দৈর্ঘ্য লম্ব অপেক্ষা 1 মিটার বেশি এবং ভূমি অপেক্ষা অতিভুজ 1 মিটার বেশি হলে, তার অতিভুজের দৈর্ঘ্য কত?

ক 4 মিটার খ 3 মিটার গ 5 মিটার ঘ 6 মিটার

জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী পরিচালক ২০০৬
উত্তর : গ

Hints : ধরি, লম্ব $= x$ মি

$\therefore$ ভূমি $= (x+1)$ মিটার

$\therefore$ অতিভুজ $= (x+2)$ মিটার

$\therefore$ ABC সমকোণী ত্রিভুজ বলে,

বা, $(x+2)^2 = x^2 + (x+1)^2$

বা, $x^2+4x+4 = x^2+x^2+2x+1$

বা, $x^2-2x-3=0$

বা, $x^2-3x+x-3=0$

বা, $x(x-3)+1(x-3)=0$

বা, $(x-3)(x+1)=0$

হয় $x-3=0$ অথবা, $x+1=0$

$\therefore x=3$ $\therefore x=-1$ [ইহা গ্রহণযোগ্য নয়]

$\therefore$ অতিভুজ $= 3+2$ মিটার $= 5$ মিটার

অধ্যায় ৩

চতুর্ভুজ

QUADRILATERAL

চতুর্ভুজ (Quadrilateral) :
চারটি বাহু দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রই হলো চতুর্ভুজ। সামান্তরিক, রম্বস, বর্গক্ষেত্র, আয়তক্ষেত্র ও ট্রাপিজিয়াম এগুলো চতুর্ভুজের অন্তর্ভুক্ত।

সামান্তরিক (Parallelogram) :
চতুর্ভুজের বিপরীত বাহুগুলো সমান ও সমান্তরাল হলে তাকে সামান্তরিক বলে।



চিত্র, ABCD চতুর্ভুজের AB = CD, AD = BC আবার, AB || CD, AD || BC। সুতরাং এটি এটি সামান্তরিক। সামান্তরিকের একটি কোণও সমকোণ নয়।

আয়তক্ষেত্র (Rectangle) :
সামান্তরিকের একটি কোণ সমকোণ হলে তাকে আয়তক্ষেত্র বলে। উল্লেখ্য, সামান্তরিকের একটি কোণ সমকোণ হলে সবগুলো কোণই সমকোণ হয়।



চিত্র, ABCD সামান্তরিকের ∠B সমকোণ। সুতরাং এটি একটি আয়তক্ষেত্র।

বর্গক্ষেত্র (Square) :
আয়তের কোণ এবং শীর্ষগামী বাহুদ্বয় সমান হলে তাকে বর্গক্ষেত্র বলে। অর্থাৎ, বর্গক্ষেত্রের চারটি বাহুই সমান। কারণ আয়তের কোণ এবং শীর্ষগামী বাহুদ্বয় সমান হলে তার সকল বাহুই সমান হয়।



চিত্র, ABCD চতুর্ভুজের AB = BC = CD = AD। সুতরাং এটি একটি চতুর্ভুজ।

রম্বস (Rhombus) :
সামান্তরিকের কোনো এক শীর্ষগামী বাহুদ্বয় সমান হলে এবং একটি কোণ সমকোণ না হলে, তাকে রম্বস বলা হয়। রম্বসের সকল বাহুই সমান। কারণ শীর্ষগামী বাহুদ্বয় সমান হলে সামান্তরিকের সকল বাহুই সমান হয়।

ABCD সামান্তরিকের AB = AC = CD = AD এবং কোনো কোণই সমকোণ নয়।

ট্রাপিজিয়াম (Trapezoid) :
যে চতুর্ভুজের কেবলমাত্র দুটি বিপরীত বাহু পরস্পর সমান্তরাল তাকে ট্রাপিজিয়াম বলা হয়।



চিত্র, ABCD চতুর্ভুজের AD || BC। সুতরাং এটি একটি ট্রাপিজিয়াম।

বিভিন্ন চতুর্ভুজের তুলনামূলক বৈশিষ্ট্য

বর্গক্ষেত্র (Square) :

১. চার বাহু সমান এবং কোণগুলো সমকোণ।
২. কর্ণদ্বয় সমান এবং পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে।
৩. ক্ষেত্রফল = (বাহু)^2.
পরিসীমা = 4 × বাহুর দৈর্ঘ্য।



৪. কর্ণদ্বয় পরস্পরকে লম্বভাবে ছেদ করে।
৫. চার কোণের সমষ্টি = 360°।
৬. প্রত্যেক কোণ = 90°।
৭. অন্তঃস্থ কোণ = বহিঃস্থ কোণ।

রম্বস (Rhombus) :

১. চার বাহু সমান।
২. কোণগুলো সমকোণ নয়।



৩. বিপরীত কোণদ্বয় পরস্পর সমান।
৪. যে কোনো দুটি সন্নিহিত কোণ পরস্পর সম্পূরক।
৫. কর্ণদ্বয় অসমান কিন্তু পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে।
৬. ক্ষেত্রফল = $\frac{1}{2}$ × কর্ণদ্বয়ের গুণফল
৭. পরিসীমা = 4 × বাহুর দৈর্ঘ্য

Working Tools

চতুর্ভুজের ক্ষেত্রফল ও পরিসীমা :

- ☐ আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ
- ☐ সামান্তরিকক্ষেত্রের ক্ষেত্রফল = ভূমি × উচ্চতা
- ☐ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = (বাহু)^2



- ☐ ট্রাপিজিয়ামক্ষেত্রের ক্ষেত্রফল = $\frac{1}{2}$ × সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্যের সমষ্টি × উচ্চতা
- ☐ রম্বসক্ষেত্রের ক্ষেত্রফল = $\frac{1}{2}$ × কর্ণদ্বয়ের গুণফল
- ☐ আয়তক্ষেত্রের পরিসীমা = 2 × (দৈর্ঘ্য + প্রস্থ)
- ☐ বর্গক্ষেত্রের পরিসীমা = 4 × বর্গক্ষেত্রের একবাহু
- ☐ চতুর্ভুজের পরিসীমা = চার বাহুর সমষ্টি

QUADRILATERAL

আয়তক্ষেত্র (Rectangle) :

১. বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান এবং সমান্তরাল।
২. কোণগুলো সমকোণ এবং সমান। এরা পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে তবে সমকোণে নয়।

৩. ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ।
৪. পরিসীমা = 2 (দৈর্ঘ্য + প্রস্থ)।

সামান্তরিক (Parallelogram) :

১. বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান ও সমান্তরাল।
২. কোণগুলো সমকোণ নয়।



৩. কর্ণদ্বয় অসমান কিন্তু পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে তবে সমকোণে নয়।
৪. বিপরীত কোণদ্বয় সমান। যে কোনো দুটি সন্নিহিত কোণ পরস্পর সম্পূরক।
৫. যে কোনো দুটি সন্নিহিত কোণের সমদ্বিখণ্ডকদ্বয় পরস্পরের ওপর লম্ব।
৬. ক্ষেত্রফল = ভূমি × উচ্চতা
৭. পরিসীমা = 2 × সন্নিহিত বাহুর যোগফল।

ট্রাপিজিয়াম (Trapezoid) :

১. কেবল মাত্র দুটি বাহু সমান্তরাল, বাকি দুটি তির্যক।
২. ক্ষেত্রফল = $\frac{1}{2}$ × সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্যের যোগফল × এদের দূরত্ব

চতুর্ভুজ বিষয়ক অনুসিদ্ধান্তসমূহ

১. নিম্নোক্ত শর্তসাপেক্ষে চতুর্ভুজ অঙ্কন সম্ভব :
   ক. চারটি বাহু ও একটি কোণ
   খ. চারটি বাহু ও একটি কর্ণ
   গ. তিন কোণ ও দুটি বাহু
   ঘ. তিন বাহু ও দুটি কর্ণ
   ঙ. দুটি কর্ণের খণ্ডিত অংশ ও কর্ণ দুটির অন্তর্ভুক্ত একটি কোণ।
২. সামান্তরিকের কর্ণ দুটি পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে।
৩. রম্বসের কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে।
৪. আয়তক্ষেত্রের কর্ণদ্বয় সমান এবং পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে।
৫. বর্গক্ষেত্রের কর্ণ দুটি সমান ও সমকোণে সমদ্বিখণ্ডিত করে।
৬. কোনো সমকোণী ত্রিভুজের অতিভুজের ওপর অঙ্কিত বর্গক্ষেত্র অপর দুই বাহুর ওপর অঙ্কিত বর্গক্ষেত্রের সমষ্টির সমান।
৭. সামন্তরিকের বিপরীত বাহু ও কোণগুলো পরস্পর সমান এবং প্রত্যেক কর্ণ সামন্তরিককে দুটি সর্বসম ত্রিভুজে বিভক্ত করে।
৮. সামন্তরিকের একটি কোণ সমকোণ হলে তার প্রত্যেক কোণই সমকোণ।

Question Bank as Self Test

০১. একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য ২০% বৃদ্ধি ও ১০% হ্রাস করা হলে ক্ষেত্রফলের শতকরা কত পরিবর্তন হবে?

ক ১০% বৃদ্ধি খ ৮% বৃদ্ধি গ ১২% বৃদ্ধি ঘ ৮% হ্রাস

Hints : *ধরি, পূর্ব দৈর্ঘ্য = ১০০ একক ও পূর্ব প্রস্থ = ১০০ একক*

∴ ক্ষেত্রফল = (১০০ × ১০০) বর্গ একক = ১০,০০০ বর্গ একক

আবার,

২০% বৃদ্ধিতে, দৈর্ঘ্য = (১০০ + ২০) = ১২০ একক

১০% হ্রাসে, প্রস্থ = (১০০ − ১০) = ৯০ একক

∴ ক্ষেত্রফল = (১২০ × ৯০) বর্গ একক = ১০,৮০০ বর্গ একক

∴ ক্ষেত্রফল পরিবর্তন = (১০,৮০০ − ১০,০০০) বর্গ একক

= ৮০০ বর্গ একক

১০,০০০ বর্গ একককে বৃদ্ধি হয় = ৮০০ বর্গ একক

∴ ১০০ " " " " = $\frac{৮০০ \times ১০০}{১০,০০০}$ "

= ৮ বর্গ একক।

[Note : *মূল প্রশ্নে ১০% হ্রাস এর জায়গায় হবে প্রস্থ ১০% হ্রাস*]

মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন অডিটর ২০১৪
উত্তর : খ

০২. কোনো সামান্তরিকের দুটি সন্নিহিত কোণের একটি ১১৫ ডিগ্রি হলে অপর কোণটি কত ডিগ্রি হবে?

(ক) ৪৫ ডিগ্রি (খ) ৫৫ ডিগ্রি (গ) ৬৫ ডিগ্রি (ঘ) ৩৫ ডিগ্রি

Hints : *সামন্তরিকের দুটি সন্নিহিত কোণের সমষ্টি = ১৮০°*

সুতরাং, ১১৫° + নির্ণেয় কোণ = ১৮০°

∴ নির্ণেয় কোণ = ১৮০° − ১১৫° = ৬৫° ।

মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন অডিটর ২০১৪
উত্তর : গ

০৩. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থকে দ্বিগুণ করলে ক্ষেত্রফল মূল আয়তক্ষেত্রের ক্ষেত্রফলের—

(ক) দ্বিগুণ হবে (খ) চারগুণ হবে (গ) ছয়গুণ হবে (ঘ) দশগুণ হবে

Hints : *ধরি, দৈর্ঘ্য = x; প্রস্থ = y*

∴ মূল ক্ষেত্রফল = xy

বর্ধিত দৈর্ঘ্য = $2x$; বর্ধিত প্রস্থ = $2y$

∴ বর্ধিত ক্ষেত্রফল = $4xy = 4 \times$ মূল ক্ষেত্রফল ।

পল্লী উন্নয়ন বোর্ডের মাঠ সংগঠক ২০১৪
উত্তর : খ

০৪. একটি চতুর্ভুজের ৩ কোণের সমষ্টি ২৮০ ডিগ্রি । ৪র্থ কোণের মান কত?

(ক) ৯০ ডিগ্রি (খ) ৭০ ডিগ্রি (গ) ৮০ ডিগ্রি (ঘ) ৬০ ডিগ্রি

Hints : *আমরা জানি, চতুর্ভুজের চার কোণের সমষ্টি ৩৬০° ।*

তিন কোণের সমষ্টি দেওয়া আছে ২৮০°

সুতরাং চতুর্থ কোণের মান = ৩৬০° − ২৮০° = ৮০°

পল্লী উন্নয়ন বোর্ডের হিসাব সহকারী ২০১৪
উত্তর : গ

০৫. একটি বর্গক্ষেত্রের পরিসীমা ১২০ ফুট । প্রত্যেক বাহুর দৈর্ঘ্য কত?

(ক) ২০ ফুট (খ) ২৫ ফুট (গ) ৩০ ফুট (ঘ) ৪০ ফুট

Hints : *ধরি, বর্গের প্রত্যেক বাহুর দৈর্ঘ্য ক ফুট*

আমরা জানি, বর্গক্ষেত্রের পরিসীমা ৪ক

সুতরাং, ৪ক = ১২০

$\therefore$ ক $= \frac{১২০}{৪} =$ ৩০ *ফুট ।*

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স-এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর ২০১৪
উত্তর : গ

০৬. A rectangular plot measuring 90 metres by 50 metres is to be enclosed by wire fencing. If the poles of the fence are kept 5 metres apart, how many poles will be needed?

(ক) 55 (খ) 56 (গ) 57 (ঘ) 58

Hints : *Perimeter of the rectangle is 2(50 + 90) metre*

= 280 metres

Between 5 metres the required number of poles is $= \frac{280}{5} = 56$

Ans : 56

পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিস্টেন্ট ম্যানেজার ২০১৪
উত্তর : খ

০৭. যে চতুর্ভুজের বাহুগুলি পরস্পর সমান ও সমান্তরাল কিন্তু কোণগুলো সমকোণ নয় তাকে কি বলে?

(ক) সামান্তরিক (খ) রম্বস (গ) ট্রাপিজিয়াম (ঘ) আয়তক্ষেত্র

(ঙ) কোনোটিই নয়

Hints :



রম্বস

যে চতুর্ভুজের বাহুগুলো পরস্পর সমান ও সমান্তরাল কিন্তু কোণগুলো সমকোণ নয় তাকে রম্বস বলে ।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান জুনিয়র অ্যাসিস্টেন্ট অফিসার ২০১৪
উত্তর : খ

০৮. একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য ৩২ মিটার ও প্রস্থ ২৪ মিটার। বাগানের ভেতর চারদিকে ২ মিটার চওড়া একটি রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল কত বর্গমিটার?

(ক) ২০৪ (খ) ২৬৮ (গ) ২১৮ (ঘ) 288

(ঙ) ২০৮

Hints : দেওয়া আছে,

বাগানের দৈর্ঘ্য = ৩২ মিটার

" প্রস্থ = ২৪ "

∴ বাগানের ক্ষেত্রফল = (৩২ × ২৪) বর্গমিটার

= ৭৬৮ বর্গমিটার

রাস্তাবাদে বাগানের দৈর্ঘ্য = ৩২ − (২ + ২) = ২৮ মিটার

" " প্রস্থ = ২৪ − (২ + ২) = ২০ মিটার

∴ রাস্তাবাদে বাগানের ক্ষেত্রফল = (২৮ × ২০) বর্গমিটার

= ৫৬০ বর্গমিটার

∴ রাস্তার ক্ষেত্রফল = (৭৬৮ − ৫৬০) বর্গমিটার

= ২০৮ বর্গমিটার

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান এসিস্টেন্ট অফিসার ২০১৪
উত্তর : ক

০৯. 5 সেমি বাহুবিশিষ্ট বর্গের কর্ণের দৈর্ঘ্য কত?

(ক) $2\sqrt{5}$ সেমি (খ) $\sqrt{10}$ সেমি (গ) $5\sqrt{2}$ সেমি (ঘ) $3\sqrt{5}$ সেমি

Hints : বর্গের কর্ণের দৈর্ঘ্য $= a\sqrt{2}$ একক

$= \sqrt{2.5^2}$ সেমি

$= 5\sqrt{2}$ সেমি [∴ a = 5 সেমি]

১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) ২০১৪
উত্তর : গ

১০. একটি রম্বসের কর্ণদ্বয় 5 সেমি ও 6 সেমি হলে, এর ক্ষেত্রফল কত?

(ক) 30 বর্গ সেমি (খ) 25 বর্গ সেমি (গ) 20 বর্গ সেমি (ঘ) 15 বর্গ সেমি

Hints : রম্বসের ক্ষেত্রফল $= \frac{1}{2}(d_1 \times d_2)$ বর্গ একক

$= \frac{1}{2}(5 \times 6)$ বর্গ সেমি [∵ $d_1 = 5$ সেমি, $d_2 = 6$ সেমি]

= 15 বর্গ সেমি

১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) ২০১৪
উত্তর : ঘ

১১. চতুর্ভুজের চার কোণের অনুপাত 1 : 2 : 2 : 3 হলে, বৃহত্তম কোণের পরিমাণ কত হবে

(ক) 100° (খ) 115° (গ) 135° (ঘ) 225°

Hints : অনুপাতগুলোর সমষ্টি = 1 + 2 + 2 + 3 = 8

∴ বৃহত্তম কোণের পরিমাণ $= 360 \times \frac{3}{8}$

= 135°

১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) ২০১৪
উত্তর : গ

১২. চতুর্ভুজের চার কোণের অনুপাত ১ : ২ : ২ : ৩ হলে বৃহত্তম কোণের পরিমাণ হবে?

(ক) ১০০° (খ) ১১৫° (গ) ১৩৫° (ঘ) ১৪০°

Hints : অনুপাতের রাশিগুলোর সমষ্টি (১ + ২ + ২ + ৩) বা ৮

চতুর্ভুজের চারকোণের সমষ্টি ৩৬০°

∴ বৃহত্তম কোণের পরিমাণ $\frac{৩}{৮} \times ৩৬০° = ৩ \times ৪৫°$

= ১৩৫°

১১তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা (স্কুল/সমপর্যায়-২) ২০১৪
উত্তর : গ

১৩. ABCD সামান্তরিকের DC ভূমিকে E পর্যন্ত বর্ধিত করা হলো। ∠BAD = 100° হলে, ∠BCE = কত?

(ক) 60° (খ) 80° (গ) 90° (ঘ) 100°

Hints :



সামন্তরিকের বিপরীত কোণগুলো পরস্পর সমান

$\therefore \angle BAD = \angle BCD = 100°$

চিত্র হতে, $\angle BCD + \angle BCE = 180°$

বা, $\angle BCE = 180° - 100°$

$\therefore \angle BCE = 80°$

১৮. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য, প্রস্থ অপেক্ষা 4 মিটার বেশি। ঘরটির পরিসীমা 32 মিটার হলে, এর ক্ষেত্রফল কত?

ক 6 ব.মি. খ 60 ব.মি. গ 10 ব.মি. ঘ 64 ব.মি.

১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৪
উত্তর : খ

Hints : ধরি, প্রস্থ $= x$ মিটার

দৈর্ঘ্য $= (x + 4)$ মিটার

$\therefore$ পরিসীমা $= 2(x + x + 4) = 2(2x + 4) = (4x + 8)$ মিটার

প্রশ্নমতে, $4x + 8 = 32$

বা, $4x = 32 - 8$

বা, $4x = 24$

বা, $x = \frac{24}{4}$

$\therefore x = 6$

তাহলে, প্রস্থ $= 6$ মিটার

দৈর্ঘ্য $= 6 + 4 = 10$,,

$\therefore$ আয়তাকার ঘরের ক্ষেত্রফল $= 10 \times 6 = 60$ বর্গমিটার।

১৫. ট্রাপিজিয়ামের দুটি সমান্তরাল বাহু a সে.মি. ও b সে.মি.। তাদের মধ্যবর্তী দূরত্ব h সে. মি. হলে, এর ক্ষেত্রফল কত?

ক $(a+b)h$ খ $2(a+b)h$ গ $\frac{1}{2}\times(a+b)\times h$ ঘ $\frac{1}{2}(a-b)h$

১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৪
উত্তর : গ

Hints : ট্রাপিজিয়ামের দুটি সমান্তরাল বাহু a সে. মি. ও b সে. মি. এবং মধ্যবর্তী দূরত্ব $= h$ সে. মি.

সুতরাং ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল $= \frac{1}{2}\times(a+b)\times h$ [সূত্র]

১৬. একটি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য 6cm হলে এর ক্ষেত্রফল কত হবে?

ক 12 sq.cm খ 18 sq.cm গ 24 sq.cm ঘ 36 sq.cm

১১তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা (কলেজ/সমপর্যায়) ২০১৪
উত্তর : খ

Hints : ধরি, বর্গের বাহুর দৈর্ঘ্য a সে. মি.

কর্ণের দৈর্ঘ্য $\sqrt{2}\,a$ সে. মি. এবং ক্ষেত্রফল a^2 বর্গ সে. মি.

প্রশ্নমতে, $\sqrt{2}\,a = 6$

$\Rightarrow a = \frac{6}{\sqrt{2}}$

$\Rightarrow a^2 = \left(\frac{6}{\sqrt{2}}\right)^2$

$\therefore a^2 = \frac{36}{2} = 18$

$\therefore$ বর্গটির ক্ষেত্রফল 18 বর্গ সেমি।

১৭. একটি রম্বসের কর্ণদ্বয় যথাক্রমে 4 সে.মি. এবং 6 সে.মি. হলে, রম্বসটির ক্ষেত্রফল কত?

ক 12 বর্গ সে.মি. খ 6 বর্গ সে.মি. গ 28 বর্গ সে.মি. ঘ 24 বর্গ সে.মি.

Hints : রম্বসের কর্ণদ্বয় যথাক্রমে, 4 সে. মি. এবং 6 সে. মি.

$\therefore$ রম্বসটির ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ কর্ণদ্বয়ের গুণফল

$= \left(\frac{1}{2} \times 4 \times 6\right)$

$= 12$ বর্গ সে. মি.

১০ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৪
উত্তর : ক

১৮. চতুর্ভুজের কর্ণদ্বয়ের সমষ্টি এর–

ক পরিসীমার অর্ধ অপেক্ষা বৃহত্তর খ পরিসীমার অর্ধ অপেক্ষা ক্ষুদ্রতর

গ অর্ধ পরিসীমার সমান ঘ পরিসীমা অপেক্ষা বৃহত্তর

Hints : চতুর্ভুজের কর্ণদ্বয়ের সমষ্টি এর পরিসীমার অর্ধ অপেক্ষা বৃহত্তর।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা ২০০৬
উত্তর : ক

১৯. একটি চতুর্ভুজ আঁকার জন্য নিচের কোন উপাত্তগুলো প্রয়োজন?

ক ২টি বাহু ও ২টি কোণ খ ২টি কর্ণের খণ্ডিত অংশসমূহ ও ১টি বাহু

গ ৪টি বাহু ও ২টি কোণ ঘ ৩টি বাহু ও ২টি কর্ণ

Hints : চতুর্ভুজ অঙ্কন করতে নিম্নের উপাত্তগুলো জানা প্রয়োজন : (ক) চারটি বাহু ও একটি কোণ, (খ) চারটি বাহু ও একটি কর্ণ, (গ) তিনটি বাহু ও দুইটি কর্ণ, (ঘ) তিনটি বাহু ও তাদের অন্তর্ভুক্ত দুইটি কোণ, (ঙ) দুইটি বাহু ও তিনটি কোণ, (চ) দুইটি কর্ণের খণ্ডিত অংশসমূহ ও কর্ণ দুইটির অন্তর্ভুক্ত একটি কোণ। কাজেই সঠিক উত্তর (ঘ)।

পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী নিয়োগ পরীক্ষা ২০১০
উত্তর : ঘ

২০. চতুর্ভুজের চার কোণের সমষ্টি কত?

ক ৯০° খ ১৮০° গ ২৯০° ঘ ৩৬০°

Hints : আমরা জানি, n সংখ্যক বাহু বিশিষ্ট কোনো ক্ষেত্রের অন্তঃস্থ কোণগুলোর সমষ্টি $= (n-2) \times ১৮০°$

$\therefore$ চতুর্ভুজের (চার বাহুবিশিষ্ট ক্ষেত্রের) চার কোণের সমষ্টি $= (৪ - ২) \times ১৮০° = ৩৬০°$।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুট্যান্ট ২০১০
উত্তর : ঘ

২১. চতুর্ভুজের চার কোণের অনুপাত ১ : ২ : ২ : ৩ হলে ক্ষুদ্রতম কোণের পরিমাণ কত ডিগ্রি?

ক ৬৫° খ ৫৫° গ ৪৫° ঘ ৩৫°

Hints : অনুপাতগুলোর সমষ্টি $= (১ + ২ + ২ + ৩) = ৮$

$\therefore$ ক্ষুদ্রতম কোণের পরিমাণ $= \left(৩৬০° \times \frac{১}{৮}\right) = ৪৫°$

জাতীয় রাজস্ব বোর্ডের ইন্সপেক্টর/এপ্রেইজার/ প্রিভেন্টিভ অফিসার/গোয়েন্দা কর্মকর্তা ২০১০
উত্তর : গ

২২. চতুর্ভুজের চার কোণের অনুপাত ১ : ২ : ২ : ৩ হলে বৃহত্তম কোণের পরিমাণ হবে–

ক ১০০° খ ১১৫° গ ১৩৫° ঘ ২২৫°

Hints : অনুপাতগুলোর সমষ্টি $= ১ + ২ + ২ + ৩ = ৮$

$\therefore$ বৃহত্তম কোণের পরিমাণ $= ৩৬০° \times \frac{৩}{৮} = ১৩৫°$

১৬তম বিসিএস
উত্তর : গ

২৩. ABCD চতুর্ভুজে AB || CD, AC = BD এবং $\angle A = 90°$ হলে সঠিক চতুর্ভুজ কোনটি?

ক সামান্তরিক খ রম্বস গ ট্রাপিজিয়াম ঘ আয়তক্ষেত্র

Hints : আয়তক্ষেত্রের বিপরীত বাহুগুলো পরস্পর সমান ও সমান্তরাল এবং কোণগুলো সমকোণ। উপরোল্লিখিত চতুর্ভুজটি একটি আয়তক্ষেত্র।

৩২তম বিসিএস (বিশেষ)
উত্তর : ঘ

২৪. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থকে দ্বিগুণ করলে ক্ষেত্রফল মূল আয়তক্ষেত্রের ক্ষেত্রফলের—
ক দ্বিগুণ হবে খ চারগুণ হবে গ ছয়গুণ হবে ঘ আটগুণ হবে

পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা ২০০৪
উত্তর : খ

২৫. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 5 মিটার কম এবং প্রস্থ 3 মিটার অধিক হলে এর ক্ষেত্রফল অপরিবর্তিত থাকে। আবার দৈর্ঘ্য 5 মিটার অধিক এবং প্রস্থ 2 মিটার কম হলেও এর ক্ষেত্রফল অপরিবর্তিত থাকে। এর দৈর্ঘ্য ও প্রস্থ—
ক দৈর্ঘ্য 20 মিটার এবং প্রস্থ 15 মিটার খ দৈর্ঘ্য 22 মিটার এবং প্রস্থ 14 মিটার
গ দৈর্ঘ্য 24 মিটার এবং প্রস্থ 13 মিটার ঘ দৈর্ঘ্য 25 মিটার এবং প্রস্থ 12 মিটার

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পিটিআই-এর সুপারিনটেনডেন্ট, পিটিআই-এর সহকারী সুপারিনটেনডেন্ট ২০০৫
উত্তর : ঘ

Hints : *মনে করি, দৈর্ঘ্য $= x$ মিটার এবং প্রস্থ $= y$ মিটার*

১ম শর্ত মতে, $(x-5)(y+3) = xy$

$\Rightarrow xy - 5y + 3x - 15 = xy$

$\Rightarrow 3x - 5y = 15$ .....(i)

২য় শর্ত মতে, $(x+5)(y-2) = xy$

$\Rightarrow xy + 5y - 2x - 10 = xy$

$\Rightarrow 2x - 5y = -10$ .....(ii)

(i) ও (ii) বিয়োগ করে

$x = 25$

x এর মান (i) নং এ বসিয়ে পাই

$3.25 - 5y = 15$

$\Rightarrow y = 12$

$\therefore$ *দৈর্ঘ্য 25 মিটার এবং প্রস্থ 12 মিটার।*

২৬. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ। আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল 1250 বর্গমিটার হলে এর দৈর্ঘ্য কত?
ক 30 মিটার খ 40 মিটার গ 50 মিটার ঘ 60 মিটার

৩০তম বিসিএস
উত্তর : গ

Hints : *ধরি, আয়তক্ষেত্রটির প্রস্থ $= x$ মিটার*

$\therefore$ *দৈর্ঘ্য $= 2x$ মিটার*

$\therefore$ *আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল $= 2x^2$ বর্গমিটার*

প্রশ্নমতে, $2x^2 = 1250$

বা, $x^2 = 625$

$\therefore x = 25$

$\therefore$ *আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য $= 2 \times 25$ মিটার $= 50$ মিটার*

২৭. একটি জমির দৈর্ঘ্য ৯০ ফুট এবং প্রস্থ ৮০ ফুট, ঐ জমির ক্ষেত্রফল কত কাঠা?
ক ৫ কাঠা খ ১০ কাঠা গ ২০ কাঠা ঘ ১০০ কাঠা

সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার ২০০৯
উত্তর : খ

Hints : *জমিটির ক্ষেত্রফল = ৯০ ফুট × ৮০ ফুট*

= ৭২০০ বর্গ ফুট

= $\frac{৭২০০}{৩ \times ৩}$ বর্গ গজ

= ৮০০ বর্গ গজ

আমরা জানি, ৮০ বর্গ গজ ১ কাঠা

$\therefore$ *৮০০ " $\frac{৮০০ \times ১}{৮০}$ = ১০ কাঠা*

২৮. একটি ক্ষেত্রফলের দৈর্ঘ্য তার প্রস্থের ১.৫ গুণ। ঐ ক্ষেত্রফল ২১৬ বর্গমিটার হলে তার দৈর্ঘ্য কত?

ক ৯ খ ১২ গ ১৮ ঘ কোনোটিই নয়

Hints: *মনে করি, প্রস্থ = x মিটার*

$\therefore$ *দৈর্ঘ্য* $= ১.৫x = \frac{১৫}{১০}x = \frac{৩x}{২}$

$\therefore x \times \frac{৩x}{২} = ২১৬$

$\Rightarrow ৩x^২ = ৪৩২$

$\Rightarrow x^২ = ১৪৪$

$\therefore x = ১২$

$\therefore$ *দৈর্ঘ্য* $= \left(১২ \times \frac{৩}{২}\right) = ১৮$ *মিটার।*

খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক/উপ-খাদ্য পরিদর্শক/ উচ্চমান কারী/অডিটর/ সুপারভাইজার ২০১০ উত্তর : গ

২৯. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 12 সেমি এবং প্রস্থ 5 সেমি হলে এর একটি কর্ণের দৈর্ঘ্য কত?

ক 17 সেমি খ 15 সেমি গ 13 সেমি ঘ 14 সেমি

Hints: *আয়তক্ষেত্রের কর্ণ আয়তক্ষেত্রকে দুটি সমান সমকোণী ত্রিভুজে বিভক্ত করে।*

$\therefore \Delta ABD$-এ,

$BD^2 = AB^2 + AD^2$

$= 5^2 + 12^2 = 25 + 144 = 169$

$\therefore BD = \sqrt{169} = 13$

অর্থাৎ, *কর্ণ = 13 সেমি*



শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক ২০০৬ উত্তর : গ

৩০. একটি ঘরের দৈর্ঘ্য ২৭ মিটার ও প্রস্থ ১৮ মিটার হলে, ঘরের মেঝের ক্ষেত্রফল হবে–

ক ৩০০ বর্গমিটার খ ৪০০ বর্গমিটার গ ৪৮৬ বর্গমিটার ঘ ৯০০ বর্গমিটার

Hints: *আমরা জানি, ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ*

$\therefore$ *মেঝেটির ক্ষেত্রফল = (২৭ × ১৮) বর্গ মিটার = ৪৮৬ বর্গমিটার।*

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন এডমিনিস্ট্রেশন অফিসার ও পার্সোনাল অফিসার ২০০৬ উত্তর : গ

৩১. একটি কামরার পরিসীমা ৪৪ ফুট; ক্ষেত্রফল ১২০ বর্গফুট। কামরার দৈর্ঘ্য ও প্রস্থ কত?

ক ৩০, ১৪ খ ২০, ৬ গ ১২, ১০ ঘ ২৪, ৫

প্রধানমন্ত্রীর কার্যালয়ে পার্সোনাল অফিসার ২০০৪ উত্তর : গ

৩২. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 5 মিটার কম এবং প্রস্থ 3 মিটার অধিক হলে ক্ষেত্রফল 9 বর্গমিটার কম হয়। আবার দৈর্ঘ্য 3 মিটার ও প্রস্থ 2 মিটার বেশি হলে ক্ষেত্রফল 67 বর্গমিটার বেশি হয়। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় করুন।

ক দৈর্ঘ্য 15 মিটার, প্রস্থ 8 মিটার খ দৈর্ঘ্য 17 মিটার, প্রস্থ 9 মিটার

গ দৈর্ঘ্য 18 মিটার, প্রস্থ 7 মিটার ঘ দৈর্ঘ্য 19 মিটার, প্রস্থ 10 মিটার

Hints: *ধরি, দৈর্ঘ্য = x মি.*

প্রস্থ = y মি.

$\therefore$ *ক্ষেত্রফল = xy ব মি.*

১ম শর্তমতে, $(x-5)(y+3) = xy - 9$

বা, $xy + 3x - 5y - 15 = xy - 9$

বা, $3x - 5y = 6$.....(i)

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তরের শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল) ২০০৭; বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন আমদানি-রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার ২০০৭ উত্তর : খ

২য় শর্তমতে,

$(x+3)(y+2) = xy + 67$

বা, $xy + 2x + 3y + 6 = xy + 67$

বা, $2x + 3y = 61$ .....(ii)

(i) $\times 2 -$ (ii) $\times 3$ হতে পাই,

$-19y = -171$

বা, $y = 9$

$\therefore$ প্রস্থ 9 মিটার

$\therefore x = \frac{6+5y}{3}$ [(i) হতে]

$= \frac{6+5\times 9}{3} = 17$ মিটার।

$\therefore$ দৈর্ঘ্য = 17 মিটার।

৩৩. একটি আয়তকার মেঝের ক্ষেত্রফল ২৭৩ বর্গমিটার। দৈর্ঘ্য ৫ মিটার বেশি হলে মেঝের ক্ষেত্রফল হতো ৩৩৮ বর্গমিটার। ঐ মেঝের প্রস্থ কত?

ক ১৩ মিটার খ ২১ মিটার গ ২৬ মিটার ঘ ২৭ মিটার

Hints : ধরি, প্রস্থ = x মিটার

দৈর্ঘ্য ৫ মিটার বেশি হওয়ায় ক্ষেত্রফল বৃদ্ধি পেয়েছে (৩৩৮ – ২৭৩) = ৬৫ বর্গমিটার

প্রশ্নমতে,

$x \times ৫ = ৬৫$

$\Rightarrow x =$ ১৩ মিটার

সহকারী থানা পরিবার পরিকল্পনা অফিসার ১৯৯৮
উত্তর : ক

৩৪. একটি আয়তাকার ক্ষেত্রের ক্ষেত্রফল ১৯২ বর্গমিটার। ক্ষেত্রের দৈর্ঘ্য ৪ মিটার কমালে ও প্রস্থ ৪ মিটার বাড়ালে এর ক্ষেত্রফল অপরিবর্তিত থাকে। আয়তক্ষেত্রের দৈর্ঘ্য কত?

ক 17 মিটার খ 19 মিটার গ 14 মিটার ঘ 16 মিটার

বেসামরিক বিমান মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা ২০০৫
উত্তর : ঘ

৩৫. The length of a rectangle is 6 cm more than the side of a square, and the width of the rectangle is 6 cm less than the side of the square. If the area of the square is 86 cm², what is the area of the rectangle?

ক 36 cm² খ 40 cm² গ 50 cm² ঘ 64 cm² ঙ None of these

Hints : Let, side of the square = a

$\therefore a^2 = 86$ cm²

$\therefore$ Length of the rectangle = $a + 6$

Width of the rectangle = $a - 6$

$\therefore$ Area of rectangle = $(a+6)(a-6) = a^2 - 36$

$= 86 - 36 = 50$ cm²

Dhaka Bank Ltd. MTO 2011
উত্তর : গ

৩৬. একটি আয়তক্ষেত্রের পরিসীমা কর্ণদ্বয়ের সমষ্টি অপেক্ষা ৮ মিটার বেশি। ক্ষেত্রটির ক্ষেত্রফল ৪৮ বর্গমিটার হলে তার দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় করুন।

ক দৈর্ঘ্য ৮ মিটার ও প্রস্থ ৬ মিটার খ দৈর্ঘ্য ১২ মিটার ও প্রস্থ ৪ মিটার

গ দৈর্ঘ্য ১৬ মিটার ও প্রস্থ ৩ মিটার ঘ দৈর্ঘ্য ২৪ মিটার ও প্রস্থ ২ মিটার

মাধ্যমিক সহকারী প্রধান শিক্ষক ও জেলা সহকারী শিক্ষা অফিসার নিয়োগ পরীক্ষা ২০০৩
উত্তর : ক

৩৭. The length of a rectangle is 7 more than its width. If the perimeter of the rectangle is the same as the perimeter of a square of side 8.5, what is the length of a diagonal of the rectangle?

(ক) 12 (খ) 13 (গ) 23 (ঘ) 31 (ঙ) 33

Southeast Bank Ltd Probationary Officer 2011
উত্তর : খ

Hints : *Let, length of the rectangle x*

$\therefore$ *Width of the rectangle* $(x-7)$

Perimeter of the square $= 8.5 \times 4 = 34$

$\therefore 2\{x+(x-7)\} = 34$

$\Rightarrow 2x - 7 = 17$

$\Rightarrow 2x = 24$

$\therefore x = 12$

Width $= 12 - 7 = 5$

$\therefore$ *Length of diagonal* $= \sqrt{12^2+5^2} = 13$

৩৮. In a rectangle, if the angle between a diagonal and a side is 30° and the length of diagonal is 6 cm, the area of the rectangle is—

(ক) 9 cm² (খ) $9\sqrt{3}$ cm² (গ) 27 cm² (ঘ) 36 cm²

Standard Bank Ltd. Probationary Senior Officer, 2011
উত্তর : খ

Hints : *Angle between a side and a diagonal is 30° and length of diagonal is 6 cm*

$\therefore$ *Two adjacent sides of rectangle are 6 sin 30° and 6 cos 30°*

$\therefore$ *Area of rectangle* $= 6 \sin 30° \times 6 \cos 30°$

$= 6 \times \frac{1}{2} \times 6 \times \frac{\sqrt{3}}{2}$

$= 9\sqrt{3}$

৩৯. Find the area of a rectangle whose diagonal is 13 cm.

(ক) 36 cm² (খ) 60 cm² (গ) 72 cm² (ঘ) 169 cm²

Bangladesh Krishi Bank Officer (Cash) 2011
উত্তর : খ

Hints : *According to Pethagorean theorem diagonal of a rectangle can be determine from two adjacent sides. If two side is 3 and 4 then diagonal is 5* $(3^2 + 4^2 = 5^2)$

$(12)^2 + 5^2 = (13)^2$

If diagonal is 13 cm then two adjacent sides be 12 cm and 5 cm.

$\therefore$ *Area of rectangle* $= 12 \times 5 = 60$ cm².

৪০. If the length of a rectangle is 8 cm and its diagonal is 10 cm, find its area.

(ক) 64 cm² (খ) 40 cm² (গ) 48 cm² (ঘ) 80 cm²

Bangladesh Krishi Bank Officer, 2011; Social Islami Bank Ltd. Trainee Officer 2010
উত্তর : গ



ABC is a right angled triangle (সমকোণী ত্রিভুজ)

সমকোণী ত্রিভুজের তিন বাহুর অনুপাত হতে পারে 3 : 4 : 5 or 5 : 12 : 13

$3:4:5 = 6:8:10$

$\therefore$ *Area* $= 6 \times 8 = 48$

৪১. The length of rectangle ABCD is 6/5th of its breadth. Its perimeter is 132. What is its area?

ক 660 m² খ 2210 m² গ 1080 m² ঘ 2160 m² ঙ 460 m²

Hints : *Let, Breadth* $= x$

Length $= \frac{6x}{5}$.

Perimeter $= 2\left(x + \frac{6x}{5}\right) = 132$

$\Rightarrow x + \frac{6x}{5} = 66$

$\Rightarrow 5x + 6x = 330$

$\Rightarrow 11x = 330$

$\Rightarrow x = 30$

Area $= x \times \frac{6x}{5} = 30 \times \frac{6 \times 30}{5} = 1080$

Bangladesh Bank Asst. Director 2010; বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০০৯
উত্তর : গ

৪২. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের ৩ গুণ। আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল ৩০০ বর্গমিটার হলে তার পরিসীমা কত?

ক ৭০ মিটার খ ৭৫ মিটার গ ৮০ মিটার ঘ ৯০ মিটার

Hints : *প্রস্থ x মিটার হলে দৈর্ঘ্য 3x মিটার*

$\therefore$ *ক্ষেত্রফল* $= 3x^2$ *বর্গমিটার*

প্রশ্নমতে, $3x^2 = 300$

বা, $x = 10$

অর্থাৎ প্রস্থ ১০ মিটার হলে দৈর্ঘ্য $= 3 \times 10 = 30$ *মিটার*

$\therefore$ *পরিসীমা* $= 2 \times (30 + 10)$ *মি.*

$= 2 \times 80$ *মি.* $= 80$ *মিটার।*

২৪তম বিসিএস; ৫ম বিজেএস (সহকারী জজ) ২০১০; সমাজসেবা অফিসার ২০০৬
উত্তর : গ

Hints : মনে করি, গাড়িটি x মিটার যাওয়ার পরে সামনের চাকা পিছনের চাকা অপেক্ষা ১০০ বার বেশি ঘুরবে।

∴ x মিটার যেতে সামনের চাকা ঘুরে $\frac{x}{৩}$ মিটার

∴ x মিটার যেতে পিছনের চাকা ঘুরে $\frac{x}{৪}$ মিটার

∴ $\frac{x}{৩} - \frac{x}{৪} = ১০০$

$\Rightarrow x = ১২০০$ মিটার

$\Rightarrow x = ১.২$ কিমি

সহকারী পরিসংখ্যান কর্মকর্তা ১৯৯৮; ডাক অধিদপ্তরে উপজেলা পোস্ট মাস্টার ২০১০
উত্তর : খ

৫৬. একটি গাড়ির চাকার পরিধি ৫ মিটার। ২০ মাইল যেতে চাকাটি কত বার ঘুরবে? (১ মাইল = ১.৬ কিমি)

ক ৬৪০০ খ ৫৪০০ গ ৬০০০ ঘ ৬২০০

মধ্য হিসাবরক্ষক ও শিক্ষক-এর অধীনে 'অধ্যক্ষ' নিয়োগ পরীক্ষা ১৯৯৮
উত্তর : ক

৫৭. একটি গাড়ির সামনের চাকার পরিধি ৭ ফুট, পেছনের চাকার পরিধি ৯ ফুট। সামনের চাকা যখন পেছনের চাকার চেয়ে ১০ বার বেশি ঘোরে তখন গাড়িটি কত ফুট যায়?

ক ১২৬ খ ১৩০ গ ১৮৯ ঘ ৩১৫

Hints : ধরি, গাড়িটি x ফুট যাওয়ার পরে সামনের চাকা পিছনের চাকা অপেক্ষা ১০ বার বেশি ঘোরে।

∴ x ফুট যেতে সামনের চাকা ঘোরে $\frac{x}{৭}$ বার

∴ x ফুট যেতে পিছনের চাকা ঘোরে $\frac{x}{৯}$ বার

∴ $\frac{x}{৭} - \frac{x}{৯} = ১০$

বা, $\frac{৯x - ৭x}{৬৩} = ১০$ বা, $২x = ৬৩০$ বা, $x = \frac{৬৩০}{২} = ৩১৫$

বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস কমিশন গৃহীত সহকারী জজ ২০০৯
উত্তর : ঘ

৫৮. একটি চাকার ব্যাস 4.2 মিটার। চাকাটি 330 মিটার পথ অতিক্রম করতে কত বার ঘুরবে?

ক 10 বার খ 15 বার গ 25 বার ঘ কোনোটিই নয়

মাধ্যমিক সহকারী শিক্ষক ২০০১
উত্তর : গ

৫৯. একটি চাকার পরিধি ৮ ফুট। ১ কিলোমিটার পথ অতিক্রম করতে চাকাটি কতবার ঘুরবে?

ক ৫০০ খ ৪২০ গ ৪১০ ঘ ৪৬০

পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা ২০০৪
উত্তর : গ

৬০. The circumference of a wheel is 6.25 meters. How many cycles will it make in order to cover a distance of 40 km?

ক 4400 খ 4600 গ 6250 ঘ 6400 ঙ 6600

Hints : No of cycles $= \frac{40000}{6.25} = 6400$

Bangladesh Krishi Bank Officer, 2011
উত্তর : ঘ

৬১. একটি ঘোড়ার গাড়ির সামনের চাকার পরিধি ৪ মিটার, পেছনের চাকার পরিধি ৫ মিটার। গাড়িটি কত পথ গেলে সামনের চাকা পেছনের চাকার চেয়ে ২০০ বার বেশি ঘুরবে?

ক ১.২ কি. মি. খ ২.৫ কি. মি.
গ ৪ কি. মি. ঘ ৬ কি. মি.

Hints : *ধরি, x মিটার গেলে সামনের চাকা পেছনের চাকা অপেক্ষা ২০০ বার বেশি ঘুরবে x মিটার যেতে সামনের চাকা ঘোরে $\frac{x}{৪}$ বার, এবং পিছনের চাকা ঘোরে $\frac{x}{৫}$ বার।*

প্রশ্নমতে,

$$\frac{x}{৪} - \frac{x}{৫} = ২০০$$

$$\Rightarrow \frac{৫x - ৪x}{২০} = ২০০$$

$$\Rightarrow x = 8000$$

$$= 8 \text{ কি.মি.}$$

পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা ২০০১; তথ্য মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক ২০০৪
উত্তর : গ

৬২.



চিত্রে, O কেন্দ্র বিশিষ্ট বৃত্তে Δ ABC সমবাহু। ∠AOB এর মান কত?

ক ৯০° খ ১৮০° গ ১২০° ঘ ২৪০°

পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী ২০১০
উত্তর : গ

৬৩. কোনো বৃত্তের কেন্দ্র O. A, P, B পরিধিস্থ তিনটি বিন্দু এবং ∠APB = 90° হলে, AOB = কত?

ক 90° খ 120° গ 150° ঘ 180°

Hints :



আমরা জানি, অর্ধবৃত্তস্থ কোণ = 90° বা একসমকোণ। AOB রেখা বৃত্তকে দ্বিখণ্ডিত করেছে।

$\therefore \angle AOB = 180°$

পরিবেশ ও বন মন্ত্রণালয়ের পরিবেশ অধিদপ্তরে ফিল্ড ইনভেস্টিগেটর এবং রিসার্চ অ্যাসিস্টেন্ট ২০০৬
উত্তর : ঘ

৬৪. ABCD একটি বৃত্তস্থ চতুর্ভুজ। এর ∠A + ∠C = 180°, এবং ∠B = 80°, ∠D = কত?

ক 90° খ 95° গ 85° ঘ 100°

Hints : $\angle A + \angle C = 180°$

$\angle B = 80°$

আমরা জানি, $\angle A + \angle B + \angle C + \angle D = 360°$

বা, $\angle D + 180° + 80° = 360°$

বা, $\angle D = 360° - 260°$

$\therefore \angle D = 100°$

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা ২০০৬
উত্তর : ঘ

৬৫. ABCD বৃত্তে অন্তর্লিখিত একটি চতুর্ভুজ-এর ∠B + ∠D = ১৮০°, ∠C = ৮৫° হলে ∠A-এর মান কত?

ক ৯৫° খ ৮০° গ ১০০° ঘ ৭৫°

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক ২০০৫
উত্তর : ক

Hints : আমরা জানি,

চতুর্ভুজের চার কোণের সমষ্টি = ৩৬০°

$\therefore \angle A + \angle B + \angle C + \angle D = ৩৬০°$

$\Rightarrow \angle A = ৩৬০° - (\angle B + \angle D) - \angle C$

$= ৩৬০° - ১৮০° - ৮৫°$

$= ৩৬০° - ২৬৫°$

$= ৯৫°$

৬৬. দুই মিটার দীর্ঘ একটি তারকে এমনভাবে দু'টুকরা করা হলো, যা দিয়ে একটি বর্গক্ষেত্র ও একটি বৃত্ত এমনভাবে বানানো যায় যে, বৃত্তটি বর্গক্ষেত্রটির চারটি কোণা দিয়ে অতিক্রম করে। বৃত্তের ব্যাসার্ধ কত?

(ক) ২১.৯৪ সে. মি (খ) ১৮.২৫ সে. মি (গ) ১৬.৭৫ সে. মি (ঘ) ৩৩.৫০ সে. মি.

উপজেলা/থানা শিক্ষা অফিসার (TEO) ২০০৪
উত্তর : গ

Hints : ধরি, বৃত্তের ব্যাসার্ধ r সেমি

$\therefore$ বৃত্তের পরিধি $= 2\pi r$ সেমি

এবং বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য $= x$ সেমি

$\therefore x^2 + x^2 = (2r)^2$

$\therefore x = \sqrt{2}r$

বর্গক্ষেত্রের পরিসীমা $৪\sqrt{২}r$

$\therefore ২\pi r + ৪\sqrt{২}r = ২০০$ সেমি

$\Rightarrow r\left(২\pi + ৪\sqrt{২}\right) = ২০০$

$\Rightarrow r\left(২ \times ৩.১৪১৬ + ৪\sqrt{২}\right) = ২০০$

$\Rightarrow r = ১৬.৭৫$ সেমি

৬৭. ৭ সে.মি. ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের অন্তর্লিখিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত?

(ক) ৯৮ ব. সে. মি. (খ) ৪৯ ব. সে. মি. (গ) ১৯৬ ব. সে. মি. (ঘ) ১৪৬ ব. সে. মি.

৩২তম বিসিএস (বিশেষ)
উত্তর : ক

Hints : ধরি, বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য a

$\therefore$ বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য $= \sqrt{২}a$

এবং বর্গক্ষেত্রের ক্ষেত্রফল $= a^2$

শর্তমতে, $\sqrt{২}a = ৭ \times ২$

বা, $২a^২ = ১৯৬$ বা, $a^২ = ৯৮$

৬৮. দুটি বৃত্ত যদি পরস্পর স্পর্শ করে তবে কেন্দ্র হতে স্পর্শ বিন্দুগামী সরলরেখা দুটির অন্তর্ভুক্ত কোণ–

(ক) সরলকোণ (খ) সমকোণ (গ) স্থূলকোণ (ঘ) সূক্ষ্মকোণ

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২ (পদ্মা); প্রাথমিক সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধার সন্তান) ২০১০ (শরৎ)
উত্তর : ক

Hints : বৃত্তের যে কোনো বিন্দুতে অংকিত স্পর্শক স্পর্শবিন্দুগামী ব্যাসার্ধের উপর লম্ব

$\therefore \angle AOC = 90°, \angle BOC = 90°$

$\angle AOC + \angle BOC = 90° + 90°$

$= 180°$

বা এক সরল কোণ

$\therefore$ AO ও BO এর মধ্যবর্তী কোণ সরল কোণ।



৬৯.



In the figure, AB and AC are radii of two circles. Length of BC is 6. If AB = 4, what is AC? AC is tangent to the circle with centre B.

Bangladesh Bank Asst. Director 2011
উত্তর : ক

ক $2\sqrt{5}$ খ 5.5 গ $2\sqrt{3}$ ঘ 5 ঙ $3\sqrt{2}$

Hints : *In triangle ABC, AC ⊥ AB*

$\therefore AB^2 + AC^2 = BC^2$

$\Rightarrow 4^2 + AC^2 = 6^2 \quad \Rightarrow AC^2 = 36 - 16$

$\Rightarrow AC^2 = 20$

$\therefore AC = 2\sqrt{5}$

৭০. A square with perimeter 16 is inscribed in a circle. What is the area of the circle?

ক 4π খ 8π গ 12π ঘ 16π ঙ 32π

Hints :



Southeast Bank Ltd Probationary Officer 2011
উত্তর : খ

Length of the square $= \frac{16}{4} = 4$

$\therefore$ *Diagonal of the square* $= \sqrt{4^2 + 4^2} = 4\sqrt{2}$

$\therefore$ *Diameter of the circle is* $4\sqrt{2}$

$\therefore$ *Area of the circle* $= \frac{\pi}{4}\left(4\sqrt{2}\right)^2 = 8\pi$

৭১. O কেন্দ্রবিশিষ্ট বৃত্তের AB ও CD জ্যা দুটি বৃত্তের অভ্যন্তরে অবস্থিত কোনো বিন্দুতে সমকোণে মিলিত হলে $\angle AOD + \angle BOC =$ কত?

ক 90° খ 120° গ 180° ঘ 270°

Hints :



জাতীয় সংসদে প্রশাসনিক কর্মকর্তা ও প্রটোকল অফিসার ২০০৬
উত্তর : গ

একই চাপ AD-এর দণ্ডায়মান কেন্দ্রস্থ $\angle AOD$ এবং বৃত্তস্থ $\angle ABD$

$\therefore \angle AOD = 2\angle ABD$.....(i) [একই চাপের উপর দণ্ডায়মান কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের দ্বিগুণ]

আবার, একই চাপ BC-এর উপর দণ্ডায়মান কেন্দ্রস্থ $\angle BOC$ এবং বৃত্তস্থ $\angle BDC$.

$\therefore \angle BOC = 2\angle BDC$.....(ii)

(i) + (ii) হতে,

$\angle AOD + \angle BOC = 2\angle ABD + 2\angle BDC$

$= 2(\angle ABD + \angle BDC)$

$= 2(\angle EBD + (\angle BDE)$ ..... (iii)

এখন, ΔBED-এ

$\angle EBD + \angle BDE = 1$ সমকোণ। [কারণ $AB \perp CD$ বলে $\angle BED = 1$ সমকোণ]

$\therefore$ (iii) হতে, $\angle AOD + \angle BOC = 2 \times 1$ সমকোণ $= 2$ সমকোণ $= 180°$

৭২. যদি $z = x + iy$ হয়, যেখানে x এবং y বাস্তব চলরাশি, তবে $2|z-1| = |z-2|$ দ্বারা বর্ণিত সঞ্চার পথ হবে—

ক সরলরেখা খ বৃত্ত গ প্যারাবোলা ঘ ইলিপস

জাতীয় সংসদে প্রশাসনিক কর্মকর্তা ও প্রটোকল অফিসার ২০০৬
উত্তর : খ

Hints : $2|z-1| = |z-2|$

বা, $2|x+iy-1| = |x+iy-2|$

বা, $2|(x-1)+iy| = |(x-2)+iy|$

বা, $2\sqrt{(x-1)^2+y^2} = \sqrt{(x-2)^2+y^2}$

বা, $4[(x-1)^2+y^2] = (x-2)^2+y^2$

বা, $4[x^2-2x+1+y^2] = x^2-4x+4+y^2$

বা, $4x^2-8x+4+4y^2 = x^2-4x+4+y^2$

বা, $3x^2-4x+3y^2 = 0$

এখানে x^2 ও y^2-এর সহগ সমান এবং কোনো xy term নেই। সুতরাং এটি একটি বৃত্তের সমীকরণ।

৭৩. বৃত্তের একই চাপের উপর দণ্ডায়মান কেন্দ্রস্থ কোণ পরিধিস্থ কোণের কত গুণ?

ক অর্ধেক খ দ্বিগুণ

গ তিন গুণ ঘ চার গুণ

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক ২০০৬
উত্তর : খ

Hints : বৃত্তের একই চাপের উপর দণ্ডায়মান কেন্দ্রস্থ কোণ পরিধিস্থ কোণের দ্বিগুণ (উপপাদ্য)।

অধ্যায় ৬

জ্যামিতির উচ্চতর ধারণা

HIGHER CONCEPTS OF GEOMETRY

স্থানাঙ্ক (Coordinate)

কোনো সমতলে সুনির্দিষ্ট পদ্ধতিতে যে কোনো বিন্দুর অবস্থানকে উক্ত বিন্দুর স্থানাঙ্ক বলে। যদি কোনো বিন্দুর অবস্থান দুটি আয়তাকার অক্ষরেখা সাপেক্ষে নির্ণয় করা হয় তবে তাকে কার্তেসীয় স্থানাঙ্ক (Cartesian Coordinates) বলে। আবার কোনো বিন্দুর অবস্থান যদি একটি নির্দিষ্ট বিন্দু এবং একটি আদি রেখার সাপেক্ষে নির্ধারণ করা হয় তবে তাকে পোলার স্থানাঙ্ক (Polar Coordinates) বলা হয়। কোনো সমতলে P বিন্দুর স্থানাঙ্ক (x, y), যেখানে x ভুজ এবং y কোটি।

ঢাল (Slope)

কোনো সরলরেখায় x অক্ষের ধনাত্মক দিকের সাথে যে কোণ উৎপন্ন করে সে কোণের ট্যানজেন্ট (tengent) মানকে ঢাল বলে। অর্থাৎ ঢাল, $m = \tan\theta$

বৃত্ত (Circle)

সমতলে কোনো নির্দিষ্ট বিন্দু থেকে নির্দিষ্ট দূরত্বে চলমান বিন্দুর সঞ্চারপথকে বৃত্ত বলে।

কণিক (Conics)

সমতলে একটি নির্দিষ্ট বিন্দু থেকে ও একটি নির্দিষ্ট সরলরেখা থেকে চলমান বিন্দুর দূরত্বের অনুপাত ধ্রুবক হলে, তার সঞ্চারপথকে কণিক বলে। পরাবৃত্ত (Parabola), উপবৃত্ত (Ellipse) ও অধিবৃত্তকে (Hyperbola) একত্রে কণিক বলা হয়।

উপকেন্দ্র (Focus)

যে নির্দিষ্ট বিন্দু সাপেক্ষে কণিক অঙ্কন করা হয় তাকে উপকেন্দ্র বলে।

দিকাক্ষ বা নিয়ামক রেখা (Directrix)

যে নির্দিষ্ট সরলরেখার সাপেক্ষে কণিক অঙ্কন করা হয় তাকে দিকাক্ষ বলে।

উৎকেন্দ্রিকতা (Eccentricity)

কণিকের কোনো চলমান বিন্দু থেকে স্থির বিন্দু (Focus) এবং নির্দিষ্ট সরলরেখার (Directrix) দূরত্বের অনুপাতকে উৎকেন্দ্রিকতা বলে। একে e দ্বারা প্রকাশ করা হয়।

উপবৃত্ত (Ellipse)

একটি স্থির বিন্দু এবং একটি নির্দিষ্ট সরলরেখা থেকে কোনো চলমান বিন্দুর দূরত্বের অনুপাত (উৎকেন্দ্রিকতা) সর্বদা 1 অপেক্ষা ছোট হলে উক্ত চলমান বিন্দুর সঞ্চারপথকে উপবৃত্ত বলে। কার্তেসীয় উপবৃত্তের আদর্শ সমীকরণ $\frac{x^2}{a^2}+\frac{y^2}{b^2}=1$।

পরাবৃত্ত (Parabola)

একটি স্থির বিন্দু ও একটি নির্দিষ্ট সরলরেখা থেকে একটি চলমান বিন্দু দূরত্বের অনুপাত (উৎকেন্দ্রিকতা) সর্বদা 1 হলে উক্ত চলমান বিন্দুর সঞ্চারপথকে পরাবৃত্ত বলে। পরাবৃত্তের আদর্শ সমীকরণ $y^2 = 4ax$।

অধিবৃত্ত (Hyperbola)

একটি স্থির বিন্দু ও একটি নির্দিষ্ট সরলরেখা থেকে একটি চলমান বিন্দুর দূরত্বের অনুপাত (উৎকেন্দ্রিকতা) সর্বদা 1 থেকে বৃহত্তর হলে উক্ত চলমান বিন্দুর সঞ্চারপথকে অধিবৃত্ত বলে। অধিবৃত্তের আদর্শ সমীকরণ $\frac{x^2}{a^2} - \frac{y^2}{b^2} = 1$ ।

Working Tools

স্থানাঙ্ক (Coordinates) :

(i) (x_1, y_1) এবং (x_2, y_2) বিন্দু দুটির মধ্যকার দূরত্ব $= \sqrt{(x_1 - x_2)^2 + (y_1 - y_2)^2}$ একক

অর্থাৎ দূরত্ব $= \sqrt{(\text{ভুজদ্বয়ের অন্তর})^২ + (\text{কোটিদ্বয়ের অন্তর})^২}$

(ii) দুটি বিন্দু দেয়া থাকলে তার মধ্যবিন্দু (mid-point)—

মধ্যবিন্দুর ভুজ $= \frac{\text{প্রান্তবিন্দুদ্বয়ের ভুজদ্বয়ের যোগফল}}{২}$

এবং মধ্যবিন্দুর কোটি $= \frac{\text{প্রান্তবিন্দুদ্বয়ের কোটির যোগফল}}{২}$

সরলরেখা (Straight line) :

(i) কোনো সরলরেখার প্রমিত সমীকরণ (standard equation), $y = mx + c$

যেখানে, m = ঢাল (slope) $= \tan\theta$

c = Y-অক্ষ হতে রেখাটি দ্বারা কর্তিত অংশের পরিমাণ



(ii) মূল বিন্দুগামী কোনো সরলরেখার সমীকরণ $y = mx$

(iii) দুটি নির্দিষ্ট বিন্দু, (x_1, y_1) ও (x_2, y_2) দেয়া থাকলে এসব বিন্দুগামী সরলরেখার ঢাল

$$m = \frac{\text{কোটিদ্বয়ের অন্তর}}{\text{ভুজদ্বয়ের অন্তর}} = \frac{y_1 - y_2}{x_1 - x_2}$$

(iv) X-অক্ষের সমীকরণ $y = 0$

(v) Y-অক্ষের সমীকরণ $x = 0$

(vi) X-অক্ষের সমান্তরাল রেখার সমীকরণ $y = b$

যেখানে, b = ধ্রুবক (constant), যা রেখাটি দ্বারা Y অক্ষ হতে কর্তিত অংশের পরিমাণ

(vii) Y-অক্ষের সমান্তরাল রেখার সমীকরণ $x = a$

যেখানে, a = ধ্রুবক (constant), যা রেখাটি দ্বারা X অক্ষ হতে কর্তিত অংশের পরিমাণ।

Working Tools

(viii) কোনো সরলরেখা X ও Y অক্ষ থেকে যথাক্রমে a ও b পরিমাণ অংশ কর্তিত করলে সরলরেখাটির সমীকরণ $\frac{x}{a}+\frac{y}{b}=1$

(ix) দুটি বিন্দু (x, y) ও (x_1, y_2) হলে এদের সংযোগকারী সরলরেখার সমীকরণ– $\frac{x-x_1}{x_1-x_2}=\frac{y-y_1}{y_1-y_2}$

(x) $ax_2+by_2+c_2=0$ এবং $ax_2+by_2+c_2=0$ সরলরেখাদ্বয় সমান্তরাল হলে এদের ঢালদ্বয় সমান হবে, অর্থাৎ $\frac{-a_1}{b_1}=\frac{-a_2}{b_2}$

(xi) $a_1x+b_1y+c_1=0$ এবং

$a_2x+b_2y+c_2=0$ দুটি পরস্পর লম্বভাবে অবস্থিত হবার শর্ত– $a_1a_2+b_1b_2=0$

বৃত্ত (Circle) :

(i) কোনো বৃত্তের কেন্দ্র (a, b) এবং ব্যাসার্ধ r হলে, বৃত্তটির সমীকরণ $(x-a)^2+(y-b)^2=r^2$

(ii) মূলবিন্দুতে $(0, 0)$ কেন্দ্রবিশিষ্ট বৃত্তের সমীকরণ $x^2+y^2=r^2$

(iii) $(-g,-f)$ কেন্দ্র ও $\sqrt{g^2+f^2-c}$ ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের প্রমিত সমীকরণ (Standard equation)

$x^2+y^2+2gx+2fy+c=0$

উল্লেখ্য, $f=0$ হলে বৃত্তের কেন্দ্র X অক্ষে অবস্থিত।

$g=0$ হলে বৃত্তের কেন্দ্র Y অক্ষে অবস্থিত।

(iv) (x_1, y_1) এবং (x_2, y_2) বিন্দু দুটির সংযোগ রেখাংশকে ব্যাস ধরে অঙ্কিত বৃত্তের সমীকরণ $(x-x_1)(x-x_2)+(y-y_1)(y-y_2)=0$

যেখানে, (x, y) বৃত্তের পরিধিস্থ যে কোনো বিন্দু।

পরাবৃত্ত (Parabola) :

পরাবৃত্তের আদর্শ বা প্রমিত সমীকরণ $y^2=4ax$

(i) শীর্ষবিন্দুর (A) স্থানাঙ্ক $(0, 0)$

(ii) উপকেন্দ্রের (S) স্থানাঙ্ক $(a, 0)$

(iii) দিকাক্ষের (MZM') সমীকরণ $x=a$

(iv) অক্ষরেখার সমীকরণ $y=0$

(v) উপকেন্দ্রিক লম্বের (LSL') দৈর্ঘ্য $=4a$

(vi) উপকেন্দ্রিক লম্বের সমীকরণ $x=a$



Note : উপকেন্দ্র (Focus) দিকাক্ষের (Directrix) বামদিকে অবস্থিত হলে শীর্ষবিন্দুকে (vertex) মূলবিন্দু এবং পরাবৃত্তের অক্ষকে X-অক্ষ ধরলে সমীকরণটি হবে $y^2=-4ax\ (a>0)$

Working Tools

উপবৃত্ত (Ellipse) :

উপবৃত্তের আদর্শ বা প্রমিত সমীকরণ $\frac{x^2}{a^2}+\frac{y^2}{b^2}=1$

(i) কেন্দ্রের স্থানাঙ্ক (0, 0)

(ii) বৃহৎ অক্ষ = 2a

(iii) ক্ষুদ্র অক্ষ = 2b

(iv) উপকেন্দ্রের স্থানাঙ্ক (± ae, 0)

(v) বৃহৎ অক্ষের সমীকরণ, $y=0$

(vi) ক্ষুদ্র অক্ষের সমীকরণ $x=0$



(vii) দিকাক্ষের সমীকরণ $x=\pm\frac{a}{e}$

(viii) উৎকেন্দ্রিকতা, $e^2=\frac{a^2-b^2}{a^2}$

(ix) উপকেন্দ্রিক লম্ব = $\frac{2b^2}{a}$

অধিবৃত্ত (Hyperbola) :

অধিবৃত্তের আদর্শ বা প্রমিত সমীকরণ $\frac{x^2}{a^2}-\frac{y^2}{b^2}=1$

(i) কেন্দ্রের স্থানাঙ্ক (0, 0)

(ii) শীর্ষবিন্দুর স্থানাঙ্ক (± a, 0)

(iii) অণুবন্ধী অক্ষের সমীকরণ $x=0$

(iv) উৎকেন্দ্রিকতা $e^2=\frac{a^2+b^2}{a^2}$

(v) অক্ষ দুটির দৈর্ঘ্য 2a ও 2b

(vi) উপকেন্দ্র দুটির স্থানাঙ্ক (± ae, 0)

(vii) আড় অক্ষের সমীকরণ $y=0$

(viii) দিকাক্ষ দুটির সমীকরণ $x=\pm\frac{a}{e}$

(ix) উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য $=\frac{2b^2}{a}$

Question Bank as Self Test

১. (6, 6) এবং (2, 3) বিন্দুদ্বয়ের দূরত্ব কত?

ক $\sqrt{17}$ একক খ 5 একক গ 7 একক ঘ 25 একক

Hints : *(6, 6) এবং (2, 3) বিন্দুদ্বয়ের দূরত্ব*

$= \sqrt{(6-2)^2+(6-3)^2}$

$= \sqrt{4^2+3^2}$

$= \sqrt{16+9} = \sqrt{25}$

$= \sqrt{25} = 5$.

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক ২০০৬; সরকারি থানা পরিবার পরিকল্পনা অফিসার ১৯৯৮
উত্তর : খ

২. P বিন্দুর স্থানাংক (x,y) হলে মূল বিন্দুর দূরত্ব কত?

ক $\sqrt{x^2+y^2}$ খ x^2+y^2 গ $\sqrt{(x+y)^2}$ ঘ $x+y$

মাধ্যমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০০১
উত্তর : ক

৩. $x+y=0$ এবং $2x-y+3=0$ সরলরেখা দুটি কোন বিন্দুতে ছেদ করে?

ক $\left(\frac{১}{৩}, \frac{১}{৩}\right)$ খ (১, ১) গ (−৩, ৩) ঘ (−১, ১)

Hints : $x+y=0$ ..... *(i)*

$2x-y=-3$ ..... *(ii)*

(i) ও (ii) নং-কে সমাধান করে,

$3x=-3$

$\therefore x=-1$

আবার, (i) নং-এ x-এর মান বসালে,

$-1+y=0$

$\therefore y=-1$

সুতরাং রেখাদ্বয়ের ছেদবিন্দু (−1, 1)

১৭তম বিসিএস
উত্তর : ঘ

৪. একটি সরল রেখা (3, 5) বিন্দু দিয়ে যায় এবং অক্ষদ্বয় হতে বিপরীত চিহ্নবিশিষ্ট সমমানের অংশ ছেদ করে। সরল রেখাটির সমীকরণ কি?

ক $x-y+2=0$ খ $x-2y+7=0$ গ $x+2y-8=0$ ঘ $2x-2y+1=0$

Hints : *ধরি, রেখাটির সমীকরণ* $\frac{x}{a}+\frac{y}{-a}=1$

$\Rightarrow x-y=a$ .....*(i)*

উহা (3, 5) বিন্দুগামী

$(3-5)=a$

$\Rightarrow a=-2$

(i) নং হতে $x-y=-2$

$\Rightarrow y-x=2$

$\therefore$ *নির্ণেয় সমীকরণ* $x-y+2=0$

উপজেলা/থানা শিক্ষা অফিসার (TEO) ২০০৪
উত্তর : ক

৫. $2x-3y+6=0$ দ্বারা নির্দেশিত সরল রেখাটির ঢাল (slope)—

ক $\frac{3}{2}$ খ $-\frac{3}{2}$ গ $-\frac{2}{3}$ ঘ $\frac{2}{3}$

পরিকল্পনা মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক ২০০৬
উত্তর : ঘ

Hints : $2x-3y+6=0$

$\Rightarrow 3y=2x+6$

বা, $3.\frac{dy}{dx}=2$ [অন্তরীকরণ করে]

বা, $\frac{dy}{dx}=\frac{2}{3}$

অর্থাৎ ঢাল $\frac{2}{3}$

৬. $a_1x+b_1y+c_1=0$ এবং $a_2x+b_2y+c_2=0$ সরলরেখাদ্বয় পরস্পর লম্ব হওয়ার শর্ত কি?

ক $a_1b_1+a_2b_2=0$ খ $a_1b_2+a_2b_1=0$

গ $a_1a_2+b_1b_2=0$ ঘ উপরের কোনোটিই সত্য নয়

শ্রম অধিদপ্তরের দ্বিতীয় শ্রেণীভুক্ত শ্রম কর্মকর্তা এবং জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা ২০০৪
উত্তর : গ

৭. নিম্নের বিন্দুগুলো দ্বারা গঠিত ক্ষেত্রফল নির্ণয় করুন :

(5, 2), (−9, −3), এবং (−3, −5)

ক 27 বর্গ একক খ 28 বর্গ একক গ 29 বর্গ একক ঘ 30 বর্গ একক

শ্রম অধিদপ্তরের দ্বিতীয় শ্রেণীভুক্ত শ্রম কর্মকর্তা এবং জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা ২০০৪
উত্তর : গ

৮. পরস্পরকে স্পর্শ করে আছে এমন তিনটি বৃত্তের কেন্দ্র P, Q, R এবং PQ = a, QR = b, RP = c হলে P কেন্দ্রিক বৃত্তের ব্যাস হবে—

ক $a+b+c$ খ $b+c-a$ গ $c+a-b$ ঘ $a-b+c$

১৫তম বিসিএস
উত্তর : গ

৯. 'O' ABC বৃত্তের কেন্দ্র। OA = 3 সেমি। AT এবং BT উক্ত বৃত্তের দুটি স্পর্শক, AT + BT = 8 সেমি, OT = কত?

ক 6 সেমি খ 9.5 সেমি গ 7 সেমি ঘ 5 সেমি

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক ২০০৬
উত্তর : ঘ

Hints : $AO=3$ সেমি

$AT+BT=8$ সেমি [উপপাদ্য-৪৮ (নবম-দশম শ্রেণী)]

বা, $2AT=8$ সেমি

$\because AT=BT$ [উপপাদ্য অনুসারে]

বা, $AT=\frac{8}{2}$ সেমি $=4$ সেমি

আবার, $\angle TAO=1$ সমকোণ

$\therefore \Delta ATO$-এ, $(AT)^2+(AO)^2=(OT)^2$

বা, $(OT)^2=4^2+3^2=16+9=25$

$\therefore OT=5$ সেমি



১০. $\sqrt{\frac{x^2}{4}+\frac{y^2}{4}}=1$ সমীকরণের লেখচিত্র কি হবে?

ক অর্ধবৃত্ত খ বৃত্ত গ উপবৃত্ত ঘ সরলরেখা

শ্রম মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক ২০০৫
উত্তর : গ

১১. $x+3y=0$ সমীকরণের লেখচিত্র কি হবে?

ক সরলরেখা খ বৃত্ত গ পরাবৃত্ত ঘ মূল বিন্দুগামী সরল রেখা

উপজেলা মহিলা কর্মকর্তা ২০০৫
উত্তর : ক

১২. What is the slope of the line that contains the points (1, 3) and (4, -3)?

ক -2 খ $-0,5$ গ 1 ঘ 2 ঙ 3

Hints : *Slope of the line* $= \frac{3-(-3)}{1-4} = -2$

Bangladesh Bank Asst. Director 2011
উত্তর : ক

১৩. $x+y-1=0, x-y+1=0$ এবং $y+3=0$ সরল রেখা তিনটি দ্বারা গঠিত ত্রিভুজটি—

ক সমবাহু খ বিষমবাহু গ সমকোণী ঘ সমদ্বিবাহু

Hints : *যেহেতু ১ম ও ২য় সমীকরণের x ও y স্থানাঙ্ক সমান কিন্তু ৩য় সমীকরণের x স্থানাঙ্ক নেই, সেহেতু রেখা তিনটি দ্বারা গঠিত ত্রিভুজটি সমদ্বিবাহু হবে।*

১৫তম বিসিএস
উত্তর : ঘ

১৪. $Y=3x+2, Y=-3x+2$ এবং $Y=-2$ দ্বারা গঠিত জ্যামিতিক চিত্রটি কোনটি?

ক একটি সমকোণী ত্রিভুজ খ একটি সমবাহু ত্রিভুজ

গ একটি সমদ্বিবাহু ত্রিভুজ ঘ একটি বিষমবাহু ত্রিভুজ

Hints : *$y=3x+2, y=-3x+2$ এবং $y=-2$ দ্বারা গঠিত জ্যামিতিক চিত্রটি একটি সমদ্বিবাহু ত্রিভুজের। বিষয়টি চিত্রে দেখানো হলো।*

২৫তম বিসিএস; ১৩তম বিসিএস
উত্তর : গ



বিকল্প পদ্ধতি

$Y=3x+2$ ..... (i)

$Y=-3x+2$ ..... (ii)

$Y=-2$ ..... (iii)

(i) ও (ii) নং সমীকরণের ঢাল (m) যথাক্রমে 3 ও –3, যাদের পরমমান সমান। সুতরাং এই রেখা দুটি সমান। কিন্তু (iii) নং রেখাটি (i) ও (ii) হতে ভিন্ন। অতএব জ্যামিতিক চিত্রটি একটি সমদ্বিবাহু ত্রিভুজ।

১৫. কোনো ত্রিভুজের বাহুত্রয়ের দৈর্ঘ্য যথাক্রমে x^2+1, x^2-1 এবং $2x$ যেখানে $x>1$, ত্রিভুজটি কিরূপ হবে?

ক সমকোণী ত্রিভুজ খ সূক্ষ্মকোণী ত্রিভুজ গ স্থূলকোণী ত্রিভুজ ঘ সমবাহু ত্রিভুজ

x^2+1 ..... (i)

x^2-1 ..... (ii)

$2x$ ..... (iii)

$\because$ (i), (ii) ও (iii) নং সমীকরণের ভুজ (m) এর প্রত্যেকটিতে x আছে তাই এটি সমকোণী ত্রিভুজ।

[$\because$ সমকোণী ত্রিভুজের তিন বাহু সমান হয়]

সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৯
উত্তর : ক

অধ্যায় ৭

ঘন জ্যামিতি

SOLID GEOMETRY

ঘনবস্তু (Solid) :

সমতল বা বক্রতল দ্বারা বেষ্টিত শূন্যের কিছুটা স্থান দখল করে থাকে এরূপ বস্তুকে ঘনবস্তু বলে।

পৃষ্ঠতল (Surface) :

সমতলস্থ কোনো স্থানকে বেষ্টন করতে হলে যেমন, অন্তত তিনটি সরলরেখা দরকার তেমনি জাগতিক কোনো স্থানকে বেষ্টন করতে হলে অন্তত চারটি সমতল দরকার। এ তলগুলোকে ঘনবস্তুর তল বা পৃষ্ঠতল বলে।

ঘনবস্তুর ধার (Edge) :

জাগতিক কোনো স্থানকে বেষ্টিত করার নিমিত্তে কমপক্ষে যে চারটি সমতল প্রয়োজন, তাদের দুটি সমতল যে রেখায় ছেদ করে তাকে ঐ ঘনবস্তুর ধার বলে। যেমন– একটি বাক্সের ছয়টি পৃষ্ঠতল ও বারটি ধার আছে।

কোণক (Conic) :

কোনো সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন যে কোনো একটি বাহুকে স্থির রেখে ঐ বাহুর চতুর্দিকে ত্রিভুজটিকে ঘোরালে যে ঘনবস্তু উৎপন্ন হয়, তাকে সমবৃত্তভূমিক কোণক বলে।



আয়তাকার ঘনবস্তুর আয়তন



ঘনকের আয়তন

Working Tools

SOLID GEOMETRY

ঘনবস্তুর আয়তন ও ক্ষেত্রফল :

১. আয়তাকার ঘনবস্তুর আয়তন = দৈর্ঘ্য × প্রস্থ × উচ্চতা

২. ঘনকের আয়তন = a × a × a ঘন একক = a^3 ঘন একক

৩. কোণকের বক্রতলের ক্ষেত্রফল = $\frac{1}{2}$ × (ভূমির পরিধি) × (হেলান উন্নতি)

৪. কোণকের সমগ্র তলের ক্ষেত্রফল = বক্র তলের ক্ষেত্রফল + ভূমির ক্ষেত্রফল

৫. কোণকের আয়তন = $\frac{1}{3}$ × (ভূমির ক্ষেত্রফল × উচ্চতা)

৬. বেলনের বক্রপৃষ্ঠের ক্ষেত্রফল = ভূমির পরিধি × উচ্চতা

৭. বেলনের সমগ্রপৃষ্ঠের ক্ষেত্রফল = বক্রপৃষ্ঠের ক্ষেত্রফল + দুই প্রান্তের ক্ষেত্রফল

৮. বেলনের আয়তন = ভূমির ক্ষেত্রফল × উচ্চতা

৯. গোলকের পৃষ্ঠের ক্ষেত্রফল = $\pi \times (\text{ব্যাস})^2$

১০. গোলকের আয়তন = $\frac{4}{3}\pi^3$ ঘন একক।

Question Bank as Self Test

১. ঘনক-এর সমগ্রতলের ক্ষেত্রফল কত?

ক $5a^2$ বর্গ একক খ $6a^2$ বর্গ একক গ $8a^2$ বর্গ একক

স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে স্বাস্থ্য সহকারী পদে নিয়োগ পরীক্ষা ২০০৪
উত্তর : খ

Hints : *ঘনকের 6 টি পৃষ্ঠ আছে। প্রতিটি পৃষ্ঠের ক্ষেত্রফল a^2 বর্গ একক।*

$\therefore$ *সমগ্রতলের ক্ষেত্রফল* $= 6a^2$ বর্গ একক

২. কোনো ঘনকের ধার 10 সে. মি. হলে, তার সমগ্রতলের ক্ষেত্রফল কত?

ক 75 বর্গ সে. মি. খ 100 বর্গ সে. মি. গ 300 বর্গ সে. মি. ঘ 600 বর্গ সে. মি.

বিশেষ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১০
উত্তর : ঘ

Hints : *ঘনকের সমগ্র তলের ক্ষেত্রফল* $= 6a^2$

$= 6 \times 10^2$

$= 600$ বর্গসেমি

৩. ১৮" উঁচু একটি বাক্সের দৈর্ঘ্য ৩ ফুট এবং প্রস্থ ২ ফুট। বাক্সটির আয়তন কত?

ক ৮ ঘনফুট খ ৯ ঘনফুট গ ১০৮ ঘনফুট ঘ ৬ ঘনফুট

পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা ২০০৪
উত্তর : খ

Hints : *ঘনবস্তুর আয়তন* $= abc$

$= ৩ \times ২ \times \frac{১৮}{১২}$

$= ৯$ *ঘনফুট*

৪. একটি ঘনকের ছয়টি পৃষ্ঠতলের ক্ষেত্রফল 216 বর্গ সে. মি. হলে, ঘনকটির আয়তন কত?

ক 64 ঘন সে. মি. খ 126 ঘন সে. মি. গ 216 ঘন সে. মি. ঘ 316 ঘন সে. মি.

৬ষ্ঠ শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১০
উত্তর : গ

Hints : *আমরা জানি,*

ঘনক-এর সমগ্র তলের ক্ষেত্রফল $= 2(a^2 + a^2 + a^2)$

$= 6a^2$ *বর্গ একক*

প্রশ্নমতে,

$6a^2 = 216$

$\Rightarrow a^2 = 36$

$\therefore a = 6$

অতএব, ঘনকটির আয়তন $= a^3 = 6^3 = 216$

সুতরাং সঠিক উত্তর (গ)।

৫. একটি চৌবাচ্চার দৈর্ঘ্য ৫ মিটার, প্রস্থ ৪ মিটার এবং গভীরতা ৩ মিটার। চৌবাচ্চাটি পূর্ণ করতে কত লিটার পানি লাগবে?

ক ৬০ লিটার খ ৩৬০০ লিটার গ ৩৬০০০ লিটার ঘ ৬০০০০ লিটার

মাধ্যমিক সহকারী প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০০৩
উত্তর : ঘ

Hints : *চৌবাচ্চাটির আয়তন* $= ৫ \times ৪ \times ৩ = ৬০$ *ঘনমিটার*

$\therefore$ *চৌবাচ্চাটিতে পানি ধরে* $= ৬০ \times ১০০০ = ৬০০০০$ *লিটার*

৬. ২.৫ মিটার বর্গাকার একটি খোলা চৌবাচ্চায় ২৮,৯০০ লিটার পানি ধরে। এর ভিতরে এলুমিনিয়ামের পাত লাগাতে প্রতি বর্গমিটারে ৫ টাকা হিসাবে মোট কত খরচ পড়বে?

ক ২২৯.৬০ টাকা খ ১২৯.২৯ টাকা গ ২২৭.৮০ টাকা ঘ ৬০০ টাকা

ঙ কোনটিই নয়

ডাক অধিদপ্তরে উপজেলা পোস্ট মাস্টার ২০১০
উত্তর : ঙ

Hints : ধরি, চৌবাচ্চাটির গভীরতা = x মিটার

∴ চৌবাচ্চাটির আয়তন = ২.৫× ২.৫ × x

১০০০ লিটার = ১ ঘনমিটার

∴ ২৮৯০০ " = ২৮.৯ ঘনমিটার

∴ ২.৫^{২} × x = ২৮.৯

∴ x = ৪.৬২৪ মিটার

চৌবাচ্চার তলার ক্ষেত্রফল = ২.৫ × ২.৫ = ৬.২৫ বর্গমিটার

চারপাশের ক্ষেত্রফল = ৪ × ২.৫ × ৪.৬২৪

= ৪৬.২৪ বর্গমিটার

মোট ক্ষেত্রফল = ৬.২৫ + ৪৬.২৪ = ৫২.৪৯ বর্গমিটার

মোট খরচ = ৫২.৪৯ × ৫ = ২৬২.৪৫ টাকা

সুতরাং সঠিক উত্তর হচ্ছে (ঙ)

৭. কোণকের ভূমির ব্যাসার্ধ r, উচ্চতা h ও হেলান উন্নতি l হলে, নিম্নের কোন সম্পর্কটি সঠিক?

ক $l^2 = \sqrt{h^2+r^2}$ খ $l = \sqrt{h^2+r^2}$ গ $l = \pm\sqrt{h^2+r^2}$ ঘ $l = \frac{h^2+r^2}{2\pi r}$

Hints : $l = \sqrt{h^2+r^2}$ (এটা কোণকের সূত্র)

বিশেষ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১০
উত্তর : খ

৮. সমবৃত্তভূমিক সিলিন্ডারের ভূমির ব্যাসার্ধ r এবং উচ্চতা h হলে সমগ্রতলের ক্ষেত্রফল কোনটি হবে?

ক $2\pi rh$ খ $\pi r(r+h)$ গ $4\pi r(r+h)$ ঘ $2\pi r(r+h)$

Hints : সিলিন্ডারের বক্রতলের ক্ষেত্রফল = $2\pi rh$

সিলিন্ডারের দুইপ্রান্তের ক্ষেত্রফল = $2\times\pi r^2$

∴ সিলিন্ডারের সমগ্রতলের ক্ষেত্রফল = $2\pi r(r+h)$

সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৯
উত্তর : ঘ

৯. r ব্যাসার্ধ ও h উচ্চতার একটি সিলিন্ডারের আয়তন কত?

ক $\frac{1}{3}\pi r^2h$ খ $\frac{4}{3}\pi r^2h$ গ πr^2h ঘ $4\pi r^2h$

Hints : r ব্যাসার্ধ ও h উচ্চতাবিশিষ্ট সিলিন্ডারের আয়তন = πr^2h (সূত্র)

সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৯
উত্তর : গ

১০. সিলিন্ডার আকৃতির একটি পানির ট্যাংকের ব্যাসার্ধ হলো 3 মিটার এবং উচ্চতা হলো 4 মিটার। ট্যাংকটি কত লিটার পানি দিয়ে পূর্ণ করা যাবে?

ক 28.26 লিটার খ 28260 লিটার গ 23 লিটার ঘ 26280 লিটার

[Note : সঠিক উত্তর : 113097 লিটার।]

Hints : আয়তন = πr^2h

= $\pi\times(3)^2\times4$

= 113.04 ঘনমিটার

ট্যাংকটিতে পানি ধরে = 113.097 × 1000

= 113097 লিটার

সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৯
উত্তর : অপশনে সঠিক উত্তর নেই

১১. কোন কূয়ার গভীরতা 10 মিটার এবং ব্যাসার্ধ 1 মিটার হলে ঐ কূয়ার আয়তন কত?

ক 100π ঘনমিটার খ 10π ঘনমিটার গ 1000 ঘনমিটার ঘ π^3 ঘনমিটার

Hints : দেয়া আছে,

কূয়ার গভীরতা, h = 10 মিটার

কূয়ার ব্যাসার্ধ, r = 1 মিটার

∴ কূয়ার আয়তন, $\pi r^2h = \pi.1^2.10$ ঘনমিটার

= 10π ঘনমিটার

অর্থাৎ সঠিক উত্তর (খ)।

৬ষ্ঠ প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১০
উত্তর : খ

১২. একটি ফুটবলের ব্যাস ১০ ইঞ্চি হলে ফুটবলটির আয়তন কত?

ক ৩১.৪১৬ বর্গইঞ্চি খ ৭৮.৫৪ বর্গইঞ্চি গ ৩১৪.১৬ ঘনইঞ্চি ঘ ৫২৩.৬০ ঘনইঞ্চি

Hints : ব্যাসার্ধ $r = \frac{১০}{২} = ৫$ ইঞ্চি

গোলক তথা ফুটবলের আয়তন $= \frac{৪}{৩}\pi r^৩ = \frac{৪}{৩} \times \pi \times (৫)^৩$

$= ৫২৩.৬$ ঘনইঞ্চি

মাধ্যমিক সহকারী প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০০৩
উত্তর : ঘ

১৩. 10 সে. মি. উচ্চতাবিশিষ্ট একটি বেলনের ভূমির ব্যাস 8 সে.মি., বেলনের আয়তন কত?

ক 640π ঘন সে. মি. খ 320π ঘন সে. মি. গ 160π ঘন সে. মি. ঘ 80π ঘন সে. মি.

Hints : ব্যাস, $r = \frac{8}{2} = 4$

বেলনের আয়তন $= \pi r^2 h = \pi \times (4)^2 \times 10 = 160\pi$ ঘন সে.মি.

বিশেষ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১০
উত্তর : গ

১৪. গোলকের কেন্দ্র থেকে h দূরত্বে তলচ্ছেদে উৎপন্ন বৃত্তের ব্যাসার্ধ কত? (ব্যাসার্ধ = r)

ক $\sqrt{h^2 - r^2}$ খ $\sqrt{h^2 + r^2}$ গ $\sqrt{r^2 - h^2}$ ঘ $\sqrt{r^2 + h^2}$

Hints : r ব্যাসার্ধবিশিষ্ট গোলকের কেন্দ্র থেকে h দূরত্বে তলচ্ছেদে উৎপন্ন বৃত্তের ব্যাসার্ধ $= \sqrt{r^2 - h^2}$ (সূত্র)

মাধ্যমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০০১
উত্তর : গ

১৫. দুটি গোলকের ব্যাসার্ধের অনুপাত 3 : 2 হলে তাদের আয়তনের অনুপাত কত?

ক 9 : 4 খ 27 : 8 গ 12 : 4 ঘ 27 : 4

Hints : ধরি, ব্যাসার্ধদ্বয় r_1 এবং r_2

$\therefore \frac{r_1}{r_2} = \frac{3}{2}$

বা, $\frac{r_1^3}{r_2^3} = \frac{3^3}{2^3} = \frac{27}{8}$ বা, $\frac{\frac{4}{3}\pi r_1^3}{\frac{4}{3}\pi r_2^3} = \frac{27}{8}$

$\therefore$ আয়তনের অনুপাত 27 : 8

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ ২০০৭
উত্তর : খ

১৬. একটি গোলকের আয়তনের অনুপাত ৮ : ২৭, তাদের ক্ষেত্রফলের অনুপাত কত?

ক ৪ : ৯ খ ২ : ৩ গ ৪ : ৫ ঘ ৫ : ৬

গোলকের ক্ষেত্রফল $৪\pi r^২$

শর্তমতে, $\frac{\frac{৪}{৩}\pi r_১^৩}{\frac{৪}{৩}\pi r_২^৩} = \frac{৮}{২৭} \Rightarrow \frac{r_১^৩}{r_২^৩} = \frac{৮}{২৭} \quad \therefore \frac{r_১}{r_২} = \frac{২}{৩}$

গোলক দুটির ক্ষেত্রফলের অনুপাত

$= \frac{৪\pi r_১^২}{৪\pi r_২^২} = \frac{r_১^২}{r_২^২} = \left(\frac{২}{৩}\right)^২ = \frac{৪}{৯} = ৪ : ৯$

প্রাথমিক সহকারী শিক্ষক ২০১০ (করতোয়া)
উত্তর : ক

১৭. 4 সেমি ব্যাসের একটি লৌহ গোলককে পিটিয়ে $\frac{2}{3}$ সেমি পুরু একটি বৃত্তাকার লৌহপাত প্রস্তুত করা হলো। ঐ পাতের ব্যাসার্ধ কত?

ক 8 সেমি খ 6 সেমি গ 5 সেমি ঘ 4 সেমি

Hints : গোলকের আয়তন $= \frac{4}{3}\pi r^3$

$= \frac{4}{3} \times \pi \times \left(\frac{4}{2}\right)^3$

$= \frac{32\pi}{3}$

কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে ইনস্ট্রাক্টর (নন টেক) ২০০৫
উত্তর : ঘ

ধরি, বৃত্তাকার লৌহপাতটির ব্যাসার্ধ r সেমি

∴ শর্তমতে,

$$\pi r^2 h = \frac{32\pi}{3}$$

বা, $r^2 \times \frac{2}{3} = \frac{32}{3}$

বা, $r^2 = 16$

∴ $r = 4$

১৮. সমান উচ্চতা বিশিষ্ট একটি সমবৃত্তভূমিক কোণক, একটি অর্ধ গোলক ও একটি সিলিন্ডার সমান সমান ভূমির উপর অবস্থিত। তাদের আয়তনের অনুপাত হবে।

(ক) ২ঃ৪ঃ৫ (খ) ৩ঃ৪ঃ৫ (গ) ২ঃ৩ঃ৪ (ঘ) ১ঃ২ঃ৩

Hints : উচ্চতা h এবং ব্যাসার্ধ r হলে

ভূমির ক্ষেত্রফল $= \pi r^2$

কোণকের আয়তন $= \frac{1}{3}\pi r^2 h$

অর্ধগোলকের আয়তন $= \frac{1}{2} \times \frac{4}{3}\pi r^2 h = \frac{2}{3}\pi r^2 h$

সিলিন্ডারের আয়তন $= \pi r^2 h$

∴ কোণকের আয়তন ঃ অর্ধগোলকের আয়তন ঃ সিলিন্ডারের আয়তন $= \frac{1}{3}\pi r^2 h : \frac{2}{3}\pi r^2 h : \pi r^2$

$= 1 : 2 : 3$

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট ২০০৫
উত্তর : ঘ

১৯. একটি কোণকের ভূমির ব্যাসার্ধ 5 সে. মি. এবং উচ্চতা 12 সে. মি. হলে, এর হেলানো উচ্চতা কত?

(ক) 6 সে. মি. (খ) 8 সে. মি. (গ) 10 সে. মি. (ঘ) 13 সে. মি.

Hints : ধরি,

ABCD একটি কোণক

এর ভূমির ব্যাসার্ধ,

$r = BC = 5$ সে. মি.

এবং উচ্চতা,

$h = AB = 12$ সে. মি.

কোণকের হেলানো উচ্চতা $l = AC = ?$

ΔABC থেকে পাই,

$AC^2 = AB^2 + BC^2$ [পীথাগোরাসের সূত্রমতে]

বা, $l^2 = h^2 + r^2$

বা, $l = \sqrt{12^2 + 5^2}$

∴ $l = 13$.

কোণকের হেলানো উচ্চতা 13 সে. মি.।

৬ষ্ঠ শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১০
উত্তর : ঘ

২০. সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন যে কোনো একটি বাহুকে স্থির রেখে ঐ বাহুর চতুর্দিকে ত্রিভুজটিকে ঘোরালে যে ঘনবস্তু উৎপন্ন হয় তাকে কি বলে?

(ক) বেলন (খ) কোনক (গ) ঘনবস্তু (ঘ) আয়তনিক ঘনক

মাধ্যমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০০১
উত্তর : খ

২১. A rectangular box is 10 inches wide, 10 inches long and 5 inches high. What is the greatest possible (straight line) distance, in inches, between any two points on the box?

(ক) 15 (খ) 20 (গ) 25 (ঘ) 10 (ঙ) None of them

Hints : *Diagonal will be the greatest distance between two point of the box.*

Diagonal $= \sqrt{10^2+10^2+5^2} = 15$

Pubali Bank Ltd. Junior Officer (Cash) 2011
উত্তর : ক

অধ্যায় ৮

ত্রিকোণমিতি

TRIGONOMETRY

ত্রিকোণমিতির ইংরেজি প্রতিশব্দ 'Trigonometry'। এ শব্দটি গ্রিক ভাষায় ব্যবহৃত হয়। এ শব্দের বিশ্লেষণ করলে ত্রিকোণমিতি বলতে আমরা ঐ বিজ্ঞানকেই বুঝি, যার সাহায্যে ত্রিভুজের বিভিন্ন অংশের পরিমাপ করা যায়। গোড়ার দিকে ত্রিকোণমিতি আবিষ্কারের মূল উদ্দেশ্য এর মধ্যেই সীমাবদ্ধ ছিল। কিন্তু নতুন নতুন অনুপাত ও তত্ত্ব আবিষ্কারের ফলে এ বিজ্ঞানের পরিধি হয়েছে ব্যাপক। সুতরাং, আধুনিককালে গণিতের যে কোনো শাখায় শিক্ষালাভ করতে হলে ত্রিকোণমিতিতে জ্ঞানার্জন অপরিহার্য।

ত্রিকোণমিতিতে কোণের সংজ্ঞা

সাধারণ জ্যামিতির সংজ্ঞানুসারে একই প্রান্তবিশিষ্ট দুটি ভিন্ন রশ্মি কোণ উৎপন্ন করে। এ ধারণায় কোণের পরিমাণ হয় ধনাত্মক। অর্থাৎ সাধারণ জ্যামিতিতে কোণের পরিমাণ শূন্য ডিগ্রি এবং ৩৬০ ডিগ্রির মধ্যে সীমাবদ্ধ থাকে।

কিন্তু ত্রিকোণমিতিতে কোণের ধারণা হলো যে, এর উৎপত্তি হয় একটি রশ্মির ঘূর্ণনের ফলে। একটি রশ্মি অপর একটি স্থির রশ্মির প্রেক্ষিতে ঘুরে নির্দিষ্ট অবস্থানে পৌঁছাতে যে পরিমাণে আবর্তিত হয় তা রশ্মি দ্বারা সৃষ্ট কোণের পরিমাণ। রশ্মিটি যদি এর আদি অবস্থান থেকে ঘড়ির কাঁটার ঘূর্ণনের বিপরীতক্রমে ঘুরে কোণ উৎপন্ন করে, তবে একে প্রচলিত রীতি অনুযায়ী ধনাত্মক কোণ (Positive angle) ধরা হয় এবং ঘড়ির কাঁটার ঘূর্ণনের দিকে আবর্তনের ফলে যে কোণ উৎপন্ন করে তা ঋণাত্মক কোণ (Negative angle)।



উপরের চিত্রগুলোতে $\angle XOP$ ধনাত্মক এবং $\angle XOQ$ ঋণাত্মক।

কোণের পরিমাপ

ত্রিকোণমিতিতে কোণের পরিমাপের জন্য সাধারণত তিন প্রকারের পদ্ধতি ব্যবহার করা হয়। এ পদ্ধতিগুলো হলো :

ক. ষাটমূলক পদ্ধতি (Sexagesimal system),

খ. শতমূলক পদ্ধতি (Centesimal system),

গ. বৃত্তীয় পদ্ধতি (Circular system)।

বৃত্তীয় ও ষাটমূলক পদ্ধতিতে কোণের পরিমাপের এককের মধ্যে সম্পর্ক

ষাটমূলক পদ্ধতিতে 1 সমকোণ = 90° বা, 2 সমকোণ = 180°

বৃত্তীয় পদ্ধতিতে, $\frac{2}{\pi}$ সমকোণ = 1 রেডিয়ান বা, 2 সমকোণ = π রেডিয়ান অর্থাৎ, π^c

$\therefore$ 2 সমকোণ = $180^\circ = \pi^c$ অর্থাৎ, $\pi^c = 180^\circ$

মন্তব্য : উচ্চতর গণিতশাস্ত্রে কোণের পরিমাণকে সাধারণত রেডিয়ানে ধরা হয় এবং এজন্য এককের উল্লেখ থাকে না। সুতরাং কোনো কোণের পরিমাণকে π দ্বারা নির্দেশ করলে বুঝতে হবে যে, ঐ কোণের পরিমাণ হলো π রেডিয়ান; অর্থাৎ ষাটমূলক পদ্ধতিতে প্রকাশ করলে $180°$ হয়। কিন্তু মনে রাখতে হবে π হলো একটি ধ্রুব সংখ্যা যার আসন্ন মানকে $\frac{22}{7}$ ধরা হয়।

সূক্ষ্মকোণের ত্রিকোণমিতিক অনুপাত



$\frac{PM}{OP} = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}} = \theta$ কোণের সাইন (sine) বা সংক্ষেপে $\sin\theta$

$\frac{OM}{OP} = \frac{\text{ভূমি}}{\text{অতিভুজ}} = \theta$ কোণের কোসাইন (cosine) বা সংক্ষেপে $\cos\theta$

$\frac{PM}{OM} = \frac{\text{লম্ব}}{\text{ভূমি}} = \theta$ কোণের ট্যানজেন্ট (tangent) বা সংক্ষেপে $\tan\theta$

$\frac{OM}{PM} = \frac{\text{ভূমি}}{\text{লম্ব}} = \theta$ কোণের কোট্যানজেন্ট (cotangent) বা সংক্ষেপে $\cot\theta$

$\frac{OP}{OM} = \frac{\text{অতিভুজ}}{\text{ভূমি}} = \theta$ কোণের সেক্যান্ট (Secant) বা সংক্ষেপে $\sec\theta$

$\frac{OP}{PM} = \frac{\text{অতিভুজ}}{\text{লম্ব}} = \theta$ কোণের কোসেক্যান্ট (Cosecant) বা সংক্ষেপে $\text{cosec}\,\theta$

$0°, 30°, 45°, 60°, 90°$ কোণগুলোর ত্রিকোণমিতিক অনুপাতের মান ছক আকারে নিচে দেয়া হলো :

কোণ	0°	30°	45°	60°	90°
sin	0	$\frac{1}{2}$	$\frac{1}{\sqrt{2}}$	$\frac{\sqrt{3}}{2}$	1
cos	1	$\frac{\sqrt{3}}{2}$	$\frac{1}{\sqrt{2}}$	$\frac{1}{2}$	0
tan	0	$\frac{1}{\sqrt{3}}$	1	$\sqrt{3}$	অসংজ্ঞায়িত
cot	অসংজ্ঞায়িত	$\sqrt{3}$	1	$\frac{1}{\sqrt{3}}$	0
sec	1	$\frac{2}{\sqrt{3}}$	$\sqrt{2}$	2	অসংজ্ঞায়িত
cosec	অসংজ্ঞায়িত	2	$\sqrt{2}$	$\frac{2}{\sqrt{3}}$	1

দ্রষ্টব্য : এ ছকের sine ও cosine অনুপাতের মান সহজে মনে রাখার জন্য নিম্নোক্ত নিয়মটি বিশেষ সহায়ক :

0, 1, 2, 3, 4 সংখ্যাগুলোর প্রত্যেককে 4 দ্বারা ভাগ করে ভাগফলগুলোর বর্গমূল নিলে যথাক্রমে $0°, 30°, 45°, 60°, 90°$ কোণগুলোর sin অনুপাতের মান পাওয়া যায়। আবার sin অনুপাতগুলোর মান বিপরীতক্রমে সাজিয়ে লিখলে cos অনুপাতগুলোর মান পাওয়া যায়। $\sin 0°, \sin 30°, \sin 45°, \sin 60°, \sin 90°$ অনুপাতগুলোর মান যথাক্রমে

$\frac{0}{4}, \frac{1}{4}, \frac{2}{4}, \frac{3}{4}, \frac{4}{4}$ সংখ্যাগুলোর বর্গমূল অর্থাৎ $0, \frac{1}{2}, \frac{1}{\sqrt{2}}, \frac{\sqrt{3}}{2}, 1$ এবং $\cos 0°$ cos, $30°$, cos $45°$, cos $60°$, cos $90°$ অনুপাতগুলোর মান যথাক্রমে $1, \frac{\sqrt{3}}{2}, \frac{1}{\sqrt{2}}, \frac{1}{2}, 0$.

Working Tools

ত্রিকোণমিতিক অনুপাতগুলোর মৌলিক সম্পর্ক (Fundamental Relations)

১. $\sin^2\theta + \cos^2\theta = 1$

(ক) $\sin^2\theta = 1 - \cos^2\theta$

$\therefore \sin\theta = \sqrt{1-\cos^2\theta}$

(খ) $\cos^2\theta = 1 - \sin^2\theta$

$\therefore \cos\theta = \sqrt{1-\sin^2\theta}$

২. $\sec^2\theta - \tan^2\theta = 1$

(ক) $\sec^2\theta = 1 + \tan^2\theta$

$\therefore \sec\theta = \sqrt{1+\tan^2\theta}$

(খ) $\tan^2\theta = \sec^2\theta - 1$

$\therefore \tan\theta = \sqrt{\sec^2\theta - 1}$

৩. $\operatorname{cosec}^2\theta - \cot^2\theta = 1$

(ক) $\operatorname{cosec}^2\theta = 1 + \cot^2\theta$

$\therefore \operatorname{cosec}\theta = \sqrt{1+\cot^2\theta}$

(খ) $\cot^2\theta = \operatorname{cosec}^2\theta - 1$

$\therefore \cot\theta = \sqrt{\operatorname{cosec}^2\theta - 1}$

৪. $\begin{cases} \sin\theta = \dfrac{1}{\operatorname{cosec}\theta} \\ \operatorname{cosec}\theta = \dfrac{1}{\sin\theta} \end{cases}$ $\begin{cases} \tan\theta = \dfrac{1}{\cot\theta} \\ \cot\theta = \dfrac{1}{\tan\theta} \end{cases}$

$\begin{cases} \sec\theta = \dfrac{1}{\cos\theta} \\ \cos\theta = \dfrac{1}{\sec\theta} \end{cases}$ $\begin{cases} \tan\theta = \dfrac{\sin\theta}{\cos\theta} \\ \cot\theta = \dfrac{\cos\theta}{\sin\theta} \end{cases}$

যৌগিক কোণের ত্রিকোণমিতিক অনুপাত
(Trigonometrical Ratio of Compound Angle)

1. $\sin(A+B) = \sin A\cos B + \cos A\sin B$
2. $\sin(A-B) = \sin A\cos B - \cos A\sin B$
3. $\cos(A+B) = \cos A\cos B - \sin A\sin B$
4. $\cos(A-B) = \cos A\cos B + \sin A\sin B$

অনুসিদ্ধান্ত :

(i) $\tan(A+B) = \dfrac{\tan A + \tan B}{1 - \tan A\tan B}$

(ii) $\tan(A-B) = \dfrac{\tan A - \tan B}{1 + \tan A\tan B}$

(iii) $\cot(A+B) = \dfrac{\cot A\cot B - 1}{\cot B + \cot A}$

Working Tools

(iv) $\cot(A-B) = \dfrac{\cot A \cot B + 1}{\cot B - \cot A}$

(v) $\tan(A+B+C) = \dfrac{\tan A + \tan B + \tan C - \tan A \tan B \tan C}{1 - \tan B \tan C - \tan C \tan A - \tan A \tan B}$

(vi) $\sin(A+B)\sin(A-B) = \sin^2 A - \sin^2 B = \cos^2 B - \cos^2 A$

(vii) $\cos(A+B)\cos(A-B) = \cos^2 A - \sin^2 B = \cos^2 B - \sin^2 A$

(viii) $\sin(A+B) + \sin(A-B) = 2\sin A \cos B$

(ix) $\sin(A+B) - \sin(A-B) = 2\cos A \sin B$

(x) $\cos(A+B) + \cos(A-B) = 2\cos A \cos B$

(xi) $\cos(A+B) - \cos(A-B) = 2\sin A \sin B$

(xii) $\sin C + \sin D = 2\sin\dfrac{C+D}{2}\cos\dfrac{C-D}{2}$

(xiii) $\sin C - \sin D = 2\cos\dfrac{C+D}{2}\sin\dfrac{C-D}{2}$

(xiv) $\cos C + \cos D = 2\cos\dfrac{C+D}{2}\cos\dfrac{C-D}{2}$

(xv) $\cos C - \cos D = 2\sin\dfrac{C+D}{2}\sin\dfrac{D-C}{2}$

গুণিতক কোণের ত্রিকোণমিতিক অনুপাত
(Trigonometrical Ratio of Multiple Angles)

2A কোণের ত্রিকোণমিতিক অনুপাত :

1. $\sin 2A = 2\sin A \cos A$
2. $\cos 2A = \cos^2 A - \sin^2 A = 2\cos^2 A - 1 = 1 - 2\sin^2 A$
3. $2\sin^2 A = 1 - \cos 2A$
4. $2\cos^2 A = 1 + \cos 2A$
5. $\tan^2 A = \dfrac{1-\cos 2A}{1+\cos 2A}$
6. $\tan 2A = \dfrac{2\tan A}{1-\tan^2 A}$
7. $\sin 2A = \dfrac{2\tan A}{1+\tan^2 A}$
8. $\cos 2A = \dfrac{1-\tan^2 A}{1+\tan^2 A}$

Working Tools

3A কোণের ত্রিকোণমিতিক অনুপাত

1. $\sin 3A = 3\sin A - 4\sin^3 A$; $\sin^3 A = \frac{1}{4}(3\sin A - \sin 3A)$

2. $\cos 3A = 4\cos^3 A - 3\cos A$; $\cos^3 A = \frac{1}{4}(3\cos A + \cos 3A)$

3. $\tan 3A = \frac{3\tan A - \tan^3 A}{1 - 3\tan^2 A}$

ত্রিভুজের গুণাবলী (Properties of Triangles)

১. সাইন সূত্র : $\frac{a}{\sin A} = \frac{b}{\sin B} = \frac{c}{\sin C} = 2R$, যখন R = ত্রিভুজের পরিলিখিত বৃত্তের ব্যাসার্ধের পরিমাণ

২. কোসাইন সূত্র :

$a^2 = b^2 + c^2 - 2bc\cos A$

$b^2 = c^2 + a^2 - 2ca\cos B$

$c^2 = a^2 + b^2 - 2ab\cos C$

$a = b\cos C + C\cos B$

$b = C\cos A + a\cos C$

$c = a\cos B = b\cos A$

৩. ত্রিভুজের ক্ষেত্রফল : $\Delta = \frac{1}{2}bc\sin A = \frac{1}{2}ca\sin B = \frac{1}{2}ab\sin C$.

CONCEPT OF NUMBER

Question Bank as Self Test

০১. $\sin 30°$ এর মান কত?

ক $\frac{\sqrt{3}}{2}$ খ $\frac{1}{2}$ গ $\frac{1}{\sqrt{2}}$ ঘ $\frac{1}{\sqrt{3}}$

Hints : *$\sin 30°$ এর মান* $= \frac{1}{2}$ ।

বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক ২০১৪
উত্তর : খ

০২. ১৮ মিটার দীর্ঘ একটি মই ভূমির সাথে ৩০ ডিগ্রি কোণ উৎপন্ন করে দেয়ালের ছাদ স্পর্শ করে। দেয়ালটির উচ্চতা কত?

ক ৯ মিটার খ ১২ মিটার গ ১৫ মিটার ঘ কোনোটিই ন

Hints :



মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন অডিটর ২০১৪
উত্তর : ক

ধরি, ABC সমকোণী ত্রিভুজের দেওয়ালের উচ্চতা ক মিটার

আমরা জানি,

$\sin\theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}}$

$\therefore \sin ৩০^\circ = \frac{ক}{১৮}$

$\Rightarrow \frac{১}{২} = \frac{ক}{১৮}$

$\therefore$ ক = ৯ মিটার।

০৩. একটি ৫০ মিটার লম্বা মই একটি খাড়া দেয়ালের সাথে হেলান দিয়ে রাখা হয়েছে। মইয়ের একপ্রান্ত মাটি হতে ৪০ মিটার উঁচু দেয়ালকে স্পর্শ করে। মইয়ের অপর প্রান্ত হতে দেয়ালের দূরত্ব-

(ক) ১০ মিটার (খ) ৩০ মিটার (গ) ২০ মিটার (ঘ) ২৫ মিটার

Hints : মাটি ও দেয়াল সমকোণ উৎপন্ন করে।

আমরা জানি, সমকোণী ত্রিভুজের ক্ষেত্রে–

$AC^২ = AB^২ + BC^২$

বা, $BC^২ = (৫০)^২ - (৪০)^২$

বা, $BC^২ = ২৫০০ - ১৬০০$

বা, $BC^২ = ৯০০$

$\therefore BC = ৩০$ মি.



পল্লী উন্নয়ন বোর্ডের মাঠ সহকারী ২০১৪
উত্তর : খ

০৪. $\sin\theta = \frac{4}{5}$ হলে, $\tan\theta =$ কত?

(ক) $\frac{4}{3}$ (খ) $\frac{3}{4}$ (গ) $\frac{3}{5}$ (ঘ) $\frac{5}{4}$

Hints : $\cos\theta = \sqrt{1-\sin^2}$

$= \sqrt{1-\left(\frac{4}{5}\right)^2}$

$= \sqrt{1-\frac{16}{25}} = \sqrt{\frac{9}{25}} = \frac{3}{5}$

$\therefore \tan\theta = \frac{\sin\theta}{\cos\theta} = \frac{\frac{4}{5}}{\frac{3}{5}}$

$= \frac{4}{5} \times \frac{5}{3} = \frac{4}{3}$

১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) ২০১৪
উত্তর : ক

০৫. ত্রিকোণমিতিক অনুপাতে কোন সম্পর্কটি ব্যবহার করা হয়?

(ক) $\sin\theta = 1 + \cos^2\theta$ (খ) $\sin^2\theta = 1 - \cos^2\theta$ (গ) $\sin^2\theta - \cos^2\theta = 1$ (ঘ) $\sin\theta = \frac{1}{\cos\theta}$

Hints : আমরা জানি,

$\sin^2\theta + \cos^2\theta = 1$

$\therefore \sin^2\theta = 1 - \cos^2\theta$

১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৪
উত্তর : খ

০৬. 10 মিটার প্রস্থবিশিষ্ট নদীর তীরে অবস্থিত একটি টাওয়ারের উচ্চতা $10\sqrt{3}$ মিটার হলে, অপর তীরে টাওয়ারের অবনতি কোণ কত ডিগ্রি?

(ক) 90° (খ) 60° (গ) 45° (ঘ) 30°

Hints : ধরি, ABC সমকোণী ত্রিভুজে, BC = 10 মিটার এবং উচ্চতা AB = $10\sqrt{3}$ মিটার।



আমরা জানি, $\tan\theta = \frac{10\sqrt{3}}{10}$

বা, $\tan\theta = \sqrt{3} = \tan 60°$

$\therefore \theta = 60°$

১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৪ (স্কুল পর্যায়-২) উত্তর : খ

০৭. সূর্যের উন্নতি কোণ 60° হলে একটি মিনারের ছায়ার দৈর্ঘ্য 240 মিটার হয়। মিনারটির উচ্চতা কত?

ক 415.69 মিঃ খ 417 মিঃ গ 315.69 মিঃ ঘ 315 মিঃ

Hints : দেয়া আছে,

মিনারের ছায়ার দৈর্ঘ্য BC = 240 মিটার

সূর্যের উন্নতি কোণ = 60°

মিনারের উচ্চতা AB = h = ?



চিত্র হতে, $\tan 60° = \frac{AB}{BC}$

বা, $\sqrt{3} = \frac{h}{240}$

বা, $h = 240\sqrt{3}$

$\therefore h = 415.69$ মিটার।

১১তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা (কলেজ/সমপর্যায়) ২০১৪ উত্তর : ক

০৮. sinθ-এর সর্বনিম্ন মান কত?

ক 0 খ −2 গ 1 ঘ −1

Hints : $\sin\theta$ ও $\cos\theta$-এর সর্বোচ্চ ও সর্বনিম্ন মান যথাক্রমে +1 ও −1

সুতরাং $\sin\theta$-এর সর্বনিম্ন মান −1

১১তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা (কলেজ/সমপর্যায়) ২০১৪ উত্তর : ঘ

০৯. cosec (90° − θ) = 2 হলে cosθ = কত?

ক 2 খ $\frac{\sqrt{3}}{2}$ গ $\frac{1}{2}$ ঘ $\frac{1}{\sqrt{2}}$

Hints : $\operatorname{cosec}(90° - \theta) = 2$

বা, $\sec\theta = 2$

বা, $\frac{1}{\cos\theta} = 2$

$\therefore \cos\theta = \frac{1}{2}$

১০ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৪ উত্তর : গ

১০. একটি তালগাছ এর পাদবিন্দু হতে ১০ মিটার দূরবর্তী স্থানে গাছের শীর্ষের উন্নতি কোণ 60° হলে, গাছটির উচ্চতা কত?

ক ১৭.৩২ মি. খ ১৭.৭২ মি. গ ১৬.৬৫ মি. ঘ ১৭.৭৫ মি.

Hints :

$tan\angle ACB = \frac{\text{লম্ব}}{\text{ভূমি}}$

বা, $tan60° = \frac{h}{১০}$

বা, $\sqrt{৩} = \frac{h}{১০}$

বা, $h = \sqrt{৩} \times ১০$

বা, $h = ১.৭৩২ \times ১০$.

$= ১৭.৩২$ মি.



১০ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৪
উত্তর : ক

১১. সুষম ষড়ভুজের একটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণের পরিমাণ কত ডিগ্রি?

ক 75° খ 60° গ 90° ঘ 180°

Hints : সুষমভুজের ক্ষেত্রে, অন্তঃস্থকোণ $= 180° - \frac{360°}{n}$

$= 180° - \frac{360°}{6}$ [এখানে, $n = 6$]

$= 180° - 60°$

$= 120°$

$\therefore$ বহিঃস্থ কোণ $= 180° - 120° = 60°$

১২. কোন ত্রিকোণমিতিক অনুপাতটির মান অসংজ্ঞায়িত?

ক sin90° খ cos90° গ sec0° ঘ cosec0°

Hints : $sin90° = 1, cos90° = 0,$

$sec0° = 1$ এবং $cosec0° = \infty$

১০ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৪
উত্তর : খ

১৩. যদি $cot\theta = \frac{5}{12}$ হয়, তবে $cosec\theta$ এর মান কত?

ক $\frac{12}{5}$ খ $\frac{13}{12}$ গ $\frac{25}{144}$ ঘ $-\frac{13}{12}$

Hints : দেয়া আছে,

$cot\theta = \frac{5}{12}$

আমরা জানি,

$cosec^2\theta - cot^2\theta = 1$

$\Rightarrow cosec^2\theta = 1 + cot^2\theta = 1 + \frac{25}{144}$ [$cot\theta$-এর মান বসিয়ে]

$= \frac{169}{144}$

$\therefore cosec\theta = \frac{13}{12}$

৬ষ্ঠ শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১০
উত্তর : ঘ

১৪. sin 105-এর মান হবে—

ক $\frac{1}{4}(\sqrt{6} + \sqrt{2})$ খ $(\sqrt{7} + 5)$ গ $\frac{1}{5}(\sqrt{3} + \sqrt{8})$ ঘ কোনোটিই নয়

৬ষ্ঠ শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১০
উত্তর : খ

১৫. $\sin(180° - \theta)$-এর মান হবে–

ক $\sin\theta$ খ $\cos\theta$ গ $-\cos\theta$ ঘ $-\sin\theta$

Hints : $\sin(180° - \theta) = \sin\left(\frac{\pi}{2}\times 2 - \theta\right) = \sin\theta$

জাতীয় সংসদে সচিবালয়ে সহকারী গবেষণা অফিসার ২০০২
উত্তর : ক

১৬. কোনটি সঠিক উত্তর?

ক $\sin 1° = \sin 181°$ খ $\sin 1° = \sin 179°$ গ $\sin 1° < \sin 180°$ ঘ $\sin 1° < \sin 179°$

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক ২০০৬
উত্তর : ক

১৭. $\sin\theta = \cos\theta$ হলে θ-এর মান কত?

ক $0°$ খ $30°$ গ $45°$ ঘ $90°$

প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রশাসনিক কর্মকর্তা ২০০৪
উত্তর : খ

১৮ নিচের কোন বাক্যটি সত্য?

ক $\sin 30° = \cos 30°$ খ $\tan 45° = \cot 45°$ গ $\sec 60° = \operatorname{cosec} 60°$ ঘ $\tan 30° = \sqrt{3}$

মাধ্যমিক সহকারী শিক্ষক ২০০১
উত্তর : গ

১৯. যদি A সূক্ষ্মকোণ এবং $\sin A = \frac{12}{13}$ হয়, তবে cotA এর মান কত?

ক $\frac{5}{13}$ খ $\frac{5}{12}$ গ $\frac{10}{3}$ ঘ $\frac{10}{13}$

বিশেষ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১০
উত্তর : খ

Hints : দেয়া আছে, $\sin A = \frac{12}{13}$

জানা আছে, $\cot A = \sqrt{\operatorname{cosec}^2 A - 1} = \sqrt{\frac{1}{\sin^2 A} - 1} = \sqrt{1\times\frac{169}{144} - 1} = \sqrt{\frac{25}{144}} = \frac{5}{12}$

২০. $A = 45°$ হলে $\frac{1-\tan^2 A}{1+\tan^2 A} =$ কত?

ক 1 খ $\frac{1}{2}$ গ 0 ঘ 2

৬ষ্ঠ প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১০
উত্তর : খ

Hints : দেয়া আছে, $A = 45°$

এখন, $\frac{1-\tan^2 A}{1+\tan^2 A} = \frac{1-(\tan 45°)^2}{1+(\tan 45°)^2} = \frac{1-1^2}{1+1^2} = \frac{0}{1} = 0$

২১. $A = 30°$ হলে, $\frac{2\tan A}{\tan^2 A}$ এর মান কত?

ক 2 খ $\frac{2}{\sqrt{3}}$ গ 4 ঘ $2\sqrt{3}$

৬ষ্ঠ প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১০
উত্তর : গ

Hints : দেয়া আছে, $A = 30°$

$$\frac{2\tan A}{\tan^2 A} = \frac{2\tan 30°}{(\tan 30°)^2} = \frac{2\cdot\frac{1}{\sqrt{3}}}{\left(\frac{1}{\sqrt{3}}\right)^2} = \frac{2}{\sqrt{3}}\times 3 = \frac{2\times\sqrt{3}\times\sqrt{3}}{\sqrt{3}} = 2\sqrt{3}.$$

২২. যদি θ সূক্ষ্মকোণ এবং $\sin(\theta + 18°) = \frac{1}{2}$ হয়, তবে θ এর মান কত?

ক $30°$ খ $18°$ গ $24°$ ঘ $12°$

৬ষ্ঠ প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১০
উত্তর : ঘ

২৩. ত্রিকোণমিতিক অনুপাত কয়টি?

ক ৬টি খ ৪টি গ ৫টি ঘ ২টি

২৪. $A = 30°$ হলে, $4\cos A - 3\cos A =$ কত?

ক 1 খ $\frac{1}{\sqrt{3}}$ গ $\sqrt{3}$ ঘ 0

বিশেষ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১০
উত্তর : ঘ

Hints : $A = 30°$

$\therefore 4\cos A - 3\cos A$

$= 4\cos 30° - 3\cos 30°$

$= (4-3)\cos 30°$

$= \cos 30° = \frac{\sqrt{3}}{2}$

[Note : প্রশ্ন ও উত্তর উভয়ই ভুল ।]

বিশেষ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১০
উত্তর : ক

২৫. মান নির্ণয় করুন :

$\tan 15° \tan 75° \tan 105° \tan 165°$

ক $\frac{1}{2}$ খ $\frac{1}{3}$ গ 0 ঘ 1

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক ২০০৬
উত্তর : অপশনে সঠিক উত্তর নেই

২৬. মান নির্ণয় করুন :

$\tan\frac{\pi}{12}\tan\frac{5\pi}{12}\tan\frac{7\pi}{12}\tan\frac{11\pi}{12}$

ক $-\frac{1}{2}$ খ $\frac{1}{2}$ গ $\frac{\sqrt{3}}{2}$ ঘ 1

শ্রম অধিদপ্তরের দ্বিতীয় শ্রেণীভুক্ত শ্রম কর্মকর্তা এবং জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা ২০০৪
উত্তর : ঘ

Hints : $\tan\frac{\pi}{12}\ \tan\frac{5\pi}{12}\ \tan\frac{7\pi}{12}\ \tan\frac{11\pi}{12}$

$= \tan 15°.\tan 75°.\tan 105°\tan 165°$

$= \frac{\sin 15°}{\cos 15°}.\frac{\sin 75°}{\cos 75°}.\frac{\sin 105°}{\cos 105°}.\frac{\sin 165°}{\cos 165°}$

$= \frac{2\sin 15°\sin 75°}{2\cos 15°\cos 75°}.\frac{2\sin 105°.\sin 165°}{2\cos 105°.\cos 165°}$

$= \frac{\cos 60° - \cos 90°}{\cos 60° + \cos 90°}.\frac{\cos 60° - \cos 270°}{\cos 60° + \cos 270°}$ [$\because 2\cos A\cos B = \cos(A+B) + \cos(A-B)$ এবং $2\sin A\sin B = \cos(A-B) - \cos(A+B)$]

$= \frac{\frac{1}{2} - 0}{\frac{1}{2} + 0}.\frac{\frac{1}{2} - 0}{\frac{1}{2} + 0} = 1$

বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন আমদানি-রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার ২০০৭
উত্তর : ঘ

২৭. $\operatorname{cosec}\theta + \cot\theta = 2$ হলে, $\operatorname{cosec}\theta - \cot\theta =$ কত?

ক -1 খ $\frac{1}{2}$ গ 0 ঘ 1

Hints : দেয়া আছে,

$\operatorname{cosec}\theta + \cot\theta = 2$

বা, $(\operatorname{cosec}\theta + \cot\theta)(\operatorname{cosec}\theta - \cot\theta) = 2(\operatorname{cosec}\theta - \cot\theta)$

বা, $\operatorname{cosec}^2\theta - \cot^2\theta = 2(\operatorname{cosec}\theta - \cot\theta)$

বা, $2(\operatorname{cosec}\theta - \cot\theta) = 1$

$\therefore \operatorname{cosec}\theta - \cot\theta = \frac{1}{2}$

৬ষ্ঠ শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১০
উত্তর : খ

২৮. θ সূক্ষ্মকোণ হলে নিচের কোন সম্পর্কটি সঠিক?

ক $\sin^2\theta + \cos^2\theta = 1$ খ $\sin\theta + \cos\theta < 1$ গ $\tan^2\theta - \sec^2\theta = 1$ ঘ $\sin^2\theta + \cos^2\theta > 1$

Hints : θ সূক্ষ্মকোণ হলে, $\sin^2\theta + \cos^2\theta = 1$.

৬ষ্ঠ শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১০
উত্তর : ক

২৯. $\frac{\sin\theta + \cos\theta}{\sin\theta - \cos\theta} = 7$ হলে, $\tan\theta$ এর মান কত?

ক $\frac{3}{4}$ খ $\frac{4}{3}$ গ $\frac{7}{8}$ ঘ $\frac{8}{7}$

Hints : দেয়া আছে, $\frac{\sin\theta+\cos\theta}{\sin\theta-\cos\theta}=7$

$\Rightarrow \frac{\sin\theta+\cos\theta+\sin\theta-\cos\theta}{\sin\theta+\cos\theta-\sin\theta+\cos\theta}=\frac{7+1}{7-1}$ [যোজন-বিয়োজন করে]

$\Rightarrow \frac{2\sin\theta}{2\cos\theta}=\frac{8}{6}$

$\Rightarrow \tan\theta=\frac{8}{6}$

$\Rightarrow \tan\theta=\frac{4}{3}$ $[\because \frac{\sin\theta}{\cos\theta}=\tan\theta]$

বিশেষ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১০
উত্তর : খ

৩০. $\frac{\sin\theta+\cos\theta}{\sin\theta-\cos\theta}=7$ হলে $\sec\theta$-এর মান কত?

ক $\frac{5}{3}$ খ $\pm\frac{5}{3}$ গ $-\frac{5}{3}$ ঘ $\frac{3}{5}$

সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার ২০১০
উত্তর : খ

৩১. $\frac{1}{1+\tan^2A}+\frac{1}{1+\cos^2A}=$ কত?

ক $\frac{1}{\sin A}$ খ $\frac{1}{\cos A}$ গ 1 ঘ $\frac{1}{\tan A}$

[N. B : প্রশ্নে $1+\cos^2A$ এর স্থলে $1+\cot^2A$ হবে। সেক্ষেত্রে উত্তর হবে 1 অর্থাৎ (গ) ।]

বিশেষ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১০
উত্তর : অপশনে সঠিক উত্তর নেই

৩২. যদি $\sin\theta+\sin^2\theta=1$ হয়, তবে $\cos^2\theta+\cos^4\theta=$ কত

ক 0 খ 1 গ −1 ঘ $\frac{1}{2}$

Hints : $\sin\theta+\sin^2\theta=1$

$\Rightarrow \sin\theta=1-\sin^2\theta=\cos^2\theta$

$\therefore \cos^2\theta+\cos^4\theta=\cos^2\theta+(\cos^2\theta)^2$

$=\cos^2\theta+(\sin\theta)^2=\cos^2\theta+\sin^2\theta=1$

বাংলাদেশ টেলিভিশন-এর প্রযোজক ২০০৬
উত্তর : খ

৩৩. $\cos^2x-\sin^2x$-এর ক্ষুদ্রতম মান–

ক 0 খ −1 গ −2 ঘ অনির্ণেয়

Hints : $\cos^2x-\sin^2x$ এর ক্ষুদ্রতম মান −1.

পরিবহন মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক ২০০৬
উত্তর : খ

৩৪. সমাধান করুন : $\tan^2\theta-(1+\sqrt{3})\tan\theta+\sqrt{3}=0$

ক $\theta=15°, 30°$ খ $\theta=45°, 60°$ গ $\theta=36°, 55°$ ঘ $\theta=75°, 90°$

Hints : $\tan^2\theta-(1+\sqrt{3})\tan\theta+\sqrt{3}=0$

$\Rightarrow \tan^2\theta-\tan\theta-\sqrt{3}\tan\theta+\sqrt{3}=0$

$\Rightarrow \tan\theta(\tan\theta-1)-\sqrt{3}(\tan\theta-1)=0$

$\Rightarrow (\tan\theta-1)(\tan\theta-\sqrt{3})=0$

$\therefore \tan\theta=1$ Or, $\tan\theta=\sqrt{3}$

$\Rightarrow \tan\theta=\tan45$ $\Rightarrow \tan\theta=\tan60°$

$\Rightarrow \theta=45°$ $\Rightarrow \theta=60°$

$\therefore \theta=45,60°$.

আবহাওয়া অধিদপ্তরের অধীন সহকারী আবহাওয়াবিদ ২০০৪
উত্তর : খ

৩৫. $\tan^{-1}\frac{1}{2}+\tan^{-1}\frac{1}{3}=$ কত?

ক $\frac{\pi}{4}$ খ $\frac{\pi}{2}$ গ $\frac{\pi}{3}$ ঘ π

Hints : $\tan^{-1}\frac{\frac{1}{2}+\frac{1}{3}}{1-\frac{1}{2}\cdot\frac{1}{3}}=\tan^{-1}\frac{\frac{5}{6}}{\frac{5}{6}}=\tan^{-1}1=\tan^{-1}\tan\frac{\pi}{4}=\frac{\pi}{4}$

৩৬. ১৮ ফুট উঁচু একটি খুঁটি এমনভাবে ভেঙ্গে গেল যে, ভাঙ্গা অংশটি বিচ্ছিন্ন না হয়ে ভূমির সঙ্গে ৩০° কোণে স্পর্শ করলো। খুঁটিটি মাটি থেকে কত ফুট উঁচুতে ভেঙ্গে গিয়েছিল?

ক ১২ ফুট খ ৯ ফুট গ ৬ ফুট ঘ ৩ ফুট

প্রধানমন্ত্রী কার্যালয়ে প্রশাসনিক কর্মকর্তা ২০০৪
উত্তর : ক

Hints : *ধরি, মাটি থেকে h ফুট উঁচুতে খুঁটিটি ভেঙ্গে যায়।*

২. পিতার বর্তমান বয়স পুত্রের বয়সের চারগুণ। ৬ বছর পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের দশগুণ ছিল। পিতা ও পুত্রের বর্তমান বয়স কত?

ক ৫৬ এবং ১৪ বছর খ ৩২ এবং ৭ বছর

গ ৩৬ এবং ৯ বছর ঘ ৪০ এবং ১০ বছর

ব্যাখ্যা ধরি, পুত্রের বর্তমান বয়স x বছর; পিতার বর্তমান বয়স 4x বছর।

প্রশ্নমতে,

$১০(x - ৬) = 4x - ৬$

$\Rightarrow x = ৯$

$\therefore$ পিতার বয়স = ৪ × ৯ = ৩৬ বছর এবং পুত্রের বয়স ৯ বছর।

৩. দুটি নল দ্বারা একটি চৌবাচ্চা ৮ মিনিটে পূর্ণ হয়। নল দুটি খুলে দেয়ার ৪ মিনিট পর প্রথম নলটি বন্ধ করে দেয়াতে চৌবাচ্চাটি পূর্ণ হতে আরো ৬ মিনিট লাগল। প্রত্যেক নল দ্বারা পৃথকভাবে চৌবাচ্চাটি পূর্ণ হতে কত সময় লাগবে?

ক ১৮ এবং ১২ মিনিট খ ২৪ এবং ১২ মিনিট

গ ১৫ এবং ১২ মিনিট ঘ ১০ এবং ১৫ মিনিট

ব্যাখ্যা দুটি নল একত্রে,

৮ মিনিটে পূর্ণ করে ১টি চৌবাচ্চা

৪ " " " $= \left(\frac{৪}{৮}\times১\right)$ অংশ

$= \frac{১}{২}$ অংশ

চৌবাচ্চাটির $\left(১-\frac{১}{২}\right)$ অংশ খালি থাকে

$\therefore$ দ্বিতীয় নল দ্বারা,

$\frac{১}{২}$ অংশ পূর্ণ হয় ৬ মিনিটে

১ (সম্পূর্ণ) " " " = (৬ × ২) = ১২ মিনিটে

আবার দ্বিতীয় নল দ্বারা,

৬ মিনিটে পূর্ণ হয় $\frac{১}{২}$ অংশ

৪ " " " $= \frac{১\times৪}{২\times৬} = \frac{১}{৩}$ অংশ

$\therefore$ প্রথম নল দ্বারা ৪ মিনিটে পূর্ণ হয় $= \left(\frac{১}{২} - \frac{১}{৩}\right)$ অংশ

$= \left(\frac{৩-২}{৬}\right) = \frac{১}{৬}$ অংশ

প্রথম নল দ্বারা $\frac{১}{৬}$ অংশ পূর্ণ হয় ৪ মিনিটে

" " " ১ (সম্পূর্ণ) " " (৪ × ৬) "

= ২৪ মিনিটে

৪. $\frac{x}{y}$-এর সঙ্গে কত যোগ করলে যোগফল $\frac{2y}{x}$ হবে?

ক $\frac{2y^2 - x^2}{xy}$ খ $\frac{x^2 - 2y^2}{xy}$

গ $\frac{x^2 - 2y^2}{xy}$ ঘ $\frac{x^2 - y^2}{xy}$

ব্যাখ্যা উভয় রাশির বিয়োগফলই হবে কাঙ্ক্ষিত উত্তর

$\therefore \frac{2y}{x} - \frac{x}{y} = \frac{2y^2 - x^2}{xy}$

৫. $x^২ + y^২ = ৮$ এবং $xy = ৭$ হলে $(x + y)^২$ এর মান কত?

ক ১৪ খ ১৬ গ ২২ ঘ ৩০

ব্যাখ্যা $(x + y)^২ = x^২ + ২xy + y^২$

$= x^২ + y^২ + ২xy$

$= ৮ + ২ \times ৭$ [মান বসিয়ে]

$= ৮ + ১৪ = ২২$

৬. ঢাকা ও চট্টগ্রামের দূরত্ব ৩০০ কিমি। ঢাকা হতে একটি ট্রেন সকাল ৭টায় ছেড়ে গিয়ে বিকেল ৩টায় চট্টগ্রাম পৌঁছে। ট্রেনটির গড় গতিবেগ ঘণ্টায় কত ছিল?

(ক) ২৪.৫ কিমি (খ) ৩৭.৫ কিমি
(গ) ৪২.০ কিমি (ঘ) ৪৫.০ কিমি

ব্যাখ্যা সকাল ৭ টা থেকে বিকেল ৩টা পর্যন্ত মধ্যবর্তী সময়ের পার্থক্য ৮ ঘণ্টা।

$\therefore$ ট্রেনের গড় গতিবেগ $= \frac{\text{মোট অতিক্রান্ত দূরত্ব}}{\text{মোট ব্যয়িত সময়}}$

$= \frac{৩০০}{৮} = ৩৭.৫$ কিমি

৭. একটি সমদ্বিবাহু ত্রিভুজের ভূমি ১৬ মি. এবং অপর দুটি বাহুর প্রতিটি ১০ মি. হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

(ক) ৩৬ ব.মি. (খ) ৪২ ব.মি
(গ) ৪৮ ব.মি. (ঘ) ৫০ ব.মি.

ব্যাখ্যা দেয়া আছে,

ভূমি $a = ১৬$ মি.

বাহুর দৈর্ঘ্য $b = ১০$ "

আমরা জানি,

সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{a}{৪}\sqrt{৪b^২ - a^২}$ বর্গ মি.

$= \frac{১৬}{৪}\sqrt{৪ \times ১০^২ - ১৬^২}$

$= \frac{১৬}{৪}\sqrt{৪০০ - ২৫৬}$

$= \frac{১৬}{৪} \times ১২ = ৪৮$ বর্গ মি.

৮. দুটি সংখ্যার অনুপাত ৫ : ৮। উভয়ের সাথে ২ যোগ করলে অনুপাতটি ২ : ৩ হয়। সংখ্যা দুটি কি কি?

(ক) ৭ ও ১১ (খ) ১২ ও ১৮ (গ) ১০ ও ২৪ (ঘ) ১০ ও ১৬

ব্যাখ্যা ধরি, সংখ্যা দুটি $৫x$ ও $৮x$

প্রশ্নমতে,

$(৫x + ২) : (৮x + ২) = ২ : ৩$

বা, $\frac{৫x + ২}{৮x + ২} = \frac{২}{৩}$

বা, $১৬x + ৪ = ১৫x + ৬$

বা, $x = ২$

সংখ্যা দুটি যথাক্রমে,

$৫x = ৫ \times ২ = ১০$

ও $৮x = ৮ \times ২ = ১৬$

৯. একটি সরল রেখার ওপর অঙ্কিত বর্গ ঐ সরল রেখার অর্ধেকের ওপর অঙ্কিত বর্গের কত গুণ?

(ক) দ্বিগুণ (খ) তিনগুণ (গ) চারগুণ (ঘ) পাঁচগুণ

ব্যাখ্যা ধরি, সরল রেখাটির দৈর্ঘ্য x একক

$\therefore$ এর ওপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল $x^২$ বর্গ একক

সরল রেখাটির অর্ধেকের $\left(\frac{x}{২}\right)$ ওপর অঙ্কিত বর্গক্ষেত্রের

ক্ষেত্রফল $\left(\frac{x}{২}\right)^২$ বর্গ একক

$= \frac{x^২}{৪}$ " "

ছোট ক্ষেত্রের ক্ষেত্রফল বড় ক্ষেত্রের ক্ষেত্রফলের যত ভাগ, বড় ক্ষেত্রের ক্ষেত্রফল ছোট ক্ষেত্রের ক্ষেত্রফলের তত গুণ।

$\therefore x^২ \div \frac{x^২}{৪} = x^২ \times \frac{৪}{x^২} = ৪$ গুণ

১০. x ও y-এর মানের গড় ৯ এবং z = ১২ হলে, x, y এবং z-এর মানের গড় কত হবে?

(ক) ৬ (খ) ৯ (গ) ১০ (ঘ) ১২

ব্যাখ্যা x ও y এর মানের সমষ্টি $= (২ \times ৯) = ১৮$

$z = ১২$ (দেয়া আছে)

$\therefore x, y$ ও z-এর মানের গড় $= \frac{(১৮ + ১২)}{৩} = \frac{৩০}{৩} = ১০$

মডেল ১০ উত্তর

৬	খ
৭	গ
৮	ঘ
৯	গ
১০	গ

মডেল ১১ ২১তম বিসিএস ১৯৯৯

১. একটি গাড়ির চাকা প্রতি মিনিটে ৯০ বার ঘুরে। এক সেকেন্ডে চাকাটি কত ডিগ্রি ঘুরে?

(ক) ১৮০° (খ) ২৭০° (গ) ৩৬০° (ঘ) ৫৪০°

ব্যাখ্যা ১ মিনিট = ৬০ সেকেন্ড

৬০ সেকেন্ডে ঘুরে ৯০ বার

১ " " $\frac{৯০}{৬০}$ " $= ১\frac{১}{২}$ বার

বৃত্তাকার বস্তু তার পরিপূর্ণ ১ বার আবর্তনে ঘুরে ৩৬০°

$\therefore$ চাকাটি $১\frac{১}{২}$ বার আবর্তনে ঘুরে $= \left(৩৬০° \times ১\frac{১}{২}\right) = ৫৪০°$

২. একটি ক্লাসে ৩০ জন ছাত্র আছে তাদের মধ্যে ১৮ জন ফুটবল খেলে এবং ১৪ জন ক্রিকেট খেলে এবং ৫ জন কিছুই খেলে না। কত জন উভয়টিই খেলে?

(ক) ৩ (খ) ৫ (গ) ৭ (ঘ) ৯

ব্যাখ্যা

শুধু ফুটবল বা শুধু ক্রিকেট অথবা উভয়টিই খেলে $= (৩০ - ৫) = ২৫$ জন।

ফুটবল খেলে ১৮ জন

$\therefore$ শুধু ক্রিকেট খেলে $= (২৫ - ১৮) = ৭$ জন

কিন্তু মোট ক্রিকেট খেলে ১৪ জনে

$\therefore$ ফুটবল ও ক্রিকেট উভয়টিই খেলে $= (১৪ - ৭) = ৭$ জন।

৩. একটি সোনার গহনার ওজন ১৬ গ্রাম। এতে সোনা ও তামার অনুপাত ৩ : ১। এতে কি পরিমাণ সোনা মেশালে অনুপাত ৪ : ১ হবে?

(ক) ৮ গ্রাম (খ) ৬ গ্রাম
(গ) ৩ গ্রাম (ঘ) ৪ গ্রাম

ব্যাখ্যা সোনা : তামা = ৩ : ১

$\therefore$ মোট মিশ্রণ $= (৩ + ১) = ৪$ গ্রাম

মডেল ১১ উত্তর

১	ঘ
২	গ
৩	ঘ

∴ মিশ্রণে সোনার পরিমাণ $= \left(১৬ \times \frac{৩}{৪}\right) = ১২$ গ্রাম

" তামার " $= \left(১৬ \times \frac{১}{৪}\right) = ৪$ গ্রাম

নতুন অনুপাত, সোনা : তামা = ৪ : ১

১ গ্রাম তামায় সোনা ৪ গ্রাম

৪ " " " (৪ × ৪) = ১৬ গ্রাম

∴ অতিরিক্ত সোনা মেশাতে হবে (১৬ − ১২) = ৪ গ্রাম

৪. ১,০০০ টাকা ক ও খ ১ : ৪ অনুপাতে ভাগ করে নেয়। খ-এর অংশ সে এবং তার মা ও মেয়ের মধ্যে ২ : ১ : ১ অনুপাতে ভাগ করে। মেয়ে কত টাকা পাবে?

ক ১০০ টাকা খ ৪০০ টাকা গ ২০০ টাকা ঘ ৮০০ টাকা

ব্যাখ্যা ক : খ = ১ : ৪

অনুপাতের যোগফল = (১+৪) = ৫

∴ খ পায় $\left(১০০০ \text{ এর } \frac{৪}{৫}\right) = ৮০০$ টাকা।

খ : মা : মেয়ে = ২ : ১ : ১

অনুপাতের যোগফল = (২ + ১ + ১) = ৪

∴ মেয়ে পায় $= \left(৮০০ \text{ এর } \frac{১}{৪}\right) = ২০০$ টাকা।

৫. ৯৯৯৯৯৯-এর সঙ্গে কোন ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে যোগফল ২, ৩, ৪, ৫ এবং ৬ দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে?

ক ২১ খ ৩৯ গ ৩৩ ঘ ২৯

ব্যাখ্যা ২, ৩, ৪, ৫ ও ৬-এর ল.সা.গু. = ৬০

৬০) ৯৯৯৯৯৯(১৬৬৬৬
৬০
৩৯৯
৩৬০
৩৯৯
৩৬০
৩৯৯
৩৬০
৩৯৯
৩৬০
৩৯

ভাগশেষ ও ভাজকের পার্থক্য সংখ্যাই হবে নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা।

∴ নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = (৬০ − ৩৯) = ২১

৬. একটি কুকুর একটি খরগোশকে ধরার জন্য তাড়া করে। কুকুর যে সময়ে ৪ বার লাফ দেয়, খরগোশ সে সময়ে ৫ বার লাফ দেয়। কিন্তু খরগোশ ৪ লাফে যতদূর যায়, কুকুর ৩ লাফে ততদূর যায়। কুকুর ও খরগোশের গতিবেগের অনুপাত কত?

ক ১৫ : ১৬ খ ২০ : ১২ গ ১৬ : ১৫ ঘ ১২ : ২০

ব্যাখ্যা খরগোশের ৪ লাফ = কুকুরের ৩ লাফ

∴ " ৫ " = " $\frac{৩}{৪} \times ৫ = \frac{১৫}{৪}$ "

∴ কুকুর ও খরগোশের গতিবেগের অনুপাত $= ৪ : \frac{১৫}{৪}$

= ১৬ : ১৫

৭. এক দোকানদার ১১০ টাকা কেজি দামের কিছু চায়ের সঙ্গে ১০০ টাকা কেজি দামের দ্বিগুণ পরিমাণ চা মিশ্রিত করে তা ১২০ টাকা কেজি দামে বিক্রি করে মোট ২,০০০ টাকা লাভ করল। দোকানদার দ্বিতীয় প্রকারে কত কেজি চা ক্রয় করেছিল?

ক ১০০ কেজি খ ৮০ কেজি গ ৫০ কেজি ঘ ৬০ কেজি

ব্যাখ্যা

ধরি, দ্বিতীয় প্রকারে চা ক্রয় করে ২x কেজি

∴ প্রথম " " " " x "

মোট ক্রীত চা ৩x কেজি

৩x কেজি চা-এর বিক্রয় মূল্য = (১২০×৩x) = ৩৬০x টাকা

৩x কেজি চা-এর ক্রয় মূল্য = {(১১০×x) + (১০০×২x)} টাকা = ৩১০x টাকা

প্রশ্নমতে, ৩৬০x − ৩১০x = ২০০০

বা, ৫০x = ২০০০

∴ x = ৪০

∴ দ্বিতীয় প্রকারে চা ক্রয় করে ২x কেজি (২×৪০) = ৮০ কেজি

৮. একটি সরল রেখার উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফল ঐ সরল রেখার এক-চতুর্থাংশের ওপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফলের কত গুণ?

ক ১৬ খ ৪ গ ৮ ঘ ২

ব্যাখ্যা ধরি, সরল রেখাটির দৈর্ঘ্য x একক

∴ এর ওপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল $x^২$ বর্গ একক

সরল রেখার এক-চতুর্থাংশের দৈর্ঘ্য $\frac{x}{৪}$ একক

∴ এর উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল $\left(\frac{x}{৪}\right)^২$ বর্গ একক

$= \frac{x^২}{১৬}$ বর্গ একক

ছোট ক্ষেত্রের ক্ষেত্রফল বড় ক্ষেত্রের ক্ষেত্রফলের যত ভাগ, বড় ক্ষেত্রের ক্ষেত্রফল ছোট ক্ষেত্রের ক্ষেত্রফলের তত গুণ।

$\therefore x^২ \div \frac{x^২}{১৬} = x^২ \times \frac{১৬}{x^২} = ১৬$ গুণ

৯. ৮ জন লোক একটি কাজ ১২ দিনে করতে পারে। দুজন লোক কমিয়ে দিলে কাজটি সমাধা করতে শতকরা কত দিন বেশি লাগবে?

ক ২৫% খ $৩৩\frac{১}{৩}$% গ ৫০% ঘ $৬৬\frac{২}{৩}$%

ব্যাখ্যা ২ জন কমে মোট লোক হয় = (৮ − ২) = ৬ জন

৮ জনে কাজটি করে ১২ দিনে

১ " " " ১২ × ৮ "

৬ " " " $\frac{১২ \times ৮}{৬} = ১৬$ দিনে

পূর্বের চেয়ে সময় বেশি লাগে = (১৬ − ১২) = ৪ দিন

∴ শতকরা সময় বেশি লাগে $= \left(৪ \times \frac{১০০}{১২}\right)$%

$= ৩৩\frac{১}{৩}$%

মডেল ১১ উত্তর

৪	গ
৫	ক
৬	গ
৭	খ
৮	ক
৯	খ

১০. একজন চাকরিজীবীর বেতনের $\frac{১}{১০}$ অংশ কাপড় ক্রয়ে, $\frac{১}{৩}$ অংশ খাদ্য ক্রয়ে এবং $\frac{১}{৫}$ অংশ বাসা ভাড়ায় ব্যয় হয়। তার আয়ের শতকরা কত ভাগ অবশিষ্ট রইল?

ক $৩৬\frac{২}{৩}\%$ খ $৩৭\frac{২}{৩}\%$
গ $৪২\frac{১}{৩}\%$ ঘ $৪৬\frac{২}{৩}\%$

ব্যাখ্যা বেতন, কাপড় ক্রয় ও খাদ্যে মোট ব্যয় হয়

$\left(\frac{১}{১০}+\frac{১}{৩}+\frac{১}{৫}\right)=\frac{১৯}{৩০}$ অংশ

অবশিষ্ট থাকে $=\left(১-\frac{১৯}{৩০}\right)$ অংশ $=\frac{১১}{৩০}$ অংশ

∴ শতকরা অবশিষ্ট থাকে $=\left(\frac{১১}{৩০}\times১০০\right)\%=৩৬\frac{২}{৩}\%$

মডেল ১১ উত্তর: ১০ ক

মডেল ১২ ২২তম বিসিএস ২০০১

১. ৭২ কেজি ওজনবিশিষ্ট একটি মিশ্রণ A-এর ১৭ ভাগ, B-এর ৩ ভাগ এবং C-এর ৪ ভাগ দ্বারা গঠিত। মিশ্রণে B কতটুকু আছে?

ক ৯ কেজি খ ১২ কেজি
গ ১৭ কেজি ঘ ৫১ কেজি

ব্যাখ্যা ধরি, $A : B : C = ১৭x : ৩x : ৪x$

∴ $১৭x + ৩x + ৪x = ৭২$ কেজি

বা, $২৪x = ৭২$ কেজি

∴ $৩x = \frac{৭২\times৩x}{২৪x}$ " $= ৯$ কেজি।

২. একজন মাঝি স্রোতের অনুকূলে ২ ঘণ্টায় ৫ মাইল যায় এবং ৪ ঘণ্টায় প্রাথমিক অবস্থানে ফিরে আসে। তার মোট ভ্রমণে প্রতি ঘণ্টায় গড়বেগ কত?

ক $\frac{৫}{৬}$ খ $১\frac{২}{৩}$
গ $১\frac{৭}{৮}$ ঘ $৩\frac{৩}{৪}$

ব্যাখ্যা মোট সময় $= ২+৪ = ৬$ ঘণ্টা

মোট দূরত্ব $= ৫\times২ = ১০$ মাইল

∴ গড় $=\frac{১০}{৬}=১\frac{২}{৩}$

৩. একটি সমদ্বিবাহু ত্রিভুজের ভূমি ১৬ একক এবং অপর প্রত্যেক বাহুদ্বয় ১০ একক। ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ একক?

ক ২৪ খ ৩৬
গ ৪৮ ঘ ৫০

ব্যাখ্যা ত্রিভুজের উচ্চতা $=\sqrt{(১০)^২-\left(\frac{১৬}{২}\right)}=৬$ একক

∴ ক্ষেত্রফল $=\frac{১}{২}\times১৬\times৬$ বর্গ একক $= ৪৮$ বর্গ একক

৪. ২০ সদস্যবিশিষ্ট একটি ফুটবল দল থেকে একজন অধিনায়ক ও একজন সহ-অধিনায়ক কতভাবে নির্বাচন করা যাবে?

ক ২০ খ ১৯০
গ ৩৮০ ঘ ৭৬০

ব্যাখ্যা অধিনায়ক নির্বাচন করা যাবে ২০ ভাবে

এবং সহঅধিনায়ক " " " ১৯ "

∴ এই দুজনকে নির্বাচন করা যাবে $=\frac{২০\times১৯}{২}$ ভাবে $= ১৯০$ ভাবে।

৫. কোনো সমান্তর প্রগমনে প্রথম দুটি সংখ্যা যদি ৫ ও ১৭ হয়, তবে তৃতীয় সংখ্যাটি কত?

ক ২২ খ ২৫
গ ২৯ ঘ ৮৫

ব্যাখ্যা সমান্তর প্রগমনে দ্বিতীয় সংখ্যা ও প্রথম সংখ্যার ব্যবধান এবং তৃতীয় সংখ্যা ও দ্বিতীয় সংখ্যার ব্যবধান সবসময় সমান হবে। এখানে $১৭-৫ = ১২$

∴ তৃতীয় সংখ্যাটি হবে $= ১৭ + ১২ = ২৯$।

৬. ১, ২, ৩, ৫, ৮, ১৩, ২১, ৩৪, ... ধারাটির পরবর্তী সংখ্যা কত?

ক ৫৫ খ ৪০
গ ৬৮ ঘ ৮৯

ব্যাখ্যা $১ + ২ = ৩$, $৩ + ২ = ৫$, $৫ + ৩ = ৮$, $৮ + ৫ = ১৩$, $১৩ + ৮ = ২১$, $২১ + ১৩ = ৩৪$, $৩৪ + ২১ = ৫৫$।

৭. $\frac{১}{২}$-এর শতকরা কত $\frac{৩}{৪}$ হবে?

ক ১২০% খ ১২৫%
গ ১৪০% ঘ ১৫০%

ব্যাখ্যা $\left(\frac{৩}{৪}+\frac{১}{২}\right)\times\frac{১০০}{১০০}$

$=\frac{৩}{৪}\times\frac{২}{১}\times\frac{১০০}{১০০}=\frac{৩}{২}\times\frac{১০০}{১০০}=১৫০\%$

৮. M সংখ্যক সংখ্যার গড় A এবং N সংখ্যক সংখ্যার গড় B. সবগুলো সংখ্যার গড় কত?

ক $\frac{A+B}{2}$ খ $\frac{AM+BN}{2}$
গ $\frac{AM+BN}{M+N}$ ঘ $\frac{AM+BN}{A+B}$

ব্যাখ্যা

M সংখ্যক সংখ্যার সমষ্টি AM

N " " " BN

∴ (M + N) " " " AM + BN

∴ (M + N) " " গড় $\frac{AM+BN}{M+N}$

মডেল ১২ উত্তর

১	ক
২	খ
৩	গ
৪	খ
৫	গ
৬	ক
৭	ঘ
৮	গ

মডেল ১২ উত্তর

৯	ক
১০	খ

৯. যদি তেলের মূল্য ২৫% বৃদ্ধি পায় তবে তেলের ব্যবহার শতকরা কত কমালে, তেল বাবদ খরচ বৃদ্ধি পাবে না?
ক ২০% খ ১৬%
গ ১১% ঘ ৯%

ব্যাখ্যা
১২৫ টাকায় ব্যবহার কমাতে হবে ২৫ %
∴ ১০০ " " " " $\frac{২৫ \times ১০০}{১২৫}$% = ২০%

১০. কোনো স্কুলে ৭০% শিক্ষার্থী ইংরেজি এবং ৮০% শিক্ষার্থী বাংলায় পাস করেছে। কিন্তু ১০% উভয় বিষয়ে ফেল করেছে। যদি উভয় বিষয়ে ৩০০ জন শিক্ষার্থী পাস করে থাকে তবে ঐ স্কুলে কতজন শিক্ষার্থী পরীক্ষা দিয়েছে?
ক ৪০০ জন খ ৫০০ জন
গ ৫৬০ জন ঘ ৭৬০ জন

ব্যাখ্যা ইংরেজিতে ফেল করেছে ৩০%
বাংলায় " " ২০%
শুধু ইংরেজিতে ফেল করেছে = (৩০ − ১০)% = ২০%
শুধু বাংলায় " " = (২০ − ১০)% = ১০%
উভয় বিষয়ে পাস করেছে = ১০০ % − (২০% + ১০ % + ১০%)
= ৬০ %
∴ শিক্ষার্থী = $\frac{১০০ \times ৩০০}{৬০}$ জন = ৫০০ জন।

মডেল ১৩ ২৩তম বিসিএস (মুক্তিযোদ্ধার সন্তান) ২০০১

মডেল ১৩ উত্তর

১	খ
২	খ
৩	ক
৪	গ
৫	ঘ
৬	খ

১. একটি সংখ্যা ৬৫০ থেকে যত বড় ৮২০ থেকে তত ছোট। সংখ্যাটি কত?
ক ৭৩০ খ ৭৩৫
গ ৮০০ ঘ ৭৮০

ব্যাখ্যা সংখ্যাটি 'ক' হলে, ৮২০ − ক = ক − ৬৫০
বা, ২ক = ৮২০ + ৬৫০
বা, ক = $\frac{১৪৭০}{২}$
∴ ক = ৭৩৫

২. কোনো পরীক্ষায় পরীক্ষার্থীর ৮০% গণিত এবং ৭০% বাংলায় পাস করলো। উভয় বিষয়ে পাস করলো ৬০%, উভয় বিষয়ে শতকরা কত জন ফেল করলো?
ক ১৫% খ ১০%
গ ১২% ঘ ১১%

ব্যাখ্যা [১০০ − {(৮০ − ৬০) + (৭০ − ৬০) + ৬০}]%
= [১০০ − (২০ + ১০ + ৬০)]%
= (১০০ − ৯০)%
= ১০%

৩. কোন কোন স্বাভাবিক সংখ্যা দ্বারা ৩৪৬ কে ভাগ করলে প্রতি ক্ষেত্রে ৩১ অবশিষ্ট থাকে?
ক ৩৫, ৪৫, ৬৩, ১০৫, ৩১৫
খ ৩৫, ৪০, ৬৫, ১১০, ৩১৫
গ ৩৫, ৪৫, ৭০, ১০৫, ৩১৫
ঘ ৩৫, ৪৫, ৬৩, ১১০, ৩১৫

ব্যাখ্যা ৩৪৬ − ৩১ = ৩১৫
৩১ অপেক্ষা বড় ৩১৫ এর উৎপাদক সেট {৩৫, ৪৫, ৬৩, ১০৫, ৩১৫}

৪. একটি দ্রব্য ৩৮০ টাকায় বিক্রয় করায় ২০ টাকা ক্ষতি হলো। ক্ষতির শতকরা হার কত?
ক ৪% খ ৬%
গ ৫% ঘ ৭%

ব্যাখ্যা ক্রয়মূল্য (৩৮০ + ২০) টাকা = ৪০০ টাকা
শতকরা ক্ষতি $\frac{২০}{৪০০}$ × ১০০ = ৫%
[Note : লাভ বা ক্ষতি সর্বদা ক্রয়মূল্য বা উৎপাদন মূল্যের ওপর ভিত্তি করে নির্ধারিত হয়]

৫. দুটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর ১৯৯ হলে বড় সংখ্যাটি কত?
ক ৭০ খ ৮০ গ ৯০ ঘ ১০০

ব্যাখ্যা ধরি, বড় সংখ্যা a
∴ $a^২ - (a - ১)^২ = ১৯৯$
বা, $a^২ - (a^২ - ২a + ১) = ১৯৯$
বা, $a^২ - a^২ + ২a - ১) = ১৯৯$
বা, $২a = ২০০$
বা, $a = ১০০$

৬. একটি প্রকৃত ভগ্নাংশের হর ও লবের অন্তর ২, হর ও লব উভয় থেকে ৩ বিয়োগ করলে যে ভগ্নাংশ পাওয়া যায় তার সঙ্গে $\frac{১}{৪}$ যোগ করলে যোগফল ১ হয়, ভগ্নাংশটি কত?
ক $\frac{৭}{৯}$ খ $\frac{৯}{১১}$
গ $\frac{১১}{১৩}$ ঘ $\frac{১৩}{১৫}$

ব্যাখ্যা প্রতিটিরই লব ও হরের অন্তর ২।
যেহেতু, $\frac{১}{৪}$ যোগ করলে যোগফল ১ হবে।
সুতরাং ভগ্নাংশটি হতে হবে $\frac{৩}{৪}$
∴ ক. $\frac{৭-৩}{৯-৩} = \frac{৩}{৪} = \frac{৪}{৬} = \frac{২}{৩} \neq \frac{৩}{৪}$
খ. $\frac{৯-৩}{১১-৩} = \frac{৬}{৮} = \frac{৩}{৪}$
∴ নির্ণেয় ভগ্নাংশ $\frac{৯}{১১}$

৭. কোন সংখ্যাটি বৃহত্তম?
ক) ০.৩ খ) $\frac{১}{৩}$
গ) $\sqrt{০.৩}$ ঘ) $\frac{২}{৫}$

ব্যাখ্যা
ক) ০.৩ খ) $\frac{১}{৩} = ০.৩৩৩৩$
গ) $\sqrt{০.৩} = ০.৫৪৭৭$ [বৃহত্তম] ঘ) $\frac{২}{৫} = ০.৪$

৮. $x+y=12$ এবং $x-y=2$ হলে xy-এর মান কত?
ক) 35 খ) 140
গ) 70 ঘ) 144

ব্যাখ্যা
$$xy = \frac{(x+y)^2-(x-y)^2}{4}$$
$$= \frac{12^2-2^2}{4} = \frac{144-4}{4}$$
$$= \frac{140}{4} = 35$$

৯. এক ব্যক্তি তার স্ত্রীর চেয়ে ৫ বছরের বড়। তার স্ত্রীর বয়স ছেলের বয়সের ৪ গুণ। ৫ বছর পরে ছেলের বসয় ১২ বছর হলে বর্তমান ঐ ব্যক্তির বয়স কত?
ক) ৬৫ বছর খ) ২৮ বছর
গ) ৩৩ বছর ঘ) ৫৩ বছর

ব্যাখ্যা বর্তমানে ছেলের বয়স (১২ − ৫) = ৭ বছর
∴ বর্তমানে ঐ ব্যক্তির বয়স = {(৭ × ৪) + ৫} = ৩৩ বছর

১০. ৬০ মিটারবিশিষ্ট একটি বাঁশকে ৩ : ৭ : ১০ অনুপাতে ভাগ করলে টুকরাগুলোর সাইজ কত?
ক) ৮ মিটার; ২২ মিটার; ৩০ মিটার
খ) ১০ মিটার; ২০ মিটার; ৩০ মিটার
গ) ৯ মিটার; ২১ মিটার; ৩০ মিটার
ঘ) ১২ মিটার; ২০ মিটার; ২৮ মিটার

ব্যাখ্যা আনুপাতিক ভাগের সমষ্টি ২০
∴ প্রথম টুকরাটি হবে = ৬০ × $\frac{৩}{২০}$ = ৯ মিটার
শুধু 'গ' নং-এ প্রথম টুকরাটি ৯ মিটার, তাই অন্যগুলো দেখার দরকার নেই।

মডেল ১৩ উত্তর

৭	গ
৮	ক
৯	গ
১০	গ

মডেল ১৪ ২৪তম বিসিএস (বাতিল) ২০০৩

১. কে গণিতবিদ নন?
ক) ওমর খৈয়াম খ) আল-খারিজমী
গ) ইবনে খলদুন ঘ) উলুগ বেগ

ব্যাখ্যা ইবনে খলদুন একজন প্রখ্যাত সমাজবিজ্ঞানী অন্যদিকে ওমর খৈয়াম, আল খারিজমী ও উলুগ বেগ এ তিনজনেরই গণিতশাস্ত্রে অবদান রয়েছে।

২. ২ এবং ৩২ এর মধ্যে মৌলিক সংখ্যা কয়টি?
ক) ১১টি খ) ৯টি গ) ৮টি ঘ) ১০টি

ব্যাখ্যা ২ এবং ৩২-এর মধ্যে মৌলিক সংখ্যাগুলো হলো ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩, ২৯ ও ৩১।
∴ ২ এবং ৩২ পর্যন্ত মৌলিক সংখ্যা ১০টি।

৩. ১, ১, ২, ৩, ৫, ৮, ... এই সংখ্যা পরম্পরায় অষ্টম পদ কত?
ক) ২১ খ) ১৩ গ) ১৯ ঘ) ১৬

ব্যাখ্যা প্রথম পদ + দ্বিতীয় পদ = তৃতীয় পদ = ২
দ্বিতীয় পদ + তৃতীয় পদ = চতুর্থ পদ = ৩
তৃতীয় পদ + চতুর্থ পদ = পঞ্চম পদ = ৫
চতুর্থ পদ + পঞ্চম পদ = ষষ্ঠ পদ = ৮
পঞ্চম পদ + ষষ্ঠ পদ = সপ্তম পদ = ১৩
ষষ্ঠ পদ + সপ্তম পদ = অষ্টম পদ = ২১

৪. টিপুর বোনের বয়স টিপুর বয়সের ও তাঁর বাবার বয়সের মধ্য-সমানুপাতী। টিপুর বয়স ১২ বছর, বাবার বয়স ৪৮ বছর হলে বোনের বয়স কত?
ক) ১৬ বছর খ) ২৪ বছর
গ) ১৮ বছর ঘ) ২০ বছর

ব্যাখ্যা ধরি,
ক = টিপুর বয়স = ১২
গ = টিপুর বাবার বয়স = ৪৮
খ = টিপুর বোনের বয়স = ?
ক : খ : খ : গ হলে—
খ² = কগ
খ = $\sqrt{কগ}$
খ = $\sqrt{১২ \times ৪৮}$ = ২৪

৫. কোন সংখ্যাটি ক্ষুদ্রতম?
ক) $\frac{১}{১১}$ খ) $\frac{৩}{৩১}$ গ) $\frac{২}{২১}$ ঘ) $\sqrt{০.০২}$

ব্যাখ্যা
(ক) $\frac{১}{১১}$ = ০.০৯১; (খ) $\frac{৩}{৩১}$ = ০.০৯৭;
(গ) $\frac{২}{২১}$ = ০.০৯৫ (ঘ) $\sqrt{০.০২}$ = ০.১৪১
সুতরাং, সবচেয়ে ক্ষুদ্রতম সংখ্যা $\frac{১}{১১}$।

৬. ২০০২ সংখ্যাটি কোন সংখ্যাগুচ্ছের ল.সা.গু. নয়?
ক) ১৩, ৭৭, ৯১, ১৪৩ খ) ৭, ২২, ২৬, ৯১
গ) ২৬, ৭৭, ১৪৩, ১৫৪ ঘ) ২, ৭, ১১, ১৩

ব্যাখ্যা ১৩, ৭৭, ৯১, ১৪৩-এর ল.সা.গু. = ১০০১
৭, ২২, ২৬, ৯১-এর ল.সা.গু. = ২০০২
২৬, ৭৭, ১৪৩, ১৫৪-এর ল.সা.গু. = ২০০২
২, ৭, ১১, ১৩-এর ল.সা.গু. = ২০০২

মডেল ১৪ উত্তর

১	গ
২	ঘ
৩	ক
৪	খ
৫	ক
৬	ক

মডেল ১৪

উত্তর

৭	ক
৮	গ
৯	খ
১০	ঘ

৭. একজন শ্রমিক প্রতিদিন প্রথম ৮ ঘণ্টা কাজের জন্য ঘণ্টায় ১০ টাকা করে এবং পরবর্তী সময়ের ঘণ্টায় ১৫ টাকা করে মজুরি পায়। দৈনিক ১০ ঘন্টা কাজ করলে তার ঘণ্টাপ্রতি গড় মজুরি কত?

ক ১১ টাকা খ ১২ টাকা
গ ১২.৫০ টাকা ঘ ১৩ টাকা

ব্যাখ্যা এখানে, প্রথম ৮ ঘণ্টায় পায় = ৮ × ১০ = ৮০ টাকা
পরবর্তী ২ ঘণ্টায় পায় = ২ × ১৫ = ৩০ টাকা
∴ ১০ ঘণ্টায় পায় = ১১০ টাকা
∴ ১ " " = $\frac{১১০}{১০}$ = ১১ টাকা।

৮. ৬০ জন ছাত্রের মধ্যে ৪২ জন ফেল করলে পাসের হার কত?

ক ২৫% খ ২৮% গ ৩০% ঘ ৩২%

ব্যাখ্যা ৬০ − ৪২ = ১৮
৬০ জনে পাস করে ১৮ জন
∴ ১ " " " $\frac{১৮}{৬০}$ "
∴ ১০০ " " " $\frac{১৮ \times ১০০}{৬০}$ = ৩০ জন

৯. ঢাকা থেকে চট্টগ্রামের দূরত্ব ১৮৫ মাইল। চট্টগ্রাম থেকে একটি বাস ২ ঘণ্টায় প্রথম ৮৫ মাইল যাওয়ার পর পরবর্তী ১০০ মাইল কত সময়ে গেলে গড়ে ঘণ্টায় ৫০ মাইল যাওয়া হবে?

ক ১০০ মিনিট খ ১০২ মিনিট
গ ১১০ মিনিট ঘ ১১২ মিনিট

ব্যাখ্যা বাসটি গড়ে ঘণ্টায় ৫০ মাইল গেলে
৫০ মাইল যায় ১ ঘণ্টায়
∴ ১৮৫ মাইল যায় $\frac{১৮৫ \times ১}{৫০}$ ঘণ্টায়
= $\frac{১৮৫ \times ৬০}{৫০}$ মিনিট
= ২২২ মিনিট।
∴ পরবর্তী ১০০ মাইল যেতে সময় লাগবে = (২২২ − ১২০)
= ১০২ মিনিট।

১০. ০.১ এর বর্গমূল কত?

ক ০.১ খ ০.০১
গ ০.২৫ ঘ কোনোটিই নয়

ব্যাখ্যা ০.১ এর বর্গমূল $\sqrt{০.১}$ = ০.৩১৬২।

মডেল ১৫ ২৪তম বিসিএস ২০০৩

মডেল ১৫

উত্তর

১	-
২	ঘ
৩	ক
৪	গ

১. $১^২ + ৩^২ + ৫^২ + ... + ৩১^২$ সমান কত?

ক ২৫৮ খ ২৫৬ গ ২৫৪ ঘ ২৫২

[Note : প্রশ্নটিতে ভুল রয়েছে। ধারাটিতে বর্গ না থাকলে উত্তর ২৫৬ হতো।]

ব্যাখ্যা

পদসংখ্যা = $\frac{\text{শেষ পদ} - \text{১ম পদ}}{\text{প্রতিপদে বৃদ্ধি}}$ + ১

= $\frac{৩০}{২}$ + ১ = ১৬

∴ যোগফল = $\frac{(১ + ৩১) \times ১৬}{২}$ = ২৫৬

২. এক ব্যক্তি একটি দ্রব্য ১২০০ টাকায় কিনে ১৫% লাভে বিক্রয় করল; ক্রেতা ঐ দ্রব্য তৃতীয় এক ব্যক্তির কাছে ৫% ক্ষতিতে বিক্রয় করল। শেষ বিক্রয়মূল্য কত ছিল?

ক ১২৮০ খ ১২৮১ গ ১৩১০ ঘ ১৩১১

ব্যাখ্যা ১৫% লাভে,
১০০ টাকার জিনিস বিক্রয় করে (১০০+১৫) = ১১৫ টাকা
∴ ১২০০ " " " " $\frac{১১৫ \times ১২০০}{১০০}$ "
= ১৩৮০ টাকা।
আবার, ৫% ক্ষতিতে,
১০০ টাকার জিনিস বিক্রয় করে (১০০-৫) = ৯৫ টাকা
∴ ১৩৮০ " " " " $\frac{৯৫ \times ১৩৮০}{১০০}$ "
= ১৩১১ টাকা।

৩. চালের দাম ২৫% বেড়ে যাওয়ায় এক ব্যক্তি চালের ব্যবহার এমনভাবে কমালেন যেন তার সাংসারিক ব্যয় অপরিবর্তিত থাকে। তিনি চালের ব্যবহার শতকরা কত ভাগ কমালেন?

ক ২০% খ ১৬%
গ ১৮% ঘ ১৫%

ব্যাখ্যা ২৫% বৃদ্ধিতে বর্তমান মূল্য = ১০০ + ২৫ = ১২৫ টাকা
বর্তমান মূল্য ১২৫ টাকা হলে পূর্বমূল্য ১০০ টাকা
∴ " " ১০০ " " " $\frac{১০০ \times ১০০}{১২৫}$ "
= ৮০ টাকা
∴ চালের ব্যবহার = (১০০ − ৮০)%
= ২০% কমাতে হবে।

৪. কোন ভগ্নাংশটি লঘিষ্ঠ আকারে প্রকাশিত?

ক $\frac{৭৭}{১৪৩}$ খ $\frac{১০২}{২৮৯}$ গ $\frac{১১৩}{৩৫৫}$ ঘ $\frac{৩৪৩}{১০০১}$

ব্যাখ্যা

$\frac{৭৭}{১৪৩}$ = ০.৫৩৮ $\frac{১০২}{২৮৯}$ = ০.৩৫২

$\frac{১১৩}{৩৫৫}$ = ০.৩১৮ $\frac{৩৪৩}{১০০১}$ = ০.৩৪২

∴ সবচেয়ে ছোট ভগ্নাংশ $\frac{১১৩}{৩৫৫}$।

৫. এক ব্যক্তি তার মোট সম্পত্তির $\frac{৩}{৭}$ অংশ ব্যয় করার পরে অবশিষ্টের $\frac{৫}{১২}$ অংশ ব্যয় করে দেখলেন যে তার নিকট ১০০০ টাকা রয়েছে। তার মোট সম্পত্তির মূল্য কত?

ক ২০০০ টাকা খ ২৩০০ টাকা
গ ২৫০০ টাকা ঘ ৩০০০ টাকা

ব্যাখ্যা $১ - \frac{৩}{৭} = \frac{৪}{৭}$

$\therefore \frac{৪}{৭}$ এর $\frac{৫}{১২}$ অংশ $= \frac{৫}{২১}$

প্রশ্নমতে, $\left(\frac{৪}{৭} - \frac{৫}{২১}\right)$ অংশ $= ১০০০$

বা, $\frac{৭}{২১}$ অংশ $= ১০০০$

বা, ১ অংশ $= \frac{২১ \times ১০০০}{৭} = ৩০০০$

৬. একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য ৫, ৬ ও ৭ মিটার। নিকটতম বর্গমিটারের ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

ক ১৬ বর্গমিটার খ ১৫ বর্গমিটার
গ ১৭ বর্গমিটার ঘ ১৪ বর্গমিটার

ব্যাখ্যা বিষমবাহু ত্রিভুজের পরিসীমা 2s হলে

ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$ [a, b, c হলো বাহু]

পরিসীমা ১৮ হওয়ায় $s = ৯$

$\therefore$ ক্ষেত্রফল $= \sqrt{৯ \times ৪ \times ৩ \times ২} = \sqrt{২১৬} = ১৪.৬৯$

৭. ৯, ৩৬, ৮১, ১৪৪,... এর পরবর্তী সংখ্যা কত?

ক ১৬৯ খ ২২৫
গ ২৫৬ ঘ ২৭২

ব্যাখ্যা রাশিগুলো $৩^২, ৬^২, ৯^২, ১২^২, ১৫^২$ ..... এভাবে দেয়া হয়েছে।

অতএব, শূন্যস্থানে হবে $১৫^২ = ২২৫$

৮. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের ৩ গুণ। আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল ৩০০ বর্গমিটার হলে তার পরিসীমা কত?

ক ৭০ মিটার খ ৭৫ মিটার
গ ৮০ মিটার ঘ ৯০ মিটার

ব্যাখ্যা প্রস্থ x মিটার হলে দৈর্ঘ্য $৩x$ মিটার

$\therefore$ ক্ষেত্রফল $= ৩x^2$ বর্গমিটার

প্রশ্নমতে, $৩x^2 = ৩০০$

বা, $x = ১০$

অর্থাৎ প্রস্থ ১০ মিটার হলে দৈর্ঘ্য $= ৩ \times ১০ = ৩০$ মিটার

$\therefore$ পরিসীমা $= ২ \times (৩০ + ১০)$ মি.

$= ২ \times ৪০$ মি. $= ৮০$ মিটার।

৯. $x + y = 7$ এবং $xy = 10$ হলে, $(x-y)^2$-এর মান কত?

ক 3 খ 6 গ 9 ঘ 12

ব্যাখ্যা $(x-y)^2 = (x+y)^2 - 4xy$

$= 7^2 - 4 \times 10 = 49 - 40 = 9$

১০. $2x^2 + x - 15$-এর উৎপাদক কোনটি?

ক $(x+3)(2x-5)$ খ $(x-3)(2x-5)$
গ $(x-3)(2x+5)$ ঘ $(x+3)(2x+5)$

ব্যাখ্যা $2x^2 + x - 15$

$= 2x^2 + 6x - 5x - 15$

$= 2x(x+3) - 5(x+3)$

$= (x+3)(2x-5)$

মডেল ১৫ উত্তর

৫	ঘ
৬	খ
৭	খ
৮	গ
৯	গ
১০	ক

মডেল ১৬ ২৫তম বিসিএস ২০০৪

১. $\sqrt{২}$ সংখ্যাটি কি সংখ্যা?

ক একটি স্বাভাবিক সংখ্যা খ একটি পূর্ণ সংখ্যা
গ একটি মূলদ সংখ্যা ঘ একটি অমূলদ সংখ্যা

ব্যাখ্যা পূর্ণবর্গ নয়, এমন যে কোনো স্বাভাবিক সংখ্যার বর্গমূল একটি অমূলদ সংখ্যা। ২ সংখ্যাটি পূর্ণবর্গ নয়। সুতরাং $\sqrt{২}$ একটি অমূলদ সংখ্যা।

২. ১ মিটার কত ইঞ্চির সমান?

ক ৩৯.৪৭ খ ৩৭.৩৯ গ ৩৯.৩৭ ঘ ৩৭.৪৯

৩. $x + \frac{1}{x} = \sqrt{3}$ হলে, $x^3 + \frac{1}{x^3}$-এর মান —

ক 2 খ 4 গ 0 ঘ 6

ব্যাখ্যা $x^3 + \frac{1}{x^3} = \left(x + \frac{1}{x}\right)^3 - 3x.\frac{1}{x}\left(x + \frac{1}{x}\right)$

$= \left(\sqrt{3}\right)^3 - 3\sqrt{3} = 3\sqrt{3} - 3\sqrt{3} = 0$

৪. ৩ দিনে একটি কাজের $\frac{১}{২৭}$ অংশ শেষ হলে ঐ কাজের ৩ গুণ কাজ করতে কত দিন লাগবে?

ক ৮১ দিন খ ৯ দিন গ ২৪৩ দিন ঘ ২৭ দিন

ব্যাখ্যা $\frac{১}{২৭}$ অংশ কাজ শেষ হয় ৩ দিনে

$\therefore$ ১ অংশ কাজ শেষ হয় $৩ \times ২৭ = ৮১$ দিনে।

$\therefore$ কাজটির ৩ গুণ কাজ শেষ করতে সময় লাগবে $৮১ \times ৩ = ২৪৩$ দিন।

৫. $1 + 2 + 3 + 4 + ... + 99 =$ কত?

ক 4650 খ 4750 গ 4850 ঘ 4950

ব্যাখ্যা এখানে,

মোট পদ $n = 99$

$\therefore$ সমষ্টি $s = \frac{n(n+1)}{2} = \frac{99(99+1)}{2}$

$= \frac{99 \times 100}{2} = 4950$

মডেল ১৬ উত্তর

১	ঘ
২	গ
৩	গ
৪	গ
৫	ঘ

৬. $x^2-11x+30$ এবং $x^3-4x^2-2x-15$-এর গ.সা.গু. কত?
ক $x-5$ খ $x-6$ গ x^2+x+3 ঘ x^2-x+3

ব্যাখ্যা $x^2-11x+30$
$=x^2-6x-5x+30$
$=x(x-6)-5(x-6)$
$=(x-6)(x-5)$
আবার, $x^2-4x^2-2x-15$
$x=5$ বসালে রাশিটির মান শূন্য হয়।
$\therefore$ $(x-5)$ এর একটি উৎপাদক
$=x^3-5x^2+x^2-5x+3x-15$
$=x^2(x-5)+x(x-5)+3(x-5)$
$=(x-5)(x^2+x+3)$
$\therefore$ নির্ণেয় গ.সা.গু. $=(x-5)$

৭. $\log2+\log4+\log8+$ ..... ধারাটির প্রথম দশটি পদের সমষ্টি কত?
ক $45\log2$ খ $55\log2$ গ $65\log2$ ঘ $75\log2$

ব্যাখ্যা $\log2+\log4+\log8$
$=\log2+\log2^2+\log2^3$
$=\log2^{(1+2+3)}$
$=\log2^{\left\{\frac{10(10+1)}{2}\right\}}\left(\because 1+2+3+.....+n=\frac{n(n+1)}{2}\right)$
$=\log2^{55}=55\log2$

৮. একটি 48 মিটার লম্বা খুঁটি ভেঙে গিয়ে সম্পূর্ণভাবে বিচ্ছিন্ন না হয়ে ভূমির সাথে 30° কোণ উৎপন্ন করে। খুঁটিটি কত উঁচুতে ভেঙ্গে ছিল?
ক ১৪ মিটার খ ১৬ মিটার গ ১৮ মিটার ঘ ২০ মিটার

ব্যাখ্যা $\sin\theta=\frac{\text{লম্ব}}{\text{ভূমি}}$
বা, $\sin30°=\frac{x}{48-x}$
বা, $\frac{1}{2}=\frac{x}{48-x}$
বা, $2x+x=48$
$\therefore x=16$

৯. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য বিস্তারের দ্বিগুণ। এর ক্ষেত্রফল 512 বর্গমিটার হলে, পরিসীমা কত?
ক 98 মিটার খ 96 মিটার
গ 94 মিটার ঘ 92 মিটার

ব্যাখ্যা প্রস্থ x হলে দৈর্ঘ্য $2x$
$\therefore$ ক্ষেত্রফল $=2x^2=512$ বা, $x^2=256$ বা, $x=16$
$\therefore$ পরিসীমা $=2(16+32)=96$

১০. $Y=3x+2$, $Y=-3x+2$ এবং $Y=-2$ দ্বারা গঠিত জ্যামিতিক চিত্রটি কোনটি?
ক একটি সমকোণী ত্রিভুজ খ একটি সমবাহু ত্রিভুজ
গ একটি সমদ্বিবাহু ত্রিভুজ ঘ একটি বিষমবাহু ত্রিভুজ

ব্যাখ্যা $Y=3x+2$ ..... (i)
$Y=-3x+2$ .....(ii)
$Y=-2$ .....(iii)
(i) ও (ii) নং সমীকরণের ঢাল (m) যথাক্রমে 3 ও −3, যাদের পরমমান সমান। সুতরাং এই রেখা দুটি সমান। কিন্তু (iii) নং রেখাটি (i) ও (ii) হতে ভিন্ন। অতএব জ্যামিতিক চিত্রটি একটি সমদ্বিবাহু ত্রিভুজ।

১১. $X+Y=6$ এবং $XY=8$ হলে $(X-Y)^2$ -এর মান কত?
ক 4 খ 6 গ 8 ঘ 12

ব্যাখ্যা $(X-Y)^2=(X+Y)^2-4XY$
$=6^2-4\times8=36-32=4$

১২. ৬% হারে নয় মাসে ১০,০০০/- টাকার উপর সুদ কত হবে?
ক ৫০০ টাকা খ ৬০০ টাকা গ ৪৫০ টাকা ঘ ৬৫০ টাকা

ব্যাখ্যা ১০০ টাকায় ১২ মাসের সুদ ৬ টাকা
১০০ টাকায় ১ মাসের সুদ $=\frac{৬}{১২}$ "
১০০ টাকায় ৯ মাসের সুদ $=\frac{৬\times৯}{১২}=\frac{৯}{২}$ টাকা
$\therefore$ ১ " ৯ " " $=\frac{৯}{২\times১০০}$ "
$\therefore$ ১০০০০ " ৯ " " $=\frac{৯\times১০০০০}{২\times১০০}$
$=৪৫০$ টাকা

১৩. যদি ১৫টি পোশাকের মধ্যে শতকরা ৪০ ভাগ পোশাক শার্ট হয় তবে ১৫টি পোশাকের মধ্যে কতটি শার্ট নয়?
ক ৬ খ ৯ গ ১২ ঘ ১০

ব্যাখ্যা ১০০টি পোশাকের মধ্যে শার্ট ৪০টি
$\therefore$ ১টি " " " $\frac{৪০}{১০০}$ "
$\therefore$ ১৫টি " " " $=\frac{৪০\times১৫}{১০০}=৬$টি
$\therefore$ শার্ট নয় $=(১৫-৬)=৯$টি

মডেল ১৬ উত্তর

৬	ক
৭	খ
৮	খ
৯	খ
১০	গ
১১	ক
১২	গ
১৩	খ

মডেল ১৭ ২৬তম বিসিএস (শিক্ষা) ২০০৪

১. ১, ৩, ৬, ১০, ১৫, ২১ ..... ধারাটির দশম পদ—
ক ৪৫ খ ৫৫ গ ৬২ ঘ ৬৫

ব্যাখ্যা ১ = প্রথম পদ; ১ + ২ = ৩ দ্বিতীয় পদ; ৩ + ৩ = ৬ তৃতীয় পদ; ৬ + ৪ = ১০ চতুর্থ পদ; ১০ + ৫ = ১৫ পঞ্চম পদ; ১৫ + ৬ = ২১ ষষ্ঠ পদ; ২১ + ৭ = ২৮ সপ্তম পদ; ২৮ + ৮ = ৩৬ অষ্টম পদ; ৩৬ + ৯ = ৪৫ নবম পদ; ৪৫ + ১০ = ৫৫ দশম পদ।

২. পিতা ও মাতার বয়সের গড় ৪৫ বছর। আবার পিতা, মাতা ও এক পুত্রের বয়সের গড় ৩৬ বছর। পুত্রের বয়স–
ক ৯ বছর খ ১৪ বছর
গ ১৫ বছর ঘ ১৮ বছর

ব্যাখ্যা
পিতা + মাতা + পুত্রের বয়স $=৩৬\times৩=১০৮$ বছর
পিতা + মাতার বয়স $=৪৫\times২=৯০$ বছর
$\therefore$ পুত্রের বয়স $=১৮$ বছর

মডেল ১৭ উত্তর

১	খ
২	ঘ

৩. একটি জারে দুধ ও পানির অনুপাত ৫ : ১। দুধের পরিমাণ যদি পানি অপেক্ষা ৮ লিটার বেশি হয় তবে পানির পরিমাণ কত?

ক ২ লিটার খ ৪ লিটার
গ ৬ লিটার ঘ ১০ লিটার

ব্যাখ্যা অনুপাতদ্বয়ের বিয়োগফল = ৫ − ১ = ৪

দুধের পরিমাণ ৪ লিটার বেশি হলে পানি ১ লিটার

∴ " " ৮ " " " $\frac{১ \times ৮}{৪}$ "

= ২ লিটার

৪. টাকায় ৩টি করে লেবু কিনে টাকায় ২টি করে বিক্রি করলে শতকরা কত লাভ হবে?

ক ৫০% খ ৩০%
গ ৩৩% ঘ ৩১%

ব্যাখ্যা ১টি লেবুর ক্রয়মূল্য $\frac{১}{৩}$ টাকা এবং বিক্রয়মূল্য $\frac{১}{২}$ টাকা

∴ ১টিতে লাভ হয় = $\frac{১}{২} - \frac{১}{৩} = \frac{১}{৬}$ টাকা

∴ $\frac{১}{৩}$ টাকায় লাভ হয় $\frac{১}{৬}$ টাকা।

∴ ১০০ " " " $\frac{৩ \times ১০০}{৬}$ = ৫০ টাকা।

৫. ১২ জন শ্রমিক ৩ দিনে ৭২০ টাকা আয় করে। তবে ৯ জন শ্রমিক সমপরিমাণ টাকা আয় করবে—

ক ৫ দিনে খ ৪ দিনে
গ ৬ দিনে ঘ ৩ দিনে

ব্যাখ্যা

১২ জনে আয় করে ৩ দিনে

∴ ১ " " " ৩ × ১২ দিনে

∴ ৯ " " " $\frac{৩ \times ১২}{৯}$ = ৪ দিনে।

৬. নদী ও স্রোতের গতিবেগ যথাক্রমে ঘণ্টায় ১৮ কিমি ও ৬ কিমি। নদীপথে ৪৮ কিমি অতিক্রম করে পুনরায় ফিরে আসতে সময় লাগবে—

ক ১০ ঘণ্টা খ ৫ ঘণ্টা
গ ৬ ঘণ্টা ঘ ৮ ঘণ্টা

ব্যাখ্যা স্রোতের অনুকূলে, নদী + স্রোতের বেগ = ১৮ + ৬ = ২৪ কিমি

∴ ৪৮ কি.মি. যেতে সময় লাগবে $\frac{৪৮}{২৪}$ ঘণ্টা = ২ ঘণ্টা

স্রোতের প্রতিকূলে, নদী − স্রোতের বেগ = ১৮ − ৬ = ১২ কিমি

∴ ৪৮ কি.মি. যেতে সময় লাগবে = $\frac{৪৮}{১২}$ ঘণ্টা = ৪ ঘণ্টা

∴ মোট সময় লাগবে = ৪ + ২ = ৬ ঘণ্টা

৭. কোনো সংখ্যার $\frac{১}{২}$ অংশের সাথে ৬ যোগ করলে সংখ্যাটির $\frac{২}{৩}$ অংশ হবে। সংখ্যাটি কত?

ক ৫৩ খ ৬৩
গ ৩৬ ঘ ৩৫

ব্যাখ্যা সংখ্যাটি ক হলে $\frac{ক}{২} + ৬ = \frac{২ক}{৩}$

বা, $\frac{২ক}{৩} - \frac{ক}{২} = ৬$

বা, $\frac{৪ক - ৩ক}{৬} = ৬$

বা, $\frac{ক}{৬} = ৬$

∴ ক = ৩৬

৮. ৪৩ থেকে ৬০ এর মধ্যে মৌলিক সংখ্যার সংখ্যা–

ক ৫ খ ৩ গ ৭ ঘ ৪

ব্যাখ্যা ৪৩ থেকে ৬০ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলো হলো ৪৩, ৪৭, ৫৩ এবং ৫৯ মোট ৪টি।

৯. যদি p একটি মৌলিক সংখ্যা হয় তবে $\sqrt{p}$ —

ক একটি স্বাভাবিক সংখ্যা খ একটি পূর্ণ সংখ্যা
গ একটি মূলদ সংখ্যা ঘ একটি অমূলদ সংখ্যা

ব্যাখ্যা p একটি মৌলিক সংখ্যা। সুতরাং p সংখ্যাটি স্বাভাবিক, পূর্ণ ও মূলদ সংখ্যা। পূর্ণবর্গ নয় এমন স্বাভাবিক সংখ্যার বর্গমূল করলে সেটি অমূলদ। সুতরাং $\sqrt{p}$ একটি অমূলদ সংখ্যা।

১০. $\left(\sqrt{3}.\sqrt{5}\right)^4$ -এর মান কত?

ক 30 খ 60 গ 225 ঘ 15

ব্যাখ্যা $\left(\sqrt{3}.\sqrt{5}\right)^4 = \left(\sqrt{3}\right)^4.\left(\sqrt{5}\right)^4 = 3^2.5^2$

$= 9 \times 25 = 225$

১১. ক এবং খ একত্র একটি কাজ ১২ দিনে করতে পারে। ক একা কাজটি ২০ দিনে করতে পারে, খ একা কাজটি করতে পারবে —

ক ২৫ দিনে খ ৩০ দিনে গ ৩৫ দিনে ঘ ৪০ দিনে

ব্যাখ্যা

(ক + খ) ১ দিনে করে $\frac{১}{১২}$ অংশ এবং ক ১ দিনে করে $\frac{১}{২০}$ অংশ

∴ খ ১ দিনে করে = $\left(\frac{১}{১২} - \frac{১}{২০}\right) = \frac{১}{৩০}$ অংশ

∴ খ সম্পূর্ণ কাজটি করে $\frac{৩০ \times ১}{১}$ দিনে = ৩০ দিনে।

১২. ৭২ সংখ্যাটির মোট ভাজক আছে–

ক ৯টি খ ১০টি গ ১১টি ঘ ১২টি

ব্যাখ্যা ৭২ সংখ্যাটির ভাজকগুলো হলো ১, ২, ৩, ৪, ৬, ৮, ৯, ১২, ১৮, ২৪, ৩৬, ৭২ = ১২টি।

১৩. দুটি ক্রমিক পূর্ণসংখ্যা নির্ণয় করুন, যাদের বর্গের অন্তর ৪৭—

ক ২১ এবং ২২ খ ২২ এবং ২৩
গ ২৩ এবং ২৪ ঘ ২৪ এবং ২৫

ব্যাখ্যা সংখ্যাদ্বয় x ও (x + ১) হলে,

$(x + ১)^2 - x^2 = ৪৭$

বা, $x^2 + ২x + ১ - x^2 = ৪৭$

বা, $২x = ৪৬$

বা, $x = ২৩$

∴ $x + ১ = ২৪$

মডেল ১৭ উত্তর

৩	ক
৪	ক
৫	খ
৬	গ
৭	গ
৮	ঘ
৯	ঘ
১০	গ
১১	খ
১২	ঘ
১৩	গ

১৪. $x + y = 8, x - y = 6$ হলে, $x^2 + y^2$-এর মান —
ক 40 খ 60
গ 50 ঘ 80

ব্যাখ্যা $x^2 + y^2 = \frac{1}{2}\{(x+y)^2 + (x-y)^2\}$
$= \frac{1}{2}\{(8^2 + 6^2)\}$
$= \frac{1}{2} \times 100 = 50$

১৫. $a + \frac{1}{a} = \sqrt{3}$ হলে, $a^2 + \frac{1}{a^2}$ -এর মান—
ক 6 খ 4 গ 2 ঘ 1

ব্যাখ্যা $a^2 + \frac{1}{a^2} = \left(a + \frac{1}{a}\right)^2 - 2a.\frac{1}{a}$
$= \left(\sqrt{3}\right)^2 - 2 = 3 - 2 = 1$

১৬. একটি বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য ৮ ফুট হলে, ঐ বর্গক্ষেত্রের কর্ণের ওপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত?
ক ১৫৬ বর্গফুট খ ১৬৪ বর্গফুট
গ ১২৮ বর্গফুট ঘ ২১৮ বর্গফুট

ব্যাখ্যা বর্গক্ষেত্রের কর্ণ $= \sqrt{৮^২ + ৮^২}$ ফুট $= \sqrt{১২৮}$ ফুট
∴ কর্ণের ওপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল $= \left(\sqrt{১২৮}\right)^২$
$= ১২৮$ বর্গফুট

১৭. $\frac{\sqrt{2}}{\sqrt{6}+2}$ সমান–
ক $\sqrt{3}+\sqrt{2}$ খ $8-\sqrt{2}$
গ $\sqrt{3}-\sqrt{2}$ ঘ $\sqrt{3}+2$

ব্যাখ্যা $\frac{\sqrt{2}}{\sqrt{6}+2}$
$= \frac{\sqrt{2}\left(\sqrt{6}-2\right)}{\left(\sqrt{6}+2\right)\left(\sqrt{6}-2\right)}$
$= \frac{\sqrt{2}.\sqrt{2}\left(\sqrt{3}-\sqrt{2}\right)}{6-4}$
$= \frac{2\left(\sqrt{3}-\sqrt{2}\right)}{2} = \sqrt{3}-\sqrt{2}$

১৮. $x^2 - 8x - 8y + 16 + y^2$-এর সঙ্গে কত যোগ করলে যোগফল একটি পূর্ণবর্গ হবে?
ক $-2xy$ খ $8xy$ গ $6xy$ ঘ $2xy$

ব্যাখ্যা $x^2 - 8x - 8y + 16 + y^2$
$= x^2 + y^2 + (-4)^2 + 2.x.y + 2.y(-4) + 2(-4)x - 2xy$
$= x^2 + y^2 + (-4)^2 + 2xy - 8y - 8x - 2xy$
$= (x + y - 4)^2 - 2xy$
পূর্ণ বর্গ করতে হলে $2xy$ যোগ করতে হবে।

১৯. $x^2 - y^2 + 2y - 1$-এর একটি উৎপাদক —
ক $x+y+1$ খ $x-y$ গ $x+y-1$ ঘ $x-y-1$

ব্যাখ্যা $x^2 - y^2 + 2y - 1$
$= x^2 - (y^2 - 2y + 1)$
$= x^2 - (y-1)^2$
$= (x + y - 1)(x - y + 1)$

২০. ১৩ সেমি ব্যাসার্ধের বৃত্তের কেন্দ্র হতে ৫ সেমি দূরত্বে অবস্থিত জ্যা-এর দৈর্ঘ্য–
ক ২৪ সেমি খ ১৮ সেমি গ ১৬ সেমি ঘ ১২ সেমি

ব্যাখ্যা অতিভুজ ১৩ এবং লম্ব ৫ হলে,
ভূমি $= \sqrt{১৩^২ - ৫^২} = \sqrt{১৬৯ - ২৫} = ১২$
∴ জ্যা-এর দৈর্ঘ্য $১২ + ১২ = ২৪$ সেমি।

মডেল ১৭
উত্তর

১৪	গ
১৫	ঘ
১৬	গ
১৭	গ
১৮	ঘ
১৯	গ
২০	ক

মডেল ১৮ ২৭তম বিসিএস ২০০৫

১. $১^২ + ২^২ + ৩^২ + \ldots\ldots + ৫০^২ =$ কত?
ক ৩৫৭২৫ খ ৪২৯২৫ গ ৪৫৫০০ ঘ ৪৭২২৫

ব্যাখ্যা $\frac{n(n+1)(2n+1)}{6}$
$= \frac{৫০ \times ৫১ \times ১০১}{৬} = ৪২৯২৫$

২. ৪ টাকায় ৫টি করে কিনে ৫ টাকায় ৪টি করে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?
ক ৪৫% খ ৪৮.৫০% গ ৫২.৭৫% ঘ ৫৬.২৫%

ব্যাখ্যা ৪ ও ৫ এর ল.সা.গু. = ২০
২০টির ক্রয়মূল্য ১৬ টাকা
২০টির বিক্রয়মূল্য ২৫ টাকা
লাভ $= (২৫ - ১৬) = ৯$ টাকা
∴ ১৬ টাকায় লাভ ৯ টাকা
∴ ১ " " $\frac{৯}{১৬}$ "
∴ ১০০ " " $= \frac{৯ \times ১০০}{১৬} = ৫৬.২৫$ টাকা।

৩. এক ব্যবসায়ী একটি পণ্যের মূল্য ২৫% বাড়ালো, অতঃপর বর্ধিত মূল্য থেকে ২৫% কমালো। সর্বশেষ মূল্য সর্বপ্রথম মূল্যের তুলনায়—
ক ৪৫% কমানো হয়েছে খ ৬.২৫% কমানো হয়েছে
গ ৫% বাড়ানো হয়েছে ঘ ৬.২৫% বাড়ানো হয়েছে

ব্যাখ্যা ধরি, পণ্যের মূল্য = ১০০ টাকা
২৫% বাড়ানোর পরে = ১২৫ টাকা
বর্ধিত মূল্য থেকে ২৫% কমালে
১০০ টাকায় কমে = ২৫ টাকা
∴ ১ " " $= \frac{২৫}{১০০}$ "
∴ ১২৫ " " $= \frac{২৫ \times ১২৫}{১০০}$
$= ৩১.২৫$ টাকা
∴ মূল্য কমেছে $= (৩১.২৫ - ২৫) = ৬.২৫\%$।

মডেল ১৮
উত্তর

১	খ
২	ঘ
৩	খ

৪. যদি একটি কাজ ৯ জন লোক ১২ দিনে করতে পারে, অতিরিক্ত ৩ জন লোক নিয়োগ করলে কাজটি কতদিনে শেষ হবে?

(ক) ৭ (খ) ৯ (গ) ১০ (ঘ) ১২

ব্যাখ্যা ৩ জন অতিরিক্ত অর্থাৎ (৯ + ৩) = ১২ জন

৯ জন করে = ১২ দিনে

∴ ১ " " = ১২ × ৯ "

∴ ১২" " = $\frac{১২ \times ৯}{১২}$ = ৯ দিনে

৫. শিক্ষা সফরে যাওয়ার জন্য ২৪০০ টাকায় বাস ভাড়া করা হলো এবং প্রত্যেক ছাত্র/ছাত্রী সমান ভাড়া বহন করবে ঠিক হলো। অতিরিক্ত ১০ জন ছাত্র/ছাত্রী যাওয়ায় প্রতি জনের ভাড়া ৮ টাকা কমে গেল। বাসে কতজন ছাত্র/ছাত্রী গিয়েছিল?

(ক) ৪০ (খ) ৪৮ (গ) ৫০ (ঘ) ৬০

ব্যাখ্যা ধরি, প্রথমে ছাত্রছাত্রীর সংখ্যা ছিল = x

∴ মাথাপিছু ভাড়া = $\frac{২৪০০}{x}$

১০ জন বেশি যাওয়ায় সংখ্যা হলো = x + ১০

∴ মাথাপিছু ভাড়া = $\frac{২৪০০}{x+১০}$

প্রশ্নানুসারে, $\frac{২৪০০}{x} - \frac{২৪০০}{x+১০} = ৮$

$\Rightarrow \frac{৩০০}{x} - \frac{৩০০}{x+১০} = ১$

$\Rightarrow \frac{৩০০x + ৩০০০ - ৩০০x}{x(x+১০)}$

$\Rightarrow x^2 + ১০x - ৩০০০ = ০$

$\Rightarrow x^2 + ৬০x - ৫০x - ৩০০০ = ০$

$\Rightarrow x(x + ৬০) - ৫০(x + ৬০) = ০$

$\Rightarrow (x + ৬০)(x - ৫০) = ০$

$\Rightarrow x = ৫০$

∴ ছাত্রছাত্রী গিয়েছিল = (৫০ + ১০) = ৬০ জন।

৬. পিতা, মাতা ও পুত্রের বয়সের গড় ৩৭ বছর। আবার পিতা ও পুত্রের বয়সের গড় ৩৫ বছর। মাতার বয়স কত?

(ক) ৩৮ বছর (খ) ৪১ বছর
(গ) ৪৫ বছর (ঘ) ৪৮ বছর

ব্যাখ্যা পিতা, মাতা ও পুত্রের মোট বয়স = (৩৭ × ৩) = ১১১ বছর

পিতা ও পুত্রের মোট বয়স = (৩৫ × ২) বছর = ৭০ বছর

∴ মাতার বয়স = (১১১ − ৭০) বছর = ৪১ বছর

৭. যদি $(x-y)^2 = 14$ এবং $xy = 2$ হয় তবে $x^2 + y^2 =$ কত?

(ক) 12 (খ) 14 (গ) 16 (ঘ) 18

ব্যাখ্যা $x^2 + y^2 = (x-y)^2 + 2xy = 14 + 2 \times 2 = 18$

৮. বৃত্তের ব্যাস তিনগুণ বৃদ্ধি করলে ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে?

(ক) ৪ (খ) ৯ (গ) ১২ (ঘ) ১৬

ব্যাখ্যা ধরি, ব্যাস = $২x$

∴ ব্যাসার্ধ $(r) = x$ ক্ষেত্রফল = πx^2

ব্যাস ৩ গুণ বৃদ্ধি করলে, ব্যাস = $৬x$, $r = ৩x$

∴ ক্ষেত্রফল = $\pi(৩x)^2 = ৯\pi x^2$

৯. একটি সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজের অতিভুজের দৈর্ঘ্য ১২ সেমি হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ সেমি?

(ক) ৩৬ (খ) ৪৮
(গ) ৫৬ (ঘ) ৭২

ব্যাখ্যা ধরি, সমদ্বিবাহুর দৈর্ঘ্য = x

তাহলে পিথাগোরাসের সূত্র অনুযায়ী, $২x^2 = ১২^২$

$\Rightarrow x^2 = ৭২$ (উচ্চতা = x, ভূমি = x)

∴ ক্ষেত্রফল = $\frac{১}{২} \times bh = \frac{১}{২} \times ৭২ = ৩৬$ বর্গ সে.মি

১০. ৬০ থেকে ৮০ এর মধ্যবর্তী বৃহত্তম ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যার অন্তর হবে

(ক) ৮ (খ) ১২
(গ) ১৮ (ঘ) ১৪০

ব্যাখ্যা ৬০ ও ৮০ এর মধ্যে সর্বনিম্ন ও সর্বোচ্চ মৌলিক সংখ্যা হচ্ছে যথাক্রমে ৬১ ও ৭৯।

∴ এ দুটি সংখ্যার অন্তর হবে (৭৯ − ৬১) = ১৮।

মডেল ১৮ উত্তর

৪	খ
৫	ঘ
৬	খ
৭	ঘ
৮	খ
৯	ক
১০	গ

মডেল ১৯ ২৮তম বিসিএস ২০০৮

১. If you count 1 to 100, how many 5s will you pass on the way?

(ক) 10 (খ) 11 (গ) 18 (ঘ) 19

ব্যাখ্যা *From 1 to 100 there are 20 '5s'. Those are 5, 15, 25, 35, 45, 50, 51, 52, 53, 54, 55, 56, 57, 58, 59, 65, 75, 85, 95.*

২. A farmer had 17 hens. All but 9 died. How many live hens were left?

(ক) 0 (খ) 9 (গ) 8 (ঘ) 16

ব্যাখ্যা *This question's answer is given in the question. The second line says 'all but 9 died'. That means 9 hens live were left.*

৩. If two typist can type two pages in two minutes, how many typists will it take to type 18 pages in six minutes?

(ক) 3 (খ) 6
(গ) 9 (ঘ) 18

ব্যাখ্যা

2 pages can be typed in 2 minutes by 2 typists

1 " " " " " 1 " " $\frac{2 \times 2}{2}$ "

18 " " " " " 6 " " $\frac{2 \times 2 \times 18}{2 \times 6}$ "

= 6 typists

মডেল ১৯ উত্তর

১	-
২	খ
৩	খ

মডেল ১৯ উত্তর

৪	ঘ
৫	গ
৬	গ
৭	ক,গ
৮	খ
৯	ঘ
১০	খ

৪. **The fifth consonant from the beginning of this sentence is the letter—**

ক i খ e গ a ঘ t

ব্যাখ্যা *From the beginning of that sentence 1st letter is 'T' (consonant), 2nd is 'h' (consonant), 3rd is 'e' (vowel), 4th is 'f' (consonant), 5th is 'i' (vowel), 6th is 'f' (consonant) and 7th is 't' (consonant). So the fifth consonant is 't'.*

৫. **If the second day of the month is a Monday, the eighteenth day of the month is a—**

ক Sunday খ Tuesday
গ Wednesday ঘ Monday

ব্যাখ্যা *In the month 2nd day is Monday, then the 18th day will be Wednesday. You can count down it in such way : 2nd day– Monday, 3rd–Tuesday, 4th–Wednesday, 5th–Thursday, 6th–Friday, 7th–Sat, 8th–Sun, 9th–Mon, 10th–Tues, 11th–Wed, 12th–Thurs, 13th–Fri, 14th-Sat 15th–Sun, 16th–Mon, 17th–Tues, 18th–Wednesday.*

৬. **Two men, starting at the same point, walk in opposite directions for 4 meters, turn left and walk another 3 meters. What is the distance between them?**

ক 7 meters খ 14 meters গ 10 meters ঘ 6 meters

ব্যাখ্যা দৈর্ঘ্য = ৩ + ৩ = ৬ মি.

প্রস্থ = 8 + 8 = ৮ মি.

আমরা জানি, $(\text{অতিভুজ})^2 = (\text{দৈর্ঘ্য})^2 + (\text{প্রস্থ})^2$

$\Rightarrow$ অতিভুজ $= \sqrt{(6)^2 + (8)^2}$

$= \sqrt{36+64}$

$= \sqrt{100} = 10$

অতিভুজ = 10 m.

৭. **30% of 10 is 10% of which?**

ক 30 খ 60 গ 30 ঘ 600

ব্যাখ্যা *30% of 10 = 10% of z*

$\Rightarrow \frac{30}{100} \times 10 = \frac{10}{100} \times z$

$\Rightarrow 3 = \frac{z}{10}$

$\therefore z = 30$

৮. **Rahim is 12 years old. He is three times older than Karim. What will be the age of Rahim when he is two times older than Karim?**

ক 15 years খ 16 years
গ 17 years ঘ 18 years

ব্যাখ্যা *If karim's age is x, then Rahim's age will be 3x. According to question, 3x = 12*

$\therefore x = 4$

After y years, Rahims age will be doubled than Karim.

$\therefore 12 + y = 2(4 + y) \Rightarrow y = 4$

At the time, Rahim's age $= 3x + y = 3 \times 4 + 4 = 16$

৯. **Divide 30 by half and add 10. What do you get?**

ক 25 খ 45 গ 55 ঘ 70

ব্যাখ্যা $30 \div \frac{1}{2} + 10 = 30 \times \frac{1}{2} + 10 = 60 + 10 = 70$

১০. **If a man swims 4 miters upstream at 1 mph and back downstream to the same point at 4 mph, what is his average speed?**

ক 0.8 mph খ 1.6 mph
গ 2.4 mph ঘ 3.2 mph

ব্যাখ্যা *Let, towards upstream he swims at v_1 mph and towards downstream he swims at v_2 mph*

$\therefore v_1 = 1; v_2 = 4$

Now, his average speed

$= \frac{2}{\frac{1}{v_1} + \frac{1}{v_2}} = \frac{2}{\frac{1}{1} + \frac{1}{4}}$ *[Rule of harmonic mean]*

$= \frac{2}{1 + \frac{1}{4}} = \frac{2}{\frac{5}{4}} = \frac{2}{\frac{5}{4}} = 2 \times \frac{4}{3} = \frac{8}{5} = 1.6$ *mph*

Total 5 mph swims 8 mitres

5 | 8 | 1.6mph
5
30
30
×

$\therefore$ *His average speed 1.6 mph.*

মডেল ২০ — ২৯তম বিসিএস ২০০৯

মডেল ২০ উত্তর

১	ঘ
২	গ

১. ১০ থেকে ৬০ পর্যন্ত যে সকল মৌলিক সংখ্যার একক স্থানীয় অংক ৯ তাদের সমষ্টি কত?

ক ১৪৬ খ ৯৯
গ ১০৫ ঘ ১০৭

ব্যাখ্যা ১০ থেকে ৬০ পর্যন্ত যে সকল মৌলিক সংখ্যার একক স্থানীয় অঙ্ক ৯, সে সকল সংখ্যা হচ্ছে ১৯, ২৯, ৫৯। সংখ্যা তিনটির সমষ্টি = ১৯ + ২৯ + ৫৯ = ১০৭।

২. ৪০ সংখ্যাটি a হতে ১১ কম। গাণিতিক আকারে প্রকাশ করলে কি হবে?

ক $a + ১১ = ৪০$ খ $a + ৪০ = ১১$
গ $a = ৪০ + ১১$ ঘ $a = ৪০ + ১$

ব্যাখ্যা ৪০ সংখ্যাটি a হতে ১১ কম।

অর্থাৎ $৪০ = a - ১১$

$\Rightarrow a = ৪০ + ১১$

৩. পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা ও চার অঙ্কের বৃহত্তম সংখ্যার অন্তর কত?
ক ৯ খ ১০ গ ১ ঘ −১

ব্যাখ্যা
পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা = ১০০০০
চার অঙ্কের বৃহত্তম সংখ্যা = ৯৯৯৯
ব্যবধান = ১

৪. ১.১, .০১, ও .০০১১-এর সমষ্টি কত?
ক ০.০১১১১ খ ১.১১১১
গ ১১.১১০১ ঘ ১.১০১১১

ব্যাখ্যা
১.১
.০১
.০০১১
যোগফল= ১.১১১১

৫. ১.১৬-এর সাধারণ ভগ্নাংশ কোনটি?
ক $১\frac{১}{৬}$ খ $১\frac{৮}{৪৫}$ গ $১\frac{১৬}{৯৯}$ ঘ $১\frac{৪}{২৫}$

ব্যাখ্যা $১.১৬ = ১\frac{১৬}{১০০} = \frac{১১৬}{১০০} = ১\frac{৪}{২৫}$

৬. ৪টি ১ টাকার নোট ও ৮টি ২ টাকার নোট একত্রে ৮টি ৫ টাকার নোটের কত অংশ?
ক $\frac{১}{৪}$ খ $\frac{১}{২}$ গ $\frac{১}{৮}$ ঘ $\frac{১}{১৬}$

ব্যাখ্যা ৪টি ১ টাকার নোট = ৪ × ১ = ৪ টাকা
৮টি ২ টাকার নোট = ৮ × ২ = ১৬ টাকা
মোট = ২০ টাকা
আবার, ৮টি ৫ টাকার নোট = ৮ × ৫ = ৪০ টাকা
তাহলে $\frac{২০}{৪০} = \frac{১}{২}$

৭. পরপর তিনটি সংখ্যার গুণফল ১২০ হলে তাদের যোগফল হবে–
ক ৯ খ ১২ গ ১৪ ঘ ১৫

ব্যাখ্যা এখানে সংখ্যা তিনটি হতে পারে যথাক্রমে ১, ২, ৩; ২, ৩, ৪; ৩, ৪, ৫; ৪, ৫, ৬; ৫, ৬, ৭; .....। এখানে দেখা যায় সংখ্যা তিনটি ৪, ৫, ৬ হলেই গুণফল ১২০ হয়। এগুলোর যোগফল = ৪ + ৫ + ৬ = ১৫

৮. Which of the following integers has the most divisors?
ক 88 খ 91 গ 95 ঘ 99

ব্যাখ্যা
$88 = 2\times2\times2\times11$; So divisors are 2, 4, 8, 11, 22, 44, 88.
$91 = 7\times13$; So divisors are 7, 13, 91.
$95 = 5\times19$; So divisors are 5, 19, 95.
$99 = 3\times3\times11$; So divisors are 3, 9, 11, 33, 99.
So, 88 has the most divisors.

৯. Successive discount of 20% and 15% are equal to a single discount of—
ক 30% খ 32% গ 34% ঘ 35%

ব্যাখ্যা Let, the selling price be Tk. 100.
After 20% discount, selling price $= 100 - 100\times20\%$
$= 100 - 100\times\frac{20}{100}$
$= 100 - 20 =$ Tk. 80
Again, after 15% discount, selling price
$= 80 - 80\times15\% = 80 - 80\times\frac{15}{100} = 80 - 12 =$ Tk. 68
So, total discount $= 100 - 68 =$ Tk. 32
That means, total discount = 32%

১০. City B is 5 miles east of city A. City C is 10 miles southeast of city B. Which of the following is the closest to the distance from city A to City C?
ক 11 miles খ 12 miles
গ 13 miles ঘ 14 miles

ব্যাখ্যা Here, AB = 5 miles, BC = 10 miles
ΔBDC is an isosceles right-angled triangle.
$\therefore BC^2 = BD^2 + CD^2$
$\Rightarrow 10^2 = x^2 + x^2$
$\Rightarrow 2x^2 = 100$
$\Rightarrow x^2 = 50 = 25\times2$
$\Rightarrow x = 5\sqrt{2}$
$\therefore AD = AB + BD = 5 + 5\sqrt{2}$
Now, $AC^2 = AD^2 + CD^2$
$\Rightarrow AC^2 = (5+5\sqrt{2})^2 + (5\sqrt{2})^2$
$= (5 + 5\times1.414)^2 + 50$
$= 195.68$
$\Rightarrow AC = 13.99 \approx 14$

মডেল ২০ উত্তর

৩	গ
৪	খ
৫	ঘ
৬	খ
৭	ঘ
৮	ক
৯	খ
১০	ঘ

মডেল ২১ ৩০তম বিসিএস ২০১০

১. কোন লঘিষ্ঠ সংখ্যার সাথে ২ যোগ করলে যোগফল ১২, ১৮ এবং ২৪ দ্বারা বিভাজ্য হবে?
ক ৮৯ খ ৭০
গ ১৭০ ঘ ১৪২

ব্যাখ্যা ১২, ১৮ ও ২৪ এর ল. সা. গু. = ২ × ২ × ৩ × ৩ × ২ = ৭২
∴ নির্ণেয় লঘিষ্ঠ সংখ্যা = ৭২ − ২ = ৭০

২. নিচের কোনটি মৌলিক সংখ্যা?
ক ৯১ খ ৮৭
গ ৬৩ ঘ ৫৯

ব্যাখ্যা আমরা জানি, যে সংখ্যাকে ১ এবং ঐ সংখ্যা ভিন্ন অন্য কোনো সংখ্যা দ্বারা নিঃশেষে ভাগ করা যায় না, তাকে মৌলিক সংখ্যা বলে। সুতরাং উপরিউক্ত সংখ্যাগুলোর মধ্যে ৫৯ সংখ্যাটি মৌলিক সংখ্যা।

মডেল ২১ উত্তর

১	খ
২	ঘ

৩. নিচের কোনটি ক্ষুদ্রতম সংখ্যা?
ক ০.৩ খ $\sqrt{০.৩}$ গ $\frac{১}{৩}$ ঘ $\frac{২}{৫}$

ব্যাখ্যা লক্ষ্য করি,

(ক) ০.৩ = ০.৩০; (খ) $\sqrt{০.৩}$ = ০.৫৫;

(গ) $\frac{১}{৩}$ = ০.৩৩ এবং (ঘ) $\frac{২}{৫}$ = ০.৪০। অর্থাৎ ক্ষুদ্রতম সংখ্যাটি হবে ০.৩।

৪. একটি সংখ্যা ৩০১ হতে যত বড় ৩৮১ হতে তত ছোট। সংখ্যাটি কত?
ক ৩৪০ খ ৩৪১ গ ৩৪২ ঘ ৩৪৪

ব্যাখ্যা ধরি, সংখ্যাটি x

প্রশ্নমতে, x − ৩০১ = ৩৮১ − x

বা, ২x = ৬৮২

∴ x = ৩৪১

৫. ক ও খ একত্রে একটি কাজ ১২ দিনে করতে পারে। ক একা কাজটি ২০ দিনে করতে পারে। খ একা কাজটি কতদিনে করতে পারবে?
ক ২৫ দিনে খ ৩০ দিনে
গ ৩৫ দিনে ঘ ৪০ দিনে

ব্যাখ্যা ক ও খ একত্রে ১ দিনে করে $\frac{১}{১২}$ অংশ কাজ

আবার, ক একা ১ দিনে করে $\frac{১}{২০}$ অংশ কাজ

∴ খ একা ১ দিনে করে $\left(\frac{১}{১২}-\frac{১}{২০}\right)$ অংশ কাজ

বা, $\frac{২}{৬০}$ অংশ বা, $\frac{১}{৩০}$ অংশ কাজ

এখন, খ একা $\frac{১}{৩০}$ অংশ কাজ করে ১ দিনে

∴ খ " ১ " " " $\frac{১\times৩০}{১}$ দিনে বা, ৩০ দিনে

৬. $f(x) = x^3 + kx^2 - 6x - 9$; k-এর মান কত হলে $f(3) = 0$ হবে।
ক 1 খ −1 গ 2 ঘ 0

ব্যাখ্যা দেয়া আছে, $f(x) = x^3 + kx^2 - 6x - 9$

∴ $f(3) = 3^3 + k.3^2 - 6.3 - 9 = 9k$

প্রশ্নমতে, $9k = 0$ [∵ $f(3) = 0$]

∴ $k = 0$

৭. x > y এবং z < 0 হলে নিচের কোনটি সঠিক?
ক xz > yz খ $\frac{x}{z} > \frac{y}{z}$
গ $\frac{z}{x} < \frac{z}{y}$ ঘ xz < yz

ব্যাখ্যা দেওয়া আছে, z < 0 অর্থাৎ z একটি ঋণাত্মক সংখ্যা। আমরা জানি, কোনো অসমতার উভয় পক্ষকে কোনো ঋণাত্মক সংখ্যা দ্বারা গুণ বা ভাগ করলে অসমতা চিহ্ন পাল্টে যায় (অর্থাৎ '>' চিহ্ন পরিবর্তিত হয়ে '<' চিহ্ন এবং '<' চিহ্ন পরিবর্তিত হয়ে '>' চিহ্ন হয়)।

দেয়া আছে, x > y

∴ xz < yz [উভয়পক্ষকে z দ্বারা গুণ করে]।

৮. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ। আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল 1250 বর্গমিটার হলে এর দৈর্ঘ্য কত?
ক 30 মিটার খ 40 মিটার
গ 50 মিটার ঘ 60 মিটার

ব্যাখ্যা ধরি, আয়তক্ষেত্রটির প্রস্থ = x মিটার

∴ দৈর্ঘ্য = 2x মিটার

∴ আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল = $2x^2$ বর্গমিটার

প্রশ্নমতে, $2x^2 = 1250$

বা, $x^2 = 625$

∴ $x = 25$

∴ আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য = 2 × 25 মিটার = 50 মিটার

৯. নিম্নের কোনটি বৃত্তের সমীকরণ?
ক $ax^2 + bx + c = 0$ খ $y^2 = ax$
গ $x^2 + y^2 = 16$ ঘ $y^2 = 2x + 7$

ব্যাখ্যা আমরা জানি, কেন্দ্র (p, q) ও ব্যাসার্ধ r বিশিষ্ট বৃত্তের সাধারণ সমীকরণ হলো, $(x-p)^2 + (y-q)^2 = r^2$

p = 0, q = 0 এবং r = 4 হলে উপরিউক্ত সমীকরণটি দাঁড়ায়,

$x^2 + y^2 = 16$

১০. $a - \frac{1}{a} = 3$ হলে $a^3 + \frac{1}{a^3}$ এর মান কত?
ক 9 খ 18 গ 27 ঘ 36

ব্যাখ্যা প্রশ্নটিতে ভুল রয়েছে।

$a^3 + \frac{1}{a^3} = \left(a + \frac{1}{a}\right)^3 - 3\left(a + \frac{1}{a}\right)$

$= (3)^3 - 3.3$

$= 27 - 9$

$= 18$

সুতরাং প্রশ্নপত্রে $a - \frac{1}{a} = 3$ এর পরিবর্তে $a + \frac{1}{a} = 3$ হলে উত্তর হবে 18 (অপশন খ)।

অবার, $a^3 + \frac{1}{a^3}$ এর পরিবর্তে $a^3 - \frac{1}{a^3}$ হলে উত্তর হবে 36 (অপশন ঘ)।

১১. $\log_a\left(\frac{m}{n}\right)$ = কত?
ক $\log_a m - \log_a n$ খ $\log_a m + \log_a n$
গ $\log_a m \times \log_a n$ ঘ কোনটিই নয়

ব্যাখ্যা লগারিদমের সূত্রানুযায়ী, $\log_a\left(\frac{m}{n}\right) = \log_a m - \log_a n$ এবং $\log_a(mn) = \log_a m + \log_a n$

১২. a + b = 7 এবং $a^2 + b^2 = 25$ হলে নিচের কোনটি ab এর মান হবে?
ক 12 খ 10
গ 6 ঘ কোনটিই নয়

ব্যাখ্যা দেয়া আছে, $a^2 + b^2 = 25$

বা, $(a + b)^2 - 2ab = 25$

বা, $7^2 - 2ab = 25$ [∵ a + b = 7]

বা, 2ab = 24

∴ ab = 12

মডেল ২১ উত্তর

৩	ক
৪	খ
৫	খ
৬	ঘ
৭	ঘ
৮	গ
৯	গ
১০	–
১১	ক
১২	ক

১৩. দুটি সন্নিহিত কোণের সমষ্টি দুই সমকোণ হলে একটিকে অপরটির কি বলে?

ক সন্নিহিত কোণ খ সরলকোণ
গ পূরককোণ ঘ সম্পূরক কোণ

ব্যাখ্যা সম্পূরক কোণের সংজ্ঞা অনুযায়ী, দুটি সন্নিহিত কোণের সমষ্টি দুই সমকোণ হলে কোণ দুটির একটিকে অপরটির সম্পূরক কোণ বলে।

১৪. বৃত্তের কেন্দ্র ছেদকারী জ্যাকে কি বলা হয়?

ক ব্যাস খ ব্যাসার্ধ গ বৃত্তচাপ ঘ পরিধি

ব্যাখ্যা বৃত্তের কেন্দ্র ছেদকারী অর্থাৎ বৃত্তের কেন্দ্র দিয়ে গমনকারী জ্যাকে বলা হয় বৃত্তের ব্যাস।

১৫. দুটি ত্রিভুজ পরস্পর সর্বসম হওয়ার জন্য নিচের কোন শর্তটি যথেষ্ট নয়?

ক একটির তিনবাহু অপরটির তিন বাহুর সমান
খ একটির তিন কোণ অপরটির তিন কোণের সমান
গ একটির দুই কোণ ও এক বাহু অপরটির দুই কোণ ও অনুরূপ বাহুর সমান
ঘ একটির দুই বাহু ও অন্তর্ভুক্ত কোণ অপরটির দুই বাহু ও অন্তর্ভুক্ত কোণের সমান

ব্যাখ্যা অপশন (ক), (গ) ও (ঘ)-এর বিদ্যমান শর্তগুলো দুটি ত্রিভুজ পরস্পর সর্বসম হওয়ার জন্য যথেষ্ট। কিন্তু অপশন (খ)-এ বিদ্যমান শর্তটি দুটি ত্রিভুজ পরস্পর সর্বসম হওয়ার জন্য যথেষ্ট নয়।

১৬. কোন ত্রিভুজের বাহুগুলোর অনুপাত নিচের কোন্‌টি হলে একটি সমকোণী ত্রিভুজ অঙ্কন সম্ভব হবে?

ক ৬ : ৫ : ৪ খ ৩ : ৪ : ৫
গ ১২ : ৮ : ৪ ঘ ৬ : ৪ : ৩

ব্যাখ্যা লক্ষ্য করি, (ক) $৪^২ + ৫^২ \neq ৬^২$; (খ) $৩^২ + ৪^২ = ৫^২$; (গ) $৪^২ + ৮^২ \neq ১২^২$ এবং (ঘ) $৩^২ + ৪^২ \neq ৬^২$। অর্থাৎ, সঠিক উত্তর (খ)।

১৭. একটি মিনারের পাদদেশ হতে 20 মিটার দূরের একটি স্থান হতে মিনারটির শীর্ষবিন্দুর উন্নতি কোণ 30° হলে মিনারটির উচ্চতা কত?

ক $20\sqrt{3}$ মিটার খ $\frac{20}{\sqrt{3}}$ মিটার
গ 20 মিটার ঘ $10\sqrt{3}$ মিটার

ব্যাখ্যা ধরি, মিনারটির উচ্চতা = x মিটার

পাশের চিত্রানুযায়ী,

$\tan 30° = \frac{AB}{BC}$



$\Rightarrow \frac{1}{\sqrt{3}} = \frac{x}{20}$

$\Rightarrow x = \frac{20}{\sqrt{3}}$

∴ মিনারটির উচ্চতা $= \frac{20}{\sqrt{3}}$ মিটার।

১৮. $১৩\frac{৩}{৪}\%$ এর সমান—

ক $\frac{১১}{৮০}$ খ $\frac{১১}{২০}$
গ $\frac{১}{৯}$ ঘ $\frac{১}{৮}$

ব্যাখ্যা

$১৩\frac{৩}{৪}\% = \frac{৫৫}{৪}\% = \frac{\frac{৫৫}{৪}}{১০০} = \frac{৫৫}{৪} \times \frac{১}{১০০} = \frac{১১}{৮০}$

১৯. ৩, ৯, ও ৪ এর চতুর্থ সমানুপাতিক কত?

ক ৪ খ ১৪
গ ১৬ ঘ ১২

ব্যাখ্যা ধরি, চতুর্থ সমানুপাতিটি x

প্রশ্নমতে, ৩ : ৯ = ৪ : x

বা, $\frac{৩}{৯} = \frac{৪}{x}$

∴ x = ১২

২০. $3x^3 + 2x^2 - 21x - 20$ রাশিটির একটি উৎপাদক হচ্ছে—

ক x + 2 খ x − 2
গ x + 1 ঘ x − 1

ব্যাখ্যা ধরি, $f(x) = 3x^3 + 2x^2 - 21x - 20$

$\therefore f(-1) = 3.(-1)^3 + 2.(-1)^2 - 21.(-1) - 20 = 0$

যেহেতু x এর পরিবর্তে −1 বসালে প্রদত্ত রাশিটির মান শূন্য (0) হয়, সুতরাং x − (−1) বা x + 1 প্রদত্ত রাশিটির একটি উৎপাদক।

মডেল ২১ উত্তর

১৩	ঘ
১৪	ক
১৫	খ
১৬	খ
১৭	খ
১৮	ক
১৯	ঘ
২০	গ

মডেল ২২ ৩১তম বিসিএস ২০১১

১. কোনটি সবচেয়ে ছোট?

ক $\frac{2}{11}$ খ $\frac{3}{11}$ গ $\frac{2}{13}$ ঘ $\frac{4}{15}$

ব্যাখ্যা ক্যালকুলেটর ব্যবহার করে—

ক $\frac{2}{11} = 0.1818$ খ $\frac{3}{11} = 0.2727$
গ $\frac{2}{13} = 0.1538$ ঘ $\frac{4}{15} = 0.2667$

উত্তর : গ

২. যদি $\frac{Q}{P} = \frac{1}{4}$ হয় তবে $\frac{P+Q}{P-Q}$ এর মান—

ক $\frac{5}{3}$ খ $\frac{2}{3}$ গ $\frac{3}{5}$ ঘ $\frac{5}{7}$

ব্যাখ্যা

$\frac{Q}{P} = \frac{1}{4} \Rightarrow \frac{P}{Q} = \frac{4}{1} \Rightarrow \frac{P+Q}{P-Q} = \frac{4+1}{4-1}$ (যোজন ও বিয়োজন)

$= \frac{5}{3}$ উত্তর : ক

মডেল ২২ উত্তর

১	গ
২	ক

৩. রহিম, করিম এবং গাজী তিন জনে একটি কাজ করতে পারে যথাক্রমে 15, 6 এবং 10 দিনে। তাহারা একত্রে তিন জনে কাজটি কত দিনে শেষ করতে পারবে?

ক 21 দিন খ 18 দিন
গ 7 দিন ঘ 15 দিন

ব্যাখ্যা একত্রে তিন জনের কাজটি শেষ করতে সময় লাগে

$$= \frac{1}{\frac{1}{15}+\frac{1}{6}+\frac{1}{10}} = \frac{1}{\frac{2+5+3}{30}} = \frac{30}{10} = 3 \text{ দিন}$$

অতএব প্রশ্নে সঠিক উত্তর নেই।

সূত্র.: দুই বা তিন বা ততোধিক ব্যক্তির একত্রে কাজ করার সময়

$$= \frac{1}{\frac{1}{\text{১ম জনের সময়}} + \frac{1}{\text{২য় জনের সময়}} + \ldots\ldots\ldots\ldots}$$

৪. কোনো সংখ্যার 40% এর সাথে 42 যোগ করলে ফলাফল হবে ঐ সংখ্যাটি। উহা কত?

ক 70 খ 80
গ 90 ঘ 75

ব্যাখ্যা ধরি, সংখ্যাটি $= x$

$\therefore x \times 40\% + 42 = x$

$\Rightarrow \frac{x \times 40}{100} + 42 = x$

$\Rightarrow \frac{2x}{5} + 42 = x$

$\Rightarrow 2x + 210 = 5x$

$\Rightarrow 3x = 210$

$\therefore x = \frac{210}{3} = 70$

সুতরাং সংখ্যাটি 70

৫. কোন সংখ্যার 60% থেকে 60 বিয়োগ করলে ফলাফল হবে 60। তবে সংখ্যাটি কত?

ক 250 খ 100
গ 200 ঘ 300

ক 30 বছর খ 35 বছর
গ 40 বছর ঘ 50 বছর

ব্যাখ্যা মনে করি,

পুত্রের বয়স 'x' বছর

তাহলে পিতার বয়স $(50 - x)$ বছর

প্রশ্নমতে,

$\Rightarrow 2(x + 20) = 50 - x + 20$

$\Rightarrow 2x + 40 = 70 - x$

$\Rightarrow 2x + x = 70 - 40$

$\Rightarrow 3x = 30$

$x = \frac{30}{3}$

$\therefore x = 10$

∴ পিতার বর্তমান বয়স $= 50 - x$ বছর

$= 50 - 10$ বছর

$= 40$ বছর

১৪. দুই অংক বিশিষ্ট একটি সংখ্যার অংকদ্বয়ের সমষ্টি 9। সংখ্যাটি হতে 9 বিয়োগ করলে এর অংকদ্বয় স্থান বিনিময় করে। সংখ্যাটি কত?

ক 34 খ 67
গ 54 ঘ 23

ব্যাখ্যা মনে করি,

সংখ্যা দুইটি হলো x ও y

তাহলে দুই অংক বিশিষ্ট সংখ্যাটি হলো $10y + x$ ..... (i) নং

$\therefore x + y = 9$ ..... (ii) নং সমীকরণ

মডেল প্রশ্ন উত্তর

১০	গ
১১	খ
১২	গ
১৩	গ
১৪	গ

প্রশ্নমতে,

$10x + y = 10y + x - 9$

$\Rightarrow 9x - 9y = -9$

$\Rightarrow x - y = -1$ ..... (iii) নং সমীকরণ

এখন (ii) ও (iii) নং সমীকরণ যোগ করে পাই

$$\begin{array}{r} x + y = 9 \\ x - y = -1 \\ \hline 2x = 8 \end{array}$$

$\Rightarrow x = \frac{8}{2}$

$\therefore x = 4$

x এর মান (ii) নং সমীকরণে বসিয়ে পাই

$4 + y = 9$

$\therefore y = 5$

(i) নং সমীকরণে x ও y এর মান বসিয়ে পাই

$10y + x = (10 \times 5 + 4) = 50 + 4 = 54$

১৫. একটি আয়তাকার ক্ষেত্রের পরিসীমা 18 মিটার এবং ক্ষেত্রফল 20 বর্গমিটার হলে, এর দৈর্ঘ্য ও প্রস্থ কত?

ক 12 মিটার ও 6 মিটার খ 10 মিটার ও 2 মিটার

গ 9 মিটার ও 2 মিটার ঘ 5 মিটার ও 4 মিটার

ব্যাখ্যা ধরি, দৈর্ঘ্য $= x$ এবং প্রস্থ $= y$

পরিসীমা $2(x + y) = 18$ মিটার

$\Rightarrow x + y = \frac{18}{2}$

$\Rightarrow x + y = 9$

$\therefore x = 9 - y$

এবং ক্ষেত্রফল $xy = 20$

$\Rightarrow (9 - y)y = 20$ [x এর মান বসিয়ে]

$\Rightarrow 9y - y^2 = 20$

$\Rightarrow 9y - y^2 - 20 = 0$ y-এর মান (i) নং বসিয়ে

$\Rightarrow y^2 - 9y + 20 = 0$ $\quad x = 9 - y$

$\Rightarrow y^2 - 5y - 4y + 20 = 0$ $\quad = 9 - 5 = 4$

$\Rightarrow y(y - 5) - 4(y - 5) = 0$ এবং $= 9 - 4 = 5$

$\Rightarrow (y - 5)(y - 4) = 0$

$\therefore y = 5$ এবং $y = 4$

সুতরাং দৈর্ঘ্য ও প্রস্থ 5 মিটার ও 4 মিটার।

১৬. দুইটি সংখ্যার বিয়োগফল 25। বৃহত্তর সংখ্যাটির 4 গুণ ক্ষুদ্রতর সংখ্যাটির 5 গুণের সমান হলে, সংখ্যা দুইটি কত?

ক 100, 110 খ 100, 125

গ 110, 120 ঘ 120, 130

ব্যাখ্যা মনে করি,

বৃহত্তর সংখ্যাটি 'x' এবং ক্ষুদ্রতর সংখ্যাটি 'y'

$\therefore x - y = 25$ ..... (i) নং সমীকরণ

শর্তমতে, $4x - 5y = 0$ ..... (ii) নং সমীকরণ

এখন (i) নং সমীকরণকে 5 দ্বারা গুণ করে (i) ও (ii) বিয়োগ করে পাই।

$$\begin{array}{r} 5x - 5y = 125 \\ 4x - 5y = 0 \\ (-) \quad (+) \quad (-) \\ \hline x = 125 \end{array}$$

x এর মান (i) নং সমীকরণে বসিয়ে পাই

$\therefore x - y = 25$

$\Rightarrow 125 - y = 25$

$\Rightarrow -y = 25 - 125$

$\Rightarrow -y = -100$

$\therefore y = 100$

সুতরাং নির্ণেয় সংখ্যা দুটি হলো (100, 125)

মডেল ২৯ উত্তর

১৫ ঘ

১৬ খ

মডেল ৩০ বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী ২০১৩

১. বৃত্তের ব্যাস 50% বৃদ্ধি পেলে উহার ক্ষেত্রফল কত শতাংশ বৃদ্ধি পায়?

ক 50% খ 100%

গ 125% ঘ 75%

ব্যাখ্যা ধরি, বৃত্তের ব্যাস $= d$

$\therefore$ বৃত্তের ক্ষেত্রফল $= \frac{\pi d^2}{4}$

50% বৃদ্ধিতে বৃত্তের ব্যাস $= d + d$ এর 50%

$= d + d$ এর $\frac{50}{100}$

$= d + \frac{d}{2}$

$= \frac{3d}{2}$

$\therefore$ ক্ষেত্রফল $= \pi\left(\frac{3d}{4}\right)^2 = \frac{9\pi d^2}{16}$

$\therefore$ ক্ষেত্রফল বৃদ্ধি $= \frac{9\pi d^2}{16} - \frac{\pi d^2}{4}$

$= \frac{9\pi d^2 - 4\pi d^2}{16} = \frac{5\pi d^2}{16}$

$\therefore$ শতকরা বৃদ্ধি পায় $= \left(\frac{\frac{5\pi d^2}{16}}{\frac{\pi d^2}{4}}\right) \times 100\%$

$= \left(\frac{5\pi d^2}{16} \times \frac{4}{\pi d^2}\right) \times 100\%$

$= 125\%$

উত্তর : 125%

মডেল ৩০ উত্তর

১ গ

২. ABCD একটি বৃত্তে অন্তর্লিখিত চতুর্ভুজ। $\angle BAD + \angle BCD =$ কত?

ক 180° খ 170°
গ 150° ঘ 160°

ব্যাখ্যা



আমরা জানি, চতুর্ভুজের চার কোণের সমষ্টি $= 360°$

$\therefore \angle A + \angle B + \angle C + \angle D = 360°$

বা, $\angle A + \angle C = 360° - (\angle B + \angle D)$

[বৃত্তে অন্তর্লিখিত চতুর্ভুজের যে কোনো দুটি বিপরীত কোণের সমষ্টি দুই সমকোণ]

বা, $\angle A + \angle C = 360° - 180°$

$\therefore \angle A + \angle C = 180°$

৩. O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে AB একটি ব্যাস ভিন্ন জ্যা। OD, AB এর উপর লম্ব। AD = 2.5cm হলে, AB = কত cm?

ক 4 cm খ 5 cm
গ 6 cm ঘ 3 cm

ব্যাখ্যা বৃত্তের কেন্দ্র হতে কোনো জ্যা এর উপর অঙ্কিত লম্ব ঐ জ্যা-কে সমদ্বিখণ্ডিত করে।

অতএব, OD, AB জ্যাকে সমদ্বিখণ্ডিত করে।

$AB = 2\,AD = (2 \times 2.5)$ সে. মি. $= 5$ সেমি

৪. একটি সুষম ষড়ভুজের অন্তঃস্থ যে কোনো একটি কোণের পরিমাণ কত?

ক 120° খ 100°
গ 90° ঘ 60°

ব্যাখ্যা সুষম বহুভুজের প্রতিটি অন্তঃ কোণের পরিমাণ

$= \left(180 \times \frac{n-2}{n}\right)^\circ$

$\therefore$ একটি সুষম ষড়ভুজের অন্তঃস্থ যে কোনো একটি কোণের পরিমাণ হলো–

$\left(180 \times \frac{6-2}{6}\right)^\circ \quad [\because n = 6]$

$= \left(180 \times \frac{4}{6}\right)^\circ = 120°$

৫. একটি স্কুলের ছাত্র-ছাত্রীর সংখ্যার মধ্যে $\frac{5}{6}$ অংশ ছাত্র এবং বাকি অংশ ছাত্রী। যদি ছাত্রদের সংখ্যা ছাত্রীদের সংখ্যা অপেক্ষা 120 জন বেশি হয়, তবে ছাত্রীর সংখ্যা কত?

ক 25 জন খ 35 জন
গ 30 জন ঘ 20 জন

ব্যাখ্যা ধরি, স্কুলের ছাত্র-ছাত্রী সংখ্যা x জন

$\therefore$ ছাত্রের সংখ্যা $= x$ এর $\frac{5}{6} = \frac{5x}{6}$ জন

তাহলে ছাত্রীর সংখ্যা $= x - \frac{5x}{6}$

$= \frac{6x - 5x}{6} = \frac{x}{6}$ জন।

প্রশ্নমতে, $\frac{5x}{6} = \frac{x}{6} + 120$

বা, $\frac{5x}{6} - \frac{x}{6} = 120$

বা, $\frac{5x - x}{6} = 120$

বা, $4x = 120 \times 6$

বা, $x = \frac{120 \times 6}{4}$

$\therefore x = 180$

$\therefore$ ছাত্রীর সংখ্যা $= \frac{180}{6} = 30$ জন।

৬. $|x - 5| = 6$ সমীকরণটির সমাধান সেট হলো —

ক $\{1, -11\}$ খ $\{1, 11\}$
গ $\{-1, 11\}$ ঘ $\{-1, -11\}$

ব্যাখ্যা প্রদত্ত সমীকরণ, $|x - 5| = 6$

$(x - 5)$ অঋণাত্মক অর্থাৎ $(x - 5) \geq 0$ হলে, $x - 5 = 6$

বা, $x = 5 + 6$

$\therefore x = 11$

আবার, $(x - 5)$ ঋণাত্মক অর্থাৎ $(x - 5) < 0$ হলে,

$-(x - 5) = 6$

$x - 5 = -6$ [উভয় পক্ষে (-1) দ্বারা গুণ করে]

বা, $x = 5 - 6 \quad \therefore x = -1$

$\therefore$ সমাধান : $x = 11$ অথবা $x = -1$

$\therefore$ নির্ণেয় সমাধান সেট, $S = \{-1, 11\}$

৭. $\frac{x}{3} - \frac{2}{y} = 1$ এবং $\frac{x}{4} + \frac{3}{y} = 3$ হলে, $(x, y) =$ কত?

ক (2, 5) খ (4, 3)
গ (2, 6) ঘ (6, 2)

ব্যাখ্যা দেওয়া আছে, $\frac{x}{3} - \frac{2}{y} = 1 \ldots (i)$

এবং $= \frac{x}{4} + \frac{3}{y} = 3 \ldots (ii)$

মডেল ৩০

উত্তর

২	ক
৩	খ
৪	ক
৫	গ
৬	গ
৭	ঘ

(i) নং সমীকরণ হতে পাই, $\frac{x}{3}-\frac{2}{y}=1$

বা, $\frac{xy-6}{3y}=1$

$\therefore xy-3y=6$ ..... (iii)

আবার, (ii) নং সমীকরণ হতে পাই, $\frac{x}{4}+\frac{3}{y}=3$

বা, $\frac{xy+12}{4y}=3$

$\therefore xy-12y=-12$ ..... (iv)

(iii) − (iv) হতে পাই,

$xy-3y=\ \ 6$

$xy-12y=-12$

(−) (+) (+)

$9y=18$

$\therefore y=2$

y এর মান (iii) নং সমী.-এ বসিয়ে পাই,

$2x-6=6$

বা, $2x=12$

$\therefore x=6$

$\therefore$ নির্ণেয় সমাধান $(x, y)=(6, 2)$

৮. $\log_{10}(0.001)=$ কত?

ক -2 খ -3

গ $\frac{1}{2}$ ঘ $\frac{1}{3}$

ব্যাখ্যা ধরি, $\log_{10}(0.001)=x$

$\therefore 10^x=0.001=\frac{1}{1000}$

$10^x=10^{-3}$

$\therefore x=-3$

৯. $x-\frac{1}{x}=2$ হলে, $x^2+\frac{1}{x^2}$ এর মান কত?

ক 6 খ 0

গ 4 ঘ 2

ব্যাখ্যা দেওয়া আছে, $x-\frac{1}{x}=2$

প্রদত্ত রাশি, $x^2+\frac{1}{x^2}$

$=\left(x-\frac{1}{x}\right)^2+2.x.\frac{1}{x}$

$=(2)^2+2$

$=6$

১০. $x^2+2xy-2y-1$ এর উৎপাদক কত?

ক $(x+y+1)(x-1)$ খ $(x+2y+1)(x+1)$

গ $(x+y+1)(x+1)$ ঘ $(x+2y+1)(x-1)$

ব্যাখ্যা $x^2+2xy-2y-1$

$=x^2-1+2xy-2y$

$=(x+1)(x-1)+2y(x-1)$

$=(x-1)(x+2y+1)$

১১. কোনো শ্রেণির ২৪ জন ছাত্রের গড় বয়স ১৪ বছর। যদি একজন শ্রেণি শিক্ষকের বয়স তাদের বয়সের সাথে যোগ করা হয় তবে বয়সের গড় এক বৎসর বৃদ্ধি পায়। শিক্ষকের বয়স কত?

ক ৪০ বৎসর খ ৩৯ বৎসর

গ ৪৫ বৎসর ঘ ৩৫ বৎসর

ব্যাখ্যা শ্রেণির ২৪ জন ছাত্রের গড় বয়স ১৪ বছর

$\therefore$ " ২৪ " " মোট " (২৪ × ১৪) বছর

= ৩৩৬ বছর

আবার, একজন শ্রেণি শিক্ষকের বয়স তাদের বয়সের সাথে যোগ করা হলে তবে বয়সের গড় এক বছর বৃদ্ধি পায়।

অর্থাৎ (২৪+১) বা, ২৫ জনের গড় বয়স (১৪+১) বা ১৫ বছর

$\therefore$ ২৫ " মোট " (২৫ × ১৫) বছর

= ৩৭৫ বছর

$\therefore$ শিক্ষকের বয়স (৩৭৫ − ৩৩৬) বছর = ৩৯ বছর

১২. দুইটি সংখ্যার গ. সা. গু. ও ল. সা. গু. যথাক্রমে ১৪ ও ১৬৮; একটি সংখ্যা ৪২ হলে, অপর সংখ্যাটি কত?

ক ৫৬ খ ৬২

গ ৮৪ ঘ ১১২

ব্যাখ্যা আমরা জানি,

সংখ্যা দুটির গুণফল = গ. সা. গু × ল. সা. গু

বা, ৪২ × অপর সংখ্যা = ১৪ × ১৬৮

বা, অপর সংখ্যা $=\frac{১৪ \times ১৬৮}{৪২}$

$\therefore$ অপর সংখ্যাটি = ৫৬

১৩. ক : খ = ৪ : ৫, খ : গ = ২ : ৩ এবং ক = ৮০০ হলে, গ = কত?

ক ২০০০ খ ১৫০০

গ ১২০০ ঘ ১৮০০

ব্যাখ্যা দেওয়া আছে, ক : খ = (৪ : ৫) × ২

= ৮ : ১০

এবং খ : গ = (২ : ৩) × ৫ = ১০ : ১৫

$\therefore$ ক : খ : গ = ৮ : ১০ : ১৫

প্রশ্নমতে, ক : গ = ৮ : ১৫

বা, $=\frac{ক}{গ}=\frac{৮}{১৫}$

বা, $\frac{৮০০}{গ}=\frac{৮}{১৫}$ [দেওয়া আছে, ক = ৮০০]

বা, ৮ গ = ৮০০ × ১৫

$\therefore$ গ = ১৫০০

মডেল ৩০ উত্তর

৮	খ
৯	ক
১০	ঘ
১১	খ
১২	ক
১৩	খ

১৪. একটি চৌবাচ্চার দৈর্ঘ্য ৩ মিটার, প্রস্থ ২ মিটার ও উচ্চতা ৪ মিটার। এতে কত লিটার বিশুদ্ধ পানি ধরবে?

ⓚ ২৪০০ লিটার ⓛ ২৪০০০ লিটার
ⓜ ২৪০ লিটার ⓝ ২৪০০০০ লিটার

ব্যাখ্যা চৌবাচ্চার দৈর্ঘ্য ৩ মি. = ৩০০ সেমি
প্রস্থ ২ মি. = ২০০ সেমি
এবং উচ্চতা ৪ মি. = ৪০০ সেমি
∴ চৌবাচ্চার আয়তন = (৩০০ × ২০০ × ৪০০) ঘন সেমি
= ২,৪০০০,০০০ ঘন সেমি
আমরা জানি, ১০০০ ঘন সে. মি = ১ লিটার
∴ ২,৪০০০,০০০ " " $= \frac{২,৪০০০,০০০}{১০০০}$
= ২৪,০০০ লিটার।

১৫. যদি ডালের দাম ২৫% বৃদ্ধি পায়, তবে ডালের ব্যবহার কি হারে কমালে ডালের জন্য খরচের কোনো পরিবর্তন হবে না?

ⓚ ২০% ⓛ ২৫% ⓜ ১৫% ⓝ ৩০%

ব্যাখ্যা ২৫% বৃদ্ধি পাওয়াতে,
১২৫ টাকায় ডালের ব্যবহার কমলো ২৫ টাকা
∴ ১ " " " " $\frac{২৫}{১২৫}$ "
∴ ১০০ " " " " $= \frac{২৫ \times ১০০}{১২৫}$ "
= ২০ টাকা

১৬. 7 এর গুণিতকের সেট কোন ধরনের সেট?

ⓚ সসীম সেট ⓛ ফাঁকা সেট ⓜ সর্বিক সেট ⓝ অসীম সেট

ব্যাখ্যা যে সেটের উপাদানের সংখ্যা গণনা করে নির্ধারণ করা যায় না, সে সেটকে অসীম সেট বা অনন্ত সেট বলা হয়। সকল স্বাভাবিক সংখ্যার সেট N = {1, 2, 3, ...} একটি অসীম সেট। 7 এর গুণিতকের সেট একটি অসীম সেট। 7 এর গুণিতক হলো {1, 7, 14, 21, ...∞.

১৭. দুইটি ক্রমিক পূর্ণসংখ্যার বর্গের অন্তর ১৯৭ হলে, সংখ্যাদ্বয় কত?

ⓚ ৯৭, ৯৮ ⓛ ৯৬, ৯৭ ⓜ ৯৮, ৯৯ ⓝ ৯৯, ১০০

ব্যাখ্যা ধরি, সংখ্যা দুইটি $x, x + ১$
শর্তমতে, $(x + ১)^২ - x^২ = ১৯৭$
বা, $x^২ + ২x + ১ - x^২ = ১৯৭$
বা, $২x + ১ = ১৯৭$
বা, $২x = ১৯৬$ $\therefore x = ৯৮$
∴ সংখ্যা দুইটি ৯৮, (৯৮ + ১) = ৯৯।

১৮. একটি দ্রব্য ২৫% লাভে বিক্রয় করা হলে, বিক্রয়মূল্য ও ক্রয়মূল্যের অনুপাত নিচের কোনটি?

ⓚ ৫ : ৪ ⓛ ৬ : ৫ ⓜ ৪ : ৫ ⓝ ৫ : ৬

ব্যাখ্যা ধরি, ক্রয়মূল্য ১০০
২৫% লাভে বিক্রয়মূল্য (১০০ + ২৫) = ১২৫
∴ বিক্রয়মূল্য : ক্রয়মূল্য = ১২৫ : ১০০ = ৫ : ৪।

১৯. ৯০ কোন সংখ্যার ৬০%?

ⓚ ১৫০ ⓛ ১৬০ ⓜ ১৪০ ⓝ ১৮০

ব্যাখ্যা x-এর ৬০% = ৯০
$\Rightarrow \frac{৬০x}{১০০} = ৯০$
$\Rightarrow \frac{৩x}{৫} = ৯০$
$\therefore x = ১৫০$

২০. একটি আয়তাকার জমির দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ এবং উহার ক্ষেত্রফল ৮০০ বর্গমিটার হলে, জমিটির পরিসীমা কত মিটার?

ⓚ ১০০ ⓛ ১৪০ ⓜ ১২০ ⓝ ১১৫

ব্যাখ্যা ধরি, আয়তাকার ক্ষেত্রের প্রস্থ = x মিটার
" " দৈর্ঘ্য = 2x "
∴ আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = $x \times 2x = 2x^২$ বর্গমিটার।
প্রশ্নমতে, $2x^২ = ৮০০$
বা, $x^২ = 800$
$\therefore x = ২০$
∴ আয়তাকার ক্ষেত্রের প্রস্থ = ২০ মিটার
এবং " " দৈর্ঘ্য = (২ × ২০) = ৪০ মিটার
∴ পরিসীমা = ২ (৪০ + ২০) মিটার = ১২০ মিটার

মডেল ৩০ উত্তর

১৪	খ
১৫	ক
১৬	ঘ
১৭	গ
১৮	ক
১৯	ক
২০	গ

মডেল ৩১ দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক ২০১৩

1. Two numbers A and B are such that the sum of 5% of A and 4% of B is two-third of the sum of 6% of A and 8% of B. What is the ratio of A and B?

ⓐ 1:1 ⓑ 2:3 ⓒ 2:5 ⓓ 4:3
ⓔ None of these

ব্যাখ্যা প্রশ্ন অনুযায়ী

$$\Rightarrow \frac{5A}{100} + \frac{4B}{100} = \frac{2}{3} \times \left[\frac{6A}{100} + \frac{8B}{100}\right]$$

$$\Rightarrow 5A + 4B = \frac{2}{3} \times [6A + 8B]$$
$$\Rightarrow 3 \times [5A + 4B] = 2[6A + 8B]$$
$$\Rightarrow 15A + 12B = 12A + 16B \Rightarrow 3A = 4B$$
$$\therefore A : B = 4 : 3$$

2. a, b, c, d, e, f are five consecutive odd numbers, their average is-

ⓐ 5(a+4) ⓑ abcde/5
ⓒ 5(a+b+c+d+e) ⓓ a+b+c+f
ⓔ None of these

মডেল ৩১ উত্তর

1	d
2	e

ব্যাখ্যা Let, $a = x$ where x is an odd number then, $b = x+2; c = x+4; d = x+6; e = x+8$ because they are consecutive odd number.

$\therefore \frac{x+x+2+x+4+x+6+x+8}{5}$

$= \frac{5(x+4)}{5} = x+4 = a+4$

Note : প্রশ্নে পাঁচটি consequtive odd number বলায় f অপ্রয়োজনীয়।

3. A school has 10 classes with the same number of students in each class. One day, the weather was bad and many students were absent. 3 classes were half full. 5 classes were 3/4 full and 2 classes were 1/6 empty. A total of 74 students were absent. What is th total number of students in this shcool?

ⓐ 200 ⓑ 220
ⓒ 240 ⓓ 400
ⓔ None of these

ব্যাখ্যা $\frac{3x}{2} + 5\times\frac{x}{4} + 2\times\frac{x}{6} = 74$

বা, $\frac{3x}{2} + \frac{5x}{4} + \frac{x}{3} = 74$

বা, $\frac{18x+15x+4x}{12} = 74$

বা, $37x = 888$

$\therefore x = 24$

তাহলে school এর student $= 24 \times 10 = 240$

4. In a shop, the cost of 5 shirts, 5 pairs of trousers and 3 hats is Tk. 710. The cost of 11 shirts, 11 pairs of trousers and 8 hats is Tk. 1,590. What is the total cost of 1 shirt, 1 pair of trousers and 1 hat?

ⓐ Tk. 130 ⓑ Tk.150
ⓒ Tk.180 ⓓ Tk.200
ⓔ None of these

ব্যাখ্যা ধরি, 1টি shirt এর দাম x, 1 pair of trousers y, 1 hat এর দাম z দেওয়া আছে।

$5x + 5y + 3z = 710$ এবং $11x + 11y + 8z = 1590$

বা, $11x + 11y = 1590 - 8z$.

এখন, $x + y + \frac{3}{5}z = 142$ [(i) নং equation কে 5 দিয়ে ভাগ]

$\Rightarrow 11x + 11y + \frac{33}{5}z = 142\times 11$ [উভয়পক্ষে 11 দিয়ে গুণ]

$\Rightarrow 1590 - 8z + \frac{33}{5}z = 1562$ [$11x + 11y = 1590 - 8z$]

$\Rightarrow \frac{33}{5}z - 8z = 1562 - 1590$

$\Rightarrow \frac{-7z}{5} = -28$

$\therefore z = 20$

এবং $11x + 11y = 1590 - 8\times 20 = 1430$

$\therefore x + y = \frac{1430}{11} = 130$ $\therefore x + y + z = 130 + 20 = 150$

5. If a person walks at 14 km/hr instead of 10 km/hr, he would have walked 20 km more. The actual distance travelled by him is -

ⓐ 50 km ⓑ 56 km
ⓒ 70 km ⓓ 80 km
ⓔ None of these

ব্যাখ্যা ধরি distance হচ্ছে x km

$\frac{x}{10} = \frac{x+20}{14}$

$\Rightarrow 14x = 10x + 200$

$\Rightarrow 4x = 200$

$\therefore x = 50$km

6. The total age of A, B and C is 90 years. Ten years ago the ratio of their ages was 1 : 2 : 3. What is the present age of B?

ⓐ 40 years ⓑ 30 years
ⓒ 20 years ⓓ 18 years
ⓔ None of these

ব্যাখ্যা ধরি, 10 বছর আগে এদের age ছিল x, $2x$ এবং $3x$

$\therefore x + 10 + 2x + 10 + 3x + 10 = 90$

$\Rightarrow x = 10$

$\therefore$ B's present age $= (2x + 10) = 30$ years.

7. Kamal went to a shop and bought things worth Tk 25, out of which 30 paisa went on sales tax on taxable purchases. If the tax rate was 6%, then what was the cost of the tax free items?

ⓐ Tk 15 ⓑ Tk 15.70
ⓒ Tk 19.70 ⓓ Tk 20
ⓔ None of these

ব্যাখ্যা 25 Tk এর মধ্যে 30 paisa tax. তাহলে original purchase হয়েছে (25 – .30) বা 24.7 টাকার যদি এর মধ্যে x টাকার হয় tax free item তবে প্রশ্নমতে বাকি জিনিসের উপর 6% ট্যাক্স

$\therefore (24.7 - x)\times .06 = .30$

$\Rightarrow 1.482 - .06x = .30$

$\Rightarrow 1.482 - .30 = .06x$

$\Rightarrow .06x = 1.182$

$\therefore x = 19.70$

মডেল ৩১ উত্তর

3	c
4	b
5	a
6	b
7	c

8. The salaries of A, B, and C, are in the ratio of 1 : 2 : 3. The salaries of B and c together is Tk. 6,000. By what percentage is the salary of C more than that of A?
ⓐ 100% ⓑ 200%
ⓒ 300% ⓓ 600%
ⓔ None of these

ব্যাখ্যা ধরি, তাদের salary যথাক্রমে x, $2x$ এবং $3x$ তাহলে $2x + 3x = 6000 \Rightarrow x = 1200$
তাহলে A এর Salary 1200, B = 2400 এবং C = 3600
Exess of C এর salary over $A = \frac{2400}{1200} \times 100\%$
$= 200\%$

9. If a carton containing a dozen mirrors is dropped. which of the following cannot be the ratio of broken mirrors to unbroken mirrors?
ⓐ 2 : 1 ⓑ 3 : 1
ⓒ 3 : 2 ⓓ 7 : 5
ⓔ None of these

ব্যাখ্যা Sum of the x:y relation should add up to 12 or factor of 12 যেহেতু এক dozen বা 12টি mirrow আছে।

10. On dividing a number by 5. we get 3 as remainder. What will the remainder when the square of this number is divided by 5?
ⓐ Zero ⓑ 1
ⓒ 2 ⓓ 4
ⓔ None of these

ব্যাখ্যা চিন্তা করুন 8 কে 5 দিয়ে ভাগ করলে ভাগশেষ থাকে 3 আর 8^2 বা 64 কে 5 দিয়ে ভাগ করলে ভাগশেষ থাকে 4।

11. Rohit is 28th from left end of a row of 50 students and shyam is 28th from right end of the row. How many students are sitting between them?
ⓐ 4 ⓑ 5
ⓒ 2 ⓓ 3
ⓔ None of these

ব্যাখ্যা চিন্তা করুন দুজন যদি 24th হত তবে তাদের মধ্যে 0 জনের distance থাকত। এখন হিসাব করুন 28 পর্যন্ত, 4 জন এর distance.

12. A water filter can be filled with 8 jugs of capacity 1.3 liters each. How many jugs are required to fill the same filter, if capacity of the jug is 0.8 liters?
ⓐ 15 ⓑ 12 ⓒ 8 ⓓ 13
ⓔ None of these

ব্যাখ্যা প্রশ্নমতে মোট litre $= 8 \times 1.3 = 10.4$
তাহলে, .8 litre এর jug লাগবে $= \frac{10.4}{.8} = 13$টি

13. A number consists of 3 digits whose sum is 10. The middle digit is equal to the sum of the other two and the number will be increased by 99 if its digits are reversed. What is the number?
ⓐ 145 ⓒ 253
ⓒ 370 ⓓ 352
ⓔ None of these

ব্যাখ্যা এই Math গুলো উত্তর দেখে বের করা সহজ, Answer B এর প্রথম ও শেষ ডিজিটিই যোগ করলে মাঝখানেরটি হয় এবং উল্টো করলে 352.
$352 - 253 = 99$.

14. 1/4 of Ram's money is equal to 1/6 of Shyam's money. If both together have Tk.600 the difference between their amounts is—
ⓐ 50 ⓑ 120
ⓒ 240 ⓓ 360
ⓔ None of these

ব্যাখ্যা Shyam এর money s হলে Ram এর = $(600 - s)$Tk
প্রশ্নমতে, $\frac{1}{4}(600 - s) = \frac{s}{6}$
$\Rightarrow 6(600 - s) = 4s$
$\Rightarrow 3600 - 6s = 4s$
$\Rightarrow 10s = 3600$
$\Rightarrow s = 360$
তাহলে difference $= 600 - 360 = 240$

15. In a garden, there are 10 rows and 12 columns of mango trees. The distance between two trees is 2 meters and a distance of one meter is left from all sides of the boundary of the garden. What is the length of the garden?
ⓐ 20 m ⓑ 22 m
ⓒ 24 m ⓓ 26 m
ⓔ None of these

ব্যাখ্যা প্রতিটি row contains 12 plants
11টি gap আছে between two corner trees (11×2) meter = 22 meter এবং 1 meter on each side is left
তাহলে length $= (22 + 2)m = 24m$

16. In a certain country. a person is born every 7 seconds and a person dies every 13 seconds. Therefore, the birth and death rates account for a population growth rate of one person every –
ⓐ 4.5 seconds ⓑ 6 seconds
ⓒ 15.17 seconds ⓓ 20 seconds
ⓔ None of these

মডেল ৩১

উত্তর

8	b
9	c
10	d
11	a
12	d
13	b
14	c
15	c
16	c

ব্যাখ্যা Let x be the number of seconds for the birth of a new person.

$\therefore$ Birth rate – Death rate = Population growth

$\Rightarrow$ 1 person/7 seconds – 1 persom / 13 seconds = 1 person/x seconds

$$\Rightarrow \frac{6 \text{ person}}{91 \text{ seconds}} = \frac{1 \text{ person}}{x \text{seconds}}$$

$$\therefore x = \frac{91}{6} = 15.17 \text{ seconds}$$

17. A time-study specialist has set the production rate for each worker on a certain job at 22 units every 3 hours. At this rate what is the minimum number of workers that should be put on the job if at least 90 units are to be produced per hour?

ⓐ 12 ⓑ 13
ⓒ 18 ⓓ 30
ⓔ None of these

ব্যাখ্যা 1 জন worker 1 hr এ করে 22/3 unit কাজ তাহলে 90 unit কাজ 1hr এ করতে worker লাগবে

$= 90 \div 22/3 = 12.27$

≈ 13 জন।

18. Each boy contributed money equal to the number of girls and each girl contributed money equal to the number of boys in a class of 60 students. If the total contribution thus collected is Tk. 1,600, how many boys are there in the class?

ⓐ 30 ⓑ 25
ⓒ 50 ⓓ 20.5
ⓔ None of these

ব্যাখ্যা ছেলেদের সংখ্যা x এবং মেয়েদের সংখ্যা y হলে

$x + y = 60$ ..... (i)

এবং $xy + xy = 2xy = 1600$

$xy = 800$

তাহলে, $x - y = \sqrt{(x+y)^2 - 4xy}$

$= \sqrt{60^2 - 4 \times 800}$

$\therefore x - y = 20$ ..... (ii)

(i) + (ii) নং equation

$\therefore 2x = 60 + 20 = 80$

$\Rightarrow x = 40$

19. 4——7——8——4 = 26

ⓐ +, –, × ⓑ ×, –, ÷
ⓒ ×, + – ⓓ +, ÷, ×
ⓔ None of these

ব্যাখ্যা $4 \times 7 - 8 \div 4 = 26$

20. The number of students in each section of a school is 24, After admitting new students, three new sections were started. Now, the total number of sections is 16 and there are 21 students in each section. The number of new students admited is—

ⓐ 24 ⓑ 14
ⓒ 48 ⓓ 114
ⓔ None of these

ব্যাখ্যা 4 student নিয়ে section = 16–3 = 13

$13 \times 24 = 312$ students

after admitting new students

13 + 3= 16 section 21 student নিয়ে

$16 \times 21 = 336$ students

$\therefore$ নতুন student $= 336 - 312 = 24$

মডেল ৩১ উত্তর

17	b
18	e
19	b
20	a

মডেল ৩২ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক ২০১৩

১. দুইটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর ৭৯ হলে বড় সংখ্যাটি কত?

ক ৪০ খ ৩৫
গ ৪৫ ঘ ১০০

ব্যাখ্যা ধরি, বড় সংখ্যাটি = x; ছোট সংখ্যাটি = $x - ১$

শর্তমতে, $x^২ - (x - ১)^২ = ৭৯$

বা, $x^২ - (x^২ - ২x + ১) = ৭৯$

বা, $x^২ - x^২ + ২x - ১ = ৭৯$

বা, $২x = ৮০$

$\therefore x = ৪০$

$\therefore$ বড় সংখ্যাটি ৪০।

Short - Cut : বড় সংখ্যা $\frac{৭৯ + ১}{২} = ৪০$

২. $১^২ + ২^২ + ৩^২ + ... + ২০^২ =$ কত?

ক ২৮৭০ খ ১৫৪০
গ ৪৪১০০ ঘ কোনোটিই নয়

ব্যাখ্যা ধারাটির সমষ্টি $= \frac{১}{৬} n(n + ১)(২n + ১)$

$= \frac{১}{৬} \times ২০(২০ + ১)(২ \times ২০ + ১)$

$= \frac{১}{৬} \times ২০ \times ২১ \times ৪১$

$= ২৮৭০$

৩. একটি সংখ্যার অর্ধেক তার এক-তৃতীয়াংশের চেয়ে ১৭ বেশি, সংখ্যাটি কত?

ক ৫২ খ ৮৪
গ ১০২ ঘ ২০৪

মডেল ৩২ উত্তর

১	ক
২	ক
৩	গ

ব্যাখ্যা ধরি, সংখ্যাটি x;

প্রশ্নমতে, $\frac{x}{২}-\frac{x}{৩}=১৭$

বা, $\frac{৩x-২x}{৬}=১৭$

$\therefore x=১০২$

৪. ১৯, ৩৩, ৫১, ৭৩, — শেষ সংখ্যাটি কত?

ক ৮৫ খ ১২১
গ ৯৯ ঘ ৯৮

ব্যাখ্যা $৩৩-১৯=১৪$

$৫১-৩৩=১৮$

$৭৩-৫১=২২$

প্রতিটি পদের ব্যবধান ৪।

সুতরাং শেষ সংখ্যাটি হবে $=২২+৪+৭৩=৯৯$।

৫. ৩০ লিটার পরিমাণ মিশ্রণে এসিড ও পানির অনুপাত ৭ ঃ ৩। ঐ মিশ্রণে কি পরিমাণ পানি মিশ্রিত করলে এসিড ও পানির অনুপাত ৩ ঃ ৭ হবে?

ক ৩০ লিটার খ ৪০ লিটার
গ ৫০ লিটার ঘ ১০০ লিটার

ব্যাখ্যা ৩০ লিটার মিশ্রণে এসিড : পানি $=৭:৩$

অনুপাতগুলোর সমষ্টি $=৭+৩=১০$

৩০ লিটার মিশ্রণে এসিডের পরিমাণ $=\left(৩০\text{এর }\frac{৭}{১০}\right)$ লিটার

$=২১$ লিটার

৩০ লিটার মিশ্রণে পানির পরিমাণ $=\left(৩০\text{এর }\frac{৩}{১০}\right)$ লিটার

$=৯$ লিটার

ধরি, x লিটার পানি মিশ্রিত করায় অনুপাত ৩ : ৭ হয় শর্তমতে,

$২১:(৯+x)=৩:৭$

বা, $\frac{২১}{৯+x}=\frac{৩}{৭}$

বা, $\frac{২১\times৭}{৩}=৯+x$

বা, $৪৯=৯+x$

$\therefore x=৪০$

৬. $\log_a\sqrt{2}=\frac{1}{6}$ হলে, a = কত?

ক $\sqrt{2}$ খ 0
গ 6 ঘ 8

ব্যাখ্যা $\log_a\sqrt{2}=\frac{1}{6}$

বা, $a^{1/6}=\sqrt{2}$

বা, $a^{1/6}=2^{1/2}$

বা, $a^{1/6}=8^{1/6}$

$\therefore a=8$

৭. A = {x : x জোড় মৌলিক সংখ্যা}, তালিকা পদ্ধতিতে কি হবে?

ক [2] খ 2^{-1}
গ (2) ঘ {2}

ব্যাখ্যা তালিকা পদ্ধতিতে সেটের সকল উপাদানকে { } এর মধ্যে আবদ্ধ করা হয়।

এখানে 2 একমাত্র জোড় মৌলিক সংখ্যা সমস্ত মৌলিক সংখ্যার মধ্যে।

$\therefore$ {2} উত্তর।

৮. y = mx সমীকরণে যদি, y = মোট খরচ, x = উৎপাদিত পণ্যের পরিমাণ হয়, তবে m = কত?

ক প্রতি একক উৎপাদন ব্যয় খ ভর
গ ঢাল ঘ ধ্রুবক ব্যয়

ব্যাখ্যা সমীকরণ $y=mx$

$\therefore m=\frac{y}{x}$

আমরা জানি,

প্রতি একক উৎপাদন ব্যয় $=\frac{\text{মোট খরচ}}{\text{উৎপাদিত পণ্যের পরিমাণ}}$

৯. $ax^2+bx+c=0$ সমীকরণের মূলদ্বয় সমান হওয়ার শর্ত কি?

ক $b^2-4ac=0$ খ $b^2-4ac>0$
গ $b^2-4ac<0$ ঘ $b^2-4ac\#0$

ব্যাখ্যা $b^2-4ac=0$ হয়, যদি প্রদত্ত দ্বিঘাত সমীকরণ, অর্থাৎ $ax^2+bx+c=0$ সমীকরণের উভয় মূলই বাস্তব (R) এবং সমান হবে।

১০. 2, 3 এবং 4 দ্বারা তিন অংকের কতটি বিজোড় সংখ্যা গঠন করা যায়?

ক 2টি খ 5টি
গ 6টি ঘ 7টি

ব্যাখ্যা 2, 3 এবং 4 দ্বারা তিন অংকের বিজোড় সংখ্যা হলো যথাক্রমে 243 এবং 423।

১১. x^6+4x^3-1 এর একটি উৎপাদক–

ক x^2-x+1 খ x^2+x-1
গ x^3-1 ঘ x^2-x-1

ব্যাখ্যা x^6+4x^3-1

$=(x^2)^3+x^3+(-1)^3-3x^2.x(-1)$

$=(x^2+x-1)\{(x^2)^2+x^2+(-1)^2-x^2.x-x(-1)-(-1).x^2\}$

$=(x^2+x-1)(x^4+x^2+1-x^3+x+x^2)$

$=(x^2+x-1)(x^4-x^3+2x^2+x+1)$

১২. কোনো ত্রিভুজের কোণত্রয়ের সমদ্বিখণ্ডকের ছেদবিন্দুকে কি বলে?

ক ভরকেন্দ্র খ পরিকেন্দ্র
গ বহিঃকেন্দ্র ঘ অন্তঃকেন্দ্র

মডেল ৩২ উত্তর

৪	গ
৫	খ
৬	ঘ
৭	ঘ
৮	ক
৯	ক
১০	ক
১১	খ
১২	ঘ

ব্যাখ্যা কোনো ত্রিভুজের কোণত্রয়ের সমদ্বিখণ্ডকের ছেদবিন্দুকে অন্তঃকেন্দ্র বলে।



ΔABC-এর AD, BE, CF যথাক্রমে $\angle A, \angle B, \angle C$ কোণের সমদ্বিখণ্ডক।

$\therefore$ o হলো ত্রিভুজটির অন্তঃকেন্দ্র।

১৩. ABCD সামান্তরিকের DC ভুমিকে E পর্যন্ত বর্ধিত করা হল। $\angle BAD = 100°$ হলে $\angle BCE =$ কত?

ক 60° খ 80°
গ 90° ঘ 100°

ব্যাখ্যা



সামান্তরিকের বিপরীত কোণগুলো পরস্পর সমান।

$\angle BCD = \angle BAD$

$\therefore \angle BCD = 100°$

চিত্র মতে, $\angle BCE + \angle BCD = 180°$

$\angle BCE + 100° = 180°$

$\therefore \angle BCE = 80°$

১৪. একটি বর্গক্ষেত্রের প্রতিটি বাহুর দৈর্ঘ্য 5 ফুট হলে কর্ণের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত?

ক 40 বর্গফুট খ 50 বর্গফুট
গ 100 বর্গফুট ঘ 80 বর্গফুট

ব্যাখ্যা কর্ণের দৈর্ঘ্য $= \sqrt{5^2 + 5^2}$

$= \sqrt{50}$

$\therefore$ কর্ণের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল $= \left(\sqrt{50}\right)^2$ বর্গফুট।

$= 50$ বর্গফুট।

১৫. একটি সমবাহু ত্রিভুজের এক বাহুর দৈর্ঘ্য ১০ সে.মি. হলে তার ক্ষেত্রফল কত বর্গ সে.মি.?

ক $২৫\sqrt{৩}$ বর্গ সেমি খ $২৫\sqrt{২}$ বর্গ সেমি
গ ১০০ বর্গ সেমি ঘ ৫০ বর্গ সেমি

ব্যাখ্যা সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{\sqrt{৩}}{৪}$ $a^২$ বর্গ সেমি

$= \frac{\sqrt{৩}}{৪} \times (১০)^২$ বর্গ সেমি

$= ২৫\sqrt{৩}$ বর্গ সেমি

মডেল ৩২ উত্তর

১৩	খ
১৪	খ
১৫	ক

মডেল ৩৩ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক ২০১৩

১. নিচের কোনটি মূলদ সংখ্যা?

ক $\sqrt[৩]{৮}$ খ $\sqrt{২}$
গ $\sqrt[৩]{৭}$ ঘ $\frac{\sqrt{৫}}{৪}$

ব্যাখ্যা

$\sqrt[৩]{৮} = ৮^{\frac{১}{৩}} = (২^৩)^{\frac{১}{৩}} = ২$

$\because$ ২ একটি মূলদ সংখ্যা। তাই $\sqrt[৩]{৮}$ একটি মূলদ সংখ্যা।

২. $x > y$ এবং $z < 0$ হলে, নিম্নের কোনটি সঠিক?

ক $xz > yz$ খ $\frac{x}{z} > \frac{y}{z}$
গ $\frac{z}{x} < \frac{z}{y}$ ঘ $xz < yz$

ব্যাখ্যা যেহেতু $z < 0$;

$\therefore$ z একটি ঋণাত্মক সংখ্যা।

দেয়া আছে, $x > y$.

সুতরাং, $xz < yz$ [উভয়পক্ষকে z দ্বারা গুণ করে]. z একটি ঋণাত্মক সংখ্যা বলে z দ্বারা উভয়পক্ষকে গুণ করায় '>' চিহ্ন পরিবর্তিত হয়ে '<' হয়েছে।

৩. কোনো ত্রিভুজের বাহুগুলোর অনুপাত নিম্নের কোনটি হলে, একটি সমকোণী ত্রিভুজ আঁকা যাবে?

ক ৬ : ৫ : ৪ খ ৩ : ৪ : ৫
গ ১২ : ৮ : ৪ ঘ ৬ : ৪ : ৩

ব্যাখ্যা আমরা জানি, সমকোণী ত্রিভুজের ক্ষেত্রে অতিভুজের বর্গ অপর দুই বাহুর বর্গের যোগফলের সমান।

$\therefore$ $৫^২ = ২৫$

এবং $৩^২ + ৪^২ = ২৫$

সুতরাং ৩ : ৪ : ৫ বাহুগুলোর দ্বারা একটি সমকোণী ত্রিভুজ আঁকা যাবে।

৪. পাঁচ অংকের ক্ষুদ্রতম সংখ্যা ও চার অংকের বৃহত্তম সংখ্যার অন্তর কত?

ক ৯ খ ১০
গ ১ ঘ −১

ব্যাখ্যা

পাঁচ অংকের ক্ষুদ্রতম সংখ্যা = ১০০০০

চার অংকের বৃহত্তম সংখ্যা = ৯৯৯৯

$\therefore$ অন্তর = ১

মডেল ৩৩ উত্তর

১	ক
২	ঘ
৩	খ
৪	গ

৫. $\int x^{-1}\,dx =$ কত?

ক $\propto$ খ $\ln x$

গ x° ঘ $\ln|x|$

ব্যাখ্যা $\int x^{-1}dx$

$= \int \frac{1}{x}dx = \ln x + c$

৬. $4x + 2y = 20$ সমীকরণের কতটি সমাধান আছে?

ক একটিও না খ মাত্র একটি

গ দুইটি ঘ অসীম সংখ্যক

ব্যাখ্যা *চলক যদি দুটি হয় তাহলে সমীকরণও দুটি হতে হবে, তবেই একটি সমাধান পাওয়া যাবে। এখানে চলক দুটি কিন্তু সমীকরণ একটি। তাই $4x + 2y = 0$ সমীকরণে অসীম সংখ্যক সমাধান পাওয়া যাবে।*

৭. $A = 45^{\circ}$ হলে, $\frac{1-\tan^2 A}{1+\tan^2 A} =$ কত?

ক 1 খ $\frac{1}{2}$

গ 0 ঘ 2

ব্যাখ্যা $\frac{1-\tan^2 A}{1+\tan^2 A}$

$= \frac{1-(\tan 45^{\circ})^2}{1+(\tan 45^{\circ})^2}$

$= \frac{1-1}{1+1}$

$= \frac{0}{2} = 0$

৮. কোন সংখ্যার বর্গমূলের সাথে ১০ যোগ করলে যোগফল ৪-এর বর্গ হবে?

ক ১৬ খ ২৫

গ ৩৬ ঘ ৯

ব্যাখ্যা *ধরি, সংখ্যাটি $= x$*

শর্তমতে, $\sqrt{x} + ১০ = ৪^{২}$

$\sqrt{x} = ১৬ - ১০$

$(\sqrt{x})^2 = ৬^{২}$ *[উভয়পক্ষকে বর্গ করে]*

$\therefore x = ৩৬$

৯. $\log_{2\sqrt{5}} 400$-এর মান নিম্নের কোনটি?

ক 4 খ 5 গ 25 ঘ 50

ব্যাখ্যা *ধরি,* $Log_{2\sqrt{5}} 400 = x$

বা, $(2\sqrt{5})^x = 400 = 2^4 \times (\sqrt{5})^4$

বা, $(2\sqrt{5})^x = (2\sqrt{5})^4$

$\therefore x = 4$

১০. মূলবিন্দু O এবং $P = (x, y)$ হলে, $OP =$ কত?

ক $x^2 + y^2$ খ $\sqrt{x^2 + y^2}$

গ $\sqrt{(x+y)^2}$ ঘ $x + y$

ব্যাখ্যা

$OP = \sqrt{(x-o)^2 + (y-o)^2}$ *[যেহেতু মূল বিন্দুর স্থানাংক (o, o)]*

$\therefore OP = \sqrt{x^2 + y^2}$

১১. একটি বাঁশের অর্ধাংশ মাটির নিচে, এক-তৃতীয়াংশ পানির মধ্যে এবং 2 মিটার পানির উপরে, বাঁশটির দৈর্ঘ্য কত?

ক 12 মিটার খ 10 মিটার

গ 9 মিটার ঘ 16 মিটার

ব্যাখ্যা *ধরি, বাঁশটির দৈর্ঘ্য $= x$ মিটার*

মাটির নিচে ও পানির মধ্যে আছে $= \left(\frac{x}{2} + \frac{x}{3}\right)$ *অংশ*

$= \frac{3x + 2x}{6}$ "

$= \frac{5x}{6}$ *অংশ*

আবার,

পানির উপরের আছে $= \left(x - \frac{5x}{6}\right)$ *অংশ*

$= \left(\frac{6x - 5x}{6}\right)$ "

$= \frac{x}{6}$ *অংশ*

শর্তমতে, $\frac{x}{6} = 2$ *মিটার*

$\therefore x = 12$ *মিটার*

১২. $f(x) = x^2 + \frac{1}{x-1} - 1$ হলে, নিম্নের কোনটি সঠিক?

ক $f(0) = \propto$ খ $f(1) = -1$

গ $f(1) = 0$ ঘ $f(-1) = \frac{-1}{2}$

ব্যাখ্যা $f(x) = x^2 + \frac{1}{x-1} - 1$

$\therefore f(-1) = (-1)^2 + \frac{1}{-1-1} - 1$

$= 1 + \frac{1}{-2} - 1$

$= 1 - \frac{1}{2} - 1$

$\therefore f(-1) = -\frac{1}{2}$

১৩. টাকায় ৩টি জিনিস ক্রয় করে, টাকায় ২টি জিনিস বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?

ক ৩০% খ ১৫%

গ ৫০% ঘ ৩৫%

মডেল ৩৩ উত্তর

৫	খ
৬	ঘ
৭	গ
৮	গ
৯	ক
১০	খ
১১	ক
১২	ঘ
১৩	গ

ব্যাখ্যা ৩টি জিনিসের ক্রয়মূল্য ১ টাকা

১টি " " $\frac{১}{৩}$ "

আবার, ২টি জিনিসের বিক্রয়মূল্য ১ টাকা

১টি " " $\frac{১}{২}$ টাকা

∴ লাভ হবে $=\left(\frac{১}{২}-\frac{১}{৩}\right)$ টাকা

$=\left(\frac{৩-২}{৬}\right)$

$=\frac{১}{৬}$ টাকা

এখন, $\frac{১}{৩}$ টাকায় লাভ হয় $\frac{১}{৬}$ টাকা

১ " " " $\frac{১\times৩}{৬}$ "

∴ ১০০ " " " $\frac{১\times৩\times১০০}{৬}$ টাকা

$=৫০$ টাকা।

১৪. যদি '+' অর্থ বিয়োগ, '–' অর্থ গুণ, 'x' অর্থ ভাগ এবং '÷' অর্থ যোগ হয়, তবে $৫-৫+৫\div৫\times৫=?$

ক ৪১ খ ৫০ গ ১৬ ঘ ২১

ব্যাখ্যা $৫-৫+৫\div৫\times৫$

$=৫\times৫-৫+৫\div৫$

$=৫\times৫-৫+১$

$=২৫-৪=২১$

১৫. FREEDOM শব্দটির সবগুলো বর্ণ একত্রে নিয়ে কত প্রকারে সাজানো যায়?

ক $\frac{|7}{|2}$ খ $\frac{|7}{|5}$ গ $\frac{|5}{|2}$ ঘ $\frac{|7}{|2\,|5}$

ব্যাখ্যা বর্ণ আছে মোট 7টি। একই বর্ণ আছে সর্বমোট দুটি।

∴ বর্ণগুলোর বিন্যাস সংখ্যা $\frac{|7}{|2}$

মডেল ৩৩ উত্তর

১৪	ঘ
১৫	ক

মডেল ৩৪ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিদর্শক ২০১৩

১. তিনটি ক্রমিক সংখ্যার গুণফল ৬০ হলে তাদের যোগফল কত?

ক ২০ খ ১৫ গ ১৪ ঘ ১২

ব্যাখ্যা ৬০ এর গুণনীয়ক ১, ২, ৩, ৪, ৫, ৬, ১০, ১২, ১৫, ২০, ৩০, ৬০।

এখানে $৩\times৪\times৫=৬০$

∴ সংখ্যা তিনটির যোগফল $=৩+৪+৫=১২$

২. ১৬০ টাকায় একটি দ্রব্য ক্রয় করলে যদি ১৫% কমিশন পাওয়া যায়, তবে উক্ত দ্রব্যটি ক্রয় করতে কত টাকা লাগবে?

ক ১৪০ টাকা খ ১৩৬ টাকা গ ১৩৫ টাকা ঘ ১৩০ টাকা

ব্যাখ্যা ১৫% কমিশনে,

পূর্বমূল্য ১০০ টাকা হলে বর্তমান মূল্য ৮৫ টাকা

∴ " ১ " " " $\frac{৮৫}{১০০}$ "

∴ " ১৬০ " " " $\frac{৮৫\times১৬০}{১০০}$ "

$=১৩৬$ টাকা।

∴ ক্রয়মূল্য $=১৩৬$ টাকা।

৩. কোন সংখ্যার দ্বিগুণের সাথে ৫ যোগ করলে যোগফল সংখ্যাটি অপেক্ষা ৭ বেশি হবে?

ক ১ খ ২ গ ৩ ঘ ৪

ব্যাখ্যা ধরি, সংখ্যাটি $=x$

∴ শর্তমতে, $২x+৫=x+৭$

বা, $২x-x=৭-৫$

$\therefore x=২$

∴ সংখ্যাটি $=২$

৪. এক মিলিমিটার এক কিলোমিটারের কত অংশ?

ক $\frac{১}{১০০০}$ খ $\frac{১}{১০০০০০০}$

গ $\frac{১}{১০০০০০}$ ঘ $\frac{১}{১০০০০}$

ব্যাখ্যা ১০০০০০০ মিলিমিটার $=$ ১ কিলোমিটার

∴ ১ " $=\frac{১}{১০০০০০০}$ "

৫. কোনো বছরে একটি গ্রামের লোকসংখ্যা ১২% বাড়ে। বছরের শেষে লোক সংখ্যা ৩৩৬০ হলে, বছরের শুরুতে লোকসংখ্যা কত ছিল?

ক ২৮০০ খ ২৯০০

গ ৩০০০ ঘ ৩০৫০

ব্যাখ্যা ১২% বৃদ্ধিতে,

বছরের শেষে ১১২ জন হলে শুরুতে ছিল ১০০ জন

∴ " " ১ " " " " $\frac{১০০}{১১২}$ "

∴ " " ৩৩৬০ " " " " $=\frac{১০০\times৩৩৬০}{১১২}$ "

$=৩০০০$ জন

৬. $2x^2-x-3$ এর উৎপাদক কত?

ক $(2x+1)(x-3)$ খ $(x-1)(2x+3)$

গ $(x+1)(2x-3)$ ঘ $(2x-1)(x+3)$

ব্যাখ্যা $2x^2-x-3$

$=2x^2+2x-3x-3$

$=2x(x+1)-3(x+1)$

$=(x+1)(2x-3)$

মডেল ৩৪ উত্তর

১	ঘ
২	খ
৩	খ
৪	খ
৫	গ
৬	গ

৭. কোনোটি সামান্তরিকের ক্ষেত্রফল?
ক $\frac{১}{২}$ দৈর্ঘ্য × উচ্চতা খ দৈর্ঘ্য × প্রস্থ
গ ২ × দৈর্ঘ্য × উচ্চতা ঘ ভূমি × উচ্চতা
ব্যাখ্যা আমরা জানি,
সামান্তরিকের ক্ষেত্রফল = ভূমি × উচ্চতা

৮. একটি চৌবাচ্চা এর তিনটি নল দিয়ে যথাক্রমে ১০, ১২ ও ১৫ ঘণ্টায় পূর্ণ হতে পারে। তিনটি নল এক সংগে খুলে দিলে চৌবাচ্চার অর্ধেক পূর্ণ হতে কত সময় লাগবে?
ক ৬ ঘণ্টা খ ৪ ঘণ্টা
গ ২ ঘণ্টা ঘ ৩ ঘণ্টা
ব্যাখ্যা ১ম নল দ্বারা,
১০ ঘণ্টায় পূর্ণ হয় ১টি চৌবাচ্চা
∴ ১ " " " $\frac{১}{১০}$ অংশ
২য় নল দ্বারা,
১২ ঘণ্টায় পূর্ণ হয় ১টি চৌবাচ্চা
∴ ১ " " " $\frac{১}{১২}$ অংশ
৩য় নল দ্বারা,
১৫ ঘণ্টায় পূর্ণ হয় ১টি চৌবাচ্চা
∴ ১ " " " $\frac{১}{১৫}$ অংশ
∴ তিনটি নল দ্বারা ১ ঘণ্টায় পূর্ণ হয়
$= \frac{১}{১০} + \frac{১}{১২} + \frac{১}{১৫} = \frac{১}{৪}$ অংশ
$\frac{১}{৪}$ অংশ পূর্ণ হয় ১ ঘণ্টায়
∴ $\frac{১}{২}$ " " " $\frac{১}{২} \times ৪$ "
= ২ ঘণ্টা।

৯. একটি সোনার গহনার ওজন ১৬ গ্রাম। তাতে সোনা ও তামার পরিমাণের অনুপাত ৩ : ১। তাতে কি পরিমাণ সোনা মেশালে সোনা ও তামার অনুপাত ৪ : ১ হবে?
ক ৬ গ্রাম খ ৫ গ্রাম
গ ৪ গ্রাম ঘ ৮ গ্রাম
ব্যাখ্যা মোট অনুপাত = ৩ + ১ = ৪
∴ সোনার পরিমাণ $= \frac{৩}{৪} \times ১৬$
= ১২ গ্রাম
এবং তামার পরিমাণ $= \frac{১}{৪} \times ১৬$
= ৪ গ্রাম
ধরি, সোনা মিশাতে হবে x গ্রাম
∴ শর্তমতে,
$(১২ + x) : ৪ = ৪ : ১$
বা, $\frac{১২ + x}{৪} = \frac{৪}{১}$
বা, $x + ১২ = ১৬$
∴ $x = ৪$
∴ সোনা মিশাতে হবে ৪ গ্রাম।

১০. এক ডজন আম ৬০ টাকায় ক্রয় করে হালি কত টাকায় বিক্রয় করলে ১০% লাভ হবে?
ক ২২ টাকা খ ২৫ টাকা
গ ১৫ টাকা ঘ ১২ টাকা
ব্যাখ্যা
১২টির ক্রয়মূল্য = ৬০ টাকা
∴ ১ হালি বা ৪টির " $= \frac{৬০ \times ৪}{১২}$ "
= ২০ "
∴ ১ হালি আমের বিক্রয়মূল্য = (২০+২০ এর ১০%) টাকা
$= \left(২০ + ২০ \times \frac{১০}{১০০}\right)$ "
= ২২ টাকা।

১১. নিম্নোক্ত ভগ্নাংশসমূহের মধ্যে কোনটি ক্ষুদ্রতম?
ক $\frac{৩}{৪}$ খ $\frac{৫}{৬}$
গ $\frac{৭}{৯}$ ঘ $\frac{১১}{১৮}$
ব্যাখ্যা (ক) $\frac{৩}{৪} = .৭৫$ (গ) $\frac{৭}{৯} = ০.৭৮$
(খ) $\frac{৫}{৬} = .৮৩$ (ঘ) $\frac{১১}{১৮} = ০.৬১$
∴ ক্ষুদ্রতম ভগ্নাংশ $= \frac{১১}{১৮}$

১২. এক বর্গমিটার কত বর্গ সেন্টিমিটারের সমান?
ক ১০০ খ ১০০০০
গ ১০০০ ঘ ১০
ব্যাখ্যা
১ বর্গমিটার = ১ মিটার × ১ মিটার
= ১০০ সেমি × ১০০ সেমি
= ১০০০০ বর্গ সেমি

১৩. কোন চতুর্ভুজের বাহুগুলো সমান কিন্তু কোণগুলো সমকোণ নয়। এরূপ চতুর্ভুজকে বলে–
ক বর্গক্ষেত্র খ আয়তক্ষেত্র
গ ট্রাপিজিয়াম ঘ রম্বস
ব্যাখ্যা যে চতুর্ভুজের বাহুগুলো সমান কিন্তু কোণগুলো সমকোণ নয় তাকে রম্বস বলে।

১৪. পিতা ও পুত্রের বয়সের সমষ্টি ৭৪ বছর এবং তাদের বয়সের অনুপাত ১০ বছর পূর্বে ছিল ৭ : ২। দশ বছর পরে তাদের বয়সের অনুপাত কত হবে?
ক ৯ : ৭ খ ৭ : ২
গ ৩১ : ১৬ ঘ ৭ : ৩

মডেল ৩৪ উত্তর

৭	ঘ
৮	গ
৯	গ
১০	ক
১১	ঘ
১২	খ
১৩	ঘ
১৪	গ

ব্যাখ্যা ধরি, পিতার বয়স $= x$ বছর

$\therefore$ পুত্রের ,, $= (৭৪ - x)$,,

শর্তমতে, $(x - ১০) : (৭৪ - x - ১০) = ৭ : ২$

বা, $\frac{x - ১০}{৭৪ - x - ১০} = \frac{৭}{২}$

বা, $\frac{x - ১০}{৬৪ - x} = \frac{৭}{২}$

বা, $২x - ২০ = ৪৪৮ - ৭x$

বা, $৯x = ৪৬৮$

$\therefore x = ৫২$

$\therefore$ পিতার বয়স $= ৫২$ বছর

এবং পুত্রের ,, $= (৭৪ - ৫২)$ বছর $= ২২$ বছর

১০ বছর পর পিতা ও পুত্রের বয়সের অনুপাত

$= (৫২ + ১০) : (২২ + ১০) = ৬২ : ৩২ = ৩১ : ১৬$

১৫. কোন পরীক্ষায় ক এর প্রাপ্ত নম্বর যথাক্রমে ৮২, ৮৫ ও ৯২। চতুর্থ পরীক্ষায় তাকে কত নম্বর পেতে হবে, যেন তার গড় প্রাপ্ত নম্বর ৮৭ হয়?

ক ৮৯ খ ৮৮
গ ৮৬ ঘ ৯১

ব্যাখ্যা চার পরীক্ষার গড় নম্বর $= ৮৭$

$\therefore$,, ,, মোট ,, $= ৮৭ \times ৪$

$= ৩৪৮$

ধরি, চতুর্থ পরীক্ষায় পায় x নম্বর

$\therefore$ মোট নম্বর $= ৮২ + ৮৫ + ৯২ + x$

$= ২৫৯ + x$

শর্তমতে, $২৫৯ + x = ৩৪৮$

বা, $x = ৮৯$

$\therefore$ চতুর্থ পরীক্ষায় পায় ৮৯ নম্বর।

১৬. $a + b = 5$ এবং $a - b = 3$ হলে ab এর মান কত?

ক 5 খ 4
গ 3 ঘ 2

ব্যাখ্যা দেয়া আছে, $a + b = 5$ এবং $a - b = 3$

$\therefore ab = \left(\frac{a+b}{2}\right)^2 - \left(\frac{a-b}{2}\right)^2$

$= \left(\frac{5}{2}\right)^2 - \left(\frac{3}{2}\right)^2 = \frac{25}{4} - \frac{9}{4}$

$= \frac{25-9}{4}$

$= \frac{16}{4} = 4$

$\therefore ab = 4$

১৭. $x + \frac{1}{x} = \sqrt{3}$ হলে $x^3 + \frac{1}{x^3} =$ কত?

ক 2 খ 4
গ 0 ঘ 6

ব্যাখ্যা দেয়া আছে, $x + \frac{1}{x} = \sqrt{3}$

$\therefore x^3 + \frac{1}{x^3} = \left(x + \frac{1}{x}\right)^3 - 3x.\frac{1}{x}\left(x + \frac{1}{x}\right)$

$= \left(\sqrt{3}\right)^3 - 3\sqrt{3} = 3\sqrt{3} - 3\sqrt{3} = 0$

$\therefore x^3 + \frac{1}{x^3} = 0$

১৮. একটি সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজের অতিভুজের দৈর্ঘ্য ১২ সেমি হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ সেমি?

ক ৩৬ খ ৪৮ গ ৫৬ ঘ ৭২

ব্যাখ্যা ধরি, সমদ্বিবাহুর দৈর্ঘ্য $= x$

$\therefore$ পিথাগোরাসের সূত্রানুযায়ী

$x^2 + x^2 = (১২)^২$

বা, $২x^2 = ১৪৪$

বা, $x^2 = ৭২$

$\therefore$ ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা

$= \frac{১}{২} \times ৭২ = ৩৬$ বর্গ.সেমি.

১৯. $2x + 3y = 36$ এবং $2x + y = 16$ হলে x ও y এর মান কত?

ক 2, 10 খ 3, 10
গ 3, 5 ঘ 6, 10

ব্যাখ্যা $2x + 3y = 36$ ..... (i)

$2x + y = 16$

বা, $y = 16 - 2x$ ..... (ii)

y-এর মান (i) নং সমীকরণে বসিয়ে পাই,

$2x + 3(16 - 2x) = 36$

বা, $2x + 48 - 6x = 36$

বা, $4x = 12$

$\therefore x = 3$

x- এর মান (ii) নং সমীকরণে বসিয়ে পাই,

$y = 16 - 2 \times 3 = 16 - 6 = 10$

$\therefore$ x ও y এর মান যথাক্রমে 3 ও 10

২০. $a = \frac{1}{2}$ হলে $(2a + 1)(4a^2 - 2a + 1)$ এর মান কত?

ক 0 খ 1
গ 2 ঘ 3

ব্যাখ্যা দেয়া আছে, $a = \frac{1}{2}$

প্রদত্ত রাশি $= (2a + 1)(4a^2 - 2a + 1)$

$= \left(2 \times \frac{1}{2} + 1\right)\left\{4 \times \left(\frac{1}{2}\right)^2 - 2 \times \frac{1}{2} + 1\right\}$

$= (1 + 1)\left(4 \times \frac{1}{4} - 1 + 1\right)$

$= 2(1 - 1 + 1) = 2 \times 1 = 2$

মডেল ৩৪ উত্তর

১৫	ক
১৬	খ
১৭	গ
১৮	ক
১৯	খ
২০	গ

মডেল ৩৫ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক ২০১৩

১. ১ থেকে ৪৯ পর্যন্ত ক্রমিক সংখ্যাগুলোর গড় কত?

ক ২৩ খ ২৪.৫
গ ২৫ ঘ ২৬.৫

ব্যাখ্যা ১ম সংখ্যা = ১
শেষ সংখ্যা = ৪৯
মোট " = ৪৯

$\therefore$ সমষ্টি $= \frac{(১+৪৯)\times৪৯}{২}$

$\therefore$ গড় $= \frac{৫০\times৪৯}{২\times৪৯} = ২৫$

২. একটি শ্রেণীতে যত জন বালক ছিল প্রত্যেকে তত টাকা চাঁদা দিলে ১০০ টাকা হলো। বালকের সংখ্যা কত?

ক ১০ খ ১০০
গ ২৫ ঘ ৩৫

ব্যাখ্যা বালক সংখ্যা x হলে, $x\times x = ১০০$
বা, $x^2 = ১০০$
$\therefore x = ১০$

৩. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে ১২, ১৫, ২০ ও ২৫ দিয়ে ভাগ করলে প্রতি ক্ষেত্রে ১১ অবশিষ্ট থাকে?

ক ৩২১ খ ৩১১
গ ৩৩৬ ঘ ৩২৭

ব্যাখ্যা
২ | ১২, ১৫, ২০, ২৫
৩ | ৬, ১৫, ১০, ২৫
৫ | ২, ৫, ১০, ২৫
২ | ২, ১, ২, ৫
১, ১, ১, ৫

১২, ১৫, ২০ ও ২৫ এর ল. সা. গু. = ২×৩×৫×২×৫ = ৩০০
$\therefore$ ক্ষুদ্রতম সংখ্যাটি হবে ৩০০ + ১১ = ৩১১

৪. নিচের সংখ্যাগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?

ক $\frac{৯}{৫}$ খ $\frac{৩}{২}$ গ $\frac{৭}{৪}$ ঘ $\frac{৮}{৩}$

ব্যাখ্যা $\frac{৯}{৫} = ১.৮$; $\frac{৩}{২} = ১.৫$

$\frac{৭}{৪} = ১.৭৫$ $\frac{৮}{৩} = ২.৬৬$

$\therefore$ বৃহত্তম সংখ্যা $= \frac{৮}{৩}$

৫. কোনো সম্পত্তির $\frac{৭}{৮}$ অংশের মূল্য ৯২১২ টাকা। ঐ সম্পত্তির $\frac{৩}{৪}$ অংশের মূল্য কত?

ক ৭৮০৬ টাকা খ ৭৮৯৬ টাকা
গ ৭৯১৬ টাকা ঘ ৭৭৯৬ টাকা

ব্যাখ্যা $\frac{৭}{৮}$ অংশের মূল্য = ৯২১২ টাকা

$\therefore \frac{৩}{৪}$ " " $= \frac{৯২১২\times৮\times৩}{৭\times৪}$ "
= ৭৮৯৬ টাকা

৬. শতকরা বার্ষিক কত হার সুদে কোন মূলধন ১০ বছরে সুদে-মূলে ৩ গুণ হবে?

ক ১০% খ ১২%
গ ১৫% ঘ ২০%

ব্যাখ্যা মূলধন = P
$\therefore$ সুদে-মূলে = $৩P$
$\therefore$ সুদ = $৩P - P = ২P$
আমরা জানি, $I = \frac{pnr}{১০০}$

$\therefore ২p = \frac{P\times১০\times r}{১০০}$
বা, $r = ২০\%$
$\therefore$ সুদের হার = ২০%

৭. ৬০ জন ছাত্রের মধ্যে ৪২ জন ফেল করলে পাসের হার কত?

ক ২৫% খ ৩০%
গ ৩২% ঘ ৩৫%

ব্যাখ্যা
৬০ জনে পাস করে (৬০ − ৪২) = ১৮ জন

$\therefore$ ১ " " " $\frac{১৮}{৬০}$ "

$\therefore$ ১০০ " " " $= \frac{১৮\times১০০}{৬০} = ৩০$ জন
$\therefore$ পাসের হার = ৩০%

৮. একটি গাড়ির চাকা প্রতি মিনিটে ৯০ বার ঘুরে। এক সেকেন্ডে চাকাটি কত ডিগ্রি ঘুরে?

ক ১৮০° খ ২৭০°
গ ৩৬০° ঘ ৫৪০°

ব্যাখ্যা ১ মিনিট = ৬০ সেকেন্ড
৬০ সেকেন্ডে ঘুরে ৯০ বার

১ " " $\frac{৯০}{৬০} = \frac{৩}{২}$ বার

বৃত্তাকার বস্তু তার ১ বার আবর্তনে ঘুরে ৩৬০°

$\therefore$ চাকাটি $\frac{৩}{২}$ বার আবর্তনে ঘুরে $= \left(৩৬০^\circ\times\frac{৩}{২}\right)$
$= ৫৪০^\circ$

৯. $a^2 - 21a - 20$ একটি উৎপাদক হবে নিচের কোনটি?

ক $(a+2)$ খ $(a-2)$
গ $(a+1)$ ঘ $(a-1)$

মডেল ৩৫ উত্তর

১	গ
২	ক
৩	খ
৪	ঘ
৫	খ
৬	ঘ
৭	খ
৮	ঘ
৯	গ

ব্যাখ্যা

$a^3 - 21a - 20$

$= a^3 + a^2 - a^2 - a - 20a - 20$

$= a^2(a+1) - a(a+1) - 20(a+1)$

$= (a+1)(a^2 - a - 20)$

$= (a+1)(a^2 - 5a + 4a - 20)$

$= (a+1)\{a(a-5) + 4(a-5)\}$

$= (a+1)(a+4)(a-5)$

$\therefore (a+1)$ হলো একটি উৎপাদক।

১০. ৩ × ০.৩ ÷ ১ = কত?

ক ১ খ ০.৬

গ ২ ঘ ০.৯

ব্যাখ্যা ৩ × ০.৩ ÷ ১

= ৩ × ০.৩ [∵ প্রথমে ভাগের কাজ]

= ০.৯

১১. $x + y = 6$ হলে xy এর বৃহত্তম মান কত?

ক 7 খ 10

গ 9 ঘ 12

ব্যাখ্যা $x + y = 6$ হলে

[সেক্ষেত্রে ঋণাত্মক সংখ্যাদ্বয় হতে পারে]

$3 + 3 = 6$

$4 + 2 = 6$

$5 + 1 = 6$

$6 + 0 = 6$

সংখ্যাদ্বয় দ্বারা বৃহত্তম গুণ সংখ্যা হতে পারে $3 \times 3 = 9$ যা উত্তরকে সিদ্ধ করে।

$\therefore$ বৃহত্তম সংখ্যা, $xy = 9$.

১২. টাকায় ৬টি করে ক্রয় করে টাকায় কয়টি বিক্রয় করলে ২০% লাভ হবে?

ক ৭টি খ ৫টি

গ ৪টি ঘ ৩টি

ব্যাখ্যা ২০% লাভে,

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয় মূল্য ১২০ টাকা

$\therefore$ " ১ " " " " $\frac{১২০}{১০০}$ "

= ১.২ টাকা

১.২ টাকায় বিক্রয় করতে হবে ৬টি

$\therefore$ ১ " " " " $\frac{৬}{১.২}$ "

= ৫টি।

১৩. $a + \frac{1}{a} = 3$ হলে $a^2 + \frac{1}{a^2}$ = কত?

ক 7 খ 9

গ 11 ঘ 13

ব্যাখ্যা $a + \frac{1}{a} = 3$

বা, $\left(a + \frac{1}{a}\right)^2 = 3^2$

বা, $a^2 + 2.a.\frac{1}{a} + \frac{1}{a^2} = 9$

বা, $a^2 + \frac{1}{a^2} = 9 - 2$

$\therefore a^2 + \frac{1}{a^2} = 7$

১৪. ৬০ লিটার মিশ্রণে কেরোসিন ও পেট্রোলের অনুপাত ৭ : ৩। ঐ মিশ্রণে আর কত লিটার পেট্রোল মিশালে অনুপাত ৩ : ৭ হবে?

ক ৭০ খ ৮০

গ ৯০ ঘ ৯৮

ব্যাখ্যা মোট অনুপাত = ৭ + ৩ = ১০

কেরোসিন আছে $= \frac{৭}{১০} \times ৬০ = ৪২$ লিটার

পেট্রোল " $= \frac{৩}{১০} \times ৬০ = ১৮$ "

ধরি, পেট্রোল মিশাতে হবে x লিটার

$\therefore ৪২ : (১৮ + x) = ৩ : ৭$

বা, $\frac{৪২}{১৮ + x} = \frac{৩}{৭}$

বা, $৫৪ + ৩x = ২৯৪$

বা, $৩x = ২৯৪ - ৫৪$

বা, $x = \frac{২৪০}{৩}$

$\therefore x = ৮০$

১৫. একজন দোকানদার ৫টি লেবু যে দামে ক্রয় করে ৪টি লেবু সেই দামে বিক্রয় করে। তার শতকরা কত লাভ হবে?

ক ২০% খ ১৫%

গ ২৫% ঘ ৫০%

ব্যাখ্যা ধরি, ৫টি লেবুর ক্রয়মূল্য ১ টাকা

$\therefore$ ১ " " " $\frac{১}{৫}$ "

আবার, ৪টি লেবুর বিক্রয়মূল্য ১ টাকা

$\therefore$ ১টি " " $\frac{১}{৪}$ "

লাভ $= \frac{১}{৪} - \frac{১}{৫} = \frac{১}{২০}$ টাকা

$\frac{১}{৫}$ টাকায় লাভ হয় $\frac{১}{২০}$ টাকা

$\therefore$ ১০০ " " " $\frac{৫ \times ১০০}{২০} = ২৫$ টাকা বা ২৫%

মডেল ৩৫ উত্তর

১০	ঘ
১১	গ
১২	খ
১৩	ক
১৪	খ
১৫	গ

১৬. ৩ থেকে ১০ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলোর গুণফল কত?

ক ৩৫ খ ১৫
গ ১০৫ ঘ ৪২

ব্যাখ্যা ৩ থেকে ১০ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলো হলো ৩, ৫, ৭
∴ গুণফল = ৩ × ৫ × ৭ = ১০৫

১৭. একটি সংখ্যার তিনগুণের সাথে দ্বিগুণ যোগ করলে ৯০ হয়। সংখ্যাটি কত?

ক ১৬ খ ১৮ গ ২০ ঘ ২৪

ব্যাখ্যা ধরি, সংখ্যাটি x
∴ $৩x + ২x = ৯০$
বা, $৫x = ৯০$
বা, $x = ১৮$
∴ সংখ্যাটি = ১৮

১৮. পিতার বর্তমান বয়স পুত্রের বয়সের ৪ গুণ। ৬ বছর পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের দশগুণ ছিল। পিতার ও পুত্রের বর্তমান বয়স কত বছর?

ক ৫৬ ও ১৪ খ ৩২ ও ৮
গ ৩৬ ও ৯ ঘ ৪০ ও ১০

ব্যাখ্যা ধরি, পুত্রের বর্তমান বয়স x বছর
∴ পিতার " " $৪x$ "
৬ বছর পূর্বে পুত্রের বয়স ছিল = $(x - ৬)$ বছর
৬ " " পিতার " " = $(৪x - ৬)$ "
প্রশ্নমতে,
∴ $৪x - ৬ = ১০(x - ৬)$
বা, $৪x - ৬ = ১০x - ৬০$
বা, $১০x - ৪x = ৬০ - ৬$
বা, $৬x = ৫৪$
∴ $x = ৯$
∴ পুত্রের বর্তমান বয়স = ৯ বছর।
এবং পিতার " " = (৪×৯) = ৩৬ বছর
∴ পিতা ও পুত্রের বর্তমান বয়স ৩৬ ও ৯ বছর।

১৯. $x^2 + y^2 = 8$ এবং $xy = 7$ হলে $(x + y)^2$ এর মান কত?

ক 14 খ 16
গ 22 ঘ 30

ব্যাখ্যা $(x + y)^2 = x^2 + y^2 + 2xy$
$= 8 + 2 \times 7 = 22$

২০. ১, ২৭, ১২৫, ... শূন্যস্থানে কোন সংখ্যা বসবে?

ক ১৬৯ খ ২১৬
গ ২৮৯ ঘ ৩৪৩

ব্যাখ্যা ১, ২৭, ১২৫, ...
বা, $১^৩, ৩^৩, ৫^৩, ৭^৩$, ...
পরবর্তী সংখ্যা হবে বিজোড় সংখ্যা ৭ এর ঘন
∴ $৭^৩ = ৩৪৩$

মডেল ৩৫ উত্তর

১৬	গ
১৭	খ
১৮	গ
১৯	গ
২০	ঘ

মডেল ৩৬ অষ্টম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা ২০১৩

১. একটি আয়তকার মাঠের বাইরে চারদিকে একটি রাস্তা আছে। মাঠের দৈর্ঘ্য ৫০ মিটার, প্রস্থ ৪০ মিটার এবং রাস্তার চওড়া ২ মিটার। রাস্তাসহ মাঠের দৈর্ঘ্য কত মিটার?

ক ৫৪ খ ৫০
গ ৪৬ ঘ ৪৪

ব্যাখ্যা আয়তাকার মাঠের দৈর্ঘ্য = ৫০ মিটার
∴ রাস্তাসহ আয়তাকার মাঠের দৈর্ঘ্য = $৫০ + (২ \times ২)$ = মিটার
= ৫৪ মিটার।

২. $x - \frac{1}{x} = 5$ হলে $\left(x^3 - \frac{1}{x^3}\right)$-এর মান নিম্নের কোনটি?

ক 15 খ 110
গ 125 ঘ 140

ব্যাখ্যা দেয়া আছে, $x - \frac{1}{x} = 5$
প্রদত্ত রাশি, $x^3 - \frac{1}{x^3}$
$= \left(x - \frac{1}{x}\right)^3 + 3.x.\frac{1}{x}\left(x - \frac{1}{x}\right)$
$= (5)^3 + 3.5 = 125 + 15$
$= 140$

৩. শিহাব ১৬০০০ মিটার দৌড়ালে, সে কত কিলোমিটার দৌড়েছিল?

ক ১.৬০ কিমি খ ১৬০ কিমি
গ .১৬ কিমি ঘ ১৬ কিমি

ব্যাখ্যা ১০০০ মিটার = ১ কিলোমিটার
∴ ১৬০০০ " $= \frac{১৬০০০}{১০০০}$ "
= ১৬ কিলোমিটার।

৪. ১ বিলিয়নে কত মিলিয়ন?

ক ১০০০০ খ ১০০০
গ ১০০ ঘ ১০

ব্যাখ্যা ১ বিলিয়ন = ১০০০ মিলিয়ন বা ১০০ কোটি
এবং ১ মিলিয়ন = ১০ লক্ষ

৫. ∠A ও ∠B পরস্পর সম্পূরক কোণ। ∠A = ১২০° হলে ∠B = কত?

ক ৫০° খ ৬০°
গ ৭০° ঘ ৮০°

ব্যাখ্যা ∠A = ১২০°
∠A এবং ∠B পরস্পর সম্পূরক কোণ হলে,
∠B = ১৮০° − ১২০°
= ৬০° [∵ ∠A + ∠B = ১৮০°]

মডেল ৩৬ উত্তর

১	ক
২	ঘ
৩	ঘ
৪	খ
৫	খ

৬. ঘড়িতে যখন ৭টা বাজে তখন ঘণ্টা ও মিনিটের কাঁটা দুটির মধ্যবর্তী কোণ কত ডিগ্রী?

ক ৯০° খ ১২০°
গ ১৫০° ঘ ১৮০°

ব্যাখ্যা মধ্যবর্তী কোণ $= \left|\frac{১১ \times M - ৬০ \times H}{২}\right|^\circ$

$= \left|\frac{১১ \times ০ - ৬০ \times ৭}{২}\right|^\circ$

$= \left|\frac{-২০}{২}\right|^\circ = ২১০^\circ$

∴ মধ্যবর্তী কোণ $= ৩৬০^\circ - ২১০^\circ = ১৫০^\circ$

৭. $(-1) \times (-1) \times (-1) + (1) \times (-1) =$ কত?

ক 0 খ 2
গ −2 ঘ 1

ব্যাখ্যা $(-1) \times (-1) \times (-1) + (1) \times (-1)$
$= -1 - 1$
$= -2$

৮. একটি প্রতিযোগীতামূলক পরীক্ষায় ৬০% পরীক্ষার্থী পাস করেছে। যারা পাস করেনি তাদের ১৫ জন বিদেশে চলে গেল এবং ৪৫ জন ব্যবসা শুরু করল। কতজন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেছে?

ক ১০০ খ ১৫০
গ ২০০ ঘ ২৫০

ব্যাখ্যা পাস করতে পারেনি $= (১০০ - ৬০)\% = ৪০\%$
৪০% পরীক্ষার্থী $= (১৫ + ৪৫)$ জন $= ৬০$ জন
১% „ $= \frac{৬০}{৪০}$ „
∴ ১০০% „ $= \frac{৬০ \times ১০০}{৪০}$
$= ১৫০$ জন

৯. ঘণ্টায় a মাইল বেগে b দূরত্ব অতিক্রম করতে কত ঘণ্টা সময় লাগবে?

ক ab খ $\frac{b}{a}$
গ $\frac{a}{b}$ ঘ $\frac{ab}{b}$

ব্যাখ্যা a মাইল যেতে সময় লাগবে = 1 ঘণ্টা
∴ b „ „ „ „ $= \frac{b}{a}$ ঘণ্টা

১০. একটি গাড়ির চাকা প্রতি মিনিটে ১২০ বার ঘুরে। এক সেকেন্ডে চাকাটি কত ডিগ্রি ঘুরে?

ক ৩৬০° খ ৪৫০°
গ ৫৪০° ঘ ৭২০°

ব্যাখ্যা চাকাটি ৬০ সেকেন্ডে ঘুরে ১২০ বার
∴ „ ১ „ „ $\frac{১২০}{৬০} = ২$ বার
১ বার ঘুরলে চাকাটি উৎপন্ন করে ৩৬০°
∴ ২ „ „ $৩৬০^\circ \times ২ = ৭২০^\circ$

মডেল ৩৬
উত্তর

৬	গ
৭	গ
৮	খ
৯	খ
১০	ঘ

মডেল ৩৭ ৯ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৩

১. ১০০ টাকায় ১৫টি কমলা ক্রয় করে, ১০০ টাকায় ১২টি কমলা বিক্রয় করলে, শতকরা কত লাভ বা ক্ষতি হবে?

ক ২০% ক্ষতি খ ২০% লাভ
গ ২৫% ক্ষতি ঘ ২৫% লাভ

ব্যাখ্যা ১৫টি কমলার ক্রয়মূল্য ১০০ টাকা
∴ ১টি কমলার ক্রয়মূল্য $\frac{১০০}{১৫}$ টাকা বা $\frac{২০}{৩}$ টাকা
আবার, ১২টি কমলার বিক্রয়মূল্য ১০০ টাকা
∴ ১টি কমলার বিক্রয়মূল্য $\frac{১০০}{১২}$ টাকা বা $\frac{২৫}{৩}$ টাকা
∴ লাভ $= \frac{২৫}{৩} - \frac{২০}{৩}$
$= \frac{২৫ - ২০}{৩} = \frac{৫}{৩}$ টাকা
$\frac{২০}{৩}$ টাকায় লাভ হয় $\frac{৫}{৩}$ টাকা
∴ ১ টাকায় লাভ হয় $\frac{৫ \times ৩}{৩ \times ২০}$ টাকা
∴ ১০০ টাকায় লাভ হয় $\frac{৫ \times ৩ \times ১০০}{৩ \times ২০} = ২৫$ টাকা

২. কালাম ও ৪ পুত্রের বয়সের গড় ২০ বছর। কালামের স্ত্রী ও ঐ ৪ পুত্রের বয়সের গড় ১৭ বছর। কালামের বয়স ৪০ বছর হলে, স্ত্রীর বয়স কত?

ক ২৫ বছর খ ৩০ বছর
গ ২৪ বছর ঘ ২৬ বছর

ব্যাখ্যা
∴ কালাম ও ৪ পুত্রের মোট বয়স $(২০ \times ৫) = ১০০$ বছর
কালামের বয়স $= ৪০$ বছর
৪ পুত্রের মোট বয়স $= ৬০$ বছর
আবার,
∴ কালামের স্ত্রী ও ৪ পুত্রের মোট বয়স $(১৭ \times ৫) = ৮৫$ বছর
৪ পুত্রের মোট বয়স $= ৬০$ বছর
∴ কালামের স্ত্রীর বয়স $= ২৫$ বছর

৩. ১৫টি ছাগলের মূল্য ৩টি গরুর মূল্যের সমান। ২০টি ছাগলের পরিবর্তে কয়টি গরু পাওয়া যাবে?

ক ৪টি খ ৫টি
গ ৬টি ঘ ১০টি

ব্যাখ্যা ১৫টি ছাগলের মূল্য = ৩টি গরুর মূল্য

মডেল ৩৭
উত্তর

১	ঘ
২	ক
৩	ক

$\therefore$ ১টি ছাগলের মূল্য $= \frac{৩}{১৫}$ টি গরুর মূল্য

$\therefore$ ২০টি ছাগলের মূল্য $= \frac{৩\times২০}{১৫}$ টি গরুর মূল্য

$= ৪$টি গরুর মূল্য

$\therefore$ নির্ণেয় ৪টি গরু পাওয়া যাবে।

৪. নিচের কোনটি মূলদ সংখ্যা?

ক $\sqrt{২}$ খ $\sqrt[৩]{৮}$ গ $\sqrt[৩]{৯}$ ঘ $\sqrt[৩]{৮}$

ব্যাখ্যা $\sqrt[৩]{৮} = \sqrt[৩]{২^৩} = (২^৩)^{\frac{১}{৩}} = ২$।

যে সকল সংখ্যাকে স্বাভাবিক সংখ্যা দ্বারা ভগ্নাংশ গঠন করে $\frac{a}{b}$ (যেখানে a ও b স্বাভাবিক সংখ্যা) আকারে প্রকাশ করা যায়, সেই সকল সংখ্যাকে মূলদ সংখ্যা বলে। শূন্য, স্বাভাবিক সংখ্যা, প্রকৃত ও অপ্রকৃত ভগ্নাংশ সকলেই মূলদ সংখ্যা।

৫. $x^2 + x - (a+1)(a+2)$ কে উৎপাদকে বিশ্লেষণ করুন।

ক $(x-a+2)(x-a-1)$ খ $(x+a-1)(x+a+2)$

গ $(x+a+2)(x-a-1)$ ঘ $(x+a+1)(x-a-2)$

ব্যাখ্যা $x^2 + x - (a+1)(a+2)$

$= x^2 + x - (a+1)(a+1+1)$

$= x^2 + x - p(p+1)$ [ধরি, $(a+1) = p$]

$= x^2 + x - p^2 - p$

$= x^2 - p^2 + x - p$

$= (x-p)(x+p) + 1(x-p)$

$= (x-p)(x+p+1)$

$= \{x-(a+1)\}\{x+(a+1)+1\}$ [মান বসাইয়া]

$= (x-a-1)(x+a+2)$

৬. r ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের পরিধি কোনটি?

ক $4\pi r^2$ খ πr^2

গ $2\pi r$ ঘ $2\pi r^2$

৭. $\log_3 27$ এর মান কত?

ক 3 খ 27 গ 9 ঘ 10

ব্যাখ্যা $\log_3 27$

$= \log_3 3^3 = 3\log_3 3$ [সূত্র : $\log a^a = 1$]

$= 3$

৮. $x + \frac{1}{x} = \sqrt{2}$ হলে, $x^4 + \frac{1}{x^4} = ?$

ক -2 খ 2 গ 4 ঘ 14

ব্যাখ্যা দেয়া আছে, $x + \frac{1}{x} = \sqrt{2}$

$\therefore x^4 + \frac{1}{x^4}$

$= (x^2)^2 + \left(\frac{1}{x^2}\right)^2$

$= \left(x^2 + \frac{1}{x^2}\right)^2 - 2.x^2.\frac{1}{x^2}$

$= \left\{\left(x + \frac{1}{x}\right)^2 - 2.x.\frac{1}{x}\right\}^2 - 2$

$= \left\{\left(\sqrt{2}\right)^2 - 2\right\}^2 - 2$

$= (2-2)^2 - 2$

$= 0 - 2$

$= -2$

৯. $x + y = 2, x^2 + y^2 = 4$ হলে, $x^3 + y^3 =$ কত?

ক 25 খ 16 গ 9 ঘ 8

ব্যাখ্যা দেওয়া আছে,

$x + y = 2$ এবং $x^2 + y^2 = 4$

$x^2 + y^2 = (x+y)^2 - 2xy$

বা, $4 = (2)^2 - 2xy$

বা, $4 = 4 - 2xy$

$\therefore xy = 0$

এখন, $x^3 + y^3$

$= (x+y)^3 - 3xy(x+y)$

$= (2)^3 - 3.0.2$

$= 8 - 0$

$= 8$

১০. $\sqrt[3]{-27} = ?$

ক 3 খ 9 গ -3 ঘ -9

ব্যাখ্যা $\sqrt[3]{-27}$

$= \sqrt[3]{-3^3}$

$= \left(-3^3\right)^{\frac{1}{3}} = -3$

১১. $\log_{2\sqrt{5}} 400 = x$ হলে, x-এর মান কত?

ক 4 খ 5 গ $2\sqrt{5}$ ঘ $4\sqrt{5}$

ব্যাখ্যা $\log_{2\sqrt{5}} 400 = x$ হলে

বা, $\left(2\sqrt{5}\right)^x = 400$

বা, $\left(2\sqrt{5}\right)^x = 16 \times 25 = 2^4 \times 5^2$

বা, $\left(2\sqrt{5}\right)^x = 2^4 \times \left(\sqrt{5}\right)^4$

বা, $\left(2\sqrt{5}\right)^x = \left(2\sqrt{5}\right)^4$

$\therefore x = 4$

১২. একটি স্বাভাবিক সংখ্যার বর্গের সাথে সংখ্যাটি যোগ করলে তা পরবর্তী স্বাভাবিক সংখ্যার নয়গুণের সমান হয়। সংখ্যাটি কত?

ক 7 খ 8 গ 9 ঘ 10

মডেল ৩৭

উত্তর

৪	খ
৫	গ
৬	গ
৭	ক
৮	ক
৯	ঘ
১০	গ
১১	ক
১২	গ

ব্যাখ্যা ধরি, সংখ্যাটি x

প্রশ্নমতে, $x^2 + x = 9(x+1)$

বা, $x^2 + x = 9x + 9$

বা, $x^2 - 8x - 9 = 0$

বা, $x^2 - 9x + x - 9 = 0$

বা, $x(x-9) + 1(x-9) = 0$

বা, $(x-9)(x+1) = 0$

হয় $x - 9 = 0$ অথবা $x + 1 = 0$

$\therefore x = 9$ $x \neq -1$; যা গ্রহণযোগ্য মান নয়।

$\therefore$ নির্ণেয় সংখ্যাটি 9।

১৩. $\tan\theta = \frac{3}{4}$ হলে, $\sin\theta$-এর মান কত?

ক $\frac{5}{3}$ খ $\frac{3}{5}$ গ $\frac{4}{3}$ ঘ $\frac{5}{4}$

ব্যাখ্যা আমরা জানি,

$Sec^2\theta = 1 + tan^2\theta$

$= 1 + \left(\frac{3}{4}\right)^2$ [দেওয়া আছে, $\tan\theta = \frac{3}{4}$]

$= 1 + \frac{9}{16} = \frac{16+9}{16}$

বা, $Sec^2\theta = \frac{25}{16}$

বা, $\frac{1}{\cos^2\theta} = \frac{25}{16}$

বা, $\cos^2\theta = \frac{16}{25}$

বা, $1 - \sin^2\theta = \frac{16}{25}$

বা, $-\sin^2\theta = \frac{16}{25} - 1$

বা, $-\sin^2\theta = -\frac{9}{25}$

বা, $\sin^2\theta = \frac{9}{25}$ $\therefore \sin\theta = \frac{3}{5}$

১৪. ত্রিভুজ হওয়ার শর্ত কি?

ক যে কোনো দুই বাহুর দৈর্ঘ্যের যোগফল তৃতীয় বাহুর দৈর্ঘ্য অপেক্ষা ক্ষুদ্রতর

খ যে কোনো দুই বাহুর দৈর্ঘ্যের যোগফল তৃতীয় বাহুর দৈর্ঘ্য অপেক্ষা বৃহত্তর

গ তিনটি বাহুর দৈর্ঘ্য সমান ঘ একটি কোণ সমকোণ

ব্যাখ্যা ত্রিভুজ হওয়ার শর্তই হলো যে কোনো দুই বাহুর সমষ্টি তার তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর হয়।

১৫. যদি $A = \{2, 3\}$, $B = \{1, 2\}$ এবং A ও B এর উপাদানগুলোর মধ্যে $x > y$ সম্পর্কটি বিবেচনা থাকে, তবে অন্বয়টি–

ক $\{(2,1)\ (2,2)\ (3,1)\}$ খ $\{(2,1), (3,1)\ (3,2)\}$

গ $\{(1,2), (3,1)\ (3,2)\}$ ঘ $\{(1,2)\ (1,3)\ (2,3)\}$

ব্যাখ্যা প্রশ্নমতে,

অন্বয়টি $R = \{(x, y) : x \in A, y \in B$ এবং $x > y\}$

এখানে, $A \times B = \{2, 3\} \times \{1, 2\}$

$= \{(2,1), (2,2), (3,1), (3,2)\}$

$\therefore$ প্রদত্ত সম্পর্ক অনুসারে,

$R = \{(2,1), (3,1), (3,2)\}$

১৬. একটি ভগ্নাংশের লব ও হরের সমষ্টি 5 এবং অন্তরফল 1 ভগ্নাংশটি কত?

ক $\frac{1}{4}$ খ $\frac{2}{3}$

গ $\frac{3}{2}$ ঘ $\frac{4}{5}$

ব্যাখ্যা ধরি, ভগ্নাংশটির লব x এবং হর y

$\therefore$ ভগ্নাংশটি $= \frac{x}{y}$

প্রশ্নমতে, $x + y = 5$ ..... (i)

$x - y = 1$ ..... (ii)

(+) করি, $2x = 6$

$\therefore x = 3$

x এর মান (i) নং এ বসিয়ে পাই,

$3 + y = 5$

$\therefore y = 2$

$\therefore$ ভগ্নাংশটি $= \frac{3}{2}$

১৭. দুইটি সংখ্যার অনুপাত ৫ ঃ ৭ এবং তাদের গ. সা. গু. 8 হলে, সংখ্যা দুটির ল. সা. গু. কত?

ক ১৪৪ খ ১৪২ গ ১৪০ ঘ ১২০

ব্যাখ্যা মনে করি, সংখ্যাদ্বয় যথাক্রমে ৫x ও ৭x

$\therefore$ ৫x ও ৭x এর গ.সা.গু. $= x$

প্রশ্নমতে, $x = 8$

আবার, ৫x ও ৭x এর ল.সা.গু $=$ ৩৫ x

$=$ ৩৫ $\times$ 8

$=$ ১৪০

$\therefore$ নির্ণেয় সংখ্যা দুটির ল.সা.গু ১৪০।

১৮. পানি ভর্তি একটি বালতির ওজন ১২ কেজি। বালতির অর্ধেক পানি ভর্তি হলে, তার ওজন দাঁড়ায় ৭ কেজি। খালি বালতির ওজন কত?

ক ৫ কেজি খ ৭ কেজি

গ ২ কেজি ঘ ১ কেজি

ব্যাখ্যা সম্পূর্ণ পানি + বালতির ওজন = ১২ কেজি

$\frac{১}{২}$ (অর্ধেক) পানি + বালতির ওজন = ৭ কেজি

$\frac{১}{২}$ (অর্ধেক) পানির ওজন = ৫ কেজি

$\therefore$ সম্পূর্ণ পানির ওজন (৫ $\times$ ২) = ১০ কেজি

$\therefore$ খালি বালতির ওজন (১২ − ১০) = ২ কেজি

মডেল ৩৭

উত্তর

১৩	খ
১৪	খ
১৫	খ
১৬	গ
১৭	গ
১৮	গ

১৯. $\frac{ab+b^2}{ab}+\frac{a+b}{a}=$ কত?

ক $\frac{a+b}{a^2}$ খ $\frac{a}{b}$

গ 1 ঘ $\frac{a-b}{a^2}$

ব্যাখ্যা $\frac{ab+b^2}{ab}+\frac{a+b}{a}$

$=\frac{b(a+b)}{ab}\times\frac{a}{(a+b)}=1$

২০. ABC ত্রিভুজের AB = AC এবং $\angle A = 80°$ হলে, $\angle B =$ কত?

ক 40° খ 50°

গ 60° ঘ 80°

ব্যাখ্যা ABC ত্রিভুজে, $AB = AC; \angle B = \angle C$

ΔABC-এ $\angle A + \angle B + \angle C = 180°$

$\Rightarrow 80° + \angle B + \angle B = 180°$

$\Rightarrow 2\angle B = 100°$

$\therefore \angle B = 50°$

২১. রহিম একটি কাজ ২০ দিনে, করিম ঐ কাজ ৩০ দিনে করতে পারে। তারা একত্রে কাজটি কত দিনে শেষ করতে পারবে?

ক ৬ দিন খ ১২ দিন

গ ১৮ দিন ঘ ৮ দিন

ব্যাখ্যা রহিম ১ দিনে করে $=\frac{১}{২০}$ অংশ কাজ

করিম ১ দিনে করে $=\frac{১}{৩০}$ অংশ কাজ

রহিম ও করিম একত্রে,

১ দিনে করে $=\frac{১}{২০}+\frac{১}{৩০}$

$=\frac{৩+২}{৬০}$

$=\frac{৫}{৬০}=\frac{১}{১২}$ অংশ কাজ

$\frac{১}{১২}$ অংশ কাজ করে = ১ দিনে

∴ সম্পূর্ণ কাজ করে = ১২ দিনে

২২. যদি কোনো বর্গক্ষেত্রের প্রত্যেক বাহুর পরিমাণ ১০% বৃদ্ধি পায়, তবে তার ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে?

ক ২১% খ ২৩%

গ ২০% ঘ ২২%

ব্যাখ্যা ধরি,

বর্গের বাহুর দৈর্ঘ্য = x একক

∴ ক্ষেত্রফল = x^2 বর্গ একক

প্রতি বাহু বৃদ্ধি পায় = x এর $\frac{১০}{১০০}$ একক $=\frac{x}{১০}$ একক

∴ বাহুর পরিমাণ $=x+\frac{x}{১০}=\frac{১১x}{১০}$ একক

∴ নতুন বর্গের ক্ষেত্রফল $=\left(\frac{১১x}{১০}\right)^২=\frac{১২১x^২}{১০০}$ বর্গ একক

∴ ক্ষেত্রফল বৃদ্ধি $=\frac{১২১x^2}{১০০}-x^2=\frac{২১x^2}{১০০}$ বর্গ একক

∴ শতকরা বৃদ্ধি পায় $=\left(\frac{\frac{২১x^২}{১০০}}{x^২}\times১০০\right)\%$

$=\left(\frac{২১x^2}{১০০x^2}\times১০০\right)\%$

$=২১\%$

২৩. ১ হতে ৫০ পর্যন্ত মৌলিক সংখ্যা কতটি?

ক ১৪টি খ ১৮টি

গ ১৫টি ঘ ২০টি

ব্যাখ্যা ১ হতে ৫০ পর্যন্ত মৌলিক সংখ্যা যথাক্রমে ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩, ২৯, ৩১, ৩৭, ৪১, ৪৩, ৪৭ = ১৫টি।

২৪. $\frac{৩}{৪}, \frac{২}{৫}, \frac{১}{৬}$ ও $\frac{৫}{৮}$ এর মধ্যে কোনটি বৃহত্তম?

ক $\frac{৩}{৪}$ খ $\frac{২}{৫}$

গ $\frac{১}{৬}$ ঘ $\frac{৫}{৮}$

ব্যাখ্যা

ক) $\frac{৩}{৪}=০.৭৫$ খ) $\frac{২}{৫}=০.৪$

গ) $\frac{১}{৬}=০.১৬$ ঘ) $\frac{৫}{৮}=০.৬২$

২৫. কোনটি বৃত্তের সমীকরণ?

ক $ax^2+bx+c=0$ খ $y^2=ax$

গ $3x^2+3y^2=15$ ঘ $y^2=4x+4$

ব্যাখ্যা আমরা জানি,

বৃত্তের সমীকরণ $(x-h)^2+(y-k)^2=r^2$;

যেখানে বৃত্তের কেন্দ্র (h, k) এবং ব্যাসার্ধ r

প্রদত্ত সমীকরণ,

$3x^2+3y^2=15$

বা, $x^2+y^2=5$

বা, $(x-0)^2+(y-0)^2=(\sqrt{5})^2$

যেখানে কেন্দ্র (0, 0) এবং ব্যাসার্ধ $\sqrt{5}$; যা একটি বৃত্তের সমীকরণ।

মডেল ৩৭

উত্তর

১৯	গ
২০	খ
২১	খ
২২	ক
২৩	গ
২৪	ক
২৫	গ

মডেল ৩৮ ৯ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৩

১. শতকরা বার্ষিক কত হার সুদে ১ বছরের সুদ আসলের $\frac{১}{৫}$ অংশ হবে?

ক ১০% খ ১৫% গ ২০% ঘ ২৫%

ব্যাখ্যা ধরি, আসল = ৫ টাকা।

∴ সুদ = ৫ এর $\frac{১}{৫}$ টাকা = ১ টাকা

∴ সুদের হার $= \frac{১০০ \times ১}{১ \times ৫}\% = ২০\%$

২. ১৪৪ কোন সংখ্যার ৪০%?

ক ৩৫০ খ ২৬০ গ ৩৬০ ঘ ৩৭০

ব্যাখ্যা ধরি, সংখ্যাটি = x

∴ x এর ৪০% = ১৪৪

বা, $\frac{৪০x}{১০০} = ১৪৪$

বা, $x = \frac{১৪৪ \times ১০০}{৪০}$

বা, $x = ৩৬০$

∴ সংখ্যাটি = ৩৬০

৩. একটি গাড়ির চাকা প্রতি মিনিটে ১২ বার ঘোরে। চাকাটি পাঁচ সেকেন্ডে কত ডিগ্রি ঘোরে?

ক ৩৬০° খ ৩০০° গ ১৮০° ঘ ৩০°

ব্যাখ্যা

১ বার ঘুরলে অতিক্রম করে = ৩৬০°

১২ " " " " = (৩৬০ × ১২)° = ৪৩২০°

৬০ সেকেন্ডে চাকাটি ঘুরে = ৪৩২০°

∴ ৫ " " " $= \left(\frac{৪৩২০ \times ৫}{৬০}\right)^\circ = ৩৬০^\circ$

৪. $a \neq 0$ হলে $(a^{-1})^{-1}$ এর সঠিক মান–

ক a^2 খ a^{-1} গ a^{-2} ঘ a

ব্যাখ্যা $(a^{-1})^{-1}$ (যেখানে $a \neq 0$)

$= \frac{1}{(a^{-1})} = \frac{1}{\frac{1}{a}} = a$ [সূত্র : $a^{-1} = \frac{1}{a}$]

৫. $a^{m/n}$ = কত?

ক ma^n খ na^m গ $\sqrt[m]{a^n}$ ঘ $\sqrt[n]{a^m}$

ব্যাখ্যা $a^{m/n} = \sqrt[n]{a^m}$

৬. নিচের কোনটি রাশির গড় নির্দেশ করে?

ক রাশির সমষ্টি × রাশির সংখ্যা খ $\frac{\text{রাশির সমষ্টি}}{\text{রাশির সংখ্যা}}$

গ $\frac{\text{রাশির সংখ্যা}}{\text{রাশির সমষ্টি}}$ ঘ কোনোটিই নয়

ব্যাখ্যা একজাতীয় কতিপয় রাশির সমষ্টিকে উক্ত রাশিগুলোর মোট সংখ্যা দ্বারা ভাগ করলে যে ভাগফল পাওয়া যায়, তাকে রাশিগুলোর গড় বলে।

গড় $= \frac{\text{একজাতীয় কতিপয় রাশির সমষ্টি}}{\text{রাশির সংখ্যা}}$

৭. নিচের কোনটি সঠিক?

ক $\sec^2\theta = 1 + \tan^2\theta$ খ $\sec^2\theta = 1 - \tan^2\theta$

গ $\tan\theta = \frac{\cos\theta}{\sin\theta}$ ঘ $\sin^2\theta - \cos^2\theta = 1$

ব্যাখ্যা আমরা জানি, $\sec^2\theta - \tan^2\theta = 1$

$\therefore \sec^2\theta = 1 + \tan^2\theta$

৮. x : y এর ব্যস্তানুপাত হবে–

ক y : x খ $y : \frac{1}{x}$

গ $\sqrt{x} : \sqrt{y}$ ঘ $\frac{1}{x} : \frac{1}{y}$

ব্যাখ্যা সরল অনুপাতের উত্তর রাশিকে পূর্ব রাশি এবং পূর্ব রাশিকে উত্তর রাশি ধরে প্রাপ্ত অনুপাতকে সরল অনুপাতটির ব্যস্ত অনুপাত বলা হয়।

∴ $x : y$ এর ব্যস্তানুপাত $y : x$।

৯. $2^{x+7} = 4^{x+2}$ হলে x এর মান কত?

ক 0 খ 2 গ 3 ঘ −1

ব্যাখ্যা $2^{x+7} = 4^{x+2}$

বা, $2^x.2^7 = (2^2)^x.4^2$

বা, $2^x.2^7 = 2^{2x}.(2^2)^2$

বা, $2^x.2^7 = 2^{2x}.2^4$

বা, $\frac{2^7}{2^4} = \frac{2^{2x}}{2^x}$

বা, $2^{7-4} = 2^{2x-x}$

বা, $2^3 = 2^x$

বা, $2^x = 2^3$

$\therefore x = 3$

১০. $1 + 2 + 3 + \ldots\ldots + n$ = কত?

ক $\frac{n(n+1)}{2}$ খ $\frac{n^2(n+1)^2}{4}$

গ n^2 ঘ $\frac{n(n+1)(n+2)}{6}$

ব্যাখ্যা আমরা জানি, n সংখ্যক স্বাভাবিক সংখ্যার যোগফল

$= \frac{(\text{শেষপদ} + ১\text{ম পদ})}{২} \times \text{পদ সংখ্যা}$

$\therefore 1 + 2 + 3 + \ldots\ldots + n = \frac{n(n+1)}{2}$

১১. কোনো ত্রিভুজের দুইটি কোণ 10° এবং 80° হলে ত্রিভুজটি হবে–

ক স্থূলকোণী খ সমকোণী

গ সূক্ষ্মকোণী ঘ সমবাহু ত্রিভুজ

ব্যাখ্যা ত্রিভুজের তৃতীয় কোণের পরিমাপ = $\{180 - (10 + 80)\}^\circ = 90^\circ$

∴ ত্রিভুজটি সমকোণী।

মডেল ৩৮ উত্তর

১	গ
২	গ
৩	ক
৪	ঘ
৫	ঘ
৬	খ
৭	ক
৮	ক
৯	গ
১০	ক
১১	খ

১২. $a+\frac{1}{a}=3$ হলে $a^3+\frac{1}{a^3}$ এর মান কত?

ক 16 খ 20 গ 48 ঘ 18

ব্যাখ্যা দেয়া আছে, $a+\frac{1}{a}=3$

এখন, $a^3+\frac{1}{a^3}=\left(a+\frac{1}{a}\right)^3-3.a.\frac{1}{a}\left(a+\frac{1}{a}\right)$

$=(3)^3-3.3$ [মান বসায়ে]

$=27-9=18$

১৩. কোনো সংখ্যার $\frac{1}{2}$ অংশের সাথে 6 যোগ করলে সংখ্যাটির $\frac{2}{3}$ অংশ হবে। সংখ্যাটি কত?

ক 53 খ 63 গ 36 ঘ 35

ব্যাখ্যা ধরি, সংখ্যাটি x

প্রশ্নমতে, $\frac{x}{2}+6=\frac{2x}{3}$

বা, $\frac{x}{2}-\frac{2x}{3}=-6$

বা, $\frac{3x-4x}{6}=-6$

বা, $-x=-36$

$\therefore x=36$

$\therefore$ সংখ্যাটি 36

১৪. $\log_5 \sqrt[3]{5}$ এর মান কত?

ক $\frac{1}{2}$ খ $\frac{1}{3}$ গ 5 ঘ $\frac{1}{5}$

ব্যাখ্যা $\log_5 \sqrt[3]{5}=\log_5 5^{\frac{1}{3}}$

$=\frac{1}{3}\log_5 5=\frac{1}{3}.1$ [সূত্র : $\log_a a=1$]

$=\frac{1}{3}$

১৫. $\sin\theta=\frac{5}{13}$ হলে $\operatorname{cosec}\theta$ এর মান কত?

ক $\frac{5}{12}$ খ $\frac{12}{5}$ গ $\frac{13}{5}$ ঘ $\frac{5}{13}$

ব্যাখ্যা দেয়া আছে, $\sin\theta=\frac{5}{13}$

$=\frac{1}{\frac{5}{13}}=\frac{13}{5}$ $\therefore \operatorname{cosec}\theta=\frac{1}{\sin\theta}$

১৬. দুইটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর 199 হলে বড় সংখ্যাটি কত?

ক 70 খ 80 গ 90 ঘ 100

ব্যাখ্যা

বড় সংখ্যা $=\frac{\text{বর্গের অন্তর}+1}{2}=\frac{199+1}{2}=100$

১৭. x^2-y^2+2y-1 এর একটি উৎপাদক–

ক $x+y+1$ খ $x-y$ গ $x+y-1$ ঘ $x-y-1$

ব্যাখ্যা $x^2-y^2+2y-1=x^2-(y^2-2y+1)$

$=x^2-(y-1)^2=(x+y-1)(x-y+1)$

১৮. $x+y=12$ এবং $x-y=2$ হলে xy এর মান কত?

ক 60 খ 140 গ 35 ঘ 70

ব্যাখ্যা আমরা জানি, $xy=\left(\frac{x+y}{2}\right)^2-\left(\frac{x-y}{2}\right)^2$

$=\left(\frac{12}{2}\right)^2-\left(\frac{2}{2}\right)^2$

$=(6)^2-(1)^2=36-1=35$

১৯. রম্বসের ক্ষেত্রফল নিচের কোনটি?

ক $\frac{1}{2}\times$ ভূমি $\times$ উচ্চতা খ ভূমি $\times$ উচ্চতা

গ $\frac{1}{2}\times$ কর্ণদ্বয়ের গুণফল ঘ দৈর্ঘ্য $\times$ প্রস্থ

ব্যাখ্যা রম্বসের ক্ষেত্রফল $=\frac{1}{2}\times$ কর্ণদ্বয়ের গুণফল

২০. $\sqrt{3}$ সংখ্যাটি কোন ধরনের সংখ্যা?

ক স্বাভাবিক সংখ্যা খ পূর্ণ সংখ্যা গ মূলদ সংখ্যা ঘ অমূলদ সংখ্যা

ব্যাখ্যা পূর্ণবর্গ নয় এমন যে কোনো স্বাভাবিক সংখ্যার বর্গমূল অমূলদ সংখ্যা। যেমন- $\sqrt{2},\sqrt{3},\sqrt{5}$ ইত্যাদি।

$\therefore$ প্রশ্নে উল্লেখিত $\sqrt{3}$ সংখ্যাটি একটি অমূলদ সংখ্যা।

২১. ১৫ জন লোক একটি কাজ শেষ করে ৩ ঘণ্টায়। ৫ জন লোক ঐ কাজ কত সময়ে শেষ করবে?

ক ৫ ঘণ্টা খ ৭.৫ ঘণ্টা গ ৯ ঘণ্টা ঘ ৪ ঘণ্টা

ব্যাখ্যা ১৫ জন লোক কাজটি করে ৩ ঘণ্টায়

$\therefore$ ১ জন লোক কাজটি করে ১৫ $\times$ ৩ ঘণ্টায়

$\therefore$ ৫ জন লোক কাজটি করে $=\frac{১৫\times ৩}{৫}=$ ৯ ঘণ্টায়

২২. $\sin(-\theta)$ কত?

ক $-\sin\theta$ খ $\sin\theta$ গ $\pm\sin\theta$ ঘ কোনোটিই নয়

ব্যাখ্যা ত্রিকোণমিতিক সূত্রানুসারে, $\sin(-\theta)=-\sin\theta$

২৩. ΔABC এর $\angle A=45°, \angle B=30°$ হলে $\angle C$ এর মান কত?

ক 90° খ 100° গ 105° ঘ 110°

ব্যাখ্যা ΔABC -এ $\angle A+\angle B+\angle C=180°$

$\Rightarrow 45°+30°+\angle C=180°$

$\Rightarrow \angle C=180°-75°$

$\therefore \angle C=105°$

২৪. একটি বৃত্তের ব্যাসার্ধ r হলে বৃত্তের ক্ষেত্রফল কত?

ক πr^2 খ $2r^2\pi$ গ $2\pi r$ ঘ কোনোটিই নয়

২৫. $A=\{1,2,3\}, B=\{2,3,7\}$ হলে $A\cap B=$ কত?

ক $\{2\}$ খ $\{2,3\}$ গ $\{1,2,3,7\}$ ঘ $\{3\}$

ব্যাখ্যা দেয়া আছে, $A=\{1,2,3\}, B=\{2,3,7\}$

$\therefore A\cap B=\{1,2,3\}\cap\{2,3,7\}=\{2,3\}$

মডেল ৩৮ উত্তর

১২	ঘ
১৩	গ
১৪	খ
১৫	গ
১৬	ঘ
১৭	গ
১৮	গ
১৯	গ
২০	ঘ
২১	গ
২২	ক
২৩	গ
২৪	ক
২৫	খ

মডেল ৩৯ সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার ২০১৩

০১. $০.\dot{২}$ এর সামান্য ভগ্নাংশ কোনটি?

ক $\frac{২}{১০}$ খ $\frac{২}{৮}$ গ $\frac{২}{৯}$ ঘ $\frac{২}{৯৯}$

ব্যাখ্যা $০.\dot{২} = ০.২২২২....$

$.\dot{২} \times ১০ = .২২২ .... \times ১০ = ২.২২২....$

এবং $.\dot{২} \times ১ = .২২২ ..... \times ১ = .২২২....$

বিয়োগ করে $.\dot{২} \times ১০ - .\dot{২} \times ১ = ২$

বা, $.\dot{২} \times (১০ - ১) = ২$

বা, $.\dot{২} \times ৯ = ২$

$\therefore .\dot{২} = \frac{২}{৯}$

০২. ৯০ কোন সংখ্যার শতকরা ৭৫?

ক ১১০ খ ৮০ গ ১০০ ঘ ১২০

ব্যাখ্যা ধরি, সংখ্যাটি = ক

$\therefore$ ক এর ৭৫% = ৯০

বা, $\frac{৭৫ক}{১০০} = ৯০$

বা, ক = ১২০

$\therefore$ সংখ্যাটি = ১২০

০৩. ৫, ১১, ১৯, ২৯, ... ধারার পরের সংখ্যা কত?

ক ৩৫ খ ৩৭ গ ৪১ ঘ ৩৯

ব্যাখ্যা ১ম পদ = ৫

২য় পদ = ১ম পদ + ৬ = ৫ + ৬ = ১১

৩য় পদ = ২য় পদ + ৮ = ১১ + ৮ = ১৯

৪র্থ পদ = ৩য় পদ + ১০ = ১৯ + ১০ = ২৯

৫ম পদ = ৪র্থ পদ + ১২ = ২৯ + ১২ = ৪১

০৪. একটি গাড়ির চাকা মিনিটে ৯০ বার ঘুরে। এক সেকেন্ডে চাকাটি কত ডিগ্রি ঘুরে?

ক ৫৪০° খ ১৮০° গ ২৭০° ঘ ৩৬০°

ব্যাখ্যা ১ বার ঘুরলে অতিক্রম করে = ৩৬০°

$\therefore$ ৯০ " " " " = (৩৬০ × ৯০)°

= ৩২,৪০০°

৬০ সেকেন্ডে চাকাটি ঘুরে = ৩২,৪০০°

$\therefore$ ১ " " " $= \left(\frac{৩২,৪০০}{৬০}\right)^{\circ}$

= ৫৪০°

০৫. ৪০ থেকে ১০০ পর্যন্ত সংখ্যার মধ্যে বৃহত্তম ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যার অন্তর কত?

ক ৫৯ খ ৬১ গ ৫৬ ঘ ৭০

ব্যাখ্যা ৪০ থেকে ১০০-এর মধ্যে বৃহত্তম মৌলিক সংখ্যা = ৯৭ এবং ক্ষুদ্রতম মৌলিক সংখ্যা = ৪১

$\therefore$ পার্থক্য = ৯৭ − ৪১ = ৫৬

০৬. $\sqrt{০.০৯}$ = কত?

ক ০.০৩ খ ০.৩ গ ০.০০৩ ঘ ০.০০০৩

ব্যাখ্যা $\sqrt{০.০৯} = ০.৩$ [ক্যালকুলেটর দ্বারা]

০৭. $x + 2y = 4$ এবং $xy = 2$ হয়, তবে x = কত?

ক 0 খ 12 গ 1 ঘ 2

ব্যাখ্যা দেয়া আছে, $x + 2y = 4$ ..... (i)

এবং $xy = 2$ .....(ii)

(ii)নং হতে পাই, $y = \frac{2}{x}$

y-এর মান (i) নং সমীকরণে এ বসিয়ে পাই,

$x + 2.\frac{2}{x} = 4$

বা, $x + \frac{4}{x} = 4$

বা, $\frac{x^2 + 4}{x} = 4$

বা, $x^2 - 4x + 4 = 0$

বা, $(x - 2)^2 = 0$

$\therefore x = 2$

০৮. $2x^2 - x - 3$ এর একটি উৎপাদক নিচের কোনটি?

ক $2x + 3$ খ $x - 1$ গ $x + 1$ ঘ $2x + 3x$

ব্যাখ্যা $2x^2 - x - 3$

$= 2x^2 + 2x - 3x - 3$

$= 2x(x + 1) - 3(x + 1)$

$= (2x - 3)(x + 1)$

$\therefore$ নির্ণেয় একটি উৎপাদক $(x + 1)$

০৯. দুইটি সংখ্যার অনুপাত ৫ : ৬ এবং তাদের গ. সা. গু ৮ হলে, তাদের ল. সা. গু কত?

ক ২১০ খ ২২০ গ ২৪৮ ঘ ২৪০

ব্যাখ্যা মনে করি,

সংখ্যাদ্বয় যথাক্রমে $৫x$ ও $৬x$

$\therefore$ সংখ্যা দুটির গ. সা. গু = x

প্রশ্নমতে, $x = ৮$

আবার, $৫x$ ও $৬x$-এর ল. সা. গু = $৩০x$

= ৩০ × ৮

= ২৪০

১০. $\frac{3}{5}$-এর লব এবং হরের সাথে কোন একই সংখ্যা যোগ করলে ভগ্নাংশটির মান $\frac{4}{5}$ হয়?

ক 4 খ 5 গ 3 ঘ 6

মডেল ৩৯ উত্তর

০১	গ
০২	ঘ
০৩	গ
০৪	ক
০৫	গ
০৬	খ
০৭	ঘ
০৮	গ
০৯	ঘ
১০	খ

ব্যাখ্যা ধরি, সংখ্যাটি $= x$

প্রশ্নমতে, $\frac{3+x}{5+x} = \frac{4}{5}$

বা, $20 + 4x = 15 + 5x$

বা, $-x = -5$

$\therefore x = 5$

১১. -5 এবং $|5|$-এর মধ্যে দূরত্ব কত একক?

ক 0 খ 10 গ -10 ঘ 20

ব্যাখ্যা -5 এবং $|5|$-এর মধ্যে দূরত্ব

$= |5| - (-5)$

$= 5 + 5$

$= 10$ একক।

১২. $\left(\frac{5x}{6}+3\right)$ এবং $\left(\frac{x}{3}+10\right)$ পরস্পর হলে x-এর মান কত?

ক $\frac{21}{2}$ খ 14 গ 6 ঘ 7

ব্যাখ্যা $\frac{5x}{6} + 3 = \frac{x}{3} + 10$

বা, $\frac{5x}{6} - \frac{x}{3} = 10 - 3$

বা, $\frac{5x-2x}{6} = 7$

বা, $3x = 42$

বা, $x = 14$

$\therefore$ নির্ণেয় x এর মান 14

১৩. $a - \frac{1}{a} = 4$ হলে, $a^3 - \frac{1}{a^3} =$ কত?

ক 86 খ 76 গ 66 ঘ 64

ব্যাখ্যা দেয়া আছে, $a - \frac{1}{a} = 4$

প্রদত্ত রাশি, $a^3 - \frac{1}{a^3}$

$= \left(a - \frac{1}{a}\right)^3 + 3.a.\frac{1}{a}\left(a - \frac{1}{a}\right)$

$= (4)^3 + 3.4$

$= 76$

১৪. ABCD সামান্তরিকের $\angle BCD = 130°$ হলে, $\angle ABC$-এর মান কত?

ক 40° খ 60° গ 50° ঘ 130°

ব্যাখ্যা যে চতুর্ভুজের বিপরীত বাহুগুলো সমান্তরাল তাকে সামান্তরিক বলে। সামান্তরিকের বিপরীত কোণগুলোও পরস্পর সমান। কাজেই, $\angle BAD$ ও $\angle BCD$-এর সমষ্টি $= 130° + 130° = 260°$।



তাহলে $\angle ABC$ ও $\angle ADC$-এর সমষ্টি

$= 360° - 260°$

$= 100°$

$\therefore \angle ABC = \frac{100}{2}$

$= 50°$

১৫. একটি বৃত্তের ব্যাসার্ধ 14 সে.মি. এবং বৃত্তকলা কেন্দ্রে 75° কোণ উৎপন্ন করে। বৃত্তকলার ক্ষেত্রফল কত?

ক 127 বর্গ সে.মি. খ 129.03 বর্গ সে.মি.

গ 128.282 বর্গ সে.মি. ঘ 128.05 বর্গ সে.মি.

ব্যাখ্যা আমরা জানি, বৃত্তকলার ক্ষেত্রফল

$= \frac{\theta}{360}\pi r^2$

$= \frac{75}{360} \times 3.1415 \times (14)^2$

$= 128.282$ বর্গ সে. মি.

১৬. নিচের কোন তিনটি রেখাংশ দ্বারা ত্রিভুজ অংকন করা অসম্ভব?

ক 5 সে.মি., 8 সে.মি., 3 সে.মি.

খ 5 সে.মি., 4 সে.মি., 3 সে.মি.

গ 2 সে.মি., 3 সে.মি., 4 সে.মি.

ঘ 6.5 সে.মি., 6.5 সে.মি., 6.5 সে.মি.

ব্যাখ্যা আমরা জানি, ত্রিভুজের যে কোনো দুই বাহুর সমষ্টি তার তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর হয়। অপশন (ক)-এর ক্ষেত্রে ১ম ও ৩য় সরলরেখার দৈর্ঘ্যের যোগফল $(5+3)$ সে. মি. বা 8 সে. মি. যা ২য় সরলরেখার দৈর্ঘ্যের সমান। সুতরাং এই সরলরেখা দ্বারা ত্রিভুজ অংকন করা অসম্ভব।

১৭. মুনাফা ১২% থেকে হ্রাস পেয়ে ৮% হলে কত টাকার বার্ষিক মুনাফা ৫০০ টাকা হ্রাস পাবে?

ক ১৫০০০ খ ১২৫০০ গ ১২০০০ ঘ ১৩৫০০

ব্যাখ্যা ১০০ টাকায় ১ বছরে আয় কমে $= ১২\% - ৮\% = ৪\%$

এখন ৪ টাকা আয় কমে যখন মূলধন ১০০ টাকা

$\therefore$ ১ " " " " " $\frac{১০০}{৪}$ "

$\therefore$ ৫০০ " " " " " $\frac{১০০ \times ৫০০}{৪}$

$=$ ১২,৫০০ টাকা

মডেল ৩৯ উত্তর

১১	খ
১২	খ
১৩	খ
১৪	গ
১৫	গ
১৬	ক
১৭	খ

মডেল টেস্ট

পিএসসি ও বিভিন্ন মন্ত্রণালয় গৃহীত পরীক্ষা

২০১৪

মডেল ৪০ বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক ২০১৪

১. নিচের কোনটি দ্যা মরগানের সূত্র?

ক $A \cup B = B \cup A$ খ $(A \cup B) \cup C = A \cup (B \cup C)$

গ $(A \cap B)' = A' \cup B'$ ঘ $A \cap B' = A - B$

ব্যাখ্যা সার্বিক সেট U এর যে কোনো উপসেট A ও B এর জন্য–

i) $(A \cup B)' = A' \cap B'$

ii) $(A \cap B)' = A' \cup B'$

এই প্রতিজ্ঞাকে দ্য মরগ্যানের সূত্র (De Morgans Law) নামে অভিহিত করা হয়।

২. ত্রিভুজের মধ্যমাত্রয়ের ছেদবিন্দুর নাম কি?

ক পরিকেন্দ্র খ ভরকেন্দ্র

গ অন্তঃকেন্দ্র ঘ লম্বকেন্দ্র

ব্যাখ্যা ত্রিভুজের কোন একটি শীর্ষবিন্দু এবং তার বিপরীত বাহুর মধ্যবিন্দুর সংযোজক সরলরেখাকে মধ্যমা বলে। ত্রিভুজের মধ্যমাত্রয় সমবিন্দু। এই বিন্দু ত্রিভুজের ভরকেন্দ্র।



ΔABC এ D, E, F যথাক্রমে BC, CA এবং AB এর মধ্যবিন্দু। AD, BE, CF মধ্যমাত্রয় O বিন্দুতে মিলিত হয়।

$\therefore$ O হলো ত্রিভুজটির ভরকেন্দ্র। সুতরাং ভরকেন্দ্র হলো কোনো ত্রিভুজের তিন বাহুর সমদ্বিখণ্ডকগুলোর ছেদবিন্দু।

৩. ক্রয় মূল্য : বিক্রয় মূল্য = 5 : 6; এতে শতকরা কত লাভ হয়?

ক 20% খ 40% গ 10% ঘ 15%

ব্যাখ্যা ধরি, ক্রয়মূল্য $5x$ এবং বিক্রয়মূল্য $6x$

সুতরাং লাভ $= 6x - 5x = x$

$5x$ টাকায় লাভ হয় x টাকা

$\therefore 100$ " " " $= \frac{x}{5x} \times 100 = 20$ টাকা

$\therefore$ লাভ 20%।

৪. একটি চাকার ব্যাস 70 সে. মি.। চাকাটি একবার ঘুরলে কতটুকু পথ অতিক্রম করে?

ক 2.259 মি. খ 2.199 মি.

গ 2.359 মি. ঘ 2.159 মি.

ব্যাখ্যা একটি চাকার ব্যাস, $2r = 70$ সে. মি.

সুতরাং চাকার ব্যাসার্ধ, $r = \frac{70}{2}$ " $= 35$ সে. মি.

চাকাটি একবার ঘুরলে পরিধির সমান পথ অতিক্রম করবে।

$\therefore$ পরিধি $= 2\pi r$ সে. মি.

$= 2\pi \times 35$ সে. মি.

$= 219.91$ সে. মি.

$= 2.199$ মি.

৫. একটি ছক্কাকে একবার নিক্ষেপ করা হলে, 2 থেকে বড় সংখ্যা পাবার সম্ভাবনা কত?

ক $\frac{1}{2}$ খ $\frac{1}{3}$ গ $\frac{5}{6}$ ঘ $\frac{2}{3}$

ব্যাখ্যা সম্ভাব্যতা $= \frac{\text{অনুকূল নমুনা বিন্দুর সংখ্যা}}{\text{মোট নমুনা বিন্দুর সংখ্যা}}$

$= \frac{4}{6}$

$= \frac{2}{3}$

মডেল ৪০ উত্তর

১	গ
২	খ
৩	ক
৪	খ
৫	ঘ

৬. কোনো সমান্তর ধারার p-তম পদ q এবং q-তম পদ p হলে (p + q) তম পদ কত?

ক pq খ p + q
গ pq (p + q) ঘ 0

ব্যাখ্যা ধারাটির p তম পদ $= a + (p-1)d$

এবং " q " " $= a + (q-1)d$

এবং $p + q$ তম পদ $= a + (p + q - 1)d$

প্রশ্নমতে, $a + (p-1)d = q$ ..... (i)

$a + (q-1)d = p$ .... (ii)

(i) নং হতে (ii) নং বিয়োগ করে পাই,

$\{a + (p-1)d\} - \{a + (q-1)d\} = q - p$

বা, $a + (p-1)d - a - (q-1)d = q - p$

বা, $(p-1)d - (q-1)d = q - p$

বা, $d(p - 1 - q + 1) = q - p$

বা, $d(p - q) = -(p - q)$

$\therefore d = -1$

সুতরাং $p + q$ তমপদ $= a + (p + q - 1)d$

$= a + (p-1)d + qd$

$= q + qd$ [(i) নং হতে]

$= q + q(-1)$ [$\because d = -1$]

$= 0.$

৭. একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ১৩, ১৪ ও ১৫ মিটার। ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

ক ৬০ বর্গমিটার খ ৮৪ বর্গমিটার
গ ৯০ বর্গমিটার ঘ ৪৮ বর্গমিটার

ব্যাখ্যা এখানে, $s = \frac{১৩ + ১৪ + ১৫}{২} = ২১$

$\therefore$ ক্ষেত্রফল $= \sqrt{২১(২১ - ১৩)(২১ - ১৪)(২১ - ১৫)}$

$= \sqrt{২১ \times ৮ \times ৭ \times ৬}$

$= \sqrt{৭০৫৬}$

$=$ ৮৪ বর্গ মিটার।

৮. একটি শ্রেণির প্রতি বেঞ্চে 5 জন করে ছাত্র বসলে 5 খানা বেঞ্চ খালি থাকে। কিন্তু প্রতি বেঞ্চে 3 জন করে বসলে 7 জন ছাত্র দাঁড়িয়ে থাকে। ঐ শ্রেণির ছাত্র সংখ্যা কত?

ক 85 খ 75 গ 65 ঘ 55

ব্যাখ্যা ধরি, ঐ শ্রেণীর ছাত্র সংখ্যা $= x$ জন

১ম ক্ষেত্রে, 5 জন বসে 1টি বেঞ্চে

$\therefore$ x " " $\frac{x}{5}$ " "

$\therefore$ ১ম ক্ষেত্রে, মোট বেঞ্চ সংখ্যা $= \left(\frac{x}{5} + 5\right)$ টি

২য় ক্ষেত্রে, 3 জন বসে 1টি বেঞ্চে

$\therefore$ $(x - 7)$ " " $\left(\frac{x-7}{3}\right)$ "

তাহলে, $\frac{x}{5} + 5 = \frac{x-7}{3}$

বা, $\frac{x + 25}{5} = \frac{x - 7}{3}$

বা, $3x + 75 = 5x - 35$

বা, $2x = 110$

$\therefore x = 55$

৯. $2^{x+7} = 4^{x+2}$ সমীকরণের সমাধান কত?

ক 2 খ 3 গ 4 ঘ 1

ব্যাখ্যা $2^{x+7} = 4^{x+2}$

বা, $2^{x+7} = 2^{2(x+2)}$

বা, $x + 7 = 2x + 4$

$\therefore x = 3$

১০. $\sqrt{x^{-1}y} \cdot \sqrt{y^{-1}z} \cdot \sqrt{z^{-1}x}$ এর মান কত?

ক x খ y গ 1 ঘ z

ব্যাখ্যা $\sqrt{x^{-1}y} \cdot \sqrt{y^{-1}z} \cdot \sqrt{z^{-1}x}$

$= \sqrt{\frac{y}{x}} \cdot \sqrt{\frac{z}{y}} \cdot \sqrt{\frac{x}{z}}$

$= \sqrt{\frac{y}{x} \cdot \frac{z}{y} \cdot \frac{x}{z}}$

$= \sqrt{1} = 1$

১১. নিচে ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য দেয়া আছে। কোন ক্ষেত্রে ত্রিভুজটি আঁকা সম্ভব নয়?

ক 2, 3, 5 সে. মি. খ 4, 5, 6 সে. মি.
গ 3, 5, 7 সে. মি. ঘ 5, 6, 8 সে. মি.

ব্যাখ্যা আমরা জানি, ত্রিভুজের যে কোনো দুই বাহুর সমষ্টি তার তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর হয়। অপশন (খ), (গ) ও (ঘ)-এর ক্ষেত্রে যে কোনো দুটি সরলরেখার দৈর্ঘ্যের যোগফল তৃতীয় সরলরেখার দৈর্ঘ্য অপেক্ষা বৃহত্তর। কিন্তু অপশন (ক)-এর ক্ষেত্রে ১ম ও ২য় সরলরেখার দৈর্ঘ্যের যোগফল (2 + 3) বা 5 সে. মি.; যা ৩য় সরলরেখার দৈর্ঘ্যের 5 সে. মি. এর সমান। সুতরাং এই সরলরেখা দ্বারা ত্রিভুজ অংকন করা অসম্ভব।

১২. A, B, C বর্ণের ২টি করে বর্ণ নিয়ে কত প্রকারে বিন্যাস করা যায়?

ক 3 উপায়ে খ 4 উপায়ে
গ 5 উপায়ে ঘ 6 উপায়ে

মডেল ৪০ উত্তর

৬	ঘ
৭	খ
৮	ঘ
৯	খ
১০	গ
১১	ক
১২	ঘ

ব্যাখ্যা A, B, C বর্ণের 3টি করে বর্ণ নিয়ে বিন্যাস করা যায় 3! উপায়ে বা 6 উপায়ে।

১৩. $\int \frac{1}{x^2} dx$ এর মান কত?

ক $-\frac{1}{x}+c$ খ $\frac{1}{x}+c$

গ $x^{-2}+c$ ঘ $\ln|x|+c$

ব্যাখ্যা ধরি, $I = \int \frac{1}{x^2} dx$

$= \int x^{-2} dx$

$= \left[\frac{x^{-2+1}}{-2+1}\right] + c$

$= -x^{-1} + c$

$= -\frac{1}{x} + c$

১৪. একখানা বাড়ির বিক্রয় মূল্য তার ক্রয় মূল্যের $\frac{৩}{৪}$ অংশের সমান। শতকরা লাভ বা ক্ষতি কত হবে?

ক ২৫% ক্ষতি খ ২৫% লাভ

গ ২০% ক্ষতি ঘ ২০% লাভ

ব্যাখ্যা মনে করি, ক্রয়মূল্য = ৪ টাকা

বিক্রয়মূল্য = ৩ টাকা

∴ ক্ষতি = (৪ − ৩) টাকা = ১ টাকা

এখন ৪ টাকায় ক্ষতি হয় ১ টাকা

∴ ১০০ " " " $\frac{১ \times ১০০}{৪}$ " = ২৫%।

১৫. sin 30° এর মান কত?

ক $\frac{\sqrt{3}}{2}$ খ $\frac{1}{2}$ গ $\frac{1}{\sqrt{2}}$ ঘ $\frac{1}{\sqrt{3}}$

ব্যাখ্যা sin 30° এর মান $= \frac{1}{2}$।

মডেল ৪০ উত্তর

১৩	ক
১৪	ক
১৫	খ

মডেল ৪১ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা ২০১৪

০১. কবির ৩০০ টি কলা কিনলো ৭৫০ টাকা দিয়ে। সে ১৩৫০ টাকায় সবগুলো কলা বিক্রয় করে দিল। সে ক্রয়মূল্যের উপর শতকরা কত টাকা লাভ করলো?

ক ৪০% খ ৫০% গ ৬০% ঘ ৮০%

ঙ কোনোটিই নয়

ব্যাখ্যা ৩০০টি কলার ক্রয়মূল্য ৭৫০ টাকা

∴ ১ " " $= \frac{৭৫০}{৩০০}$ " $= \frac{৫}{২}$ টাকা

আবার, ৩০০টি কলার বিক্রয়মূল্য ১৩৫০ টাকা

∴ ১টি " " $= \frac{১৩৫০}{৩০০}$ " $= \frac{৯}{২}$ টাকা

সুতরাং লাভ $= \left(\frac{৯}{২} - \frac{৫}{২}\right)$ টাকা

= ২ টাকা

$\frac{৫}{২}$ টাকায় লাভ হয় ২ টাকা

∴ ১ " " " $= ২ \times \frac{২}{৫}$ "

∴ ১০০ " " " $= ২ \times \frac{২}{৫} \times ১০০$ "

= ৮০ টাকা

সুতরাং সে ক্রয়মূল্যের উপর ৮০% লাভ করলো।

০২. খালেক ও তার বাবার বয়সের সমষ্টি ৪০ বছর। খালেকের বাবা তার চেয়ে ২৮ বছরের বড়। ১৩ বছর পর তাদের বয়সের সমষ্টি কত হবে?

ক ৬৬ বছর খ ৫৩ বছর

গ ৫৬ বছর ঘ ৭২ বছর

ঙ কোনোটিই নয়

ব্যাখ্যা খালেক ও তার বাবার বয়সের সমষ্টি ৪০ বছর। যেহেতু খালেকের বাবা তার চেয়ে ২৮ বছরের বড়

∴ খালেকের বয়স = (৪০ − ২৮) বছর = ১২ বছর

১৩ বছর পর পিতার বয়স = ২৮ + ১৩ = ৪১ বছর

১৩ " " খালেকের " = ১২ + ১৩ = ২৫ বছর

সুতরাং, ১৩ বছর পর তাদের বয়সের সমষ্টি = (৪১ + ২৫) বছর

= ৬৬ বছর।

০৩. যদি ২০ জন লোক একটি কাজের অর্ধেক করতে পারে ৩০ দিনে তবে ঐ একই কাজ ৫০ দিনে করতে অতিরিক্ত কত জন লোক লাগবে?

ক ৮ জন খ ১০ জন গ ৪ জন ঘ ৬ জন

ঙ কোনোটিই নয়

ব্যাখ্যা ২০ জনে $\frac{১}{২}$ অংশ করে = ৩০ দিনে

" " ১ " " = (৩০ × ২) "

= ৬০ দিনে

কাজটি,

৬০ দিনে করতে পারে ২০ জন লোকে

∴ ১ " " " = ২০ × ৬০ "

∴ ৫০ " " " $= \frac{২০ \times ৬০}{৫০}$ "

= ২৪ জন লোকে।

সুতরাং অতিরিক্ত লোক লাগছে = (২৪ − ২০) জন

= ৪ জন।

০৪. জাকারিয়া ২৫০০ টাকা দিয়ে একটি গাড়ি কিনে ২৫% লাভে বিক্রয় করলো। গাড়িটি সে কত দামে বিক্রয় করলো?

ক ২৭২৫ টাকা খ ৩০০০ টাকা

গ ৩১২৫ টাকা ঘ ৩২০০ টাকা

ঙ কোনোটিই নয়

মডেল ৪১ উত্তর

১	ঘ
২	ক
৩	গ
৪	গ

ব্যাখ্যা ২৫% লাভে,
ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১২৫ টাকা

∴ " ১ " " " $= \frac{১২৫}{১০০}$ "

∴ " ২৫০০ " " " $= \frac{১২৫ \times ২৫০০}{১০০}$

$= ৩১২৫$ টাকা।

০৫. রাজশাহী থেকে খুলনা এর দূরত্ব ২৮২ কিলোমিটার। একটি বাস ৭ ঘণ্টায় খুলনা থেকে রাজশাহী চলে আসল। পথে বাসটি ১ ঘণ্টা যাত্রা বিরতি নেয়। বাসটির গড় গতিবেগ কত কি.মি./ঘণ্টা?

ক ৪২ খ ৪৯ গ ৫৫ ঘ ৬৩
ঙ কোনোটিই নয়

ব্যাখ্যা মোট সময় নেয় ৭ ঘণ্টা
যাত্রা বিরতি " ১ "
নিট সময় নেয় (৭ − ১) = ৬ ঘণ্টা
মোট দূরত্ব ২৮২ কিলোমিটার

∴ গড় গতিবেগ $= \frac{২৮২}{৬}$ কিমি/ ঘণ্টা

$= ৪৭$ কিমি/ঘণ্টা

০৬. এক ব্যক্তি ২০% সরল সুদে ৭০০ টাকা এবং ১০% সরল সুদে ৫০০ টাকা বিনিয়োগ করলে এক বছর পর তিনি কত সুদ পাবেন?

ক ১৫০ টাকা খ ১৯০ টাকা
গ ২২৫ টাকা ঘ ২৯০ টাকা
ঙ কোনোটিই নয়

ব্যাখ্যা ২০% সুদে,
১০০ টাকার ১ বছরের সুদ ২০ টাকা

∴ ১ " ১ " " $= \frac{২০}{১০০}$ "

∴ ৭০০ " ১ " " $= \frac{২০ \times ৭০০}{১০০}$ "

$= ১৪০$ টাকা।

আবার, ১০% সুদে,
১০০ টাকার ১ বছরের সুদ ১০ টাকা

∴ ১ " ১ " " $\frac{১০}{১০০}$ "

∴ ৫০০ " ১ " " $\frac{১০ \times ৫০০}{১০০}$ "

$= ৫০$ টাকা।

সুতরাং, ১ বছরে মোট সুদ (১৪০ + ৫০) বা ১৯০ টাকা।

০৭. একটি স্কুলে মোট ৫০০ জন শিক্ষার্থীর মধ্যে ২০% ছাত্রী। কোন এক বুধবারে ৪০ জন ছাত্র অনুপস্থিত ছিল। ঐদিন শতকরা কত জন ছাত্র উপস্থিত ছিল?

ক ৯০% খ ৮০% গ ৭৫% ঘ ৫০%
ঙ কোনোটিই নয়

ব্যাখ্যা ৫০০ জন এর ২০% $= \frac{৫০০ \times ২০}{১০০}$ জন

$= ১০০$ জন

অর্থাৎ ছাত্রী ১০০ জন

∴ ছাত্র (৫০০ − ১০০) বা ৪০০ জন

বুধবার ছাত্র উপস্থিত ছিল (৪০০ − ৪০) বা ৩৬০ জন

এখন, ৩৬০ জন ৪০০ জন এর $\frac{৩৬০}{৪০০}$

∴ শতকরা উপস্থিত ছিল $\frac{৩৬০}{৪০০} \times ১০০\%$

$= \frac{৩৬০}{৪}\%$

$= ৯০\%$

০৮. সামাদ সাহেবের মাসিক বেতন ১২০০০ টাকা। এক বছর পর তার বেতন ১১% বৃদ্ধি পেল। আগামী বছর সামাদ সাহেব কত টাকা মাসিক বেতনে বছর শুরু করবেন?

ক ১২০৭৫ টাকা খ ১৩৩২০ টাকা
গ ১৬০০০ টাকা ঘ ১৪৪০০ টাকা
ঙ কোনোটিই নয়

ব্যাখ্যা ১২,০০০ টাকা এর ১১%

$= ১২,০০০ \times \frac{১১}{১০০} = ১৩২০$ টাকা।

তাহলে বছরের শুরুতে বেতন পাবে (১২,০০০ + ১৩২০) টাকা বা ১৩৩২০ টাকা।

০৯. ৭২০ এর ৬.৫% =?

ক ৩৭ খ ৪৬.৮
গ ৫৬.৪ ঘ ৪৯
ঙ কোনোটিই নয়

ব্যাখ্যা ৭২০ এর ৬.৫%

$= ৭২০$ এর $\frac{৬.৫}{১০০} = ৪৬.৮$

১০. ০, ১, ৪, ৬, ৯ এই সংখ্যাগুলো এক বা একাধিকবার ব্যবহার করে পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা কত?

ক ০১৪৬৯ খ ১০৪৬৯
গ ৯০১৪৬ ঘ ১০০০০
ঙ কোনোটিই নয়

ব্যাখ্যা $0 < ১$; কিন্তু শূন্য (০) সংখ্যার বামে, সুতরাং তা অর্থবহ হয় না। এক্ষেত্রে সংখ্যাটি ৪ অঙ্ক বিশিষ্ট হয়ে যায়। তাই শূন্যকে ১ এর পরে বসাতে হবে। অর্থাৎ সংখ্যাটি ১০৪৬৯। আর একাধিকবার অংকগুলো ব্যবহার করলে সংখ্যা বড় হবে, ছোট নয়।

মডেল ৪১

উত্তর

৫	ঙ
৬	খ
৭	ক
৮	খ
৯	খ
১০	খ

১১. একটি বড় বাক্সের মধ্যে ৪টি বাক্স আছে ও তার প্রত্যেকটির ভেতর ৬টি করে ছোট বাক্স আছে। মোট বাক্সের সংখ্যা কত?

ক ১৮টি খ ২০টি
গ ২৫টি ঘ ৩০টি
ঙ কোনোটিই নয়

ব্যাখ্যা মাঝারি বাক্সের মধ্যে প্রত্যেকটিতে ৬টি করে ছোট বাক্স আছে।

∴ ছোট বাক্সের সংখ্যা = ৪ × ৬ = ২৪টি।

বড় বাক্সের মধ্যে ৪টি মাঝারি বাক্স আছে।

সুতরাং মোট বাক্সের সংখ্যা

= ২৪ + ৪ + ১ = ২৯টি।

১২. টাকায় এক ডজন কলা বিক্রি করায় ২৫% ক্ষতি হয়। ৫০% লাভ করতে হলে টাকায় কতটি কলা বিক্রি করতে হবে?

ক ৫টি খ ৬টি গ ৭টি ঘ ৮টি
ঙ কোনোটিই নয়

ব্যাখ্যা ক্রয়মূল্য ১০০ টাকা হলে,

২৫% ক্ষতিতে বিক্রয়মূল্য = (১০০ − ২৫) টাকা = ৭৫ টাকা

৫০% লাভে " = (১০০ + ৫০) " = ১৫০ টাকা

পূর্বের বিক্রয়মূল্য ৭৫ টাকা হলে বিক্রয় করতে হবে ১৫০ টাকায়

" " ১ " " " " $= \frac{১৫০}{৭৫}$ "

= ২ টাকায়।

২ টাকায় বিক্রি করতে হবে ১২ টি কলা

∴ ১ " " " " $\frac{১২}{২}$ = ৬টি কলা।

মডেল ৪১ উত্তর

১১	ঙ
১২	খ

মডেল ৪২ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন অডিটর ২০১৪

০১. একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য ২০% বৃদ্ধি ও ১০% হ্রাস করা হলে ক্ষেত্রফলের শতকরা কত পরিবর্তন হবে?

ক ১০% বৃদ্ধি খ ৮% বৃদ্ধি
গ ১২% বৃদ্ধি ঘ ৮% হ্রাস

ব্যাখ্যা ধরি, পূর্ব দৈর্ঘ্য = ১০০ একক ও পূর্ব প্রস্থ = ১০০ একক

∴ ক্ষেত্রফল = (১০০ × ১০০) বর্গ একক = ১০,০০০ বর্গ একক

আবার,

২০% বৃদ্ধিতে, দৈর্ঘ্য = (১০০ + ২০) = ১২০ একক

১০% হ্রাসে, প্রস্থ = (১০০ − ১০) = ৯০ একক

∴ ক্ষেত্রফল = (১২০ × ৯০) বর্গ একক = ১০,৮০০ বর্গ একক

∴ ক্ষেত্রফল পরিবর্তন = (১০,৮০০ − ১০,০০০) বর্গ একক

= ৮০০ বর্গ একক

১০,০০০ বর্গ একককে বৃদ্ধি হয় = ৮০০ বর্গ একক

∴ ১০০ " " " " $= \frac{৮০০ \times ১০০}{১০,০০০}$ "

= ৮ বর্গ একক।

[Note: মূল প্রশ্নে ১০% হ্রাস এর জায়গায় হবে প্রস্থ ১০% হ্রাস]

০২. P এর মান কত হলে, $4x^2 - px + 9$ একটি পূর্ণবর্গ হবে?

ক 12 খ 8
গ 10 ঘ 15

ব্যাখ্যা $4x^2 - px + 9$

$= (2x)^2 + (3)^2 - 2.2x.3 - px + 2.2x.3$

$= (2x - 3)^2 + 12x - px$

রাশিটি পূর্ণ বর্গ হবে যদি $12x - px = 0$

$\therefore p = 12$

০৩. $a + b + c = 0$ হলে $a^3 + b^3 + c^3$ এর মান কত?

ক $3abc$ খ $3a^2b^2c^2$
গ $12abc$ ঘ উপরের কোনোটিই নয়

ব্যাখ্যা দেওয়া আছে, $a + b + c = 0$

এখন, $a^3 + b^3 + c^3$

$= (a + b + c)(a^2 + b^2 + c^2 - ab - bc - ca) + 3abc$

$= 0 + 3abc$ [মান বসিয়ে]

$= 3abc$

০৪. ঘণ্টায় ৬০ কিলোমিটার বেগে চলা ১০০ মিটার দৈর্ঘ্যের একটি ট্রেন ৩০০ মিটার দীর্ঘ একটি প্লাটফর্ম অতিক্রম করতে কত সময় লাগবে?

ক ২৪ সেকেন্ড খ ২০ সেকেন্ড
গ ৪০ সেকেন্ড ঘ উপরের কোনোটিই নয়

ব্যাখ্যা ট্রেনটিকে প্লাটফরম অতিক্রম করতে তার নিজের দৈর্ঘ্য ও প্লাটফরম-এর দৈর্ঘ্য অতিক্রম করতে হবে।

∴ মোট অতিক্রান্ত দূরত্ব = (৩০০ + ১০০) মিটার = ৪০০ মিটার

আবার,

৬০ কিলোমিটার = (১০০০ × ৬০) মিটার = ৬০,০০০ মিটার

এবং ১ ঘণ্টা = (৬০ × ৬০) সে. = ৩৬০০ সেকেন্ড

৬০,০০০ মিটার যায় = ৩৬০০ সেকেন্ডে

∴ ১ " " $= \frac{৩৬০০}{৬০,০০০}$ "

∴ ৪০০ " " $= \frac{৩৬০০ \times ৪০০}{৬০,০০০}$ "

= ২৪ সেকেন্ডে।

মডেল ৪২ উত্তর

১	খ
২	ক
৩	ক
৪	ক

০৫. ১ ইঞ্চিতে কত সেন্টিমিটার?

ক ২.৫৪ সেন্টিমিটার খ ২.০২ সেন্টিমিটার
গ ৩.৭৩ সেন্টিমিটার ঘ ১.৩৭ সেন্টিমিটার

ব্যাখ্যা *আমরা জানি,*

১ ইঞ্চি = ২.৫৪ সেন্টিমিটার।

০৬. কোনো সামান্তরিকের দুটি সন্নিহিত কোণের একটি ১১৫ ডিগ্রি হলে অপর কোণটি কত ডিগ্রি হবে?

ক ৪৫ ডিগ্রি খ ৫৫ ডিগ্রি
গ ৬৫ ডিগ্রি ঘ ৩৫ ডিগ্রি

ব্যাখ্যা *সামন্তরিকের দুটি সন্নিহিত কোণের সমষ্টি = ১৮০°*

সুতরাং, ১১৫° + নির্ণেয় কোণ = ১৮০°

∴ নির্ণেয় কোণ = ১৮০° − ১১৫° = ৬৫°।

০৭. $x+\frac{1}{x}=3$ হলে $x^3+\frac{1}{x^3}$ এর মান কত?

ক 18 খ 24
গ 12 ঘ 16

ব্যাখ্যা *দেওয়া আছে,* $x+\frac{1}{x}=3$

সুতরাং, $x^3+\frac{1}{x^3}$

$=\left(x+\frac{1}{x}\right)^3-3.x.\frac{1}{x}\left(x+\frac{1}{x}\right)$

$=(3)^3-3.3$

$=27-9$

$=18$

০৮. একটি চাকার ব্যাস ৪.২ মিটার। চাকাটি ৩০০ মিটার পথ অতিক্রম করতে কতবার ঘুরবে?

ক ২৫ বার খ ৩০ বার
গ ১৫ বার ঘ কোনোটিই নয়

ব্যাখ্যা *চাকার ব্যাস = ৪.২ মিটার*

∴ চাকার ব্যাসার্ধ = $\frac{৪.২}{২}$ *মিটার = ২.১ মিটার*

চাকার পরিধি = ২π × ২.১ মিটার

$=\left(২\times\frac{২২}{৭}\times২.১\right)$ *মিটার*

= ১৩.২ মিটার

চাকাটি ৩০০ মিটার অতিক্রম করতে ঘুরে = $\frac{৩০০}{১৩.২}$ *বার ≅ ২৩ বার*

০৯. ১৮ মিটার দীর্ঘ একটি মই ভূমির সাথে ৩০ ডিগ্রি কোণ উৎপন্ন করে দেয়ালের ছাদ স্পর্শ করে। দেয়ালটির উচ্চতা কত?

ক ৯ মিটার খ ১২ মিটার
গ ১৫ মিটার ঘ কোনোটিই নয়

ব্যাখ্যা



ধরি, ABC সমকোণী ত্রিভুজের দেওয়ালের উচ্চতা ক মিটার

আমরা জানি,

$\sin\theta=\frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}}$

$\therefore \sin ৩০^\circ=\frac{ক}{১৮}$

$\Rightarrow \frac{১}{২}=\frac{ক}{১৮}$

∴ ক = ৯ মিটার।

১০. ১০ টাকায় ১২টি করে কোনো জিনিস ক্রয় করে ১০ টাকায় ৮টি করে বিক্রি করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে?

ক ৫০% লাভ খ ৩৫% লাভ
গ ২৫% লাভ ঘ কোনোটিই নয়

ব্যাখ্যা *১২টির ক্রয়মূল্য ১০ টাকা*

∴ ১ " " $\frac{১০}{১২}$ " = $\frac{৫}{৬}$ টাকা

আবার,

৮টির বিক্রয়মূল্য ১০ টাকা

∴ ১ " " $\frac{১০}{৮}$ " = $\frac{৫}{৪}$ টাকা

∴ লাভ = $\frac{৫}{৪}-\frac{৫}{৬}=\frac{১৫-১০}{১২}=\frac{৫}{১২}$ *টাকা*

$\frac{৫}{৬}$ *টাকায় লাভ হয়* $\frac{৫}{১২}$ *টাকা*

∴ ১ " " " $\frac{৫}{১২}\times\frac{৬}{৫}$ "

∴ ১০০ " " " $\frac{৫}{১২}\times\frac{৬}{৫}\times১০০$

= ৫০ টাকা।

মডেল ৪২ উত্তর

৫	ক
৬	গ
৭	ক
৮	ঘ
৯	ক
১০	ক

মডেল ৪৩ কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স-এর কার্যালয়ের অধীন অডিটর ২০১৪

০১. ২৩, ২৫, ২৯, ৩৭, — শূন্যস্থানে কত বসবে?

ক ৪২ খ ৪৯
গ ৫৩ ঘ ৫৭

ব্যাখ্যা ২৩, ২৫, ২৯, ৩৭, ...

এখন, ২৫ − ২৩ = ২ = ২¹

২৯ − ২৫ = ২ × ২ = ২²

৩৭ − ২৯ = ২ × ৪ = ২³

৫৩ − ৩৭ = ২ × ৮ = ২⁴

০২. (.০৫ × .০৯) = ?

ক .০৪৫ খ .০০৪৫
গ .৪৫ ঘ ৪৫

ব্যাখ্যা (০.০৫ × ০.০৯) = ০.০০৪৫

০৩. ৫ ÷ .০৫ = ?

ক .২৫ খ .০২৫
গ ১০০ ঘ .৬২৫

ব্যাখ্যা ৫ ÷ ০.০৫ = ১০০

০৪. x + y এর সাথে y − z যোগ করুন।

ক x + 2y − z খ x + 2y² + z
গ x + y + z ঘ x − y − z

ব্যাখ্যা (x + y) + (y − z)

= x + 2y − z

০৫. ২টি ঘড়ি যথাক্রমে ১০ ও ২৫ মিনিট অন্তর বাজে। একবার একত্রে বাজার পর আবার কখন ঘড়ি দু'টি একত্রে বাজবে?

ক ২০ মি: পর খ ৩০ মি: পর
গ ৫০ মি: পর ঘ ১০০ মি:

ব্যাখ্যা ৫ | ১০, ২৫
২, ৫

১০ ও ১৫ এর ল.সা.গু. = ২ × ৫ × ৫ = ৫০

সুতরাং ৫০ মিনিট পর ঘড়ি দুটি আবার একত্রে বাজবে।

০৬. ৫% হারে ৩০০ টাকার ৫ বছরে সুদাসল কত হয়?

ক ৩২৫ খ ৩৪৫
গ ৩৬০ ঘ ৩৭৫

ব্যাখ্যা আমরা জানি,

$$\text{আসল} = \frac{১০০ \times \text{সুদাসল}}{১০০ + (\text{সময়} \times \text{হার})}$$

$$\text{বা, } ৩০০ = \frac{১০০ \times \text{সুদাসল}}{১০০ + (৫ \times ৫)}$$

বা, ১০০ × সুদাসল = ৩৭,৫০০

∴ সুদাসল = ৩৭৫ টাকা

০৭. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে ৩, ৪ ও ৫ দ্বারা ভাগ করলে নিঃশেষ বিভাজ্য?

ক ১৬০ খ ৯০
গ ১২০ ঘ ৬০

ব্যাখ্যা ৩, ৪ ও ৫ এর ল.সা.গু. = ৩ × ৪ × ৫ = ৬০

∴ নির্ণেয় সংখ্যা ৬০।

০৮. ১টি ত্রিভুজের ২টি কোণ যথাক্রমে ৫০° ও ৬৮°। তৃতীয়টি সমান কত?

ক ১১২° খ ৮২°
গ ৬২° ঘ ৫২°

ব্যাখ্যা ত্রিভুজের তিন কোণের সমষ্টি দুই সমকোণ।

∴ ত্রিভুজটির তৃতীয় কোণের পরিমাণ

= ১৮০° − (৫০° + ৬৮°)

= ১৮০° − ১১৮°

= ৬২°।

০৯. বৃত্তের কেন্দ্র থেকে পরিধি পর্যন্ত অংকিত সরল রেখাকে কি বলে?

ক ব্যাস খ ব্যাসার্ধ
গ জ্যা ঘ চাপ

ব্যাখ্যা বৃত্তের কেন্দ্র থেকে পরিধি পর্যন্ত অঙ্কিত রেখাংশকে ব্যাসার্ধ বলে।



মডেল ৪৩ উত্তর

১	গ
২	খ
৩	গ
৪	ক
৫	গ
৬	ঘ
৭	ঘ
৮	গ
৯	খ

মডেল ৪৪ পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশনের অ্যাসিসটেন্ট ম্যানেজার ২০১৪

০১. What least number must be added to 1056, so that the sum is completely divisible by 23?

ক 2 খ 3 গ 18 ঘ 21

ব্যাখ্যা

```
23 | 1056 | 45
   | 92   |
   -------
     136
     115
     ---
      21
```

Now, $23 - 21 = 2$

So, the number is 2.

০২. In how many ways can the letters of the word 'APPLE' be arranged?

ক 720 খ 120

গ 60 ঘ 180

ব্যাখ্যা $APPLE = \frac{\lfloor 5}{\lfloor 2} = \frac{120}{2} = 60$

০৩. If (a – b) is 6 more than (c + d) and (a + b) is 3 less than (c – d), then (a – c) is :

ক 0.5 খ 1

গ 1.5 ঘ None of these

ব্যাখ্যা $a - b = c + d + 6$

$a + b = c - d - 3$

$2a = 2c + 3$ [by adding]

$\Rightarrow 2a - 2c = 3$

$\Rightarrow 2(a - c) = 3$

$\therefore a - c = \frac{3}{2} = 1.5$

০৪. The least number by which 1470 must be divided to get a number which is a perfect square, is :

ক 5 খ 6

গ 15 ঘ 30

ব্যাখ্যা

```
2 | 1470
5 | 735
3 | 147
7 | 49
    7
```

$\therefore 1470 = 2 \times 5 \times 3 \times 7 \times 7$

So, the least number is $= 2 \times 5 \times 3 = 30$

০৫. The average of a non-zero number and its square is 5 times the number. The number is

ক 9 খ 17

গ 29 ঘ 295

ব্যাখ্যা *Let the number is x*

So, $\frac{x + x^2}{2} = 5x$

$\Rightarrow x + x^2 = 10x$

$\Rightarrow x^2 - 10x + x = 0$

$\Rightarrow x^2 = 9x$

$\therefore x = 9$

০৬. Three-fourth of a number is 60 more than it's one-third. The number is :

ক 84 খ 108

গ 144 ঘ None of these

ব্যাখ্যা *Let the number is x*

So, $\frac{3}{4}x = \frac{1}{3}x + 60$

$\Rightarrow \frac{3x}{4} - \frac{x}{3} = 60$

$\Rightarrow \frac{9x - 4x}{12} = 60$

$\Rightarrow 5x = 720$

$\therefore x = 144$

০৭. Eighteen years ago, a father was three times as old as his son. Now the father is only twice as old as his son. Then the sum of the present ages of the son and the father is :

ক 54 খ 72

গ 105 ঘ 108

ব্যাখ্যা *Let, now Son is x years old*

So, Father is 2x years old.

18 years ago Son was (x – 18) years old

and „ „ „ Father „ (2x – 18) years old.

On condition,

$2x - 18 = 3(x - 18)$

$\Rightarrow 2x - 18 = 3x - 54$

$\Rightarrow 2x - 3x = -54 + 18$

$\Rightarrow -x = -36$

$\therefore x = 36$

মডেল ৪৪ উত্তর

১	ক
২	গ
৩	গ
৪	ঘ
৫	ক
৬	গ
৭	ঘ

So, Son is 36 years old

and Father is 36×2 or 72 years old

Sum of Son's and Father's age

$= (36 + 72)$ years

$= 108$ years.

০৮. **Sixty-five percent of a number is 21 less than four-fifth of that number. What is the number?**

ক 140 খ 150

গ 160 ঘ None of these

ব্যাখ্যা *Let, the number is x*

65% of x is $= \frac{65x}{100} = \frac{13x}{20}$

According to condition,

$\frac{13x}{20} = \frac{4x}{5} - 21$

$\Rightarrow \frac{4x}{5} - \frac{13x}{20} = 21$

$\Rightarrow \frac{16x - 13x}{20} = 21$

$\Rightarrow 3x = 420$

$\therefore x = 140$

০৯. **A sells an article which cost him Tk. 400 to B at a profit of 20%. B then sells it to C, making a profit of 10% on the price he paid to A. How much does C pay B?**

ক Tk. 472 খ Tk. 476

গ Tk. 528 ঘ Tk. 532

ব্যাখ্যা *Sells price of A = Cost price of B*

Sells price of B = Cost price of C

For A,

When Cost price 100 then Sells price 120 Tk.

" " " 1 " " " $\frac{120}{100}$ Tk.

" " " 400 " " " $\frac{120 \times 400}{100}$ Tk.

$= 480$ Tk.

For B,

When Cost price 100 then sells price 110 Tk.

" " " 1 " " " $\frac{110}{100}$ Tk.

" " " 480 " " " $\frac{110 \times 480}{100}$ Tk.

$= 528$ Tk.

So, C will pay B Tk 528.

১০. **The ratio of the incomes of A and B is 5 : 4 and the ratio of their expenditures is 3 : 2. If at the end of the year, each saves Tk. 1600, then the income of A is :**

ক Tk. 3400 খ Tk. 3600

গ Tk. 4000 ঘ Tk. 4400

ব্যাখ্যা *Let, income of A and B are respectively 5x and 4x Tk. and expenditures of A and B are respectively 3y and 2y Tk.*

According to condition

$5x - 3y = 1600$ ..... (i)

and $4x - 2y = 1600$ ..... (ii)

(i) $\times 4$ and (ii) $\times 5 \Rightarrow$

$20x - 12y = 6400$

$20x - 10y = 8000$

(–) (+) (–)

$-2y = -1600$

$\therefore y = 800$

Now, $4x - 2 \times 800 = 1600$

$\Rightarrow 4x = 1600 + 1600$

$\therefore x = 800$

So, income of A is $= 5 \times 800 = 4000$ Tk.

১১. **A started a business with Tk. 21,000 and is joined afterwards by B with Tk. 36,000. After how many months did B join if the profits at the end of the year are divided equally?**

ক 3 খ 4 গ 5 ঘ 6

ব্যাখ্যা *As their profit is equal at the end of the year, their time ratio is equal to their capital ratio oppositly.*

Their capital ratio is = 21000 : 36000

= 21 : 36

= 7 : 12

So, their time ratio is equal to 12 : 7

A has contributed for 12 months

and B " " " 7 "

So, B has joined after 12-7 = 5 months.

১২. **If 12 carpenters, working 6 hours a day, can make 460 chairs in 24 days, how many chairs will 18 carpenters make in 36 days, each working 8 hours a day?**

ক 1260 খ 1320 গ 920 ঘ 1380

মডেল 88 উত্তর

৮	ক
৯	গ
১০	গ
১১	গ
১২	ঘ

ব্যাখ্যা Total work time for 12 carpenters is
$= 12 \times 6 \times 24$ hours
$= 72 \times 24$ hours

Total work time for 18 carpenters is $= 18 \times 8 \times 36$ hours
$= 144 \times 36$ hours

In 72×24 hours they can make 460 chairs

$\therefore$ " 1 " " " " $\frac{460}{72 \times 24}$ "

$\therefore$ " 144×36 " " " " $\frac{460 \times 144 \times 36}{72 \times 24}$ "

$= 1380$ chairs

Ans : 1380 chairs.

১৩. A and B can do a work in 12 days, B and C in 15 days, C and A in 20 days. If A, B and C work together, they will complete the work in :

ক 5 days খ $7\frac{5}{6}$ days
গ 10 days ঘ $15\frac{2}{3}$ days

ব্যাখ্যা $(A + B)$ can do in 1 day $= \frac{1}{12}$ th of the work

$(B + C)$ " " " " $= \frac{1}{15}$ " " "

and $(C + A)$ " " " " $= \frac{1}{20}$ " " "

So, in 1 day $2(A + B + C)$ can do $\left(\frac{1}{12} + \frac{1}{15} + \frac{1}{20}\right)$ portion

$= \left(\frac{5+4+3}{60}\right)$ "

$= \frac{12}{60}$ portion

$= \frac{1}{5}$ portion

$\therefore$ In 1 day $(A + B + C)$ can do $= \frac{1}{5 \times 2}$ portion

$= \frac{1}{10}$ portion

$(A + B + C)$ can do $\frac{1}{10}$ portion in 1 day

$\therefore$ " " " 1 " " $= 1 \times 10$ days
$= 10$ days.

১৪. A tap can fill a tank in 6 hours. After half the tank is filled, three more similar taps are opened. What is the total time taken to fill the tank completely?

ক 3 hrs 15 min খ 3 hrs 45 min
গ 4 hrs ঘ 4 hrs 15 min

ব্যাখ্যা A tap in 6 hours can fill 1 portion

$\therefore$ A " " 1 " " " $\frac{1}{6}$ "

$\therefore$ By 1st tap $\frac{1}{2}$ portion is filled in 3 hours

The left $\frac{1}{2}$ portion is filled by 3 same tap.

Now, By 1 tap $\frac{1}{6}$ portion is filled in 1 hours

$\therefore$ " 3 " $\frac{3}{6}$ " " " " 1 hours

or, $\frac{1}{2}$ " " " " 1 hours

So, total required time is $= (3 + 1)$ hours $= 4$ hours.

১৫. A man walking at the rate of 5 km/ hr crosses a bridge in 15 minutes. The length of the bridge (in metres) is :

ক 600 খ 750 গ 1000 ঘ 1250

ব্যাখ্যা Rate for walking per minute $= \frac{5 \times 1000}{60}$ metre

$= \frac{250}{3}$ metre

In 1 minute he crosses $\frac{250}{3}$ metre

$\therefore$ " 15 " " " $= \frac{250 \times 15}{3}$

$= 1250$ metre

$\therefore$ So the length of the bridge is 1250 metre.

১৬. A train takes 18 seconds to pass completely through a station 162 m long and 15 seconds through another station 120 m long. The length of the train is :

ক 70 m খ 80 m
গ 90 m ঘ 100 m

ব্যাখ্যা Train length + 162 m pass in 18 seconds
Train length + 120 m " " 15 "

So, 42 m passes in 3 seconds

In 3 seconds it passes 42 m

$\therefore$ " 1 " " " $\frac{42}{3}$ "

$= 14$ m

Now, in 15 seconds it passes $= (14 \times 15)$ m
$= 210$ m

Train Length + 120 m = 210 m
$\Rightarrow$ Train Length $= (210 - 120)$m
$= 90$ m

মডেল 88 উত্তর

১৩	গ
১৪	গ
১৫	ঘ
১৬	গ

১৭. If a boat goes 7 km upstream in 42 minutes and the speed of the stream is 3 kmph, then the speed of the boat in still water is :

ক 4.2 km/hr খ 9 km/hr
গ 13 km/hr ঘ 21 km/hr

ব্যাখ্যা *Let, the speed of the boat in still water is x km/hr*

the speed of stream is 3 km/hr

So, Upstream speed of boat is $(x-3)$ km/hr

According to the question,

Upstream speed of boat is $= \frac{7}{42}$ *km/mint*

$= \frac{7\times60}{42}$ *km/hours*

$= 10$ *km/ hours*

So, $x-3=10$

$\Rightarrow x = 10+3 = 13$

Therefore speed of the boat in still water is 13 km/hr.

Ans : 13 km/hr.

১৮. Tea worth Tk. 126 per kg and Tk. 135 per kg are mixed with a third variety in the ratio 1 : 1 : 2. If the mixture is worth Tk. 153 per kg, the price of the third variety per kg will be :

ক Tk. 169.50 খ Tk. 170
গ Tk. 175.50 ঘ Tk. 180

ব্যাখ্যা *Let the amount of tea is gradually 1kg, 1kg and 2kg.*

price of third variety is x taka per kg

According to question. $\frac{126+135+2x}{4} = 153$

$\Rightarrow 261+2x = 612$

$\Rightarrow 2x = 612-261$

$\Rightarrow 2x = 351$

$\therefore x = 175.50$

Ans : 175.50 Tk.

১৯. In how many years, Tk. 150 will produce the same interest @ 8% Tk. 800 produce in 3 years @ $4\frac{1}{2}$%?

ক 6 খ 8 গ 9 ঘ 12

ব্যাখ্যা *In second stage,*

100 taka in 1 year gains $4\frac{1}{2}$ or $\frac{9}{2}$ *taka*

$\therefore 1$ " " 1 " " $\frac{9}{2\times100}$ "

$\therefore 800$ " " 3 " " $\frac{9\times3\times800}{200}$ "

$= 108$ *Taka*

In first stage,

100 Taka gains 8 Taka

$\therefore 1$ " " $\frac{8}{100}$ "

$\therefore 150$ " " $\frac{8\times150}{100}$ "

$= 12$ *Taka*

Now, 12 Tk is gained in 1 year

$\therefore$ 1 " " " $\frac{1}{12}$ "

$\therefore$ 108 " " " $\frac{108}{12}$ "

$= 9$ *years*

Ans. 9 years.

২০. The compound interest on Tk 30,000 at 7% per annum is Tk. 4347. The period (in years) is :

ক 2 খ 2.5 গ 3 ঘ 4

ব্যাখ্যা *We know* $C = P(1+r)^n$

here, $C = 30,000 + 4347$

$= 34347$ *Tk*

$P = 30,000$ *Tk*

$r = 7\% = \frac{7}{100}$

$n = ?$

So, $34347 = 30,000\left(1+\frac{7}{100}\right)^n$

$\Rightarrow \frac{34347}{30000} = \left(\frac{107}{100}\right)^n$

$\Rightarrow 1.14 = (1.07)^n$

$\Rightarrow (1.07)^2 = (1.07)^n$

$\therefore n = 2$

Ans : 2 years.

২১. A rectangular plot measuring 90 metres by 50 metres is to be enclosed by wire fencing. If the poles of the fence are kept 5 metres apart, how many poles will be needed?

ক 55 খ 56 গ 57 ঘ 58

মডেল 88 উত্তর

১৭	গ
১৮	গ
১৯	গ
২০	ক
২১	খ

ব্যাখ্যা *Perimeter of the rectangle is 2(50 + 90) metre*

$= 280$ *metres*

Between 5 metres the required number of poles is $= \frac{280}{5} = 56$

Ans : 56

২২. **A can run 22.5 m while B runs 25 m. In a kilometre race B beats A by :**

ক 100 m খ $111\frac{1}{9}$ m গ 25 m ঘ 50 m

ব্যাখ্যা *B runs 25.0 m*

A runs 22.5 m

So, B beats A by (25.0 − 22.5)m = 2.5 m

1km = 1000 m

In 25 m B beats A by 2.5 m

" 1 " B " A " $\frac{2.5}{25}$ "

∴ " 1000 " B " A " $= \frac{2.5 \times 1000}{25}$ "

= 100 m

Ans. 100 m

২৩. **On 8th Feb, 2005 it was Tuesday. What ws the day of the week on 8th Feb, 2004?**

ক Tuesday খ Monday

গ Sunday ঘ Wednesday

ব্যাখ্যা *1 year = 365 days = 52 weeks + 1 day*

In every next year one day is added with weeks. Again, in every previous year one day is deducted from weeks.

Here, 2004 is a leap year which has 366 days. so, 2 days will deducted from Tuesday of 2005. So, the day is Sunday.

২৪. **At what time between 7 and 8 o'clock will the hands of a clock be in the same straight line but, not together?**

ক 5 min. past 7 খ $5\frac{2}{11}$ min. past 7

গ $5\frac{3}{11}$ min. past 7 ঘ $5\frac{5}{11}$ min. past 7

ব্যাখ্যা *Angle* $= \left|\frac{11M - 60H}{2}\right|^{\circ}$

